Dr. Ranen Sen : লক্ষ্মীনারায়ণ জুট মিল ক্লোজার সম্বন্ধে adjournment মোশানটা আপনি refuse করেছেন। আমি বলছি যে লোকে কাজে যাচ্ছে, attendance নেওয়া হচ্ছে, অথচ তারা মাইনে পাচ্ছে না। আমার জিজ্ঞাস্য যে লেবার ডিপার্টমেণ্ট কি এ-বিষয়ে কিছু করবেন, কারণ তাঁদের কাছে representation একটা হয়েছে ?

Mr. Speaker : আপনি এ-বিষয়ে একটা কোয়েশ্চন করুন।

Strike by the West Bengal Meat Sellers' Association

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : The members of this House wanted to know the supply position of mutton and, more particularly, the situation that has arisen on account of the strike by the West Bengal Meat Sellers' Association. I am accordingly making this statement to give a complete picture of the prevailing situation.

The Greater Calcutta area depends for mutton and goat's meat mostly on supplies of sheep and goats from some of the neighbouring States, namely, Uttar Pradesh, Bihar and Orissa. In the year 1960 as many as 5,45,718 goats and sheep were imported into this State from these sources. The number imported into this State from these sources in the year 1958 was 6,54,533. Since 1958, the volume of import has been on the decline due to the following reasons :

(i) Rise in demand in some growing industrial cities and towns in Eastern India which led to the diversion of some of the animals to those places ;

(ii) Change in the food habit and increased demand for mutton in the producing States resulting in rise in local consumption. (Slaughter of cows having been banned in the States of Uttar Pradesh and Bihar, people there depending on beef have now turned to mutton) ;

(iii) Effect of natural calamities and parasitic diseases in animals in the producing States.

The livestock resources of West Bengal, so far as sheep and goats are concerned, are rather small. According to the 1956 Livestock Census conducted in the State, there were 4,66,378 sheep and 38,61,058 goats in West Bengal. These stocks supply the requirements of the people mostly in places outside the Greater Calutta area and only a small portion of the internal stock come to the city of Calcutta and its suburbs. The Greater Calcutta area thus depends for its mutton requirement on supplies from the outside States.

A large number of 'Beparis' import the livestock to Calcutta from the supplying States. The livestock is then haud'ed by a small number of

'Aratdars' who operate from two places—Narkeldanga and Kidderpore. The individual meat-sellers purchase their requirements from the 'Arats'. Besides these three categories, there is another category of persons known as 'agents' who negotiate the deal between the meat-sellers and the 'Beparis' through the 'Aratdars'. This has been the practice in this particular trade since a very long time. The majority of the meat-sellers have little financial resources and are consequently obliged to ask for credit and this credit is granted by the 'Aratdars'. Because of this situation the 'Aratdars' have a controlling influence over the trade in livestock. Till the year 1958 the price of livestock as well as mutton was more or less steady ranging between Rs. 2/8/- and Rs. 3/- per seer according to quality.

Since the beginning of 1959 the prices showed an upward trend and at present are ranging in Calcutta between Rs. 3/- and Rs. 3/8/- per seer according to quality. I have already given the reason for the increase in prices.

Sometime in the month of January this year a few representatives of the West Bengal Meat Sellers' Association waited on the Chief Minister in a deputation. In the course of the interview they mentioned the following points :

(i) Some objectionable practices prevailing in the livestock trade for which the Association held the "Aratdars" responsible ;

(ii) The necessity for a special livestock market under the control of the Government ; and

(iii) The desirability of declaring two meatless days in a week in view of the declining supply position of livestock in the country.

My Department examined all these points in elaborate details after holding the necessary enquiries. Both the representatives of the meat-sellers and the 'Aratdars' are consulted and their respective view points assertained. The 'Aratdars' gave the assurance that they, with the help of the 'Beparis' would maintain the supply and if possible, try to augment it. They further assured that the trade practices would be made simpler. They, however, complained that many of the meat-sellers who carried on the trade on credit accommodation granted by them often defaulted in making payment and this had caused considerable loss to many of them. After enquiries and examination the West Bengal Meat Sellers' Association was informed that—

(i) Since the Association has, by a resolution, decided to observe one day in a week as meatless day, Government do not propose to issue any executive order declaring two meatless days in a week. Besides, under the existing law such a measure was not also possible ; and

(ii) A special livestock market would be organised and run under the control of the Government and that the Aasociation would be associated with its management.

In fact, an area within the Orphangunge Market at Kidderpore was selected for the purpose. As the site needed some improvements before starting the market, Government sanctioned the necessary funds and the works were entrusted to the Public Works Department. The work will be completed soon and the market started immediately thereafter.

The West Bengal Meat Sellers' Association then represented that they should have a free hand in the management of the market. This was not possible for obvious reasons and the Association was advised that it would take the intitative to form a Meat Marketing Co operative Society with the various interests involved so that Government might consider entrusting to a co-operative society the management of the special live-stock market on suitable terms and conditions. Pending the formation of a co operative society, the market will be under the control of the Collector, 24-Parganas and the Association will be associated with its management in order to safeguard the interest of the meat-sellers. Government also prescribed certain rates for levy in the special livestock market, namely, 12 nP. for ingress and 19 nP. for egress per animal. These rates are lower than the prevailing market rates or what is charged by the 'Aratdars' by way of commission.

Suddenly, in the last week of August, 1961, we came to know from press reports that the West Bengal Meat Sellers' Association had decided to go on strike from the 12th September on the ground of alleged non-fulfilment of the assurances given by the Government of West Bedgal in regard to the special livestock market and meatless days. The first intimation in this regard from the Association reached Government only on the 6th September last. The representatives of the Association were immediately asked to meet me and my officers and the meeting took place on the 8th September. I discussed in detail the views of the Association in regard to the two main issues, namely, (1) the special livestock market and (2) meatless days. The representatives of the Association were told that Government do not propose to impose two meatless days in a week by an executive order. In regard to the special livestock market, it was made clear to them that Government had taken a firm decision to open the market and it would be opened as soon as the development works were completed. Pending the formation of a Meet Marketing Co operative Society the market will be run by the Superintendent of the Orphangunge Market under the general control and supervision of the Collector 24-Parganas the West Bengal Meat Sellears Association being associated with its management to safeguard the interest of the meat sellers. The rates of levy will be the same as decided earlier and prescribed by Government. Further, the Agriculture Marketing Branch of the Government will assist the West Bengal Meat Sellers' Association and others concerned in forming the proposed co-operative society and having it registered.

[3-40—3-50 p.m.]

As regards the rates, I agreed at the request of the Association representatives that these rates would be reviewed when the question of entrusting the management of the special live-stock market to a co-operative society on suitable terms and conditions would be taken up for

consideration. After the discussion the representatives of the Association gave an assurance that they would call off the strike, there being no other issue left undecided. Unfortunately, they went back on the assurance and informed me by a letter dated the 9th September that reached me only on the 11th September that they would go on strike from the 12th September unless the management of the market was entrusted to the Association and the Association was given a free hand in the matter of fixing the rates. A private person or a group of such persons or a private association canot be entrusted with the management and control of a Government market or a portion thereof. This position was again made clear to the Association and it was advised to desist from the contemplated strike in the greater interest of the consumers. Unfortunately, the advice was not heeded to and the strike took place on the 13th September (12th September being Tuesday was the usual meatless day).

Government are fully alive to the situation that has arisen out of this strike and are doing their best to have it called off. In fact, some office-bearers of the West Bengal Meat Sellers' Association have informed us that the majority of its members are against the strike and they would like to reopen the meat stalls in the city and its suburbs as soon as possible. We received reports that they could not do so on account of threats and intimidation by a small section of the organisors of the strike. Government have taken note of this situation and have made the necessary arrangements to ensure that no meat-seller is prevented from opening his stall because of threat or intimidation.

A deputation on behalf of the Association met the Chief Minister on the 14th night and after a full discussion gave an assurance that the strike would be called off and the meat stalls opened from tomorrow the 16th instant

My colleagues may ask what steps we propose to take to augment the production and supply of livestock to meet the increasing demand. In reply I can say that we have already included several schemes in our Third Five Year Plan for augmenting the production of livestock within the State. As, however, the State resources can never meet more than a portion of our requirements, we will have to depend on supplies from other States as well. The neighbouring States as also the Government of India have undertaken several schemes for improving and augmenting the livestock resources of the country.

Motion under Section 194 of the Assembly Procedure Rules

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, রুল ১৯৪-এতে আমার একটা মোশন দেওয়া ছিল এবং আপনার মারফৎ একটা আশ্বাস পেয়েছিলাম যে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এ-সম্পর্কে একটা বিবৃতি দেবেন। কিন্তু দুঃখের বিষয় যে, আজ ৬ দিন ধরে চীফ্ হুইপের পেছনে ঘুরতে ঘুরতে আমার দুই জুতোর তলা ক্ষয়ে গেল এবং দেখলাম যে তাঁর ইচ্ছা থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এ-সম্বন্ধে কিছু করতে চাচ্ছেন না।

Mr. Speaker : I will ask the Minister concerned to make a statement.

Shri Jagannath Kolay : হেমন্তবাবু, জ্যোতিবাবু এবং দেবেনবাবুও আমাকে বলেছেন এবং ঠিক হয়েছে যে আগামী মংগলবারে তিনি একটা ষ্টেটমেণ্ট দেবেন।

Mr. Speaker : He will make a statement on Tuesday.

Shri Jatindra Chandra Chakravorty : Sir, on a point of order—আমার একটা মোশান আছে। Rule 194 অনুসারে মন্ত্রী মহাশয় বিবৃতি দিতে পারেন। আগে আপনি আমার বক্তব্য শুনবেন, তারপর মন্ত্রী মহাশয়ের বক্তব্য শুনবেন। আমি on a point of order জানতে চাই সেই প্রোসিডিওর এখানে adopt করা হবে কি না? একতরফা বিবৃতি আমরা শুনতে রাজী নই। Rule 194 অনুসারে আমার বক্তব্য শুনে.....

Mr. Speaker : Have you seen rule 194? It is in my discretion whether I admit it or not.

Shri Jatindra Chandra Chakravorty : আমার বক্তব্য শোনার পর সেটা নির্ধারিত হবে। আপনি য়্যাডমিট করবেন কি না?

Mr. Speaker : The matter is pending. I shall pass orders later on.

Shri Jatindra Chandra Chakravorty : আমি মংগলবার পর্যন্ত অপেক্ষা করতে রাজী আছি। আপনাকে এ-সম্পর্কে আমার বক্তব্য শুনতে হবে।

Pay Committee's Report

Shri Jyoti Basu : স্পীকার মহাশয়, বিজনেস কমিটিতে কথা হয়েছিল, আপনাকে এখান থেকে আমরা বলেছিলাম এবং মুখ্যমন্ত্রী রাজী হয়েছিলেন যে পে কমিটির রিপোর্ট এবং সে সম্পর্কে সরকারের কি বক্তব্য সেটা এখানে আমাদের জানাবেন। কিন্তু আজ অবধি আমরা পে কমিটির রিপোর্ট পাইনি। আমি জানি না যে রিপোর্ট পে কমিটি থেকে সরকারের কাছে দিয়ে দেওয়া হয়েছে ছাপিয়ে, সেই রিপোর্ট আমাদের জন্য ছাপান হচ্ছে না কেন? আমরা কেন সেই রিপোর্ট পাচ্ছি না? সরকারের যা বক্তব্য সেটা ক্যাবিনেট থেকে সিদ্ধান্ত হলে পর তাঁরা বলবেন। কত আইনে বাড়ল, কি বাড়ল না সেটা অন্য কথা। কিন্তু আমি জানি পার্লামেণ্টে মেম্বাররা আগে রিপোর্ট পেয়ে আলোচনা করলেন, তারপর সরকার ঠিক করলেন।

Mr. Speaker : I shall see to this.

Shri Jyoti Basu : See বললে হবে না, এই নিয়ে গোলমাল হচ্ছে, যার জন্য আপনাকে এটা বলছি। আপনি জানেন যে Secondary school teachersদের একটা স্ট্রাইক হবার কথা ছিল এবং সেটা ওঁরা স্থগিত রেখেছেন ১৮ তারিখ অবধি। মুখ্যমন্ত্রীকে ওঁরা অনুরোধ করেছিলেন এবং আমরা ওঁদের হয়ে ১৫ তারিখের মধ্যে একটা বিবৃতি দেবার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম। মুখ্যমন্ত্রী কালকে আমাকে বললেন যে আমাদের ক্যাবিনেট মিটিং হচ্ছে, আমরা আলোচনা করছি, পরে আমরা জানাব। স্পীকার মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আজ সকালে সংবাদপত্রে দেখলাম যে ক্যাবিনেট মিটিং শেষ হয়নি, স্থগিত আছে। কবে মিটিং হবে জানি না, মিটিং ডেট্ ঠিক হয়নি। তা যদি হয়ে থাকে তাহলে আমার আশংকা হচ্ছে শিক্ষকদের কত কি

হবে জানতে পারব না। কিন্তু পে কমিটির একটা আলোচনার কথা ছিল। আমাদের সার্কুলেট করার পর আর হয়ত কয়েকটা দিন বাকী থাকবে, তারপর হঠাৎ এখানে শুনব House adjourned sine die। এটা শেষ অধিবেশন। এত বড় একটা রিপোর্ট, এত ক্যাটিগোরি আমরা যদি পড়বার সময় না পাই তাহলে কি আমাদের উপর অবিচার হচ্ছে না?

Mr. Speaker : I shall make enquiries and let you know.

Shri Jyoti Basu : মুখ্যমন্ত্রী এখানে নেই, একটা কিছু আমাদের বলুন কি হবে। এ তো তাহলে অবমাননাকর কথা হচ্ছে। এ তো শুধু আমাদের প্রতি অবমাননা হয়, এ আপনার প্রতি অবমাননা, সমস্ত হাউসের প্রতি অবমাননা।

Mr. Speaker : In the course of the day I shall make enquiries and let you know.

Shri Jyoti Basu : আমি আপনার মারফৎ মুখ্যমন্ত্রীকে এটা জানাতে চাই যে শিক্ষকরা ১৮ তারিখ অবধি ষ্ট্রাইক স্থগিত রেখেছেন। উনি বলেছিলেন ১৫ তারিখের মধ্যে জানাবেন এই কারণে যে ৩ দিনের মধ্যে ওদের satisfactory যদি কিছু হয়।

Mr. Speaker : I would request the Chief Minister to make a statement.

Shri Jyoti Basu : ততদিনে শিক্ষকদের ষ্ট্রাইকটা হয়ে যাবে। Unnecessary strike হওয়াটা কি ভাল হবে? ওঁরা কিছু বলছেন না কেন?

Mr. Speaker : Mr. Kolay will kindly carry the information to the Chief Minister.

Shri Jyoti Basu : আমি তাহলে দিনের মধ্যে আবার এই বিষয়টা তুলব।

Shri Deben Sen : মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় শিক্ষকদের প্রতি অবিচার করা হচ্ছে। তাঁদের আশ্বাস দেওয়া হয়েছিল যে তোমরা এখন ষ্ট্রাইক কোরো না, আমরা এসম্বন্ধে একটা বিবৃতি দেব। সেই অনুসারে তাঁরা ষ্ট্রাইক পোষ্টপোন করেছেন। এখন তাহলে কেন বিবৃতি দেওয়া হচ্ছে না? এটা গুরুতর অন্যায়। আপনি মুখ্যমন্ত্রীকে ডেকে তাঁকে একথা জিজ্ঞাসা করুন। পে কমিটির রিপোর্ট যে ছাপা হয়েছে সেটা কেন distributed হয়নি? তার কি য়্যামেণ্ডমেন্ট হচ্ছে? যদি য়্যামেণ্ডমেন্ট হয় তাহলে সেটা আমাদের পরে জানাতে পারেন এবং আমাদের বক্তব্য শুনে য়্যামেণ্ড করতে পারেন।

Mr. Speaker : You are repeating the same points which were made already by Shri Jyoti Basu.

Shri Deben Sen : স্যার, পে কমিটির রিপোর্টটা এখনো আমাদের দেওয়া হচ্ছে না। সে-সম্বন্ধে মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই।

Mr. Speaker : I am asking the Chief Minister to make a statement just after the recess today.

[3-50—4 p.m.]

Fixation of date for discussion on admission of students in colleges.

Shri Subodh Banerjee : স্যার, আপনি জানেন গত ৮ঠা সেপ্টেম্বর যেদিন হাউস বসে, সেদিন আমি ছুটী মোশানের নোটীশ দিয়েছিলাম। I was given to understand যে সে-ছুটী পরে আলোচনা হবে। যেটুকু শুনলাম সেগুলি আলোচিত হবে—এবং সে বিষয় নিয়ে আপনার ঘরে চীফ্ মিনিষ্টারের সামনে বিভিন্ন প্রতিনিধিদের আলোচনা হয়েছে। শুধু তাই নয়—সেই কোন্ফেন্সের উপর discussionএর জন্য সুনীলবাবু একটী নোটীশও দিয়েছিলেন—ছাত্রদের admission, শিক্ষকদের ধর্মঘট ইত্যাদি ব্যাপার নিয়ে আলোচনার জন্য। গতবার অনেক জরুরী জিনিষ আলোচনা হয় নাই। এসবের আলোচনার জন্য আপনি একটা দিন fix করে দিন।

Mr. Speaker : It was understood that all these points should be discussed in non-official business.

Shri Subodh Banerjee : না, তা আসছে না। ওঁরা বলছেন students' admission এর ক্ষেত্রে—তার উপর কোন resolution নাই বটে তবে সুনীলবাবু একটা সে-সম্বন্ধে নোটীশ দিয়েছেন। তার আলোচনার জন্য একটা date আপনি ঠিক করে দিন। এটা আপনিই করতে পারেন—এজন্য আর গভর্ণমেণ্টকে জিজ্ঞাসা করবার কিছু নাই।

Mr. Speaker : I shall see to that.

Programme of Business.

Shri Ganesh Ghosh : এখানে চীফ্ হুইপের সংগে কথা হয়েছে—প্রোগ্রামটা একটু বদলে গেছে—Industrial Dispute Bill কালকে আসবে।

Mr. Speaker : কেন, আজ হ'তে দোষ কি ? Kindly see that you have not tabled any amendment.

Shri Ganesh Ghosh : ওঁর সংগে কথা বলে programme fix করেছি—শনিবার Chhotanagpur Tenancy Bill আসবে না, কারণ সেদিন শ্যামদাসবাবু এখানে থাকবেন না।

Date for discussion on rising prices of essential commodities.

Shri Hemanta Kumar Basu : স্পীকার স্যার, rising prices of essential commodities সম্বন্ধে একদিন আলোচনা হবার কথা ছিল। আমি দেখতে পাচ্ছি সে বিষয়ে কোন দিন স্থির করে দেওয়া হচ্ছে না—সেটা কবে আলোচনা হবে।

Shri Jagannath Kolay : এই সেশানেই ও-সম্বন্ধে আলোচনা হবে। বোধহয় আগামী মংগলবারে হতে পারে।

[A voice : অর্থাৎ ঘর কমে গেলে পর !]

NON-OFFICIAL BUSINESS

Private Members' Bills

The West Bengal Maternity Benefit (Tea Estates) (Amendment) Bill, 1961.

Shri Satyendra Narayan Mazumdar : Sir, I beg leave to introduce the West Bengal Maternity Benefit (Tea Estates) (Amendment) Bill, 1961.

স্যার, এই বিল আমি উত্থাপন করেছি কি জন্য, সেটা আমি এই প্রসংগে বলে দেই। এর আগে যখন আমাদের এই সভাতে এই প্রসূতি-ভাতা সংক্রান্ত একটা সংশোধনী বিল পাস হয়, তখন আমি বলেছিলাম—চা-বাগানের মালিকরা নারী শ্রমিকদের প্রাপ্য প্রসূতি-ভাতা থেকে বঞ্চিত করবার জন্য অনেকরকম উপায় অবলম্বন করে থাকেন। এই আইনে সেই উপায়টার কথা বলছি। বর্তমানে যে আইন আছে—তাতে আছে যে কোন নারী শ্রমিক বছরে যদি ১৫০ দিন কাজ করে, তবে সে এই প্রসূতি ভাতার সুযোগ পাবে। আমি আমার সংশোধনী বিলে এটা আনতে চাচ্ছি যে ১৫০ দিনের বদলে ১০০ দিন যদি সে কাজ করে, তাহলে সে এই প্রসূতি ভাতার সুযোগ পাবে। তার কারণ হলো দেখা গেছে অভিজ্ঞতায় যে মালিকরা নারী শ্রমিকদের প্রাপ্য সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করবার জন্য অনেক রকম উপায় অবলম্বন করে থাকেন। তার ভেতর একটা হচ্ছে— নারী শ্রমিকরা যদি ১৫০ দিনের থেকে একদিনও গর হাজিরও হয়, তাহলে তাদের প্রাপ্য সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হয়। নারী শ্রমিকদের নানারকম অসুখ হয়, তাদের ছেলেপুলেদেরও অসুখ হয় এবং তার জন্য অনেক সময় তাদের অনুপস্থিত থাকতে হয়। এর আগে Industrial Dispute Actএর একটা সিদ্ধান্ত আমাদের মালিকরা মেনে নিয়েছিলেন যে যদি শিশুর অসুখের জন্য মাকে অনুপস্থিত থাকতে হয়, তাহলে তিনি ছুটী পাবেন বেতনসহ। এখন সেই সুবিধা তাদের দেওয়া হচ্ছে না। আজকে প্রশ্নোত্তরের সময় যে জিনিষটা আপনি শুনলেন যে চটকলের মালিকরা শ্রমিকরা যাতে স্থায়ী শ্রমিক না হতে পারে—তার জন্য নানারকম কারসাজী তাঁর করে থাকেন। চা-বাগানেও সেই একই মালিকগোষ্ঠী রয়েছে, সেখানেও নানারকম কারসাজী রয়েছে। মালিকদের সেই কারসাজী যাতে বন্ধ হয় তার জন্য আমি এই সংশোধনী প্রস্তাব দিয়েছি।

এই প্রসংগে আর একটা জিনিষ বলি। আমাদের মাননীয় শ্রমমন্ত্রী বলতে পারবেন না যে হঠাৎ একটা জিনিষ আজ আমি উপস্থিত করেছি। কেন না যখন দু-বছর আগে সংশোধনী আইন পাশ হয়, তখন এই প্রশ্ন আমি উত্থাপন করেছিলাম এবং তাঁকে অনুরোধ করেছিলাম যে আপনি এ-সম্বন্ধে উদ্যোগী হন এবং এ-সম্বন্ধে একটা ত্রিদলীয় সম্মেলন ডাকুন এবং ডেকে একটা সিদ্ধান্ত করুন। আমাদের ইউনিয়নের তরফ থেকে শ্রম দপ্তরে বহু ঘটনা উপস্থিত করা হয়েছে। এবং সম্প্রতিও এরকম ঘটনা হয়েছে। সেইসব ঘটনা শ্রমদপ্তরের কাছে জানান হয়েছে।

তারপর এই বিলটি এই সভায় আগের আর একটা অধিবেশনে উপস্থিত করেছিলাম। সেইসময় সময়ের অভাবে বিলটি যদিও আলোচনার জন্য উপস্থিত হতে পারেনি ; কিন্তু তখন মুখ্যমন্ত্রী মহাশয়ের সংগে আমার কথাবার্তা হয় এবং তিনি আমাকে বলেন—'যদি কিছু সময় দিতে পারেন তাহলে আমি মালিকপক্ষ ও সংশ্লিষ্ট যাঁরা, তাঁদের সংগে আলোচনা করে এবং দরকার হলে একটা ত্রি-দলীয় বৈঠক ডাকতে পারি এবং এ-সম্বন্ধে একটা সিদ্ধান্ত করতে পারি'। আমি তখন সময় দেওয়া প্রয়োজন মনে করি না। তার কারণ এর আগে বহুবার এ-সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল এবং বহুবার আমি তাঁকে বলেছি, এই সভায় কথা হয়েছে ; তা সত্ত্বেও সময়ের অভাবের দরুণ আমাদের

বিগত অধিবেশনের আগে এই বিল যেদিন উত্থাপিত হবার কথা ছিল, সেদিন আর এই বিলটি উত্থাপিত করা হয়নি। কাজেই আবার নূতন করে নোটীস দিই এই বিল উত্তাপনের জন্য। আমি আশা করেছিলাম এই সময়ের মধ্যে আমাদের মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যিনি সমস্ত বিষয়ের সংগে পরিচিত আছেন, তিনি নিশ্চয়ই মালিকদের সংগে পরামর্শ করেছেন বা অন্যান্য শ্রমিক প্রতিষ্ঠানের সংগে পরামর্শ করেছেন; অথবা তিনি যদি পরামর্শ না করে থাকেন তাহলে সরকার নিজে এ-সম্বন্ধে তাঁর যে মতামত তা ঠিক করেছেন। কাজেই আমি আশা করি আজকে যখন আমি এই সংশোধনী বিল নিয়ে এসেছি তখন এই বিল সম্বন্ধে সরকারের কোন অমত হবে না। এবং আমি জানি না শ্রমমন্ত্রী মহাশয় এ-সম্বন্ধে কি বলবেন; আমি আশা করি তিনি এটা গ্রহণ করবেন।

[4—4-10 p.m.]

The Hon'ble Abdus Sattar : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিল আমার পক্ষে বর্তমানে গ্রহণ করা সম্ভব নয়। প্রথমতঃ আমাদের যে আইনটা আছে, সেই আইনটা কিছুদিন পূর্বে সংশোধন করা হয়েছে। এবং তাতে সাপ্তাহিক ভাতা বাড়ান হয়েছে। এখানে ১৫০ থেকে ১০০ দিন করলেই যে আইনটা কার্যকরী করার সুবিধা হবে এমন কোন কথা আমরা সত্যেনবাবুর কাছ থেকে শুনতে পেলাম না। ১৫০ থেকে ১০০ দিন করলেই যে আইনটার better implementation হবে আর না হলে হবে না এর কোন খোঁজ তাঁর কথায় পাওয়া গেল না।

[A voice : মালিক ফাঁকি দিচ্ছে।]

মালিক যে ফাঁকি দিচ্ছে সেখানে ৫ দিন কামিয়ে দিলেই যে তা বন্ধ হয়ে যাবে তার আভাস তাঁর কথার মধ্যে পাওয়া গেল না। অধ্যক্ষ মহোদয়, আমি এই কথা বলতে চাই যে এই কার্যকালের মধ্যে আমরা একটা সংশোধন করেছি, যদিও সেই সংশোধনের উৎস সত্যেনবাবুই ছিলেন, সেখানে ৫০ থেকে ৭ টাকা করেছি। আর এখানে যে maternity benefitএর কথা আছে সেই প্রসঙ্গে বলতে চাই এবং সেটা বোধহয় নিতান্ত অপ্রাসঙ্গিক হবে না। আজকে আমাদের উল্টো দিকটাও চিন্তা করতে হবে, যে maternity benefit এর পরিবর্তে অন্য কোন benefit দেবো কিনা। একথা ভাববার সময় এসেছে যে, যদি আমরা জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে চাই, বিশেষ করে চা বাগান অঞ্চলে surplus population এত বেড়ে গিয়েছে যে সেখানে তাদের কর্মসংস্থান করা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। কাজেই এই বিলকে গ্রহণ করতে পারি না। সেইজন্য এর বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhadra Bahadur Hamal : আমরা এর উপর division চাই।

Shri Satyendra Narayan Majumdar : Sir, উনি আমার কতকগুলি বক্তব্যের জবাব দেন নি। প্রথম কথা, এর মধ্যে ত্রিদলীয় সম্মেলন ডাকার কথা বলেছিলাম। আর পরিবার নিয়ন্ত্রণের কথা উনি যা বললেন, তাতে কি উনি Naziদের মত mass sterilizationএর কথা ভাবছেন? তা যদি না হয় তাহলে Governmentকে এই maternity benefit দিতে হবে। কিন্তু এর কোন জবাব তিনি দিলেন না।

The motion of Shri Satyendra Narayan Mazumdar seeking leave to introduce the West Bengal Maternity Benefit (Tea Estates) (Amend-

ment) Bill, 1961 was then put and a division taken with the following result :

NOES—79

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Prafulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bouri, Shri Nepal
Brahmamandal, Shri Debendra Nath
Chatterjee, Dr. Binoy Kumar
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Durgapada
Das, Shri Gokul Behari
Das, Shri Khagendra Nath
Das, Shri Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shrimati Sudharani
Ghosh, Shri Bijoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Gupta, Shri Nikunja Behari
Haldar, Shri Mahananda
Hasda, Shri Jamadar
Hasda, Shri Lakshan Chandra
Jana, Shri Mrityunjoy
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Maiti, Shri Subodh Chandra
Majumdar, The Hon'ble Bhupati
Mallick, Shri Ashutosh
Mardi, Shri Hakai
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Mohammed Israil, Shri
Mondal, Shri Bhikari
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Naskar, Shri Ardhendu Sekhar
Naskar, Shri Khagendra Nath
Panja, Shri Bhabani Ranjan
Pati, Dr. Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Rafiudd n Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Dr. Biswanath
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sinha, Shri Phanis Chandra
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Trivedi, Shri Goalbadan
Tudu, Shrimati Tusar
Yeakub Hossain, Shri Mohammad

AYES—61

Abdulla Farooquie, Shri Shaikh
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Dr. Brindabon Behari
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchugopal
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Bose, Shri Jagat
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Shri Mihirlal
D s, Shri Natendra Nath
Das, Shri Sisir Kumar
Das, Shri Sunil
Dhar, Shri Dhirendra Nath
Elias Razi, Shri
Ganguli, Shri Ajit Kumar
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Lahiri, Shri Somnath
Majhi, Shri Chaitan
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Shri Gobardhan
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Prasad, Shri Rama Shankar
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda
Roy, Dr. Pabitra Mohan
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj
Roy Choudhury, Shri Khagendra Kumar
Sen, Shri Deben
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Shri Niranjan
Tah, Shri Dasarathi

Ayes being 61 and Noes 79, the motion was lost.

The West Bengal Cold Storage (Control and Regulation) Bill, 1961

Shri Jatindra Chandra Chakravorty: Sir, I beg leave to introduce the West Bengal Cold Storage (Control and Rugulation) Bill, 1961.

স্যার, আমি যে বিলটা এনেছি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে কোন শুভবুদ্ধিসম্পন্ন মানুষ এরকম বিল সমর্থন করবেন এটা আমি আশা করি। কারণ, আপনি স্যার দেখবেন statement of objects and reasonsএ আমি বলেছি যে cold storage মানুষের পক্ষে অত্যন্ত ভাল কাজ

করতে পারত এবং মানুষের উপকারে লাগতে পারত, কিন্তু যারা unscropulous লোক তারা এর সুযোগ নিয়ে আজকে জিনিষপত্রের দর অত্যন্ত বাড়িয়ে দিয়েছে। স্যার, আপনি জানেন যে যখন যে সিজিনের যে ফল—আমের সময় আম, কমলালেবুর সময় কমলালেবু যতদিন না cold storage চালু হয়েছিল, ততদিন এইসব সিজিনের ফল খুব সস্তা দরে পাওয়া যেত। কিন্তু cold storage হওয়ার পর দেখছি এগুলি cold storageএ মজুত রেখে artificial scarcity—কৃত্রিম অভাব সৃষ্টি করে ফলের দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে।

[4-10—4-20 p.m.]

এমনভাবে artificial scarcity কৃত্রিম সংকট সৃষ্টি করা হয় যার ফলে এমনি দেখবেন, এখন যখন আমের চালান সব থেকে বেশী, সেই সময় আমের দাম কমেনি। শুধু তাই নয়, আলু ও অন্যান্য vegetable ইত্যাদির ব্যাপারে আপনি জানেন কিরকম অবস্থা সৃষ্টি হয়েছে। এই সমস্ত জিনিষ cold storageএ রেখে অসাধু ব্যবসায়ী ও সমাজবিরোধী লোকেরা কৃত্রিম সংকট সৃষ্টি করে। জিনিষপত্রের দাম বাড়িয়ে মুনাফা করবার চেষ্টা করে। আমরা আশা করেছিলাম সরকারপক্ষ থেকে স্বতঃপ্রবৃত্ত হয়ে এমন একটা বিল আনবেন, কিন্তু তা না করে একটা বেসরকারী প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে। আমি ৩নং ধারায় একটা বোর্ড গঠনের কথা বলেছি। এই বোর্ডের সদস্য ২৫ জন—আমার প্রস্তাবে আমি এটা রাখিনি যে, কেবলমাত্র বিরোধীপক্ষ থেকেই সেই বোর্ডে সদস্য নেওয়া হবে। যে বোর্ড গঠিত হবে সেই বোর্ডে যিনি Food, Civil Supply Departmentএর Minister in charge তিনি ex-officio Chairman হবেন, এবং Food, Civil Supplies Departmentএর Secy., Jt. Secy., তিনিই বোর্ডের ex-officio Secy. হবেন, এবং Director of Food যিনি পশ্চিমবঙ্গ সরকারের তিনি একজন ex-officio সদস্য হবেন এবং ১৭ জন আমাদের এই বিধানসভা থেকে নেওয়া হবে, ৮ জন সদস্য Council থেকে নেওয়া হবে, ৭ জন Corporation থেকে নেওয়া হবে। এই ২৫ জন নিয়ে একটা বোর্ড গঠিত হোক এই প্রস্তাব আমি করেছি, এবং এই বিলের মধ্যে এই প্রস্তাব রেখেছি তাঁরা কি করবেন—আমি চাচ্ছি যে, যে সমস্ত ব্যবসায়ীরা cold storageএ মাল রাখে বা যারা cold storageএর মালিক, ভাড়া দেয় তার একটা register রাখুন। কারা cold storageএ মাল রাখে এই সম্পর্কে ৪ নং ধারায় আমি দিয়েছি একটা register রাখা হোক। তাছাড়া বোর্ডের উপর এই ক্ষমতা দেওয়া হোক তাঁরা একটা enquiry করবেন, যদি দেখা যায় cold storageএ সেই মাল রাখার ফলে বা তুলে নেবার ফলে, যদি এই আশংকা দেখা দেয়, যদি এই সন্দেহ জাগে যে তারা কৃত্রিম সংকট সৃষ্টির চেষ্টা করছে তাহলে একটা enquiry করবার ক্ষমতা বোর্ডকে দেওয়া হোক। এবং আমি এই প্রস্তাবও রেখেছি যে, একটা penaltyর কথা আমি বলেছি। আমি প্রস্তাব করেছি - যারা অসাধু ব্যবসায়ী তাদের ফাইন করবার ব্যবস্থা রাখা হোক, তার সঙ্গে সঙ্গে একথাও বলেছি যদি বিচারে প্রমাণ হয় তারা অপরাধী তাহলে তাদের আর কোনদিন ব্যবসা করতে দেওয়া হবে না।

Shri Jagannath Kolay : On a point of order, Sir, তিনি এই বিল introduce করতে পারেন না without the permision of the President under article 304.

The Hon'ble Prafulla Chandra Sen : Article 304 of the Constitution হচ্ছে Notwithstanding anything in article 301 or article 303, the Legislature of a State may by law - (a) impose on goods imported from other States any tax to which similar goods manufactured or produced in that

State are subject, so, however, as not to discriminate between goods so imported and goods so manufactured or produced ; and (b) impose such reasonable restrictions on the freedom of trade, commerce or intercourse with or within that State as may be required in the public interest : Provided that no Bill or amendment for the purposes of clauses (b) shall be introduced or moved in the Legislature of a State without the previous sanction of the President. .....

Mr. Speaker : He is asking for leave to introduce the Bill. The Bill is not before the House.

Shri Jatindra Chandra Chakravorty : আমি article 304 সম্পর্কে সতর্ক আছি। যাই হোক আমি একথা বলতাম না, কিন্তু Public Accounts Committeeর যে রিপোর্ট আমাদের circulate করা হয়েছে তাতে দেখবেন যে, এমন কি মুখ্যমন্ত্রীও সেখানে উপস্থিত ছিলেন সরকারপক্ষ থেকে মাল রাখবার চেষ্টা করেছিলেন cold storage ব্যবহার করে যাতে দাম কমান যায়, কিন্তু মালিকপক্ষ তাতে রাজী হলেন না, মাল রাখতে দিলেন না, অর্থাৎ জনসাধারণের উপকার করতে তাঁরা চাইলেও মালিকেরা বাধা দিলেন। Cold storage যাতে নিয়ন্ত্রণ করা যায় তারজন্যই আমার এই প্রস্তাব। এবং Article 304 এখানে প্রযোজ্য নয়।

The Hon'ble Prafulla Chandra Sen : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা article 304 of the constitutionএ রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষ। এ প্রসংগে আমি মাননীয় সদস্যদের একথা বলতে পারি যে, আমরা এ'রকম একটা বিলের কল্পনা করেছি cold storage সম্পর্কে। আমি জানি আমাদের এখানে ৩৮টি মাত্র cold storage আছে, এর মধ্যে capacity হচ্ছে ৩০ লক্ষ মণ মাল রাখবার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি শুনলে আশ্চর্যান্বিত হবেন এই ৩৮ লক্ষ মণ মালের মধ্যে ০-২২ লক্ষ মণ কেবলমাত্র আলু রাখা হয়। আর যেসমস্ত জিনিস cold storageএ রাখা হয় তার একটা তালিকা আমি সংগ্রহ করেছি। ফল রাখা হয়, মাছ মাংস রাখা হয়, ডিম রাখা হয়, দই রাখা হয়, তরিতরকারী, মিষ্টি, বীজ, মাখন, tinned milk—তাছাড়া cold storage যা কলকাতায় আছে তাতে বেশীর ভাগ chemicals, medicines, films রাখা হয়।

[4-20—4-30 p.m.]

এবং একটা কোল্ড স্টোরেজ কোলকাতায় আছে। এই বিল আসবে বলে আমি এসব সংগ্রহ করেছি এবং এতে বেশীর ভাগ কেমিক্যালস্, মেডিসিন, ফিল্মস্, কাটা ফিল্মস্ ইত্যাদি সমস্ত জিনিষ রাখা হয়। অবশ্য আমরা ভাবছি যে কোল্ড ষ্টোরেজ সম্বন্ধে একটা বিল আনব। মাননীয় সদস্য যেকথা বলেছেন যে কোল্ড ষ্টোরেজের জন্য মূল্য বৃদ্ধি পাচ্ছে সেটা ভুল। আমাদের বাংলাদেশে আলুর কথাই ধরুন—যেটা সবচেয়ে বেশী কোল্ড ষ্টোরেজে থাকে। আমাদের বাংলাদেশে আগে ১½ লক্ষ টনের মত আলু হোত ; এখন পশ্চিমবাংলায় ৬ লক্ষ টনের মত আলু উৎপাদন করছে। কিন্তু তা সত্ত্বেও বিহার, উত্তর প্রদেশ, হিমাচল, মাদ্রাজ, মহীশূর ইত্যাদি জায়গা থেকে আলু আসে এবং এর পরিমাণ ৩৫ থেকে ৪০ লক্ষের মত। বিহার ও ইউ. পি. থেকে যে আলু আনা হয় সেসব কোল্ড ষ্টোরেজে থাকে। আমাদের দেশে যদি কোল্ড ষ্টোরেজগুলো না থাকতো তাহলে দাম বাড়তো। চাষী যেসময়ে আলু বার করে সেসময়ে তারা বিক্রী করতে চায়, কারণ তারা যদি সেসময়ে বিক্রী না করে তাহলে বহু পরিমাণ আলু নষ্ট হয়। এই ওয়েষ্টেজ নিবারণ করার জন্য কোল্ড ষ্টোরেজের প্রয়োজন। কাজেই কোল্ড ষ্টোরেজের জন্য যে মূল্য বৃদ্ধি হচ্ছে সেটা আমরা স্বীকার করি না এবং

সেজন্য যাতে কোল্ড ষ্টোরেজের সংখ্যা বাড়ে সেটা চেষ্টা করা উচিত। এটা তবে ঠিক যে অন্যান্য কারণের জন্য কোল্ড ষ্টোরেজগুলো আমাদের নিয়ন্ত্রণ করা প্রয়োজন এবং সেজন্য আমরা একটা সুচিন্তিত বিল এর পর নিয়ে আসব। কাজেই আমি তাঁকে অনুরোধ করব এটা উইথড্র করতে। তিনি এটা ইনট্রোডিউস করতে পারেন না কারণ Art 304 of the constitution অনুযায়ী প্রেসিডেন্টের অনুমোদন লাগে।

The motion of Shri Jatindra Chandra Chakravorty for leave to introduce the West Bengal Cold Storage (Control and Regulation) Bill, 1961, was then put and a division taken with the following result :

NOES—92

Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bouri, Shri Nepal
Brahmamandal, Shri Debendra Nath
Chatterjee, Dr. Binoy Kumar
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Shri Durgapada
Das, Shri Gokul Behari
Das, Shri Khagendra Nath
Das, Shri Radha Nath
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dolui, Dr. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Shrimati Sudharani
Ghosh, Shri Bijoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Gupta, Shri Nikunja Behari
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand
Haldar, Shri Mahananda
Hasda, Shri Jamadar
Hasda, Shri Lakshan Chandra
Hoare, Shrimati Anima
Jana, Shri Mrityunjoy
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Maiti, Shri Subodh Chandra
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Shri Byomkes
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Sudhir
Mandal, Shri Umesh Chandra
Mardi, Shri Hakai
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammed Israil, Shri
Mondal, Shri Bhikari
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Naskar, Shri Ardhendu Sekhar
Noronha, Shri Clifford
Panja, Shri Bhabaniranjan

Pati Dr. Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Dr. Biswanath
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Sinha, Shri Phanis Chandra
Sinha Sarkar, Shri Jatindra Nath
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Trivedi, Shri Goalbadan
Yeakub Hossain, Shri Mohammad

AYES—45

Abdulla Farooqie, Shri Shaikh
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Dr. Brindaban Behari
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchugopal
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharlee, Shri Shyama Prasanna
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Dhar, Shri Dhirendra Nath
Elias Razi, Shri
Ganguli, Shri Ajit Kumar
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Shri Ganesh
Ghosh Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Lahiri, Shri Somnath
Majhi, Shri Chaitan
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Shri Satyendra Narayan
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhuri, Shri Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Shri Bhupal Chandra
Prasad, Shri Rama Shankar
Rai, Shri Deo Prakash
Ray, Shri Phakir Chandra
Ray Choudhuri, Shri Sudhir Ch ndra
Roy, Shri Saroj
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Shri Niranjan

The Ayes being 45 and the Noes 92, the motion was lost.

Private Members' Resolutions

Shri Suhrid Mullick Chowdhury : মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তু পুনর্বাসন ক্ষেত্রে এই সরকারের যে নীতি, সেটা অবহেলা ও ঔদাসীন্যের নীতি, ফলে এখানে যে

চরম দুর্দশা দেখা দিয়েছে, সেই ব্যাপার আলোচনার জন্য আমি আমার প্রস্তাব এখানে উত্থাপন করেছি। আপনি জানেন স্যার, ১৯৬০ সালের এপ্রিল মাসে এই সভায় সর্বসম্মতিক্রমে আমরা একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম, যে প্রস্তাবে আমরা একথা স্থির করেছিলাম যে পুনর্বাসন দপ্তরের অসমাপ্ত কাজ যতক্ষণ না সমাপ্ত হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই দপ্তর বন্ধ রাখা চলবে না। কিন্তু সেই প্রস্তাবের কালি শুকোতে না শুকোতেই আমরা দেখতে পেলাম কি? আমাদের এখান থেকে একটা Memorandum দিলাম দিল্লীতে U.C.R.C.র পক্ষ থেকে, দিল্লীতে প্রধানমন্ত্রী পণ্ডিত নেহেরুর সংগে একটা আলোচনা হল, তারপর আমরা জানতে পারলাম যে পুনর্বাসন দপ্তর ১৯৬২ সালের মার্চ মাসের মধ্যে উঠিয়ে দিতে হবে। তারপর এখানে আমরা দেখছি Governorএর speechএ বলা হয়েছে পুনর্বাসনের কাজ এখনও বাকী রয়েছে। একটা Sweep Survey করা হয়েছিল সরকার পক্ষ থেকে। সেই report কাগজে বেরিয়েছে, সেখানে বলা হয়েছে ২৪ লক্ষ উদ্বাস্তুর মধ্যে ১৬ লক্ষ উদ্বাস্তুর এখনও পুনর্বাসন হয়নি। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি এই সরকার তাদের দপ্তর বন্ধ করে দেবার যে নীতি তা এখনও পর্যন্ত বহাল রেখে দিচ্ছেন। এবং এ-বিষয়ে আমরা দেখতে পাচ্ছি—যেসমস্ত campগুলিতে cash dole চালু ছিল তা বন্ধ করে দিচ্ছেন, ফলে সমস্ত শ্রেণীর উদ্বাস্তুদের মধ্যে একটা ভয়ংকর অবস্থার সৃষ্টি করেছেন। আজকে camp উদ্বাস্তুদের ক্ষেত্রে যে ব্যবস্থা নেওয়া হচ্ছে, ঠিক সেইরকম দেখা গিয়েছে Squatters' Colonyর ক্ষেত্রেও সমস্তরকম দমনমূলক কাজ আরম্ভ করেছেন, সেখানে পুলিশের হামলা হচ্ছে, তাদের যে সুযোগ সুবিধা দেওয়া উচিত সেগুলি বন্ধ হচ্ছে।

[4-30—4-40 p.m.]

তারপর ক্যাম্প উদ্বাস্তুদের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে তাঁদের ক্যাস ডোল, শিক্ষার সুযোগ এবং যক্ষ্মারোগীদের চিকিৎসা বন্ধ হয়ে গেছে এবং তার ফলে সমস্ত স্তরের ক্যাম্প উদ্বাস্তুদের মধ্যে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। আমাদের সরকার বলে থাকেন যে সমস্ত ক্যাম্প উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে যেতে হবে কারণ এখানে জমি নেই। কিন্তু আমরা ইউ. সি. আর. সি-র পক্ষ থেকে ইতিপূর্বে এই বিধান সভায় আলোচনা করেছি এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে মেমোরেণ্ডাম দিয়ে দেখিয়ে দিয়েছি যে সরকারের কথা ভুল এবং আমাদের এখানে পর্যাপ্ত পরিমাণ জমি রয়েছে। কাজেই এই যখন এখানকার অবস্থা তখন এখানে যে মাত্র ১৬ হাজার ক্যাম্প উদ্বাস্তু রয়েছে তাঁদের পুনর্বাসন এখানেই সম্ভবপর, কিন্তু আমরা শুনছি যে তা' নাকি সম্ভবপর নয়। স্যার, আমাদের সরকারের যিনি প্রধান অর্থাৎ ডাঃ রায় ইউ. সি. আর. সি-র মেমোরেণ্ডামের উত্তরে জানিয়েছিলেন যে পশ্চিমবাংলার ৯টি জেলার মধ্যে ১ লক্ষ ৩ হাজার একর জমি রয়েছে এবং একমাত্র মেদিনীপুর জেলাতেই প্রায় ৮০ হাজার একর জমি রয়েছে। কিন্তু দুঃখের বিষয় যে, আজ পর্যন্ত মেদিনীপুরের গড়বেতা স্কীম চালু করা হোল না। স্যার, আমি সেখানে ঘুরে ঘুরে দেখেছি যে মাত্র ২ হাজার উদ্বাস্তু সেখানে ক্যাম্পে আছে অথচ সেখানে ১৩ হাজার উদ্বাস্তুর পুনর্বাসন হতে পারত। আমরা সরকারকে একথা জানিয়েছি যে আজ পর্যন্ত সেখানে মাত্র ৩,৪ শত উদ্বাস্তু পরিবারের পুনর্বাসন হয়েছে। যা হোক্, তাহলে দেখা যাচ্ছে যে ঐ ১৬ হাজার থেকে যদি ৩ হাজার চলে যেত তাহলে বাকী থাকত মাত্র ৩ হাজার এবং এই ৩ হাজারের ব্যবস্থা বনহুগলী, তিস্তাচড় প্রভৃতি যেসমস্ত স্কীম রয়েছে কুপার্স ক্যাম্পের সন্নিকটবর্তী যে টাউনসিপ পরিকল্পনা রয়েছে সেখানে যারা যেতে পারত। শুধু তাই নয়, বর্ধমান অঞ্চলের গোপালপুর, খাগসা, মানকর প্রভৃতি স্থানে যখন প্রচুর জমি পড়ে রয়েছে এবং সেখানে যখন শিল্পনগরী রয়েছে তখন সেখানে কি কিছুসংখ্যক উদ্বাস্তুর পুনর্বাসনের ব্যবস্থা করে দেওয়া যায় না? স্যার, তাঁদের কথা অনুযায়ী যদি দেখি তাহলে দেখব যে, এই ১৬ হাজার পরিবার

যাদের দণ্ডকারণ্যে নিয়ে যাবার জন্য চেষ্টা করা হচ্ছে তাদের এই অঞ্চলের মধ্যেই পুনর্বাসন দেওয়া যেতে পারে। যা'হোক, এসব কথা ছেড়ে দিয়ে এখন আর একটা কথা বলতে চাই যে, এঁরা এই ১৬ হাজার ক্যাম্প রিফিউজীর ডোল এবং অন্যান্য সুযোগ সুবিধা বন্ধ করে তাঁদের একটা অসহনীয় অবস্থার মধ্যে এনে ফেলেছেন অথচ আমরা দেখছি দণ্ডকারণ্যে যে পরিকল্পনা তাঁরা করেছেন তাতে ২।৪ বছরের মধ্যে সেখানে ৫ হাজারের বেশী পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করে দেওয়া সম্ভবপর হবে না। তাহলে এই ১৫।১৬ হাজার লোকের উপর খড়্গ তুলে ধরেছেন কেন?

তারপর এই ক্যাম্প উদ্বাস্তুদের যে ৬ হাজার বায়নানামা সরকারী দপ্তরে লাল ফিতায় বন্ধনে পড়ে রয়েছে সেই বায়নানামাগুলো যদি চালু করে দিতেন তাহলে অনেকে চলে যেতে পারত এবং এইভাবে যদি ১৬ হাজার থেকে ১৩ হাজার কমে যেত তাহলে এরা যেসমস্ত পুনর্বাসন পরিকল্পনা করতে চাচ্ছেন সেগুলো না করে পারতেন এবং ওঁদেরও একটা ব্যবস্থা হোত। কিন্তু যা দেখছি তাতে মনে হচ্ছে যে, ক্যাম্প উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে নিয়ে যেতেই হবে এবং এসব কথার নড়চড় হওয়া যেন কোন-মতেই সম্ভবপর নয়।

তারপর এই উদ্বাস্তু বিভাগ বন্ধ করে দেওয়া হবে। তাঁদেরই কথা, তাঁদের দলের থেকে বলা হয়েছে যে এখনও পুনর্বাসনের অনেক কাজ বাকী রয়েছে, এখনও ১৬ লক্ষ উদ্বাস্তুকে পুনর্বাসন দিতে হবে যারা ক্যাম্পে রয়েছে। তা' ছাড়া বিভিন্ন রাজ্যে যেসমস্ত উদ্বাস্তু গেছে সেন্ট্রাল গভর্ণমেণ্টের উদ্বাস্তু নীতির নানারকম গলদের ফলে তারা আমাদের দেশে ফিরে এসেছে। আমাদের এই রাজ্যে যে ভার সৃষ্টি হচ্ছে সেই ভার এই সরকার গ্রহণ করতে পারবেন না, ফলে এখানে একটা অর্থনৈতিক বিপর্যয় দেখা দেবে। সুতরাং পুনর্বাসন বিভাগ এখনও ভাল করে চিন্তা করুন, দরকার হয় তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করুন। আমার প্রস্তাবে আমি সেই দাবী রেখেছি। ক্যাম্প ডোল বন্ধ করে দিয়ে তাদের উপর পুলিশ নিপীড়ন করবে, লাঠি, গুলি, জেলখানা ভর্তি করবে এই-ভাবে যে দমনমূলক ব্যবস্থা করা হচ্ছে তাকে বন্ধ করা হোক। এর ফলে সমস্ত ক্যাম্পে অনশন সত্যাগ্রহীরা অনশন করে রয়েছে। অনেক ক্যাম্পে তারা আত্মহত্যা করেছে এই দুঃখ দুর্দশা সহ্য করতে না পেরে। এই দুর্বিসহ অবস্থা কতদিন চলবে? সেজন্য আমি মনে করি যে পুনর্বাসন বিভাগের কাজ আবার চালিয়ে দেওয়া হোক। ঐ দণ্ডকারণ্যে একটা মায়া মরীচিকা সৃষ্টি করে সমস্ত দায়-দায়িত্ব থেকে নিজেদের সরিয়ে রাখা এই সরকারের অনুচিত কাজ হচ্ছে।

Shri Ananda Gopal Mukherjee : I move that for the words beginding with "at the delay" in line 1, paragraph 1, and ending with "sections of refugees" at the end, the following be substituted, viz :—

"at the report published indicating the desire of the Government of India to close down the Union Rehabilitation Ministry about which this Assembly had adopted unanimously a resolution on the 1st of April, 1960, and urges upon the Union Government not to close the Rehabilitation Ministry till the problem of rehabilitation is resolved satisfactorily. This Assembly considers the closure of the Ministry at this stage to be unwise because the problem of rehabilitation still remains unsolved. This Assembly is further of the opinion that if the Central Rehabilitation Ministry is closed down it will throw the burden of rehabilitation of the exesting refugees in this State and of all others who might return from other States later on, due to the refugees sent there not obtaining proper rehabilitation and thereby add further strain on the resources of this problem-ridden State.

2. This Assembly is of the opinion that the State Government should move the Central Government that the Ministry of Rehabilitation should continue till the problem of rehabiliation of all sections of refugees is satisfactorily solved.

3. This Assembly is of the view that in case the Central Government decides to close down the Ministry of Rehabilitation they should provide the State Government with adequate funds for tackling all the problems of partially rehabilitated displaced persons of Eastern Pakistan so that :

(a) the holding allotted to refugee agriculturist families so far settled in West Bengal may be given some more lands wherever available so as to make their holdings economic,

(b) arrangements may be made for providing more irrigation facilities, better seeds and adequate manure in order to improve the fertility and production of holdings which are now uneconomic,

(c) sufficient number of small-scale industries and medium-scale industries may be set up which would provide jobs for partially rehabilitated refugees.

(d) poultry, duckery and diary farms may be started to make the holdings of an agriculturist family more economic and to provide rehabilitation of non-agriculturist families,

(e) arrangements be provided for adequate educational and training facilities for the children of displaced families in order that they might earn a living,

(f) arrangements be made for better facilities for hospitalisation of refugees who become ill, whether from tuberculosis or otherwise,

(g) provision be made in Government colonies and squatters colonies for better amenities as quickly as possible,

(h) arrangements be made for early payment of compensation to owners of houses of Muslims or non-Muslims forcibly occupied by refugees or by releasing the houses of Muslims which were squatted upon before the 31st December, 1950, by the displaced persons.

4. This House is also of the opinion that as satisfactory arrangements have been made by the Dandakaranya Development Authority for settlement of agriculturist families of West Bengal by providing them with 7 acres of land per family and loan on scales higher than those obtaining in West Bengal, the refugees should be encouraged to go and settle in Dandakaranya, particularly in view of the fact that surplus cultivable land is not available in West Bengal under the Biananama Scheme.

5. This Assembly expresses its deep concern at the attitude of interested and designing people who encourage agriculturist displaced families to refuse settlement in Dandakaranya which is against the ultimate interest of the refugees themselves. Such encouragement prevents the camp agriculturist families from acting as free agents.

6. This Assembly calls upon all parties carrying influence with the camp families to lend their good offices to induce these families to overcome their hesitation and to opt for settlement in Dandakaranya in larger numbers. The persistence of camp refugees to remain in West Bengal is against their interest because West Bengal cannot provide land sufficient for them."

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার বন্ধু শ্রীসুহৃদ মল্লিক চৌধুরী যে বেসরকারী প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবের উপর আমার সংশোধনী প্রস্তাব দিয়েছি। আমি এই সংশোধনী প্রস্তাব আপনার সামনে আর পড়ে শোনাতে চাই না। কারণ, এটা দীর্ঘ, পড়তে অনেক সময় নেবে। আমি আমার প্রস্তাবের স্বপক্ষে কতকগুলি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন যে দেশ বিভাগের পর ১৯৪৭ এবং ১৯৪৮ সাল থেকে পশ্চিমবঙ্গে প্রায় ৮ লক্ষ উদ্বাস্তু শিবিরবাসী ছিলেন। তখন নিশ্চয়ই আমরা কেউ একথা ভাবিনি এবং আজও নিশ্চয়ই আমরা কেউ একথা চিন্তা করিনা যে যারা ক্যাম্পে আছে তারা বরাবর ক্যাম্পেই থেকে যাবে। তখন এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছিল যে মানুষ প্রথমে আশ্রয় শিবিরে এসে থাকবে, তারপর আস্তে আস্তে তাদের পুনর্বাসনের ব্যবস্থা হবে। আমরা ১৯৫০।৬১ সাল পর্যন্ত দেখতে পাচ্ছি যে এই ৮ লক্ষ মানুষের মধ্যেএখনও ১৬ হাজার এগ্রিকালচারাল ফ্যামিলি ক্যাম্পে আছে। আজকের হিসাব হয়ত ঠিক বলতে পারছিনা, কিন্তু যে তথ্য আমরা পেয়েছি তার থেকে আমি হাউসে বলতে চাই যে ১৯৫৮ সাল পর্যন্ত আমরা দেখেছি ৪৫ হাজার পরিবার ছিল এবং তার মধ্যে ৩৫ হাজার ছিল এগ্রিকালচারিষ্ট ফ্যামিলি। এখন আমরা যে তথ্য পেয়েছি তাতেও প্রায় ১৬ হাজার কৃষিজীবী পরিবার ক্যাম্পে আছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবংগের এই পরিস্থিতির কথা যদি আমরা পর্যালোচনা করি তাহলে দেখব যে ৫ লক্ষের উপর লোক পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় পুনর্বসতি গ্রহণ করেছে এই ক্যাম্প থেকে এসে। সরকার যেসমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন এবং বায়নানামা স্কীমে সেগুলির পুনর্বসতির ব্যবস্থা হয়েছে সমস্তগুলি পর্যালোচনা করলে আমরা দেখতে পাই যে সারা পশ্চিমবঙ্গে পুনর্বসতি নিয়েছে তাদের partially rehabilitated বলা যেতে পারে, fully rehabilitated বলা যেতে পারেনা এই কারণে যে জমি তারা পেয়েছে সেই জমি economic holding নয়।

[4-40 – 4-50 p.m.]

যে জমি তাঁরা পেয়েছেন তা economic holding নয়। যেখানে জমি তাঁরা পেয়েছেন, সেই সমস্ত জমি চাষের সম্পূর্ণ উপযোগী নয়। এই জমির উপর নির্ভরশীল যে সমস্ত পরিবার, তাদের আর্থিক অবস্থা এমন নয় যে তা দিয়ে সেই পরিবারের ভরণপোষণ হতে পারে। এই যখন পরিস্থিতির উদ্ভব হচ্ছে, যারা ক্যাম্পে রয়েছে, তারা বেশীরভাগই হচ্ছে কৃষিজীবী পরিবার। তাদের পুনর্বসতির ব্যবস্থা যদি করতে হয়, তাহলে জমি ছাড়া তা হতে পারবে না। আজ এই সত্য পশ্চিমবঙ্গে এঁরা উপলব্ধি করতে না পেরে থাকেন, যদি উপলব্ধি করে থেকেও যদি সে কথা সত্যভাবে না বলেন, তবে পশ্চিমবঙ্গের শিবিরবাসী উদ্বাস্তুদের স্বার্থ শুধু নয়, পশ্চিমবঙ্গেরও সর্বনাশ তাঁরা ডেকে আনবেন।

পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের পুনর্বাসন সম্বন্ধে বলতে গিয়ে আমাদের মাননীয় বন্ধু সুহৃদ মল্লিক চৌধুরী হেড়োভাঙ্গা স্কীমের কথা বলেছিলেন, তিনি সেটাকে মেদিনীপুরে নিয়ে গিয়েছিলেন। রাঁচী আর করাচী যেমন দুই-ই কাছাকাছি। হেড়োভাঙ্গা কোথায়? কোন্‌দিকে সে পথ তাও তিনি জানেন না।

যাই হোক্—এখন কথা হচ্ছে পশ্চিমবঙ্গে বায়না-নামা স্কীম এবং সরকারী পরিকল্পনার মধ্যে যখন কৃষিজীবী পরিবারদের পুনর্বাসনের ব্যবস্থা করবার কথা সরকার চিন্তা করছিলেন, ১৯৫৮-৫৭ সাল থেকে আরম্ভ করে ১৯৫৯-৬০ সাল পর্যন্ত এর গড় হার বলতে গেলে চারশো থেকে পাঁচশো পরিবার বায়নানামা স্কীমে এখানে পুনর্বসতি লাভ করেছে; তখন এর থেকে বোঝা যাচ্ছে বায়নানামা স্কীমে এখানে উপযুক্ত ব্যবস্থা করা যাচ্ছে না। যেসমস্ত পরিকল্পনা সরকার নিয়েছেন, তার মধ্যে দেখা যায়—কেলেঘাই, গড়বেতা, তিস্তা, হেড়োভাঙ্গা এইসমস্ত স্কীম। কেলেঘাই স্কীমে তিনশো পরিবার, গড়বেতা স্কীমে আটশো পরিবার, তিস্তা স্কীমে ২৫০টী পরিবার, হেড়োভাঙ্গা স্কীমে ৬৪৮টী পরিবার এদের পুনর্বসতির ব্যবস্থা প্রায় হয়েছে বা এ শুর্গন্ত হতে পারে। এ ছাড়া আন্দামান ও ইউ-পি স্কীমের দ্বারা কৃষিজীবী পরিবারদের পুনর্বসতির ব্যবস্থা কিছু কিছু হয়েছে। কিন্তু যে কথা আমি এখানে পরিষ্কার করে বলতে চাই সেটা হচ্ছে এই পশ্চিমবঙ্গের সামনে যে সমস্যা আছে, তার যদি সমাধান না হয়, তাহলে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক কাঠামো সম্পূর্ণরূপে ভেঙ্গে এখনই পড়েছে এবং পড়বে। আজ তারজন্য সুস্পষ্ট পথ গ্রহণ করা প্রয়োজন হয়ে পড়েছে। সেই পথ হবে এই—যতদিন পর্যন্ত এই উদ্বাস্তু পুনর্বাসনের কাজ শেষ না হচ্ছে, ততদিন পর্যন্ত কেন্দ্রীয় সরকার চাইলেও এই উদ্বাস্তু পুনর্বাসন বিভাগকে সম্পূর্ণরূপে আমরা তুলে দেবার পক্ষপাতী নয়। এবং আজ যদি তাঁরা এই কথা ভাবেন যে উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ গুটিয়ে দেবেন এবং সমস্ত ভার পশ্চিমবঙ্গের ঘাড়ে পড়বে, এই ভার যদি পশ্চিমবঙ্গের ঘাড়ে পড়ে, তাহলে, শিবিরবাসী উদ্বাস্তু এবং পশ্চিমবঙ্গে যারা পুনর্বাসন গ্রহণ করেছে—যাকে বলে তারা Partially rehabilitated হয়েছে, তাদের সমস্ত ভারই পশ্চিমবঙ্গের ঘাড়ে এসে পড়বে। আজ কেন্দ্রীয় সরকারকে আমরা বলবো শিবির-বাসী উদ্বাস্তুদের পুনর্বাসন যারা Partially rehabilited in West Bengal আর যারা বাইরে গিয়ে অনেক অসুবিধা ভোগ করছে, তাদের সেই অসুবিধাগুলি দূর করার আগে এই বিভাগ বন্ধ করতে পারবেন না। যদি বন্ধ করেন তাহলে এর সম্পূর্ণ খরচ কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। আর যারা শিবিরবাসী উদ্বাস্তু আছে, তাদের আমি মনে করি দণ্ডকারণ্য পরিকল্পনা যা গৃহীত হয়েছে, তাতে তাদের স্থান হওয়া উচিত এবং সেখানে তাদের যাওয়াও প্রয়োজন আছে। ডাঃ ঘোষের সঙ্গে আমার দণ্ডকারণ্যে যাবার সুযোগ হয়েছিল। আমরা সেখানে অত্যন্ত আগ্রহ নিয়ে গিয়েছিলাম যে দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের সত্যিকারের পুনর্বাসন হতে পারে কিনা তা দেখতে গিয়েছিলাম।

সেখানে তখন জমি দেখে আমি যেমন খুশি হয়েছিলাম তেমনি সেখানকার কতকগুলি অব্যবস্থা দেখে আমি অত্যন্ত ভারাক্রান্ত মন নিয়ে ফিরে এসেছিলাম। কিন্তু ১৯৬০ সালে সেখানে যেসমস্ত বিধিব্যবস্থা নূতনভাবে গৃহীত হয়েছে তা সন্তোষজনক এবং উদ্বাস্তু পুনর্বাসনের যে fundamental defect ছিল এখানকার Camp থেকে তুলে নিয়ে গিয়ে আবার worksite campএ বসিয়ে রেখে রাস্তায় দিন-মজুরী করবার পরিকল্পনা নিয়েছিলেন, সেটা মানসিক দিক দিয়ে গ্রহণযোগ্য ছিল না। সেখানে জমি reclaim করবার কাজ ধীরভাবে চলার দরুণ, সেখানে জলাশয় সৃষ্টি না হওয়ার দরুণ, সেখানে ঘরবাড়ী তৈরী না হওয়ার দরুণ আগে যে পরিমাণ পরিস্থিতি ছিল, সেই পরিস্থিতিকে অনুরূপ বলে মনে করতে পারিনি। আমরা সেখানকার যে latest রিপোর্ট পেয়েছি তা থেকে দেখছি এখন সেখানে উদ্বাস্তু পরিবারদের নিয়ে একেবারে agricultural siteএ, গ্রামের

ভিতর নিয়ে যাওয়া হচ্ছে। আগে যেসকল defect ছিল এখন আর তা নেই। এখন সেখানে উদ্বাস্তুরা নিজের বাড়ী নিজেরাই তৈরী করে নেবার জন্য directly authorityর কাছ থেকে help পাচ্ছে। ১ হাজার থেকে ১৬ শো টাকা house building purpose-এ loan পেয়েছে এবং building materialও কিছু কিছু পেয়েছে। তাদের নিজেদের মনের মত বাড়ী তৈরী করবার জন্য ইট, কাঠ সিমেন্ট প্রভৃতি তাদের দেওয়া হচ্ছে। আজ যেভাবে জমি দণ্ডকারণ্যে পাওয়া গিয়েছে, জলেরও ব্যবস্থা হয়েছে, এবং বর্তমানে যে খবর পাওয়া গিয়েছে তার থেকে আমি মনে করি যে দণ্ডকারণ্যে সুষ্ঠু পুনর্বাসন হওয়ার সম্ভাবনা রয়েছে। আজকে এই পরিস্থিতিতে আমি বলবো পশ্চিমবঙ্গে বসে এই কথা আমাদের সকলের ভাবা উচিত - রাজনীতি আমারা প্রত্যেকে করি, কিন্তু দলগত রাজনীতির ঊর্ধ্বে উঠে দেশের স্বার্থের কথা চিন্তা করে কাজে অগ্রসর হতে হবে। আপনার মাধ্যমে বন্ধু সুহৃদ বাবুকে ভাবতে বলবো যে পশ্চিমবঙ্গের অধিবাসী, সাধারণ মানুষকে বাঁচাবার কথা চিন্তা করুন। এবং সারা পশ্চিমবঙ্গে যত উদ্বাস্তু এসেছে তাদের কথাও চিন্তা করুন। আজ পশ্চিমবঙ্গের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়েছে : সুতরাং যদি আজকে নূতন স্কীম করে দণ্ডকারণ্যে কলোনী গড়ে ওঠে, মানুষ সেখানে গিয়ে বসবাস করতে পারে, তাহলে সেটা গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। Leaders of the public opinion, তাঁরা যদি একথা সাহস করে না বলেন, তাহলে তাঁদের বাংলাদেশের মানুষ ও ভবিষ্যৎ বংশধররা অভিশাপ দেবে। আর বাংলাদেশ একশো বছরের মধ্যেও ভারতের অর্থনীতিতে মাথা তুলে দাঁড়াতে পারবে না। এতে করে পশ্চিম বাংলার মানুষের দুঃখের অবসান হবে বলে আমি মনে করি না। তাই আজ উদ্বাস্তুদের স্বার্থ ই পশ্চিমবঙ্গের স্বার্থ—আমি আজকে সরকারের সামনে এই দাবী রাখছি : এবং যে বে-সরকারী প্রস্তাব এসেছে তার উপর আমি আমার সংশোধনী এনেছি। এবং সবচেয়ে বড় কথা এখানে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বলার আছে যে তাঁরা যেন তাঁদের দায়িত্ব মাথা থেকে ফেলে দিয়ে চলে যাবার চেষ্টা না করেন। পশ্চিমবঙ্গে উদ্বাস্তু যাঁরা আছেন, তাঁদের partial rehabilitation থেকে fully rehabilated করবার জন্য, তাদের অর্থনৈতিক অবস্থা ভাল করবার জন্য যেসমস্ত suggestions আমরা এখানে দিয়েছি, তা গ্রহণ করা উচিত। আজকে camp-এ যারা এখনও পর্যন্ত আছেন তাঁদের কথা বাদ দিয়ে বলি পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের মধ্যে আজকে দেখছি যারা কম জমি পেয়েছে, তাদের যাতে জমি বেশী দিতে পারি, সেটা দেখতে হবে। এবং তাদের holdingকে economic করতে হবে। তাদের মধ্যে যাতে ছোট, ছোট poultry, dairy গড়ে উঠতে পারে, তার জন্য তাদের অর্থনৈতিক সাহায্য দিয়ে এমন একটা পরিবেশ সৃষ্টি করতে হবে যাতে তারা অর্থনৈতিক উন্নতি করতে পারে। আর একটা বড় কথা, আজকে এদের পরিবারের মধ্যে থেকে ছেলেদের নিয়ে, তাদের technical training একান্তভাবে দেওয়ার প্রয়োজন আছে। আমরা দেখছি যে সমস্ত ছেলেরা লেখাপড়ার সুযোগ ভাল করে পাননা, এবং যারা Class VIII, IX পর্যন্ত পড়েছেন তাদের short-course এর technical training দিয়ে trained up করা যেতে পারে। এখানে আমি আর একটা কথা উল্লেখ করতে চাই। পশ্চিমবঙ্গে যে সমস্ত উদ্বাস্তু বসতি করেছেন এবং পশ্চিমবঙ্গের অধিবাসী যারা আছেন, তাদের বাড়ীর ছেলেদের coal-fieldএ training দেবার ব্যবস্থা করতে হবে। আজ দেশের যা কয়লার প্রয়োজন, কয়লার যে চাহিদা, তাকে যদি মেটাতে হয়, তাহলে শুধু Asansol coal-field এই পঞ্চাশ হাজার trained personnel এর দরকার হবে ; তা না হলে coal-production এর টার্গেটে পৌঁছাতে পারবেন না।

[4-50—5 p.m.]

তাহলে coal productionএর যে target তাতে পৌঁছাতে পারবো না যদি skilled

technician না পাই। Mechanised mine করার জন্য, coal cutting-র জন্য, mechanical trade-র জন্য, এবং অন্যান্য trade-র জন্য ৫০ হাজার trained technical personnel-র দরকার আছে। আমাদের যে সমস্ত training scheme-র মাধ্যমে ছেলেরা training নিয়ে আছে তাতে সেই চাহিদা মেটে না। এইরকম specialised trade-এ যেমন iron and steel industry-তে যেসমস্ত ছেলেরা আছে তা ছাড়াও ১ বৎসর ১½ বৎসরের মধ্যে যাতে তারা কাজ শিখতে পারে তার ব্যবস্থা করবার জন্য যদি আমরা পরিকল্পনা গ্রহণ করি, এবং কেন্দ্রীয় সরকার যদি আমাদের সাহায্য করেন তাহলে পশ্চিমবঙ্গে যেসমস্ত উদ্বাস্তু আছে তাদের আর্থিক অবস্থার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের আর্থিক অবস্থা আরো সুন্দর সুদৃঢ় হয়ে গড়ে উঠতে পারবে। আজকে দণ্ডকারণ্যে যে নূতন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেখানে উদ্বাস্তুরা জমি চাষ করে ভাল ফসল যাতে ফলাতে পারে তারজন্য ৭ একর বা ২১ বিঘা জমি যদি তাদের দেওয়া হয় এবং ১০ কাঠা জমি যদি বাড়ীর জন্য দেওয়া যায় তাহলে একটা ছোট পরিবারের তাতে economic unit গড়ে উঠতে পারবে এবং তারা মানুষের মত বাঁচতে পারবে। এবং তাহলে আমরা জানবো যে আমাদের দেশের লোক তারা বাংলাদেশের থেকে দূরে থাকলেও আমাদের থেকে দূরে থাকবে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Haridas Mitra : Sir, I beg to move that the following paragraph be inserted as third paragraph, viz —

(1) "while supporting the Dandakaranya Project on principle, this Assembly is of opinion that Dandakaranya scheme may be made attractive to the refugees if the following measures are adopted and satisfactorily implemented without delay :—

(1) the area on which the refugees will be settled should be brought under Central administration.

(2) refugees should be settled in compact areas as much as practicable to provide better facilities for promotion of their cultural, social and economic development,

(3) to make adequate arrangement for irrigation and supply of drinking water,

(4) to establish cottage, small and medium scale industries,

(5) to exempt absolutely old, disabled and guardianless windows from sending to Dandakaranya,

(6) to arrange for personal inspection of the latest position of Dandak by the representatives of the camp refugees,

(7) to restore doles immediately of those refugees who will now intend to go to Dandakaranya.

This Assembly also strongly urges upon the Central Government to throw open opportunities to all categories of non-camp refugees for their rehabilitation at Dandakaranya including, specially, partially rehabilitated refugee families where rehabilitation has practically failed ;"

(2) the word "also" after "Assembly" in line 1, para. 3, be deleted ;

(3) in lines 2 and 3, para. 3, for the words "a Statement", the words "all quarters" be substituted ;

(4) for the word 'therefore" after the word 'Assembly" in line 5, para. 3, the word "also" be substituted ;

(5) the words "amongst others for proper and immediate" after the words "following measures", in line 6, para. 3, be inserted, and in line 6, para 3, the word ' for" be deleted ;

(6) in clause (f) para. 3 after the word 'schemes" the words "such as Bagjola, Sonarpur, Tista Char" be added :

(7) after clause (f) of para. 3, the following new clause be added, viz.,

"(g) Rehabilitation of refugee families on requisitioned land in the border districts of Murshidabad, Nadia and 24-Parganas" :

(8) after item (iii) of para 4 the following new item be inserted, viz.,—

"(iv) consider and take effective steps for the development of the squatters colonies by immediate implementation of the Master Plan", and subsequent items be renumbered accordingly ;

(9) after item (vi) of para. 4, the following new items be added. viz.,—
"(vii) arrange that P. L. families be rehabilitated in the surrounding areas of their respective camps" ;

(10) "(viii) rehabilitate fisherman refugees of Murshidabad Char who have been thrown out of employment due to Nehru Noon Pact" ;

(11) "(ix) Force the Industrialists having taken loan from the Refugee Department to fulfil their respective quotas of giving employment to the refugees" ;

(12) "(x) Immediately establish Government-sponsored Spinning Mills at Khosbashmahalla, Taherpur and Goeshpur Government Colonies for employment of the local youths" ;

(13) the following new para. be added at the end, viz.,—

"This Assembly feels concerned at the issue of indiscriminate certificates on the refugees all over West Bengal and urges upon the Government to transform small rehabilitation loans, both house building and small trading including artisan loans, into rehabilitation grant to partially rehabilitated refugees."

স্পীকার মহোদয়, আমি যে সংশোধনী দিয়েছি তা উপস্থাপিত করছি। আগামী মার্চ মাসের মধ্যে Refugee Department বন্ধ হয়ে যাচ্ছে, অথচ আজকে বহুসংখ্যক উদ্বাস্তু পশ্চিম বাংলায় এসেছেন তাদের ৩০ ভাগ লোকের সমস্যা সমাধান হয়নি। বিভিন্ন সহর, পল্লী অঞ্চলে এবং বিভিন্ন কলোনীতে যে লক্ষ লক্ষ মানুষ রয়েছে তাদের জীবন নিয়ে ছেলেখেলার কারণ বুঝতে

পারছি না। এই Department যদি আজ গুটিয়ে নেওয়া হয় তাহলে পশ্চিমবাংলার সমগ্র অর্থনীতির উপর একটা বিরাট চাপ পড়বে বা মাননীয় সদস্য আনন্দবাবু পরিষ্কার করে বললেন। আমার সংশোধনী প্রস্তাবে প্রথম বলেছি যে দণ্ডকারণ্য পরিকল্পনা আমি নীতিগতভাবে স্বীকার করি এবং একথা মনে করি সেখানে যদি সুষ্ঠু পুনর্বাসন ব্যবস্থা হয় তাহলে নিশ্চয়ই উদ্বাস্তুদের সেখানে গিয়ে আমাদের সরকারের সঙ্গে সহায়তা করা উচিৎ। আমরা দেখেছি সেখানে সুষ্ঠু পুনর্বাসন ব্যবস্থা হয়েছে যেমন আন্দামানে, উত্তর প্রদেশে নৈনীতালে যেখানে উদ্বাস্তুরা যাওয়ার জন্য যথেষ্ট আগ্রহী হয়ে উঠেছেন, কিন্তু আমরা যখন দণ্ডকারণ্যে দেখতে গিয়েছিলাম গত বছর তখন আমরা কোন সুষ্ঠু ব্যবস্থা দেখে আসিনি। আজকে শ্রীসুকুমার সেন যাওয়ার পর সরকারের তরফ থেকে ঘোষণা করা হচ্ছে যে দণ্ডকারণ্যের যথেষ্ট উন্নতি হয়েছে। আমার কথা বিভিন্ন ক্যাম্প থেকে উদ্বাস্তু প্রতিনিধিদের নিয়ে কেন সরকার দণ্ডকারণ্যে দেখিয়ে আনবার ব্যবস্থা করছেন না? সেখানে যদি অবস্থার উন্নতি হয়ে থাকে তাহলে উদ্বাস্তু প্রতিনিধিরা তা দেখে এসে সকলকে তা বলবেন এবং তাতে অনেকেই সেখানে যেতে আগ্রহী হয়ে উঠবেন। উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারটা সমস্ত রাজনীতির ঊর্দ্ধে রাখা উচিৎ। সেজন্যে আমার সংশোধনীতে বলেছি যে দণ্ডকারণ্যে Central Administration থাকা উচিৎ। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যেখানে বাঙালী গিয়েছে সেখানে তারা মার খেয়েছে। সৌরাষ্ট্র, বেতিয়া, আসাম, সব জায়গায় মার খেয়েছে। আজকে যদি দণ্ডকারণ্যে Central Administration হয়—যে দণ্ডকারণ্যে তিনটি State-এর মধ্যে পড়ছে তাহলে সেখানে একটা safely value থাকতে পারে। আজকে বিভিন্ন ক্যাম্পে বহু লোক অনশন করে থাকেন। দুইজন বর্ষীয়সী মহিলা—একজন পাল্লাজোড় ক্যাম্পে আর একজন উড়া ক্যাম্পে ২২ দিন ধরে অনশন করছেন। ১০০ জন লোক অনশন করেছিলেন তার কারণ সরকারের অদরদী নীতি। শুধু দণ্ডকারণ্য পরিকল্পনা নিয়ে নয়, কি শিবিরে, কি গভর্ণমেণ্ট কলোনীতে একটা অসহযোগিতার ভাব রয়েছে দেখছি। ডোল বন্ধ করা হয়েছে। February 15th থেকে ১০ হাজার লোকের ডোল বন্ধ করা হয়েছে—অথচ সংবাদপত্রে পড়েছি November পর্যন্ত যে পরিমাণে লোক দণ্ডকারণ্যে গিয়েছে তাহাতে দেড় হাজার উদ্বাস্তু পরিবারকে দণ্ডকারণ্যে নেওয়া যেতে পারে। যেখানে দেড় হাজার লোককে নিয়ে যাওয়া যায় সেখানে দশ হাজার লোকের ডোল বন্ধ করা কেন হ'ল? আমরা যুগান্তর কাগজে পড়েছি আজ রাত্রি বারটার পর ১৩ হাজার লোকের ডোল বন্ধ হয়ে যাবে—তার মধ্যে কৃষিজীবি আছেন আট হাজার আর অকৃষিজীবি আছেন পাঁচ হাজার। এই যে হৃদয়হীন ব্যবহার তারা করছেন তার জন্য বিভিন্ন ক্যাম্পে অনশন হচ্ছে। স্পীকার মহাশয়, আপনি জানেন যে 26th June তারিখে বাগজোলা ক্যাম্পে গুলি চালান হয়েছিল, তার খানিকটা পরে আমি সেখানে হাজির হয়েছি। সন্ধ্যা সাতটার সময় আমি ২৪ পরগণার Magistrate-কে টেলিফোন করে বলেছি এখানে গুলি চলেছে ambulance দরকার। S. P. আমাকে বলেছেন this is a news to me. আনন্দবাজার, Statesman-এর লোক সেখানে গিয়েছিলেন তাদের সামনে পর্যন্ত S. P. বলেছেন গুলি চলেনি—tear gasing হয়েছে। রাত্রি ৮টার সময় শ্রীমতী মায়া ব্যানার্জীর সঙ্গে কথা বলেছি। আমি একথা নিশ্চয়ই বলব ambulance যোগাড় করবার জন্য শ্রীমতী ব্যানার্জী যে পরিশ্রম এবং চেষ্টা করেছেন তাতে কাজের অনেক সুবিধা হয়েছে। তিনি পর্যন্ত বলেছেন গুলি চলেছে তা আপনার কাছ থেকেই শুনলাম। আমি জিজ্ঞাসা করতে চাই বেলা ২½টার সময় গুলি চলেছে পাঁচটার সময় teargassing হয়েছে—কেন রাত্রি পর্যন্ত ambulance-এর ব্যবস্থা হয়নি। Dead body-গুলিকে গুম্ করে সরিয়ে নেওয়ার জন্য এবং অস্বীকার করবে যে গুলি চলেনি সে অস্বীকার তারা পরের দিন পর্যন্ত করেছেন যে গুলি চলেনি তারজন্য কি তারা deadbody-গুলি ছিনিয়ে নেবার চেষ্টা করেছিলেন? আজকে খবরের কাগজে দেখছি এ সম্বন্ধে যে Enquiry বারাসাত কোর্টে Additional District Magistrate

শ্রী এম. আর. সেন করেন তার ৪২ পৃষ্ঠা একটি report সরকারের কাছে দেওয়া হয়েছে। এ ব্যাপারে আমিও সাক্ষ্য দিতে গিয়েছিলাম report সম্বন্ধে আমি এখন কিছু বলতে চাইনে। আমি জানাতে চাই শুধু যে গুলি চলেছে তা নয়, তার পরের দিন আমি ambulance-এ গিয়েছিলাম অনশনকারীদের অবস্থা জানতে। মাননীয় বন্ধু ডাঃ অনাথবন্ধু রায়কে আগে লিখে জানিয়েছিলাম এদের remove করবার জন্য ambulance দরকার। District Magistrate, 24-Parganas-কে টেলিফোন করেছিলাম তিনি কিভাবে ব্যবস্থা করেছিলেন জানিনা, কিন্তু একজন State Minister তিনি বললেন যে ambulance নিতে হলে bond দিতে হবে, gurantee দিতে হবে, তবেই দেওয়া হবে। শ্রীমতী মায়া ব্যানার্জীকে ধন্যবাদ—তাঁর কাছ থেকে এসব কথা শুনিনি। আমি ডাঃ রায়কে বলেছিলাম যেসব পরিবারের লোকদের গুলি করে মারা হয়েছে তাদের dependent-দের P. L. Camp-এ পাঠান হোক, কিন্তু আজ পর্যন্ত সে ব্যবস্থা হয়নি।

[5—5 25 p.m.]

তার, প্রতিটি গুলি বুকের, না হয় পেটের, না হয় পাঁজর ভিতর দিয়ে বেরিয়ে চলে গিয়েছে। রাত্রি ২॥০টার সময় District Magistrateকে প্রত্যেকটা dead body দেখিয়েছি, অথচ তাঁরা বলেন গুলি চালান হয়নি। কুপার্স ক্যাম্পে লাঠি চালিয়ে, ক্যাম্প পুড়িয়ে দিয়ে দণ্ডকারণ্যে এদের নিয়ে যাবেন, এই করে দণ্ডকারণ্য popular হবে, মানুষ যাবে ভাবছেন? দণ্ডকারণ্য popular করার পথ তাদের বোঝাতে হবে, তাদের দেখাতে হবে, যদি তারা ভাল দেখে তাহলে তারা নিশ্চয়ই সেই কথা লোককে বলবে যদি তারা দেখে সেখানে ভাল ব্যবস্থা হচ্ছে, তাহলে তারা চিরকাল ক্যাম্পে বসে থেকে ডোল খাবে না। বহু পরিবার মনস্থির করতে পারেনি, কিছুসংখ্যক পরিবার মাত্র মনস্থির করেছে—সংকার তাদের ভবঘুরে বলে declare করে বলেছেন আমরা তোমাদের দায়িত্ব নেব না। ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলছেন, খান্না সাহেব ডিপার্টমেন্টের সঙ্গে লেখাপড়া করছেন—এটা নাকি ব্যয়সাধ্য ব্যাপার। তাহলেও আমি মনে করি এটা এখনি হওয়া উচিৎ—যারা যায় যাবে, তাহলেও এই মুহূর্তে ডোল চালু করা দরকার। দণ্ডকারণ্য সম্বন্ধে আর একটা কথা বিশেষভাবে বলতে চাই—শুধু শিবিরবাসীদের জন্যই যদি দণ্ডকারণ্য হয় সেই দণ্ডকারণ্য successful হবেনা, ক্যাম্পবহির্ভূত উদ্বাস্তু যারা পশ্চিমবাংলায় আছেন তাদের আংশিকভাবে পুনর্বাসনের জন্যও ব্যবস্থা করতে হবে। তাহেরপুর, গয়েশপুর, হাবড়া বিভিন্ন জায়গার কলোনীর উদ্বাস্তুরা বলেছেন তারা দণ্ডকারণ্যে যেতে চায়। একথা সরকারকে categorically ঘোষণা করতে হবে আংশিক পুনর্বাসন দেওয়া হয়েছে অথচ পুরো পুনর্বাসন হয়নি তাদের দণ্ডকারণ্যে নিতে হবে। ডাঃ রায়ের সঙ্গে ১১ই আগষ্ট দেখা করেছিলাম এই category change-এর ব্যাপারে। কৃষিজীবি পরিবার—এমন ঘটনা আছে, হয়তো ৬।৮।১০ বৎসর বয়সে যখন ক্যাম্পে ভর্তি হয়েছিল তখন হয়তো কৃষির কাজ জানতো—এখন তার ১৮ বৎসর বয়স হয়েছে—তার বাপ কৃষিজীবি ছিল—তাকে দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে, সে চাষের 'চ' জানেনা, চোখে লাঙ্গল দেখেনি। তাই আমি বলছি এই category বাতিল করতে হবে। বহু লোক চাষ ভুলে গিয়েছে, তাদের small trades করতে হবে। বিভিন্ন স্কীমের মধ্যে যাতে তারা এখনো কিছু করে খেতে পারে তার ব্যবস্থা করতে হবে। জোর করে নিয়ে গেলে দণ্ডকারণ্যে, ঐ টাকা খরচই ব্যর্থ হবে। এই ব্যবস্থার অসুবিধার দিকে সরকারের দৃষ্টি বারেবারে আকর্ষণ করছি। বহু লোক ক্যাম্পের আশেপাশে আছে। সাইকেল রিক্সা চালিয়ে, বিড়ি বেঁধে, মজুর খেটে, ভরিতরকারী বিক্রী, ফল বিক্রী করে তারা এইসমস্ত লোককে নোটিশ দেওয়া

হয়েছে ১৫ই ফেব্রুয়ারী থেকে ডোল বন্ধ। কৃষিজীবি হলে হবে, না হলে হবেনা এই ব্যবস্থা যদি করেন তাহলে দণ্ডকারণ্যের পক্ষে বিশেষ সর্বনাশ ও ক্ষতি হবে, দেশের পক্ষেও বিশেষ ক্ষতি হবে। এসমস্ত লোকেদের small trade হিসাবে যদি ৫০০ টাকা করেও ধার দেন তাহলে তাঁরা এখানে কিছু করে খেতে পারে। ডাঃ রায়ের কাছে একটা list submit করেছি, তার সঙ্গে একটা interview চেয়েছিলাম, আজ পর্যন্ত তিনি তা করলেন না। আরেকবার আমি মাঃ প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের কাছে বলছি এই category change করার ব্যাপারটা একটু ভেবে দেখবার জন্য। এটা যদি না হয় তাহলে বৃদ্ধ, অশক্ত, টি. বি. রোগী, হারা এককালে কৃষিজীবি ছিলেন তাদের নিয়ে গেলে কি হবে? মুর্শিদাবাদের একটা ক্যাম্পের থেকে ৬জন বিধবা মেয়ের কাছে দণ্ডকারণ্যের নোটিশ আসে। শ্রীমতি মায়া ব্যানার্জীর কাছে এই মেয়েদের কথা আমি চিঠি লিখে পাঠিয়েছিলাম। তিনি আমাদের সঙ্গে আলোচনা করবেন বলেছিলেন। আজকে বিভিন্ন জায়গায় certificate জারি হচ্ছে। নদীয়া জেলায়, শঙ্করদাসবাবু নিজেই জানেন, West Dinajpore থেকেও চিঠি এসেছে যে, উদ্বাস্তুদের যে ঋণ দেওয়া হয়েছে সেটা ঋণের বদলে grant বলে বিবেচিত হোক, এবং certificate জারি করে যাতে আদায় না করা হয় তার ব্যবস্থা করা হোক। জবরদখল কলোনী সম্পর্কে একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব—এনিয়ে বহু আলোচনা হয়েছে, অবিরত পুলিশও যাচ্ছে, আবার Compensation consideration caseও যাচ্ছে। আপনারা কলিকাতার আশেপাশের জন্য Master Plan করছেন এই Master Planএ কি আছে জানি না। কলিকাতার আশেপাশে যেসমস্ত Colony আছে—Calcutta Corporation এর Mayor-কে একটা চিঠি লিখেছিলাম, তারা বলেন Government এর কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। Government এর কোন ফাইলে Master Plan আছে জানি না। যাই হোক, আমার বক্তব্য হ'ল, এইসব জবরদখল কলোনীর উপর পুলিশি হামলা এখনি বন্ধ করা হোক। মুর্শিদাবাদ জেলায় নেহরু-নুন চুক্তির ফলে বহু পরিবার পদ্মার চর থেকে উচ্ছেদ হয়েছে, এই Nehru-Nun Pact এর ফলে তাদের সর্বনাশ হয়েছে, তাদের পুনর্বাসন করবার নৈতিক দায়িত্ব, legal কথা বাদ দিচ্ছি— সরকার যাতে পালন করেন।

[At this stage the house was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Deputation of refugees from Sealdah Station

Shri Hemanta Kumar Basu : স্যার, শিয়ালদা-এর আশেপাশের যেসমস্ত উদ্বাস্তু আছে তারা বহুবার সরকারকে জানিয়েছে যে তারা দণ্ডকারণ্যে কিম্বা আন্দামানে যেতে চায়—তারা সেখানে বহু দুঃখকষ্ট ভোগ করছে—তারা আপনার দৃষ্টি আকর্ষণ করার জন্য এই য়্যাসেম্বলীর দিকে এসেছে।

Point of information about Pay Committee's Report

Shri Jyoti Basu : মুখ্যমন্ত্রীর একটা ষ্টেটমেন্ট দেবার কথা ছিল সেটার কি হল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I promised to issue a statement. I hove nearly got it ready. Probably I would be able to publish it on Sunday. I thought at first that I shall take up the Pay Committee's recommendations as well as the recommendations regarding the salary scales of the teachers of non-Government schools and colleges together, but it is not possible. Therefore, I am going to issue a statement regarding the salary. scales, etc. that we propose for the teachers of all types of non-Government schools either tomorrow or a little later.

With regard to the recommendations of the Pay Committee I shall take a little more time. Probably by the middle of the next week I shall be able to finalise our consideration generally.

Shri Jyotj Basu : মুখ্যমন্ত্রী মহাশয় বোধহয় জানেন না যে আমি জগন্নাথবাবুকে বারবার বলেছি যে রিপোর্টটা আমার কাছে সার্কুলেট করুন। আপনি এবং মুখ্যমন্ত্রী কথা দিয়েছেন যে এই অধিবেশনেই পে-কমিটির রিপোর্ট এবং তার উপর Government recommendation কি সেটা আলোচিত হবে। কিন্তু রিপোর্ট না পেলে একদিনের মধ্যে আলোচনা হতে পারে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : ৪০০ পাতার মধ্যে ৩০০ পাতা প্রিন্ট হয়েছে। It will take at least three or four days. As soon as it is printed, it will be circulated.

Shri Jyoti Basu : এই অধিবেশন বোধহয় ৩০ তারিখের আগেই শেষ হবে। আমার প্রশ্ন হচ্ছে যে পে কমিটির রিপোর্ট এবং সরকারের যে recommendation তা আলোচিত হবে কি না? দ্বিতীয়তঃ, আপনি বলেছেন রবিবার মাধ্যমিক শিক্ষা এবং অন্যান্য টিচার্সদের ব্যাপারে যা হয় একটা কিছু কাগজে পাবলিস করবেন। আমরা দেখছি যে কোন ব্যাপারেই আপনারা হাউসকে কনফিডেন্সে নেন না। কারণ পার্লামেন্ট, অ্যাসেম্বলী বললে বাইরে পাবলিশ না করে হাউসেই প্রেস করা উচিত। সেজন্য বলছি যে আপনি আজকে দিতে পারেন না? মাষ্টার মহাশয়দের এক্সিকিউটিভ কমিটির মিটিং হচ্ছে এবং আমি ওদের বলেছি যে ৫টার পর এসে খোঁজ নিতে কি হল না হল। আপনি জানেন ১৮ তারিখ থেকে ওঁদের ষ্ট্রাইক হচ্ছে। সেজন্য বলছি যে আগে হাউসে পাবলিশ করুন, প্রেস করুন যাতে আমরা এবিষয়ে একটা আলোচনা করে একটা সমাধানে আসতে পারি। এই হাউস থাকাকালীন পে কমিটির রিপোর্টও আমাদের কাছে প্রেস করুন, কারণ আমরা এটা আলোচনা করে হাউস ছেড়ে যাব না!

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : দ্বিতীয়টা আগে বলি যে পে কমিটির recommendationগুলো ডিসকাসান করে আমরা হাউস বন্ধ করব। আর প্রথমটা সম্বন্ধে আমার সাজেশান regarding pay, salary, scals of the teachers—এখানে Discussion করার আগে। Want to publish because they are very exercised on this point. এছাড়া আলোচনার জন্য আমি এর ভেতরে কোন টাইম করতে পাচ্ছি না। আমি এখন আনতে পাঠিয়েছি, এখনও এসে পৌছায়নি—হয়ত কালকে এসে পৌছাবে। অতএব কালকে এটা ডিসকাসান হতে পারে না। আমি যেটা পাবলিশ করব—that will be open—এবং তখন সবাই তা নিয়ে আলোচনা করতে পারেন।

Shri Jyoti Basu : ডিসকাসান না হয় পরেই হোক, কিন্তু পাবলিকেশানটা রবিবারের কাগজে বের না করে শনিবার আপনি যদি আমাদের এখানে পাবলিশ করেন তাহলে ভাল হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : যদি পারি করব।

Rise in prices

Shri Ganesh Ghosh : আর একটা বিষয়ে আমি Chief Whipএর দৃষ্টি আকর্ষণ করছি—Rising Price সম্বন্ধে আলোচনার কথা বলেছিলাম, বংগলবার দেবেন বলেছিলেন কিন্তু নূতন Programmeএ দেখতে পাচ্ছি না।

Shri Jagannath Kolay : এই মংগলবারের পরের মংগলবার হবে।

Shri Ganesh Ghosh : ২৬ তারিখে কি House থাকবে, ততদিন চলবে কি ?

Mr. Speaker : House চলবে বই কি !

Non-Official Resolution

Shri Jatindra Chandra Chakravorty : I move that after item (f), in para. 3 the following new items be added, namely :—

"(g) creation of suitable atmosphere so that the camp refugees feel enthused to voluntarily offer for rehabilitation in Dandakaranya ;

(h) inclusion of all categories of refugees living in and around the Sealdah Station irrespective of their possession of valid documents ;

(i) increasing the quota for West Bengal for rehabilitation of refugees in Andamans".

স্যার, আমি তিনটি বিষয়ের উপর আমার amendment দিয়েছি। দণ্ডকারণ্যে যাদের Rehabilitation হতে পারে সেরকম পরিবেষ সৃষ্টি করা হোক। শিয়ালদা ষ্টেশনের আশেপাশে যেসমস্ত উদ্বাস্তুরা আছে তাদের দণ্ডকারণ্যে নিয়ে যাবার জন্য তালিকাভুক্ত করা হোক এবং আন্দামানে নিয়ে যাবার জন্য যে quota আছে সেই quota বাড়ান হোক্। এই quota যা কমিয়ে দেওয়া হয়েছে সেটা না করে তাদের নিয়ে যাবার বন্দোবস্ত করা হোক। আনন্দগোপাল মুখার্জী মহাশয় বলেছেন রাজনীতির উর্ধে উঠে এই সমস্যার সমাধান করা হোক্। সেবিষয়ে আমারও কোন দ্বিমত নাই, আমিও একমত। কিন্তু যেখানে রাজনৈতিক চক্রান্তে আজকে পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসনের কাজ ব্যাহত হচ্ছে সেখানে রাজনীতির উর্ধে উঠবার আবেদন জানান হয়েছে দেখে আমি আশ্চর্যান্বিত হচ্ছি। বারবার আমরা বলেছি যে যতদিন পর্যন্ত শ্রীমেহেরচাঁদ খান্না থাকবেন ততদিন পর্যন্ত দণ্ডকারণ্য স্কীম সফল হোক সেটা তিনি চান না। এবং যেহেতু তিনি চান না তাঁর সংগে কোন কোন উচ্চপদস্থ কর্মচারীর একটা আঁটা বা Axis আছে যার ফলে আজকে পশ্চিমবাংলা উদ্বাস্তুদের পুনর্বাসন সহজসাধ্য হচ্ছে না। সেই Axisএর কথা বহুবার বিধানসভায় বলেছি। শ্রীখান্না, শ্রীশম্ভু ব্যানার্জী এবং শ্রীব্রহ্মের Axis চলছে এবং Vested Interested of the officersই পুনর্বাসনের কাজ ব্যাহত করার জন্য দায়ী। এই Vested Interest of the officers সম্বন্ধে শ্রীমতী মায়া ব্যানার্জীকে প্রশ্ন করবো, তিনি কি জানেন কেমন করে Vested Interest চক্রান্ত করে চলেছে ! পুনর্বাসনের কাজ বন্ধ হলে তাদের চাকুরী থাকবে না সেজন্য আজকে তারা চক্রান্ত করে চলেছে যাতে পুনর্বাসনের কাজ দেরী হয়। সংগে সংগে আমি এটা উল্লেখ করতে চাই এই লক্ষ লক্ষ টাকার

মালপত্র কেনা হয়—Rehabilitation Department থেকে তার হিসাব যদি আমাদের কাছে মায়া ব্যানার্জী কিংবা শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় উপস্থিত করতেন, supply and accounts করেন তাহলে বুঝতে পারা যাবে Vested Interest কাদের এবং কোন্ সেই officer! শ্রীমতী মায়া ব্যানার্জী কি জানেন যে সম্প্রতি তিনি একজন Head Asst.কে সরাতে গেলে Vested Interest বাধা দেয়? সেই ভদ্রলোক Transportএ হাজার হাজার টাকা লুটছে। এই যে Vested Interestএর চক্র, ring একটা ভাঙ্গা দরকার যদি উদ্বাস্তু পুনর্বাসন করতে হয়। আর একটা বিষয়ে আমি আবেদন জানাচ্ছি। West Bengalএর Residuary Problem সম্বন্ধে। কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু পুনর্বাসন বন্ধ করে দেবেন, বকেয়া সমস্যা, Residuary Problem সমাধানের জন্য পশ্চিমবংগ সরকারকে ৩৮ কোটি টাকা দিলেই চলে যাবে। আমি জিজ্ঞাসা করি এই ৩৮ কোটী টাকা কিভাবে নির্ধারিত হয়েছে? Assemblyর opinion কেন নেওয়া হয়নি? বিভিন্ন দল তো এ-সংক্রান্ত ব্যাপারে অভিমত দিতে পারত। এইসমস্ত official যারা full Rehabilitation করতে ব্যর্থ হয়েছে যারা Partial Rehabilitation করেছে—তাদেরই আজকে পরামর্শ নিয়ে, মতামত নিয়ে ৩৮ কোটি টাকা নেওয়া হচ্ছে।

[5-35—5-45 p.m.]

শিয়ালদহের রিফিউজীদের ব্যাপারে মায়া ব্যানার্জী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তাঁদের দণ্ডকারণ্যে পাঠান হবে, কিন্তু ঐ যে অফিসার্স রিং রয়েছে আজ তাঁদের জন্যই সেই ঘোষণা কার্যকরী করা যাচ্ছে না। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, উপমন্ত্রী মায়া ব্যানার্জী যখন ঘোষণা করলেন যে তাঁদের দণ্ডকারণ্যে পাঠান হবে তখন ঐ শম্ভু ব্যানার্জী অফিসার্স কনফারেন্সে খুব হাচ্ছিলা করে বলেছিলেন যে আমরা এসব কিছু জানি না। কাজেই দেখা যাচ্ছে মেহেরচাঁদ খান্না, শম্ভু ব্যানার্জী এবং ব্রহ্ম-র য়্যালায়েন্স যতদিন চলবে ততদিন পর্যন্ত রাজনীতির উর্ধে উঠে এই সমস্যার সমাধান করা যাবে না। যা হোক্, আজ আমি প্রফুল্ল সেন এবং মায়া ব্যানার্জীর কাছ থেকে জবাব চাই যে শিয়ালদহের রিফিউজীদের দণ্ডকারণ্যে নিয়ে যাবার কথা হয়েছিল কি না?

তারপর স্যার, সেখানে নানা শ্রেণীর লোক আছে এবং তার মধ্যে এক শ্রেণী আছে নো রিলিফ্ ক্যাটিগরীর যাদের প্রথমে মাইগ্রেসন সার্টিফিকেট দেওয়া হয়নি অর্থাৎ ডেপুটি হাইকমিসনার ঢাকায় যিনি আছেন তিনি প্রথমে এঁদের মাইগ্রেসন সার্টিফিকেট দিচ্ছিলেন না যতক্ষণ পর্যন্ত না এরা নো রিলিফ কথাটা স্বীকার করে নেয়। অবশ্য এরা তখন নানা বিপর্যয়ের মধ্যে পড়ে বাধ্য হয়ে ঐ নো রিলিফ কথাটা মেনে নিয়ে মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে এখানে চলে এসেছে। কিন্তু আজকে তাঁদের কেন দণ্ডকারণ্যে পাঠান হবেনা তার জবাব চাই।

তারপর আমি এই প্রস্তাব এনেছি যে যাদের ডেপুটি হাইকমিশনারের অফিস থেকে নো রিলিফ ক্যাটিগরির মধ্যে ফেলে দিয়ে মাইগ্রেসন সার্টিফিকেট দিয়ে দিয়েছে তাদেরও দণ্ডকারণ্যে নিয়ে যাবার ব্যবস্থা করা হোক। কারণ কিছুসংখ্যক লোক যখন শুধু অবস্থা বিপর্যয়ে বাধ্য হয়ে ঐ নো রিলিফ কথাটা লিখেছে তখন তাদের সেখানে পাঠান উচিত এবং আমার মনে হয় যদি তাদের এখান থেকে পাঠিয়ে দেওয়া হয় তাহলে বাংলাদেশের উপর যে ভয়ানক চাপ আছে সেটা কমে যাবে। কাজেই এই লোকগুলোকে যদি দণ্ডকারণ্যে পাঠাবার ব্যবস্থা করা হয় এবং খান্নার যে চক্র আছে সেই চক্রকে ডিঙ্গিয়ে পশ্চিমবঙ্গ সরকার যদি এ সম্পর্কে দাবী জানায় তাহলে তাঁদের পেছনে বাংলাদেশের সমস্ত জনসাধারণের সমর্থন থাকবে।

স্যার, আন্দামানের ব্যাপারে আমি সংশোধনী প্রস্তাব দিয়েছি। আন্দামানে যখন লোক যেতে চাচ্ছে তখন তাঁদের কোটা বন্ধ করে দেওয়া হচ্ছে এবং তা' ছাড়া আমার আর একটা প্রস্তাব হচ্ছে যে, সুকুমার সেন আসার পর যখন কিছুটা উন্নতি হয়েছে এবং কিছুটা আস্থার ভাব ফিরে এসেছে তখন যদি রিফিউজীদের দণ্ডকারণ্যে নিয়ে যেতে হয় তাহলে কেবল রাজনৈতিক দলের প্রতিনিধিদের সেখানে নিয়ে গিয়ে দেখালেই হবেনা তাঁদের যারা সত্যিকারের প্রতিনিধি অর্থাৎ যারা রিফিউজীদের মাতব্বর স্থানীয় তাঁদের সেখানে নিয়ে যেতে হবে এবং তাঁরা যদি সেখান থেকে ফিরে এসে সেখানকার অবস্থা ভাল একথা বলে তাহলেই ভাল পরিবেশের সৃষ্টি হতে পারে। শুধু তাই নয়, এর সঙ্গে সঙ্গে সেখানে যে সমস্ত অফিসারদের ভেষ্টেড ইন্টারেষ্ট রয়েছে ক্লীক এবং রিং যদি ভাঙ্গা যায় তাহলে আমি মনে করি উদ্বাস্তু পুনর্বাসনের কাজ সুষ্ঠুভাবে করা সম্ভবপর হবে এবং তার ফলে বাংলাদেশের উন্নতি হবে।

Shri Subodh Banerjee : Sir, I beg to move that the following be added at the end of the Resolution, namely :—

"In view of the fact that most of the refugees from East Bengal have not been economically rehabilitated so as to enable them to repay Government-loans and considering their distressed condition, this Assembly request the State Government to move the Union Goverument in the Ministry of Rehabilitation so that —

(i) loans of all kinds up to the extent of Rs. 5000/- taken by the refugees with interests thereon may be fully remitted ;

(ii) 50 percent. of the loans of all kinds, above Rs. 5000 - but not over Rs. 10,000 - with interests on the loans may be remitted ; and

(iii) interests on loans of all kinds above Rs. 10,000/- may be remitted ;

This Assembly is further of the opinion that due to closure of camps a arge number of employees under the Refugee, Relief and Rehabilitation Department have been thrown out of employment resulting in untold sufferings to the persons concerned and their families and, therefore, urges upon the Government of West Bengal to—

(i) stop retrenching these employees unless they are given alternative employment in other departments of the Government beforehand ;

(ii) direct all the District School Boards in the State to appoint those retrenched persons who worked as teachers of schools in the camps since closed as teachers under the Boards, and stop recruitment of teachers from outsiders until all such retrenched persons are absorbed ; and

(iii) grant subsistence allowance at the rate of not less than half the total emoluments they were drawing immediately before they were retrenched, to the retrenched employees till they are employed elsewhere."

মাননীয় স্পীকার মহাশয়, এখানে সুদদবাবু যে প্রস্তাব আছে তার উপর কয়েকটা সংশোধনী প্রস্তাব এসেছে কিন্তু মূল প্রস্তাব এবং সংশোধনী প্রস্তাবগুলোতে ২টি বিষয় নেই বলে আমি সেই ২টি বিষয় আমার সংশোধনী প্রস্তাবের মারফৎ মূল প্রস্তাবের সঙ্গে যোগ দিতে চাচ্ছি। প্রথমতঃ, বক্তৃতা এখানে যা হোল তা' মূলতঃ দণ্ডকারণ্যে যাওয়া হবে কিনা তাকে কেন্দ্র করেই হয়েছে। কিন্তু মূল উদ্বাস্তু সমস্যার তুলনায় এই দণ্ডকারণ্যে যাওয়া না যাওয়া কতখানি গুরুত্বপূর্ণ সেটা বিবেচনা করা দরকার। স্যার, আপনি জানেন যে, দণ্ডকারণ্যে যাওয়া না যাওয়া সেন্টার করছে ক্যাম্প রিফিউজীদের, কিন্তু বাংলাদেশে যে সমস্ত উদ্বাস্তুরা পুনর্বসতি পেয়েছে তাঁদের কথাও বলার বা আলোচনা করার দরকার আছে। বাংলাদেশে যারা পুনর্বাসন পেয়েছে তাঁদের সেটা ইকোনমিক রিহ্যাবিলিটেসন নয় এবং একথা সরকার ও কংগ্রেস দলও স্বীকার করেছেন যে, এখানে পার্শিয়ালী রিহ্যাবিলিটেটেড হয়েছে। এই partially rehabilitated উদ্বাস্তুদের rehabilitate করার কথা বেশী করে ভালভাবে চিন্তা করার দরকার আছে এ কথা আমি বলব। স্পীকার মহাশয়, যে দুটো জিনিসের কথা কোন পক্ষই বলেননি সেই দুটো জিনিসের কথা আমি আপনার সামনে রাখছি। আপনি জানেন পশ্চিমবঙ্গে যেসমস্ত partially rehabilated refugee রয়েছেন তাঁরা সরকারের কাছে ঋণী। আমি জানি এই ঋণ পশ্চিমবঙ্গ সরকারের নয়, এই ঋণ কেন্দ্রীয় সরকারের কাছে এবং পশ্চিমবাংলা disbursement authority ছাড়া আর কিছুই নয়। সরকার এবং কংগ্রেস দল স্বীকার করেছেন যে বাংলাদেশের refugeeরা economically rehabilitated নয়। যারা economically rehabilitated নয় তারা ঋণ কেমন করে শোধ দেবে? এই হল ১ নম্বর প্রশ্ন। দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলায় যে সমস্ত উদ্বাস্তু এসেছেন can they stand on a different footing? পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এসেছেন তাঁদের অবস্থা আর পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের অবস্থা কি এক? এক নয়। আপনি জানেন পাঞ্জাবের অবস্থা পাঞ্জাবে practically population transfer হয়ে গেছে। সেখানে যে সমস্ত উদ্বাস্তু জমি ছেড়ে এসেছেন তাঁরা তার পরিবর্তে জমি পেয়েছেন। কিন্তু বাংলাদেশে তা নয়। পূর্ববঙ্গ থেকে যেসমস্ত উদ্বাস্তু এসেছেন তাঁরা জমি কিছু পাননি। তাঁরা পাকিস্তানের সম্পত্তির দাম পর্যন্ত পাবেন কিনা সন্দেহ আছে। পাবেনা বলেই আমার মনে হয়, কারণ, পাকিস্তান সরকারের যা নীতি আমরা দেখতে পাচ্ছি। সুতরাং এইরকম অবস্থায় যেসমস্ত উদ্বাস্তু পশ্চিমবঙ্গে রয়েছেন যাঁরা সরকারের কাছে বিভিন্ন রকম ঋণ নিয়েছেন, কেমন করে তাঁরা সেই ঋণ শোধ দেবেন? আমি আশ্চর্য হয়ে গেলাম কংগ্রেস দলের একজনও বললেন না এই ঋণ সম্বন্ধে সরকারের নীতি কি হবে। আমি মনে করি এর একটা স্পেসিফিক নীতি হওয়া দরকার। আমি সেই নীতি কিন সেকশনে ভাগ করেছি। আমি মনে করি যারা ৫ হাজার টাকা পর্যন্ত ঋণ নিয়েছেন তা যেকোন জাতের ঋণ হোক না কেন, সেই ঋণ সুদসমেত মুকুব করে দেওয়া দরকার। ৫ হাজার থেকে ১০ হাজার পর্যন্ত যাঁরা নিয়েছেন তাঁদের সুদসমেত ৫০ পার্সেন্ট মুকুব করে দেওয়া দরকার, আর ১০ হাজারের উপর যাঁরা ঋণ নিয়েছেন তাঁদের principalটা আদায় করুন কিন্তু সুদ আপনারা ছেড়ে দিন। আমি জানি এর জবাবে বলবেন এত টাকা কি করে ছাড়ব। এ টাকা তো আপনাদের নয়, এ টাকা কেন্দ্রীয় সরকারের। আপনারা আদায় করার দায়িত্ব নিয়েছেন কেন? আপনাদের বলা উচিৎ আমরা পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের যা অবস্থা দেখছি তাতে তাদের কাছে চাইতে পারি না। তাহলে সার্টিফিকেট জারী করে আদায় করার দায়িত্ব কেন নিচ্ছেন? এটা অন্যায়জনক বলে মনে করি—specially এদিক থেকে চেষ্টা করা দরকার। সরকারপক্ষ থেকে বলতে পারেন আমরা তো মুকুব করবার কেউ নই। তাই আমি আমার সংশোধনী প্রস্তাবে বলেছি পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে এ বিষয়ে জোর চাপ দেওয়া দরকার যে উদ্বাস্তুদের কাছ থেকে সার্টিফিকেট জারী করে ঋণ আদায় করতে পারব না। তাহলে ঋণ মুকুব হবার যথেষ্ট সম্ভাবনা আছে

এই হল সংশোধনী প্রস্তাবের এক অংশ। দ্বিতীয় অংশে আমার বক্তব্য হচ্ছে যেটা কেউ বলেননি, Rehabilitation Department গুটিয়ে নেওয়া হচ্ছে। আপনি জানেন ইতিমধ্যে বহু ক্যাম্প বন্ধ করে দেওয়া হয়েছে। এতে শুধু উদ্বাস্তুরা ক্ষতিগ্রস্ত হয়নি, সেই ক্যাম্পগুলি বন্ধ হওয়ায় সেই ডিপার্টমেণ্টে যেসমস্ত কর্মচারী কাজ করতেন তাঁরা আজ কর্মহীন হয়ে আছেন। যাঁরা best part of the life, জীবনের ভাল অংশটা সরকারের অধীনে চাকরি করলেন আজ ১২।১৪ বছর পরে তাঁরা দেখছেন রাস্তায় এসে দাঁড়িয়েছেন। সেক্ষেত্রে আমার specific suggestion হচ্ছে—আপনারা কখনও কাউকে ছাঁটাই করবেন না অন্য alternative service যোগাড় না করে। Alternative service যোগাড় হলে তাঁকে আপনারা সেই জায়গায় নিয়ে দিন এই হ'ল আমার প্রস্তাব। দ্বিতীয় নম্বর প্রস্তাব হচ্ছে এই যে ছাঁটাইগ্রস্ত কর্মচারী এদের মধ্যে বহুসংখ্যক শিক্ষক আছেন। আপনারা District School Board-গুলিকে direct করুন যে তোমরা বাইরে থেকে কোন শিক্ষক নিতে পারবে না। যতদিন না ক্যাম্পে যে সমস্ত শিক্ষকরা কাজ করতেন সেই শিক্ষকদের fully absorb করে নিতে পারছে ততদিন বাইরে থেকে নেবে না। আমি বীরভূম জেলার কথা বলি। এখানে একজন সদস্য আছেন যিনি বীরভূম জেলার স্কুল বোর্ডের প্রেসিডেণ্ট। বীরভূম জেলার কলেক্টর ছিলেন পি. কে. ব্যানার্জী। তাঁর সঙ্গে District School Board এর President এর agreement হল যে এইসমস্ত ক্যাম্প টিচারদের তাঁরা নেবেন। কিন্তু agreement honour করলেন না। অমরবাবুকে বলতে হবেনা, কিছু কিছু নিয়েছেন আমরা জানি। অমরবাবু আরও বোধ হয় জানেন যে কেমন করে নেওয়া হচ্ছে, কোন ক্লার্কের মাঝখান দিয়ে কিভাবে কিসের জোরে নেওয়া হচ্ছে। তাই বলি District School Board-গুলিকে direction দেওয়া হোক যে তাদের এইভাবে নেওয়া হোক—এই হল তৃতীয় নম্বর প্রস্তাব। যাদের ছাঁটাই করেছেন তাঁদের যতদিন না alternative service দিতে পারছেন ততদিন তাঁদের subsistence allowance দেবার ব্যবস্থা করুন।

আমার তৃতীয় নম্বর সংশোধনী হচ্ছে—যতদিন না যাদের ছাটাই করেছেন, তাঁদের alternate employment দিতে পারছেন, ততদিন তাদের subsistance allowance দেবার ব্যবস্থা করতে হবে; এবং যে emoluments তাঁরা পাচ্ছিলেন, তার 50 percent যাতে পেতে পারেন, তার ব্যবস্থা করা দরকার। এই দুটো জিনিষ সংশোধন করবার দরকার আছে।

[5-45—5-55 p.m.]

Shri Sankardas Bandyopadhyay : Mr. Speaker, Sir. I entirely agree with the point of view expressed in this House that the Rehabilitation Ministry should not be closed down. I don't think it is necessary to impress upon Members of this House that the work of rehabilitation is yet incomplete in a very great measure. It is no good emphasising the fact and any attempt to close down rehabilitation work here will bring about chaos; there is no doubt about it. Therefore I think it is also Government point of view judging from the amendment which has been moved by Shri Ananda Gopal Mukherjee that it would be unwise for the Government to close down the rehabilitation work which is being carried out here. Many members have made many suggestions and I can see from the motion of Shri Mallik Choudhury that he does not favour the idea that people should be sent to Dandakaranya. I cannot agree there. Such people as are willing to go every facility, every opportunity should be given to them to

go. Such people as are unable or will not be able to cope with the arduous life in Dandakaranya, let them stay back. I think the policy that has been adopted by the Government is that families heared by old ladies, families where there are no adults, families which are affected with T. B.—such families are being left out of consideration for being sent to Dandakaranya. If such a policy is followed, I don't think there is much harm. One thing is very encouraging, and that I think I can say without fear of contradiction from honourable members of this House, that of ten thousand families who have been rehabilitated in Dandakaranya, not one family has has returned so far.

Shri Haridas Mitra : Not 10,000. The figure is 3,800.

Shri Sankardas Bandyopadhyay : If it is 3,800, I stand corrected. Reverting to the question, this much is true that families who have gone down to Dandakaranya have not come back. It has been suggested by Shri Haridas Mitra that people should taken round to see what is happening there. May be, it is possible to take a few members of this legislature, but it is very difficult to give such shows, if I may say so, that I just take you round, stay there if you like, if you don't like you come back. One thing, I am going to mention, something very serious which has not been touched by any of the honourable members of this House. Always I find, whenever I return from my village and I happen to come down in Sealdah, a most ghastly scene. It is not only deplorable ; in my eyes it is a disgusting sight. They have been there for many years living in the midst of squalor, children playing in the drain, food being cooked in the midst of unhygienic condition and so on. What can be the reason ; I cannot understand.

Enquiries were made by me and I understand that the Government said that they were deserters. I do not like to use the expression 'deserter'. Some people were sent to Rajasthan, they could not get rehabilitated there because conditions were not good enough for rehabilitation there. So they came back again to Calcutta at Sealdah Station. There year after year they have children there living in the midst of anti-social and criminal surrounding. I do not know whether they are guilty of any crime. If they take to crime I would not be the least surprised. Living under those conditions, a person degenerates and goes back to primitive society. I do sincerely feel that the State Government who is really in charge of the whole thing should take up this matter very seriously, approach the Central Government and insist that these people should be rehabilitated even though they may be deserters. I do not think that they are guilty of crime that they should be left along for years together and Government cannot do anything in whatever way they are going to tackle them. I find also on occasions that when one lot is removed, another lot comes. I am very sorry I am unable to agree with the Government, I do not accept that explanation.

(Shri Jatindra Chandra Chakravorty : কর্তাকে বলুন বা কেন)

I am not concerned with Karta, I am talking about a policy and I am expressing my own point of view and this point of view is being expressed with the sincerest hope and that the Government is expected to do its utmost to eradicate such evils. The next point which I want to raise is about loans. Shri Subodh Banerjee has suggested about the remission of

loans. He says loans up to Rs. 5,000/- should be remitted, and 50 percent. of loans up to Rs. 10,000/- be remitted. It is a point for very serious consideration, because I do not think it makes much sense to carry forward year after year loans which you never expect to realise. There is no hope or realisation of loans. According to the Law of Insolvency if a clerk is absolutely unable to pay, the attitude should be to write it off. Some officers think that they can only retain their jobs if these large volumes can be maintained. Say, for the next 50 years write these loans off. Then Shri Jatin Chakravorty would be the latest to reproach Government. Not only that, Government should give all its attention to write off the debts of persons who will never be able to pay. So far as debts which come up to Rs. 10,000/- are concerned, that should be a matter for considaration because I tell you my personal point of view is if you remit 50 percent. the remaining 50 percent will never be paid. Whatever you remit, I take it, the balance will make no difference. The entire money does not belong to the State Government. The Central Government has advanced the money and as far as I know, the State Government will have to approach the Central Government, explain to them the seriousness of the position and demand that some remission should be provided at least if they seriously want to solve the question. Otherwise loans will be there and I think the Rehabilitation Department will be there for the next 50 years which certainly we do not want. Otherwise the loans will be there and I think the Rehabilitation Department will be there for the next 15 years which certainly we do not want.

[5-55—6-5 p.m.]

Another point had occured to me. In our various industries in West Bengal we do not find much scope for the refugees. Now that is again a thing which I severely condemn. In all the industrial undertakings, say all the mills and factories whether it is a jute mill, or a cotton mill or any other mill the vast majority of the employees are not only not refugees, they do not belong to the State. What steps the Labour Department has taken to find employment in these factories ? That is a matter for serious consideration. Sometimes it is argued and contended seriously that Bengalis are not willing to take up industrial work. When we go to Jai Engineering Company and other companies we find that the vast majority of the employees there are Bengalis which disputes the contention that Bengalis are unwilling to take up industrial work. I mean for the purpose of rehabilitation not only you must send people to Dandakaranya, but you must explore all avenues in West Bengal to find employments for the refugees, and I have every reason to believe that if proper opportunities are offered, they will be just as good or just as bad as the rest of them. I do not think they are particularly bad or particularly unsuitable for industrial work. One very curious thing I noticed the other day while trying to find employment for a boy. I wanted the boy to get himself enlisted in the employment exchange in Serampore. The boy comes from my District. Immediately he was refused and he was told 'you do not belong to the locality and, therefore, I do not register your name'. I mean in all the industrial undertakings on the other side of the river - Howrah, Hooghly, Burdwan and so on—there are boys who are willing to take up employment, and also there are refugees who are willing to take up employment—I mean in the 24-Parganas, Nadia, Murshidabad—

but they cannot get themselves registered and naturally they cannot get any job. Everybody knows that it is not easy to find land in West Bengal. There is a very large number of landless peasants in West Bengal. It is not good saying 'I will try to find land'. Personally speaking I am convinced that the land that will be available will be so little that it is next to nothing. To make it an economic holding a man must have 15 bighas of land. For one plough a man must have 15 bighas of land. The vast majority of the peasants have much less as the matters stand. The land that has been made available to the refugees is not at all economic. Where is the West Bengal Government to find from ? Therefore, the alternative remedy is that they should send some people to Dandakaranya and for others they should find employment in Calcutta, in the suburbs and in the industrial areas of West Bengal. That is a matter of very great importance. I do not think that we have really done anything in the industrial field to find employment for the refugees, and I feel strongly that we will never be able to slove this problem unless we can get these boys some jobs in the industrial undertakings, and certainly if we can do that, we shall find very good rehabilitation for them.

These are the concrete suggestions that occured to me. I have spoken about Scaldah and I do hope that my words will not go in vain and the Chief Minister and Mr. Sen will listen to the voice of protest—I call it a voice of protest—because I feel that no civilised Government ought to permit such conditions to continue as we find in Sealdah today. It is a matter of shame that while we read in newspapers about the banquets, photographs taken and published, Government itself is not doing anything about these people.

Deputation of refugees

Shri Haridas Mitra : স্পীকার মহোদয়, ৭-৮ হাজার উদ্বাস্তুর একটা মিছিল এসেছে। তারা মুখ্যমন্ত্রীর কাছে তাদের বক্তব্য রাখতে চায়। মুখ্যমন্ত্রী মহাশয় যদি একটা দিনস্থির করে দেন তাহলে আমরা গিয়ে তাদের তা বলতে পারি।

Shri Suhrid Mullick Chowdhury : এরা একটা memorandum নিয়ে এসেছে এবং সেটা তারা দিতে চায়।

The Hon'ble Prafulla Chandra Sen : মাননীয় সদস্যরা, যাঁরা তাদের প্রতিনিধিত্ব করার দাবী করেন, অনুগ্রহ করে সেই memorandum তাঁরা আমার হাতে দিলে আমি তাঁর ব্যবস্থা করবো।

Non-Official Resolution

Shri Panchugopal Bhaduri : I move that after the words "of refugees" in item (vi) the following be added, namely :—

> "especially resume rehabilitation under baina-nama scheme of refugees residing in rented dwellings".

স্পীকার মহোদয়, বিসর্জনের আগে বাজনা বাজে, আমাদের পুনর্বাসন দপ্তরের লীলা সম্বরণ করার আগে একটা নাটক মঞ্চস্থ করলেন যে নাটকটা মাত্র বাস্তুহারার একটা ভগ্নাংশ। তাতে শুধু দণ্ডকারণ্যে পাঠানর ব্যাপারটা dramatise করা হল। আসলে তার থেকে যে ১০-২০ গুণ বেশী বাস্তুহারা আছে তাদের কোন কথা এই Houseএ স্থান পেলো না। মাত্র ১৬ হাজার পরিবারকে দণ্ডকারণ্যে পুনর্বাসন দেবার কথা নিয়ে এত হৈ চৈ আরম্ভ হয়ে গেল। কিন্তু যে বিরাটসংখ্যক উদ্বাস্তু যাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়নি এদের মধ্যে সবচেয়ে উপেক্ষিত যে অংশ ভাড়াটিয়া বাড়ীতে আছে, যারা একই ঘরে একটি বা দুইটি পরিবার ঘেসাঘেসি করে বাস করে, যাদের পুনর্বাসনের ব্যবস্থা হয়নি, যারা জবরদখল করে বসেনি, যারা campএ নেই, যারা সরকারের সাহায্য পায় না তাদের সমস্ত রকম পুনর্বাসনের দাবী এবং বায়নানামা scheme পিছিয়ে দেওয়া হচ্ছে। আমি এইদিকে, আপনার মাধ্যমে, পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে দেখছি যে ভাড়াটিয়া বাড়ীর বাস্তুহারা তাদের electionর আগে রাজনীতির খেলায় নিয়ে আসা হচ্ছে। এটা যেন না হয় এবং তাদের যাতে পুনর্বাসন হয় তার জন্য একটা ছোট সংশোধনী দিয়েছি যে এই ভাড়াটিয়া বাড়ীর বাস্তুহারাদের বায়নানামা schemeএ পুনর্বাসনের ব্যবস্থা এখনই সুরু করা হোক। দ্বিতীয় কথা, এদের মধ্যে একটা উপেক্ষিত অংশ জবরদখল কলোনীতে আছে তাদের অর্পণপত্র দেওয়া হোক, এবং কলোনীগুলি development করা হোক। যদিও সেগুলি উন্নতি করবার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত দেখছি যে রাস্তাঘাট হয়নি, পায়খানা হয়নি। তারপর যে co-operative start করার কথা বলছেন, সেখানে দেখছি যে, সেখানে শতকরা ৯০ জন তন্তুজীবী যেখানে সমবায় স্থাপন করে তাদের সুতা দেওয়া হোক। কিন্তু দেখা যাচ্ছে সেইসমস্ত জায়গায় power loom, hand loom না করে অন্য জায়গায় করা হচ্ছে। এইদিক থেকে আমি বলতে চাই, সরকার পক্ষ থেকেও আনন্দবাবু বলেছেন যে এদের নিয়ে রাজনীতি করা উচিত নয়, আমিও বলছি যে এইসমস্ত ভাড়াটিয়া বাড়ীর উদ্বাস্তুদের বায়নানামা দিয়ে পুনর্বাসন করুন। জবরদখল কলোনীর সম্ভাবনা সার্থক করে তুলুন। মূল প্রস্তাব আমার amendmentসহ আপনার সামনে রাখছি।

[6-5—6-15 p m.]

Shri Apurbalal Majumdar : মাননীয় স্পীকার মহাশয়, দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকারের যে পুনর্বাসন নীতি সেই নীতি সম্পর্কে বিধানসভার মধ্যে পশ্চিমবংগ সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছি পশ্চিমবংগ সরকার যেন কেন্দ্রীয় সরকারের নীতির সংগে সায় না দেন, যেন তারা পশ্চিমবংগের উদ্বাস্তুদের সম্পর্কে আরো একটু বেশী খোঁজ খবর রাখেন এবং তাদের অর্থনৈতিক পুনর্বাসনের সম্পর্কে একটু চেষ্টা করেন। কিছুদিন আগে মোরারজী দেশাই খান্না সাহেবকে ডেকে যে নির্দেশ দিয়েছেন—৩১শে তারিখের মধ্যে পশ্চিমবংগের সমস্ত ক্যাম্প গুটিয়ে নিতে হবে, এবং শুধু তাই নয়, ১৯৬২ সালের ৩১শে মার্চের মধ্যে department তুলে দিতে হবে—তারা এই চেষ্টা করছেন। এবং কেন্দ্রীয় সরকার যে বাঙ্গালীদের পুনর্বাসন সম্পর্কে উদাসীন সেসম্পর্কে আমাদের পশ্চিমবংগ সরকারও এতদিন পর্যন্ত উদাসীন ছিলেন, এবং তারা কেন্দ্রীয় সরকারের এই নীতির বিরুদ্ধে তাদের যে বক্তব্য রাখা উচিত ছিল সেই বক্তব্য রাখেননি। বাঙ্গালীর বিরুদ্ধে যে মনোভাব কেন্দ্রীয় সরকারের, বিশেষ করে মোরারজী দেশাই-এর সেটা প্রকটিত হয়েছে—আজকের সংবাদপত্র খুলে দেখতে পাচ্ছি ৩১শে মার্চের মধ্যে সমস্ত department তুলে দেবেন। যখন আমরা দেখছি পশ্চিমবংগের বাইরে পাকিস্থানের গোপালগঞ্জে এবং অন্যান্য অঞ্চলের minority communityর উপর অত্যাচার চলছে এবং হাজার হাজার মানুষ এইভাবে ভারতে আসবার চেষ্টা করছে, তখন

border seal করে সেই মানুষদের হত্যা করার চেষ্টা হচ্ছে। এই বিধানসভায় কংগ্রেসের কোন সদস্য একদিন প্রস্তাব করেছিলেন border seal করে দেওয়া হোক। এটা আমার কথা নয়। সেখান থেকে সর্বস্ব হারিয়ে যারা এপাশে আসবার চেষ্টা করছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা দরকার। Border দিয়ে যারা পালিয়ে আসবার চেষ্টা করছে আমরা সংবাদ পেয়েছি border lineএ তাদের গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। যেখানে পূর্ববাংলায় নির্যাতন চলছে, সেখান থেকে যারা আসবার প্রচেষ্টা করছে, তাদের আসার ব্যবস্থা তো হয়নি, বরং আমাদের সরকার অত্যাচারমূলক মনোভাব নিয়ে তাদের শাসন করার চেষ্টা করছেন। কাজেই আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবাংলার মধ্যে ডিপার্টমেণ্ট তুলে দিয়ে, যেখানে ক্যাম্পের মধ্যে মোট ১৩ হাজার পরিবার আছে, তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থাই হয়নি। পশ্চিমবংগে এখন ৩২ লক্ষ ক্যাম্পের বাইরে আছে। তাদের সম্পর্কে কোন নীতি গ্রহণ না করে, অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা না করে ডিপার্টমেণ্ট তুলে দেবার একটা ষড়যন্ত্রে লিপ্ত আছেন। পশ্চিমবংগ সরকার আজকে তাদের সংগে হাতে হাত মিলিয়ে এগিয়ে চলেছেন। দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কে অনেকেই বলেছেন। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আজ পর্যন্ত ২ হাজার ৯৯৩টি পরিবার —তাদের পুনর্বাসনের ব্যবস্থা আজপর্যন্ত দণ্ডকারণ্যে করতে পেরেছেন? আজপর্যন্ত work site transit campএ ৮০০ পরিবার দিনের পর দিন গুণছে। আজ দণ্ডকারণ্য authority এই কথা বলছেন, এই যে পরিবারগুলি work site campএ পড়ে রয়েছে, তাদের ১৯৬১ সালের মধ্যে কোন campএ নিয়ে পুনর্বাসন দেওয়া যাবে না—আগামী ফেব্রুয়ারী মাসের আগে পুনর্বাসন কেন্দ্রে নেওয়া যাবে না। যারা দণ্ডকারণ্যে বসে আছেন সেই ২ হাজারের অধিক পরিবারের কোন ভবিষ্যৎ নাই, এখন পর্যন্ত তাদের সেখানে জায়গা-জমির ব্যবস্থা করা হয়নি। ৮০০০ হাজার পরিবারকে ১৯৬২ সালেও পুনর্বাসনকেন্দ্রে পাঠান সম্ভব নয়। এই যদি সেখানকার চেহারা হয়ে থাকে যা Dandakaranya authrity স্বীকার করছেন, এই পরিপ্রেক্ষিতে নতুন করে দণ্ডকারণ্যে পাঠাবার চেষ্টা করছেন? মন্ত্রী মহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন পশ্চিমবংগের ক্যাম্প উদ্বাস্তুদের মধ্যে মাত্র ৮০০০ হাজার কৃষিজীবীর পশ্চিমবংগের মধ্যে অর্থনৈতিক পুনর্বাসন সম্ভব হয়েছে। কিন্তু পশ্চিমবংগ সরকার সেদিকে দৃষ্টি না দিয়ে সমস্ত পরিবারের cash dole বন্ধ করেছেন গত ১৫ই ফেব্রুয়ারী থেকে আরম্ভ করে। তারা এখানেই ক্ষান্ত হয়নি। তারা certificate জারির নির্যাতন চালাচ্ছেন যার ফলে রাণাঘাট জেলায় কুপন campএ তাহেরপুর campএ ৪ জনকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। বালুরঘাটের উদ্বাস্তুরা বারেবারে দরখাস্ত করেছে মন্ত্রী মহাশয়ের কাছে দণ্ডকারণ্যে আমাদের ব্যবস্থা করুন। কেন সরকার আন্দামান, উত্তরপ্রদেশে তাদের পাঠাচ্ছেন? Non-camperরা কি অপরাধ করেছে—Government স্বীকার করেছেন non camper একজনেরও অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা হয়নি। যদি স্বীকার করেন তাহলে non-camperদের কেন সেখানে নেওয়া হবে না? শিয়ালদার উদ্বাস্তুদের সম্পর্কে শংকরদাসবাবুর চোখ থেকে অনেক কৃত্তীরাশ্রু নির্গত হয়েছে। তাদের মধ্যে অনেককে এই ব্যাপারে গ্রেপ্তার করা হয়েছে, ২০০ লোক জেলের মধ্যে আছে, অথচ তাদের দাবী ছিল তাদের দণ্ডকারণ্যে নিয়ে যাওয়া। যদি এই দণ্ডকারণ্য পরিকল্পনা সার্থক করার চেষ্টা ও ইচ্ছা এই সরকারের থাকতো তাহলে যাদের এখানে অর্থনৈতিক পুনর্বাসন হয়নি, তাদের সেখানে নিয়ে গিয়ে এই দণ্ডকারণ্য পরিকল্পনা সার্থক করার চেষ্টা করতেন। কিন্তু দণ্ডকারণ্য নামে যারা campএ উদ্বাস্তু তাদের উপর বিভিন্ন জায়গায় অত্যাচারের রাজত্ব চালান হচ্ছে। এই দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কে যদি মন্ত্রী মহাশয় serious হয়ে থাকেন তাহলে non-camper যারা যেতে চান তাদের এই মর্মন্তুদ অত্যাচারের হাত থেকে বাঁচিয়ে সেখানে নিয়ে যাবার চেষ্টা করুন। কিন্তু সরকার এই বিষয়ে নির্বাক। কাজেই মানবিক দৃষ্টিভংগী নিয়ে আমি সরকারের কাছে এটুকু আবেদন করব, আমার পূর্ববর্তী বক্তা যে প্রস্তাব উত্থাপন করেছেন,—কাশ্মীরের

উদ্বাস্তুদের ক্ষেত্রে যদি ছোট ছোট ঋণ মকুব করে থাকেন, পশ্চিমবাংলায় আপনারা যাদের অর্থনৈতিক পুনর্বাসন দিতে পারেননি, যারা uneconomic holdingএর মালিক, তাদের কাছ থেকে কি করে এই ঋণ আদায় করতে পারেন। Rural schemeএ যারা ১।০ হাজার টাকা house building loan এবং ৫০০ টাকা S. T. loan পেয়েছেন কয়েক কিস্তিতে তাদের ৫ জনও বলতে পারে না তারা এই loan শোধ করতে পারে। Urban schemeএ কি করে কল্পনা করতে পারেন ৭৫০৲ টাকা small traders loan পেয়ে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হতে পারে। কাজেই উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন হয়নি। ছিটেফোঁটা যা সাহায্য তাদের করা হয়েছে তাতে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হয়নি। আমি বলব, কাশ্মীর ও পশ্চিম-পাকিস্থানের বেলায় যে নীতি অনুসরণ করেছিলেন এখানেও তাই করুন। আপনারা ঘোষণা করেছিলেন মুসলমানদের বাড়ীতে যেখানে উদ্বাস্তুরা বসে আছে, সেইসব মুসলমানদের compensation দেবেন।

কলিকাতার আশেপাশে এইসব মুসলিম বাড়ীতে উদ্বাস্তুরা দশ বৎসর ধরে বাস করছে। না করলেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা, না করলেন সেই মুসলমানদের টাকা দিয়ে বাচাবার কোন প্রচেষ্টা। কাজেই এখন department তুলে দিয়ে আপনারা আপনাদের অপদার্থতা ও কলংক-জনক ইতিহাস অবসান করার চেষ্টা করছেন।

আজকে আপনার ডিপার্টমেন্ট তুলে দেওয়া মানে আপনার অপদার্থতার পরিচয় হবে। সুতরাং আজ এই কলংকজনক ইতিহাসের অবসান রচনা করার যে চক্রান্ত চলছে তার বিরুদ্ধে যে প্রস্তাব আমি উত্থাপন করেছি তা আমি সমর্থন করছি।

[6-15—6-25 p.m.]

Shri Jyoti Basu : স্পীকার মহাশয়, বাস্তুহারা সমস্যা নিয়ে বোধহয় এই এসেম্বলীতে আমাদের শেষ আলোচনা হচ্ছে। আপনি এই মাত্র শুনলেন যে বহু বাস্তুহারা এই এসেম্বলীর বাহিরে এসেছেন এবং তাঁরা অপেক্ষা করছেন, কারণ এখানে বক্তৃতা হয়ে গেলে মন্ত্রীদের বক্তৃতা শুনে তাঁরা তারপর যাবেন। আমরা নিশ্চয় সেখানে যাবো, কিন্তু এটা আমরা আশা করি না যে মন্ত্রীদের মধ্য থেকে বা কংগ্রেসের মধ্যে থেকে কেউ সেখানে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলবেন। আমি প্রথমে আপনার মারফৎ মন্ত্রীদের কাছে প্রশ্ন করছি যে উদ্বাস্তু সমস্যা নিয়ে আমরা ১লা এপ্রিল '৫০ সালে যখন আলোচনা করি তখন আমরা সকলে মিলে একসঙ্গে প্রস্তাব পাশ করি যে পুনর্বাসন দপ্তর যাতে উঠে না যায়, কিন্তু তারপর কি হল যে এক মাস যেতে না যেতেই আমরা দেখলাম যে ১৭ই জুন '৫০ সালে মুখ্যমন্ত্রী এবং পুনর্বাসন দপ্তরের মন্ত্রী দিল্লী গিয়ে কনফারেন্স করলেন— প্রধানমন্ত্রী সেখানে ছিলেন এবং তারপর প্রধানমন্ত্রীর দপ্তর থেকে বিবৃতি বেরুল যে ১২ থেকে ১৫ মাসের মধ্যে এই দপ্তর উঠিয়ে দেওয়া হবে? এইরকমভাবে আমাদের এসেম্বলীকে অপমান কেন করা হল সেটার একটা উত্তর চাই। গত বছর কংগ্রেস সদস্যরা একটা প্রস্তাব পাশ করেছিলেন, আমরা একসঙ্গে সেটা পাশ করলাম কিন্তু একমাস যেতে না যেতে আপনি যে কেন মত বদলালেন তার উত্তর আশা করি দেবেন এবং ৮ই মার্চ '৬১ সালে আর একবার আমরা বললাম যে এই দপ্তর যাতে থেকে যায় তারজন্য যেন সরকার চেষ্টা করেন। কারণ এই দপ্তর না থাকলে টাকা পাওয়া যাবে না এবং বাস্তুহারা সমস্যা যা এখনও আছে তাহলে তা কেন্দ্রীয় সরকারের মন থেকে চলে যাবে। সেদিন শঙ্করদাসবাবুও অনেক কথা বলেছিলেন যেসব কথার কোন মূল্য নেই, শুধু কাগজের হেডিং হতে পারে। তিনি বোধহয় সেসব কথা ভুলে গেছেন যে আমাদের প্রস্তাব বাতিল করে উনি একটা এমেণ্ডমেন্ট এনেছিলেন এবং

সেখানে দপ্তর রাখতে হবে সে কথার কোন উল্লেখ ছিল না। প্রফুল্লবাবুও সেদিন বলেছিলেন যে দপ্তর না থাকলে কি এসে যায় আমরা টাকা চাচ্ছি, টাকা দিলে সেটা আমরা বিভিন্ন ডিপার্টমেণ্টের শিক্ষা, লোকাল সেল্‌ফ গভর্ণমেণ্ট ইত্যাদির মধ্যে ভাগ-বাটোয়ারা করে দেব এবং তাঁরা বাস্তুহারাদের জন্য যা কিছু করার তাই করবেন। এই কথা বলে একটা সর্বনাশ তিনি বাংলাদেশের করলেন। এবারে দেখলাম, জানি না নির্বাচনের জন্য কিনা—আমাদের প্রস্তাবের বদলে আনন্দগোপালবাবু একটা প্রস্তাব আনলেন যাতে সেখানে তিনি বললেন যে এই দপ্তর রাখা হোক। কিন্তু এর কি কোন মূল্য আছে? কারণ, যেখানে এক মাসের মধ্যে মন্ত্রীমহাশয় দিল্লীতে গিয়ে সব বানচাল করে আসেন। সেজন্যই বলছি যে, নির্বাচনের ৪।৫ মাস আগে আবার বলা হচ্ছে যে এটা থাকাই ভাল। কিন্তু এসবের দরকার কি আছে? আমাদের রাজ্যপালিকা এই বৎসরের ১লা ফেব্রুয়ারী যে বক্তৃতা দেন, তাতে তিনি বাস্তুহারা সমস্যা নিয়ে বলতে গিয়ে তিনি বলেছিলেন যে—remains unsolved to a very large extent.

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় এক বিবৃতিতে বলেছিলেন ১৫৮ সালে, ৬০ কোটি টাকার দরকার। আংশিকভাবে যাদের পুনর্বাসন হয়েছে তাদের সম্পূর্ণ পুনর্বাসন দিতে হলে এই টাকার প্রয়োজন আছে। তখন আপনি যে হিসাবে এই বিবৃতি দিয়েছিলেন তাতে যদি ধরেও নিই যে শতকরা অন্ততঃ ৫০জনের পুনর্বাসন হয়েছে, সম্পূর্ণ পুনর্বাসন হয়েছে, পরবর্তীকালে ১৯৬০ সালের শেষের দিকে দেখলাম সরকার একটা তাড়াতাড়ি করে survey করলেন, Government Colony ইত্যাদি survey করে বললেন ৭০ ভাগ শতকরা সম্পূর্ণ পুনর্বাসন হয়নি, আংশিক পুনর্বাসন হয়েছে—এটা সংবাদপত্রে বেরিয়েছিল। মন্ত্রীমহাশয়ও জানেন যে এরকম একটা Report আছে। তাই যদি হয়ে থাকে তবে ৬০ কোটি টাকার অনেক বেশী প্রয়োজন হবে আমাদের, যদি তাদের সম্পূর্ণ পুনর্বাসন দিতে হয়। আমার মনে হয় এতে কোন dispute হবে না কেন না আমি এদের দলিলপত্র থেকেই বলছি। যদি শ্রীখান্নাকে বলা হয় তিনি বলেন, তিনি এটা বিশ্বাস করেন না—শতকরা ৭০ ভাগ পুনর্বাসন হয়নি একথা তিনি বিশ্বাস করেন না। আরও অনেক বেশী লোকের পুনর্বাসন হয়েছে, উপদেষ্টা কমিটি যেটা আছে পার্লামেণ্টে, তাতে বলেছেন—Rehabilitation Consultative Committee of Parliament-তে বলেছেন উনি এই figure বিশ্বাস করেন না। আমি বলি শতকরা ৫০ জনের পুনর্বাসনও যদি হয়ে থাকে তাহলেও তো আমাদের দরকার, পুনর্বাসনের কাজ এখনও শেষ হয়নি। সেজন্য এটা রাখবার কথা বার বার আসছে। তারপর ধরুন এটা শুধু Refugeeদের ব্যাপার নয় squatters coloniesএর ব্যাপার আছে তার নিশ্চিত কোন ব্যবস্থা করতে পারলেন না, অনিশ্চিত ব্যবস্থা হয়ে আছে। তাদের অনেকে অর্পণ পত্র পেল না। তারাও এখানে সমস্ত নিজের হাতে ব্যবস্থা করেছে। আর একটা ব্যবস্থা করতে পারছে না, মিউনিসিপ্যালিটির ব্যবস্থা। এই কারণে করতে পারছে না যে দলিলপত্র এখনও পাওয়া গেল না। যেখানে মিউনিসিপ্যালিটি মারফত Loan নিয়েই হোক যে করেই হোক বিরাট একটা এলেকায় কাজ হয়নি। আমি শুনলাম হঠাৎ ছাত্রদের stipend বন্ধ করে দেওয়া হল না হয় কমিয়ে দেওয়া হল। T. B. patientদেরও যা দেওয়া হত কমিয়ে দেওয়া হবে এটা প্রায় ঠিক হয়ে গেছে। এগুলি আরও ৫ বছর আমরা রাখতে পারতাম। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকার সে প্রচেষ্টা করলেন না।

তারপর আমি বলতে চাই, Camp Refugeesদের কথা। এখানে আমরা বরাবর দেখেছি ৪৫ হাজার Camp Refugee ছিল। তখনও আমরা বলেছি saturation point theory অর্থাৎ বাংলাদেশে আর জায়গা নাই, Campএ যারা আছে তাদের জন্য আর জায়গা নাই একথা বিশ্বাস করি না। এবং একথা যে আমাদের সত্য তা প্রমাণিত হয়ে গেছে। এখন ৪৫ হাজারের

জায়গায় ১৩ হাজার কি কিছু বেশী আছে। হয়ত আপনারা বলবেন—বাকী যারা তাদের দণ্ডকারণ্যে রাজস্থানে, আন্দামানে ব্যবস্থা হয়ে গেছে। আসলে তা নয়। এদের শতকরা ৯০ ভাগের উপর, নিজেদের পুনর্বাসন বায়না নাম করেই হোক, অন্য প্রকারেই হোক ব্যবস্থা করেছে। তারপর বাংলাদেশে জমি দ্বারা হোক, শিল্প দ্বারা হোক, ছোট শিল্প গড়ে Industry করে হোক, যা করার সরকারের পরিকল্পনা ছিল করতে পারেন নি। ১৩ হাজারকে category বদলে কয়েক হাজারকে Industrial Stateএ চাকুরী দিতে পারতেন, কয়েক হাজারের জন্য জমি খুঁজে বার করতে পারতেন। আনন্দগোপালবাবু বললেন, কংগ্রেসপক্ষ থেকে বললেন আমরা খুব অন্যায় করবো যদি আমরা বলি উদ্বাস্তুদের জন্য বাংলাদেশে জমি দাও বা বাংলাদেশে পুনর্বাসন দেওয়া উচিত। আমরা অন্যায় করতে পারি কিন্তু তার মুখ্যমন্ত্রীও কি অন্যায় করবেন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন প্রায় ৮০ হাজার একর, ৭৯৬৬৬ একর Waste Land বাংলাদেশে, মেদিনীপুরে আছে। এরজন্য উনি বললেন ১৩ হাজার পরিবারকে কি মেদিনীপুরে জায়গা দেওয়া যায়!

[6-25—6-35]

তারপর এটা আমার হিসেব নয় বা খুব পুরাণো কথাও নয়—২ বছর আগে মুখ্যমন্ত্রীমহাশয় তাঁর ডিপার্টমেন্ট এবং এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে হিসেব নিয়ে আমাদের লিখেছিলেন যে সমস্ত বাংলাদেশে অল্প অল্প করে ১৫ হাজার পরিবারকে জমিতে জায়গা দেওয়া যায়। তবে গড়বেতায় যদিও ৩/৪০০কে পাঠালেন কিন্তু হেড়োভাঙ্গা সেকেণ্ড স্কীম হোল না এবং প্রথমে যতটা করার কথা ছিল তা তাঁরা করতে পারলেন না। এই হোল অবস্থা।

তারপর এটাও আমার হিসেব নয় বা বাড়ীতে বসেও আমি বানাই নি। তরুণকান্তি ঘোষ মহাশয় তাঁর ডিপার্টমেন্ট থেকে হিসেব দিয়েছিলেন যে বাংলাদেশের প্রতি একর জমি রিক্লেম করতে ৮৫৲ টাকা লাগে এবং দণ্ডকারণ্যে ৩০০ টাকা লাগে। কিন্তু তবুও তাঁরা জিদ ধরবেন যে দণ্ডকারণ্যেই পাঠাতে হবে তাতে তাঁরা ইচ্ছুকই হোক আর অনিচ্ছুকই হোক। এর কারণ কি? আমি তো বুঝতে পারছি না যে ইণ্ডিয়া গভর্ণমেন্ট যখন টাকা দেবেন তখন যদি তাঁদের আমরা বলি যে এই টাকা আমরা বাংলাদেশে খরচ করব, তাতে ক্ষতি কি? আপনারা দণ্ডকারণ্যে ৩০০৲ টাকা করে দিচ্ছেন কিন্তু আমাদের এখানে যদিও ৮৫৲ টাকা করে লাগে কিন্তু আমাদের না হয় ১৫০৲ বা ২০০৲ টাকা করে দিন আমরা বাংলাদেশে সস্তায় জমি রিক্লেম করে নিচ্ছি। তারপর, আনন্দগোপালবাবু হয়ত না জানতে পারেন কেন না তিনি একজন সাধারণ এম্. এল্. এ, কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর ডিপার্টমেন্ট থেকে হিসেব নিয়ে আমাদের ১৫ হাজার পরিবারের কথা বলেছিলেন। আচ্ছা, ১৩ হাজার বা ১৫ হাজার পরিবারের ব্যবস্থা হতে পারে না বলে যখন আপনারা মনে করছেন তখন না হয় সেসব কথা বাদ দিলাম। অবশ্য যখন ৪৫ হাজার লোক ছিল তখনও এঁরা মনে করতেন যে আর একজনেরও জায়গা হবে না, কিন্তু জায়গা তারা পেয়েছে এবং কিছুটা ব্যবস্থা করেছে এবং তার মধ্যে আপনাদের সাহায্য নিয়েও কিছুটা হয়েছে—যেমন বায়নানামা স্কীম আপনারা করেছেন। যা হোক, আমার কথা হোল বাকী যে ১৩ হাজার থাকল তাঁদের জায়গা নেই একথা আমি বিশ্বাস করি না। তারপর, আর একটা কথা উঠেছিল যে এঁদের ক্যাটিগরি চেঞ্জ কর।

স্যার, এঁদের কেন জায়গা হবে না, এঁরা বাঙালী; সমস্ত অবাঙালীরা বাংলাদেশের ফ্যাক্টরী ভরে ফেলল ইত্যাদি ইত্যাদি অনেক কথাই শঙ্করদাসবাবু বললেন। তবে উনি বোধহয় জানেন না কিন্তু দুর্গাপুর অঞ্চলে আমরা এমনও দেখেছি যে সেখানে একথা বলা হচ্ছে যে ক্যাম্প রিফিউজীদের যেন

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখতে না দেওয়া হয়। এই বাঙালী রিফিউজী যারা ক্যাম্পে আছে তারা যদি তাদের নাম লিখতে যায় তাহলে তাদের নাম লিখতে বারণ করে দেওয়া হয়েছে। কারণ, যদি চাকুরী পেয়ে তারা ক্যাম্প থেকে বেরিয়ে যায়। শুধু তাই নয়, বড় বড় ইণ্ডাষ্ট্রিয়াল ইউনিটস্‌দের বলা হচ্ছে যে, এদের দিও না। অর্থাৎ সমস্তরকম প্রেসার দিয়ে বাধ্য করে তারপর যাতে এদের দাসপ্রথায় দণ্ডকারণ্যে পাঠান যায় তারই চেষ্টা করা হচ্ছে। কিন্তু আমি বুঝতে পারছি না যে, বড় বড় ইণ্ডাষ্ট্রিয়াল ইউনিটস্‌-এর তরফ থেকে যদি ব্যবস্থা না করা হয় তাহলে বাংলাদেশে এরা কোথায় চাকুরী পাবে ?

তারপর, দণ্ডকারণ্য স্কীমের মধ্যে আমি যদিও যেতে চাই না তবে একটা কথা বলতে চাই যে, এখানে কতগুলো গালভরা কথা বলে কোন লাভ নেই। এখানে অনেক অ্যামেণ্ডমেণ্ট আছে কিন্তু তবুও শিয়ালদহের রিফিউজীদের কেন যে নেওয়া হচ্ছে না সেটা বুঝতে পারছি না। তবে শুধু তাই নয়, প্রথমে মায়া ব্যানার্জী আমাদের বলেছিলেন যে তিনি চেষ্টা করবেন এবং তারপর মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে নেহেরুকে দিয়ে রাজী করাব যাতে এদের সেখানে নেওয়া যায়। তাহলে তাদের কেন জেলে যেতে হচ্ছে, মিটিং করতে হচ্ছে বা ডেপুটেসন পাঠাতে হচ্ছে ? কাজেই এটা জানাবেন যে কি করলে এরা দণ্ডকারণ্যে যেতে পারে। তারপর, আর একটা কথা না বলে পারছি না এবং সেটা হোল দণ্ডকারণ্য সম্বন্ধে যা বলা হয়েছে—অর্থাৎ সুকুমার সেন সেখানে যাওয়ার পর সে জায়গাটা স্বর্গরাজ্যে পরিণত হয়েছে এ কথাটা ঠিক নয়। অন্ততঃ রেণু চক্রবর্তীর যে রিপোর্ট অর্থাৎ কন্‌সাল্‌টেটিভ্‌ কমিটির মিটিং থেকে যা তিনি আমাদের কাছে পাঠিয়েছেন তাতে সেকথা দেখছি না। অবশ্য এত বলবার সময় আমার নেই তবে যে ২৯৫৫টি পরিবার সেখানে গেছে তাদের মধ্যে সবাইকে তাঁরা জমি এবং বাড়ী দিতে পারছেন না—তাদের মধ্যে মাত্র ৩৫০টি পরিবারকে যাকে বলে ভিলেজ হাউস তা তাঁরা দিয়েছেন। এছাড়া বলদ এবং সিড্‌ প্রভৃতিও সকলকে দেওয়া হচ্ছে না এবং বলেছেন যে ৩ হাজারের মধ্যে ১,৩০০কে বলদ এবং ১,৭০০কে বীজ দিয়েছি এবং বাকী লোককে দিতে পারিনি। আর বাড়ী ঐ যা বললাম—অর্থাৎ ৩০০ লোককে দিয়েছে।

আমরা বলেছিলাম যে ওখানে জলের ব্যবস্থা প্যারোল কোটে under preparation. আগষ্ট মাসে যে মিটিং হলো সেখানে খান্না সাহেব তাঁদের এক এম. পি.-কে জানিয়েছেন জলের ব্যবস্থা under preparation.

তারপর ওমরকোট ড্যাম—যেটা সেখানে এ কথা লেখা আছে সে সম্পর্কে যে Construction of quarter and grubbing out roots and jungles disappointing. Stripping under the site of the dam, puddles trench and exploration of foundations is being done.

এর চেয়ে বেশী আর কিছু এতদিনেও এগোয় নাই। সেইজন্য বলছি ১৯৬১ সালের যা টার্গেট, তাতে দেখছি, যখন টার্গেট করেছেন পাচ হাজার additional family সেখানে সরকার নিতে পারবেন। আর আপনারা এখানে তের হাজার familyর ডোল বন্ধ করে দিয়েছেন। এর দশ হাজার ফ্যামিলী যদি সত্যি চলে যায় তাহলে তাদের জায়গা দিতে পারবেন না। তাদের ওখানে নিয়েও ক্যাম্পে রাখতে হবে। এখানে আপনারা ডোল বন্ধ করে দিয়ে লোককে না খাইয়ে মারছেন। ১৯৬১-৬২ সালের টার্গেট আছে, তা তাঁরা reach করতে পারবেন না। দণ্ডকারণ্যে আর মাত্র দশ হাজার গেলে সর্বনাশ হয়ে যাবে। সেইজন্য তাদের আপনারা সেখানে যেতে দেবেন না।

এখানে একটা রাজনীতির কথা বলা হয়েছে। কংগ্রেস পক্ষ থেকে যিনি সংশোধন প্রস্তাব এনেছেন আমাদের প্রস্তাবটা বদলে ; তাতে তিনি বলছেন আমরা ক্যাম্প উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে

যেতে বাধা দিচ্ছি। তারা Free Agent এর মত কাজ করছে, আমি বলবো এই Free Agentদের ডোল তাহলে আপনারা কি করে বন্ধ করে দিলেন? এই ক্যাম্প উদ্বাস্তু যারা আছে, তাদের আমি free agent মনে করিনা, তারা slaves, তারা দাসে পরিণত হয়েছে। তবু আমরা একথা গিয়ে তাদের বলিনা, যে সাহস নাই, তোমরা দণ্ডকারণ্যে যেও না, আমরা খাওয়াব। তাই বলে স্বেচ্ছায় যারা যেতে চাইবে, তারা যাবে। যারা ওখানে যাবে—তাদের নিজেদের খাওয়ার (?) আন্দোলন করতে হবে। আমরা false promises কাউকে দেইনি। এদের free citizen বা free agent না বলাই ভাল। হাজার হাজার উদ্বাস্তু যারা ক্যাম্পে আছে, ভোটার লিষ্ট থেকে তাদের নাম কেটে দেওয়া হয়েছে। আর তাদের বলা হচ্ছে আগে সিটিজেনস্ সার্টিফিকেট জোগাড় কর। তোমাদের ভাষা থেকে বুঝছি তোমরা পদ্মার ওপার থেকে এসেছ—তোমরা বাঙ্গাল। এদের বলা হচ্ছে সিটিজেনস্ সার্টিফিকেট নিতে হবে, তবে ভোট দিতে পারবে। বাংলাদেশের মানুষ তারা, জেনারেল ইলেকসনে ভোট দিয়েছে, আর তাদের নাম কেটে দিচ্ছে কেউ রাজনীতি করতে পারবেনা, ভোটার হতে পারবে না। Free agent ওরা নয়, ওরা দাস। কিন্তু রোমান স্লেভ্‌সও একদিন rise করেছিল। চিরদিন তাদের দাবিয়ে রাখা যায়নি। একদিন যদি ঐ পথ তাদের নিতে হয়, তাহলেও ওরা তা নেবে।

Deputation of State Transport Corporation Workers

Shri Hemanta Kumar Basu: স্যার, কয়েক সহস্র ষ্টেট ট্রান্সপোর্টের কর্মী এসেম্ব্লীর কাছে এসেছে মুখ্যমন্ত্রীর সঙ্গে পূজা বোনাসের দাবী নিয়ে আলোচনা করবার জন্য। আর তাদের উপর যে অন্যায় অত্যাচার হয়—চার্জসীট হয়, তার প্রতিবাদ জানাবার জন্য কয়েক সহস্র কর্মী এখানে এসেছেন মুখ্যমন্ত্রীকে একটা মেমোরেণ্ডাম দেবে বলে। তারা চায় তাদের প্রতিনিধিদের সঙ্গে মুখ্যমন্ত্রী অবিলম্বে দেখা করুন।

Mr. Speaker: আচ্ছা, ওটা দিয়ে দিন, আমি তাঁকে সেটা পাঠিয়ে দেব।

Shri Jyoti Basu: মাননীয় স্পীকার মহাশয়, ষ্টেট ট্রান্সপোর্ট এবং ট্রাম-কর্মীরা তাদের নিজ নিজ দাবী নিয়ে এখানে এসেছেন, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। ওঁরা একটা ultimatum দিয়েছেন, পূজার আগে বোনাস নিয়ে যদি গোলমাল হয়, তাহলে একটা গুরুতর অবস্থার সৃষ্টি হবে। তাই আমি আশা করি শ্রমমন্ত্রী ও মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে বলবেন—তাদের প্রতিনিধিদের সঙ্গে একটা দিন ঠিক করে তাড়াতাড়ি দেখা করবেন। মুখ্যমন্ত্রী এখন খুবই ব্যস্ত আছেন জানি; তবুও বলবো—এটা কয়েক সহস্র লোকের ব্যাপার। তাঁরা আজ বাস্তহারাদের পাশে এসে বসেছেন, তাদের দাবীরও সমর্থন জানাচ্ছেন। দিনের পর দিন এইসমস্ত কোন সমস্যারই সমাধান হচ্ছে না। কখনো ট্রাম ওয়ার্কার্স, কখনো বাস্তহারা, কখনো বা ষ্টেট ট্রান্সপোর্টের কর্মীদের আজ এসেম্ব্লীর বাইরে এসে demonstrate করতে হচ্ছে তাদের দাবী নিয়ে। মন্ত্রীমহাশয়দের অনুরোধ তাঁরা এ সম্বন্ধে দেখুন, তা নাহলে অবস্থা ভয়ঙ্কর হবে।

[6-35—6-45 p.m.]

Private Members' Resolutions

The Hon'ble Prafulla Chandra Sen: স্যার, যে প্রস্তাব শ্রীসুহৃদ মল্লিক চৌধুরী মহাশয় এনেছেন এবং তার উপর সংশোধনী প্রস্তাব এনেছেন শ্রীআনন্দগোপাল মুখার্জী ও শ্রীযতীন

চক্রবর্তী ও শ্রীসুবোধ ব্যানার্জী এবং শ্রীহরিদাস মিত্র মহাশয় সে সম্বন্ধে অনেক বক্তব্য আজ আমি শুনলাম। সুখের বিষয় বক্তৃতায় উত্তাপ খুব কম ছিল; তাহলেও বেশী যে আলোকপাত কেউ করতে পেরেছেন, তা আমি মনে করতে পারি না। প্রত্যেকবারই যখন এসেম্বলীর অধিবেশন হয় তখন এতদিন উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে আলোচনা করে আসছি, এবং একই কথা আমাদের বারবার শুনতে হয়, এবং একইরকম উত্তর আমাদের বারবার দিতে হয়। এবারও নূতন কোন কথা শুনিনি। তবুও পুরাণ কথার পুনরুল্লেখ করতে হবে। (এ ভয়েস—আপনি কিছু নূতন কথা শোনান।) আমাদের পশ্চিম বাংলায় প্রায় ৩২ লক্ষ আশ্রয়প্রার্থি ভাইবোনেরা পূর্ববাংলা থেকে এসেছে। পূর্ববাংলা থেকে মোট ৪২ লক্ষ আশ্রয়পার্থিরা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় এসেছে তার মধ্যে পশ্চিম বাংলায় ৩২ লক্ষ এসেছে। এই ৩২ লক্ষ লোকের মধ্যে ৭৮০০০ লোক আমাদের campএ প্রবেশ করেছে, তারমধ্যে পাঁচ লক্ষের উপর লোককে ১৯৫৮ সালের আগে আমরা পশ্চিম বাংলায় বিশেষ করে পুনর্বাসনের ব্যবস্থা করে দিতে পেরেছিলাম। অন্যান্য দেশেও তাঁরা করেছেন, কিন্তু তার সংখ্যা খুব কম। আমাদের পশ্চিম বাংলায় অনেক জমি আছে একথা বিরোধী দলের বন্ধুরা প্রায়ই বলে থাকেন। তাঁরা বলে থাকেন যে মশাই, পশ্চিম বাংলায় অনেক জমি আছে যা চাষের উপযোগী আজকে এইমাত্র বিরোধী দলের নেতা শ্রীজ্যোতি বোস মহাশয় সে কথা বলেন—এখানে অনেক চাষের উপযোগী জমি আছে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি—পশ্চিম বাংলায় যদি এতই জমি থেকে থাকে তাহলে কেন এখানে ৩৫ লক্ষ লোক, এবং ৭ লক্ষ পরিবার ভূমিহীন কৃষক, যাঁরা উদ্বাস্তু নন, তারা কেন এখানে দুঃখকষ্ট পাচ্ছেন? কেন আমাদের এখানে ৭ লক্ষ পরিবার যারা ভূমি চাষ করে খান, যাদের জমির জন্য খুব খিদে, তারা কেন সেই জমি পাচ্ছেন না? আরও যখন কথা এই—আমাদের পশ্চিম বাংলায় ১০ লক্ষ কি প্রায় ১১ লক্ষ পরিবার এমন আছে যাদের ছয় বিঘা জমিও নেই। [এ ভয়েস—bogus] কাজেই এইসমস্ত পরিবারদের যে holding, অনেকেই বক্তৃতায় বলেছেন যে সেগুলি economic holding নয়। এটা সত্য। এইসমস্ত দশ, এগার লক্ষ পরিবার যাদের holding ছয় বিঘার চেয়েও কম তাদের বিষয় বিরোধীপক্ষের শ্রীজ্যোতি বসু মহাশয় ও অন্যান্য বন্ধুরা ভাবছেন কি? যদি ভেবে থাকেন তাহলে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কৃষিতে কৃষকদের পুনর্বাসনের জন্য অমুক জায়গায় এতো জমি আছে, একথা তাঁরা বারবার বলতেন না। আরও বড় কথা হচ্ছে আমাদের পশ্চিম বাংলায় যে পরিমাণ জমি আছে, তার সব জমি ভালভাবে চাষ করবার মত উপযুক্ত নয়।

[6-45—6-55 p.m.]

অর্থাৎ তার মধ্যে marginal, sub-marginal জমি আছে। তাতে যা ফসল হয় ১৫ বিঘা জমি থেকে তাতে একটা সংসার চলে না। আমাদের বাংলাদেশে বন্ধুবর সুবোধ ব্যানার্জী বললেন —আমি ১৫ বিঘা জমিকে economic holding মনে করি। আমরা পশ্চিমবাংলায় সবচেয়ে বেশী পরিমাণ উদ্বাস্তু কৃষককে জমি দিয়েছি ৯ বিঘা। সেই ৯ বিঘা জমি যদি বর্ধমান জেলায় canal অঞ্চলে হ'ত তাহলে ৯ বিঘা জমিকে economic holding বলতে পারতাম। কিন্তু আমি জানি আমাদের বাঁকুড়া জেলায় যিনি ৫০ বিঘা জমির মালিক তিনি test reliefএ কাজ করেন, কারণ, ৫০ বিঘা জমিতে উর্বরতা নেই। কাজেই আমরা যখন বার বার একথা শুনি যে পশ্চিমবাংলায় অনেক জমি আছে—সেইসব জমি ভাগ করে দিন আমাদের এই উদ্বাস্তুদের এবং সেখানে তাহলে অনেক ফসল জন্মাবে এবং সংসারযাত্রা নির্বাহ হবে তখন এসব শুনতে ভাল লাগবে না। একটু আগে বিরোধীদলের একজন বক্তা বললেন। আমাদের পক্ষের লোকেও বললেন আংশিক পুনর্বাসন

হয়েছে এটা খুব দুঃখের কথা। কিন্তু শতকরা ৫০ জন, কি ৭৫ জনের হয়েছে সেটা বড় কথা নয়, বড় কথা কেন আংশিক পুনর্বাসন হবে? এই পশ্চিমবাংলায় থাকলে দুই বিঘায় খুশী, তিন বিঘা জমিতে খুশী, চার বিঘা জমিতে খুশী, পাঁচ বিঘা জমিতে খুশী, তবুও পশ্চিমবাংলায় থাকব—যদিও সেই জমি অনুর্বর। আংশিক পুনর্বাসনের জন্য যারা উদগ্রীব হয়েছেন তারাই বলছেন—মশাই, অনেক জায়গায় অনুর্বর জমি আছে সেটা refugeeদের ভাগ করে দিন। কিন্তু আমরা রিফিউজীদের সর্বনাশ করতে চাই না।

[From the opposition benches : বাঃ, বাঃ।] যেসব অনুর্বর জমি আছে তাতে আমরা কাউকেই বসাতে চাই না। অনেকে বায়নানামা জমির কথা বলেছেন—তারা যদি খুঁজে-পেতে বের করতে পারে তাহলে কেন দেবেন না? কিন্তু দুঃখের বিষয় আমাদের এখানে যারা campএ ছিলেন কৃষক পরিবার তাদের মধ্যে খুব কমসংখ্যকই বায়নানামা জমি পেয়েছেন। তাদের আমি বলেছি ব্যবসাবাণিজ্য করে—খাবার দোকান দিয়ে কি করতে পারবেন ওই সাতশ', আটশ' টাকায়? তারা অবশ্য কয়েক হাজার টাকার বায়নানামায় কিছু জমি যোগাড় করতে পেরেছেন। কিন্তু তাতে কি হ'ল? ওই যে আংশিক পুনর্বাসনের কথা যারা বলেন তাদের বলি আমি নিজে রোজ ৭০।৮০ জন লোকের সংগে দেখা করি—তার মধ্যে ৩০।৪০ জন আশ্রয়প্রার্থী লোক আমার কাছে আসেন এবং দেখলাম তার মধ্যে ১২।১৪ জন লোক এমন আছেন যাদের বাড়ীর কেউ-না-কেউ বন্ধ্যারোগে ভুগছে। এমনও আছেন যারা পাঁচ বিঘা, ছয় বিঘা জমি পেয়েছিলেন—এক বছর তাতে ফসল হয়েছে—অন্য কয়েক বছর আমাদের normal relief doles পেয়ে কোনমতে বেঁচে আছেন। কাজেই আমাদের সবাইকে—এপক্ষে যারা বসেছেন এবং ওপক্ষে যারা বসেছেন—তাদের সবাইকে ভাবতে হবে কি করা যায়। দণ্ডকারণ্যের অবস্থা খারাপ ছিল—যখন বুঝেছিলাম দণ্ডকারণ্যে সুব্যবস্থা হয়নি—আমরাও ওখানে লোক পাঠাব না জানিয়ে দিয়েছিলাম। আগে যাদের উপর নোটীশ দেওয়া হয়েছিল আমরা পরে আবার তাদের doles দেওয়ার ব্যবস্থা করেছি।

আজকে আমরা বুঝেছি দণ্ডকারণ্যে সুবিধা হয়েছে—সেখানে ২১ বিঘা করে জমি দেওয়া হচ্ছে। আমি মনে করি ২১ বিঘা জমি economic holding. তাহলে কেন সেখানে যাব না? আজকে যদি আমরা রিফিউজীদের মংগল চাই, কল্যাণ চাই—তাহলে আমাদের তাদেরকে সেখানে পাঠাতে হবে। অনেকে বলেছেন—তারা free agent নয় জোর করে তাদের পাঠান হয়েছে—তাই তারা hunger strike করেছে। আমি জানি: যখন এবার আমরা নতুন করে নোটীশ দিতে সুরু করি তখন ২০০ জন hunger strike করেছিলেন। এক মাস দেড় মাস পরে দেখি একটি লোকও hunger strikeএ কাবু হয়নি। যদি ছ' মাস ধরে hunger strike করে তাঁরা বেঁচে থাকার উপায় জানেন তাহলে তাদের আর পুনর্বাসনের দরকার নেই। আমি বিশ্বাস করি না কেউ ছ'মাস ধরে hunger strike করে কেউ কেউ বেঁচে থাকতে পারে। কাজেই যারা আগে hunger strike করেছিলেন তারা যদি মনে করে থাকেন যে hunger strike করে পশ্চিম-বাংলায় অনুর্বর জমিতে পুনর্বাসন পাবেন তাহলে তারা ভুল করেছেন। আমরা তাদের কল্যাণ চাই। যাদের উপর নোটীশ দেওয়া হয়েছে তাদের অনেকের doles বন্ধ হয়েছে। একটি বিষয় লক্ষ করবার তাদের মধ্যে খুব কমসংখ্যক পরিবার ওই ছ'মাস doles নিয়ে চলে গিয়েছেন, তারা অপেক্ষা করছেন—তারা আমাদের ক্যাম্পে আছেন—কেউ এক মাস হয়ে গিয়েছে, কেউ দুই মাস হয়ে গিয়েছে, ছ' মাস হয়ে গিয়েছে তারা doles পাচ্ছেন না। যদি দেখি এদের মধ্যে অনেকে কাজকর্মে যেতে পারেন তাদের আমরা নিশ্চয় পুনর্বাসন দেব। কিন্তু যদি বুঝি যারা পাঁচ মাস ছ' মাস আমাদের কাছ থেকে doles না পেয়ে—(অবশ্য আমাদের শিবিরে তারা বাস করে) বেঁচে থাকে, যদি কোন কাজকর্ম থাকে, ব্যবসা থাকে যা থেকে সংসারযাত্রা নির্বাহ করে তাহলে নিশ্চয়ই তাদের পুনর্বাসন

এখানে করব। অনেকে বলেছেন যাদের বাড়ীতে কোন পুরুষ নেই, মেয়ে আছে তাদের নাকি পাঠাচ্ছি, যক্ষ্মারোগীদের পাঠাচ্ছি। আমি বলছি এরকম লোকদের আমরা পাঠাব না—পাঠালেও দণ্ডকারণ্য তাদের গ্রহণ করবে না। একবার ভুল করে একজন যক্ষ্মারোগীকে পাঠান হয়েছিল—ওখানে গিয়ে ধরা পড়ল, তাকে তারা গ্রহণ করেননি। আমরা এমন মেয়েছেলেকে পাঠাব না যার প্রাপ্তবয়স্ক ছেলে নেই। আমি বিরোধীপক্ষের বন্ধুদের জিজ্ঞাসা করি আমাদের সবাই যদি small trader হয় তাতে সংসার চলবে কি? কাজেই আমরা যদি বুঝতে পারি তারা small trade loan নিয়ে আমাদের সরকারের উপর ভার হয়ে থাকবে না তাহলে নিশ্চয়ই এখানে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করব। কিন্তু যদি আমরা বুঝি তারা কোনমতে এখানে থাকবার জন্য, নিজেদের সর্বনাশ সাধন করবার জন্য আত্মঘাতী নীতি গ্রহণ করছেন তাহলে আমরা তাকে re-categorisation করব না। আমাদের Relief Officerকে আমরা বলেছি তিনি যদি বুঝেন এর এখানে পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে—কোন কাজকর্ম এর এখানে যোগাড় হতে পারে তাহলে নিশ্চয়ই তার পুনর্বাসনের ব্যবস্থা এখানে করে দেবেন। কিন্তু শুধু বাংলাদেশে থাকবে বলে তার সর্বনাশ করবার জন্য পুনর্বাসনের ব্যবস্থা কখনও করব না।

Shri Haridas Mitra : এই Legislatureএর লোকদের নিয়ে কমিটি করে এই Categorisationএর ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen : আমি এটা পরে বিবেচনা করব। এখন কিছু বলতে পারব না।

আমাদের ক্যাম্পে যাদের এখন দায়িত্ব নেওয়া হয়েছে তাদের সংখ্যা খুবই কম। হরিদাসবাবু বল্লেন আজ থেকে বহু লোকের ডোল বন্ধ হয়ে যাচ্ছে। সত্য কথা, আমাদের কৃষিপরিবার থাকবে ২ হাজার। কিন্তু তাদের আমরা এখানে রাখিনি, তাদের রাখছি গড়বেতা ইত্যাদি জায়গায়, সেখানে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করব, বা রাজস্থানে বা অন্যান্য জায়গায় যদি কেউ যান। তারপর, small traders family, ছোটখাট ব্যবসা করতে পারেন, এরকম ১ হাজার ৯০০। তারপর, permanent liability, বুড়ো বুড়ি, এদের আমরা দণ্ডকারণ্যে কখনই পাঠাবো না। তাদের আমরা বিভিন্ন হোমে পাঠিয়ে দেব, তাদের দায়িত্ব সম্পূর্ণ আমরা গ্রহণ করব। পূর্বোক্ত ১ হাজার ৯০০ small traders familyর সম্পূর্ণ দায়িত্ব আমরা গ্রহণ করব, আমাদের পশ্চিমবাংলায় রাখব। কৃষিপরিবার যে ২ হাজার আছে তাদের জমি দিতে পারব যদি তারা বাংলার বাইরে যেতে চান। বাকীদের জন্য এখানে জমি নাই। যারা এখানে রুজি রোজগার করছে, তাদের পুনর্বাসনের ব্যবস্থা করব।

তারপর, সুবোধ ব্যানার্জী মহাশয় ঋণ মকুবের সম্বন্ধে একটা কথা বলেছেন, শঙ্করদাসবাবুও ঋণ মকুব সম্পর্কে উল্লেখ করেছেন। আমি বলতে পারি, এ নিয়ে ৩,৪ মাস থেকে আমরা কেন্দ্রীয় সরকারের সংগে কথা বলছি, নানারকম আলোচনা হচ্ছে, এবং আমি বলতে পারি কিছু পরিবারের ঋণ নিশ্চয়ই মকুব হবে। S.I. familyর কতটা করবেন, agriculturistদের কতটা করবেন, আংশিক পুনর্বাসন যাদের হয়েছে তাদের কতটা করবেন সেটা এখনো জানতে পারা যায়নি। তবে এটুকু বলতে পারি, তাদের অনুকূলে যে কিছু ঋণ মকুব হবে সে বিষয় সম্পর্কে সন্দেহ নাই। তারপর, ছুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা খরচ করেছি ১২৪।২৫ কোটি টাকা সমগ্র পশ্চিমবাংলার জন্য —আমাদের আশ্রয়প্রার্থী ভাইবোনদের জন্য এই টাকা খরচ করেছি। মাঃ অধ্যক্ষমহোদয়, এর মধ্যে ৫০ কোটি টাকা ডোল যারা ক্যাম্পে বসে আছে তাদের জন্য ৫১ কোটি টাকা পুনর্বাসনের বিভিন্নখাতে বাংলাদেশে দেওয়া হয়েছে, ২১।২২ কোটি টাকা পুনর্বাসের জন্য নানারকম grant দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় সরকার আমাদের এই কথা বলেছেন--ক্যাম্পের এই যে খরচ বহন করা হচ্ছে ডোল ইত্যাদির জন্য এই খরচ বন্ধ হলে পর শিয়ালদা ইত্যাদি জায়গায় বা অন্যস্থানে যারা আংশিক পুনর্বাসন পেয়েছে তাদের মধ্যে যদি কেউ যেতে চায় তাহলে তাদের সম্বন্ধে বিবেচনা করবেন—এ সম্বন্ধে তিন চার মাস পরে আরো কিছু বলতে পারি।

[6-55—7-5 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : বিধানবাবু আমাদের বলেছিলেন তাড়াতাড়ি পাঠান হবে, এই প্রতিশ্রুতি রাখা হচ্ছে না কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমি যেকথা বলছিলাম, আংশিক পুনর্বাসন যাদের হয়েছে—সেদিন জ্যোতিবসু মহাশয় বলেছেন ৫২ কোটি টাকা আমরা চেয়েছি, ৫২ কোটি নয় —৪৯ কোটি টাকা বিভিন্ন খাতে আমরা চাই, এবং আমরা আলোচনা করছি এ নিয়ে financeএর ব্যাপারে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রণালয়ের সংগে, Relief Commissionerএর সংগেও আলোচনা করছি। প্রায় ৪৯ কোটি টাকা আমরা তাঁদের কাছে চাই, তার মধ্যে প্রায় ১০ কোটি টাকা Rehabilitation Industries Corporationএ যে সমস্ত শিল্পে লোককে নিয়োগ করতে পারে। এই ১০ কোটি বাদ করলে বিভিন্ন খাতে, squatters' colony, Government sponsord colonies muslim occupied houses—এই সমস্তও আছে। যারা আংশিক পুনর্বাসন পেয়েছে তাদের জন্য আরো বেশী জমি দিতে চাই এটা আমরা বেশী করে ভাবছি, যদি কোথাও জমি পাই—যারা ৪।৫।৬ বিঘা পেয়েছে তাদের অন্ততঃ ৯ বিঘা দিতে চাই যাতে তাদের আয় বাড়ে, সেখানে তাদের poultry, dairy, ইত্যাদির ব্যবস্থা করে দেব, কোথাও বা অন্যান্য ক্ষুদ্রশিল্পের ব্যবস্থা করব, এবং যেখানে অনুর্বর জমি সেখানে সেচের ব্যবস্থার জন্যও কিছু টাকা আমরা চেয়েছি ঐ ১০ কোটি টাকা বাদে। মাঃ শংকরদাসবাবু বলেছেন, শিল্পে আমরা বেশী লোককে নিয়োগ করতে পারব না—বাঙ্গালী শিল্পব্যবসায়ে পটু নয়। মাঃ সদস্যরা জানেন আজকাল বাঙ্গালা শিল্পে কিছু কিছু নিযুক্ত হচ্ছে একথা সত্য, Jai Engineering Works ও অন্যান্য কলকারখানায় আজকাল কিছু সংখ্যক বাঙ্গালী কাজ করে সত্য। কিন্তু মোটা কাজ এখনো বাঙ্গালী করতে পারছে না। কাজেকাজেই যাদের শিল্পে নিয়োগ করা হয়েছিল বহুক্ষেত্রে তারা সেখান থেকে desert করে এসেছে। বক্তীন চক্রবর্তী মহাশয় anisএর কথা বলেছেন, শ্রীখান্না, শম্ভু ব্যানার্জী ও শ্রীব্রহ্ম এই মিলিয়ে একটা anis। Anis কথাটা শিখলে পর সেটা ব্যবহার করা উচিত সেই কথা ভেবেই বোধহয় তিনি একথা বলেছেন, এমন কোন anis হতে পারে না, খান্নার সংগে শম্ভু বন্দ্যোপাধ্যায় বা শ্রীব্রহ্মের কি সম্পর্ক থাকতে পারে ? কোন সম্পর্ক নাই। এইসব কথা বলে তাঁরা লোককে বিভ্রান্ত করতে পারেন, দেশের ক্ষতি করতে পারেন, কোন কল্যাণ করতে পারবেন না। আমার সম্পূর্ণ আস্থা আছে শম্ভু বন্দ্যোপাধ্যায় ও শ্রীব্রহ্মের উপর এবং শ্রীখান্নার উপরও আস্থা আছে। কেন ? তিনি যে কাজ করেছেন—তিনি এমন-কিছু করেননি যাতে আমাদের সমস্যা সমাধানে কোন অসুবিধা সৃষ্টি হতে পারে। একটা কথা উঠেছে, দণ্ডকারণ্যে মোট ৫ হাজার পরিবার যেতে পারে, সেক্ষেত্রে আপনারা ১০।১২ হাজার পরিবারের উপর নোটিশ দিলেন কেন। আমরা বলেছিলাম দণ্ডকারণ্যে যাবেন কি না আমাদের জানাবেন—তাঁরা যদি যাবেন বলতেন তখন যদি আমরা না পাঠাতে পারতাম তাহলে তারা ক্যাম্পেই থাকতেন। তাদের বলবার কি প্রয়োজন ছিল দণ্ডকারণ্যে যাবেন না। আরেকটা কথা এখানে বলা হয়েছে দণ্ডকারণ্যে জমি পাওয়া যায় না।

যেসমস্ত কৃষক জমি পেয়েছে তার সংখ্যা হল ২ হাজার ১৪৬ ; যারা বাড়ীর জন্য জমি পেয়েছে, অর্থাৎ হোম ষ্টেড প্লট, তার পরিবারের সংখ্যা হল ২ হাজার ১৬২ ; যারা গ্রামে গ্রামে নাথার অফ

ফ্যামিলিজ র‍্যালটেড তার সংখ্যা ৩৭০টি পরিবার ; agricultural implements পেয়েছেন তার সংখ্যা হল ২ হাজার ৫ ; যারা বলদ কিনেছে তার সংখ্যা ১ হাজার ৪৪৬ ; যারা গরুর খোরাকের জন্য ফডার সাহায্য পেয়েছে তার সংখ্যা হল ১ হাজার ১০ ; চাষের জন্য ২ হাজার ১৫৩টি পরিবার বীজ পেয়েছে। কাজেই শ্রীসুকুমার সেন যাবার পর থেকে দণ্ডকারণ্যে যে ভাল কাজ হচ্ছে সেবিষয়ে সন্দেহ নেই। এখন শেষ কথা হচ্ছে, আমরা রিহ্যাবিলিটেশান মিনিষ্ট্রি কেন্দ্রে রাখতে চাই কি চাই না। আগে আমাদের এই য়্যাসেম্বলীতে আমরা সর্বসম্মতিক্রমে প্রস্তাব গ্রহণ করেছিলাম যে রি-হ্যাবিলিটেশান মিনিষ্ট্রি থাকুক কি জন্য না আমরা তাদের রাখতে চাচ্ছি যাতে আমাদের পুনর্বাসন সমস্যার সমাধান হয়, অন্য কাজের জন্য নয়। তাদের ঘাড়ে চাপাবার পর আমাদের পুনর্বাসন সমস্যা সমাধানে যদি কোন বিঘ্ন না হয় তাহলে তাদের আফিস থাকল কি থাকল না তাতে আমাদের কিছু যায় আসে না। কাজেই আমি মনে করি তারা যদি দায়িত্ব নেন—এটা তাঁদের দায়িত্ব, আমাদের দায়িত্ব নয়—তাহলে পুনর্বাসনের জন্য তাদের থাকা উচিত। আজকে আনন্দগোপালবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাতে এই কথাই আছে এবং আমিও তাঁর সংগে একমত যে পুনর্বাসন কাজ চালাবার জন্য প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকার নিশ্চয় থাকবেন। আমরা যেসমস্ত অর্থ চাচ্ছি তাঁরা যদি বলেন যে তোমরা যে অর্থ চাচ্ছ তা আমরা বরাদ্দ করলাম, কিন্তু অফিস যদি না থাকে তাহলে কোন ক্ষতি হবে না। কিন্তু আমরা বলব যে আমাদের ঘাড়ে চাপিয়ে পালিয়ে গেলে চলবে না। কাজেই আজকে যাঁরা ধাপ্পার কথা বলেছেন তাঁরা বহু লোককে ধাপ্পা দিয়ে বহু লোকের সর্বনাশ যে করেছেন সেটা লোকে বোঝে এবং তাঁদের ধাপ্পাবাজী লোকে জানতে পেরেছে। সেজন্য তাঁরা আজ জোর গলায় কথা বলতে পারছেন না। আজ এখানে অন্যান্য যেসমস্ত সংশোধনী প্রস্তাব এসেছে তার বিরোধীতা করছি এবং আনন্দবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা গ্রহণ করছি।

Shri Suhrid Mullick Chowdhury : মাননীয় স্পীকার মহাশয়, শ্রীসুবোধ ব্যানার্জী মহাশয় আমার প্রস্তাবের উপর যে সংশোধনী এনেছেন সেটা আমি গ্রহণ করছি এবং শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী মহাশয়ও যে প্রস্তাব এনেছেন সেটাও গ্রহণ করছি।

পরিশেষে আমার শুধু দুটি কথা বলার দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যারা কয়েকদিন পরে অনশন প্রত্যাহার করেছেন তারা যদি চিরকাল অনশন করতে পারে তাহলে পুনর্বাসনের দরকার হবে না। এই সভার অবগতির জন্য আমি বলতে পারি উদ্বাস্তু সংগঠন ইউ. সি. আর. সি. স্থির করেছিল অনশন সত্যাগ্রহের একটা ধাপ, stage থাকবে তার পরে আইন অমান্য আন্দোলন আরম্ভ করবে ২০শে সেপ্টেম্বর। অনশনের পরবর্তী ধাপ—আইন অমান্য আন্দোলন। সেজন্য মন্ত্রী মহাশয় এবং সরকার পক্ষকে জানাতে চাই এখনও যেন সরকার পক্ষের সুবুদ্ধির উদয় হয়। তারা যে কথা বলতেন যে দণ্ডকারণ্যে স্বর্গরাজ্য তৈরী করবেন সেখানে নিজেরাই স্বীকার করেছেন যে সেই দণ্ডকারণ্যে ৫ হাজার পরিবারের বেশী স্থান সংকুলানের ব্যবস্থা নাই। সেজন্য ১০।১৫ হাজার পরিবার উদ্বাস্তুকে—আমাদের হিসাবে ১৫।১৬ হাজার পরিবার, মৃত্যুর মুখে কোন সরকার ঠেলে দিতে পারেন বলে আমার মনে হয় না। সুতরাং এই যে উদ্বাস্তু তারা বাঁচবে এবং তাদের বাঁচবার অধিকার আছে এবং সেই অধিকার প্রতিষ্ঠা করার জন্য আগামী ২০শে সেপ্টেম্বর থেকে আইন অমান্য আন্দোলন সমস্ত পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় সুরু করবে।

[7-5—7-8 p.m,]

Mr. Speaker : I think the honourable members will agree with me that if I put the amendment of Shri Ananda Gopal Mukherjee, the other amendments fall through. I now put the amendment moved by Shri Ananda Gopal Mukherjee on the resolution of Shri Suhrid Mullick Chowdhury.

The motion of Shri Ananda Gopal Mukhopadhyay that for the words beginning with "at the delay" in line 1, paragraph 1, and ending with "sections of refugees" at the end, the following be substituted, viz :—

"at the report published indicating the desire of the Government of India to close down the Union Rehabilitation Ministry about which this Assembly had adopted unanimously a resolution on the 1st of April, 1960, and urges upon the Union Government not to close the Rehabilitation Ministry till the problem of rehabilitation is resolved satisfactorily. This Assembly considers the closure of the Ministry at this stage to be unwise because the problem of rehabilitation still remains unsolved. This Assembly is further of the opinion that if the Central Rehabilitation Ministry is closed down it will throw the burden of rehabilitation of the existing refugees in this State and of all others who might return from other States later on, due to the refugees sent there not obtaining proper rehabilitation and thereby add further strain on the resources of this problem-ridden State

2. This Assembly is of the opinion that the State Government should move the Central Government that the Ministry of Rehabilitatian should continue till the problem of rehabilitation of all sections of refugees is satisfactorily solved.

3. This Assembly is of the view that in case the Central Government decides to close down the Ministry of Rehabilitation they should provide the State Government with adequate funds for tackling all the problems of partially rehabilitated displaced persons of Eastern Pakistan so that :

(a) the holdings alloted to refugee agriculturist families so far settled in West Bengal may be given some more lands wherever available so as to make their holdings economic,

(b) arrangements may be made for providing more irrigation facilities, better seeds and adequate manure in order to improve the fertility and production of holdings which are now uneconomic,

(c) sufficient number of small scale industries and medium-scale industries may be set up which would provide jobs for partially rehabilitated refugees,

(d) poultry, duckery and dairy farms may be started to make the holdings of an agriculturist family more economic and to provide rehabilitation of non-agriculturist fa nilies,

(e) arrangements be provided for adequate educational and training facilities for the children of displaced families in order that they might earn a living,

(f) arrangements be made for better facilities for hospitalisation of refugees who become ill, whether from tuberculosis or otherwise,

(g) provision be made in Government colonies and squatters colonies for better amenities as quickly as possible,

(h) arrangements be made for early payment of compensation to owners of houses of Muslims or non-Muslims forcibly occupied by refugees or by releasing the houses of Muslims which were squatted upon before the 31st December, 1950, by the displaced persons.

4. This House is also of the opinion that as satisfactory arrangements have been made by the Dandakaranya Development Authority for settlement of agriculturist families of West Bengal by providing them with 7 acres of land per family and loan on scales higher than those obtaining in West Bengal, the refugees should be encouraged to go and settle in Dandakaranya, particularly in view of the fact that surplus cultivable land is not available in West Bengal under the Bhananama Scheme.

5. This Assembly expresses its deep concern at the attitude of interested and designing people who encourage agriculturist displaced families to refuse settlement in Dandakaranya which is against the ultimate interest of the refugees themselves. Such encouragement prevents the camp agriculturist families from acting as free agents.

6. This Assembly calls upon all parties carrying influence with the camp families to lend their good offices to induce these families to overcome their hesitation and to opt for settlement in Dandakaranya in larger numbers. The persistence of camp refugees to remain in West Bengal is against their interest because West Bengal cannot provide land sufficient for them."

was then put and agreed to.

(Other amendments fall through)

The resolution of Shri Suhrid Mullick Chowdhury, as amended by the motion of Shri Ananda Gopal Mukhopadhyay, viz. :—

"This Assembly expresses its deep concern at the report published indicating the desire of the Government of India to close down the Union Rehabilitation Ministry about which this Assembly had adopted unanimously a resolution on the 1st of April, 1960, and urges upon the Union Government not to close the Rehabilitation Ministry till the problem of rehabilitation is resolved satisfactorily. This Assembly considers the closure of the Ministry at this stage to be unwise because the problem of rehabilitation still remains unsolved. This Assembly is further of the opinion that if the Central Rehabilitation Ministry is closed down it will throw the burden of rehabilitation of the existing refugees in the State and of all others who might return from other States later on, due to the refugees sent there not obtaining proper rehabilitation and thereby add further strain on the resources of this problem-ridden State.

2. This Assembly is of the opinion that the State Government should move the Central Government that the Ministry of Rehabilitation should continue, till the problem of rehabilitation of all sections of refugees is satisfactorily solved.

3. This Assembly is of the view that in case the Central Government decides to close down the Ministry of Rehabilitation they should provide the State Government with adequate funds for tackling all the problems of partially rehabilitated displaced persons of Eastern Pakistan so that :

(a) the holdings alloted to refugee agriculturist families so far settled in West Bengal may be given some more lands wherever available so as to make their holdings economic,

(b) arrangements may be made for providing more irrigation facilities, better seeds and adequate manure in order to improve the fertility and production of holdings which are now uneconomic,

(c) sufficient number of small-scale industries and medium-scale industries may be set up which would provide jobs for partially rehabilitated refugees,

(d) poultry, duckery and dairy farms may be started to make the holdings of an agriculturist family more economic and to provide rehabilitation of non-agriculturist families,

(e) arrangements be provided for adequate educational and training facilities for the children of displaced families in order that they might earn a living.

(f) arrangements be made for better facilities for hospitalisation of refugees who become ill, whether from tuberculosis or otherwise,

(g) provision be made in Government colonies and squartters colonies for better amenities as quickly as possible,

(h) arrangements be made for early payment of compensation to owners of houses of Muslims or non-Muslims forcibly occupied by refugees or by releasing the houses of Muslims which were squatted upon before the 31st December 1950, by the displaced persons.

4. This House is also of the opinion that as satisfactory arrangements have been made by the Dandakaranya Development Authority for settlement of agriculturist families of West Bengal by providing them with 7 acres of land per family and loan on scales higher than those obtaining in West Bengal, the refugees should be encouraged to go and settle in Dandakaranya, particularly in view of the fact that surplus cultivable land is not available in West Bengal under the Biananama Scheme.

5. This Assembly expresses its deep concern at the attitude of interested and designing people who encourage agriculturist displaced families to refuse settlement in Dandakaranya which is against the ultimate interest of the refugees themselves. Such encouragement prevents the camp agriculturist families from acting as free agents.

6. This Assembly calls upon all parties carrying influence with the camp families to lend their good offices to induce these families to overcome their hesitation and to opt for settlement in Dandakaranya in larger numbers. The persistence of camp refugees to remain in West Bengal is against their interest because West Bengal cannot provide land sufficient for them."

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7. 8 p.m. till 9. 30 a.m. on Saturday, the 16th September, 1961, at the Assembly House, Calcutta.

———

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 16th September 1961, at 9-30 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 11 Hon'ble Ministers, 8 Deputy Ministers and 155 Members.

[9 30—9-40 a.m.]

Adjournment Motion

Shri Sunil Das : মাননীয় স্পীকার মহাশয়, New Allenbury worksএর শ্রমিকদের বোনাস ও অন্যান্য দাবী সম্পর্কে আমার একটা adjournment motion রয়েছে। New Allenbury worksএর শ্রমিকদের বোনাস নিয়ে একটা গণ্ডগোল সৃষ্টি হয়েছে। তাদের অনেককে victimise ও suspend করা হয়েছে, এবং সেখানে কাজ বন্ধ হয়ে গিয়েছে। এই সম্পর্কে আমি একটা adjournment motion দিয়েছি, আপনি কি তাতে consent refused করেছেন ?

Mr. Speaker : Yes, I have refused consent to that adjournment motion. There will be no questions to-day.

Shri Jyoti Basu : মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা জরুরী বিষয় আছে, সেটা হচ্ছে শিক্ষক, শিক্ষিকাদের ধর্মঘট সম্পর্কে। কিন্তু মুস্কিল হচ্ছে, দেখছি, এখানে মুখ্যমন্ত্রী মহাশয় বা চীফ্ হুইপ কেউ উপস্থিত নেই। গতকাল মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন পশ্চিমবংগের শিক্ষক, শিক্ষিকাদের ব্যাপারে একটা বিবৃতি দেবেন। সেই বিবৃতিটা কখন্ পাওয়া যাবে। আজকে কি এই হাউসে সেটা পাবো ? কারণ শুনছি আজকে হাউস ত আধ ঘণ্টার মধ্যে শেষ হয়ে যাবে। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন সংবাদপত্রে এটা দেবেন, তাতে আমাদের আপত্তি ছিল। সংবাদপত্রে দিলেও, —এটা এক্ষুনি আমাদের জানা দরকার। কারণ শিক্ষক, শিক্ষিকাদের প্রতিনিধিরা এখানে এসে দাঁড়িয়ে আছেন সংবাদের অপেক্ষায়।

Mr. Speaker : The Chief Minister is ill.

Shri Jyoti Basu : মাননীয় মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় এখানে রয়েছেন, উনি কি এসম্বন্ধে কিছু জানেন না ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমি এইটুকু জানি—মুখ্যমন্ত্রী মহাশয় শিক্ষকদের সম্বন্ধে একটা বিবৃতি খুব সম্ভব আজকে দেবেন। আজকে দিলে সেটা কালকে বেরুবে।

Sari Deben Sen : স্পীকার মহোদয়, শিক্ষক-শিক্ষিকাদের ভাগ্য নিয়ে এইরকম ছিনিমিনি খেলবার প্রয়োজন কি? যদি কিছু ওঁর বলবার থাকে, সেটা আমাদের সামনে বলুন। যদি কিছু না দিতে চান তাহলে সেটা বলে দিন। তাহলে আমরা শিক্ষক, শিক্ষিকাদের সংগে meet করে তাদের এটা জানিয়ে দিতে পারি এবং দেখতে চাই এই গভর্ণমেণ্ট কিভাবে চলে। যে কমিটি এক টাকা দিয়ে প্রহসন করেছে, সেইরকম প্রহসন শিক্ষকরা গ্রহণ করবে না। এইরকম ভাবে ভাঁওতা দিয়ে কাজ করান আর চলবে না। যদি কিছু তাদের না দিতে চান তাহলে সেটা ভাল করে বলে দিন। 'আমরা এখনও প্রস্তুত নই'—এই অজুহাত আমরা শুনতে চাই না। যেখানে ৩০ হাজার লোকের ভাগ্য নিয়ে খেলা হচ্ছে, সেখানে সময় নেই, এই অজুহাত দেখিয়ে দিতে পারছি না বললে; এ কথা আমরা স্বীকার করি না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলুন তিনি আজকে এটা দেবেন কি না?

Mr. Speaker : আপনি বসুন। এবার যতীন চক্রবর্তী মহাশয় বলবেন। Yes, Mr. Chakravorty.

Shri Jatindra Chandra Chakravorty : কালকে যখন বিরোধী দলের নেতা এই কথাটা তোলেন তখন মুখ্যমন্ত্রী মহাশয় ছিলেন না। পরে যখন মুখ্যমন্ত্রী মহাশয় এলেন, তখন এইরকম একটা আশ্বাস দেওয়া হয়েছিল বলে আমাদের মনে এই impression হয় যে আজকে বিধান সভার মধ্যেই, on the floor of the Assembly তিনি সেই statement দেবেন। যদি সেই statement এক্ষুনি না দেওয়া হয় তাহলে সোমবার থেকে যে ধর্মঘট সুরু হবার কথা আছে,—সেখানে শিক্ষক সমিতির পক্ষ থেকে সম্ভব নয় অন্যান্য এই খবর পাঠিয়ে দেওয়া। কারণ ইতিমধ্যে অন্যান্য জায়গায় অবস্থান ধর্মঘট সুরু হবে, সেখানে তারা এই statementএর খবর জানতে না পারে। তাঁদের প্রতিনিধিরা এখানে এসেছেন, তাঁরা মুখ্যমন্ত্রীর মুখ থেকে বক্তব্য শোনবার পর, তাঁরা যথোচিত নোটিশ দেবেন। তা না হলে চার আনা, আট আনা করে মাছের দরের মতন যদি বাড়ান হয়, তাতে শিক্ষক, শিক্ষিকেরা সন্তুষ্ট হবেন না এবং তা তারা কখনও মানতে রাজী হবেন না, এবং তার জন্য হয়ত বিধান সভার অধিবেশন চালানও অসম্ভব হবে।

Shri Subodh Banerjee : আপনি জানেন কি জানেন না, জানি না, এই ব্যাপার নিয়ে, শিক্ষকদের দাবী ধর্মঘট নিয়ে, মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর সংগে আমাদের আলোচনা হয়েছিল, বিভিন্ন বামপন্থী দলের প্রতিনিধিরা সেখানে ছিলেন এবং আমরা তাদের ধর্মঘট স্থগিত রাখতে বলেছি। এক্ষেত্রে আমাদের একটা কর্তব্য আছে তাদের বলার জন্য। আমাদের কথার উপর তারা আলোচনা না করে এই ধর্মঘট স্থগিত রেখেছেন। আমরা যদি না জানাই, কি ডাঃ রায় যদি কিছু দিতে চান তাহলে সংবাদপত্র পড়ে তাঁরা তা দেখবেন তখন আমরা একটা অসুবিধার সামনে পড়বো। সেই-জন্য আমি মনে করি এই Houseএ একটা statementর পর সেই statement অনুযায়ী আলোচনা করার পর এসম্বন্ধে ডাঃ রায় এবং শিক্ষামন্ত্রী এ বিষয় কি মনে করেন সেটা তাঁদের গিয়ে বলতে পারবো। আর এই Houseএ যদি তা না দেন তাহলে আমরা তাদের কাছে বলবো কি করে?

Shri Jyoti Basu : Chief Whipকে আমি বলেছিলাম ডাঃ রায়ের সংগে কথা বলে আমাদের জানাতে। তিনি যা বললেন তা আমি ঠিক বুঝতে পারলাম না। তিনি বললেন যে সেটা এখনও তৈরী হয়নি তবে আজকে রাত্রের মধ্যে সেটা তৈরী হয়ে যাবে। অর্থাৎ শিক্ষকদের ব্যাপারটা তৈরী হয়ে যাবে। আজকে এখনই House over হয়ে যাবে। তা যদি হয় তাহলে সেটার copy আমাদের memberদের বাড়ীতে পাঠিয়ে দিতে পারেন এবং simultaneously কাগজেও দিতে

পারেন। তা না হলে শিক্ষকরা জানবে কি করে। নইলে ১৮ তারিখে strike হয়ে যাবে। সেইজন্য এই House চলতে চলতে, আপনি যদি আমাকে ১০-১৫ মিনিট সময় দেন তাহলে আমি ডাঃ রায়ের কাছ থেকে খোঁজ নিয়ে আসতে পারি। তা না হলে আমরা কিছু বুঝতে পারছি না।

Mr. Speaker : চিত্তবাবু circulation Motion দিয়েছেন। তার উপর তিনি এ ১০-১২ মিনিট বলবেন। আপনি চলে যান।

Shri Jyoti Basu : আপনি যখন যেতে বলছেন তখন যেতে পারি। কারণ ধর্মঘট হয় তা আমরা চাই না, তবে সরকার এটা অনিবার্য করে তুলেছেন। আমি বুঝতে পারি না কেন ডাঃ রায় এখানে এসে বলতে পারছেন না। আপনি বলেন ত আমি তাঁকে ধরে নিয়ে আসছি।

GOVERNMENT BILL

The Industrial Disputes (West Bengal Amendment Bill, 1961)

The Hon'ble Abdus Sattar : I beg to introduce the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Abdus Sattar : I move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961, be taken into consideration.

এই বিল উত্থাপন করতে গিয়ে কোন বক্তৃতার আবশ্যক আছে বলে আমি মনে করি না। এই Actএ যা আছে তাতে একটা তালিকা আছে। সেই তালিকার মধ্যে কোন্ কোন্ শিল্প প্রতিষ্ঠানকে Public Utility Service বলে ঘোষণা করা যায়। তার সংগে এই সংশোধনী প্রস্তাবের দ্বারা আমরা Oxygen and Acetylene, এই দুইটি gas প্রস্তুতকারক প্রতিষ্ঠান যেগুলি আছে তাদের অন্তর্ভুক্ত করতে চাই। অধ্যক্ষ মহোদয়, Oxygen এবং Acetylene, এই দুইটি খুব প্রয়োজনীয় গ্যাস হাসপাতালে এবং বহু শিল্পে এটা ব্যবহার করে। সুতরাং এইরকম প্রস্তুতকারক প্রতিষ্ঠানকে Public Utility Service বলে ঘোষণা করার দরকার আছে। অন্যান্য রাজ্যেও এই সংশোধনী হয়েছে। এই অবস্থায় দীর্ঘ বক্তৃতা দিতে চাই না। যদি বিরোধী পক্ষের বন্ধুদের কথা শুনে বলার প্রয়োজন মনে করি তাহলে পরে বলবো।

[9-40—9-50 a.m.]

Shri Jatindra Chandra Chakraborty : স্পীকার মহাশয়, আজ আপনি খুব উদার হয়েছেন সময় সম্পর্কে—বিশেষ করে আমার ব্যাপারে বলব আজকে খুব উদার হয়েছেন। এই বিল সম্পর্কে আমার কোন আপত্তি থাকত না। আমি শ্রমমন্ত্রী মহাশয়কে মনে করিয়ে দিতে চাই যে যখনই Public Utility Concern বলে কোন শিল্পকে ঘোষণা করা হয় তার অনিবার্য পরিণতি হিসাবে শ্রমিক পক্ষের কিছু অসুবিধা সৃষ্টি হয়। Public Utility Concern না হলে আমাদের অভাব অভিযোগের প্রতিকারের দাবীতে প্রয়োজন হলে আমরা বিনা নোটীশে ধর্মঘট করতে পারি—এই অধিকার স্বীকৃত হয়েছে। কিন্তু যে-মুহূর্তে Public Utility Concern বলে কোন শিল্পকে ঘোষণা করা হয় তখন ১৪ দিনের নোটীশ দিতে হয় Industrial Disputes Act অনুসারে এবং নোটীশ দেবার সপ্তাহের মধ্যে আমাদের ধর্মঘট

করতে হবে। ওরই সংগে আর একটি ধারা আছে যে ছয় সপ্তাহের মধ্যে বা notice periodএর মধ্যে যদি শ্রম দপ্তর থেকে কোন conciliation ডেকে দেন তাহলে conciliation চলাকালীন ধর্মঘট করা চলবে না। আপনারা জানেন যে ১৪ দিনের মধ্যে conciliation শেষ হয় না—তার যে পদ্ধতি এখন রয়েছে তাতে conciliation officer যদি মালিকপক্ষ অনুপস্থিত থাকে তাকে আবার চিঠি দেন। এইভাবে ওই যে ৬ সপ্তাহের সময় আছে তা মালিকপক্ষ কাটিয়ে দিতে পারে। তখন আবার নোতুন করে ধর্মঘটের নোটীশ দিতে হবে—অর্থাৎ যখন Public Utility Concern বলে কোন শিল্পকে ঘোষণা করা হয় তখন সেই শিল্পে যেসব শ্রমিক আছে তাদের ধর্মঘট করার জন্য সংবিধানে যে অধিকার আছে তা কিছুটা ব্যাহত হচ্ছে। সেটা আমি শ্রমমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি। আমরা জানি এটা জরুরী শিল্প। শ্রমিকপক্ষ থেকে আমি এই দাবী করতে চাই যে সেই শিল্পে নিযুক্ত যেসব শ্রমিক আছেন জরুরী বলে ঘোষণা করার আজ্ঞা সেইসমস্ত শ্রমিকদের জন্য conciliation machinary যাতে তাড়াতাড়ি কাজ করে—তাদের অভাব অভিযোগের প্রতিকার করেন তার ব্যবস্থা যেন করেন এবং তা করার পর যেন তাকে Public Utility Concern বলে ঘোষণা করেন।

Shri Chitto Basu : Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1962.

স্পীকার মহোদয়, এই বিলের উপর জনমত সংগ্রহের যে কথা আমি বলেছি তাতে যতীনবাবু যা বললেন তাতে খানিকটা আমার বক্তব্য covered হয়েছে। শ্রমমন্ত্রীর কাছে আমার আবেদন যে বাংলাদেশের শ্রমিক সম্পর্কে যে মূল আইন—Industrial Disputes Act এটাকে মাঝে মাঝে একটি দু'টি করে সংশোধন করে আমাদের যে অধিকারগুলি আছে তা আমরা সংরক্ষিত করতে পারছি না। এর আগে তিনি আমাদের অনেকবার আশ্বাস দিয়েছিলেন যে Industrial Disputes Act আমরা পশ্চিমবাংলার ক্ষেত্রে প্রয়োগ করতে গিয়ে যে সমস্ত অসুবিধার সম্মুখীন হচ্ছি এবং যেসমস্ত অভিজ্ঞতা অর্জন করেছি তার ভিত্তিতে তিনি একটি সামগ্রিক আইন এই সভায় আনবেন। কিন্তু দুঃখের বিষয় সামগ্রিক সংশোধনী আইন আমাদের সামনে তিনি আনলেন না।

কেন, হাজার হাজার এই ধরণের Contract শ্রমিক তারা এই আইনের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে? মালিকরা তার সুযোগ গ্রহণ ক'রে শ্রমিকদের নানাবিধ অত্যাচার করছে, জুলুম করছে, তাদের অধিকার থেকে বঞ্চিত করছে। তখন তিনি বলেছিলেন যে যত শীঘ্র সম্ভব এই ধরণের আইন সংশোধন করে এনে তাদের অধিকারকে সংরক্ষণের চেষ্টা করবো। যে অতি সামান্য সুযোগ সুবিধা Industrial Disputes Actএর অধীনে আমাদের দেশের শ্রমিকরা পেয়ে থাকেন, সেই অধিকার Contract লেবারদের সম্পর্কেও যাতে প্রযোজ্য হয় তার ব্যবস্থা তিনি করবেন। এই ধরণের অনেক কথা আমরা এই সভায় অনেকবার বলেছি যে Industrial Dispute Actএর সামগ্রিক পরিবর্তন দরকার। বর্তমান সময়ে তা তিনি না করে শ্রমিকদের স্বার্থ যেখানে দেখা যাবে শ্রমিকদের নানাবিধ সুযোগ সুবিধা দেবার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে, সেখানে এই আইনের সর্বাংগীন সংশোধন বা পরিবর্তন করার দিকে না গিয়ে তিনি দৃষ্টি দিলেন—কি করে এই শ্রমিকদের ধর্মঘট করার অর্জিত অধিকার সংকুচিত করা যায়। অর্থাৎ এই যে তাঁর দৃষ্টিভংগী—এই দৃষ্টিভংগী সম্পর্কে আমরা শ্রমমন্ত্রীর সংগে একমত নই এবং আমাদের দেশের শ্রমিকরা তাঁর এই দৃষ্টিভংগী সম্পর্কে কি মত পোষণ করে—শ্রমমন্ত্রীর তা জানা দরকার। একের পর এক আমরা দেখতে পাচ্ছি সরকারের অধীনে নিয়োজিত এই ধরণের কর্মচারীদের ট্রেড ইউনিয়নের অধিকার নাই। এই ধরণের বিভিন্ন স্তরের শ্রমিকদেরও

এই ট্রেড ইউনিয়নের অধিকারকে ক্রমাগত যদি সংকুচিত করা হয় নানা অজুহাতে, তাহলে বাংলা-দেশের শ্রমিক আন্দোলনের পক্ষে একটা বিরাট অন্তরায় সৃষ্টি হবে। কোথায় আমরা শ্রমমন্ত্রীর কাছে আশা করবো এই Industrial Dispute Actএর একটা সামগ্রিক পরিবর্তন আনার তিনি চেষ্টা করবেন, তা না করে শ্রমিকদের অর্জিত কিঞ্চিৎ অধিকারকে যদি এইভাবে খর্ব করা হয়, তাহলে আমার ধারণা এসম্পর্কে শ্রমিকদের মতামত নেওয়া প্রয়োজন। শ্রমিকরা আমাদের শ্রমমন্ত্রীর দৃষ্টি-ভংগীকে সমর্থন করেন কি করেন না—তার জন্য আমি এটাকে জনমত সংগ্রহের জন্য দিতে বলছি।

Statement re : pay-schale of teachers

Shri Jyoti Basu : ডাঃ রায় যদি এখন একটা statement দেন তাহলে ভাল হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I am asked by the Leader of the opposition to make a short statement regarding the revision of pay-scales of school teachers of different grades. I have just finished revising it and I have given it over for cyclostyling it. I do not think it will be ready before eleven ; it may be a little later. I am thinking that I shall make over sufficient number of copies to the Secretary, and any member who desires to read it can take a copy of it from him. I shall send the copy to the press immediately, so that every teacher will know what he is likely to get in the Five Year Plan. I may say just what I calculated. The total extra expenses for the teachers in different grades for the next five years will go up to about Rs. 25 crores.

The Industrial Disputes (West Bengal Amdt.) Bill 1961

Dr. Ranendra Nath Sen : স্যার, আমি এই amendment বিল সম্পর্কে কিছু বলতে চেয়েছিলাম না। তবে একটা কথা বলার প্রয়োজন আছে। এখানে এই হাউসে আমরা কয়েকবারই দাবী করেছিলাম যে Industrial Dispute Actএর একটা সর্বাংগীণ পরিবর্তন করবার প্রয়োজন রয়েছে। যখন আমাদের বর্তমান শ্রমমন্ত্রী অসুস্থ ছিলেন, তখন শ্রীকালীপদ মুখার্জী তাঁর জায়গায় কাজ করছিলেন। তিনি এই হাউসে বলেছিলেন যে আমরা খবর পেয়েছি ভারত সরকারের তরফ থেকে Industrial Dispute Act এর একটা সংশোধন করা হচ্ছে। সুতরাং এখানে আর তা করবার কোন প্রয়োজন নাই। আমি তখন কালীপদবাবুকে বলেছিলাম যে ১৯৫৮ সালে বোম্বেতে 17th Standing Labour কমিটীর যে মিটিং হয়েছিল, সেই Standing Labour কমিটীর সভায় সাত্তার সাহেব উপস্থিত ছিলেন এবং আমিও সেখানে উপস্থিত ছিলাম। সেখানে একটা প্রস্তাব গৃহীত হয় যে Industrial Disputes Actএর কতকগুলি সংশোধনী করা হবে এবং তার জন্য একটা সাব-কমিটী গঠিত হবে। সেই সাব-কমিটী দিল্লীতে বসে, ১৯৫৯ সালের ফেব্রুয়ারী মাসে অনেকগুলি সংশোধনী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সেই প্রস্তাব গৃহীত হবার সময় শিল্পপতিদের প্রতিনিধি, ট্রেড ইউনিয়নের প্রতিনিধি এবং ভারত সরকারের প্রতিনিধি সেখানে উপস্থিত ছিলেন। এবং আমার যতটা স্মরণ আছে—আমাদের পশ্চিমবংগ সরকারের প্রতিনিধিও সেই মিটিংএ উপস্থিত ছিলেন।

[9-50—10 a.m.]

১৯৫৯ সালে February মাসে Industrial Disputes Actএর কতকগুলি সংশোধনী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল, ১৯৫৮ সালে October মাসে Standing Labour কমিটীর প্রস্তাব অনুযায়ী, কিন্তু আড়াই বছর মধ্যে সেটা লোকচক্ষুর সামনে এল না। তার জন্য সাত্তার

সাহেব হয়ত কৈফিয়ৎ দেবেন না। কিন্তু আমি বলছি এত দীর্ঘসূত্রতা কেন ভারত সরকারের তরফ থেকে হচ্ছে? আমরা এটা বুঝি শিল্প প্রতিনিধিরা হয়ত যুক্তিতর্কের ধাক্কায় কতকগুলি জিনিষ গ্রহণ করেছিলেন—কিন্তু পরে ভারত সরকারের শ্রম-দপ্তরের উপর এবং অন্যান্য দপ্তরের উপর চাপ দেবার যথেষ্ট সুযোগ আছে এবং তারা তা দিয়েও থাকেন যার ফল স্বরূপ আমরা দেখছি আজ প্রায় আড়াই বছর হতে চল্‌লো সেই সংশোধনগুলি আজ পর্যন্ত লোকচক্ষুর সামনে এল না। কিন্তু এটা আমি বলব যে সাত্তার সাহেব এই দপ্তরে আসার পর শিল্পপতিদের চাপ সরকারের উপর কমেনি এবং সরকারও যে মাথা নীচু করছেন না তা নয় তবে ব্যক্তিগতভাবে সাত্তার সাহেব কিছুটা চেষ্টা করছেন এবং তার জন্য তাঁকে বিরাগভাজন হতে হচ্ছে এটা অস্বীকার করে লাভ নেই। তবে আমি সাত্তার সাহেবকে অনুরোধ করব—বিরাট ব্যাপক কিছু না পরিবর্তনের কথা কিছু বলব না, সামান্য কতকগুলি সংশোধন যদি Industrial Disputes Actএ আনতে পারেন তাহলে অন্ততঃ পশ্চিম বাংলায় শ্রম-বিরোধের সংখ্যা অনেকখানি কমাতে পারতেন। বিশেষতঃ ওরা যখন দেশের পুনর্গঠন ও শিল্পে শান্তির কথা বারবার আমাদের বলেন। এবং এটা যদি করতেন তাহলে আমার মনে হয় পশ্চিম বাংলায় শিল্পে শান্তি বিরাজ করত। সেইজন্য আমি বলব এখনও সময় আছে বোধহয় শীতকালীন অধিবেশন হয়ত বসবে সেইসময় গোটাকতক সংশোধনী যদি আনেন—এ-সম্বন্ধে যখন পরামর্শ করবার সুযোগ আছে। তিনি standing labour advisory কমিটীর সংগে আলোচনা করতে পারেন, আমাদের সংগে বে-সরকারীভাবে আলোচনা করতে পারেন, তাঁর দপ্তরের অফিসারদের সংগে আলোচনা করতে পারেন। এইসব আলোচনার পর তিনি যদি সামান্য কয়েকটা সংশোধনী আনুন বড় কিছু ব্যাপক সংশোধনী আনবার কথা বলছি না শুধু কাজের অভিজ্ঞতার ভিতরে যেখানে আমরা ঠেকছি সেই বিষয়ে কতকগুলি ছোটখাট সংশোধনী যদি আনেন তাহলে শ্রম-বিরোধ তিনি কমাতে পারেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deben Sen : স্পীকার মহাশয়, শ্রমমন্ত্রীর কার্যকলাপে আমি আনন্দিত বিশেষকরে চটকলের শিল্পপতিদের বিরুদ্ধে তিনি যে সাহস দেখিয়েছেন তা বাস্তবিকই প্রশংসার যোগ্য। কিন্তু এই বিলটা দেখে আমার মনে হচ্ছে, এটা কি তাদের চাপে পড়ে compensation দিচ্ছেন? অর্থাৎ শিল্পপতিদের চাপে তাদের compensation দিচ্ছেন। কেন না এই বিলের মূল কথাটা কি? কতকগুলি নতুন শিল্পকে আপনি essential service বলে declare করছেন। তার ফলে কি হবে, সেখানে যদি dispute হয় অথবা strikeএর নোটীশ দেওয়া হয়, তাহলে immediately shall be referred to a tribunal অর্থাৎ strike করতে পারবে না। স্যার, একবার যদি Tribunalএ গেল তাহলে Tribunal ১ বছর, ২ বছর, ৩ বছরও চলতে পারে এবং Tribunalএ যদি আমরা জিতিও তাহলে শিল্পপতিরা High Court তারা যাবেন তাহলে আবার ৫ বছর লাগবে। এবং High Courtএ যদি আমরা জিতি তাহলে Suprem Courtএ যেতে পারে তাহলে সেখানে আরও ৫ বছর লাগতে পারে। এর মানে হচ্ছে Public utility service declare মানে right to strike এবং right to settlement সম্পূর্ণভাবে বাধাপ্রাপ্ত হচ্ছে। স্যার, এটা একটা গুরুতর ব্যাপার, পৃথিবীর কোথাও এই জিনিষ নেই। ভারতবর্ষে শ্রমিকদের হরতাল করবার অধিকার নেই। Industrial Disputes Act এমনভাবে গঠিত যে যেকোন জায়গায় বে-আইনী ঘোষিত হওয়া ছাড়া আমরা কখনও হরতাল করতে পারি না। Tramway strike, Coolfield, কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের strike সব বে-আইনী হয়েছিল। কিন্তু Belgium যে strike হয়েছিল যেটা Political ছিল সেটাও বে-আইনী ঘোষিত হয়নি। জাপানে যে অতবড় strike হয়েছিল সেখানেও বে-আইনী ঘোষিত হয়নি। মন্ত্রীমহাশয় বলছেন—হরতাল করার অধিকার খর্ব করা হচ্ছে না মিটমাট করার ব্যবস্থা হচ্ছে। আমার কথা হচ্ছে এটাতে মিটমাট না করে যাতে মিটমাট না হয় তারই ব্যবস্থা হচ্ছে। এবং এই Actকে তিনি আরও extent

করেছেন to other industries। আমি বলব, আমাদের অধিকারকে ক্ষুণ্ণ করা হচ্ছে এই বিলের দ্বারা। আমি অনুরোধ করব কি দরকার আছে এই বিলের। আমি বলব—এটা না এনে একটা পরিপূর্ণ amended Bill এনে তার পরিপ্রেক্ষিতে সব জিনিষটা আসুন। এমনিভাবে একটা সংশোধনী বিল এনে অধিকারকে আরও সঙ্কুচিত করা উচিত হবে না। এটাই হচ্ছে আমার বক্তব্য।

Dr. Hirendra Kumar Chattopadyay : স্যার, আমি একটা information জানতে চাচ্ছি। Oxygen খুবই প্রয়োজনীয় জিনিষ কিন্তু amending Bill আনার আগে oxygen supply কোথায় failure হয়েছে এইরকম complain তিনি কারো কাছ থেকে পেয়েছেন? কিম্বা তিনি লিখিত কোন complain পেয়েছেন যে oxygen পাওয়া যাচ্ছে না সেইজন্য তিনি এই Amending Bill এনেছেন। এটা আমি জানতে চাই।

The Hon'ble Abdus Sattar : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবেনবাবু চটকল শ্রমিক সম্পর্কে উল্লেখ করে আমার সাহসের প্রশংসা করেছেন, তারজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এর সঙ্গে compensate করার সম্পর্ক নাইকো। এই বিলের বিজ্ঞপ্তি বিগত অধিবেশনের পূর্বে দেওয়া হয়েছিল। পাটকলের মালিকদের মনোভাবের সঙ্গে এর কোন সম্পর্ক নেইকো। এই সংশোধনের ফলে শ্রমিকদের ধর্মঘটের অধিকারকে হরণ করে নেওয়া হচ্ছে একথা ঠিক নয়। ধর্মঘটের অধিকার তাদের সেখানেও থাকছে কেবল বিনা নোটীশে থাকছে না। এই সংশোধনের ফলে একদিকে যেমন হঠাৎ ধর্মঘট করা নিষিদ্ধ করা হচ্ছে বিনা নোটীশে, তেমনি সঙ্গে সঙ্গে সরকারের পক্ষে দায়িত্বও বর্তাচ্ছে। যদি এটা non public utility serviceএ হয় সেখানে conciliationএ দেরী করা যেতে পারে। কিন্তু এখানে সঙ্গে সঙ্গে সরকারের পক্ষে দায়িত্ব আছে যে conciliation গ্রহণ করে একটা মীমাংসায় আসার চেষ্টা করা এবং মীমাংসা না এলে পরে adjudication দেওয়া। আমি সবিনয়ে নিবেদন করতে চাই যে এই বিগত ৫ বছরের অভিজ্ঞতা থেকে আমি বলতে চাচ্ছি যে ধর্মঘট করে যেটা পাওয়া যায়, সেটা যদি adjudication এমনি পাওয়া যায় তাহলে ধর্মঘটের পথে নিয়ে যাবার কোন আবশ্যকতা নেই। আমি এখানে স্পষ্ট করে বলতে চাচ্ছি সংবিধান প্রদত্ত অধিকার আছে ধর্মঘট করার, সেই অধিকারকে হরণ করবার এতটুকু বিন্দুমাত্র ইচ্ছা সরকারের নাই। যদি আমার বিরোধীপক্ষের বন্ধুরা অনুধাবন করে দেখেন, তাহলে দেখবেন—একথা বলতে আমি সংকোচবোধ করব না যে এমনও ধর্মঘট থাকে যার প্রতি আমাদের নৈতিক সমর্থন থাকে।

একথা আমি কোন সময়ে বলতে চাই না যে কোন কারণে কোন সময়ে ধর্মঘট হবে না—যদি তা হোত, তাহলে সংবিধানে এটা দেওয়া থাকত না। এখানে আরও সংশোধনীর কথা আছে, কন্ট্রি-হেন্‌সিভ বিলে আনার কথা হয়েছে। মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা জানেন যে লেবার কন্‌কারেন্ট সাবজেক্ট। এই বিল আনতে গেলে কেন্দ্রীয় সরকারের সমর্থন বা কন্‌কারেন্স আনতে হয়। যে সমস্ত সংশোধনীর কথা হয়েছে, যার কথা রণেনবাবু উল্লেখ করেছেন—সে নিয়ে এখন লেখাপড়া চলছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে। আমরা তারই প্রতীক্ষায় আছি যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পার্লামেন্টে বিলটা উত্থাপিত হবে। আমি মনে করি যে শ্রমিকসংক্রান্ত আইনের অধিকাংশ—প্রায় সব কটাই পার্লামেন্টে হয়েছে এবং পার্লামেন্টে হওয়া বাঞ্ছনীয় এজন্য যে তাঁদের কাছে সারা ভারতের চিত্র থাকে। এই বিলের জন্য জনমত সংগ্রহ করবার কথা উঠেছে। আমি মনে করি যে জনমত সংগ্রহের কোন

প্রয়োজন নেই। অক্সিজেন পাওয়া যায় কিনা এই কথা জানতে চেয়েছেন। আমার মনে হয় যে সব ক্ষেত্রে যে একটা জিনিষ ঘটবে তারপর করা হবে পন্থা অবলম্বন তা সব ক্ষেত্রে যুক্তিযুক্ত নয়। কারণ কোন কোন ক্ষেত্রে বলা হয় let us not anticipate things, আবার কোন কোন সময়ে বলা হয় let us anticipate things। অক্সিজেন একটা প্রয়োজনীয় জিনিষ। এছাড়া আরও পাবলিক ইউটিলিটি সার্ভিস আছে—সেখানে শ্রমিকদের কোন অধিকার হরণ করা হয়নি। কাজেই এখানে শ্রমিকদের অধিকারকে হরণ করবার এতটুকু ইচ্ছা নেই। আমি আশ্বাস দিতে পারি যে, সেই অধিকার হরণ সরকার করবেন না। এই কথা বলে জনমত সংগ্রহের যে প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি এবং সঙ্গে সঙ্গে আমি আবেদন করছি—এটা তাঁরা গ্রহণ করবেন ও এই বিল নিয়ে দীর্ঘ বক্তৃতার আবশ্যক হবে না।

[10—10-10 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay : Government of India-র কাছ থেকে এই বিল সম্বন্ধে কবে খবর পেয়েছেন ?

The Hon'ble Abdus Sattar : তাঁদের concurrence নিয়ে করা হচ্ছে।

The motion of Shri Chitto Basu that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1962, was then put and lost.

The motion of the Hon'ble Abdus Sattar that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961, be taken into consideration, was then put and agreed to.

Mr. Speaker : There are no amendments to Clauses 1, 2 and 3. I therefore put all the clauses to vote.

Clauses 1, 2 & 3

The question that Clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Abdus Sattar : Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Lifts and Escalators (Amendment) Bill, 1961

The Hon'ble Bhupati Majumdar : Sir, I beg to introduce the West Bengal Lifts and Escalators (Amendment) Bill, 1961.

(Secretary then read the Title of the Bill)

The Hon'ble Bhupati Majumdar : Sir, I beg to move that the West Bengal Lifts and Escalators (Amendment) Bill, 1961, be taken into consideration.

Sir, everything is given in the Statement of Objects and Reasons. In the course of the administration of the West Bengal Lifts and Escalators Act, 1955 (West Bengal Act V of 1955), it has come to the notice of the Government that the owners of certain premises do not have the present possession of or control over the lifts installed in the premises before the commencement of the Act and maintained by the occupiers (who are not covered by the definition of 'owner' set out in the Explanaiion to section 3) of the premises by operation of law or by virtue of some agreement. There are, also, certain lifts installed after the commencement of the Act for which the necessary permission under section 3 has not been obtained or for the working of which no license has been applied for within the time prescribed in the Act. Under the existing provisions of the Act the making of applications for licenses for the working of such lifts is not permissible. In order to remove these difficulties it is necessary to amend the Act, making it possible for persons actually maintaining and or using a lift to apply for such license.

It is, also, necessary to make express provision in the said Act for the issue of distress warrants for the recovery of arrears of inspection fees, etc. and also for the creation of a class of lift attendants as well as for the levy of certain other fees not clearly mentioned in the Act.

The present Bill has been brought forward with a view to amending the Act accordingly.

Mr. Speaker : There are no amendments to motion.

The question that the West Bengal Lifts and Escalators (Amendment) Bill, 1961, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 6

The question that clauses 1 to 6 do stand part of the Bill was then put and agreed to.

Shri Subodh Banerjee : এখানে একটা printing mistake আছে lift এর জায়গায় life আছে।

Clause 7

Shri Ananga Mohan Das : I beg to move that in clause 7, in the proposed sub-section (1A) line 1, for the words "section 18", the words "sub-section (1) of this section" be substituted.

I also move that in clause 7, in the proposed sub-section (1A) lines 9, 10, for the words "shall as soon as may be apply for a licence for the working of such lift", the words "shall apply within two months after the expiry of six months for a licence for the working of such lift on payment of a delay fine of Rs. 10" be substituted.

আমার দুটি amendment আছে, একটি হচ্ছে section 7 এতে যেখানে লেখা আছে without prejudice to the provisions of section 18. সেখানে 18 এর জায়গায় sub-section (1) হওয়া উচিত।

তারপর আর একটা আছে 7 b)তে—shall as soon as may be apply for a licence for the working of such lift.

এই amendment বলা হয়েছে যে ৬ মাসের মধ্যে তাকে দরখাস্ত করতে হবে, এই ৬ মাসের পর আরও দু'মাস আমি amendment দিয়েছি। আমি বলেছি—shall apply within two months after the expiry of six months for a licence for the working of such lift on payment of a delay fine. এটা যোগ করা হোক্। এখানে একটা time limit করে দিচ্ছি, ৬ মাসের পর দু'মাস, তার মধ্যেও করতে না পারলে delay fine লাগবে।

The Hon'ble Bhupati Majumdar : অনঙ্গবাবু যে সংশোধনী এনেছেন তাতে বলেছেন Relif দেওয়া উচিত—in case of default. সেটা এতে বলিনি। এখন amendment accept করলে পর penal Provisions of the Act will not be applicable to malafide cases. সেখানেই হচ্ছে মুস্কিল। সেজন্য এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Mr. Banerjee, in an extraordinary issue of the Calcutta Gazette, the printing mistake 'life' for 'lift' has been corrected

The motion of Shri Ananga Mohan Das that in clause 7 in the proposed sub-section (1A), line 1, for the words "section 18", the words "sub-section (1) of this section" be substituted, was then put and lost.

The motion of Shri Ananga Mohan Das that in clause 7 in the proposed sub section (1A), lines 9-10, for the words "shall as soon as may be apply for a licence for the working of such lift the words "shall within two months after the expiry of six months for a licence for the working of such lift on payment of a delay fine of Rs. 10" be substituted, was put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and and agreed to.

Clause 8

Shri Saroj Roy : Sir, I beg to move that in clause 8(4), in the proposed sub-section (3), lines 9-10, the words "and on payment of such fee, not exceeding five rupees" be omitted.

আগেকার বিলটাতে যে ক্লজে টাকা-পয়সার ব্যাপার ছিল, তাতে ছিল—যারা Lift Owner তাদের Lift Examine করার সময় ১০ টাকা করে দিতে হবে। কিন্তু এদের নজর এমনি—

যেখানেই টাকা দেখছেন, সেখানেই হাত বাড়ান। Poor lift attendant কতই বা মাইনে পায়, তার ঘাড়ের উপর ৫ টাকা চাপিয়ে দিলেন যেটা আগের আইনে ছিল না। থাকার প্রয়োজনও নাই। গরীব লোকের উপর কেন এই ৫ টাকা চাপিয়ে দিচ্ছেন, বলে দিন।

[10-10—10-16 a.m.]

Shri Sunil Das : Sir, I beg to move that in clause 8(4), the following proviso be added to the proposed sub-section (3), namely—"Provided that such an attendant shall be deemed to be a workman as defined in the Industrial Disputes Act, 1947".

স্যার, এই অ্যামেণ্ডিং বিলের সেক্সন ১১-তে একটি সাব-সেক্সন সংযোজিত করে সেখানে বলা হচ্ছে যে লিফ্‌ট-ম্যান-দের ক্লাশ অ্যাটেনডেণ্ট তৈরী করা দরকার এবং সেই ক্লাশ অব অ্যাটেনডেণ্টদের ৫৲ টাকা ফি দিয়ে সার্টিফিকেট নিতে হবে—অর্থাৎ তাঁদের অথরাইজেসন সার্টিফিকেট ফি দিতে হবে। কিন্তু এখানে কথা হোল যে, এই লিফ্‌টম্যানদের রাইট কি হবে, তাঁদের আওয়ার্স অব ওয়ার্ক কি হবে, অ্যাক্সিডেণ্ট হোলে তাঁরা কোন ক্ষতিপূরণ পাবে কিনা, যদি ওনার অব দি প্রেমিসেস তাঁদের সঙ্গে দুর্ব্যবহার করেন বা অন্যায়ভাবে তাঁদের চাকুরী থেকে বরখাস্ত করেন তাহলে এই লিফ্‌টম্যানরা কি প্রোটেক্সন্ পাচ্ছে, তার কোন কথা এই প্রোপোজ্‌ড সাব-সেকসনে বলা নেই। এখানে শুধু বলা আছে for purposes of working such lift. কিন্তু আমার প্রশ্ন হোল যে, প্রেস্‌ক্রিপসন-এর উপর কেন রেখে দেওয়া হচ্ছে? আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল ডিস্‌পুট্ অ্যাক্ট এবং ফ্যাক্টরীজ অ্যাক্ট রয়েছে এবং উভয় অ্যাক্টেই ওয়ার্কারের ডেফিনেসন রয়েছে, কাজেই এই লিফ্‌টম্যানদের কেন ওয়ার্ক-ম্যান বলা হবে না এবং Industrial Disputes Act-এ workmanদের যে সমস্ত রাইট রয়েছে সেগুলো এঁরা কেন ভোগ করতে পারবেন না, সেইজন্য আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছি আশাকরি মন্ত্রীমহাশয় তা গ্রহণ করবেন। কারণ লিফ্‌টম্যান-দের যদি মাসি অব দি ওনার রাখা হয় এবং তাঁদের যদি মেণ্টেনেন্স-এর কাজ ৮ ঘণ্টার বেশী করতে হয়, তাহলে তাঁদের অনেক অসুবিধা হয় এবং তা ছাড়া মালিকরা যখন অনেক সময় তাঁদের সঙ্গে দুর্ব্যবহার করেন তখন এরকম আইন থাকা উচিত যে, এই লিফ্‌টম্যানরা ওয়ার্কম্যান হিসেবে স্বীকৃত হবে এবং ইণ্ডাষ্ট্রিয়াল ডিস্‌পুট অ্যাক্টে যে সমস্ত প্রিভিলেজ এবং প্রোটেকসনের কথা বলা আছে, সেগুলো তাঁরাও পাবেন। আশাকরি মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন।

The Hon'ble Bhupati Majumdar : মাননীয় সদস্য সরোজবাবু যে কথা বলেছেন তার উত্তরে বলতে চাই যে, এরজন্য একটা ছোট সেক্সন রাখতে হচ্ছে এবং তার খরচের জন্যই ঐ ৫৲ টাকা ম্যাক্সিমাম্ বলা হয়েছে। এখন ৪৲ টাকা নেওয়া হয় এবং এটা শুধু এখানেই নয়, অন্যান্য জায়গায়—অর্থাৎ মোটর ড্রাইভারদের যদি লাইসেন্স নিতে হয়, তাহলে তাঁদেরও টাকা দিতে হয়! প্রথমবারে ৪৲ টাকা এবং তারপর যখন ১৲ টাকার বেশী চার্জ করা হবে না তখন এটা হেভি চার্জ নয় এবং সেইজন্যই তাঁর প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

তারপর, সুনীলবাবু যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেটাও গ্রহণ করতে পারছি না। কারণ, ২ রকমের লিফ্‌টম্যান আছে। ইণ্ডাষ্ট্রিয়াল কনসার্ন এর ভিতর যে সমস্ত লিফ্‌টম্যান রয়েছে তাঁরা অটোমেটিকালি এর ভিতর পড়ে যাবে, কিন্তু যেগুলো প্রাইভেট রয়েছে সেগুলো এর ভিতর পড়বে না এবং এই দু'রকম আছে বলেই ঐটা করা হয়েছে। তারপর, প্রাইভেট লিফ্‌ট যেগুলো অপারেট করছে তাঁদের প্রোটেকসন দেবার প্রয়োজন নেই বলে এগুলো গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Saroj Roy that in clause 8(4), in the proposed sub-section (3), lines 9-10, the words "and on payment of such fee, not exceeding five rupees" be omitted, was then put and lost.

The motion of Shri Sunil Das that in clause 8(4), the following proviso be added to the proposed sub-section (3), namely :—

"Provided that such an attendant shall be deemed to be a workman as defined in the Industrial Disputes Act, 1947.",

was then put and lost.

The question that Clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker : There are no amendments to Clauses 9, 10, 11 and the Preamble.

Clauses 9, 10 and 11

The question that Clauses 9, 10 and 11 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bhupati Majumdar : Sir, I beg to move that the West Bengal Lifts and Escalators (Amendment) Bill, 1961, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 10-16 a.m. till 3 p.m. on Monday, the 18th September, 1961, at the Assembly House, Calcutta.

———

Vol. XXX—No. 2

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Thirtieth Session

(September, 1961)

(The 15th, 16th, 18th, 19th, 20th, 21st, 22nd, 23rd, 25th and 26th September, 1961)

(Part 2—5)

(18th, 19th, 20th and 21st September,)

Published by authority of the Assembly under Rule353 of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 18th September, 1961, at 3 p. m.

Present

Mr. Speaker (THE HON'BLE BANKIM CHANDRA KAR) in the Chair, 13 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 195 Members.

UNSTARRED QUESTION

[to which written answer was laid]

[3—3-10 p. m.]

Damage to jute crops in Nadia district

16. (Admitted question No. 52.) **Shri Haridas Dey :** Will the Hon'ble Minister in charge of the Agriculture and Food Production Department be pleased to state—

(ক) বর্তমান বৎসরে নদীয়া জেলায় কোন্ থানার কত একর জমির পাট পোকায় ক্ষতিগ্রস্ত হইয়াছে ; এবং

(খ) ইহার প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

The Ministe for Agriculture and Food Production (The Hon'ble Tarun Kanti Ghosh) :

(ক) ১২টি থানার মোট ৬১,০০০ একর পাটের জমি পোকায় ক্ষতিগ্রস্ত হইয়াছে। যথা—

কৃষ্ণনগর মহকুমা

থানা		একর
(১) সদর	...	৪,৫০০
(২) তেহট্ট	...	৪,৫০০
(৩) করিমপুর	...	৪,৫০০
(৪) কালিগঞ্জ	...	৪,৫০০
(৫) নাকাশিপাড়া	...	৭,০০০
(৬) কৃষ্ণগঞ্জ	...	৫,৫০০
(৭) চাপড়া	...	৫,৫০০
		৩৬,০০০

রানাঘাট মহকুমা

থানা		একর
(৮) সদর	...	৪,০০০
(৯) হরিণঘাটা	...	৫,০০০
(১০) হাঁসখালি	...	৬,০০০
(১১) চাকদহ	...	৭,০০০
(১২) শান্তিপুর	...	৩,০০০
		২৫,০০০

(খ) বিভিন্ন রকমের ১,০৪০-টি কীটনাশক ঔষধ ছড়াইবার যন্ত্রপাতি ও ২৭০ টন কীটনাশক ঔষধ ব্যবহৃত হইয়াছিল।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Mother of Martyr Kshudiram

*29. (Admitted question No. *14.) **Shri Sunil Das:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

(*a*) if it is a fact that the old mother of Martyr Kshudiram Bose is living in abject penury in a village under Bagnan police-station in Howrah district ; and

(*b*) if so, what steps the Government have taken so far to relieve the distress of the mother of First Martyr in the Struggle for Freedom of the Country.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) and (*b*)—His step-mother is reported to be living there, and she is a regular recipient of gratuitous relief. A sum of Rs. 100 was also paid to her in two instalments in 1955 and 1956 from the Chief Minister's Discretionary Fund.

Shri Sunil Das: এই gratuitous relief এইquestion এর পরে দেওয়া হচ্ছে ?

The Hon'ble Dr. Bidhan Chandra oy : It is reported that Shrimati Sushila Bose, aged about 50, is living in the house of her brother, late Surendra Nath Rhanja at Deulgram village of Kalyanpur Union, police-station Bagnan, Howrah. She is the widow of late Trailakya Nath Bose, and step-mother of Shahid Kshudiram Bose. She is under stood to have become a widow at the age of 14 years and come to her father's house. She has got neither any issue nor any other member of her father's family Once her father and brother were solvent but she has now no landed property other than *bastu* and a very small *danga* land with some cocoanut and other trees. Her brother also died about 25 years back. She received a sum of Rs. 150 on 22. 9. 55 and a sum of Rs. 50 on 13. 4. 56 from my discretionary fund. She is a regular recipient of gratuitous relief. Cash gratuitous relief for a fortnight was paid to her on 7. 9 61. She is being looked after by Shri Debaprasad Ghosh, Assistant Headmaster D. B. M. High School, Deulgram.

Shri Sunil Das: এটাকি সত্য যে, Government এর পক্ষ থেকে একটা অবস্থায় জানান হয়েছিল martyrদের কোন pension দেওয়া হয়নি, political sufferer দের যাকে কোন pension দেওয়া হয়নি নিজেরা political sufferer নাহলেপর।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : বলতে পারি না।

Dr. Kanailal Bhattacharjee : ৭ | ৯ | ৬১ সালে last gratuitous relief দেওয়া হয়েছে—প্রশ্ন হচ্ছে এই gratuitous relief কি এই প্রশ্ন পাবার পর দেওয়া হয়েছে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : The last payment was made on 7. 9. 61.

Dr. Mihir Lal Chatterjee : In what shape and form is gratuitous relief being paid regularly ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I have already given the reply.

Report of the Pay Committee

*30. (Admitted question No. *35.) **Shri Ganesh Ghosh** : Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) what are the main findings and recomendations of the Pay Committee ; and

(*b*) whether the report of the Committee will be placed before the Assembly ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : (a) & (b) The main findings and recommendations of the Pay Committee will be found in their Report, which is now being printed in the Press and which will be placed before the House after the printing is completed.

Shri Ganesh Ghosh :—কতদিনে printed হবে, আমরা অনেক আগে থেকেই চাচ্ছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy ; কালকেই বলা হয়েছে আপনারা চলে যাবার পূর্বেই এবিষয়ে মোকাবিলা করার সুযোগ পাবেন।

Shri Ganesh Ghosh : আমরা আলোচনা করার সুযোগ চাই।

Mr. Speaker : That question does not arise.

Report of the Pay Committee

*31. (Admitted question No. *83.) Shri DEBEN SEN : Will the Hon'ble Minister in charge of the Finance Depattment be pleased to state—

(a) the findings and recommendations of the Pay Committee appointed to enquire into the question of revision of pay scales of the State Government employees ;

(b) whether the State Government have accepted these recommendations ;

(c) whether these recommendations have been modified by the Government ; and

(d) if so, what those modifications are ?

The Hon'ble Dr. Bidhan Chaudra Roy : (a) The Report of the Pay Committee is being printed in the Press. Copies will be available shortly. The Hon'ble Members will know the findings and recommendations of the Pay Committee from the said Report. (b), (c) & (d)—The recommendations of the Pay Committee are being finalised by the Government.

Shri Deben Son : আমার অতিরিক্ত প্রশ্ন হল Whether the State Government have accepted those recommendations.

Mr. Speaker : Government থেকে আগেই বলা হয়েছে it's being finalised by the Government.

Shri Deben Sen : স্যার, এমন কর্মচারী আছে যাদের বেতন মাত্র ১ টাকা বেড়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমি পুনঃ পুনঃ আপনাদের জানিয়েছি Pay Committeeর রিপোর্ট এখন আমাদের কাছে আছে and their recommendations are being finalised.

Shri Deben Sen : এই recommendation Government accept করেছেন ?

Mr. Speaker : উনিতো বলেছেন, Government ভাবছেন, the recommendation are being finalised.

Shri Deben Sen : বলুন না Government accept করেছেন কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Government ভাবছেন।

Shri Jatindra Chandra Chakravorty : Out of (c) whether these recommendations have been modified by the Government.

আমার প্রশ্ন হচ্ছে, ১৭০ টি ক্ষেত্রেই Cabinet modify করছেন কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমি এই বিষয়ে এখন আর কিছু বলতে পারব না।

Shri Jatindra Chandra Chakravorty : ১৭০টি ক্ষেত্রে already modify করছেন।

Mr. Speaker : Your question will be answered when it is finalised, not before that.

Shri Jatindra Chandra Chakravorty : আমার সরাসরি প্রশ্ন হচ্ছে, ১৭০টি Category ক্ষেত্রে তারা modify করেছেন—এখবর সত্য কিনা। এই modification বাড়তির দিকে, না কমতির দিকে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : কি করে বলব।

The Jatindra Chandra Chakravorty : এখন পর্যন্ত যা modify করেছেন সেটা বাড়তির দিকে না কমতির দিকে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Modification চলছে এটুকু বলতে পারি।

[3-10—3-20 p. m.]

Shri Deben Sen : অনেক ক্ষেত্রে starting pay এবং বহু ক্ষেত্রে maximum pay কমিয়ে দেওয়া হয়েছে এগুলি কি তাঁরা কন্‌সিডার করেছেন ?

(No reply).

Dacca Conference on Berubari Union

*32. (Admitted questson No. *44.) **Shri Sunil Das :** Will the Hon'ble Miinster in charge of the **Home Depar ment** be pleased to state—

(*a*) if it is a fact that a representative of the State Government participated in the Dacca Conference held in the third week of July, 1961, in regard to the division of Berubari Union ; and

(*b*) if so what steps have been taken in this regard and when such division will be effected ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : (a) The Directors of Land Records and Surveys of West Bengal and East Pakistan held one of their periodical meetings on the 20th and 21st July at Dacca. Such meetings are held at regular intervals to discuss questions arising out of the demarcation of the boundaries of West Bengal and Tripura on the one hand and East Pakistan on the other, which has been going on for some time. At the above Dacca meeting, the question of the division of Berubari was also discussed as one of the subjects.

(b) It was decided that division of Berubari according to the terms af the Nehru-Noon Agreement could not be taken np till after the rainy season is over. Accordingly, some time in November, 1961 the preliminary work of division will be taken up by the two D. L. R. S. It it expected that the work will take four to six months to complete.

Shri Sunil Das : আমি জানতে চাচ্ছি যে, এই ডিভিশানের মধ্যে দিয়ে ২ জন ডি. এল. আর এর মধ্যে মতৈক্য হয়েছে, না মতানৈক্য হয়েছে—অর্থাৎ whether any agreement has been reached as between the D. L. R. of the West Bengal Government and the D. L. R. of East Pakistan Government in regard to the question of nature of division.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমার কাছে আর কোন ইনফরমেশান নেই—our departmet is working under the direction of the Govt. of India—তবে এখনও পর্যন্ত ফাইনালাইজ হয়নি বলে এর বেশী বলা সম্ভব নয়।

Shri Sunil Das : সংবাদপত্রে এই সংবাদ জুলাই মাসে উঠেছিল যে ডি. এল. আর দের মধ্যে মতৈক্য হয়েছিল যে কিভাবে ডিভিশান করা হবে। কোথায় ডিভিশনকরা হবে এটা সত্য কিনা ?

The Hon'ble Dr. Bidan Chandra Roy: এখনও পর্য্যন্ত যখন কোন কিছু ফাইনালাইজ হয়নি তখন এর বেশী বলা যায় না।

Shri Sunil Das: এটা ডিভিশানটা গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার পরামর্শ অনুযায়ী গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল জেনারেল ইলেকশানের এটা পিছিয়ে দেবার চেষ্টা করছেন যাতে করে কোন রকম discontent না হয়—এটা সত্যি কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: এর সঙ্গে ইলেকশানের কোন সম্পর্ক নেই বলে জানি।

Sri Jatindra Chandra Chakravorty: এই যে ডিভিশান অফ বেরুবাড়ী ইউনিয়ন এটাকে horarizontally, করার জন্য instruction দেওয়া হয়েছে না vertically করার জন্য instruction দেওয়া হয়েছে? অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টের ডি. এল. আর এখান থেকে ইষ্ট পাকিস্থানের ডি. এল. আর ওখান থেকে এসেছেন তখন আমাদের গভর্ণমেণ্টের পক্ষ থেকে ডি. এল. আরকে কি কোন instruction দেওয়া হয়েছে, vertically বা horaizontally division করার জন্য?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: কোন instruction দেওয়া হয়নি, শুধু বলা হয়েছে যে ওখানকার C' Wealth Ministry যেভাবে চলে সেইভাবে চলবে।

Shri Jatindra Chandra Chakravorty: সেই Commonwealth Ministryকে কি কোন instruction দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: জানিনা।

Shri Jatindra Chandra Chakravorty: চীফ মিনিষ্টার বলছেন জানিনা, অথচ আমাদের ওয়েষ্ট বেঙ্গলের সেক্রেটারী সেখানে গিয়ে কি implement যাচ্ছেন সেটা জানবার কি কোন দরকার তাঁর নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: His service has been lent to the Commonwealth Ministry to discuss with the D. L. R. of the other State. He will take instructions from there.

Shri Jatindra Chandra Chakravorty: একথা কি সত্য Chief Minister এ সম্পর্কে কোন খবর রাখেন না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: এই division বিষয়ে কোন খবর রাখি না।

Shri Deben Sen: মাননীয় Chief Minister কি চেষ্টা করেছিলেন জানতে Commonwealth Secretary কি Instruction দিয়েছেন বেরুবাড়ী Division সম্বন্ধে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: কিছুই করিনি।

Proposed Thermal Electricity Generating Plant at Tribeni

*33. (Admitted question No. *47.) **Shri Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state –

(ক) তৃতীয় পরিকল্পনাকালে হুগলী জেলার ত্রিবেণীতে রাজ্য-সরকার কর্তৃক তাপ-বিদ্যুৎ উৎপাদনের কারখানা স্থাপন করার ব্যবস্থা সম্পূর্ণ হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কারখানাটি স্থাপন এবং চালু করার জন্য মোট কত অর্থ ব্যয়িত হইবে,

(২) কোন্ কোন্ সূত্র হইতে এই অর্থ সংগৃহীত হইবে,

(৩) বিদেশ হইতে কি পরিমাণ অর্থ এই উদ্দেশ্যে ঋণ হিসাবে সংগ্রহ করা হইবে,

(৪) কোন্ দেশ হইতে এই ঋণ সংগৃহীত হইবে,

(৫) কবে কারখানার নির্মাণকার্য শুরু হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়,

(৬) কি পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হইবে,

(৭) কাহাদের নিকট এই উৎপাদিত বিদ্যুৎ বিক্রয় করা হইবে, এবং

(৮) এই কারখানা পরিচালনার ভার কোন বিদেশী কোম্পানীর উপর দেওয়া হইবে কিনা এবং দেওয়া হইলে, কোন্ কোম্পানীকে দেওয়া হইবে এবং কতদিন উহাদের হাতে কারখানার পরিচালনার ভার থাকিবে ?

Shri Ganesh Ghosh : মাননীয় হাজরা মহাশয় উপস্থিত নাই, যদি এই প্রশ্নের উত্তরটা ছেড়ে দেন।

Mr. Speaker : I already told the other day that questions could not held over. If an honourable member is absent, I have nothing to . If he comes in today before expiry of the time, he may, however, it his question provided there is time.

Permit for Baby Taxis

*34. (Amitted question No. *53.) Shri Sunil Das : Will the on'ble Minister in charge of the Home (Transport) Department be pleased state—

(*a*) if it is a fact that hundreds of applications for permits for Baby Taxis are pending before the Government ;

(*b*) if so, what is the number of such applications, and how long these are pending ; and

(*c*) what policy, if any, has been formulated to dispose of the pending applications ?

Shri Chittarajan Roy : (*a*) Yes, but the applications are pending not fore the Government but before R. T. A, Calcutta, which is the authority consider such applications under M. V. Act, 1939.

(*b*) 6487 applications since May, 1960.

(*c*) As individual ownership of permits of taxis in Calcutta has led to rious forms of misuse of such permits and malpractices and is also herwise detrimental to public interests, it has been the policy of Govern-ent to encourge formation of Co-operative Societies for running taxis in lcutta. Two such co-operatives have already been formed and 20 permits ve been granted to them. Steps are now being taken for formation more such co-operatives. Altogether 300 permits are to be given.

Shri Sunil Das : Co-operative গুলি কাদের দিয়ে গঠিত হয়েছে—কি ভাবে গঠিত য়ছে বলবেন কি ?

Shri Cittaranjan Roy : এগুলি গঠিত হয়েছে যাদের Professional driving cense আছে এবং knowledge in motor mechanism to some extent আছে। কেস ২০ জন নিয়ে একটা unit করা হয়েছে এবং সে unit কে ১০টা করে taxi permit ওয়া হচ্ছে এবং তারা প্রত্যেকে ১ হাজার টাকা share কিনলে, ২০ হাজার টাকা share নলে Government ২০ হাজার টাকা participate with shares. The Provincial -operative Bank has agreed ১ লক্ষ ৩০ হাজার টাকা পর্য্যন্ত to give loan at 5% terest payable in course of 3 to 5 years, preferably 3 years. Government lp করছে executive officer দিয়ে until the loan is paid up যতদিন taxi নিজস্ব হবে ততদিন at Government cost, executive officer will administer their ork.

3-20—3-30 p. m.]

Shri Sunil Das : যখন ৬,৪৮৭ জনের দরখাস্ত কল করা হয়েছিল, তখন কো-অপারেটিভ ন করা হবে একথা বলে অ্যাপ্লিকেশন চাওয়া হয়েছিল না শুধু ইতিতিজুয়াল ভিত্তিতে ট্যাক্সি ওয়া হবে এই ভাবে অ্যাপ্লিকেসন কল করা হয়েছিল।

Shri Chttaranjan Roy : প্রথমে মার্চ, ১৯৬০ তে কাগজের মারফৎ অ্যাডভারটাইস করা হয়েছিল যে 300 permits issue করা হবে এবং তাতে কোয়ালিফিকেসন সম্বন্ধে যে ২টি জিনিষ এ্যাক্সিবিট করা হয়েছিল সেটা হোল qualification of professional drivers' license and knowledge of motor mechanism to some extent. তারপর in December, 1960 তে রিপোর্ট এল যে ৬,৪৮৭ জন অ্যাপ্লিক্যান্টের মধ্যে only 38 were eligible. তারপর যখন নেক্সট ইণ্টারভিউ হোল তখন দেখা গেল যে, only 10 appeared and they pleaded paucity of fund to advance the first instalment.

এই অবস্থাতে তখন কো-অপারেটিভের পরিকল্পনা তৈরী করা হোল।

Shri Sunil Das : ৬,৪৮৭ জনের ভিতরে যে ৩৮ জন eligible হোল তা'তে আমি জানতে চাই যে তাঁদের eligibility test এর criterion কি ছিল ?

Mr. Speaker : উনি তো এর পূর্বেই বলেছেন যে, drivers' license এবং kowledge of motor mechanism থাকা চাই।

Shri Sunil Das : আমি জানতে চাই যে, উনি যা বলেছেন সেটাই কি comprehensive criteria, না তাছাড়া আরও কোন criteria আছে যার ভিত্তিতে এই ৩৮ জনকে সিলেক্ট করা হয়েছে ?

Shri Chittaranjan Roy : মাত্র ২টি criteria দেওয়া হয়েছিল এবং তার মধ্যে ১টি হচ্ছে qualification of professional drivers' license এবং আর একটি হচ্ছে Knowledge of motor mechanism to some extent এবং যে ৬,৪৮৭ জন এ্যাপ্লিক্যান্ট ছিল তার মধ্যে মাত্র ৩৮ জনের এই ২টি qualification ছিল এবং তাদের মধ্যে ১০ জন ইণ্টারভিউ দিয়েছে।

Shri Sunil Das : আপনি ২টি টেষ্টের এর কথা বললেন অর্থাৎ motor driving license এবং knowledge in motor mechanism to some extent. কিন্তু আমার প্রশ্নহোল এই যে ৬,৪৮৭ জন দরখাস্ত করেছিলেন তাঁদের পরীক্ষা না করে কি করে আপনি জানলেন যে তাঁদের motor vehicle-এর knowledge নেই এবং যদি পরীক্ষা করে থাকেন তাহলে সেই পরীক্ষা কি ভাবে হোল ?

Shri Chittaranjan Roy : তাঁরা যখন application পাঠায় তখনই তাঁরা তার উপরে license number এবং I have got license of such and such date ইত্যাদি কথাগুলো এবং motor mechanism জানা আছে কিনা বা moter vehicle এর experience আছে কিনা সেই সমস্ত লিখে দেয়। তবে যখন ইণ্টারভিউ কল্ করা হোল তখন যে ৩৮ জন লিখেছিল তাঁদের মধ্যে মাত্র ১০ জন appeared হোল।

Shri Sunil Das : এই বাছাইর কাজ কি আর. টি. এ. করেছেন ?

Shri Chittaranjan Roy : না, আর. টি. এ.-র সেক্রেটারী করেছেন।

Shri Sunil Das : এই ৩৮ জন লোককেই কি ডাকা হয়েছিল ?

Shri Chittaranjan Roy : হাঁ, ৩৮ জনকেই ডাকা হয়েছিল।

Shri Sunil Das : আমার কাছে যে কয়েকটি applicant এর নাম এবং তাঁদের application number রয়েছে তাতে দেখেছি যে এই ২টি qualification থাকা সত্ত্বেও তাঁদের ডাকা হয়নি। কাজেই মন্ত্রীমহাশয় এ সম্বন্ধে কিছু জানেন কি যে, এই ৩৮ জনের অনেক বেশী applicant এর ঐ ২টি qualification থাকা সত্ত্বেও তাঁদের ডাকা হয়নি ?

Shri Chittaranjan Roy : ২টি qualification আছে অথচ তাঁদের ডাকা হয়নি, এরকম লোকের নাম দিলে আমি enquiry করে দেখব।

Shri Sunil Das : ১৯৬০ সালের ২৩শে মে তারিখে তাঁরা application করেছে এবং তাতে দেখা যাচ্ছে যে তাঁদের ঐ ২টি qualification রয়েছে। যাহোক্, এই ৩৮ জনের

ভিতর যখন মাত্র ১০জন test দিতে এল তখন আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, তাঁদের সকলকে খবর দেওয়া হয়েছিল কি ?

Shri Chittaranjon Roy : ৩৮ জনকেই খবর দেওয়া হয়েছিল তবে ১০ জন মাত্র এসেছিল। অবশ্য যদি কেউ খবর না পেয়ে থাকে তাহলে আমাকে জানালে আমি দেখব।

Shri Sunil Das : আপনি একবার বলেছেন যে, ২০ জনকে নিয়ে ২টি কো-অপারেটিভ গঠিত হয়েছে অথচ আপনিই আবার বলেছেন যে টেষ্টে মাত্র ১০ জন উত্তীর্ণ হয়েছে এর অর্থ কি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : ১০ জনই মাত্র এসেছিল।

Shri Sunil Das : এই যে দুটো co-operatives করলেন এতে লোক এল কোথা থেকে ?

Mr. Speaker : If I could understand him he said only 10 per cent got individual permits.

Shri Sunil Das : He said only 10 per cent appeared. আমার জিজ্ঞাস্য হচ্ছে এই দুটো co-operatives কাদের নিয়ে হ'ল ?

Shri Chittaranjan Roy : প্রথম যখন advertise করা হয়েছিল তখন ৬ হাজার ৪শো ৮৭ জন individual applicants ছিল এবং they were treated as individual applicants. তার মধ্যে ৩৮খানা applicationএ তাদের qualification লেখা ছিল। সেখানে interview করতে গিয়ে দেখা গেল ১০ জন individual appeared হল। তখন ঠিক করা হ'ল let us try for co-operatives. ২শো co-operatives যদি তৈরী হয় তাহলে দেখা যাবে ২শো পার্সন নিতে পারব। তখন co-operative organise করতে গিয়ে প্রথমে দুটো ডিষ্ট্রিক্ট—২৪ পরগণা ও কলকাতা নেওয়া হয়েছিল। আমাদের Asistant Registerদের বলা হয়েছিল through the Inspector and Auditors' to find out যাদের এই রকম qualification আছে তারা co-operative এ আসতে চায় কিনা। আমাদের একটা organising squad আছে, তারা খুঁজে খুঁজে দেখে। Interviewএ যদি তারা satisfy করে তাহলে তা করার পর তাদের নিয়ে co-operative হয়।

Shri Sunil Das : Co-operative যাদের নিয়ে গঠিত হ'ল তারা সম্পূর্ণ বাইরের লোক, ১০জন applicant এর ভেতর থেকে লওয়া হয়নি। গভর্ণমেণ্ট এতগুলি লোককে hopes দিয়ে রেখেছেন, এখনও পর্য্যন্ত তাঁরা ভাবছেন ডাক পড়বে এটা সত্য কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমার বোধ হয় বুঝতে ভুল করছেন। There are two stages –প্রথম stageএ আমরা application individually চেয়েছিলাম। তখন ৬হাজার application এল। আমরা বললাম তোমাদের এই এই qualification আছে কিনা। ৫৮ জন লোক বললে আমাদের আছে। তাদের ডেকে পাঠান হল। মাত্র ১০জন এল। তখন গভর্ণমেণ্ট থেকে বলা হ'ল individual দিয়ে লাভ হবে হবে না—co-operative করা যাবে না। কাজেই আগেকার application নাকচ করে দিয়ে they asked the Assistant Register of Co operatives to find out whether there could be through their organisation co-operatives formed in these two Districts.

Shri Sunil Das : আমার বক্তব্য হচ্ছে এই যে ৬ হাজার ৪শো ৮৭ জনের দরখাস্ত লওয়া হ'ল তারা এখন পর্য্যন্ত আশায় আছে যে তারা interview পাবে। এই ৬ হাজার লোককে ঝুলিয়ে রেখে extraneous sphere এর লোককে লওয়া হ'ল।

Shri Chittranjan Roy : Government এর পলিসি হচ্ছে individual ভিত্তিতে না দিয়ে এইরকম co operative এর ভিত্তিতে দেওয়া। এটা কাগজে publish করা হয়েছিল।

Shri Sunil Das : এইরূপ co-perative এর ভেতর মহিলারা রয়েছেন কিনা, তাঁদের লাইসেন্স আছে কিনা এবং তাঁরা কারা ?

Shri Chittranjan Roy : নোটিশ চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমাদের মনে দুটো জিনিস ছিল। একটা জিনিস হচ্ছে driver নিজেরা লাইসেন্স নিয়ে personally drive করবে, আর একজনকে ভাড়া দিয়ে taxi চালাবে না। তা চালাতে হলে তার machine এর mechanism জানা দরকার। ১৯৫০ সালে আমাদের এই ধারণা ছিল। কিন্তু তারপর যে জিনিস আমার মনে হ'ল সেটা হচ্ছে একজন লোককে যদি একটা taxi দিই সে হয়ত ৫।৭শো টাকা রোজগার করতে পারে। কিন্তু বেটার হয় যদি দুজন লোককে একসঙ্গে দিই, তাহলে দুজনই provide হবে। আর একটা ডিফিকাল্টি হল যেটা আপনারা জানেন, অনেক সময় যাঁরা ট্যাক্সি কিংবা বাস পারমিট পান তাঁদের ট্যাক্সি কিংবা বাস কেনার টাকা থাকে না, তাঁরা মহাজনের কাছে যান। তারা এত বেশী ইণ্টারেস্ট চার্জ করে যে কিছুদিন পরে তারা আমার কাছে এসে কান্নাকাটি করে আমাদের বাস কিংবা ট্যাক্সি কেড়ে নিচ্ছে বলে। এইরকম ৪।৫ জন আমার কাছে এসেছিল। সেজন্য এদের মহাজনদের হাত থেকে রক্ষা করার জন্য আমি ভেবেছিলাম যদি এরা co-perative এর ভিতর দিয়ে আসে তাহলে মহাজন আসে না। কাজে কাজেই co-perative হল। এতে একজন লোকও অনেকখানি রোজগার করতে পারবে না। ২০ জন লোক যদি ১০টা ট্যাক্সি চালায় তাহলে ৫শো টাকা হলে ৫ হাজার টাকা হতে পারে এবং তাতে প্রত্যেকের ভাগে ২৷৷ শো টাকা পড়বে এবং Co-perative Act অনুসারে তারা লোন পেতে পারবে।

[3-30—3-40 p. m.]

Provincial co-perative দিতে রাজী হয়েছে। এই সমস্ত ভেবে চিন্তে ঐ স্কীমকে বদলে আর একটা স্কীম করা হয়েছে। এই স্কীম সম্বন্ধে advertisement না করে বললাম—তোমরা যদি জায়গায় জায়গায় লোক খুঁজে পাও যাদের মোটর মেকানিকস্ সম্বন্ধে নলেজ আছে, ড্রাইভিং লাইসেন্স আছে, তাদের দিয়ে এটা কর। যেটা করলে ভাল হবে। কারণ বাইরে মহাজনদের মানিলেণ্ডারদের হাতে গিয়ে আর তাদের পড়তে হবে না।

Shri Sunil Das : এতে করে জনসাধারণের মনে এই ধারণা হয়েছে যে ইলেকসন্ আসছে, সেই ইলেকসানের কাজে এই কোপারেটিভ্ ব্যবহার করা হবে; যেহেতু কংগ্রেস পার্টিই রুলিং পার্টি, তারা এদের ব্যবহার করবে এই ধারণার কোন ভিত্তি আছে কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমি সুনীলবাবুকে একটা কথা বলি—যখন একটা জিনিষ আমরা করি, তা খুব ভাল করেই করি, তখন আর আমাদের ইলেকসনের কথা মনে হয় না। আপনাদের মনে ইলেক্সনের চিন্তা বড় মনে হতে পারে। আমাদের মনে হয় যাতে লোকের উপকার হয়,—এমন কাজ করাটাকেই আমি বড় মনে করি। সেই কাজ যদি আমরা ভাল করে করতে পারি তা'হলে আর ইলেক্সনের জন্য ভাবনা নাই।

Shri Sunil Das : ঐ ছ'হাজার applicant দের ভেতর যারা eligible যাদের licence আছে, motar mechanics এর জ্ঞান আছে, তাঁরা যদি বলেন আমরা কোপারেটিভ করতে চাই, তাহলে তাদের কি করতে দেবেন ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : নিশ্চয়ই।

Shri Chittaranjan Roy : তাঁরা যদি পরস্পর ঝগড়া করেন, তাহলে কি হবে ?

Shri Sunil Das : সে তো পরে হবে। তাঁদের Co-operative করতে দেবেন তো ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : হ্যাঁ।

Shri Jatindra Chandra Chakravorty : যখন বেবী ট্যাক্সি গোড়ার দিকে দেওয়া সুরু হয়, তখন সরকারের উদ্দেশ্য ছিল যাতে বাঙ্গালী ট্যাক্সি ড্রাইভাররা ট্যাক্সি বেশী পায়। কিন্তু আস্তে আস্তে দেখা যায় বাস্তবক্ষেত্রে তা হচ্ছে না। এখন আমার প্রশ্ন হলো এই যে Co-operative পলিসি সরকার নিয়েছেন যে co-operative কে দেবেন সেই কথা মনে রেখে, সেইসব co-operative কে দেওয়া হয় কিনা—যাতে মধ্যবিত্ত বাঙ্গালী এই বেবী ট্যাক্সীর পারমিট পেতে পারে, সেদিকে নজর রাখা হচ্ছে কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : নিশ্চয়ই।

Dr. Kanilal Bhattacharjee : ঐযে দশজনের কথা বললেন যাদের বেবী ট্যাক্সীর পারমিট দেবার জন্য ইন্টারভিউ কল করা হয়েছিল, তাদের কি ট্যাক্সী দেওয়া হয়েছে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : ঐ দশজন যখন appear হলো, যাদের individual ট্যাক্সী দেবার কথা তখন তাদের সম্বন্ধে ভাবলাম individual না দিয়ে co-operative কে দেওয়া হোক্। এটা যখন ঠিক হলো তখন আর ঐ দশটার প্রশ্ন উঠলো না। তখন আমরা নোটিফাই করলাম নূতন করে co-operative এর কতকগুলি advantage আছে, তখন নূতন করে লোক নিয়ে করা হল।

Dr. Kanailal Bhattacharjee : সেই দশজনকে এই Co-operative এর মধ্যে include করা হয়েছে কি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Rey : না।

Dr. Kanailal Bhattacharjee : আপনি যে Co-operative form করেছেন, তার মধ্যে তাদের নেন্‌নি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : না।

Shri Ganesh Ghosh : যাদের একাধিক বেবী ট্যাক্সি আছে এই যে Corruption ও দুর্নীতির কথা বললেন, তারপরে এদের কাছ থেকে একটা রেখে বাদবাকী নিয়ে নেবার চেষ্টা হচ্ছে কি ?

Shri Chittaranjan Roy : তা আমি বলতে পারবোনা। Transport Deptt. বলতে পারবেন।

Shri Ganesh Ghosh : তাহলে এরকম পলিসি নাই—Out of the answer আর একটা প্রশ্ন হচ্ছে এই যে homogeneous হতে হবে কো-অপারেটিভ করতে হলে, এই homogeneityর মানে কি ? They must belong to the Congress Party.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy না, না ; They must belong to the Congress Party and the Communist Party.

Shri Chittaranjan Roy : Hon'ble member Shri Bankim Mukherjee has been in the Co-operative.

Shri Ajit Kumar Ganguli : উনি বললেন একটা Co-operative করবার জন্য একটা organising body করা হয়। এই organiging body কাদের নিয়ে গঠিত হয়।

Mr. Speaker : তার উত্তর ত তিনি আগেই দিয়েছেন।

Dr. Hirendra Kumar Chattopadhyay : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে individual taxi দেবার policy change করে Co operative করা হয়েছিল এবং Co-operative কে দেওয়া হবে বলে announce করা হয়েছিল। এই announcement টা কবে হয়েছিল এবং কি ভাবে হয়েছিল ?

Shri Chittaranjan Roy : নোটিশ চাই।

Inclusion of Jagacha and Bally police-stations in N. E. S. Block

*36. (Admitted question No. *70.) Dr. Kanailal Bhattacharya : Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(*a*) whether the Gaverнment has any proposal for the inclusion of Jagacha police-station of and the rural areas of Bally police-station of Hawrah district in the N. E. S. Block ; and

(*b*) if so, the approximate date ?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : (*a*) Government propose to open a block covering the Jagacha P. S. and the rural areas of Bally police-station.

(*b*) The date for opening the block has not yet been decided.

Dr. Kanailal Bhattacharjee: এটা কি সত্য যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রাম্য, rural এলাকাকে N. E. S. block এর অন্তর্ভুক্ত করা হবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: হাঁ এটা সত্য।

Dr. Kanailal Bhattacharjee: কোন এলাকাকে কবে অন্তর্ভুক্ত করা হবে, সেই সম্পর্কে সরকার এখনও কোন পরিকল্পনা করেন নি?

The Hon'ble Dr. Rafiudin Ahmed: এখনও পর্য্যন্ত তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোথায় কি হবে, তা ঠিক হয়নি।

Dr. Kanailal Bhattacharjee: প্রায় একবছর হতে চললো তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ সুরু হয়ে গিয়েছে, সুতরাং আমার প্রশ্ন হচ্ছে এই পরিকল্পনাটি করতে কতদিন সময় লাগবে এবং কবে নাগাদ ঠিক করবেন, তা বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: ঠিক কবে হবে তা বলতে পারি না, তবে আমরা আশা করছি—১৯৬২ সালের শেষের দিকে এটা হবে।

Dr. Kanailal Bhattacharjee: আপনি বললেন এখনও দিন স্থির হয়নি। এটার জন্য কবে নাগাদ দিন স্থির হবে? এবং এরা কি priority পাবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: আমি ত বললাম ১৯৬২ সালের শেষের দিকে সব ঠিক হয়ে যাবে।

Dr. Kanailal Bhattacharjee: মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি জগাছা এলাকা সহরের কাছে, এবং সেই হিসাবে তার একটা priority পাওয়া উচিৎ ছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: এই priority পাওয়ায় আমাদের general palicy আছে সেটা হচ্ছে—The block is started in a rural area generally in consideration of its backwardness and other disadvantages. The population to be covered in the blocks in different districts is another factor which is taken into consideration at the time of selection of blocks.

Dr. Kanailal Bhattacharjee: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি হাওড়া জেলায় কত population covered হয়েছে—by the formation of blocks?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: আমার কাছে সে তথ্য নেই। নোটিশ চাই।

Setting up of a new unit for generating electricity at Kashipur, Calcutta

*37. (Admitted question No. *88.) Dr. Ranendra Nath Sen: Will the Hon'ble Minister in charge of the Commerce and Industries Department be pleased to state—

(*a*) if it is a fact that according to the Government of India's Industrial Policy Statement, 1956, setting up of new units for generation and distribution of electricity is the exclusive responsibility of the State; and

(*b*) if so, the reasons for allwoing "Calcutta Electric Supply Corporation Ltd." to set up new units at Kashipur, Calcutta?

[3-40—3-50 p. m.]

The Hon'ble Bhupati Majumdar: (*a*) The Industrial Policy Resolution of 1956 said that the future development generation and distribution of electricity would be the exclusive resposibility of the State concerned.

(*b*) The above policy statement also says that it does not preclude the expansion of the existing privately owned units, as had been sanctiond in the present case.

Dr. Ranendra Nath Sen : তাদের কি generating station expansion এর permission দেওয়া হয়েছিল।

The Hon'ble Bhupati Majumdar : প্রথমে দেওয়া হয়নি।

Dr. Ranendra Nath Sen : আমরা কাগজে দেখেছি এবং এর আগে ডাঃ রায় প্রশ্নোত্তরে জবাব দিয়েছেন যে, একটা তত্নন 50 MGW তৈরী করবার একটা নতুন generating station এর permission দেওয়া হয়েছে—

The Hon'ble Bhupati Majumdar : তারা প্রথমে machinery আনতে চেয়েছিল, তখন তারা saction পাননি। এখন electricityর famine চলছে, তাতে তারা electricity demand যতটুকু meet করতে পারেন সেটুকুর জন্যই permission দেওয়া হবে।

Dr. Ranendra Nath Sen : তাহলে কি নতুন কোন unit দেওয়া হবে না—expansion এর জন্য, না নতুন unit, generating station এর permission দেওয়া হবে? আমার প্রশ্ন—"If so, the reasons for allowing "Calcutta Electric Supply Corporation Limited" to set up new units at Kashipur, Calcutta ?"

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : DVC আমাদের যা promise করেছিল তা দিতে পারছে না। গতবার একটা accedent হয়ে গিয়েছে, আর যাতে না হয়·· তারা যদি আমাদের বলতেন নতুন 50 MGW unit আনতে চান তাহলে আমরা আপত্তি করতাম না। এজন্য Government of Indiaর থেকে foreign exchange দরকার হবে না, importএর permission দরকার।

Dr. Ranendra Nath Sen : আমার প্রশ্নটা হল, CESC বহুদিন ধরে ২ বৎসর আগেই এটা বলেছিলেন— Government of West Bengal আপত্তি জানাচ্ছেন, permission দিচ্ছেন না। পরে যখন permission দিলেন, সেটা কি CESC বরং pressure এর ফলে দিয়েছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : যখন তাঁরা প্রথম permission চান তখনকার estimate ছিল—total power requirements of Eastern Zone, তাতে দেখা গেল যে DVC যা power generate করবে তাতেই sufficient হবে। এখন তাঁরা বলছেন তা থেকে ১০০।৮০০ মেগাওয়াট বেশী দরকার হবে, কারণ expansion of industry rapidly হচ্ছে।

Dr. Ranendra Nath Sen : তার মানে কি এই দাঁড়ায় যে, power requirements যা দরকার পশ্চিমবংগে, এ সম্বন্ধে কি পশ্চিমবংগ সরকার, কি কেন্দ্রীয় সরকার, কারুর পরিষ্কার ধারণা ছিল না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমি আগেই বলেছি জ্যোতিবাবুর প্রশ্নের উত্তরে, আমরা প্রত্যেক Chamber of Commerceকে লিখেছি—তাদের requiremet তো আমাদের জানবার কথা নয়। কেন্দ্রীয় সরকারের একটা estimate আছে, তা যে সব সময় correct, তা নয়। Chamber of Commerce থেকে তাঁরা বলেন যে, আজকে যা দরকার, ভবিষ্যতে তার থেকে অন্য রকম হবে না এ কথা বলতে পারা যায় না। অতএব, নতুন যা সিদ্ধান্ত হয়েছে. Central Power Commission যাই করুন, এখানকার যা requirement তার চেয়ে বেশী আমরা provide করব।

Dr. Jnanendra Nath Majumdar: এ কথা কি সত্য ভারত সরকারের, পশ্চিমবংগ সরকারের যে নীতি আছে—একমাত্র electrical industries এ হবে, private sectorএ আর দেওয়া হবে না, এই নীতির কি এখন পরিবর্তন হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : এটা কখনও হয়নি private sectorএ

ওয়া হবে না—দামোদর ভ্যালী privat sector, CESC একটা private sector, তবে ত: power requirementsএর ব্যাপারটা under the direction and control of ie Central Power Commission.

Dr. Ranendra Nath Sen : দামোদর ভ্যালী কর্পোরেশনকে private sector বলে ব ? অন্তত: আমাদের ধারণা এটা private sector নয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : একেবারে State sectors বলা য় না।

Nationalisation of Goripur Electric Supply Co., Naihati

*38. (Admitted question No. *109) **Shri Gopal Basu :** Will the Ion'ble Minister in charge of the Commerce and Industries Department e pleased to state—

(ক) এ-কথা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার নৈহাটীতে অবস্থিত গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীকে (ম্যাকনীল বেরী কোম্পানীর ম্যানেজিং এজেন্সির অধীন) রাষ্ট্রীয়করণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, এই বিদ্যুৎ উৎপাদনের কারখানাটির জন্য কত টাকা দর স্থিরীকৃত হইয়াছে এবং কি ভিত্তিতে এই মূল্য নির্ধারিত হইয়াছে ; এবং

(গ) ইহা কি সত্য যে, ঐ কারখানার সমস্ত শ্রমিক কর্মচারীদের—

(১) ১লা সেপ্টেম্বর হইতে কর্মচ্যুত করিয়া দেওয়া হইয়াছে এবং পশ্চিমবঙ্গ সরকার ঐসকল শ্রমিক কর্মচারীদের অস্থায়ী ভাবে নিয়োগ করিয়াছেন,

(২) সকলেরই মূল বেতন কমাইয়া দেওয়া হইয়াছে, তাহাদের চাকুরীর নিরবচ্ছিন্নতা নষ্ট করিয়া দেওয়া হইয়াছে, এবং পদমর্যাদা বদলাইয়া পদাবনতি ঘটানো হইয়াছে, এবং

(৩) দক্ষ, অর্ধদক্ষ ও অদক্ষ নির্বিশেষে নূতন করিয়া পরীক্ষা দিতে হইবে এবং সকলের সম্বন্ধেই পুলিশী তদন্ত করা হইবে এইরূপ নির্দেশ দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এই কারখানার পুরাতন শ্রমিক কর্মচারীদের—

(১) নিজ নিজ পদে বহাল রাখা ;

(২) চাকুরীর স্থায়ীত্ব ও নিরবচ্ছিন্নতা রক্ষা, এবং

(৩) মূল বেতন ও ভাতা ইত্যাদি কোনও রকমে হ্রাস না করার বিষয়ে সরকার কোন আশ্বাস দিয়াছে কিনা ?

The Hon'ble Bhupati Majumdar : (ক) গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী সরকারের নিকট তাহাদের লাইসেন্স বাতিল করিয়া দেওয়ার জন্য আবেদন করায় উক্ত লাইসেন্স ওয়ান ইলেকট্রিসিটি এ্যাক্টের ৪ ধারায় ২ উপধারা অনুসারে বাতিল করিয়া দেওয়া হয়। পরে শ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিদ্যুৎ পর্ষৎ উক্ত কোম্পানীর কর্তৃত্বভার গ্রহণ করেন।

(খ) সঠিক মূল্য এখনও নির্ধারিত হয় নাই। তবে নিম্নলিখিত ভিত্তিতে উক্ত কোম্পানীর মূল্য নির্ধারিত হইবে :—

(১) ইমারত, কারখানা ও কারখানার যন্ত্রপাতি ইত্যাদির জন্য ইলেকট্রিসিটি সাপ্লাই এ্যাক্টের সপ্তম তফশিল অনুসারে উহাদের তৈয়ারী ও ক্রয়মূল্য হইতে অপচয় মূল্য বাদ দিয়া নির্ধারিত হইবে

(২) জমির স্থিরীকৃত খাজনা।

(৩) কারখানায় ষ্টোর, কয়লা প্রভৃতির মূল অভিহিত মূল্য যাহা কোম্পানীর নিরিক্ষক কর্তৃক সংশিত হইবে।

(৪) চাকুরীর সর্তানুযায়ী ও ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট্ এ্যাক্টের নিয়মানুসারে কর্মচারীদিগকে ছাঁটাইয়ের জন্য প্রদত্ত আর্থিক সুবিধা বাবদ প্রয়োজনীয় অর্থ

(ঙ) কনটিনজেন্সী রিজার্ভের অবশিষ্ট অর্থ ও বিদ্যুৎ ব্যবহারকারীদের দ্বারা বিদ্যুৎ সরবরাহের সার্ভিস লাইনের জন্য দেয় অর্থ বাদ দিয়া মোট ক্রয় মূল্য নির্ধারিত হইবে।

(গ) (১) হ্যাঁ কোম্পানী তাহাদের সকল কর্মচারীদের ৩১শে আগষ্ট ১৯৬১ সাল হইতে কর্মচ্যুত করিয়া দিয়াছেন এবং পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিদ্যুৎ পর্ষৎ ১লা সেপ্টেম্বর হইতে উহাদিগকে পর্ষদের চাকুরীর সর্ত অনুযায়ী চাকুরী গ্রহণ করিতে আহ্বান করিয়াছেন। সকলেই সেই সর্ত গ্রহণ করায় ১লা সেপ্টেম্বর, ১৯৬১ সাল হইতে তাঁহাদিগকে স্ব স্ব বেতনে উপরিউক্ত সর্তে বিদ্যুৎ পর্ষতে অস্থায়ীভাবে নিয়োগ করা হইয়াছে।

(২) ইহা সত্য নহে।

(৩) ইহা সত্য নহে।

(ঘ) (১)+(২)+(৩)

কর্মচারীদিগকে পদাবনতি না ঘটাইয়া তাহাদের স্ব স্ব বেতনে ও ভাতায় পুনঃ নিয়োগ করা হইয়াছে, সুতরাং তাঁহাদিগকে এ সম্বন্ধে আশ্বাস দেওয়ার কোন প্রশ্ন উঠে না।

Shri Gopal Basu : গৌরীপুর Electric Snpply Corporation এর দাম ১ কোটি ২০ লক্ষ টাকা এটা এখনো নির্ধারিত হয়নি—এখন কিছু হয়েছে কি ?

The Hon'ble Bhupati Majumdar : এখনো সঠিকভাবে নির্ধারিত হয়নি, যখন হবে জানান হবে।

Shri Gopal Basu : এবার গৌরীপুর Electric Supply Corporation lienese বাতিল করার জন্য application করেছে, সে সম্বন্ধে অনুসন্ধান করেছেন কি—কেন এটা করল ?

The Hon'ble Bhupati Majumdar : আমরা এটা আইনানুসারে গ্রহণ করেছি।

Shri Gopal Basu : আপনারা তাদের restore করার জন্য বলেননি কেন ?

The Hon'ble Bhupti Majumdar : তারাই তো চেয়েছিলেন।

Gopal Basu : আপনি বলেছেন কারুর পদাবনতি ঘটান হয়নি, মাইনে কমান হয়নি। আপনি কি জানেন fitter, mate, joiner ইত্যাদির অনেক পরিবর্তন হয়েছে ?

The Hon'ble Bhupati Majumdar : Nomenclature এর পরিবর্তন কোথাও কোথাও হয়েছে, State Electricity Board এ যে রকম নাম আছে তাই রাখা হয়েছে, কিন্তু তারা কেউ ক্ষতিগ্রস্থ হয়নি।

Shri Gopal Basu : আমার প্রশ্ন হচ্ছে, fitter থেকে মেট করা হয়েছে কিনা, joiner থেকে mate করা হয়েছে কিনা—এরকম ঘটনা electricity concern এ বিরাট পদাবনতি।

The Hon'ble Bhupati Majumdar : Reduction of status, reduction of pay হয়নি, নামের পরিবর্তন কোথাও কোথাও হয়েছে। State Electricity Board এ যা পদ হয় তাই করা হয়েছে।

[3.50—4 p. m.]

The Hon'ble Bhupati Majumdar : কোন রকম reduction of status হয়নি, reduction of pay হয়নি—শুধু নামের পরিবর্তন কোথাও কোথাও হয়েছে, কিন্তু সে নাম গুলো যা State Electricity Board এ ব্যবহৃত হয় তাই আছে।

Shri Gopal Basu : আপনি কি জানেন যে গৌরীপুর ইলেকট্রিক কোম্পানীর একজন জয়েনার এর মাইনে ছিল ৫১ টাকা, State Electricity Board এ আসার পর তার মাইনে হয়েছে ২৫ টাকা ?

The Hon'ble Bhupati Majumder : Electricity Board যে সমস্ত রিপোর্ট আমার কাছে দিয়েছে তাতে কারুর মাইনে কমেনি একথাই বলেছে।

Shri Gopal Basu : যখন গৌরীপুর ইলেক্ট্রিক সাপ্লাই ছিল তখন একজন মালীর বেসিক ওয়েজ ছিল ৫১·২৫ নঃ পঃ এর ডি. এ. ৩৭·৮৭ নঃ পঃ এবং State Electricity Board এ আসার পর তার বেসিক পে হল ২৫ টাকা ডি. এ ৩৭ টাকা, পার্শোনাল পে ২৫ টাকা এর ক্যাস এলাউন্স ২৸০ আনা—অর্থাৎ total emoluments ঠিক থাকল, কিন্তু বেসিক পে কমে গেল এর কারণ কি ?

The Hon'ble Bhupati Majumdar : আপনি জানেন State Electricity Board একটা statutory board। সুতরাং আপনার যদি কোন অতিরিক্ত প্রশ্ন থাকে তা আমাকে দেবেন আমি অনুসন্ধান করে জানাব।

Shri Gopal Basu : কাউকে ছাটাই করে যদি পুনর্নিয়োগ করা হয় তাহলে তার চাকরীর continuity থাকে কি করে?

The Hon'ble Bhupati Majumdar : কোন ব্রেক অফ সার্ভিস হয়নি।

Shri Gopal Basu : Old recordগুলো কি সব থাকবে?

The Hon'ble Bhupati Majumdar : এই কথাই তারা জানিয়েছে।

Shri Gopal Basu : Appointment letterএ লেখা আছে, fixation of pay and allowance is provisional and subject to verification of service record and subject to the Board being satisfied on an enquiry as to his suitabity for service as regards his character and antecedents. এ কথার মানে কি character and antecedents.

The Hon'ble Bhuapti Majumdar : এ বিষয়ে তারা যা জানিয়েছে সেটা হচ্ছে যে সকলের Status, মাইনের continuity থাকবে, তাহলে protection পাচ্ছে সে সব থাকবে। এরপর আপনি যা বলছেন সে সব পরে সংবাদ আনিয়ে দেব।

Shri Gopal Basu : Verification as regards his character and antecedents কে করবে?

The Hon'ble Bhupati Majumdar : কোন রকম গোলমাল যে হবে না সেটা তারা জানিয়েছেন।

Dr Hirendra Kumar Chattopadhyay : মন্ত্রীমহাশয় বললেন যে যদি তাদের ডেজিগনেশান চেঞ্জ হয়ে থাকে তাহলেও তাদের স্ট্যাটাস চেঞ্জ হয়নি, আমার প্রশ্ন হচ্ছে যে এইভাবে যদি কোন মিনিষ্টার ডেপুটী মিনিষ্টার তাহলে তার স্ট্যাটাস ঠিক থাকে কি?

[No reply]

Shri Jatindra Chandra Chakravorty : আপনি বাংলায় জবাব দিচ্ছেন এবং লিখিত জবাবটা বাংলায় আছে বলে কিছুটা অসুবিধা হচ্ছে। অর্থাৎ আপনি বলছেন পুনর্নিয়োগ-এর দুটো ইংরাজী হয় reinstatement এবং re-employment. Re-employment যদি হয় তাহলে তাকে নূতন করে নিয়োগ করা হল, আর re-instate হলে break of service হয় না। অর্থাৎ আমার প্রশ্ন হচ্ছে যে পুনর্নিয়োগ অর্থে উনি কি বলতে চান reinstatement না re-employment.

The Hon'ble Bhupati Majumdar : আমি এটার ইংরাজীতে যে report পাঠিয়েছি সেটা যদি পাঠ করে শোনাই তাতে বোধ হয় বুঝতে আপনাদের সুবিধা হবে।

The licensing company discharged their employees with effect from the afternoon of the 31st August, 1961 and paid them the retrenchment benefit in full as admissible under the terms of the Industrial Disputes Act, 1947 read with the Factories Act, and as we find it the West Bengal State Electricity Board offered to give all these retrenched employees employment under the Board with effect from the 1st September, 1961 on Board's own terms and conditions. All these persons having accepted the offers of employment under the Board have been appointed on Board's own pay-scales and designation, etc., with effect from the 1st Sept 1961 on a temporary basis. The fixation of pay of these staff in the Board's pay-scale with effect from the 1st September, 1961 has been made according to the following principles ;—

The basic pay plus dearness allowance of each employee under the Board shall not be less than what the employee drew from the company on the 31 August, 1961 in the shape of basic pay and dearness allowance ;

The over-all pay and dearness allowance under the Company has therefore, been fully protected by the Board. As the employees were taken in Board's service with effect from the 1st September, 1961, i. e. the day following the day of their release from Company's service, it is not correct to say that there has been break in their service and that there has been reduction in the status of the employees concernd. As the undertaking is transferred to the Board, there have been some changes in its pattern and nomenclature and there have been some changes of dasignations of certain employees from those obtaining in the company. But that does not in any way mean reduction in the status of any of the employees. The employees will not be subject to new test or examinition for the purpose of appointment under the West Bengal State Electricity Board, but the Board will have to satisfy itself in the usual manner as to their suitability of service, character and antecedents like other employees of the Board.

Shri Bankim Mukherjee : উনি যা বললেন তাতে প্রথম দিকে যা বলা হচ্ছে দ্বিতীয় দিকটায় পার্থক্য থেকে যাচ্ছে, প্রথম দিকে যা বলা হয়েছে, তাতে যা শঙ্কা রয়েছে তাদের Retrenchment Benefit দেওয়া হচ্ছে, service শেষ করে দেওয়া হচ্ছে। দ্বিতীয় দিকটায় বলা হচ্ছে Service শেষ হয়নি। Record of Service ঠিক আছে কিনা বলুন। পুরাণো Record of Service ধরা হয়েছে কিনা! দ্বিতীয় কথা nomenclature বদলাবার জন্য সে সম্বন্ধে প্রশ্ন হয়েছে, আজকে বলা হচ্ছে Total pay যেটা examine করা হচ্ছে না এটা সত্য কথা কিন্তু সম্পূর্ণভাবে temporary নেওয়া হয়েছে এবং এখনও পর্য্যন্ত বোর্ড তাদের সম্বন্ধে enquiry করছে, করে তাদের appointment করবে কি ?

The Hon'ble Bhupati Mazumdar : এটা সম্প্রতি নিয়ে নেওয়া হয়েছে। কতকগুলি ব্যাপার straightend হয়েছে, কিছু দিনের মধ্যেই হয়ে যাবে।

Dr. Ranendra Nath Sen : সম্পূর্ণ ভাবে বেআইনী কাজ ভূপতিবাবু করছেন। Supreme Court এর রায়ের বিরুদ্ধে গিয়েছেন। Transfer of ownership এ Break হতে পারে না, একবার permanent cadre কে temporary করতে পারেন না।

The Hon'ble Bhupati Mazumdar : আমার information যা তাই বলছি।

Mr. Speaker : Question time over.

Shri Mihirlal Chatterjee : আমি 13th September যেটা দিয়েছিলাম...

The Hon'ble Dr, Bidhan Chandra Roy : হরেনবাবু অসুস্থ, তিনি আসতে পারেন নি।

[4—4-10 p. m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : There are three adjournment motions—one is by Shri Jyoti Basu about cease work by secondary school teachers from 18' 9. 61; the next one is by Shri Subodh Banerjee about cease work by secondary school teachers throughout the State of West Bengal; and the last one is by Dr. Ranendra Nath Sen about attack on the trade union movement in Raniganj Asansol coalmine area by employers. I have refused consent.

Dr. Ranendra Nath Sen : মাননীয় স্পীকার মহাশয় আমার বক্তব্য হোল যে, রাণীগঞ্জ কোল ফিল্ড এলাকায় মালিকরা ট্রেড ইউনিয়ন মুভমেণ্টের উপর গণ্ডগোল চালাচ্ছে একথা জানা সত্ত্বেও গভর্ণমেণ্ট এ বিষয়ে কোন ষ্টেপ্ নিচ্ছেন না এবং দেখা যাচ্ছে যে পুলিশ মালিকদের সঙ্গে যুক্ত রয়েছে। গত ১০ই সেপ্টেম্বর Datta Kajuri Colliery-তে আই. এন. টি. উ. সি-র দ্বারা সংগঠিত মিছিলের উপর আক্রমন হয়েছে এবং তা হবার ফলে একজন শ্রমিক মারা গেছে। সুতরাং; এই অবস্থা কত দিন চলবে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Jyoti Basu : মাননীয় স্পীকার মহাশয়, মাধ্যমিক শিক্ষকদের কর্মবিরতি সম্বন্ধে আমি যে এ্যাডজোর্ণমেণ্ট মোশন আপনার কাছে দিয়েছিলাম সেটা একটু পুণর্বিবেচনা করতে বলছি। কারণ আমরা খবর পেয়েছি যে সারা বাংলাদেশে কর্মবিরতি হয়েছে এবং শিক্ষকরা ওয়েলিংটন স্কোয়ার থেকে একটা মিছিল নিয়ে এ্যাসেম্বলীর কাছে ১৪৪ ধারার যে সীমারেখা আছে তার বাইরে অবস্থান করছেন এবং যতক্ষণ পর্যান্ত তাঁরা তাঁদের দাবী দাওয়ার বিষয় জানতে না পারছেন ততক্ষণ পর্য্যন্ত অবস্থান করবেন। এটা একটা গুরুতর বিষয়, কেননা তাঁরা ঘোষনা করেছেন যে এটা শুধু একদিনের কর্মবিরতি নয়। শুধু তাই নয়, আমরা আরও খবর পেয়েছি যে এঁদের প্রতি সহানুভূতি জানাবার জন্য কাল বা পরশু ছাত্ররাও তাঁদের ক্লাস থেকে বেরিয়ে আসবে। কিন্তু এই যদি হতে থাকে তাহলে সেটা নিশ্চয়ই দেশের পক্ষে মঙ্গলজনক নয়, অথচ এঁদেরও কোন উপায় নেই। কাজেই এরকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে কেন যে আপনি আপনার কন্‌সেণ্ট রিফিউস্ করলেন সেটা আমি বুঝতে পারছি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : You cannot question the ruling.

Shri Jyoti Basu : আমি আপনার রুলিং সম্বন্ধে কোন কোয়েশ্চেন করছিনা। আমার বক্তব্য হোল যে, সরকার একথা বলতে পারেন যে আমরা আলোচনা করতে দেবনা, কারণ মাষ্টারেরা যে রকম মাইনে চেয়েছেন তাঁদের আমরা তা' দিতে পারব না। কিন্তু আপনি আলোচনা করতে কেন দেবেন না ? আপনি এটাকে গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে না করে যখন কনসেণ্ট রিফিউস্ করেছেন তখন আপনাকে আর একবার পুনর্বিবেচনা করতে বলছি। কারণ এরকম ঘটনা যদি গুরুত্বপূর্ণ না হয় তাহলে কোন ঘটনা গুরুত্বপূর্ণ ? তবে এতেও যদি আপনি কিছু না করেন তাহলে আমরা বলি যে, রুল উঠিয়ে দেওয়া উচিত এবং আপনিও বলে দেন যে, এ্যাডজোর্ণমেট মোশন বলে কিছু নেই এবং এটা হলে পর আমরাও আমাদের সময় নষ্ট আর করব না। অর্থাৎ, অ্যাসেম্বলী বসবার এক ঘণ্টা আগে আপনার কাছে এসে নোটিশ দিয়ে লেখা ছাপিয়ে দেবার যে সব ব্যবস্থা রয়েছে সেগুলো আর আমাদের করতে হবে না। কাজেই আপনি বলে দিন যে, কোনরকম গুরুত্বপূর্ণ ঘটনা নেই, মাষ্টারদের ব্যাপার কিছু নয় এবং অ্যাডজোর্ণমেণ্ট মোশন নিয়ে কোন রকম আলোচনা হতে পারবেনা এবং তা যদি করেন তাহলে আমরাও জিনিসটা বুঝে নেব। তবে একটা জিনিস আমি বুঝতে পারছি না যে, আরজেণ্ট পাবলিক ইমপরটেন্স এরকম ঘটনার উপর আমরা আলোচনা করতে পারি এবং তার জন্য হাউসের বিজনেস এ্যাডজোর্ণ হতে পারবে একথা যখন পরিষ্কার ভাবে রুলস এ রয়েছে তখন আপনি কেন সেটা হতে দেবেন না বা কেন সেটা হতে পারবেনা সুতরাং জিনিসটা আপনাকে আর একবার পুনর্বিবেচনা করতে বলছি। তবে এসব সত্ত্বেও আপনি এ ব্যাপারে যদি কিছু না করেন তাহলে আমাদের বলে দিন যে, আপনার উপর অনাস্থা আনা ছাড়া আমাদের আর কোন উপায় আছে কিনা যাতে করে আমরা এরকম জিনিস নিয়ে আলোচনা করতে পারি।

Mr. Speaker : Please do not use that expression.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I am surprised at the trend of the speech of Shri Jyoti Basu.

Shri Jyoti Basu : আপনি বলছেন, do not use that expression কিন্তু আমার বক্তব্য হোল যে, আপনি আমাদের যে রুল দেখাবেন সেটা যদি আমাদের পছন্দ না হয় তাহলে আমাদের তো আর কিছু করবার নেই সেইজন্যই বলছিলাম যে, আপনি কি তাহলে আমাদের ঐদিকেই ডাইভার্ট করছেন যাতে করে এই শিক্ষকদের ব্যাপার নিয়ে আমরা আপনার বিরুদ্ধে অনাস্থা আনি ?

Mr. Speaker : I said, "Please do not use that expression."

Shri Jyoti Basu : আমার প্রশ্ন হচ্ছে আপনার যে discretion আছে সেই discretion কি আপনি এইভাবে ব্যবহার করতে পারেন ? আপনি বোধ হয় জানেন না—আপনি ওদিক হাওড়া থেকে এসেছেন, আমরা এদিক থেকে এসেছি, আসবার সময় দেখলাম যে ৩টা লরী, ৫টা বাস এবং অসংখ্য পুলিশ দাঁড়িয়ে আছে। এই অবস্থাতে আপনি কি মনে করেন আমরা মাথা ঠাণ্ডা করে আলোচনা করব আর আপনি আমাদের এ্যাড জোর্ণমেণ্ট মোশান দেবেন না ? মুখ্যমন্ত্রীর কাছে বারেবারে আমি বলেছি যে একটা কিছু আপনি করুন যাতে করে সমস্ত জিনিস আলোচনা করতে পারি। আপনার সঙ্গে আলোচনার পর আজ পর্যন্ত কোন কিছু ব্যবস্থা হলনা। তাহলে আমরা কোনপথে যাব বলে দিন ? ওঁরা একরকম করছেন, আর আপনি যদি এইরকম করেন তাহলে দাঁড়াব কোথায় বলে দিন ?

Shri Jatindra Chandra Chakravorty : ৫ হাজার শিক্ষক-শিক্ষিকা এসেছেন এবং তাঁদের পুলিশ দিয়ে আটকে রাখা হয়েছে।

[Noise and interruptions]

জ্যোতিবাবু যে এ্যাড্‌জোর্ণমেণ্ট মোশানের কথা বললেন, সেটা আপনি পুনর্বিবেচনা করতে রাজী আছেন কিনা ? কারণ ৫ হাজার শিক্ষক শিক্ষিকা এই বৃষ্টির মধ্যে ওখানে এসে বসে আছেন। পুলিশ তাঁদের গ্রেপ্তার করবার জন্য বন্দোবস্ত করছে। এই অবস্থায় আপনি যদি এ্যাডজোর্ণমেণ্ট মোশান এ্যালাও না করেন তাহলে আমরা সদস্যরা জানতে চাই.....

Mr. Speaker : I want the Chief Minister to make a statement.

[Noise and interruptions]

The Hon'ble Dr. Bidhan Chanera Roy : I am very sad.....

[Noise and interruptions]

Dr. Kanailal Bhattacherjee : আমাদের Leader of the Opposition যে প্রশ্ন করেছেন আপনি তার জবাব দিচ্ছেন না কেন ?

Mr. Speaker : I will hear him first and then I will decide.

[Noise and interruptions]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I am very sorry to see the tone of Shri Jyoti Basu.....

Shri Subodh Banerjee : স্পীকার মহাশয় I have got an adjournment motion. সেই মোশানটা হচ্ছে.....

Mr. Speaker : Adjournment motion সম্বন্ধে যা বলবার আমি বলব।

[Noise and interruptions]

I must understand the situation first. I have heard Mr. Jyoti Basu. He has made completely clear what you all gentlemen want. I want to hear now the Chief Minister and after hearing him I will decide. So will you kindly take your seats, gentlemen ?

Shri Subodh Banerjee : না, তা নয়। আমার এ্যাড্‌জোর্ণমেণ্ট মোশান আছে। ডাঃ রায়ের বলার আগে এবং আপনি ডিসাইড করার আগে আমার বক্তব্য শুনুন। আমার পয়েণ্ট হচ্ছে—আমি টিচার্স ট্রাইবের উপর এ্যাডজোর্ণমেণ্ট মোশান দিয়েছিলাম, আপনি কনসেণ্ট রিফিউজ করে দিলেন। এর অর্থ কি ? আপনি যদি এই ধরণের কনসেণ্ট রিফিউজ করে দেন তাহলে discretion কথাটা use করবেন না, তাহলে ওটা mandatory বলে বলে দিন। Otherwise কোন জিনিস এলে গভর্ণমেণ্টের দিকে টেনে বলবেন এ জিনিস হতে পারে না।

Mr. Speaker : What do you mean by that ?

[Noise and interruptions]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I desire to draw the attention of the House to the fact that my friend Shri Subodh Banerjee has used an expression against the Chair. Sir I request you to ask him to please with draw it. "আপনি গভর্ণমেণ্টের দিকে টেনে বলবেন" Unless he withdraws it, he may be taken out of the House.

[Noise and interruptions]

Dr. Kanailal Bhattacherjee: স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে আমাদের এই কথাগুলি বলতে হচ্ছে। স্পীকারের উপর আমরা বলতে চাইনা, কিন্তু আজকে যখন এই সমস্ত ঘটনা ঘটছে তখন এই সমস্ত কথাগুলি বলতে বাধ্য হতে হচ্ছে। আমাদের অপোজিসান লিডার গুটি কয়েক প্রশ্ন আপনার কাছে জিজ্ঞাসা করেছেন। তার জবাবগুলি দিয়ে ডাঃ রায় বলুন, কোন আপত্তি নেই।

[4-10—4-20 p. m.]

Mr. Speaker : I must first hear Dr. Roy to assess the whole matter.

Shri Sudhir Chandra Roy Choudhuri : স্যার, আমার কথা হচ্ছে জ্যোতিবাবু যে প্রশ্ন আপনার কাছে তুলেছেন, তার জবাব আপনারাই দেয়। আপনি সেই জবাব না দিয়ে কেন ডাক্তার বিধান চন্দ্র রায়কে আগে বলতে বলেছেন ? তার থেকে এটাই মনে হবে যে তাঁরই ইচ্ছানুযায়ী আপনার জবার হবে। এই সমস্ত ব্যাপার লোকের মনে একটা খারাপ ধারণার সৃষ্টি করছে।

Mr. Speaker : Please sit down.

Shri Sudhir Chandra Roy Choudhuri : আমার কথা শেষ করতে দিন্। আপনাকে জ্যোতিবাবু বলেছেন। তিনি যদি বলে থাকেন যে আপনি যদি এ না করেন, শিক্ষকদের একটা demonstration এসেছে, এত বড় একটা ব্যাপার, তার যদি adjournment motionএর মধ্যে না আসে, তাহলে আর কি আসবে ভাবতে পারি না। তারপর তিনি যদি আগে থেকে জানিয়েদিয়ে থাকেন এটা আসতে না দিলে অনাস্থা প্রস্তাব আসবে, এটা বলে তিনি আপনাকে অবমাননা করেন নাই। কেবলমাত্র তিনি তাঁর কর্তব্য পালন করেছেন। স্পীকার মহাশয়, তিনি জানিয়ে দিয়েছেন যে এটা হবে অনিবার্য্য। কিন্তু তার উপর আপনার যে বক্তব্য আছে, তা বলুন। ডাঃ বিধান চন্দ্র রায়ের এর মধ্যে interveue করার প্রশ্ন আছে। এরপরেও যদি আপনি তাঁকে বলতে বলেন, তাহলে আমরা অন্য কিছু ভেবে নেব। উপায় নাই।

Mr. Speaker : I have decided to ask the Chief Minister to make a statement and after hearing I shall pass my orders.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I am very sorry for the trend of discussion which has taken place on this important issue. Mr. Jyoti Basu knows more than anybody else in this House to what extent I have extended my support in order to meet the difficult situation and tried my best to bring about a compromise between the different points of view. As a matter of fact, this morning he came to me and told me that although he had put in an adjournment motion he would like me to make a statement on the matters referred to in the adjournment motion. Now, if before my speech he says that : this is our point of view and that you, Mr. Speaker, we may have tabled a 'No-Confidence' motion against you, because you do not like the adjournment motion to be moved', I, as a leader of the largest majority party in the Assembly, challange them to bring a 'No-Confidence' motion—I challenge them to do so (thumping of benches by the Congress members). After all, no man

can satisfy everybody and if a man comes to power and then uses his own discretion and if it is not liked by the Opposition, then certainly they may bring a 'No-Confidence' motion. Sir, I challenge them to do so. At the same time I may say that I will not withdraw from what I have told Mr. Jyoti Basu and I would leave that statement.

There are 4 or 5 points mentioned in that adjournment motion. One is that the 1900 junior high schools should be paid on a deficit basis. I told him that I had consulted the Education Department and they have said that the calculation is based upon the fact that each one of these 1900 junior high schools will have the same method of payment as in the case of higher secondary schools. He also raised this questitn that some of tha junior secondary schools are placed in rural areas and he is not sure if the enhanced amount of pay will be paid to their employees or whether they will be paid at all. I told him—and I repeat again—that if any school—whether big or small, junior secondary or higher secondary —violates the terms under which it accepts a particular Grant it will then be liable for disciplinary action.

There is no question about it. The only reason why we have not taken any great steps towards the Junior Secondary Schools so long has been that we, according to our new scheme of things, have practically taken the Junior Secondary Schools out of our account for the time being because ultimately we want to have only the Paimary Schools, Secondary Schools and the University. But things cannot happen in one day. It will take a little time. It may be that the Junior Secondary Schools will have to be given some time before they can re-asses their position either to go back to the Primary School stage or Higher Secondary stage. That will take a little time. But so far as the appointments are concerned, they shall be on the same basis because the whole calculation is on that basis whether he is a teacher of a junior or senior school. He gets certain scale of pay according to qualification. Also, regarding reasonable scales of pay for clerks, librarians and subordinate staff, I have told that so far as these three classes are concerned we have not yet finally decided about Government servants of the same classes. When Government issued statement about teachers it was only about the teachers' salary that we were considering; we have not considered about the subordinate staff, clerks and librarians. They will be treated almost in the same way as other Government servants. Then, the question of pension, I said that none but Government servants are allowed to have pension, but they can have Contributory Provident Fund as they are having at the moment. A regards police verification, I have already made a statemant. How often am I to make a statement on this? We have withdrawn that method of vedification of teachers at certain stages. Lastly, about Service Security Committee, I have alreay told him there is a responsible ground for having a committee which can control the activities of the different Managing Agencies from time to time so that they may not act against any individual teacher concerned.

Shri Jyoti Basu: আপনি Unaided Schools সম্বন্ধে তো কিছু করছেন না। হয় disciplinary action নেন against those who refuse to give such scales, না হয় বাধ্য করেন তাদের to take aid and give scales.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If it is an unaided school, it does not receive any aid from Government and therefore we cannot withdraw any recognition from them. Any employer, if he does not pay.

his employees, what power have we got from the Government point of view ? If they take aid from Government they come within the grant-in-aid rules. One of the rules is that if you do not pay in time and in reasonable amount, your grant shall be withdrawn.

Shri Jyoti Basu : I was asking you, what about compelling unaided schools to take aid or to take disciplinary action against those who refuse to introduce such pay scales.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : This is a matter which can be discussed across the table between representatives of the different teachers' associations, because it may be, there may be legal difficulty ; I am not sure. But the idea behind is that nobody should be allowed to play ducks and drakes with the teachers and not pay teachers what they should be paid.

[4-20—4-30 p. m.]

Before I sit down I want to repeat again that if you play with fire, you will be burnt. If you put your hand into the fire, your hand is bound to be burnt. If anybody deliberately flouts the law, he will have to suffer the consequences. There is no midway line. After all, we will have to administer or get out of it. We cannot be in the middle line. It is neither our policy nor is it the policy of the Government of the State,

Shri Jyoti Basu : এখন আমাদের অসুবিধা হল, আপনিও বুঝতে পারছেন, এই statementর উপর আমরা আলোচনা করতে পারি না। এইজন্য আমরা Adjournment motion দিয়েছিলাম। তা নাহলে আমরা calling attentionও দিতে পারতাম। তিনি একটু আগে কতকগুলি ভাল কথা বলেছেন এবং শেষের দিকে threatening করলেন। আমি বলছি, এই ব্যাপারে আমাদের সকলেরই একটা মিটমাট করবার ইচ্ছা আছে। এবং সেই ইচ্ছা যদি থাকে তাহলে threat করবার কি আছে। অবশ্য আমরা জানি সরকারের বন্দুক আছে, আমাদের নাই কিন্তু তাতে ভয় দেখাচ্ছেন কাকে ? এখন আমি জানতে চাই, এই অবস্থায় এটা সম্ভব কিনা। এই বিষয়টা শুধু যাঁরা শিক্ষক, কর্মবিরতি করবেন তাঁদের কথাই নয়। এর সঙ্গে অন্য আরো দুইটি organisation আছে, headmaster এবং আর একটা কংগ্রেস পক্ষের সংগঠন আছে, তাদের নিয়ে করতে পারেন। আমাদের যদি সাহায্যের দরকার হয় তাহলে আমরাও থাকতে পারি। তবে না থাকলেই ভাল হয়। সেখানে এই বিষয় যে point গুলি বললেন সেইগুলি across the table আলোচনা করার ব্যবস্থা করতে পারেন কিনা। তা নাহলে আজকে তাদের ধরে নিয়ে যাবেন এবং তার প্রতিবাদে আবার কিছু হতে পারে।

Mr. Speaker : He said that this should be discussed afterwards.

Shri Jyoti Basu : আমি বুঝতে পারি না, teacher-দের arrest করলে তাতে আরো গোলমাল বেড়ে যাবে।

Mr Speaker : তিনি আগেই across the table কথাটা use করেছেন।

Shri Hemanta Basu : এখানে threatর ব্যাপার নয়। সেখানে তাঁরা আইন অমান্য করেনি, কেউ সেখানে দাঁড়িয়ে আছে, কেউবা বসে আছে। এই বিষয় ডাঃ রায়ের সঙ্গে যে কথাবার্তা হয়েছিল, তার ফলে আরও কতকগুলি নূতন point তিনি আমাদের শুনিয়েছেন। তারপর further clarify করার জন্য এখন ডাঃ রায়ের সঙ্গে আবার কথাবার্তা হোক এই আবেদন করছি। আমাদের Leader of the oppositionর সঙ্গে যখন ডাঃ রায়ের কথা হয়েছিল তখন তিনি বলেছিলেন, আমাকে এই point গুলি এনে দাও। এবং তার উপর এখন যে statement করলেন তার উপর একটা আলোচনা হওয়া দরকার।

Shri Deben Sen : এখানে কোন threatর প্রশ্ন নেই। বর্তমানে যে প্রস্তাব দেওয়া হল সেটাই মিটমাট করার রাস্তা বলে মনে করেন কিনা একথা জানতে চাই।

Government Bill

The Chota Nugpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961.

Shri Deben Sen : Leader of the Opposition যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাবটা···

[Noise]

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to introduce the Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961.

Shri Deben Sen : আমার কথাটার জবাব দিন।

(Dr. Kanailal Bhattcharjee and Shri Chitto Basu also rose to speak.)

[Noise]

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the Chota Nugpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961, be taken into consideration.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Syamadas Bhattacharyya : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সংশোধনী বিষয়ক—

Shri Jyoti Basu : আগে দেবেন বাবু যে কথাটা বল্লেন তার জবাব দিন।

Mr. Speaker : আগে legislation হোক।

Shri Bankim Mukherjee : ডা: রায় assurance দিয়েছিলেন—

Mr. Speaker : এখন আমি consent refuse করছি, but if necessary I shall allow a debate.

The Hon'ble Syamadas Bhattacharyya : মাননীয় অধ্যক্ষ মহোদয়—

Shri Hemanta Kumar Basu : স্যার, মন্ত্রীমহাশয় বলতে আরম্ভ করলেন, তাহলে কি হল ?

The Hon'bls Syamadas Bhattacharyya : স্যার, অধ্যক্ষ মহোদয়, ১৯৫৫ সালে বিহার রাজ্য সরকার ছোট নাগপুর প্রজাসত্ব আইনের ৩নং ধারার ১ উপধারার সংশোধন করে বলেছিলেন যেখানে রাজ্য সরকার জমিদার সেক্ষেত্রে ১লা এপ্রিল থেকে আর্থিক কৃষি বৎসর গণ্য করা হবে। বিহার রাজ্য সরকার বিজ্ঞপ্তি প্রকাশ করে একথা জানিয়েছেন প্রজাদের খাজনা আদায় সংক্রান্ত হিসাবপত্র আর্থিক বৎসর ধরে গণ্য করা হবে, কিন্তু কার্যতঃ দেখা যায় মানবাজার, বড়বাজার ছাড়া পুরুলিয়া জেলার সর্বত্রই প্রজা এবং জমিদার সবাই বাংলা সাল অনুকরণ করেন, তাছাড়া পুরুলিয়া জেলায় ভূমি সংস্কার বিভাগেও একমাত্র একটা ছোট এলেকা ছাড়া খাজনা আদায়ের তালিকা বাংলা সাল অনুযায়ী রাখা হয়। ছোট নাগপুর প্রজাসত্ব সংশোধিত আইনের ফলে বকেয়া খাজনা আদায় করার certificate জারী করার আর্থিক বৎসর অনুসারে করতে হয়, এর ফলে অত্যন্ত জটিল হিসাব নিকাশের কার্য্যে অসুবিধা দেখা দেয়। এই সমস্ত কথা বিবেচনা করে সংশোধনীতে বিধান করা হয়েছে, যাতে খাজনা আদায়ের ব্যাপারে সরকারী আর্থিক বৎসরের বদলে বাংলাসাল অনুসরণ করে কাজ করতে পারেন। ৪ নং প্রকরণে [জমি জমিদারী] হস্তান্তরের ব্যাপারে কোন কোন ক্ষেত্রে বিধি নিষেধ আরোপ করা হয়েছে। কুর্মীমাহাতো সম্প্রদায়, তপশিলী জাতি এবং তপশিলী উপজাতিতে [সাম্প্রদায়] ভুক্ত কোন ব্যক্তি নিজেদের সম্প্রদায়ের লোক ছাড়া অন্য কোন সম্প্রদায়ের লোকের কাছে জমি হস্তান্তর করতে পারবে না। দ্বিতীয়তঃ—এইসব সম্প্রদায়ভুক্ত লোক যদি নিজেদের সম্প্রদায়ের লোক ছাড়া অন্য সম্প্রদায়ের লোকের নিকট জমি হস্তান্তরিত করতে চায় তাহলে পূর্বাহ্নে জেলা সমাহর্তার নিকট থেকে অনুমতি নিতে হবে। তৃতীয়তঃ,

হবে। সংবিধানের ৪৬ নং অনুচ্ছেদ যদি দেখেন তাহলে দেখবেন সরকার অনগ্রসর শ্রেণীর শিক্ষাধিকারক বিশেষ করে তপশিলী, তপশিলী উপজাতির শিক্ষাগত ও অর্থনৈতিক স্বার্থ সংরক্ষণের জন্য বিশেষ যত্ন সহকারে চেষ্টা করবেন এবং তাদের সর্বপ্রকার অধিকার দেবেন এবং শোষণ থেকে রক্ষা করবেন। কুর্মী, মহাতো সম্প্রদায়ের সামাজিক অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে বিহার সরকার তাদের জমি হস্তান্তরের অবাধ অধিকারের উপর কিছু বিধি নিষেধ আরোপ করেছিলেন। বিহার সরকার কুর্মী মাহাতো ও অন্যান্য সম্প্রদায়ের স্বার্থ রক্ষাকল্পে যে ব্যবস্থা করেছিলেন এখনো সেই ব্যবস্থাই বলবৎ রাখা হয়েছে। ছোটনাগপুর প্রজাস্বত্ব আইনের ৪৬ নং ধারায় বলা হয়েছে তপশিলীজাতি, অন্যান্য অনুন্নত শ্রেণীর কোন ব্যক্তি জেলাসমাহর্তার সম্মতি ছাড়া তার সমশ্রেণীর অপর ব্যক্তিকে জমি হস্তান্তর করতে পারবে না। এখন যদি জেলাসমাহর্তার সম্মতি ছাড়া এভাবে জমি হস্তান্তরিত হয়ে থাকে বা registered হয়ে থাকে তাহলে আদালতে সেটা গ্রাহ্য করা হবে না। ১৯৫৭ সালের ফেব্রুয়ারী মাসে বিহার সরকার বিজ্ঞপ্তির দ্বারা সামাজিক ও আর্থিক বিচারে অনগ্রসর জাতির একটা তালিকা প্রকাশ করেছিলেন, সেই তালিকায় পুরুলিয়া জেলার কুর্মিমহাতোর উল্লেখ ছিল। ভুলবশতঃ কুর্মীমহাতো সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করেনি এটা এবং নিবন্ধীকরণ কর্তৃপক্ষেরও দৃষ্টি আকৃষ্ট হয়নি, ফলে ১৯৫৬ সালের ১লা নভেম্বর তারিখ থেকে ১৯৬০ সালের ৩রা আগষ্ট পর্যান্ত জেলাসমাহর্তার অনুমতি না নিয়ে জমি হস্তান্তরের প্রায় ৩০ হাজার দলিল নিবন্ধীকরণ করা হয়। এ সমস্ত ক্ষেত্রে জেলাসমাহর্তার অনুমতি না গ্রহণ না করার জন্য হস্তান্তরণ বৈধ হয়েছে কিনা এ সম্বন্ধে আইনগত প্রশ্ন উঠছে। এই আইনগত প্রশ্ন যাতে কুর্মী মহাতোদের বিপদে না ফেলে সেজন্য এই জমি হস্তান্তর বৈধ ঘোষণা করে একটা প্রস্তাব আপনাদের সামনে রাখা হয়েছে। ছোটনাগপুর প্রজা স্বত্ব ২৩৪ধারা অনুসারে বলা হয়েছে বকেয়া খাজনা তামাদির সময় ৩ বৎসর, তবে যেখানে সরকার জমিদার সেখানে তামাদির সময় ১০ বৎসর। বিহার ভূমি সংস্কার আইন অনুসারে মালিকেরা যে জমি রেখেছেন তার খাজনা আদায়ের বেলায় সেই ১০ বৎসরের নিয়ম খাটবে কিনা সে সম্পর্কে একটা সন্দেহ উপস্থিত হয়েছে। এবং দুই নং বিধিয়কের ৭নং প্রকরণে বলা হয়েছে বিহার ভূমিসংস্কার আইন অনুযায়ী ধার্য্য খাজনা কিভাবে আদায় হবে এবং কোন কোন তারিখে আদায় হতে পারবে তা রাজ্য সরকার স্থির করে দেবেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সভায় যে বিধিয়ক উপস্থাপিত করেছি তার বিধানগুলি সংক্ষেপে বর্ণনা করলাম। আমি এখন প্রস্তাব করছি এই বিধিয়ক গৃহীত হোক।

[4-30—4-40 p. m.]

Shri Subodh Banerjee: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1961.

স্পীকার মহাশয়, এই Amendment Bill যা মন্ত্রীমহাশয় এখানে উপস্থিত করলেন আমি সেই বিলের প্রতিবাদ করি। মন্ত্রীমহাশয় এই বিলের যুক্তি হিসাবে যা দিয়েছেন সেই যুক্তি টেকে না। মন্ত্রীমহাশয় তার খেয়াল খুসীমত কতগুলি কথা বলেছেন সেই বিষয়ে সন্দেহ নাই, এবং আইন সংগত কোন বাধা আছে কিনা সেই কথা আমি পরে তুলব, Section 46(a) এর আলোচনা যখন হবে তখন সংবিধানগত ত্রুটি আছে কি নাই সেই বিষয় আলোচনা করব, এখন সেই বিষয় আলোচনা করতে চাই না।

সাধারণভাবে মন্ত্রীমহাশয় কিজন্য এই বিল এনেছেন, সেটা তাঁর statement of object and reasonsএ দেখা যায়। সেখানে তিনি বলতে চাচ্ছেন It has become necessary to amend the Act to provide for the following যার মধ্যে দ্বিতীয়টি হচ্ছে important, Resriction on the transfer of land by persons belonging to the scheduled tribe and the scheduled caste and the Kurmi (Mahato) community and forfeiture of such land in case of transfer in contravention of the restriction অর্থাৎ মাহাতো সম্প্রদায় এর কিছু তপশীলভুক্ত সম্প্রদায় যাতে করে জমিজমা হস্তান্তর না করতে

পারে বা হস্তান্তর করার ক্ষেত্রে কিছু বাধা নিষেধ আরোপ করা যায় সেই উদ্দেশ্যেই এই বিল আনা হচ্ছে। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই restriction আরোপ করার যুক্তি কি? তিনি যদি মনে করেন যে এই restriction না দিলে মাহাতো কম্যুনিটি এর scheduled caste and scheduled tribe ভুক্ত লোকেরা জমি বিক্রি করে দেবে এবং যাতে তারা জমি না বিক্রি করতে পারে সে উদ্দেশ্যেই এই reasonable restriction এ যেন গাড়ীর আগে ঘোড়া না রেখে ঘোড়া গাড়ীর আগে রাখার মতন অবস্থা। এই মাহাতো কম্যুনিটি এবং scheduled caste ও scheduled tribe communityর লোকেরা অভাবের জন্য জমি বিক্রি করতে বাধ্য হয়। এই গরীব মাহাতো কম্যুনিটি এর scheduled tribe ও scheduled caste এর লোকেরা যাতে এই জমি হস্তান্তরিত না করে সেজন্য তিনি চেষ্টা করছেন। কিন্তু তারা কি কারণে জমি হস্তান্তরিত করতে বাধ্য হয় সেগুলি দূর করার জন্য তিনি কি চেষ্টা করছেন সেটাই আমার প্রশ্ন? তিনি কি জানেন না যে, ঐ কম্যুনিটির একটা লোক যার দু'বিঘার বেশী জমি নেই সে তার ছেলের অসুখ হলে জমি বিক্রি করতে বাধ্য হবে। অর্থাৎ যার ঐ জমি টুকুনই মাত্র সম্বল সে তার ছেলের চিকিৎসার জন্য তখন জমি হস্তান্তর ছাড়া আর কি করবে।

Mr Speaker : Mr. Banerjee, please finish early because the time allotted for discussion on this Bill is only one hour and there are about twenty speakers.

Shri Subodh Banerjee : তা কি করে হয়?

Mr Speaker : এটা তো আপনারাই ঠিক করেছেন?

Shri Subodh Banerjee : আপনি বোধহয় জানেন যে আমি এই রকম ব্যবস্থার protest করেছিলাম। বিলে তাঁরা এ্যামেণ্ডমেণ্ট দেবেন না আর ১৫ মিনিট agree করে আনবেন I am not bound, as the members of that parties, they may be bound by that আমরা এমেণ্ডমেণ্ট দিই, ওঁরা দেন না, সেক্ষেত্রে ওঁরা কি করে agree করে আনেন জানি না—Subodh Banerjee is not going to be bound by that, আমি ওতে বাউণ্ড হব না। বিলের ক্ষেত্রে আমাকে consult না করে যেন কিছু না করা হয় এটাই আমার বক্তব্য, কারণ আমার এমেণ্ডমেণ্ড অনেক বেশী থাকে। এ ছাড়া দুঃস্থ লোকেদের সম্বন্ধে কিছু বলতে গেলে অনেক সময় লাগে।

Mr Speaker : I know you will be able to deliver some goods but still I request you to finish within ten minutes and you have already taken five minutes.

Shri Subodh Banerjee : আমার বক্তব্য হচ্ছে যে irrelevant এবং rot যদি তাহলে আমাকে বসিয়ে দেবেন তাতে আমার আপত্তি নেই। তবে আমি যদি কোন reasonable এর same কথা বলি তাহলে আপনি আমাকে বসিয়ে দেবেন এটা হয় না কে কি agree করে আনবেন তাতে আমরা বলার সময় পাব না তাতো হয় না।

[4-40—4-50 p. m.]

পুরুলিয়ার এনিয়ে আন্দোলন হয়ে গিয়েছে, অসংখ্য লোক জেলে যাচ্ছে। কাজেই হঠাৎ মহাতো সমাজের উন্নতির জন্য নয় অন্য কারণে এই যে তাড়া হুড়ো করে বিল করতে যাচ্ছেন এটা ঠিক হচ্ছে না।

মূল কারণে যদি হাত না দেন তাহলে জমি হস্তান্তর বন্ধ করতে পারবেন না। মূল কারণ হল দুঃখ দারিদ্র্য, এটা দূর না হলে হস্তান্তর হতে বাধ্য। আপনি কি জোর করে তা বন্ধ করবেন।

দ্বিতীয় কারণ হল: Deputy Commissioner থেকে permission নিতে হবে। লোকের যা অবস্থা, তার উপর এই Deputy Commissioner এর কাছ থেকে permission

নিতে এক একটা দুঃস্থ লোককে কম পক্ষে ৫০ টাকা করে ঘুষ দিতে হচ্ছে, permission নেওয়ার ব্যাপারে উকিল মোক্তার নানারকম নিযুক্ত করতে হচ্ছে। কাজেই permission এর ব্যবস্থা করে যাদের উপকার করতে যাচ্ছেন তাদের আরও অসুবিধার সৃষ্টি করছেন। তারপর এই permission এর জন্য যারা apply করবে তাদের permission দেবার আগে Deputy Commissioner খোঁজ নেবে এই জমি মাহাতো সম্প্রদায়ের আর কোন লোক কিনবে কিনা, যদি না থাকে তাহলে অন্য জাতের লোককে বিক্রী করবে। আচ্ছা আমি বলি: ধরুন একটা জমি যদি বাজারদামে বিক্রী করতো তাহলে ৪০০ টাকা বিঘা পেত কিন্তু আর একজন মাহাতো নিতে চাইলে হয়ত ২০০ টাকার বেশী দেবে না। সেই জায়গায় বিক্রেতা free market সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে, কেন না বেশী দামের জায়গায় কম দামে বিক্রী করে দিতে হবে।

আপনারা চাষীদের ভাল করার কথা বলছেন কিন্তু প্রতি ছত্রে ছত্রে বিলের কুফল উঠছে জমিদার তোষণ। চিন্তা করে দেখুন ভারতবর্ষের আর কোথাও এমন হয়েছে কিনা? জমি forfieture হয়ে যাবে। যদি বুঝতাম জমি সরকারে vest হয়ে যাবে তাহলে বুঝতাম কিন্তু এখানে গরীব চাষীর জমি জমিদারে vest করে যাবে। আর আপনারা গরীব চাষীর জন্য দরদ দেখাচ্ছেন একটা দুবিঘার মালিক কুর্মী চাষী তার জমি vest করে গেল জমিদারের কাছে সরকারে নয়, এই যে লজ্জাজনক পরিস্থিতি এর থেকে নিন্দার্হ আর কিছু থাকতে পারে বলে আমি মনে করি না। এরকম যে আইন নিয়ে এসেছেন এর বিরোধীতা করা দরকার এবং বিশেষ করে যাহাতে কুর্মীসম্প্রদায়ের কথা যখন বলছেন। মন্ত্রীমহাশয়ের যদি সাহস থাকে পুরুলিয়ার মাহাতোদের কাছে referendum করুন। দেখুন তারা এটা সমর্থন করেন কি না। তাদের face করুন, দেখুন majority of the people কি বলে? এর বেশী এ সম্বন্ধে বলার প্রয়োজন পড়ে না! এরা বলছেন ভাল করবেন। চাষীদের জিজ্ঞাসা করি জমিদার জোতদারদের right to dispose of the land কে বন্ধ করতে পারবেন। আর গরীবদের right কে কেড়ে নিচ্ছেন। একে কি গণতন্ত্র বলে? সমস্ত সুযোগ দিচ্ছেন বড়লোকদের আর কৃষকদের জন্য দরদ দেখাচ্ছেন, বড় বড় কথা বলছেন। আসল উদ্দেশ্য হল আপনাদের কৃষক সমিতিকে জব্দ করা এই নীতির আমি প্রতিবাদ করছি।

Shrimati Labanya Prova Ghosh: স্যার, ছোট নাগপুর টেনেন্সী সংশোধন বিল নামে এই অত্যন্ত ক্ষতিকর বিলটির আবির্ভাব দেখে আমরা সবিশেষ বিস্মিত হয়েছি। বিলটির চতুর্থ ধারায়—পুরুলিয়া জেলার জন্য একটি ব্যবস্থার উদ্ভাবন করা হয়েছে কুর্মী, আদিবাসী হরিজন সম্প্রদায়ের জমি হস্তান্তরের সর্ত্ত রাখা হয়েছে; হস্তান্তরের পূর্বে ডেপুটি কমিশনারের অনুমতি প্রয়োজন হবে। এই সঙ্গে তপশীল জাতি সম্প্রদায়কে যুক্ত করা হয়েছে। তারও এক বিশেষ প্রয়োজন ঘটেছে। ছোটনাগপুর টেনেন্সি এ্যাক্ট অনুসারে এই ব্যবস্থা পূর্ব হতেই বিধিবদ্ধ হ'য়ে আছে। এই বিলে সেই অবাঞ্ছিত ব্যবস্থাকে আরো বিপজ্জনক করা হয়েছে, এর সঙ্গে কুর্মীসম্প্রদায়কে সহসা এই ভাবে যুক্ত করার মধ্যে যে রহস্য এবং ইতিহাস আছে তা সদস্যদের জানা উচিত। তা জানতে পারলে সদস্যরা উপলব্ধি করতে পারবেন যে অত্যন্ত ক্ষতিকর জেনেও এই ব্যবস্থা আজ সরকারী চক্রান্ত রূপেই আবির্ভূত হয়েছে জনগণের দিক থেকে—এ সন্দেহ করার কারণ রয়েছে। ডেলুটি কমিশনারের অনুমতি সাপেক্ষে—জমির এই হস্তান্তরব্যবস্থা অত্যন্ত অসুবিধে জনক, ক্ষতিকর, ব্যয়সাপেক্ষ এবং অত্যন্ত সময় সাপেক্ষ। এই ব্যবস্থা এহেন অসুবিধেজনক ব'লেই—এই ব্যবস্থা ধারাকে ফাঁকি দেবারও বহু পথ হ'য়ে গেছে। তপশীলী জাতি সম্প্রদায়ের ওপর দিয়ে—এই ব্যবস্থা অনেকদিন থেকেই চলছিল তাদের হাতে জমি বেশী না থাকায়—এবং তাদের মধ্য দিয়ে জমির লেনদেন বেশী না হওয়ায় তীব্র তথা ব্যাপকভাবে এই অসুবিধে অনুভূত

হয়নি সহসা যখন এক বিচিত্র পরিবেশে কুর্মি প্রভৃতি অনুন্নতরূপে ঘোষিত সম্প্রদায়গুলির ওপর এই ব্যবস্থা চাপানো হ'ল তখন সারা জেলায় তীব্র এবং ব্যাপক এক বিক্ষোভ দেখা দিল। কারণ অধিকাংশ জমি এদেরই হাতে। জমি সংক্রান্ত অধিকাংশ যোগাযোগ এদেরই সঙ্গে। সেই কারণে—এই নূতন ব্যবস্থার নামে অব্যবস্থা এবং বিশৃঙ্খলা ব্যাপক রূপে অনুভূত হোল। ১৯৫৬ সালের ১লা নভেম্বর বিহারের সরকারী শাসন যখন বিদায় গ্রহণ করল। তখনো পর্য্যন্ত এই ব্যবস্থা অনুন্নতরূপে ঘোষিত সম্প্রদায়গুলির ওপর প্রবর্ত্তন করা হয় নি। সহসা ১৯৬০ সালের আগষ্ট মাসে—এই ব্যবস্থা বিনা আইনে—সম্পূর্ণ বেআইনীভাবে—পুরুলিয়া জেলার অনুন্নত ব'লে ঘোষিত সম্প্রদায়ের উপর চাপান হয়। সম্পূর্ণ অসত্য এক ঘোষনা করা হয় যে, বঙ্গ ভুক্তির পূর্বেই ছোটনাগপুর টেনেন্সি এ্যাক্ট অনুসারে এই ব্যাবস্থা বিধিবদ্ধ করা হয়েছে। কিন্তু, বিহার গেজেটে কোথাও এই বিষয়ে বিধিসম্মত নোটিশ ছিল না। সুতরাং, বলা হোল ডেপুটি কমিশনারের বিনা অনুমতিতে অনুন্নত ব'লে ঘোষিত সম্প্রদায়গুলির জমি অপর সম্প্রদায়গুলিকে হস্তান্তর করার কাজ—সম্পূর্ণ বেআইনী হয়েছে। জমি হস্তান্তর অসিদ্ধ হয়েছে এই অবৈধ অসত্য—দায়িত্ব জ্ঞানহীন ঘোষনা করার ফলে—বহু অবৈধ জুলুম মামলা এবং এমনকি, বিচারকের অবৈধ সিদ্ধান্ত পর্য্যন্ত অনুষ্ঠিত হোল। অবশেষে মামলার ফলে এই অবাঞ্ছিত আইনের অবসান ঘটল। সম্পূর্ণ এই একটি বৎসর ধ'রে জনগণের অশেষ অপব্যয়, রাজস্বের প্রভূত ক্ষতি—এবং সংশ্লিষ্ট জনগণের নিরতিশয় দুর্গতি ঘটল। একটি শাসন বিভাগে—সম্পূর্ণ বে আইনী ব্যবস্থার একটি কলঙ্ক জনক ইতিহাস রচিত হোল, আমাদের স্পষ্ট উপলব্ধি হয়েছে যে, স্থানীয় কর্তৃপক্ষ সমস্ত জেনে বুঝে এই ব্যবস্থা প্রবর্ত্তনের চক্রান্ত করেছিলেন। উপযুক্ত তদন্তে এ প্রমাণিত হবে—আমি বিশ্বাস করি। আমরা জানি যে, পুরুলিয়ার রেজিষ্ট্রেশন বিভাগ থেকে তদানীন্তন ডেপুটি কমিশনারকে জানানো হয় যে, এই মর্মে প্রয়োজনীয় নির্দেশ কোথাও নেই। তা সত্ত্বেও তিনি—ব্যবস্থা প্রবর্ত্তনের জন্য অবৈধ নির্দেশ জারী করেন। সংশ্লিষ্ট বিভাগের রেকর্ড পত্র থেকে তার স্পষ্ট পরিচয় পাওয়া যাবে। এ বিষয়ে গভীর সন্দেহ করবার কারণ রয়েছে যে, বিশেষ উদ্দেশ্য সাধনের প্রয়োজনেই এই অবাঞ্ছিত ব্যবস্থার প্রবর্ত্তন করা হয়েছিল। একদিকে যেমন শাসনতান্ত্রিক এতবড় একটি বেআইনী ব্যবস্থার এক বৎসরের ইতিহাস গড়ে উঠল অন্যদিকে তেমনি এই ব্যবস্থার বিরুদ্ধে যে জনবিক্ষোভ ও জন আন্দোলন আত্মপ্রকাশ করল তার পরিপ্রেক্ষিতেও আজ এই আইনের আলোচনা অত্যন্ত প্রয়োজন। প্রথমে এই ব্যবস্থার মধ্যে নিহিত বেআইনী ব্যাপার কারুর উপলব্ধি হয়নি অনুন্নত বলে ঘোষিত সম্প্রদায়গুলির ওপর এই ব্যবস্থার প্রবর্ত্তনে তাদের মধ্যে এই ব্যবস্থার উপযোগিতার বিরুদ্ধেই ব্যাপক বিক্ষোভ দেখা দিল তার যুক্তিসঙ্গত কারণ ছিল। এই সমস্ত সম্প্রদায়ের জমি যাতে অন্যায়ভাবে হস্তান্তর না হয়, তার প্রতি সাবধানতা অবলম্বনের জন্য এই ব্যবস্থা করা হয়েছে বলে সরকার দাবী করেন, কিন্তু বাস্তব পক্ষে উপযুক্ত তদন্ত ও হয় না। কারো জমি বিক্রি করতে আটকও হয় না এবং অনুমতি পাওয়ায় বিলম্ব ও অসুবিধে ঘটে বলে—অন্যান্য অবাঞ্ছিত ধারায় জমি হস্তান্তরের ব্যবস্থায় সংশ্লিষ্ট পক্ষ ক্ষতিগ্রস্ত ও হয়।

[4-50—5 p. m.]

এবং যে অনুমতিব্যবস্থা রক্ষা-ব্যবস্থার নামে পরিকল্পিত, সেই ব্যবস্থার সম্পূর্ণ বিপরীত অবস্থাই আজ ঘটছে। জরুরী অর্থের প্রয়োজনে লোকে জমি বিক্রি করে। অনুমতি পেতে বিলম্বের ফলে লোক বিপন্ন হয়। অনুমোদন লাভ করতে দীর্ঘ সময়, অশেষ হায়রানী, অজস্র অপব্যয় ও অবৈধ ব্যয় অপরিহার্য্য ভাবেই ঘটে। জনগণের ক্ষতির সঙ্গে সামগ্রিক এই অবৈধ ব্যবস্থার ফলে এক বৎসরের মধ্যে রাজস্বের ৫০ হাজার টাকা ক্ষতি হয়েছে। যার বিনিময়ে

জনগণেরও কোনো লাভ হয়নি। একে তো অনুমোদন ব্যবস্থার এই ভয়াবহ রূপ তার ওপর এই নতুন বিলের দ্বারা এই ব্যবস্থাকে আরো সাংঘাতিক বিধানে কদর্য্যরূপে পরিণত করা হয়েছে। সর্বপ্রথমেই এর সাম্প্রদায়িক রূপটি নগ্ন ভাবে চোখে পড়ে। অনুন্নত বলে ঘোষিত অপর সম্প্রদায়গুলিকে ছেড়ে দিয়ে শুধু কুর্মীসমাজকে আবদ্ধ করা হয়েছে। এবং শুধু পুরুলিয়া জেলায় কুর্মীদেরই যেন তারাই সকলের চেয়ে অনুন্নত। এর কারণ স্পষ্ট, কারণ এই ব্যবস্থার বিরুদ্ধে আন্দোলনে কুর্মীরাই নেতৃত্ব করেছিলেন। তারই জন্যে তাঁদের প্রতি এই শাস্তিমূলক ব্যবস্থা। এই ভাবে বাছাই করে কুর্মী সমাজের ওপর স্বাধীনতা হরণের ব্যবস্থা সংবিধানের বিরোধী এবং অত্যন্ত বৈষম্যমূলক ব্যবস্থা। অধিকন্তু রক্ষার ব্যবস্থাও যে রক্ষার দৃষ্টি নিয়ে গঠিত হয়নি তাও স্পষ্টভাবেই প্রকাশিত। ছোটনাগপুর টেনেন্সি এ্যাক্টে জেলার কিছু সম্প্রদায়কে জেলার বাইরের হাত থেকে রক্ষার ব্যবস্থা ছিল। এই বিলের দ্বারা জেলার বাইরের কুর্মী, হরিজন আদিবাসীদের দ্বারা জেলার কুর্মী, হরিজন আদিবাসীদের ভূসম্পত্তির ওপর অবাধে মাথা গলাবার ব্যবস্থা করে দেওয়া হল। সরকারের মতে পুরুলিয়া জেলার কুর্মী হরিজন, আদিবাসী সবচেয়ে অনুন্নত। তার পুরুলিয়ার বাইরের এই সব সম্প্রদায় সরকারের মতে উন্নত ও চালাক। তবে তাদের হাত থেকে জেলার হরিজন আদিবাসী কুর্মীদের রক্ষার ব্যবস্থা কেন করেননি সরকার। তাদের হাতে বিপন্ন হবার পথ খোলা রাখা হয়েছে এই বিলে। বিলে বলা হয়েছে-যে জমি হরিজন আদিবাসী কুর্মীরা অন্যসম্প্রদায়কে দিতে চাইবে সেই জমি বাজার দরে নিজ সম্প্রদায়ের কেউ নিতে চাইছে কিনা তা ভালভাবে যাচাই করে তবে ডি. সি. জমি বিক্রী করার অনুমতি দেবেন। এই ব্যবস্থা অত্যন্ত অবাস্তব এবং অনুমতি প্রদানে বিলম্ব করার অবাধ অজুহাতের পথ এতে করা রইল। তাদের সম্প্রদায়ের কে কোথায় বাজার দরে নেবে তা সন্ধান করে নেওয়ার ব্যবস্থা যেমন আদৌ কার্য্যকরী নয়, তেমনি, এই ব্যবস্থার ফলে বিক্রেতা খোলাবাজারে সর্বোচ্চ মূল্যে জমি বিক্রয়ের অধিকার থেকে বঞ্চিত হবে। যে ক্ষেত্রে অন্য সম্প্রদায়ের লোকেরা খুসীমত দাম পাবার অধিকারী থাকবে-সে ক্ষেত্রে পুরুলিয়া জেলার দরিদ্র আদিবাসী হরিজন-কুর্মীরা অনর্থক এই ভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার শাস্তি ভোগ করবে। এই বিলে আর একটি এমন মারাত্মক ব্যবস্থা করা হয়েছে যা কোনও দিন কোনো বিচারবুদ্ধিসম্মত আইনের বিধানে রচিত হয়নি। এই বিলে ব্যবস্থা করা হয়েছে যে, এই আইনের ব্যবস্থাকে অমান্য করে যদি কেউ জমি হস্তান্তর সম্পাদন করে তবে সেই জমি বাজেয়াপ্ত করে নেওয়া হবে। এ হেন জুলুমের পরিকল্পনা আমার কাছে অভাবিত। আইন বিরোধীরূপে হস্তান্তরের জন্য সাধারণ অপরাধ আইনের আওতায় বিচার ও শাস্তির ব্যবস্থা হতে পারে। তাই বলে এই অপরাধে সরাসরি বাজেয়াপ্ত করার বিধান আইনবুদ্ধির চূড়ান্ত বিকৃতির পরিচয় বলেই মনে করি। ঈশ্বর এই আইন রচয়িতার হাত থেকে আমাদের রক্ষা করুন। যদি কোন চুক্তিফলে—চুক্তিপত্রে বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত থাকে তবে এই বাজেয়াপ্ত বিরুদ্ধে এ যাবত আইন আদালতে সহায়তা প্রদানেরই ব্যবস্থা করা হয়েছে।

এই বিলে আরও বলা হয়েছে যে, বাজেয়াপ্ত ক'রে সরকার অথবা জমিদারের হাতে সেই সম্পত্তি যাবে। বিল অনুসারে একমাত্র রেজিষ্ট্রি দ্বারাই হস্তান্তর সম্পাদিত বলে গণ্য হবে। আইনবিরোধী হস্তান্তর মানে রেজিষ্ট্রীবিহীন ঘরোয়া বা মৌখিক হস্তান্তর। সুতরাং অসাধু জমিদার বা অফিসারেরা সহজেই মিথ্যে হস্তান্তরের অভিযোগ তুলে দরিদ্র হরিজন আদিবাসী ও কুর্মীদের জমি আত্মসাৎ করবে। সুতরাং এই বিল নূতন এক ভয়াবহ উপদ্রবের ক্ষেত্র সৃষ্টি করল। এই বিল অনুসারে ভুক্ত বন্ধক বিষয়ের ব্যবস্থাও অবাস্তব। ল্যাণ্ড এ্যাকুইজেশন এ্যাক্ট যখন রয়েছে তখন ছোটনাগপুর টেনেন্সি এ্যাক্টের ৫০ ধারা বজায় রাখার ও প্রয়োজন কিছু নেই। সরকারী যোগাযোগে মধ্যসত্বাধিকারীর উপদ্রবের একটি ক্ষেত্র ও এতে রেখে দেওয়া হল। সমগ্র দৃষ্টিতে এই বিল সম্পূর্ণ অবাস্তব, ক্ষতিজনক সংবিধান বিরোধী তথা অসম্মানজনক। সুতরাং জেদের বশবর্তী হয়ে এই বিল গ্রহণ না ক'রে আমাদের প্রস্তাব মত

সরকার জনমত গ্রহণের উদ্দেশে ১৯৬২ সালের এপ্রিল মাস পর্যন্ত প্রচারের অবকাশ দান করুন। বিশ্বাস করি, চিন্তা ও জনমতের অবকাশে সরকার নিশ্চয়ই উপলব্ধি করবেন—এ বিল অবাঞ্ছিত।

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that the Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961 be circulated for the purpose of elicting opinion thereon by the 31st December, 1961.

Sir, this Bill has got three parts. I do not object to the first two parts, namely, the payment of rent by instalments and the change of the year into Bengali year, but the third part is very objectionable, and I say that this Bill is unconstitutional, because restrictions are being put to transfer of property by the members of the scheduled castes, scheduled tribes and the Kurmi (Mahato) community. Sir, if you look to Article 19 (1) (f of the Constitution you will find there stated "everybody has the right to acquire, hold and dispose of property", but there is some relaxation of this Article in 19 (5). That relaxation is made only in favour of the scheduled tribes, but no relaxation has been made in favour of the scheduled castes. There it is stated 'reasonoble restrictions on the exercise of any of the rights conferred by the said sub-clauses either in the interests of the general public or for the protection of the interests of any Scheduled Tribe." So there cannot be any law for the protection of any interest of the scheduled castes under this Article. Sir, during the passage of the Constitution some difficulties arose and therefore, Article 31A and 31B had got to be enacted and a new Schedule, Schedule 9 has been taken into the Constitution, but that Schedule which makes illegal laws constitutional does not contain this Bill or the original Act, the Chota Nagpur Tenancy Act. Therefore, if there is some thing unconstitutiional, that is not protected by Schedule 9. Then Sir, in Artcile 31 you will see some provision has been made there for the acquisition and requisition of property by the Government. Excepting the provision of acquisition and requisition in favour of Government, there is no relevant provision as regards transfer by one person to another.

[5—5-20 p. m.]

Then the power of forfeiture is also unconstitutional. When any property is to be taken, some money has to be paid to the owner. Of course, the quantum of money may be fixed by law but forfeiture is unconstitutional.

Regarding the existing provision the Hon'ble Minister has said that in the Bihar Bill there is such a provision in the Government notification. It is not there. I would draw your attention to an order of the District Registrar of Purulia in Misc. Appeal No. 41 of 1960-61. The order is this, "As however no notification could be found, so far as the contention of the petitioner is concerned the District Sub-Registrar could not accept the document even, without the permission of the Deputy Commissioner as prayed for by the petitioner in this case" This is an order dated 26. 7. 1961. Therefore, as the District Registrar says the Bihar Government has got no such provision.

Then there is some provision with regard to the Santhals in the Bengal Tenancy Act, section 49A. The Act shall apply only to Santhals in the districts of Birbhum, Bankura and Midnapore, who have been deemed to be entitled to it for the purpose of this chapter. Then there is restriction on behalf of the aboriginals of Birbhum, Midnapore and Bankura. In those tribes the names are Bhuiyas, Bhumjies, Garos, Gonds, Hadis, Hajangs, Hos, Kharias, Kharwars, etc. These Mahatos are not there. If we accept this Bill we shall be having provisions with regard to persons living in different

districts. You are restricting by this Bill the transfer among the Kurmi Mahatos. They are not living in one district only but in several other districts. They made movements serveral times. Mrs. Ghosh spoke about these movements and about their effect. The Kurmi Mahatos must be convinced that this is for their benefit. We are giving some special privileges to the scheduled castes and tribes ; in the Constitution there is provision made in their favour so that these persons may grow and there is provision about the President's appointing a Commission at some intervals to look into the interests of these persons and to delete from the list of scheduled castes and tribes those persons who have sufficiently advanced and educated to look after their own interest. These persons are stfficiently advanced and they do not require any further protection.

(At this stage the honourable member having reached his time-limit resumed his seat)

[At this stage the House was adjourned for fifteen minutes]

[After adjournment]

[5-20—5-30 p. m.]

Shri Chitto Basu : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eleciting opinion thereon by the 31st March, 1962.

Sir, Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill জনমত সংগ্রহ করবার জন্য আমি এই motion দিয়েছি। কেন এই জনমত সংগ্রহ করবার জন্য এই প্রস্তাব রেখেছি এই প্রসঙ্গে বলতে গিয়ে সর্ব্ব প্রথম, মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই বিলের উদ্দেশ্য হিসাবে মাননীয় রাজস্বমন্ত্রী যে কথা বলেছেন যে, যাতে করে মাহাতো সম্প্রদায়ের জমি হস্তান্তর না হয় এবং যাতে করে তারা জমিশূন্য না হয়ে পড়ে এই উদ্দেশ্য সম্মুখে রেখে এই বিলে একটা বিশেষ ধারা সংযোজিত করেছেন। মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা কথা আপনাকে বলে রাখি যে, যে উদ্দেশ্য নিয়ে, যাতে করে তারা ভূমিহীন না হয়ে পড়ে, এই কাজ করতে হলে যে ধরণের ব্যবস্থা করা উচিত ছিল সেই ধরণের ব্যবস্থার দিকে লক্ষ্য রেখে তা করা হয়নি। বরং আমরা দেখতে পাচ্ছি যে, অন্য ভাবে, মানুষের অর্থাৎ কৃষক পরিবারের প্রয়োজনের সময় তাদের যখন অর্থের প্রয়োজন হয়, তখন কৃষক, তারা নিজেদের জমি বাধ্য হয়ে বিক্রয় করে। এবং তা যদি করতে হয় তাহলে এখানে Deputy Commissioner'র permission'র কথা বলা হয়েছে। আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতার মধ্য দিয়ে দেখেছি, প্রয়োজনের সময় যখন তাদের টাকা সংগ্রহ করতে হয় তখন বৈধ উপায়ে যদি তারা টাকা সংগ্রহ না করতে পারে পারে তাহলে অবৈধ উপায়ে টাকা সংগ্রহ করে। কিন্তু এই অসুবিধা দূর করার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নেই। সেইজন্য মন্ত্রীমহাশয় যে উদ্দেশ্য নিয়ে এটা আনছেন তা সফল হওয়া সম্ভব নয়। বর্ত্তমানে পুরুলিয়ায় ২½ লক্ষ মাহাতো সম্প্রদায় কৃষক আছে ; আমরা শুনেছি তাদের পক্ষ থেকে সম্প্রতি মন্ত্রীমহাশয়ের কাছে ১৬ হাজারের মত দরখাস্ত এসেছে যে মাহাতো সম্প্রদায়,—তারা এটা পছন্দ করে না। তাদের স্বার্থের অনুকূলে এই বিল নয়, তাদের স্বার্থের বিরুদ্ধে এই বিল প্রণয়ন করা হয়েছে। এই যদি এই বিলের উদ্দেশ্য হয়ে থাকে তাহলে কাদের কল্যাণের জন্য, কাদের মঙ্গলের জন্য এই বিল আনছেন? যেটা মাহাতো সম্প্রদায় বিরোধীতা করছে, সেটা তারা চায় না, তবে কি কারণে মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় এই বিল পাশ করবার জন্য এত ব্যস্ততা দেখাচ্ছেন। কাজেই আমার মনে হয়, প্রকৃত প্রস্তাবে মাহাতো সম্প্রদায়ের মঙ্গলের কথা, কল্যাণের কথা যদি তাঁর মনে থাকে তাহলে এই বিলের জন্য মত নির্দ্ধারণ করা প্রয়োজন। প্রকৃত প্রস্তাবে এটা

মাহাতো সম্প্রদায় চায় কি চায়না সেটা তাঁদের জানা দরকার। পুরুলিয়া জেলায় যে সমস্ত মাহাতো সম্প্রদায়ের নেতা ও কৃষকদের সঙ্গে যাতে মিলেমিশে করতে পারেন, তাদের অভিমত নিয়ে করতে পারেন তার ব্যবস্থা করুন। তারা মনে করে যে এই বিল তাদের মঙ্গলের জন্য হবে না, কল্যাণের জন্য হবে না। স্পীকার মহোদয়, representation ও প্রতিনিধিমণ্ডলী তাঁর কাছে গিয়েছিল, তখন তারা তাঁর কাছে কি বলেছিল? সুতরাং যে বিল করতে যাচ্ছেন তাতে তাদের কাছ থেকে এরজন্য মতামত নির্দ্ধারণ করা প্রয়োজন।

শেষকালে আমার বক্তব্য, এই অনুন্নত শ্রেণীর ভিতর অন্যান্য শ্রেণীর লোকও রয়ে গিয়েছে, তাদের এই বিলের ভিতর অন্তর্ভুক্ত না করে কি কারণে শুধুমাত্র কুর্মী মাহাতোদেরই এই বিলের আওতায় ধরা হল—তারা শিক্ষাক্ষেত্রে অনুন্নত, জায়গা জমির অধিকারের দিক থেকে অনুন্নত, অর্থনৈতিক ক্ষেত্রে অনুন্নত—এদেরও যদি উন্নত করতে হয় তহলে কি শুধু এই restrictive ব্যবস্থা দ্বারা তা সম্ভব হবে? আমরা জানি, সকলেই আজকের দিনে একথা জানেন যে, রাজনৈতিক চেতনার দিক থেকে তারা অগ্রসর, পশ্চাৎপদ নয়—রাজনৈতিক ক্ষেত্রে আরা অনেকের চেয়ে সচেতন। একথা বলে আমি মনে করি, যদি মন্ত্রীমহাশয় ব্যক্তিগত ভাবে অনুসন্ধান করেন, সেখানকার আদিবাসীদের সংগে আলোচনা করেন তাহলে পর বুঝতে পারবেন তাদের অভিমত না জেনে যদি এইভাবে এটা পাস করার চেষ্টা করেন তাহলে যে আন্দোলন হবে, যে পরিস্থিতি হবে সেটা আমাদের পক্ষে কাম্য নয়।

Shri Gobinda Charan Maji: I beg to move that the Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961 be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1961

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই বিল প্রচারের জন্য দিতে বলছি। আমি মন্ত্রীমহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, বিহার সরকারের আমলে যে জিনিস প্রযোজ্য ছিল না আজ হঠাৎ কি কারণে কুর্মী মাহাতোদের এই বিলের আওতায় আনতে হল। আমরা এটা পরস্পরের মধ্যে আলোচনা করে এবং সমস্ত তথ্য সংগ্রহ করে এটুকু বুঝতে পারছি যে, একটা রাজনৈতিক কারণে এই কুর্মী মাহাতোদের এই বিলের আওতায় আনা হচ্ছে। এতে যে অন্যায় করা করা হবে তা থেকে সাবধানতা অবলম্বন করা উচিৎ। আমি মনে করি সমস্ত অনুন্নত শ্রেণীকেও একসঙ্গে যদি জায়গা জমির অধিকার দিতে হয় তাহলে তাদেরও উন্নতি-সাধনের জন্য বিল আনতে হবে। মন্ত্রীমহাশয় তার বক্তব্য পেশ করার সময় যেন পরিষ্কার বলেন কি এমন কারণ ঘটল যার জন্য যে কুর্মী মাহাতোরা এর আওতার মধ্যে ছিল না তাদের হঠাৎ কেন আনা হল।

[5-30—5-40 p. m.]

Shri Sagar Chandra Mahato: মাননীয় স্পীকার মহাশয়, রাজস্বমন্ত্রী আমাদের যে ছোটনাগপুর Tenancy (West Bengal Amendment) বিল এনেছেন আমি তা পূর্ণ সমর্থন করি, তাঁকে এজন্য ধন্যবাদও জ্ঞাপন করছি। আমিই যে শুধু এখানে দাঁড়িয়ে এই বিল সমর্থন করছি তা নয়, যাদের জন্য এই বিল তাঁরাও এটা সমর্থন করবে। এই ধরণের একটা বিল পাশ হলে কুর্মী মাহাতোদের জায়গাজমি রক্ষিত হবে না। ১৯০৫ সালে বিহার Act এর amendment হয় যে Scheduled tribes and scheduled castets permission নিয়ে জায়গাজমি বিক্রী করতে পারবে। ১৯৫৫ সালে পুনরায় এই আইনের সংশোধন হয়। তখন বিহার সরকার অনুন্নত শ্রেণীর তালিকা প্রনয়ণ করেন—১৯৫৭ সালের ফেব্রুয়ারী মাসে, তাতে কুর্মী মাহাতোদের নাম আছে। কেন্দ্রীয় সরকারের socially and educationally backward শ্রেণীর যে list আছে তাতেও কুর্মী মাহাতোদের নামোল্লেখ আছে। আরো অনুরূপভাবে সংশোধন হচ্ছে। কাজেই আমরা মনে করি এটা নতুন কিছু নয়।

এটা কোন রাজনৈতিক চাল নয়। সরকার আজকে এখানে যে বিধিব্যবস্থা করছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। এখানে অনেকে বলেছেন permission এর ব্যবস্থা কেন? আমি বলতে চাই, permission করলেই আমাদের জমিগুলি রক্ষিত হবে, তা নাহলে লুটপাট হয়ে যাবে। এই কুর্মী মাহাতোদের বনে জঙ্গলে একটা স্বার্থ আছে। তাদের এই স্বার্থ যাতে ক্ষুণ্ণ না হয় সেদিকে যেন সকলে লক্ষ্য রাখেন এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ledu Maji: মাননীয় অধ্যক্ষ মহোদয়, জেলার জনসাধারণের পক্ষ থেকে যেমন আমি এই অবাঞ্ছিত ক্ষতিকর বিলের প্রতিবাদ করতে উঠেছি—তেমনি আমি আমাদের আদিবাসী সম্প্রদায়ের পক্ষ থেকেও আমরা এই বিলের প্রতিবাদ করি। অনুমোদন ব্যবস্থার ফলে আমরা দীর্ঘদিন বহু লাঞ্ছনা এবং অসুবিধা ভোগ করেছি। আজ এই বিলের দ্বারা আমাদের এক ভয়াবহ বিপদের সম্মুখীন হতে হবে। বলা হয়েছে—আমাদের রক্ষার জন্য সাবধানতা মূলক ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এই ব্যবস্থার মধ্য দিয়ে যে সমস্ত অসুবিধে-জনক এবং ক্ষতিজনক ব্যবস্থার পথ ক'রে রাখা হয়েছে তার ফলে এই সাবধানতার সত্যই কোন মূল্য নেই। ফলে লোক খিড়কির পথ দিয়ে অন্যান্য অবাঞ্ছিত ব্যবস্থার মাধ্যমে জমি হস্তান্তরের ব্যবস্থা করে নিচ্ছে। জমি যারা বিক্রি করতে চায় তাদের কারো জমি হস্তান্তরে কোথাও বাঁধা ঘটছে না। আপনারা সকলেই জানেন আজকাল পয়সার জোরে শাসন-বিভাগগুলিতে সর্ব্ব রকম ব্যাপারই করা সম্ভব হচ্ছে। যার জমি বিক্রী করা সত্যিই প্রয়োজন পয়সার জোরে তার জমির হস্তান্তর আটকে দেওয়াও আজ সম্ভব। এই সাবধানতামূলক ব্যবস্থারও সত্যকার কোনো অর্থ নেই। ডেপুটি কমিশনারের দিক থেকে যাচাই ক'রে দেখার যে ব্যবস্থা রয়েছে তা সত্যই অকার্যকরী। অফিসে বসে ডি, সি, উকিল, মোক্তার তৈরী করা সাক্ষী দালাল প্রভৃতির মাধ্যমে তাঁর এই গুরুত্বপূর্ণ কাজ উদ্‌যাপন করেন। তাঁর এই মাঝে থাকার জন্য ভাল কিছু তো হচ্ছে না বরং দরিদ্রের অপরিমেয় ক্ষতি এবং অসুবিধে যা হচ্ছে তাই আজ গভীর ভাবে বিচার্য। মানুষ সাধ ক'রে সহজে জমি বিক্রী করতে চায় না—বিপদে পড়ে নিতান্ত জরুরী ঠেকায় প'ড়ে মানুষ জমি বিক্রী করে। মামলা লেগেছে হঠাৎ চিকিৎসার খরচ চাই আরো জরুরী প্রয়োজন ঘটে তার জন্য জমি বিক্রী করে অবিলম্বে টাকা চাই রেজিষ্ট্রেশনের সাধারণ ধারা থাকলে সঙ্গে সঙ্গে জমি বিক্রয়ের ব্যবস্থা হতে পারে। কিন্তু ডি, সি'র অনুমতি ব্যবস্থায়, সংশ্লিষ্ট ব্যক্তিকে দিনের পর দিন মাসের পর মাস অপেক্ষা করতে হয়। শত শত এমন ঘটনা আছে যার মধ্যদিয়ে বিস্ময়কর বিলম্বের নজীর সৃষ্টি হয়ে রয়েছে। যে রোগীর চিকিৎসার জন্য জমি বিক্রীর অনুমতির জন্যে অপেক্ষা ক'রে বসে রইল—সে রোগীই তার চোখের সামনে বিনা চিকিৎসায় শেষ হয়ে গেল। তারপর হয়রাণীর কথা। অনুমোদন হয়েছে কিনা জানতে বহু আনাগোনায় হয়রাণী বহু লাঞ্ছনাই চাষীকে ভোগ করতে হয়। আর এই অনুমোদন ব্যবস্থার মাধ্যমে অপব্যয়ের কথা আরো বিস্ময়কর। বহু আনাগোনার জন্য দরিদ্র চাষীর যেমন পথ খরচ, সহরে খাওয়া খরচের সমস্ত অঙ্ক জমে ওঠে তেমনি বার বার উকিল, মোক্তার মুহুরী প্রভৃতির জন্য বহু খরচেও বহু অপব্যয় ঘটে যায়।

আর তার সঙ্গে দরিদ্র চাষীরা বহু দালাল এবং অসাধু সহায়কের পাল্লায় পড়ে—বিভিন্ন বিভাগকে ঘুষ দেবার নাম করেও অজস্র অপব্যয় ঘটতে থাকে। জরুরী অনুমতির প্রয়োজনেও বিশেষ অর্থব্যয়ের ধাক্কা পেতে হয়। বিক্রেতার আর একটি মস্ত আর্থিক ক্ষতি ঘটে। খোলা বাজার পায় না বলে দাম ভাল পায় না। দরকারে পড়ে অগ্রিম টাকা নেবার চুক্তিতেও বহু সময় বহু ক্ষতি বহন করতে হয়। এই অনুমতি ব্যবস্থার পথে এই সব নিরতিশয় বাধ্য থাকার ফলে লোকে অনুমতি গ্রহণের পথে না গিয়ে—যোগ সাজস মিথ্যে দেওয়ানী মামলা, রেজিষ্টার্ড না দাখীপত্র, আনরেজিষ্টার্ড ডকুমেণ্ট প্রভৃতি অবাঞ্ছিত ব্যবস্থার পথে জমি হস্তান্তরের কাজ চুকিয়ে নিচ্ছে। সুতরাং একদিকে যেমন অনুমোদন

ব্যবস্থায় জনগণের অশেষ ক্ষতি হচ্ছে অপর দিকে এর ফলে রাজস্বেরও বহু ক্ষতি হয়েছে। মাত্র একবৎসরের কম সময়কাল মধ্যেই পুরুলিয়ায় রাজস্বের ৫০ হাজার টাকার বেশী ক্ষতি হয়েছে। সুতরাং সমস্ত দিক দিয়েই এই ব্যবস্থা অত্যন্ত অবাঞ্ছিত। এই ব্যবস্থার ফলে জেলার জনগণকে যখন বহুবিধ অসুবিধের সম্মুখীন হ'তে হল—তখন জেলার জনগণের মধ্যে বিক্ষোভ ব্যাপক হয়ে দেখা দিল। সরকারের সঙ্গে বহু যোগাযোগ করা হল, সরকার নীরব থাকলেন। তখন সুরু হোল—জেলার চারিদিকে প্রতিবাদের আন্দোলন। জেলার ব্যাপক জনগণের মধ্যে বিক্ষোভের এই আন্দোলন প্রবল হয়ে উঠল। ভ্রান্তভাবে একে নিজেদের পরাজয় মনে করে কংগ্রেস তথা সরকারের মুন্সীমেয় কতকগুলি লোক জনমতের বিরুদ্ধে প্রচারের ব্যর্থ চেষ্টা করলেন। অবশেষে ভিত্তিহীন এই ব্যবস্থার বিরুদ্ধে লোক সেবক সংঘের পক্ষ থেকে মামলা দায়ের করা হল। মামলায় সরকারী পক্ষের পরাজয় ঘটল। বিগত ২৬শে জুলাই মাত্র চারিদিকে জনগণ আনন্দিত হোল। বিনা অনুমোদনে জমি হস্তান্তর সুরু হওয়ায় জনগণের স্বস্তির নিঃশ্বাস পড়ল। এই সমস্ত ব্যাপার ঘটে যাওয়ার পরমুহূর্তেই এই বিলের আবির্ভাব দেখে—আমরা অত্যন্ত বিস্মিত। বোধকরি, আমাদের জেলার জনদাবীর বিরোধী কতকগুলি ভ্রান্ত সরকারী তথা কংগ্রেসী ব্যক্তির মুখ রক্ষার জন্য এবং জনআন্দোলনের বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থারূপে পুরুলিয়া জেলার ওপর অত্যন্ত অবাঞ্ছিত জনবিরোধী এই ব্যবস্থা প্রবর্তন করার প্রস্তাব দেখা দিয়েছে। যে রক্ষা ব্যবস্থা আমরা চাই না তা জোর করে চাপিয়ে দেবার ব্যবস্থা নিতান্তই অবাঞ্ছনীয়। অধিকন্তু যথার্থ ব্যক্তি স্বাতন্ত্রের ওপর হস্তক্ষেপ করা বাঞ্ছিত শাসনের কাজ নয়। তা জুলুম বলেই অভিহিত হ'য়ে থাকে। যাদের জন্য এই ব্যবস্থা তাদের ব্যাপক জনমত নেওয়া হোক—তারা দৃঢ় কণ্ঠে অসমর্থন জানাবে আমি জানি। এই আইন প্রবর্তন করে তাদের অপমানিত ও অসুবিধে করার কোন অধিকার ও যুক্তি সরকারের নেই। আদিবাসী হরিজন সম্প্রদায়েরও সম্মতমত নেওয়া হোক। তারাও এই ব্যবস্থাকে অবাঞ্ছিত এবং অসুবিধাজনক বলে দাবী করবে আমি জানি। এই আইন প্রবর্তিত হলে সরকারের কাজ উদ্দেশ্যমূলক প্রতিশোধমূলক এবং শত্রুতামূলক বলেই গণ্য হবে।

সেজন্য আমি সরকারের প্রতি আবেদন করি—এই ব্যবস্থা যে অত্যন্ত অবাঞ্ছিত এবং ক্ষতিকর তা উপলব্ধি করে সরকার এই জনমত গ্রহণের জন্য স্থগিত রাখুন নিতান্তই যদি তা না করেন—তবে সরকারকে অচিরেই বিক্ষুব্ধ বিপন্ন জনগণের এক ব্যাপক বিক্ষোভের সম্মুখীন হতে হবে তা সুনিশ্চিত।

[5-40—5-50 p. m.]

Shri Satya Kinkar Mahata : স্যার, আমি পুরুলিয়ার একজন এম, এল, এ এবং মাহাতো সম্প্রদায়ভুক্ত। কাজেই এই বিলটি আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এখানে অনেকে বলেছেন এটা হলে জমি বিক্রী করতে পারবেনা বিপদে আপদে, কিন্তু সহজে বিক্রী করতে পারলেই যে আর বিপদ আপদ হবে না এটা কে বললে! আমাদের পূর্বব পুরুষ যারা ছিলেন তাদের ও বিপদ আপদ নিশ্চয়ই হয়েছিল, কেন না মানুষ হলে বিপদ আপদ তার হবেই—কিন্তু তথাপি তারা আমাদের জন্য জমি জমা রেখে গিয়েছেন। পুরুলিয়ার ৪ লক্ষের উপর মাহাতো সম্প্রদায় আছে। তাদের প্রধান জীবিকা হল চাষ, হাজারে দুচার জনও ব্যবসাবৃত্তি করে কিনা সন্দেহ। কাজেই এ জমি কত কম বিক্রী হয় ততই ভাল মনে করি। এজন্য ভাল মনে করি যে বংশ রেখে যাবে কিন্তু জমি রেখে যাবে না এটা আমি পছন্দ করি না। জমি বিক্রী হয়ে গেলে সন্তান সন্ততির জন্য কি ব্যবস্থা হবে। কাজেই জমি বিক্রীর চেয়ে ও মরে যাওয়া ভাল, মনে করবে। তবু বংশধরদের জীবিকার একমাত্র সম্বল জমিকে নষ্ট করা ভাল মনে করবো না।

আমাদের একমাত্র সম্বল জমি তা শাক বেগুনের মত যাতে বিক্রী না হয় সেটাই ভাল বলে মনে করি। এই জমিকে রক্ষা যত করা যায় ততই মঙ্গল। এখানে বলা হয়েছে ঝঞ্ঝাট হচ্ছে, খরচ হচ্ছে। তবু যে বিক্রী করবার সে বিক্রী করছেই, সব রক্ষা হচ্ছে না। আমি বলি চাও ভালো ৫ বিঘা জমি রক্ষা করতে যদি ৫০০ টাকাও খরচ হয় তবু ভাল। সরকার যে ব্যবস্থা করছেন তার সব কাজেই তো খরচ হয়। লেখা পড়া ব্যবস্থার জন্য কোটি কোটি টাকা খরচ হচ্ছে তাতে কি সবাই শিক্ষিত হচ্ছে যতটা হচ্ছে ততটাই ভাল। স্বাস্থ্যখাতে কত খরচ হয় কিন্তু রোগ কি আর হয় না। ডাক্তার কবিরাজ যতটুকু ভাল করছে ততটাই ভাল। ডাক্তার দরকার নাই একথাতো বলা যাবে না। তাই এই যে আইন এ আইনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Chaitan Majhi : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আদিবাসী, হরিজন এবং কুর্মীদের জমি হস্তান্তরের স্বাধীনতা খর্ব করবার লক্ষ্য নিয়ে এই যে বিল উত্থাপন করা হয়েছে আমি জেলার আদিবাসী সম্প্রদায়ের পক্ষ থেকে এর বিরোধীতা করি। ছোট নাগপুর টেনান্সি আইনে আমাদের স্বার্থের প্রতি যে লক্ষ্যই থাকুক এর প্রয়োগ অকার্যকরী এবং আমাদের স্বার্থের সম্পূর্ণ বিরোধী, বর্ত্তমান বিল ছোট নাগপুর টেনান্সি এ্যাক্টের ব্যবস্থার চেয়েও ক্ষতিকর। জেলায় বহিরাগতদের সুযোগ দেবার ব্যবস্থা এর মধ্যে করা হয়েছে। জেলার সকল লোকের মধ্যে সহজ আদান প্রদানের ক্ষেত্রের ব্যবস্থা হলেই আজ আমাদের স্বার্থ রক্ষিত হতে পারে। আদিবাসী হরিজনদের জন্য সুষ্ঠু কোন পরিকল্পনা যদি করা সম্ভব হয় তাতে আপত্তির কিছু নেই, কিন্তু এই পার্মিসন ব্যবস্থার দ্বারা আমাদের জীবনে বহু দুর্গতি, ক্ষতি এবং বহু অসুবিধা আনয়ন করা হয়েছে এবং এই ব্যবস্থার আবরণে আদিবাসীদের আরও ক্ষতি সাধন করা হয়েছে। আমরা এই ব্যবস্থার সম্পূর্ণ বিরোধী এবং সেইজন্যই বলছি যে, এই বিলকে জনমত সংগ্রহের জন্য প্রদান করুন। স্যার, কুর্মীসম্প্রদায়ের ১০।১২ জন লোক এই বিলের বিরুদ্ধে ৪ শত গ্রামের ১৩ হাজার লোকের দরখাস্ত নিয়ে এসেছে। আজ রাজসরকার জনসাধারণের উপর এই বিল যে চালু করেছেন সেটা খুব অন্যায় করা হয়েছে। পুরুলিয়া জেলা থেকে যে সব কুর্মী এম. এল. এ.-রা এসেছেন তাঁরা লোকসেবক সঙ্ঘের পক্ষ থেকে নির্বাচিত হয়ে এখানে এসেছেন—কংগ্রেস টিকেটে নির্বাচিত হয়ে আসেন নি। কাজেই হয়ত ২।৪ জন লোক এই বিলকে সমর্থন করেছেন কিন্তু আমরা অনেকেই একে সমর্থন করি না। স্যার, এই বিল যদি পাশ হয় তাহলে সমগ্র পুরুলিয়া জেলা অস্থির হয়ে যাবে। আপনারা গণতন্ত্রের কথা বলেন কিন্তু বাস্তবে দেখছি যে জনসাধারণের মতামত না নিয়ে আপনারা এই সর্বনাশা বিল জনসাধারণের উপর চালু করছেন। যা হোক্, আমার সর্বশেষ বক্তব্য হোল যে, লোকেরা ইচ্ছেকরে কেউ জমি বিক্রী করে না—দায়ে পড়েই করে, কাজেই এটা কোন তামাসার কথা নয়।

The Hon'ble Syamadas Bhattacharjee : মহাশয়, আমি প্রথমে রসদ পাণ্ডা মহাশয়ের একটা প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করব। তিনি বলেছেন যে এই বিধায়ক সম্পূর্ণরূপে সংবিধানবিরোধী কারণ তাঁর মতে আমাদের সংবিধানের ১৯নং অনুচ্ছেদ এই প্রকরণ এবং ৫নং উপ অনুচ্ছেদ এরকম বিধেয় করতে অনুমতি দেয়নি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পাণ্ডা মহাশয়কে আর একবার ৫নং উপ অনুচ্ছেদ পড়তে অনুরোধ করছি, তাতে তিনি দেখতে পাবেন যে সেখানে বলা আছে :

The State can impose reasonable restrictions on the exercise of any of the rights conferred by the said sub-clauses either in the interests of the general public or for the protection of the interests of any Scheduled tribe.

কাজেই, এখানে যে শুধু সিডিউল ট্রাইব-দের কথা বলা হয়েছে তা ঠিক নয়। তা'ছাড়া এই বাক্যাংশে in the interest of the general public বলে যে কথা বলা হয়েছে তার

প্রকৃত অর্থ কি? এর প্রকৃত অর্থ in the public interest বলে গৃহীত হয়েছে। কাজেই জনসাধারণের একটি নির্দ্দিষ্ট সংখ্যার জন্য যদি কোন কাজ করা হয় তাহলে সেটাকে in the interest of the general public বলে বলা যেতে পারে। এ সম্বন্ধে আদালতের সিদ্ধান্ত রয়েছে এবং তাছাড়া পাণ্ডা মহাশয় যদি ৩৭ অনুচ্ছেদ দেখেন তাহলে দেখতে পাবেন যে সেখানে আছে It shall be the duty of the State to apply the directive principles in making laws.

[5-50—6 p. m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, যদি এই directive principles বা রাজ্য পরিচালনা নির্দেশাত্মক নীতিগুলি বলবৎ করবার জন্য বা প্রয়োগ করবার জন্য আমাদের মৌলিক অধিকারের উপর কোনরকম বাধানিষেধ প্রয়োগ করা হয় তাহলে সেই বাধাকে reasonable restriction বলা হবে। এ সম্পর্কে একাধিক আদালতের সিদ্ধান্ত রয়েছে। কাজেই আমরা যখন কুর্ম্মী, মাহাতো বা তফসিলী জাতি, তফসিলী উপজাতির স্বার্থ রক্ষার জন্য, তাদের অর্থনৈতিক উন্নতি বিধানের জন্য তাদের জমিজমা হস্তান্তরের উপর বাধা নিষেধ আরোপ করি তখন সেগুলিকে সংবিধান বিরোধী বলে একেবারে উড়িয়ে দেওয়া ঠিক হবে না।

তারপর, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুবোধ ব্যানার্জী মহাশয়, মাননীয় সদস্যা লাবন্যপ্রভা দেবী এবং অন্যান্য অনেকে এ সম্পর্কে আলোচনা প্রসঙ্গে বললেন যে অনুমতি নিতে গেলে ঘুষ দিতে হয়, অসুবিধায় পড়তে হয়, অনেক রকম হয়রান হতে হতে হয়—খোলা বাজারে যে দাম পাওয়া যায় সেই দাম পাওয়া যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি এগুলি মৌলিক কথা নয়। মৌলিক কথা হচ্ছে অবাধ হস্তান্তরের উপর বাধা নিষেধ আরোপ করা উচিৎ কি উচিৎ নয়। যদি উচিৎ মনে করি তাহলে এই যে প্রশাসনিক শিথিলতার কথা উঠেছে—কোন জায়গায় ঘুষ নিতে হয়, যথা সময়ে অনুমতি পাওয়া যায় না, দেরী হয়, সেগুলি সমাধান করা সম্ভব বলে মনে করি। আমি তাঁদের সে সম্বন্ধে মতামত দেবার জন্য অনুরোধ করি, কিন্তু যখন তাঁরা বলেন যে কুর্ম্মী মাহাতো সম্প্রদায় বা আদিবাসী সম্প্রদায় বা তফসিলী সম্প্রদায়কে এই বাধা নিষেধের মধ্যে আনার পিছনে একটা গভীর ষড়যন্ত্র আছে তখন আমার শুনে দুঃখ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বলতে চাই যে তাঁরা আগেকার আইনটা একেবারে পড়েননি। তাঁরা যদি আগেকার আইনের ৪৬ ধারাটা পড়েন তাহলে দেখবেন সেখানে সুস্পষ্ট লেখা আছে কাদের scheduled caste, scheduled tribe, backward class বলে। ভালভাবে তার সংজ্ঞা দেওয়া আছে। মাননীয় সদস্যরা বলেছেন যে backward class এর নামে কুর্ম্মী মাহাতোকে ঢুকিয়ে দেওয়া অন্যায় হয়েছে। সেটা আমরা করিনি, অনেকদিন আগে বিহার সরকার সেটা করে রেখেছেন।

Shri Chitto Basu : এর জন্য নোটিফাই কিছু করা হয়নি।

The Hon'ble Syamadas Bhattacharyya : আপনি বলেছেন নোটিফিকেশান বলে কিছু হয়নি। আপনার কথার কিভাবে উত্তর দেব জানিনা। তবে আমি একথা বলব যে ১৯৫৬ সালের ৭ ফেব্রুয়ারী তারিখে বিহার সরকারের যে নোটিফিকেশান বেরিয়েছিল সেই নোটিফিকেশানের নাম্বার আমার কাছে আছে, কোন কোন জাতি উপজাতিকে backward class বলা হবে সেটার কথা বলা হয়েছিল। এখানে আমি মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করতে চাই যে, বিহার সরকার যদি আর্থিক বিচারে, সামাজিক বিচারে, শিক্ষার বিচারে কোন সম্প্রদায়কে অনুন্নত সম্প্রদায় বলে মনে করে থাকেন এবং তাদের সুবিধার জন্য কিছু অবাধ হস্তান্তর করতে না দিয়ে বাধা নিষেধ আরোপ করেন তাহলে সেটা কি অন্যায় হয়েছে? আমরা এখানেতে সেই বাধা নিষেধ একেবারে উড়িয়ে দেব বিনে অবাধ হস্তান্তর করার অধিকার দেব এর মানে আমি বুঝতে পারি না।

আমাদের কংগ্রেসদলের সদস্যরা এই বিতর্কে যোগ দিয়ে তার পরিপূর্ণ জবাব দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন কোন মাননীয় সদস্য যে কথা বললেন—যে অভাবের সময় জমি বিক্রী করবার দরকার হয়ে পড়ে। সেই সময় জমি বিক্রয় করবার উপর বাধা আরোপ করবার মানে হচ্ছে বিলম্ব করা, তাদের দুঃখ দুর্দশাকে বাড়িয়ে দেওয়া। আমি মাননীয় সদস্যদের কাছে একথা জিজ্ঞাসা করতে পারি যে গরীব লোক, যার দু-বিঘা জমি আছে, আদিবাসী লোক, তপশীলভুক্ত সম্প্রদায়ের লোক কিংবা অনগ্রসর শ্রেণীর লোক, তাদের কাছে কি বলবেন তোমার ঐ দু-বিঘা জমি বিক্রয় করে দিয়ে সাংসারিক ও অন্যান্য ব্যয় সংকুলান কর? আমি অবশ্য বলবো—তোমরা জমি বিক্রয় করবে না। জমি বিক্রয় করবার অবাধ অধিকার তাদের রাখা উচিত নয়। তাদের অধিকার সংকুচিত করাকে আমি স্বাগত জানাই। তোমরা অভাবে পড়লে সরকারের কাছে গিয়ে জানাতে পার আমাদের আহারের ব্যবস্থা, শিক্ষার ব্যবস্থা, আমাদের minimum needs পূরণের ব্যবস্থা সরকারকে করতে হবে। তাই বলে একথা বলার কোন মানে হয় না। অনুন্নত সম্প্রদায়—যাদের অল্প জমি তোমাদের কাছ থেকে জমি কেনবার জন্য land speculatorsরা ঘুরে বেড়াচ্ছে। এদের কি আপনারা তাদের মুখে ছেড়ে দিতে বলেন? এ কথা শুনে আমার মনে দুঃখ হয়। মাননীয় সদস্যদের বক্তৃতা আমি গভীর মনোযোগ দিয়ে শুনেছি, আমি একথা বলতে পারি মাহাতো সম্প্রদায়ভুক্ত কিছু কিছু লোক আমার কাছে এসেছিলেন—, মাননীয় সদস্য ও অন্যান্য ভদ্রলোক ও এসেছিলেন, তাঁরা তাঁদের মতামত জানিয়েছেন। কিন্তু আমরা এই পক্ষীয় সদস্য শুধু নয়—বাইরের বহু ভদ্রলোক ও বাইরের বহু প্রতিষ্ঠানের কাছ থেকে আমি মতামত সংগ্রহ করেছি। তারপর এই বিল এনেছি। এই বিল যদি জনমত বিরোধী হয়, তাহলে এই বিল নিশ্চয়ই আনবো না। জনমতের উপরই আমরা দাঁড়িয়ে আছি। সুতরাং জনমত বিরোধী কাজ আমরা কখনই করতে পারি না। কাজেই বিরোধী পক্ষের সার্কুলেশান মোশানের আমি বিরোধীতা করছি এবং আমার মোশান গ্রহণ করবার জন্য হাউসকে অনুরোধ জানাচ্ছি।

[6—6-10 p. m.]

The Motion that the Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961 be circulated for the purpose of eliciting public opinion was then put and a division taken with the following result :—

NOES—105

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bose, Dr. Maitreyee
Bouri, Shri Nepal
Brahmamandal, Shri Debendra Nath
Chakravarti, Shri Bhabataran
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Dr. Busan Chandra
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das, Shri, Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanai Lal
Dhara, Shri Hansadhwaj
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shrimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Bejoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Gupta, Shri Nikunja Behari
Gurng, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Jamadar

Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Choudhuri Shri
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Shri Byomkes
Majumder, Shri Jagannath
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Umesh Chandra
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammed Israil, Shri
Mondal, Shri Bhikari
Mondal, Shri Dhawajadhari
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Pati, Dr. Mohini Mohan
Platel, Shri R. E.
Parmanik, Shri Rajani Kanta
Paramanik, Shri Sarada Prasad
Prodhan, Shri Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Arabinda
Ray, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Sinha, Shri Phanis Chandra
Sinha Sarkar, Shri Jatindra Nath
Talukdar, Shri Bhawani Prasanna
Thakur, Shri Pramatha Ranjan
Tudu, Shrimati Tusar
Zia-Ul Huque, Shri Md.

AYES—56

Badrudduja, Shri Syed
Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Dr. Brindabon Behari
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchugopal
Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Chatterjee, Shri Basantalal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chobey, Shri Narayan
Das, Shri Natendra Nath
Das, Shri Sunil
Dhar, Shri Dhirendra Nath
Ganguli, Shri Ajit Kumar
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Shri Rumanuj
Halder, Shri Renupada
Jha, Shri Benarashi Prosad
Lahiri, Shri Somnath
Majhi, Shri Chaitan
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Shri Bijoy Bhusan

Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Haranchandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Pakray, Shri Gobardhan
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Pandey, Shri Sudhir Kumar
Prasad, Shri Rama Shankar
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Bhakta Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Provash Chandra
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj
Roy Choudhury, Shri Khagendra Kumar
Sen, Shrimati Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sen Gupta, Shri Niranjan
Tah, Shri Dasarathi

The Ayes being 56 and Noes 105, the Motion was lost.

The question that Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 4, in the proviso to proposed Section 46 (1), lines 3-4, the words "or the period of his own right, whichever is less" be omitted

I also move that in clause 4, in the proposed section 46A (1), lines 4 and 5, the words "the Kurmi (Mahato) community" be omitted.

I also move that in clause 4, in the proposed 46A (1) (a), line 1, the word "community" be omitted.

I also move that in clause 4, in the proposed section 46A (1) (b), lines 1 and 2, the word "community" be omited.

I also move that in clause 4, in the proviso to section 46A (1) (b), line 3 the word "community" be omitted.

I also move that in clause 4, in the proposed section 46A (2), lines 1 and 2, the words "the Kurmi (Mahato) community be omitted.

I also move that in clause 4, in the proposed section 46A (2) (a), lines 1 and 2, the words beginning with "in the case" and ending with "is the landlord" be omitted.

I also move that in clause 4, in the proposed section 46A 2) lines 8 to 16, for the words beginning with "(b) in the case" and ending with "settlement is not available", the words "and (b) the transferce shall not sue the transferor for recovery of the consideration of which the land was transferred" be substituted.

I also move that in clause 4, proposed section 46B be omitted.

Sir, with regard to my first amendmout, that is usufractuary mortgage, I wish to omit the clause "or the period of his own right, whichever is less." These words are not necssary. In Bengal usufractuary mortgages are for fifteen years, but in this area we are giving them usufractuary mortgage of which the duration is only seven years. However, let seven years remain, but let there be no restriction of any limited tenancy. Then Sir, the other amendment is with regard to omission of certain portion, "the Kurmi (Mahato) community". Here we are giving protection to a community. There is no provision in the Consti-

tution about protection to a community. There is protection for scheduled castes and scheduled tribes, but there is no provision for the protection of interest of any community or restriction in favour of any community. The Hon'ble Minister just now said he is doing this for the benefit of the general public. Only three classes of persons have been mentioned in the Bill. No word about advancement of the general community. Then he has taken recourse to Articlee 37 of the Constitution. This is merely directive principles' and is not enforceable according to law. I would' remind him about Article 46 of the Constitution where there is some provision for the advancement of economic interest of the scheduled castes and scheduled tribes: but here the transfer or restriction on transfer is not an advancement: it is merely protection of some interest. According to Government view these interests are to be protected, and they are giving protection.

Advancement means some additional interests given to them in addition to the existing interests. Here the restriction to transfer is no advancement.

Mr. Speaker; Are you speaking on amendment No. 4?

Shri Basanta Kumar Panda: Sir, I have moved amendment No. 4 and I am moving now amendment No. 5.

Mr. Speaker: You want to speak on the principles of the Bill?

Shri Basanta Kumar Panda: Yes. Then with regard to my amendments 7,8 & 9 there is only one word to be deleted, 'community' because legislation in favour of a particular community is unthinkable and this is not constitutional. Then there is my next amendment amendment No. 13 which deals with the particular of special community, the Kurmi (Mahato) community. This should be omitted. If you do not omit these words 'community' or 'Kurmi (Mahato) community, then let this be inserted in regard to other communities as well. Then, Sir, about forfueture in amendment No. 15, here you see there is provision for forfeiture in favour of two classes, i. e. either in favour of land lords in some cases or in favour of Government in other cases. Sir, why should there be a forfeiture in favour of the landlord? Are we enacting herein some laws which are in favour of the landlord? Why are you not amending the Bengal Tenancy Act? Here there is provision for giving land to the landlord. This is unthinkable in the days of socialism. If any property is to be forfeited and is to be legally forfeited, let it be thrown on the cemmon folk and not in the hands of the landlord. Then, Sir, with regard to the proposed section 46A, I have asked to omit it entirely including the proviso. The proviso merely teaches a sermon to this question. The land-lord while getting the forfeited land shall not transfer to anybody—other than to this community. Suppose anybody transfers in that way, what is the remedy? You have provided no remedy. You simply say that the landlord shall transfer land in this way to this individual or that individual community, The remedy should be there. If the landlord disposes of the propeity he should be brought to book. My last amendment is 21. I am opposed to proposed section 46B. If some transfer has been made illegal. let it be so.

Shri Saroj Roy: Sir, I beg to move that in clause 4, the following further proviso be added to proposed section 46A (2), namely:

"Provided further that if any objection regarding validity of such transfer to person belonging to commuaity other than Kurmi (Mahato)

community, the scheduled tribes or the scheduled castes, as the case may be, the objection shall immediately be inquired into and if the same is found correct, the transfer shall be deemed to have been invalid.

স্পীকার মহোদয়, আমার একটা নূতন proviso যোগ দেবার আছে। সেটা হল, section 40র শেষে যা আছে তারপর এই কথাগুলি যোগ করে দিচ্ছি। এবং এখানে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই। তিনি যে দরদ দিয়ে কতকগুলি কথা একটু আগেই বলেছেন যে, তিনি আপ্রাণ চেষ্টা করছেন পুরুলিয়া অঞ্চলে যে সমস্ত backward community আছে তাদের interest দেখার জন্য। তা যদি হয় তাহলে আমার এটা গ্রহণ করলে তাঁদের সততা অনেকটা প্রকাশ পাবে। কারণ এখানে যে provision আছে তাতে শুধু আছে যে কোন forfeited land র জন্য যদি কোন backword community না পাওয়া যায় তাহলে অন্য কাউকে সেটা দেওয়া যেতে পারে বা অন্য কারো সঙ্গে তার settlement হতে পারে। সেই জায়গায় আমি এরপর বলেছি অন্য কাউকে দেয়ার পর যদি কোন objection আসে এবং সেই objection enquiry করার পর যদি সেটা correct হিসাবে পাওয়া যায় তাহলে সেই settlement কে invalid declare করতে হবে। আমার এই provisionটা যদি গ্রহণ করেন তাহলে বুঝবো যে তাদের সদিচ্ছা আছে।

[6-10—6-20]

Shri Subodh Banerjee : Sir, I beg to move that in clause 4, the following further proviso be added to clause (b) of the proposed section 46A, sub section (1), namely :—

> 'Provided further that no fee shall be charged for such permission.

I also beg to move that in clause 4, in sub-section (1) of the proposed section 46A, after clause (b), the following be inserted, namely :—

> (c) a transfer in favour of the State, when such transfer is made with the previous permission of the Deputy Commissioner in accordance with rules as may be prescribed in this behalf."

I also beg to move that in clause 4, for sub-section (2) of the proposed section 46A, the following be substituted, namely :—

> "(2) The holding of a raiyat belonging to the Kurmi (Mahato) Community, a scheduled tribe or a scheduled caste which is transferred in contravention of the provisions of clauses (a) and (b) of sub-section (1) shall stand vested in the State free from all encumbrances :
>
> Provided that the land so vested shall be settled on such terms and conditions and in such manner as may be prescribed—
>
> (a) in the case where the transferor owns no land or less than two acres of land, with the transferor,
>
> (b) in other cases with persons belonging to the Kurmi (Mahato) community, the scheduled tribes or the scheduled castes who are residents of the locality where the land is situated and who intend to bring the land under personal cultivation and who own no land or less than two acres of land :

Provided further that no premium shall be charged for such settlement.

Shri Subodh Banerjee : স্পীকার মহাশয়, আমার প্রথম সংশোধনী প্রস্তাব হচ্ছে, সরকার পক্ষ থেকে বলেছেন Deputy Commissioner থেকে permission নিতে হবে আমাদের অভিজ্ঞতা হচ্ছে permission নিতে গিয়ে গরীব লোকের টাকা যাচ্ছে—permission fee, তার উপর আবার ঘুষ দিতে হবে। সেজন্য আমি এখানে বলেছি, provided further that no fee shall be charged for such permission দ্বিতীয় কথা হল, এখানে তিনটা category। Catgory, transfer ধরা হচ্ছে কোথায়? না Kurmi Community, Scheduled tribe, Scheduled castes। আরেকটা permission নিয়ে অন্য কম্যুনিটির কাছে transfer। তৃতীয় নং হচ্ছে transfer কি জন্য দরকার? —আমি আগেই বলেছি transfer হয় দারিদ্র্যের জন্য। দারিদ্র্য যদি বন্ধ না করতে পারেন তাহলে transfer বন্ধ করা যাবে না। এভাবে গরীব লোকের জমি বড় লোকের কাছে গিয়ে কেন্দ্রীভূত হয়। গরীব লোক যদি জমি বিক্রী করতে যায় তাহলে সরকারের কাছে যেন reasonable price বিক্রী করতে পারে তার ব্যবস্থা রাখার জন্য বলছি। তারপর যখন আমরা লড়ছি জমিদার বিলের সংশোধনের জন্য এমতাবস্থায় গরীব চাষীর জমি forfeited হয়ে যাবে এটা unthinkable clause. যদি কোন জমি বেআইনী করে কেউ বিক্রী করে তাহলে সেটা stateএ vest করবে, জমিদারীতে নয়, free from all encumbrances। সেই Stateএ vest করা জমিগুলি Stateই transfer দেবেন, অর্থাৎ যদি ২ একরের কম থাকে তাহলে temporarily settled, ব্যবস্থা করবেন। যদি ২ একরের বেশী জমির মালিক হয় সেক্ষেত্রে localityর scheduled castes, Scheduled tribes, Kurmi Communityর লোককে দেওয়া হবে। যে সমস্ত লোক ২ একরের কম জমির মালিক, তারা জমি বিক্রী করলে সেই জমি যাতে গরীব Scheduled tribes and scheduled casts এর লোকেরা পায় তার ব্যবস্থা করেছেন—এটা temporary settlement, এর জন্য কোন premium নেওয়া হবে না। আমাদের Land Reforms Actএর Distribution Chapterএ যে ধারা আছে সেগুলি আমি এখানে রাখতে চাচ্ছি, কারণ গরীব লোকের জমি নিয়ে জমিদার হয়ে যাবে এটা কেউ ভাবতে পারে না।

Shri Ananga Mohan Das : I move that in clause 4, in proposed section 46A (1), in lines 5-6, after the words "or a scheduled caste" the words "or a backward community as will be settled up by Governments" be inserted.

I move that in clause 4, in the proposed section 46A (2), in lines 2 and 3, after the words "or a scheduled caste", the words "or a backward community as will be settled up by Government" be inserted.

I move that in clause 4, in proviso to the proposed section 46A (2) (b) in line 1 after the words "so forfeited" the words "or coming in possession due to rent decree or otherwise" be inserted.

I move that in clause 4, in proviso to the proposed section 46A (2) (b), in line 2, after the words "by the landlord" the words "or by the State Government" be inserted.

I move that in clause 4, in proviso to the proposed section 46A (2) (b), in lines 4 and 5, after the words "or the scheduled castes", the words "or a backward community as will be settled up by Government" be inserted.

Shri Ananga Mohan Das : মাননীয় স্পীকার মহাশয়, আমার পাঁচটা amendment এটা একরকম—১ নং ১৮ নং ১৯ নং একরকম। মূল আইনে যেখানে লেখা আছে or a scheduled caste. আমি সেখানে যোগ করে বলছি backward community as will be settled by the Government.

এজন্য বলছি যে, backward community দ্বারা এখানে লোক সম্প্রদায় বোঝা যাচ্ছে না। কুর্মীমহোতো scheduled caste, scheduled tribe এর মধ্যে একটা সীমাবদ্ধ community র লোক। তাদের দুঃখ দুর্দশা আছে, তাদের এই দুঃখ দুর্দশা দূর করার জন্য একটা বিশেষ ব্যবস্থা করতে হবে যাতে তা দূরীভূত হতে পারে। মূল আইনের 46 (A) এ (2) (b) দুই নম্বর ধারায় proviso যে, provided that the land so forfeited যে জমি in contravention of this Act করা হবে সেক্ষেত্রে কাকে দেওয়া হবে বলে দেওয়া হয়েছে। শুধু forfeited নয়, তার সঙ্গে বলতে হবে that the land so forfeited, shall not be settled by the landlord with any person other than a person belonging to the Kurmi or অর্থাৎ, অন্য কাউকে না দিয়ে কুর্মি মাহাতো ও অন্যান্য অনুন্নত শ্রেণীর যে জমি যাবে তা যেন তাদের মধ্যে থেকে যায়। আরেকটা ধারায় 46A (2) (b) তে আমি বলেছি landlord না বলে Government কে বলছি।

The Hon'ble Syamadas Bhattacharyya : Shri Basanta Kumar Panda has raised the Constitutional position of the provisions of article 37, which is the second article of the chapter on "Directive principles of State policy'a It states that the State Government shall endeavour to do certain things. It has been held judicially that restrictions which are imposed on the exercise of fundamental rights for the purpose of securing the objectives enjoined by any of the directives would be regarded as reasonable restrictions within the meaning clauses (2) to (6) of article 19. In view of this I cannot accept the suggestion that this Bill goes against the validity of the Constitution.

Shri Subodh Banerjee has suggested that no fee shall be charged for securing permission. I believe he is reasonable in suggesting this. But there is no necessity for incorporating such a clause in this Bill. We shall see that the poor people ure not to pay for securing release of their land.

So far as forfeiture is concerned, I would draw the attention of the honourable members to the fact that such a clause is there in section 13 (2) of the Land Reforms Act where it has been said, "The holding or part of the holding of a raiyat belonging to a scheduled tribe which is transferred in contravention of the provisions of clauses (a) and (b) of sub-section (1) shall be forfeited to the State Government". Therefore, this clause regarding forfeiture is neither unconstitutional nor unreasonable The question has been raised, "why should we forfeit it to the landlord". So far as the State of West Bengal is concerned, apart from Purulia the State Government is the landlord; and we hope that in respect of Purulia also the State Government will soon be the landlord. In order to penalise the persons who are parties to such transfer in contravention of this particular provision, it has been provided that the land shall be forfeited to the landlord.

I oppose the amendments.

[6-20—6-30 p. m.]

Mr. Speaker : Now, I put all the amendments to vote.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 4, in the proviso to proposed section 46 (1), lines 3-4, the words "or the period of his own right, whichever is less," be omitted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 4, in the proposed section 46A(1), in lines 4 and 5, the, the words "the Kurmi (Mahato) community," be omitted, was then put and lost.

The motion of **Shri Ananga Mohan Das** that in clause 4, in the proposed section 46A(1), in lines 5-6, after the words "or a scheduled caste", the words "or a backward community as will be settled up by Governments" be inserted, was then put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4, in the proposed section 46A (1)(a), line 1, the word "community," be omitted, was the put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4, in the proposed section 46A(1)(b), lines 1 and 2, the word "community," be omitted, was then put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4 in the proviso to proposed section 46A(1)(b), line 3, the word "community," be omitted, was then put and lost.

The motion of **Shri Subodh Banerjee** that in clause 4, the following further proviso be added to clause (b) of the proposed section 46A, sub-section (1), namely :—

"Provided further that no fee shall be charged for such permission", was then put and lost.

The motion of **Shri Subodh Banerjee** that in clause 4, in sub-section (1) of the proposed section 46A, after clause (b), the following be inserted, namely :—

"(c) a transfer in favour of the State, when such transfer is made with the previous permission of the Deputy Commissioner in accordance with rules as may be prescribed in this behalf." was then put and lost.

The motion of **Shri Subodh Banerjee** that in clause 4, for sub-section (2) of the proposed section 46A, the following be substituted, namely :—

"(2) The holding of a *raiyat* belonging to the Kurmi (Mahato) Community, a scheduled tribe or a scheduled caste which is transferred in contravention of the provisions of clauses (a) and (b) of sub-section (1) shall stand vested in the State free from all encumbrances :

Provided that the land so vested shall be settled on such terms and conditions and in such manner as may be prescribed—

(a) in the case where the transferor owns no land or less than two acres of land, with transferor,

(b) in other cases with persons belonging to the Kurmi (Mahato) community, the scheduled tribes or the scheduled castes who are residents of the locality where the land is situated and who intend to bring the land under personal cultivation and who own no land or less than two acres of land :

Provided further that no preminm shall charged for such settlement, was then put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4, in the proposed section 46A(2), lines 1 and 2, the words "the Kurmi (Mahato) community," be omitted, was then put and lost.

The motion of **Shri Ananga Mohan Das** that in clause 4, in the proposed section 46A 2), in lines 2 and 3, after the words "or a scheduled caste," the words "or a backward community as will be settled up by Government" be inserted, was then put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4, in the proposed section 46A(2)(a), lines 1 and 2, the words beginning with "in the case" and ending with "is the landlord" be omitted, was then put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4, in the proposed section 46A (2), lines 8 to 16, for the words beginning with "(b) in this case" and ending with "settlement is not available", the words "and (b) the transferee shall not sue the transferor for recovery of the consideration for which the land was transferred" be substituted, was then put and lost.

The motion of **Shri Ananga Mohan Das** that in clause 4, in proviso to the proposed section 46A(2)(b), in line 1, after the words "so forfeited" the words "or coming in possession due to rent decree or otherwise" be inserted, was then put and lost.

The motion of **Shri Ananga Mohan Das** that in clause 4, in proviso to the proposed section 46A (2)(b), in line 2, after the words "by the landlord" the words "or by the State Government" be inserted, was then put and lost.

The motion of **Shri Ananga Mohan Das** that in clause 4, in proviso to the proposed section 46A(2)(b), in lines 4 and 5, after the words "or the scheduled castes", the words "or a backward community as will be settled up by Government" be inserted, was then put and lost.

The motion of **Shri Saroj Roy** that in clause 4, the following further proviso be added to proposed section 46A(2), namely :—

"Provided further that if any objection regarding validity of such transfer to persons belonging to community, other than Kurmi (Mahato) community, the schedule tribes or the schedule castes, as the case may be, the objection shall immediately be inquired into and if the same is found correct, the transfer shall be deemed to have been invalid", was then put and lost.

The motion of **Shri Basanta Kumar Panda** that in clause 4, proposed section 46B be omitted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5, 6, 7, 8, 9, 10 and Preamble

The question that clauses 5, 6, 7, 8, 9, 10 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the Chota Nagpur Tenancy (West Bengal Amendment) Bill, 1961, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Rabindra Bharati Bill, 1961

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg to introduce the Rabindra Bharati Bill, 1961.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg to move that the Rabindra Bharati Bil, 1961, be taken into consideration.

Sir, I feel proud and have great pleasure in having this privilege of placing this Bill before the House due to an unfortunate illness of my

Education Minister. I have always felt that the only way in which we can perpetuate the memory of a great man and establish a memorial is to have something established which will grow, which will expand and which will give to the people of successive generations the mind of the person, the thoughts of the person and the ideas which person whom we want to respect and honour had, and in the case of Rabindranath it may very well be said that since he was a person whose activities spread to so many different spheres of life, it is desirable to find out some measure of establishing a memorial in connection with Rabindranath Tagore's centenary.

The various proposals as to the nature of the memorial were placed at a meeting in which a large number of people met in 1959. Personally I am averse individually speaking to putting other a bust or a figure or a painting because, however impressive they may be, they do not expound the ideas which an individual possessed during his life time. Various proposals were placed as it was considered necessary and it was thought desirable to establish a cultural university with special emphasis on the teaching of Music and fine Arts as a permanent and living memorial to the poet to be named after him, to be located in the ancestral house of the poet, *Jorasanko Thakurbari*. And members are aware that when the Prime Minister came here some months ago he laid the foundation stone of the University. The Government have taken steps to acquire the entire ancestral house of the Tagores. This property includes the building known as "*BICHITRA*" which was really a personal property of the poet and which during the period of his life was a seat of literary and creating activities. Probably members know that the ancestral house is the place where Maharshi Debendra Nath Tagore lived and died, and also where Rabindra Nath was born. Therefore, this is an area of hallowed association of many great man of the past. Some of the adjoining properties are also acquired. If my friends would go and see the approcah road from Chitpur to Thakurbari they will find that we have already acquired two plots on the road side and we also desire to take over further plots so as to make an approach to the Jorasanko from the Chitpur Rord. Meanwhile, the Calcutta Improvement Trust has laid down a plan for a 30' road to the south of this property which will connect Chitpur Road with Central Avenue so that this particular site may be approached by two different routes from the west (by Chitpur Road as well as from the south. For the functioning of this University, other structures, of course, will have to be built in the acquired plot still available in the adjoining properties which are being acquired. At this stage I may digress a little from the Rabindra Bharati Bill itself and give you, in brief, the present position with regard to this particular area.

Probably you will remember that in 1947 Shri Suresh Chandra Majumdar took upon himself the duty of collecting funds for the purpose mainly of taking over the two houses which belonged to Abanindra Nath Tagore and Gaganendra Nath Tagore which lay on the road side from Chitpur to Thakurbari, Shri Majumdar collected a sum of Rs. 5 lakhs 28 thousand. A license was executed by the pre-partition Bengal Government giving permission to the Rabindra Bharati which was an association or a committee established by Shri Suresh Chandra Majumdar to have possession of the acquired premises.

[6-30 —6-40 p. m.]

The owner or the person who had bought this property belonging to Abanindranath and Gaganendranath appealed to the High Court against the

The Hon'ble Prafulla Chandra Sen: খবর পেলেও এখন ঘর তৈরী করবার সময় নয়, সেজন্য কোন ঘর তৈরী করা সম্ভবপর নয়।

Shri atyendra Narayan Mazumdar: কতজনের গৃহ ক্ষতিগ্রস্ত হয়েছে এইরকম কোন রিপোর্ট এস. ডি. ও.'র কাছ থেকে এসেছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি উত্তরে বলেছি যে ক্ষয় ক্ষতির সম্পূর্ণ বিবরণী আমরা এখনও পাইনি।

Shri Satyendra Narayan Mazumdar: আবাদযোগ্য জমি কত পরিমাণ ক্ষতিগ্রস্ত হয়েছে সে সংবাদ জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি বলেছি সম্পূর্ণ বিবরণ দিতে পারি না। তাঁরা আন্দাজে বলেছেন যে আনুমানিক ৫০ হাজার টাকার মূল্যের শস্যের ক্ষতি হয়েছে। ডিটেল কিছু বলতে পারব না।

Shri Ramanuj Haldar: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আমন ধানের চারা গাছ নষ্ট হয়েছে বলে জানা যায়। যে ৫০ হাজার টাকার মত শস্য নষ্ট হয়েছে তারমধ্যে কি শুধু চারা ধান ছিল না, অন্যান্য শস্য ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen: মাননীয় সদস্য বোধ হয় উত্তরটা ভাল করে শুনেননি। আমি বলেছি ধান এবং কিছু পাটও নষ্ট হয়েছে।

Shri Ramanuj Halder: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন কি পরিমান চিড়া গুড় কতদিনের জন্য কত লোককে দেওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen: নোটিশ চাই।

Notices served on agriculturist refugees for proceeding to Dandakaranya

*42. (Admitted question No. *65.) **Shri Sunil Das:** Will the Hon'ble Minister in charge of the **Refugee Relief and Rehabilitation Department** be pleased to state—

(a) how many agriculturist refugee families residing in camps in West Bengal have been served with notices to proceed to Dandakaranya;

(b) how many of these families have agreed to go to Dandakaranya; and

(c) what steps the Government propose to take in respect of—

(i) such families as are not willing to go to Dandakaranya and

(ii) non-agriculturist families ?

[3-30—3-40 p. m.]

The Hon'ble Prafulla Chandra Sen : (a) 11,542 families.

(b) About 1,500 families expressed their willingness to go to Dandakaranya within the scheduled time or within the grace period of 30 days after the expiry of the notice period. About 200 families have agreed to go to Dandakaranya long after the expiry of the notice period,

(c) (i) Those families who will not be willing to to go Dandakaranya for rehabilitation will be entitled to get only 6 months' cash dole before dispersal from the camps.

(ii) Non-agriculturist families are being settled under the Bainanama Scheme and in the Government-sponsored schemes.

Shri Sunil Das : এই যে তেরশো ও দুশো মোট পনেরশো যেতে রাজী হয়েছে—

Mr. Speaker : Mr. Das, please remember that you had a full discussion about that.

Shri Sunil Das : Mr. Speaker, Sir, you know that after the debate there have been some developments in the Press. I do not know whether they are correct or not. Let the Hon. Minister come forward with his answers so that those reports may be either corroborated or denied.

আর কথা হলো গ্রেস পিরিয়ড আরো বাড়াবার কোন সম্ভাবনা আছে কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen : না।

Shri Sunil Das : কেননা আমরা সংবাদপত্রে দেখেছিলাম এই ধরণের সংবাদ, তারপরে ও গ্রেস পিরিয়ড যেমন বাড়বার সম্ভাবনা নাই—বললেন, ঐ যে দুশো ফ্যামিলি রাখা হয়েছে, এর পরে যদি তাঁরা যেতে রাজী হন, তাহলে তাদের পাঠাবেন কিনা ?

The Hon'blh Prafulla Chandra Sen : এ সমস্ত বিষয় এখন কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

Shri Saroj Roy : Agricultural family যারা, তাঁরা যদি এখন category change করতে চান, তাহলে সে সম্পর্কে সরকার কি বলবেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : এ প্রশ্ন এখানে আসে না।

Shri Saroj Roy : যারা দণ্ডকারণ্যে যেতে চায় না, তাদের পূর্বের যে বায়নানামা ছিল সেটা R. R. Deptt. থেকে চালু রাখতে রাজী আছেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen : এ প্রশ্নও ওর থেকে আসে না।

Shri Saroj Roy : স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি—what steps the Government propose to take in respect of (i) such families as are not willing to go to Dandakaranya. এখন প্রশ্ন হচ্ছে সেখানে supplementary করা হলো যারা দণ্ডকারণ্যে যেতে চাননা, দুশো ফ্যামিলি তাদের কোন ক্যাটেগরী চেঞ্জ করাতে চান কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen : মাননীয় সদস্য আমার উত্তরটা যদি শুনতেন, তাহলে বুঝতেন। আমি আবার ও তাঁর সুবিধার জন্য পড়ে শোনাচ্ছি—

Those families who will not be willing to go to Dandakaranya for rehabilitation will be entitled to get only 6 months' cash dole before dispersal from the camps."

Shri Saroj Roy : যেখানে আপনারা ঠিক করেছেন ছয় মাসের ক্যাশ ডোল দিয়ে তাদের বের করে দেবেন, সেখানে ওদের বায়নানামা ফীম চালু করতে রাজী আছেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen : পূর্বে যা বলেছি তার বাইরে আর কিছু বলতে পারবো না।

Shri Saroj Roy : ঐ ক্যাটেগরী চেঞ্জ করা সম্পর্কে তো বললেন না ?

The Hon'ble Prafulla Chandra Sen : এর মধ্যে তেমন কোন প্রশ্ন নাই।

Realisation of rehabilitation loans

*43. (Admitted question No. *68) **Shri Sunil Das** (*a*) Will the Hon'ble Minister in charge of the **Refugee Relief and Rehabilitation Department** be pleased to state whether it is a fact that certificates for realisation of rehabilitation loans have been issued to the displaced persons ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) in how may cases respresentations have been received from the persons who are not able to repay such loans ; and

(*ii*) whether the Government consider the desirability of not issuing certificates to such incapable persons ?

The Hon'ble Prafulla Chandra Sen : (*a*) Yes, principally in those cases where the loan bond runs the risk of being time-barred due to non-payment.

(*b*) (*i*) Complete reports have not been received. The number of represantations received so far from six districts is 648.

(*ii*) Certificates are being issued to protect Government interests against limitation.

Shri Sunil Das : সাপ্লেমেন্টারী স্যার। গভর্ণমেন্ট কি জানেন যে অনেক loanee, যারা অসুস্থ হয়ে পড়েছেন কিম্বা কারও কারও টি, বি হয়েছে, কিম্বা অনেক লোনী, যারা rehabilitate হতে পারেনি—সেই সমস্ত ক্ষেত্রেও সার্টিফিকেট জারী করে তাদের ঘটি, বাটি, জিনিষপত্র সব কিছু বিক্রয় করে নিয়ে নেওয়া হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : এটা খুব ভাল প্রশ্ন। কিন্তু, এটা এর মধ্যে আসে না।

Shri Sunil Das : মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে এই ধরণের কেস সম্পর্কে গভর্ণমেন্ট কোন রকম leniently consider করতে প্রস্তুত আছেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen : Refugee rehabilitation সম্বন্ধে কয়েক দিন আগে এখানে যে debate হয়েছিল তখন আমি যা বলেছিলাম, তা বোধহয় আপনার স্মরণ আছে—আমি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই নিয়ে আলোচনা করেছিলাম যে কোন রকমে এই লোনগুলি, যারা hardshipএ আছে, তাদের মুকুব করা যায় কিনা। এরচেয়ে আর বেশী কিছু আমি বলতে পারবো না।

Shri Sunil Das : এমন অনেক hard cases আছে যেগুলি ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট যদি গভর্ণমেন্টকে বলে দেন,—যেমন বললেন গভর্ণমেন্ট property protect করবার জন্য সার্টিফিকেট জারী করছেন ; বা খুব সামান্য instalment নিয়ে গভর্ণমেন্ট property যেমন রক্ষা বা protect করতে পারেন ; তেমনি loanee কেও রক্ষা করতে পারেন। এই রকম কেস যদি আপনার নজরে আনা হয়, তাহলে তা বিবেচনা করতে প্রস্তুত আছেন কিনা ?

The Hon'ble Prafulla Chandra Sen : ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটকে এই রকম instruc-

tions দিয়েছি যে সামান্য কিছু দিয়ে তাঁবাদি যদি রক্ষা হয় তাহলে তাঁদের উপর distress warrant জারী করার প্রয়োজন নেই।

Shri Haridas Dey: এই যে ১৬৪৮ টাকার কথা বললেন এটা কোন জেলাতে, কত করে দেওয়া হয়েছে, তা বলতে পারেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen: তা বোধহয় বলতে পারবো। ওয়েষ্ট দিনাজপুরে ৬৮৯ টাকা। মালদাতে নিল্। দার্জিলিং ও পুরুলিয়াতে নিল্। মেদনীপুর জেলায় ১২২ টাকা। আর সবচেয়ে বেশী দেওয়া হয়েছে, মাননীয় সদস্যদের জেলায়, নদীয়াতে ৭৬৪ টাকা।

Inclusion of Jagacha within Howrah Municipality

***44.** (Admitted question No. *71.) **Dr. Kanailal Bhattacharya:** (*a*) Will the Hon'ble Minister in charge of the **Local Self-Government Department** be pleased to state whether there is any proposal for inclusion of certain areas af the Jagacha police-station, district Howrah, within the Howrah Municipality?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the areas proposed to be so included; and

(*ii*) the appropriate date or year by which the proposal may be given effect to?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) Yes.

(*b*) (*i*) The local authorities have suggested that the Santragachi area should be included in the Howrah Municipality.

(*ii*) The proposals are in the examination stage and it cannot be indicated when, if at all, the proposals are likely to be given effect to.

Dr. Kanailal Bhattacharya: মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নোত্তরে 'সাঁতরাগাছি' এরিয়ার কথা উল্লেখ করেছেন। 'সাঁতরাগাছি' এরিয়া বলতে কি বোঝায় সাঁতরাগাছি ইউনিয়ন, না, সাঁতরাগাছি মৌজা?

The Hon'ble Prafulla Chandra Sen: এ সম্বন্ধে একটা নোট আছে, সেটা পড়ে দিলে বোধ হয় ভাল হয়—

The Howrah Municipality is governed partly by the provisions of the Calcutta Municipal Act, 1923 and partly by those of the Bengal Municipal Act, 1932. There is a proposal for the enactment of a self contained statute for the administration of the Howrah Municipality. The Commissioners of the Howrah Municipality by their resolution no. 33 dated the 29th May, 1959 proposed inter alia that a portion of Police Station Jagachha to the south of the South Eastern Railway main line consisting of village Ichhapur, Santragachi in Santragachi Union and villages Baksara South and north and Jagachha upto the Howrah drainage canal on the west and Jagachha thana boundary on the south be included within the jurisdiction of the proposed Corporation.

Dr. Kanailal Bhattacharya: এই proposal এসেছিল কত দিন আগে?

The Hon'ble Prafulla Chandra Sen: এই Resolution একটু আগেই বলেছি এসেছিল 27th May, 1959.

Dr. Kanailal Bhattacharya: কিন্তু এই proposal consider করতে এত দেরী হয় কেন?

The Hon'ble Prafulla Chandra Sen : এখন তা বলতে পারি না, পরে খোঁজ নিয়ে জানাবো।

Stabilisation of food prices

*45. (Admitted question No. *108.) **Shri Basanta Kumar Panda :** Will the Hon'ble Minister in charge of the **Food, Relief and supplies Department** be pleased to state—

(*a*) if the Government have any plan to stabilise the prices for foodstuff such as fish, sugar, rice, spices, edible oils and vegetables ;

(*b*) whether Government have any proposal to bring in a legislation for the acquisition, control and supply of such foodstuff ; and

(*c*) what other measures, if any, are being taken by Government to supply the said stuff at reasonable price ?

The Hon'ble Prafulla Chandra Sen : (*a*) The market prices of rice and spices have shown a decline this year compared to last year. The State Government has arranged to meet the requirements in respect of rice, wheat/wheat products and sugar and fair prices from Fair Price & M. R. Shops throughout the State. As regards fish, Government are trying to augment the supplies by approaching other State Governments and the Central Government. In addition, Government are trying to stabilise fish prices through a Gentleman's Agreement with the traders and through Fair Price stalls opened in selected markets in Calcutta.

As for edible oils, arrivals of mustard seeds from the producing States of U. P., Punjab etc. have improved since the end of July, 1961 and the market situation is expected to improve soon. Present expectations regarding potatoes are better arrivals from Madras with larger releases from the local cold storages, which are expected to lead to a decline in market prices in the near future.

West Bengal is heavily deficit in respect of all food stuffs and the State Government have no control over supplies in the main producing areas. It is only cereals and sugar, which can be imported by the West Bengal Government with the help of the Central Government. The scope for for stabilisation of market prices of foodstuffs other than cereals and sugar by the State Government is, therefore, extremely limited in the short period.

(*b*) No fresh legislation is required, as all the necessary powers are available under the Essential Commodities Act, 1955 and the West Bengal Anti-Profiteering Act, 1958. Experience has shown that comprehensive physical and price controls are not feasible, as effective measures for enforcing such controls under existing conditions normally aggravate the situation by driving stocks underground. Isolated controls in West Bengal have also been found to divert essential supplies from West Bengal to other States.

(*c*) Arrangements already exist for supply of rice, wheat/wheat products and sugar to consumers at reasonable prices through Fair Price Shops.

The Government are taking measures to step up production of foodstuffs as increased production can only stabilise prices.

Shri Ganesh Ghosh : আচ্ছা, একথা কি সত্য যে সম্প্রতি কয়েক সপ্তাহে পশ্চিম-বাংলায় বিশেষ করে কলকাতায় চালের দাম বাড়তে আরম্ভ করেছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : না, চালের দাম প্রায় Steady আছে।

Shri Ganesh Ghosh : একথা কি সত্য এই যে Gentlemens agreement হয়েছে তার ফলে মাছের দাম কমেনি, বরং বেড়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি বলতে পারব না। আমি জানি কোন কোন market এ Gentlemens Agreement ঠিক আছে, কোন কোন জায়গায় নেই।

Shri Ganesh Ghosh : মাছ আর edible oils গভর্ণমেণ্ট supply shop থেকে supply করবার কোন পরিকল্পনা আছে কি সরকারের ?

The Hon'ble Prafulla Chandra Sen : না, কোন পরিকল্পনা নেই। আমার নিজের মতে তার প্রয়োজনও নেই, করতে হলে সম্পূর্ণ rationing প্রবর্ত্তন করতে হয়।

Shri Sunil Das : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন চিনির দাম stabilised হয়েছে। আজকে Statesman কাগজে একটি সংবাদ বেরিয়েছে তার প্রতি কি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে যে পশ্চিমবাংলায় চিনির দাম বাড়তে আরম্ভ করেছে ? এটা কি আপনি জানেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : চিনির দাম বলতে অবশ্য নানারকম Grade এর চিনি আছে এক একটা grade এক এক রকম। আমি দেখে শুনে বলছি Fair Price Shop থেকে চিনির off take খুব কম তার কারণ অনুসন্ধান করেছিলাম এবং অনুসন্ধানের ফলে জানতে পেরেছি যে খরিদ্দাররা অনেকেই মনে করেন যে fair price Shhp থেকে কিনতে গেলে সাত দিনের চিনি কিনতে হয়, দু'একদিনের মত কিনতে পান না। কাজেই সেখানে চিনির off take খুব কম হয়। তাই আমাদের মজুত চিনি free saleএ ছেড়ে দিতে হয়। কাজেই free saleএ চিনি যখন ছাড়ি তখন এক এক রকম চিনির এক এক রকম দাম হয়। কোনটার কথা মাননীয় সদস্য বলছেন জানি না।

Shri Sunil Das : মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি গত ১৩ই আগষ্ট রাজ্যসভায় Union Food Minister শ্রীপাতিল চিনির দাম উর্দ্ধগতির জন্য বলেছেন যে State Government গুলি চিনির distribution সম্পর্কে liberal policy নিচ্ছেন। তারা যদি না কিছু না করে তাহলে Union Government will step in, এটা কি পশ্চিমবাংলা সম্পর্কে খাটে ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমি বলতে পারব না পশ্চিম বাংলা সম্পর্কে খাটে কি না। এবং Union Government থেকে এ সম্পর্কে কোন চিঠিও আসেনি। আমি শুধু বলতে পারি চিনির Control পশ্চিমবাংলা সরকার একদিনও রাখতে চান না। আমাদের দেশে আমাদের চাহিদার তুলনায় চিনির উৎপাদন ঢের বেশী এবং সেই চিনি আমরা বাইরে subsidy দিয়ে export করি। কাজেই আমি খুব সন্তুষ্ট হব ভারত গভর্ণমেণ্ট যদি চিনির উপর থেকে control তুলে নেন্।

[3-50—4 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন প্রতিবছর পূজার সময় চিনির দর বেড়ে থাকে—পূজা আসছে এবার যাতে না বাড়ে সে সম্পর্কে কোন ব্যবস্থা করেছেন কি না ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমরা বিশেষ ব্যবস্থা অবলম্বন করেছি এবং যাতে বাজারে পর্য্যাপ্ত পরিমাণে ও ন্যায্যমূল্যে পাওয়া যায় তার ব্যবস্থা করেছি reserve রাখবার আয়োজন করেছি।

Shri Mihirlal Chatterjee: U. P. এবং বিহার থেকে প্রচুর পরিমাণ চিনি আনবার permit পাওয়া সত্ত্বেও railway wagonএর অপ্রতুলতার জন্য বাংলাদেশে চাহিদানুযায়ী চিনি পাওয়া যায় না ফলে এখন চিনি ৪৫৲ দামে বিক্রী হচ্ছে একথা জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen: তা বলতে পারি না।

Shri Mihirlal Chatterjee? Wagon shortageএর জন্য চিনি short supply হচ্ছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen: পশ্চিমবংগের বাজারে চিনির খুব scarcity আছে তা নয়।

Shri Narayan Chobey: চিনি কতদিন মজুত রাখবার পর ছাড়ার order দেন?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি আগেই বলেছি, যখন আমরা Control করি তখন নিয়ম করেছিলাম সমস্ত চিনি fair price shop থেকে বিক্রী করব। কিছুদিন এটা খুব ভালো ভাবে চলেছিল। তারপর, দেখা গেল fair price shop থেকে লোকে চিনি নিতে চায় না তখন বাধ্য হয়ে আমরা চিনি ছেড়ে দিয়েছি। মোটামুটি একমাসের চিনি যখন এসে যায় তখন সেই চিনি মজুত থাকে দ্বিতীয় মাসের পরের মাসে যখন allotment আসে তখনো আমরা ছাড়ি না তৃতীয় মাসের allotment অনুসারে আমরা ছাড়তে আরম্ভ করি।

Shri Narayan Chrbey: Fair price Shop এবং M. R. Shop এর চিনির quality খারাপ বলে অনেকে নিতে চায় না।

The Hon'ble Prafulla Chandra Sen: হতে পারে। এখানে একটা কথা মাননীয় সদস্যদের বলব—আমাদের এখানে মিষ্টিওয়ালা যারা আছেন, আপনারা শুনলে খুসী হবেন, মিষ্টিওয়ালারা একটা Co-operative Society করেছেন, মিষ্টিওয়ালাদের সমস্ত চিনি এই Co-operative Society কে দেওয়া হবে আমাদের এখানে বড় বড় যে সমস্ত establishment আছে তারা directly এভাবে নেন—সাধারণ Consumerদের যে চিনি fair price shop এ দেওয়া হত সেই চিনির offtake কম হলে তখন তা ছেড়ে দেওয়া হয়েছে।

Shri Niranjan Sengupta: Quality কি—এই offtake এর কথা বলছেন তার quality কি?

The Hon'ble Prafulla Chandra Sen: কোন্ দানার চিনি ভাল, crystal ভাল হলেই যে চিনি ভাল হবে বলবার উপায় নাই। কোন চিনি মেঠাই-এর পক্ষে ভালো, কোন চিনি চাএর পক্ষে ভালো। লোকের choice নানারকম। সেজন্য—চিনি এমন একটা জিনিস যখন control করা যায় খুববেশী scarcity না হলে সেই control নেকেনা। সাধারণ যে চিনি D 29 সেটাই fair price shop এ দিই।

Shri Rabindra Nath Mukhopadhyay: আপনি আমাদের জানালেন প্রয়োজনের তুলনায় চিনির উৎপাদন বেশী। অথচ ঠিক দামে চিনি পাওয়া যায় না। এখন প্রশ্ন হচ্ছে, আমাদের allotment যদি থাকে তাহলে বাজারে চিনির supply এত কম কেন? এটাতো একটা paradox হয় তাহলে।

The Hon'ble Prafulla Chndra Sen: স্পীকার মহাশয়, এ জিনিস সত্য যে, এটা paradoxical যে চাহিদার তুলনায় যদি উৎপাদন বেশি হয় তাহলে বাজারে চিনির এই অবস্থা হবে কেন। এর কারণ দুটো এক নং হচ্ছে, wagon difficulty আছে; দুই নং হল, চিনি শিল্পকে বাঁচাবার জন্য কেন্দ্রীয় সরকার নানারকম নিয়ম কানুন করেছেন। এখন বহু factory তে ৩ লক্ষ টনের উপর, প্রায় ৪ লক্ষ টন surplus আছে। তাঁরা

চেষ্টা করছেন subsidised import করবার জন্য যাতে বিদেশের বাজারে ভারতের চিনি জনপ্রিয়তা অর্জন করতে পারে।

Shri Rabindra Nath Mukhopadhyay: এর মধ্যে hoarder এর খেলা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen: Hoaderএর কথা এখানে আসে না।

Pay of chowkidars

*46. (Admitted question No. *118.) **Shri RAMANUJ HALDER:** Will the Hon'ble Minister in charge of the **Local Self-Government Department** be pleased to state—

(ক) দেশ স্বাধীন হইবার পূর্বে চৌকীদার ও দফাদারদের মাসিক বেতনের হার কি ছিল;

(খ) বর্তমানে উহারা মাসে কি পরিমাণ বেতন পান; এবং

(গ) উহাদের বেতনের হার বৃদ্ধির কোন ব্যবস্থা করা হইতেছে কি এবং করা হইয়া থাকিলে কত দিনে কি পরিমাণ বেতন ব্যবস্থা করা হইবে?

The Hon'ble Kalipada Mookerjee: (১) চৌকিদারদের বেতন সর্বনিম্ন মাসিক ৫ টাকা হইতে সর্বোচ্চ মাসিক ৮।৷০ ছিল। বিভিন্ন জেলার গড়পড়তা বেতনের হার ছিল মাসিক প্রায় ৬ টাকা।

দফাদারদের বেতন সর্বনিম্ন মাসিক ৬ টাকা হইতে সর্বোচ্চ মাসিক ১৫, টাকা ছিল। বিভিন্ন জেলার গড়পড়তা হার ছিল মাসিক প্রায় ৮৲ টাকা।

(২) বর্তমানে সাধারণতঃচৌকিদারগণ সর্বনিম্ন মাসিক ১১টাকা এবং দফাদারগণ সর্বনিম্ন মাসিক ১৪৲ টাকা পান।

(৩) বর্তমানে উহাদের বেতন বৃদ্ধির কোন প্রস্তাব সরকার বিবেচনা করছেন না।

Shri Ramanuj Halder: তাঁরা কি সরকারী কর্মচারী?

The Hon'ble Kalipada Mookerjee: তারা যুনিয়ন বোর্ডের কর্মচারী, সরকারী কর্মচারী নয়।

Shri Ramanuj Halder: তাদের কি কিছু ভাতা দেওয়া হয়?

The Hon'ble Kalipada Mookerjee: কোন ভাতা নাই। তারা part time worker বলে Union Board থেকে বেতন পান।

Shri Ramanuj Halder: এদের নিয়োগ ও বরখাস্ত করেন কারা।

The Hon'ble Kalipada Mookerjee: নিয়োগ যুনিয়ন বোর্ড করেন, তবে জেলা ম্যাজিষ্ট্রেটকে খবরাখবর দেন।

Shri Pabitra Mohan Roy: মন্ত্রীমহাশয় বলেছেন তারা সরকারী কর্মচারী নয়, তাহলে থানার দারোগা তাদের তদ্বিরও দেখাশুনা করেন কি করে?

The Hon'ble Kalipada Mookerjee: Union Board আইন অনুযায়ী তাদের সংগে থানার সম্পর্ক নিয়ন্ত্রিত হয়।

Shri Lutfal Hoque: আপনি বলছেন they are appointed by the Union Board, তাদের scaleটা কে করেন, Union Board না সরকার?

The Hon'ble Kalipada Mookerjee: এজন্য তাদের কিছু টাকা দেওয়া হয়।

Shri Lutful Hoque: যুনিয়ন বোর্ড যদি বর্তমান অবস্থার সংগে সংগতি রেখে তাদের বেতন বাড়াবার ব্যবস্থা করেন, সরকারের কোন আপত্তি আছে কি?

The Hon'ble Kalipada Mookerjee: না, কোন আপত্তি নাই।

Shri Sunil Das : Government পুলিশ কমিশনারের কাছে এদের বেতন বৃদ্ধি সম্পর্কে Government কোন প্রস্তাব করেছেন কি ?

Mr. Speaker. Question time is over.

[4—4-10 p. m.]

Message from Council

Secretary (Sj. A. R. Mukherjee) : The following message has been received from the West Bengal Legislative Council, namely :—

Message

"The West Bengal Legislative Council at its meeting held on the 18th September, 1961, agreed to the West Bengal Secondary Education (Amendment) Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji,
Chairman,

Calcutta :
The 18th September, 1961 West Bengal Legislative Council''

Shri Narayan Choubey : স্যার, আমাদের বহু কোয়েশ্চেন পড়ে রয়েছে, আপনার কাছে আবেদন যে সেই কায়েশ্চন গুলোর কি গতি হবে জানাবেন ?

Adjournment Motion

Mr. Speaker : There is an adjournment motion tabled by Sj. Jatindra Chandra Chakravorty. He has tabled the adjournment motion on a statement made by a certain gentleman in the Calcutta Club. This being a private matter and as it has nothing to do with the administration, or the Ministers, I have refused consent.

Shri Jatindra Chandra Chakravorty : ক্যালকাটা ক্লাবে লর্ড মেয়র আমাদের প্রধান মন্ত্রী সম্পর্কে অত্যন্ত অযথ্য উক্তি করেছেন। আজকে যুগান্তর পত্রিকায়.....

Mr. Speaker : Don't try to disobey the Chair, Mr. Chakravorty.

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, এ বিষয়ে আমি ডিসওবে করছি।

Mr. Speaker : I refuse to hear you. Kindly take your seat, Mr. Chakravorty. You are bound to observe certain rules of procedure, in connection with the business of the House. Do kindly take your seat.

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, আমাদের প্রধান মন্ত্রী সম্পর্কে অযথ্য উক্তি করেছেন বলে এটা আমাদের.....

Mr. Speaker : I shall not allow you to say any further. If you say anyting that will not go in the proceedings.

Statement re : the present position of fish trade

The Hon'ble Tarun Kanti Ghosh : Mr. Speaker, Sir, I would like to make a statement on the present position of fish trade.

Since July last, price of fish in the Calcutta markets started rising steadily. Public complaints against such sudden and unreasonable raise in prices became persistent. Government thereupon directed an enquiry into the matter. Ultimately, wholsale dealers, retail dealers and owners of fisheries were called for a discussion. This discussion was held in the presence of the Chief Minister and as a result those engaged in the fish traders and owers of fisheries were called for a discussion. This discussion was held n the presence of the Chief Minister and as a result those engaged in he fish trade suggested certain prices were found to be acceptable by

the Chairman of the Market Committee of the Calcutta Corporation, leaders of different political parties, the Consumers' Association and other bodies to whom the matter was referred. It was agreed that the prices so suggested would be observed in all the markets for a period of 2 months. It soon became evident however that only a small section of those engaged in the fish trade observed the agreement about prices. By far a large majority of them were not giving effect to the said agreement. They were sent for twice and requested to honour the agreement and told that Government would otherwise be forced to take measures to cotrol prices.

Though more than 2 weeks have passed since then, there is no indication of the request being complied with or the prices being kept within the limits agreed upon. On the other hand, it has been found on enquiry that in some cases prices have gone up.

During the discussion it was also suggested to those engaged in the fish trade that some measures should be taken to control actions so as to ensure that retailers could sell fish at the agreed prices. It appears that this suggestion has also gone unheeded.

It is fully appreciated that the quantity of supply may fluctuate and that this sometimes affects the prices. But such a reason cannot possibly explain the sudden and steady upward trend of prices.

It is obvious that Government cannot permit the trade to indulge in profiteering activities to the detriment of the interest of the consumers in respect of essential foodstuff. As discussions and agreements have failed to have any effect, Government has had to direct the arrest of some of those who are considered to be responsible for interfering with the supplies and putting up prices and 7 persons have been arrested this morning who are wholesalers.

I hope that those engaged in the fish trade will be more sensible in future and revise the prices so as to bring them within reasonable limits. If, however, this hope is belied, Government will be forced to think of resorting to more stringent measures to ensure supplies and availability of fish at reasonable prices. Although we realise, it is quite an intricate subject.

Proposed strike of the Calcutta Tramways and the Calcutta State Transport Workers

Shri Jyoti Basu: মাননীয় স্পীকার মহোদয়, আমি অন্য একটা কাজে মুখ্যমন্ত্রীর কাছে ছিলাম, কাজেই অনুমতি নিতে পারিনি কিন্তু এখন 108 অনুযায়ী calling attention-এর জন্য অনুমতি চাচ্ছি—কিছুদিন আগে State Transport Workers, বাসের কর্মচারীরা এবং ট্রাম কর্মচারীরা যুক্তভাবে একটা মিছিল করে এসেম্বলীর কাছে এসেছিল। তারা তাদের দাবী দাওয়া পেশ করেছে, সেগুলি পাঠিয়ে দিয়েছিল মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে। কিন্তু, এখন একটা serious situation arise করেছে। শুনলাম Tram Worker রাই বোধহয় একটা strike notice দিতে যাচ্ছে, ধরুন তারা যদি ২৫ তারিখে strike notice দেয় তাহলে পুজোর আগে একটা ভয়ঙ্কর পরিস্থিতি হবে। বাসের কর্মচারীরাও বিক্ষুব্ধ পুজো Bonus ইত্যাদি দাবীদাওয়া নিয়ে। এ ব্যাপারে মুখ্যমন্ত্রী মহাশয় যদি একটু সময় করে একটা বিবৃতি দেন তাহলে বুঝতে পারি অবস্থাটা আয়ত্তে আনা যাবে কিনা।

Mr. Speaker: I am asking the Chief Minister to make a statement.

Shri Jatindra Chandra Chakraverty: স্যার এই মাত্র তরুনবাবু একটা statement দিলেন যে ৭ জনকে arrest করেছেন। যারা Black marketing করেছিল তাদের

আমরা anti-social বলে মনে করি। এজন্য আমি তরুণবাবুকে ধন্যবাদ দিচ্ছি। এতদিন পরে বিরোধীপক্ষ থেকে বারবার বলে আসছি যে একটা examplary punishment দিন আজকে একজন মন্ত্রী তা করেছেন। আশা করি অন্যান্য Black-marketers দের সম্পর্কেও সরকার এরকম কোন ব্যবস্থা অবলম্বন করবেন।

Statement regarding denial of facilities by the Police for purposes of performance of Pujas and religious ceremonies in the public parks and streets in Calcutta

The Hon'ble Kalipada Mookherjee : Sir, I rise to make a statement in connection with certain complaints that have been made in this House by Shri Jatindra Chandra Chakravorty and several other honourable members regarding alleged denial of facilities by the police for purposes of performance of pujas and religious ceremonies in the public parks and streets in the city of Calcutta. Sir, the Calcutta police has no competence to grant permission for the performance of pujas and religious ceremonies by raising structures in the public streets and pavements. It tantamounts to obstruction and encroachment of such public streets and foot-paths. As a matter of fact, after the recent decision of the Calcutta High Court declaring that the police has no authority to permit obstruction of public streets or footpaths, the commissioner of Police issued a press note some months ago for the information of persons who used to apply to him in this behalf regretting his inability to grant any permission for covering footpaths and carriageways for any purpose be it religious or otherwise.

On the contrary, it is for the authotities of the Calcutta Corporation to decide whether any such permission can or should be given on any application made to them in that behalf.

[4-10—4-20 p. m.]

Sir, as regards the authorising of the performance of Pujahs and other religious ceremonies in the public parks, the Police has also no jurisdiction or competence in the matter. In another recent judgment of the Calcutta High Court it has been held that on the occasion of any public entertainment, ceremony or exhibition taking place in any such public park or part thereof, pemission should be obtained from the Commissioner to the Calcutta Corporation upon such terms and conditions as may be prescribed by him and notified on a board to be placed in some conspicuous part of the entrance of such park and/or by insertion in one or more local newspapers.

Sir, whatever action is necessary to be taken for authorising the performance of Pujahs and other religious ceremonies in these public places, has to be taken by the authorities of the Calcutta Corporation, the police having no *locus standi* in the matter. All that the Police has been trying to do is to inform the organisers of such ceremonies about the correct prodceure in the matter, asking them to approach the Calcutta Corporation with timely applications and not to raise unauthorised structures in the public places because the police has no alternative but to launch prosecutions in the case of illegal or unauthorised obstructions and encroachments. Sir, I do not see why such dissemination of information about the correct procedure to be followed should be regarded as unwarranted interference by the Police. It is certainly better that the position should be made clear to all those who intend to organise

the coming Pujah celebrations so that nobody is taken by surprise. It is also highly desirable that in such matters there should be mutual consultation and co-operation between the organizers of such ceremonies, the Calcutta Police and the Calcutta Corporation authorities.

Shri Siddhartha Sankar Ray : There are one or two things which require clasification. Of course, the Police Minister is quite right in referring to the judgments of the two Calcutta High Court Judges. What I want to say is this. The judgment said that the Police has no righ to refuse anybody permission for holding functions either on the foot-paths or in the parks, because recording to the judgment the foot-paths and parks are under the Corporation of Calcutta who is to give permission. That is the point I am making. I take it from the Hon'ble Minister that if the Corporation grants permission, the Police will not interfere.

Shri Nepal Roy : Sir, on a point of privilege. একটু আগে মাননীয় সদস্য যতীন বাবু আপনাকে ডিস্‌ওবে করবেন বলে হাউসকে জানিয়েছেন এবং কিছুক্ষণ আগে তিনি আমার প্রতি যে ভাষা প্রয়োগ করেছেন তাতে আমার মনে হয় যে এই দুটো মিলিয়ে জিনিসটা প্রিভিলেজ কমিটিতে পাঠান উচিত। তবে তা যদি না হয় তাহলে এই সাইড থেকে আমরা এই রকম রেজোলিউসন নেব যে এই রকম ধরণের একজন মেম্বার-কে হাউস থেকে এক্সপেল করা হোক।

Mr. Speaker : The question is, I tell you frankly.....

Shri Subodh Banerjee : On a point of order, Sir. You have taken cognisance of his speech or statement whatever it may be. কিন্তু আমার বক্তব্য হোল যে, প্রিভিলেজ-এর কোয়েশ্চেন এরকমভাবে তোলা যায় না। আপনি যখন রিপ্লাই দিতে যাচ্ছেন তখন এ সম্বন্ধে স্যাটিস্‌ফাইড হয়ে নিন যে উনি যদি পয়েন্ট অব প্রিভিলেজে দাঁড়ান তাহলে আপনার রুলিং দেবার দরকার নেই আর যদি পয়েন্ট অব অর্ডার এ দাঁড়ান তাহলে আপনার রুলিং দেবার দরকার আছে।

Mr. Speaker : What I was going to say is this. It is very much painful to me to hear certain things which are undesirable from the honourable members when the debate is going on. But so far as the question of privilege is concerned, if any member wants to raise it, he must give me a proper notice about that. Mr. Banerjee, you did not allow me to say what I wanted to say. As I opened my lips, you rose on a point of order. So I think that the parties would be pleased to think over it and decide whether things like that should be allowed to continue in future.

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, আমি কয়েকটি সাপ্লিমেণ্টারী আপনার কাছে করছি। এটা আজকে নতুন নয়, প্রত্যেক দিন আমি যখন বক্তৃতা করতে উঠি বা যে কোন কথা বলতে উঠি তখন আমার পিছনে যেভাবে লাগা হয় তাতে আমার সহ্যের সীমা ছাড়িয়ে গেছে এবং আমি একথা বলেছি যে আমার পিছনে কুকুরের মত ঘেউ ঘেউ করে। আমি এটা প্রত্যাহার করে নিয়েছি এবং আশা করি ভবিষ্যতে এইরকম আর করবে না। আর আপনার প্রতি যদি অসম্মান দেখিয়ে থাকি তাহলে আমি সেটা ইচ্ছা করে করিনি, আমি তার জন্য দুঃখ প্রকাশ করছি।

Shri Nepal Roy : স্যার, আমার পয়েন্ট হচ্ছে—স্পীকার যখন বলেছেন যে আপনি বসুন, আপনি আমার কথা obey করুন-তখন উনি বলছেন I disobey you—That is insult to the whole House।

Shri Jyoti Basu : স্পীকার মহাশয়, এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উনি বলে বসে পড়লেন —আমি তরুণকান্তি বাবুর স্টেটমেণ্টের কথা বলছি...

Mr. Speaker: If you want to make a Statement on this, there are other leaders in the House of other groups and parties who will also want to make similar statements, and that will be creating a precedent. Do you think that such a precedent shouid be es'ablished ?

Shri Jyoti Basu: এটা হয় না। আমি বলেছিলাম যে যাদের উনি ধরছেন তাদের নামগুলো হয়ত কাল বা পরশু আমরা জানতে পারব। সেজন্য কথাটা বলে রাখছি তারা যদি ছোট মাছওয়ালা হয় তাহলে এক রকম। কিন্তু আমি জানি যারা বড় আড়তদার, ট্রেডার আছে তাদের কজনকে ধরবার জন্য পুলিশকে অনুমতি দিয়েছেন। কিন্তু পরবর্ত্তীকালে এই ট্রেডার যখন non-co-operate করবে, তাদের একটা অংশ মাছের বাজারে আরও অন্যান্যরকম অরাজকতার সৃষ্টি করবে তখন আমি আশা করব এই প্রশংসার কাজ করবার পর তিনি যেন পুলিশ ডিপার্টমেণ্টকে বলে follow up করেন।

Shri Sidhartha Shadkar Ray: May I know, Sir, from the Hon'ble Minister under what Act those persons have been arrested ?

The Hon'ble Kalipada Mookerjee: Under the Preventive Detention Act.

Shri Sidhartha Shakar Roy: I congratulate the Hon'ble Minister for the first time on properly applying the Preventive Detention Act.

Discussion on Damodar Valley Corporation

[4-20—4-30 p. m]

The Hon'ble Ajoy Kumar Mukherjee: মাননীয় অধ্যক্ষ মহাশয় এটার সম্বন্ধে আমরা যে আলোচনা করতে যাচ্ছি, সে সম্বন্ধে একটা মুদ্রিত বিবৃতি আমি দিয়েছি। তার উপর আগে আলোচনা চলুক, শেষে আমার যা বক্তব্য, তা বলবো।

Dr. Kanailal Bhattacharjee: সে তো সেচের ব্যাপারে বিবৃতি দিয়েছেন।

The Hon'ble Ajoy Kumar Mukherjee: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতে আছে—

Statement by the Minister in charge of Irrigation Department regarding clause (b) of starred question 42 of Shri Sunil Das, M. L. A. তার প্রশ্ন হচ্ছে—

Will the Hon'ble Minister in charge of Irrigation Department be pleased to state if the attention of the Government has been drawn to the statement of the D. V. C. authority and the statement of the Deputy Minister for Irrigation in the Lok-Sabha in regard to the failure to supply irrigation water in the command area and, if so, whether the State Government consider it desirable to issue a statement clarifying the entire position শুধু এই ইস্যু ছাড়া অন্য কোন ইস্যুর আলোচনা হতে পারে না।

Dr. Kanailal Bhattacharjee: List of business এ কি আছে ? Discussion on Damodar Valley Corporation.

কাজেই আমরা এ সম্বন্ধে সমস্ত কিছু বক্তব্য বলবো এবং মন্ত্রী মহাশয় তার জবাব দেবেন।

The Hon'ble Ajoy Kumar Mukherjee: ধরুন যদি বন্যা সম্বন্ধে বলা হয়, তাহলে গত ১৯৫৮ ও '৫৯ সালের বন্যা দুটি সম্বন্ধেও এখানে আলোচনা হবে, যা দুবার পূর্বেই এই হাউসে হয়ে গেছে। কিন্তু সে সম্বন্ধে আর পুনরায় আলোচনা হতে পারে না। কারণ তা out of order হবে।

[A voice : তা হবে না]

Mr. Speaker: The business before the House is "Discussion on Damodar

Valley Corporation" and not on any particular point. So I cannot stop any member if he is not speaking on any particular point.

Dr. Kanailal Bhattacharjee : *মাননীয় স্পীকার মহাশয় আজকে আমাদের আলোচনার* বিষয় হচ্ছে দামোদর ভ্যালী কর্পোরেশন। এই দামোদর ভ্যালী কর্পোরেশনের মধ্যে তিনটি Participating Governments আছে—কেন্দ্রীয় সরকার, আমাদের রাজ্য সরকার এবং বিহার রাজ্য সরকার। তার মধ্যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে এই দামোদর ভ্যালী কর্পোরেশনের যে capital expenditure তার প্রায় শতকরা ৫৫ ভাগ দিতে হয়। কাজেই এই দামোদর ভ্যালী কর্পোরেশন থেকে আমাদের রাজ্যে কি সুযোগ সুবিধা পেয়েছি—, কিম্বা আমাদের রাজ্যে কি কি অসুবিধা আছে, আমাদের রাজ্যের সমস্যার সমাধান কি কি আমরা করতে পেরেছি, কি পারি নাই এ সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে তাঁর জবাবে দিতে হবে। তিনি যদি বলেন—আজকে তার জবাব দিতে পারবো না, তাহলে তাঁকে মনে রাখতে হবে যে তিনি জনসাধারণের অর্থে এখানে নিযুক্ত হয়েছেন। তাঁর এই ভাবে তৈরী হয়ে আসা উচিত ছিল। শুধু সেচ সম্বন্ধে আমাদের বক্তব্য আমরা রাখবো না। তার কারণ হচ্ছে এই দামোদর ভ্যালী কর্পোরেশনের কাজ হচ্ছে—সেচ, বন্যা নিরোধ এবং বিদ্যুৎ সরবরাহ। মাননীয় মন্ত্রী মহাশয়—শ্রীসুনীল দাসের একটা প্রশ্নের জবাবে একটা বিবৃতি আমাদের কাছে পেশ করেছেন—সেচ সম্বন্ধে। এবং সেখানে তিনি দেখাতে চেষ্টা করেছেন এই যে—সেচের জল সরবরাহে দামোদর ভ্যালী কর্পোরেশন ব্যর্থ হয়েছে। তারজন্য দায়ী একমাত্র দামোদর ভ্যালী কর্পোরেশন। পশ্চিমবঙ্গ সরকারের কোন দায়দায়িত্ব এর জন্য নাই।

আমার চার পাঁচ বছর আগের একটা কথা মনে পড়ে যাচ্ছে—যখন দামোদর ভ্যালী কর্পোরেশনের বাজেট আলোচনা হয়—কিম্বা সেচ বিভাগের আলোচনা হয়, তখন মাননীয় মন্ত্রী মহাশয় আনন্দের সঙ্গে ঘোষণা করেছিলেন—নেচে কুঁদে আমাদের উপর শ্লেষাত্মক বাক্যবাণ বর্ষণ করে—যে ১০/১২ লক্ষ একর জমিতে দামোদর ভ্যালী করপোরেশন সেচ দেবে এবং আমাদের দেশ তার ফলে সুজলা সুফলা শস্য-শ্যামলা হয়ে উঠবে। কিন্তু গত কয়েক বছরের যে অভিজ্ঞতা—তা থেকে পশ্চিমবঙ্গের জনসাধারণ বুঝতে পেরেছেন দামোদর ভ্যালী কর্পোরেশন শুকনোর সময় কত জল দিতে পারবে—সে জানা আছে।

একটা canal কর বৃদ্ধির জন্য মন্ত্রীমহাশয় যখন বিল এনেছিলেন সেই সময় তিনি আলোচনার মধ্যে বলেছিলেন ডি, ভি, সির জল কৃষকরা ব্যবহার করুক বা না করুক তাদের ট্যাক্স দিতেই হবে, এবং শুকনোর সময় তারা যখন এই জল ব্যবহার করবে তখন দেখতে পাবে কতখানি সুযোগ সুবিধা তারা পাচ্ছে। কিন্তু আজকে সেই মন্ত্রীমহাশয়কে একটা অন্য রকম বিবৃতি নিয়ে বেরিয়ে আসতে দেখছি, তাতে তিনি বলেছেন যে ডি, ভি, সি, সেচের জল সরবরাহ করতে ব্যর্থ হয়েছে। আমি তাঁর সম্পূর্ণ বিবৃতিটা পড়তে চাই না, শুধু তার দু-একটা জায়গা থেকে উল্লেখ করতে চাই। তিনি বলেছেন গত জুলাই মাসে ২০৬ লক্ষ cusec days জল চাওয়া হয়েছিল, সেই জায়গায় পাওয়া গিয়াছে ১১৮ cusec days জল, অর্থাৎ প্রায় অর্দ্ধেক। তিনি তার জন্য নানা তথ্য দিয়েছেন, সেই তথ্যের মধ্যে যেতে চাই না। আমি শুধু মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই তাঁর দপ্তরের এ সম্বন্ধে কোন দায়িত্ব নেই, এটাই বলার জন্য কি তিনি বিবৃতি দিয়েছেন ?

পশ্চিমবঙ্গ সরকার এই ডি, ভি, সির একটা Participant Government. অনেকে যদি ডি, ভি, সি fail করে তাহলে তার সমস্ত কিছু দায়িত্ব মন্ত্রী মহাশয়কে নিতে হবে ; আজ সেই জবাব আমরা তাঁর কাছ থেকে চাই৷ ডি, ভি, সি fail করেছে—দেখিয়ে কেবল এই statement দিলেই চলবে না। এর সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই—যেটা মন্ত্রী মহাশয় তাঁর statement এর last paragraphতে বলেছেন যে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট দুর্গাপুর ব্যারাজ সমেত canal system গ্রহণ করবেন না। আমি অবশ্য তাঁর সঙ্গে একমত।

কিন্তু canal system কেন গ্রহণ করবেন না, সেই কারণ সম্বন্ধে তিনি তাঁর বিবৃতিতে উল্লেখ করেননি। তাঁর statement থেকে মনে হচ্ছে যখন canal systemটা sufficiently established হয়ে যাবে তখন বোধহয় তাঁরা এটা গ্রহণ করবেন। তিনি এখানে কয়েকটা জিনিষ উল্লেখ করেছেন, যেমন বলেছেন other practical difficulties আছে। সেই practical difficultiesগুলি কি, তা বলবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। আমি এখানে একটা জিনিষ বলতে চাই—১৯৫৯ সালের এপ্রিল মাসে দিল্লীতে যখন participating Governments এর একটা বৈঠক বসে, অর্থাৎ বেঙ্গল গভর্ণমেণ্ট, বিহার গভর্ণমেণ্ট ও সেণ্ট্রাল গভর্ণমেণ্টের যে সম্মেলন হয়েছিল, সেই সম্মেলনে 'taking over of the canal system of the Durgapur barrage'—এই প্রশ্নটা যখন সেখানে আলোচিত হয়েছিল তখন আমাদের পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সেটা স্বীকার করে নেওয়া হয়েছিল যে এটাকে take over করা হবে। আজকে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই এই যে মত তিনি সেই সময় দিয়ে এসেছিলেন, সেটা পরিবর্তন করলেন কেন; তার কারণ কি? সেটা তিনি যেন অনুগ্রহ করে বলেন। আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে এই canal systemটা গ্রহণ করা উচিত নয়। তার কারণ হচ্ছে—একটা dual system হলে এ ওকে দোষ দেবে এবং মাঝখান থেকে জনসাধারণ suffer করবে। সেইজন্য বলা হচ্ছে এই system না নেওয়াই ভাল। Barrage থেকে canal, এবং canal থেকে distributing system করা হচ্ছে। অর্থাৎ distributing system এর ভার যদি সরকারের হাতে থাকে এবং damএ জল storingএর ভার যদি ডি, ভি, সি'র হাতে থাকে, তাহলে দুই এর মধ্যে নিশ্চয়ই একটা দ্বন্দ্ব বাঁধবার সম্ভাবনা আছে বলে আমি মনে করি।

[4-30—4-40 p. m.]

সঙ্গে সঙ্গে আমরা মনে করি এই system যদি পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেন তাহলে তারা কিছু কর্মী ছাটাই করে দেবে। যার ফলে আজকে এমনিতেই চার দিকে ছাটাই চলেছে তার উপর আবার এখানে ছাটাই হলে আমাদের বেকার সমস্যা আরো বৃদ্ধি পাবে। এইজন্য আমরা পশ্চিমবঙ্গ সরকারকে বলবো এই system তারা যেন গ্রহণ না করেন। এবার আমি বলছি বন্যানিরসন সম্পর্কে। মন্ত্রী মহাশয়ের ভয় পাবার কারণ নেই, কারণ আমি ১৯৫০ সালের বন্যা সম্বন্ধে বিস্তারিত তথ্য পেশ করতে চাইনা, আমি শুধু এটা বলতে চাই ১৯৪৯ সালের এপ্রিল মাসে যে conference দিল্লীতে হয়েছিল সেই conferenceএ তাঁরা আমার ড্যাম প্রস্তুত করা হবেনা একথা স্বীকার করেছিলেন এবং যদি স্বীকার করে থাকেন তাহলে কেন স্বীকার করেছিলেন? অথচ ১৯৫৯ সালে September মাসে পশ্চিমবঙ্গে যখন বিধ্বংসী বন্যা হয়েছিল, তখন তাঁরা বুঝতে পেরেছিলেন Mr. Vorduinর যে recommendation ছিল ৮টি বাঁধ করা দরকার সেখানে ৪টি বাঁধ করে বন্যা নিরোধ করেছি বলেই যতই গলা ফাটান সত্যই বন্যা নিরোধ করা যায় না। তারজন্য উচিত ছিল আমারড্যাম প্রস্তুত করা। কিন্তু আমারড্যাম প্রস্তুত করার ব্যাপারে, আমি জানি মন্ত্রীমহাশয় এবং তাঁর সরকার সবচেয়ে বেশী বাঁধা দিয়েছিলেন। এখন তাঁরা কিছুটা স্বীকার করছেন এবং সেটা তাঁর statementর মধ্যে দিয়ে প্রমাণ করবার চেষ্টা করেছেন। যদিও অধিক পরিমাণে জল সরবরাহ করার জন্য ঐ বাঁধের প্রয়োজন সেটা সরকার স্বীকার করেন না। এই থেকে বোঝা যায় তাঁর সরকার আমারড্যাম প্রস্তুত করার কতখানি বিরোধী। এখন বাধ্য হয়ে তাঁরা স্বীকার করছেন বটে যে এটা ছাড়া আরো দু'একটি বাঁধ প্রস্তুত করা উচিত, নতুবা বাংলাদেশে সম্পূর্ণরূপে বন্যা নিরোধ করা যাবে বলে মনে করিনা। এখানে আর একটা কথা আছে দামোদর ভ্যালিতে যেসব ছাটাই কর্মচারী কাজ পাচ্ছে না, আজ যদি এই বাঁধ তৈরী করার পরিকল্পনা নেওয়া হয় তাহলে কিছু কর্মসংস্থান এর মধ্যে দিয়ে হতে পারে।

বিদ্যুৎ সরবরাহ ব্যাপারে আমি একটা কথা বলতে চাই। আমরা জুলাই মাসে খবরের কাগজ থেকে জানতে পেরেছিলাম যে, D. V. C তার বিভিন্ন সংস্থার সঙ্গে চুক্তি করেছে যে ৩৭৫ mgw. বিদ্যুত সরবরাহ করবে। সঙ্গে সঙ্গে সেই জায়গায় আজকে বলছেন যান্ত্রিক গোলযোগের জন্য ৩০৬ mgwর বেশী তারা সরবরাহ করতে পারবে না। এরজন্য দায়ী আমরা মনে করি D. V. C. Administration। তার কারণ আজ পর্য্যন্ত বোথারোতে যে ৪র্থ unit তাঁরা নূতন তৈরী করেছেন সেটাকে এখনও ঠিকমত চালু করতে পারেননি। তাঁরা অবশ্য কারণ দেখিয়েছেন মাইথনে তাদের যে চারটি hydraulic station আছে সেই চারটি unitর মধ্যে ৩টি unitর blade বিকল হয়ে আছে। এছাড়া তাঁরা বলেছেন আগামী ৬ মাসের মধ্যে তিলাইয়া এবং পাঞ্চেৎ থেকে hydro-electric power পাওয়া যাবে না। আমি জিজ্ঞাসা করতে চাই D. V. C. Authority আগে থেকে এই সম্বন্ধে কেন অবহিত থাকেননি; এবং এইজন্য আজকে শিল্পে যে সংকট দেখা দিয়েছে তারজন্য দায়ী কে হবে? এই প্রশ্ন আমি তাঁর কাছে তুলে ধরছি।

এছাড়া D. V. C. Administration সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। এই administration সম্বন্ধে বলতে গিয়ে, একটা প্রশ্নই আমাদের সকলের মনকে বিচলিত করেছে সেটা হচ্ছে: D. V. C. Head Quarters কলকাতা থেকে মাইথনে transfer করার প্রশ্ন উঠেছে। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই তাঁর সরকার দিল্লীতে যে conference হয়েছিল ১৯৪৯ সালে সেই সম্মেলনে এই স্থানান্তরের প্রশ্ন স্বীকার করে এসেছিলেন কিনা। যদি করে এসে থাকেন তাহলে কেন করেছিলেন? অবশ্য ডাঃ রায় জনমতের চাপে এবং কাগজে নানাভাবে লেখার ফলে শেষ পর্য্যন্ত বলেছিলেন যে পশ্চিমবঙ্গ ৯২ লক্ষ টাকা দিতে পারবে না কারণ এটা infructuous expenditure.

সেজন্য সেটা আজ পর্য্যন্ত স্থগিত রয়েছে। কিন্তু আজকে খবরের কাগজে একটা খবর বেরিয়েছে এবং আমার কাছে দু'একটা চিঠি আছে তাতে দেখতে পাচ্ছি যে বিহার গভর্ণমেণ্টকে Ministry of Irrigation and Power. New Delhi, Sri P. B. Agarwal একটি পত্র দিয়েছেন এবং সেই পত্রে জানিয়েছেন যে আমাদের মুখ্যমন্ত্রী Dr. Roy আলাপ আলোচনার মাধ্যমে জানিয়ে দিয়েছেন যে D. V. C. যে ঋণপত্র বাজারে ছাড়েন এবং তার মারফৎ যদি স্থানান্তর করবার প্রয়োজনীয় অর্থ সংগৃহীত হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকারের এই Head Quarters স্থানান্তরের ব্যাপারে কোন আপত্তি হবে না। সেই চিঠি পেয়ে বিহার গভর্ণমেণ্টের সেক্রেটারী শ্রী বি, সি, ভগৎ General Manager D. V. C. কে জানিয়েছেন যে তাঁরা Central Govt. এর কাছ থেকে জেনেছেন যে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীর কোন আপত্তি নেই যদি D. V. C. তার আইন অনুযায়ী ঋণপত্র বাজারে ছাড়ে এবং সেইভাবে সংগৃহীত অর্থের দ্বারা যদি কলিকাতা থেকে মাইথনে হেড কোয়ার্টার্সে স্থানান্তরিত করা হয়? মুখ্যমন্ত্রী এখানে নেই। সেচমন্ত্রী মহাশয় অন্ততঃ এ বিষয়ে যদি খবরাখবর নিয়ে আমাদের কাছে এ সম্বন্ধে তথ্য পেশ করেন তাহলে আমরা জিনিষটা বুঝতে পারি। সত্যিই এই স্থানান্তরের কাজ শুধু যে infructuous expenditure তা নয়, আজকে পশ্চিমবঙ্গ সরকার এই D. V. C. র জন্য সবচেয়ে বেশী অর্থ ব্যয় করেছেন এবং D. V. C. থেকে পশ্চিম বাংলার যে পরিমাণে power পাবার কথা ছিল সেই পরিমাণে সে পায়নি। সেই D. V. C. র Head Quarters কেন আজ বিহারে স্থানান্তরিত হবে আমরা তা জানতে চাই। এছাড়া প্রশাসনিক ব্যাপারে আরও দু'একটা কথা আমার বলার আছে। D. V. C. থেকে হাজার হাজার কর্ম্মী ছাটাই করা হয়েছে। কিন্তু গত কয়েক বছরের মধ্যে এর officer এর সংখ্যা ক্রমশঃ বেড়েছে। যখন চল্লিশ হাজার লোক সেখানে কাজ করত সে সময় সেখানে কর্ম্মী নিয়োগের জন্য মাত্র দুইজন অফিসার ছিলেন Director of Personnel, এবং Deputy Director of Personel; কিন্তু এখন বহুকর্ম্মী ছাঁটাই হয়ে গেছে। এখন মাত্র ১৪ হাজার কর্ম্মী কাজ করে; অথচ এখন সেখানে অফিসারের সংখ্যা ছয়। তাছাড়া সরকার বিহার থেকে আর একজন Personnel

Officer আছেন শ্রী আর, পাণ্ডে। ইনি সেখানে এসে আর কিছু করতে পারেন বা না পারেন প্রাদেশিকতার বিষ বেশ ভাল করে ছড়িয়ে দিতে পেরেছেন। এটা আমি নির্ভরযোগ্য সূত্রে জানতে পেরেছি। তিনি ওখানে বাঙালী বিহারী কর্মীদের মধ্যে বিভেদ সৃষ্টি করবার চেষ্টা করছেন। Class IV staff যাদের অধিকাংশই বিহারী তাদের বাঙালী কর্মীদের বিরুদ্ধে উত্তেজিত করছেন। এছাড়া আর একটা কথা আমি বলতে চাই তা হোল এই যে বিহার গভর্ণমেণ্ট এই D. V. C-র মধ্যে তাদের স্বার্থ বজায় রাখতে যতখানি তৎপর আমাদের সরকার ততখানি নয়। নয়। পশ্চিমবাংলা সরকারের মাত্র একজন প্রতিনিধি সেখানে আছেন শ্রীগাঙ্গুলী, অথচ বিহার গভর্ণমেণ্টের representative অন্ততঃ পক্ষে দশজন আছেন এবং প্রতিটি ক্ষেত্রে বিহারের স্বার্থরক্ষার জন্য চেষ্টা করেন। আমাদের সরকার এদিকে ঘুমিয়ে আছেন। এক শ্রী গাঙ্গুলী ছাড়া আমাদের কোন অফিসার সেখানে নেই, অথচ বিহার সরকারের দশজন officer আছেন যারা সব সময় বিহারের স্বার্থ রক্ষার জন্য চেষ্টা করছেন।

[4-40—4-50 p. m.]

Shri Benoy Krishna Chaudhury: মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমার বক্তৃতা প্রধানতঃ এ বছর D. V. C. সেচ ব্যবস্থার দিক থেকে যে ব্যর্থতা দেখিয়েছে তার মধ্যেই সীমাবদ্ধ রাখব। কারণ, সেচ পশ্চিম বাংলার অর্থনৈতিক জীবনের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। D. V. C.র মোট যে খরচ তার অর্ধেকের উপর অর্থাৎ প্রায় ৬৫ কোটি টাকা পশ্চিমবঙ্গকে দিতে হবে প্রধানতঃ এই সেচের জন্য। এই রকম একটা অবস্থায়, যদি আমরা সেচ নিশ্চিত না করতে পারি তাহলে সেটা গুরুতর ব্যাপার। আমি দেখাব D. V. C. এর ব্যাপারে মারাত্মক গলদ আত্মপ্রকাশ করেছে এবং এইসব গলদের জন্যই আজকে সমস্ত সেচ ব্যবস্থা একটা মর্মান্তিক পরিহাসে পরিণত হয়েছে। এটাই আমি আমার বক্তৃতায় প্রমাণ করার চেষ্টা করব। আজ যে সেচ মন্ত্রীমহাশয় যে বিবৃতি দিয়েছেন তার মধ্যে কোনরকম সহৃদয়তার ছাপ আছে বলে তো মনে হয় না। তিনি কতগুলি সংখ্যাতত্ত্ব পরিবেশন করেছেন একথা ঠিক, কিন্তু সেচের আসল যে প্রশ্ন আজকে মানুষকে ভাবিয়ে তুলেছে সেই বিষয়ে তিনি সম্পূর্ণ নির্লিপ্ত ও নির্বাক। তিনি যেন D. V. C.র সঙ্গে সম্পর্কিত ব্যক্তির উক্তি করেছেন। সেচ মন্ত্রী হিসাবে বিশেষ করে পশ্চিমবাংলার যেখানে একটা স্থায়ী ঘাটতি রয়েছে খাদ্যের দিক থেকে, এবং পশ্চিমবঙ্গ যেক্ষেত্রে একটা ঘাটতি রাজ্য হয়ে আছে এবং যেহেতু খাদ্য উৎপাদনের দিক থেকে প্রধান বিষয়ই হচ্ছে সেচ ব্যবস্থা তিনি criminal negligence দেখিয়েছেন। এই যে বিবৃতি, তাতে জল সময় মতো সরবরাহ করা সম্পর্কে কি ব্যবস্থা করেছেন তার কোন তথ্য পরিবেশন করেন নি। এবার কি অবস্থা হয়েছে? এই বিবৃতিতেই তিনি স্বীকার করেছেন reservoir জুলাই মাসে দেওয়া যায়নি—reservoir জল ছিল। যে সমস্ত seed bed বীজ পোতা হয়েছিল, কিছুটা রোপন করা হয়েছিল transplantation করা হয়েছিল সেই সমস্ত গাছ হলদে হয়ে গিয়েছিল, কিন্তু সে সময় জল দেওয়া হল না, অথচ এই বিবৃতির মধ্যেই আছে ১১ লক্ষ ৮৮ হাজার একর ফিট জায়গায় দামোদরের জল ছাড়া হয়েছে—সুতরাং জল ছিল। তারপর, এবার কতগুলি major breakdown হল, প্রথমেই হল বণ্ডিয়া এছাড়াও অন্যান্য structural defect ধরা পড়েছে, কতগুলি structure ভেঙ্গে গিয়েছে। এখন তারা শেষকালে wisdom এর কথা বলছেন। এক্ষেত্রে তাঁদের কাছে আমার জিজ্ঞাস্য, এইসমস্ত structureএ, canal এ কি কি ত্রুটি আছে এই জিনিস আগে ধরা পড়ে না কেন।

আইনেই বলা হয়েছে, ১লা এপ্রিল জল দিতে হবে যদিও ১লা এপ্রিল থেকে ছাড়লে সামনের দিকেই পায়, পিছনের দিকে পাওয়া যায় না—tail-endএ সময়মতো জল পাওয়া

বাঁধনা এক্ষেত্রে আমাদের কথা হল, অন্ততঃ test করবার জন্য, কোথায় কোথায় defect দেখবার জন্য এবং প্রয়োজন হ'লে একমাস আগেই জল ছাড়ার ব্যবস্থা করা হয় না কেন? যে সময়টা crucial time, অর্থাৎ যে কুড়িটি দিন চাষের দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সেই সময়ই জল ছেড়ে দিয়ে দেখা গেল কয়েকটা structure ভেঙ্গে গিয়েছে। এখানে সেচ মন্ত্রীমহাশয় যে হিসাব দিয়েছেন তাতে দেখছি প্রায় ৯১ কোটি cusec জল যেখানে indent left bank এর জন্য সেখানে জল দিয়েছেন মাত্র ৩ ১,৩৪৭, আর দক্ষিণদিকস্থ ক্যানেলের জন্য ৩২,৭৮০ cusec এর জায়গায় দিয়েছেন ১৭,৭৪০। প্রায় অর্ধেকের মতো।

যাইহোক, আমার জিজ্ঞাস্য হচ্ছে, আগে থেকে কেন জল সরবরাহ করা হয় না। ৬ দিন যে জল সরবরাহ করা হয়েছিল তা এক চতুর্থাংশেরও কম—এবং ১১ দিন যে জল সরবরাহ করা হয় তা অর্ধেকের কম। অর্থাৎ, crunical momentএ আপনি জল দিতে পারেন নি—যখন জলের দরকার ছিল সেই জুনমাসে তখন জল দিতে পারেননি এবং তার প্রধান কারণ হচ্ছে, যে সমস্ত ত্রুটি আছে সেগুলি সারবার দিকে নজর দেন নি। D. V. C.র কর্তৃপক্ষ দেখাবার চেষ্টা করেছেন, ১,৫৫০ মাইল ক্যানাল যেখানে রয়েছে, ২,২০০ structure যেখানে কাজ করছে তাতে ভেঙ্গে যাওয়া একটা মারাত্মক কারণ নয়। মোটেই তা নয়। আমি সেচ মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি পশ্চিমবঙ্গ সরকারের একজন দায়িত্বশীল মন্ত্রী, তাঁর কি এটা দায়িত্ব ছিল না অনুসন্ধান করা এই structure ইত্যাদি কি রকম আছে এবং তিনি যদি জানেন এগুলি ত্রুটিপূর্ণ, বিভিন্ন জায়গায় গলদ আছে তাহলে এগুলির প্রতি নজর দিচ্ছেন না কেন? আজকে এখানে এসে তিনি wisdom এর কথা বলছেন এটা সত্যিই পরিহাস বলে মনে হয়। আমরা দেখছি যে, তখন তাঁদের চমক নড়েনি তখনো এই নিয়ে সংবাদপত্রে কোন কথা উঠেনি। আজকে এখানে এসে তিনি যে কথা বলছেন এই বিবৃতির মধ্যে তা ৪ঠা জুলাই তারিখের আগেই জানা উচিৎ ছিল। ১লা জুলাই এর পর থেকে ৭ই জুলাই পর্য্যন্ত এখানকার সেচ দপ্তর এবং সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন এটা যাতে না হয়? এবং শুধু জুলাই মাসের কথাই নয়, আরো আগে থেকেই অবহিত হওয়া কি তাঁর কর্তব্য ছিল না তাঁর কি এটা দায়িত্ব ছিল না পশ্চিমবঙ্গে যেখানে প্রায়-দুর্ভিক্ষের কাছাকাছি অবস্থা এসে গিয়েছে, যেখানে ঘাটতি লেগেই রয়েছে সেই পশ্চিমবঙ্গে সেচ নিশ্চিত করবার জন্য সময়োচিত ব্যবস্থা অবলম্বন করা? আমি বলব এবছর জল থাকা সত্ত্বেও criminal negligenceএর জন্য আমাদের পশ্চিমবঙ্গের অর্থনীতির সর্বনাশ করা হয়েছে। উত্তর ভারত থেকে দক্ষিণ ভারত, এবার সর্বত্র ব্যাপকভাবে বন্যা হয়েছে, উড়িষ্যায় ও কিছুদিন আগে বন্যা হয়েছে আগামী বছর কি ভয়াবহ অবস্থা হবে জানেন? আমরা জানি ১৯৫৮ সালে এরকম শোচনীয় অবস্থা হয়েছে সেচের ব্যর্থতার দরুণ, ১৯৫৯ সালে বন্যা হয়েছে, এবারকার অবস্থা আমি বললাম। এর থেকে আমি বলতে বাধ্য হচ্ছি D. V. C. পরিকল্পনা সব এমনভাবে হয়েছে যার দরুণ যে সময় জলের প্রয়োজন নাই সে সময় ওঁরা জল দিতে পারেন, সত্যিকারে যখন সবচেয়ে বেশী প্রয়োজন যার জন্য D. V. C. পরিকল্পনা, সেই সময় তাঁরা জল দিতে পারেন না। এটা মর্মান্তিক পরিহাস ছাড়া কি বলব? তারপর আরেকটা ব্যাপার হচ্ছে, catchment areaতে বেশি রকম জল হলে তখন আর বন্যানিবারণের কোন উপায় থাকে না। এই যদি অবস্থা হয় তাহলে কোটি কোটি টাকা ব্যয় করে সেচপরিকল্পনার এই farce করার কি দরকার? সেজন্য এখন আমাদের মৌলিকভাবে চিন্তা করা দরকার। তারপর, তুলনা-মূলকভাবে যদি দেখা যায়,—আমি খবর নিয়ে দেখেছি, ময়ূরাক্ষী পরিকল্পনার তুলনায় দামোদর পরিকল্পনায় অনেক বেশি গলদ বেরিয়েছে। কয়েকটা পরিকল্পনা আমরা দেখলাম—Rourkela, Kosi, Damodar—বিশেষ করে দামোদর পরিকল্পনার জন্য যে সব Engineer

নিয়ে এসেছেন তাঁদের তুলনায় আমাদের ভারতীয় engineerরা ভালো কাজ করেছেন। ভারতীয় ইঞ্জিনিয়ারদের অন্তত পক্ষে আন্তরিকতা আছে। কলকেরার ক্ষেত্রে আমরা দেখলাম, দামোদরের ক্ষেত্রে আমরা দেখলাম, প্রত্যেকটায় আমরা দেখলাম design থেকে আরম্ভ করে, structure থেকে আরম্ভ করে বহুজায়গায় বহুজায়গায় এমন ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনা যে এটা পরিকল্পিত sabotage কিনা সে বিষয়ে সন্দেহ উপস্থিত হয়েছে। এই ধরণের ব্যাপার করে কেন কোটি কোটি টাকা নষ্ট করা হচ্ছে।

[4-50—5-15 p. m.]

অন্য দিক থেকে আর একটা জিনিষ হচ্ছে যে ডি, ভি, সি, এমন একটা নদী যে নদীকে অনেকখানি আকাশের বৃষ্টির উপর নির্ভর করতে হয়। সেই নদীতে যেখানে জলের এত স্বল্পতা রয়েছে সেখানে সেই জলের উপর এত বেশী commitment হয়েছে to many commitment with too little water. সেখানে কোঁয়ার কমিটির রিপোর্ট ইত্যাদি পড়ে দেখুন। সেখানে যে সমস্ত জল-বিদ্যুৎ হচ্ছে তাতে দামোদর ভ্যালি এরিয়ার সেই সমস্ত ব্যাপারে জল দিয়ে সেচের ব্যাপারে জল দেওয়া একেবারে অসম্ভব। রবির দিক থেকে আমরা দেখেছি যে জল পাওয়া যায়নি। সেজন্য বলছি যে যতক্ষণ চাষী ২।৩টা ক্রপ না পায় ততক্ষণ পর্যন্ত চাষীর কাছ থেকে যে কর ধার্য করেছেন তা আপনারা পাবেন না। আমাদের দেশের এবং চাষীর আর্থিক উন্নতির জন্য প্রয়োজন হচ্ছে ২।৩টা ক্রপ এর সেদিক থেকে কথা হচ্ছে যে এইরকম জল দিয়ে সেচ চলবে না। সেজন্য বলছি যে একটা integrated scheme করতে হবে। অন্যদেশে এই ব্যাপারে লক্ষ্য করে দেখেছি যে শুধু নদী থেকে যে জল দিয়ে gravitation irigation system—তার দ্বারা আপনারা জল দিতে পারবেন না। আপনাদের এই কম্যাণ্ড এরিয়ার ভেতর যথেষ্ট সংখ্যক ইরিগেশান ট্যাঙ্ক রাখতে হবে, Reservoir করতে হবে, টিউবওয়েলের ব্যবস্থা করতে হবে এবং এইসব মিলিয়ে জল দিতে হবে। আকাশে জল না থাকলেও ডিপ টিউবওয়েল দিয়ে ডি. ভি. সি থেকে জল দেবেন। আপনারা বিদ্যুতের ক্ষেত্রে কি করছেন? আপনাদের হাইড্রো-ইলেকট্রিসিটি হতে কতটুকুন বিদ্যুৎ হয়? সে জায়গায় যদি থারম্যাল বিদ্যুৎ হয় তবে বিদ্যুৎ নিশ্চয় আপনারা আনতে পারেন। দামোদরকে বাংলার প্রতি ইঞ্চিতে জল দিতে হবে। তারপর ইন্টিগ্রেটেড সিষ্টেম অব ইরিগেশান করতে হবে। সেদিক থেকে রিভারাইস এবং তার সঙ্গে ট্যাঙ্ক reservoir, টিউবওয়েল ইত্যাদি মিলিয়ে একটা ইন্টিগ্রেটেড স্কীম করতে পারেন তবেই আপনারা ফুল প্রুফ ইরিগেশান করতে পারবেন। ডি ভি সি-র জেনারেল ম্যানেজার ইউ, কে, ঘোষাল ঘোষণা করেছেন যে বৃষ্টি না হলে আমরা জল দিতে পারবনা, আকাশের জল হলে আমরা কিছুটা সাপ্লিমেণ্ট করব এবং বন্যানিরোধ আমাদের কাজ নয়। সেজন্য বলছি যে নূতন ভগীরথের মতন নূতন ঐরাবৎ সৃষ্টি করছেন—বেগ ধারণ করার জন্য নয়। অর্থাৎ আকাশে বৃষ্টি হবে তার উপর আপনারা কিঞ্চিৎ যোগান দেবেন। কিন্তু আকাশে যদি বেশী বৃষ্টি হয় তাহলে আপনারা যোগান দিয়ে ভাসিয়ে দেবেন? আপনারা তো এর জন্যই চাষীদের কাছ থেকে কর নিচ্ছেন। সেজন্য বলছি যে এটা অন্তর দিয়ে ভাবুন। পশ্চিমবঙ্গের যে জেলাগুলোকে প্রধানতঃ ধান্যের জন্য নির্ভর করতে হয় সেখানে যদি জল না দিতে পারেন তাহলে এতটাকা খরচ করার কি প্রয়োজন আছে? আপনাদের নানা রকম হিসাবের ব্যাপার নিয়েও কথা উঠেছে। আপনাদের অফিসাররা হিসাব করেছেন যে যেসব প্রধান প্রধান প্রিন্সিপ্যাল চ্যানেল আছে তাদের অফ-টেক পয়েণ্ট দিয়ে কি কি দিয়েছেন তাই তাঁরা যোগ করে হিসাব দিয়েছেন যে আমরা এত জল দিয়েছি। ডি ভি সি বলছে আমরা হেড ওয়াটার লেফট্ রাইট ব্যাঙ্ক দিয়ে জল ছেড়ে দিয়েছিলাম। আপনাদের হিসাবে আছে ৯ লক্ষ ১৮ হাজার একরে জল দেবার কথা, কিন্তু আপনারা দিয়েছেন কত?

সেজন্য বলি এটা একটা পরিহাস। লক্ষ্য করে দেখুন কতবড় প্রতারণা করছেন দেশের লোককে নিয়ে। কারণ এখনও পর্য্যন্ত যেগুলি ছোটখাট channel তা করেননি ফলে কি হচ্ছে কতগুলি channel দিয়ে জল ছেড়ে দিচ্ছেন ফলে প্রচুর জল wastage হচ্ছে যার ফলে আপনার অঙ্ক কষা জল প্রতিটি জমিতে গিয়ে পৌছাচ্ছেনা। আমি মাত্রাজে গিয়েছি, মহীশূরে গিয়েছি, দেখেছি কেমন করে ছোট ছোট নালার ভিতর দিয়ে সেখানে জল জমিতে পৌছে দিচ্ছে এবং every drop of water এর কি করে effective utilisation হচ্ছে। জুলাই মাসের পর আমার সাথে যদি যান তো দেখিয়ে দেবো মাঠে জল নাই। দু পাশে রেল লাইনের ধার দিয়ে D V C র জল বয়ে চলে যাচ্ছে, সে জল মাঠে যাচ্ছে না।

The Hon'ble Ajoy Kumar Mukherjee : কোথায়!

Shri Benoy Krishna Choudhery : বর্দ্ধমানে যে কোন জায়গায় যান রেল লাইনের ধার দিয়ে খাল যেখানে নামু হয়ে গেছে সেখানে জল বাইরে চলে যাচ্ছে এটা আমার কথা নয়। Community project এর ফরাসী অভিজ্ঞ এসেছিলেন। তিনি এসে D. V.C.তে এলেন, দেখে প্রথমেই লক্ষ্য করেছেন ছোট channel, field channel ঠিকমত করা হয়নি। যে হিসাব করা হয়েছে এতে ৬০ কোটি টাকা লাগবে। যে সমস্ত অসংখ্য ছোট channel কাটছেন তাতে ২৫ হাজার একর জমি গিয়েছে এবং ১৫ হাজার একর নূতন জমি যাবে, ৬০ কোটি টাকা ব্যয় হবে। এটা D. V. C. খরচ করবেন না আপনারা খরচ করবেন? এই প্রসঙ্গে এখন দেখছি দায়িত্ব চাষীর হাতে ছেড়ে দিয়ে পঞ্চায়েতের উপর ভার দিতে চান, যেন পঞ্চায়েতের fund যথেষ্ট আছে, তা নয়। এতে কখনো হতে পারে না। এই প্রশ্নটা এখন incomplete থেকে গেল। কতকগুলি বড় এবং কতকগুলি মাঝারী খাল কেটেছেন কিন্তু অসংখ্য পতিত জমিতে জল পৌছে দেবার জন্য যা করা দরকার field channel ইত্যাদি জিনিষগুলি করেননি। এর ফলে colossal wastage হচ্ছে। এই যে জলের পরিমাণ বাড়াবার জন্য শুধু দামোদরের জলের উপর নির্ভর করলে বহু লোককে জল দেওয়া হয়ে উঠবে না। সেজন্য সরবরাহ যদি নিশ্চিত করতে চান তাহলে integrated system যভাবে অন্য রাজ্যে করা হয়েছে সেইরকম ভাবে আমাদের নানারকম Reservoir Irrigation tank করতে হবে। আর অন্যদিকে এই সমস্ত field channel করতে হবে। তা যদি করতে না পারেন সেচ নিশ্চিত করতে পারবেন না। এই সেচের ব্যাপারে আমি জানি কোথায় আপনাদের আশঙ্কা তা সত্ত্বেও আমি বলবো এ নিয়ে যেমন করে হোক্ ঝগড়া করে হোক সমস্ত জিনিষ এখানে খোলাখুলি বলা হোক একটা ঐক্যবদ্ধভাবে resolution নিয়ে হোক্ বলতে হবে পাশ্চম বঙ্গকে সেচ দিতে হবে এবং তারজন্য এ ব্যাপার নিজের হাতে নিন। তারজন্য D. V. C. র কাছ থেকে টাকা আদায় করুন। তারজন্য যে সমস্ত defect আছে canalএ তার list করে তা সারাবার ব্যবস্থা করুন, না হয় প্রয়োজন হয় টাকা আদায় করে নিন। এভাবে যদি করেন তাহলে মঙ্গল। নাহলে কিছু হবে না। কেননা আমরা জানি D. V. C. কর্তৃপক্ষ আপনাদের মিটিং এ পর্য্যন্ত আসে না। কাজেই এদিক থেকে ক্ষমতা তাড়াতাড়ি হাতে নেবার চেষ্টা করুন।

আর একটা কথা এখানে বলা অপ্রাসঙ্গিক হবেনা সেটা হল D. V. C. কর্মচারীদের বেতনের structure নিয়ে গোলমাল চলছে অনেকদিন থেকে। প্রথমে তাদের বলা হয় যে India Govt. এর Pay structure অনুযায়ী তাদের Pay করা হবে। তারা তখন চেয়েছিল 15th Labour Conference এ Revision of Pay Structure অনুযায়ী করা হোক্। কিন্তু Pay Commission Report বেরুলে বলা হল এই সমস্ত statutory bodyতে India Government এর Pay Sructure চালু হবেনা। এই যে অবস্থা তার কি হবে, এটা বিচার করতে হবে। আর এখন কতকগুলি বাঙ্গালী ছেলেকে মাইথনে পাঠাচ্ছেন না, আপনি জানেন DVCতে কি ব্যাপার চলছে এখন মাইথনে এই transfer ব্যাপারটা বন্ধ করুন।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After Adjournment]

[5-15—5-20 p. m.]

Shri Dasarathi Tah : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দপ্তরবিহীন মন্ত্রীর কথা শুনেছি কিন্তু এরকম দায়িত্বহীন এবং কাণ্ডজ্ঞানহীন মন্ত্রীর কথা কখনও শুনিনি। স্যার, সেদিন মাননীয় সেচমন্ত্রীমহাশয় এখানে যে ষ্টেটমেণ্ট দিয়েছেন তা'শুনে অনেকটা সেই শুক-সারির দ্বন্দ্বের কথাই মনে পড়ছিল। অর্থাৎ এক দিকে সেচ বিভাগ ডি, ভি, সি-র ঘাড়ে দোষ চাপাচ্ছেন এবং অন্য দিকে ডি, ভি, সি, বাংলা গভর্ণমেণ্ট-এর সেচ বিভাগের ঘাড়ে দোষ চাপাচ্ছেন। কাজেই এই রাজায় রাজায় যুদ্ধ হচ্ছে আর উলুখড়ের যখন প্রাণ যাচ্ছে তখন অজয়বাবুর স্বীকার করা উচিত যে, ডি, ভি, সি, ব্যর্থ হয়েছে। তবে আমাদের কৃষিমন্ত্রী যখন তরুণ কান্তি তখন ঐ বৈষ্ণব ভাষাতেই বলি যে, "দন্তে তৃণ করি" তাঁর এ কথা বলা উচিত। স্যার, আকাশের জল হওয়ার ফলে যখন ভাল ফসল হয় তখন এঁরা খুব কেরামতি করেন —অর্থাৎ ঝড়ে বক মরে আর ফকিরের কেরামতি বাড়ে। কিন্তু যখন ক্যানেলের বাঁধ ভাঙ্গে তখন এঁরা বলেন আমরা কি করব—আমরা ভয় পাচ্ছি। ক্যানেল ভাল করে সারাসুরি না করলে আমরা তার দায়িত্ব নিতে পারব না। তবে আবার শ্যাম কুল দুই-ই রাখতে হবে, বলা হচ্ছে যে, ২ হাজার মাইল ক্যানেলের মধ্যে যদি ২।১টা ভেঙ্গে থাকে তাহলে কি করা যাবে। অর্থাৎ এ যেন ঠিক সেই রকম যুক্তি হোল, যে, সমস্ত দেহই যখন রয়েছে তখন যদি কণ্ঠনালী কাটা যায় তাতে কি হবে। আসলে সেখানে ফুটো দিয়ে যে জল বেরিয়ে যাচ্ছে সে চিন্তা এরা করছেন না। কিন্তু সেই কবিত্ব যদি আপনি শোনেন তাহলে অবাক হয়ে যাবেন—দুর্দ্দান্ত দামোদরকে আমরা বন্দী করেছি, দুঃখের দরিয়া দামোদরকে আমরা সুখের নদীতে পরিণত করছি, তার উগ্ররূপ আর থাকবে না, কুলবধুর শাড়ীর আচলের সঙ্গে জলের ঢেউ খেলা করবে, সারা বছর কুল কুল রবে জল দেওয়া হবে ইত্যাদি ইত্যাদি অনেক কথাই তখন বলা হয়েছিল। কিন্তু এখন দেখছি প্রথম বছরে যে ছিল নববধু তারপরে হোল সে গৃহিণী এবং এখন হয়েছে নথদন্তবিহীন ঠাকুরমা।

The Hon'ble Ajoy Kumar Mukherjee : গঙ্গাযাত্রী।

Shri Dasarathi Tah : তবে যে অপদার্থতার প্রমাণ তিনি দিয়ে গেছেন তাতে ঠাকুরমাও বলা চলেনা। স্যর, গতবারও বলেছিলাম যে, বাংলা গভর্ণমেণ্টের সঙ্গে ডি, ভি, সি,-র সম্পর্কই আজ পর্য্যন্ত ঠিক হোলনা। ডি, ভি, সি, যেন সম্পর্কে তৃতীয় পক্ষের স্ত্রী—ভাত খায় ভর্ত্তা মানেনা। কিন্তু সেই ব্যবস্থা করা হোক যে, যে ভাত খায় সে ভর্ত্তা মানুক। মন্ত্রীমহাশয় বলেছেন তাঁর কোন দায়িত্ব নেই—তিনি কিছু করতে পারবেন না। কিন্তু ঐ ইডেন ক্যানেল, দামোদর ক্যানেল যা রয়েছে তার কথা কি বলবেন—তার দায়িত্বও কি নেই? তবে দায়িত্ব যখন নেই তখন তার বাজেট আনেন কেন? সুতরাং তার বলা উচিত ছিল যে, এ বিষয়ে আমার কোন হাত নেই এবং আমি যোগ্য লোকও নয়। তারপর ক্যানেলের জল সাপ্লাই সম্বন্ধে আমি অন্য কথা না বলে শুধু ডি, ভি, সি-র জেনারেল ম্যানেজার যে কথা বলে তাঁর নাকে ঝামা ঘসে দিয়েছেন সে কথাই বলব। তখন তো অনেক কথাই বলা হয়েছিল যে, navigable channel হবে, কত গাদা বোট যাবে, প্রমোদ তরণী যাবে—কিন্তু এখন তো দেখছি সবই ফাঁক। অর্থাৎ এখন পরিষ্কার বলা হচ্ছে যে জল হলে জল দেব। স্যার, এবারে আমি ঘোষাল সাহেব যে ষ্টেটমেণ্ট দিয়েছেন সেটা কোট করে বলছি—অর্থাৎ তিনি বলেছেন যে, "সেচের জল পুরাপুরি যোগান দেওয়া ডি. ভি. সি.র উদ্দেশ্য নয়। প্রকৃত বারিপাত এবং প্রয়োজনের ভিতর যে ঘাটতি থাকিবে ডি. ভি. সি. শুধু সেই পরিমান জলের যোগান দিবে। ডি. ভি. সি. সংগৃহীত পরিসংখ্যান অনুযায়ী জুলাই মাসে ডি. ভি. সি. কে বারিপাতের সাড়ে ৬ ইঞ্চি পরিমান যোগান দেবার কথা"

কাজেই এখন সর্বপ্রথম সেচমন্ত্রী মহাশয়কে এই কথার জবাব দিতে হবে যে, ঘোষাল সাহেব যা বলেছিল তা ঠিক কিনা, তাহলে এই সব ড্যাম প্রভৃতি দিয়ে কি হবে?

তারপর, যে সমস্ত স্বাভাবিক সেচ ছিল এবং বন গরানি জল ছিল তা সমস্তই ক্যানেলের জন্য বন্ধ করেছেন, অথচ এদিকে দুর্গাপুরও আসানসোলের ধারে বুক চিরে লোকের জমিতে জল আসছে। ডি. ভি. সি. কে বেঁধেছেন মাইথনে—মায়ের থানে—কিন্তু সেই জায়গার লোকেরা, আসানসোল মহকুমা এবং লোয়ার অঞ্চলে সেচের জন্য জল না পেয়ে লোকেরা হাহাকার করছে। স্যার, এসব দেখে শুনে আমার সেই কথাই মনে পড়ছে যে, "সত্যই কি দেখি ধরিব হিয়া আমার বধুয়া আন বাড়ী যায় আমারই আঙ্গিনা দিয়া"। অর্থাৎ আমার দামোদরের জল আমার বুকের উপর দিয়ে যাচ্ছে অথচ আমি সেই জল পাচ্ছিনা এবং এই অপদার্থ দপ্তর তার কোন ব্যবস্থাও করতে পারছে না। কি আশ্চর্য্য ব্যাপার।

[5-20—5-30 p. m.]

এবারে আসুন নীচু জায়গার দিকে। আমরা সেই জায়গায় খাল কেটে বসে আছি এখন দেখছি সেই খাল কেটে কুমীর এসেছে. আসল ব্যাপার কিছুই হয়নি। এঁরা বলে দিলেন যে এত লক্ষ একরে জল দিচ্ছি চমৎকার হিসাব, এঁদের সব গড় হিসাব। কিন্তু দেখা যাচ্ছে এঁরা এমন জায়গায় খাল কেটেছেন যে অধিকাংশ জায়গায় জল ওঠে না—কম-সে-কম শতকরা ২৫ ভাগ জায়গায় জল ওঠে না অতএব বিধান সভার চারিদিকে একটা নালা কেটে দিয়ে যদি বলা হয় যে সমস্ত বিধানসভা জায়গাটা একট সমুদ্রে পরিণত হয়েছে এ যেমন যুক্তি তেমনি যে সমস্ত জায়গায় ক্যানেল গেছে সব এলাকায় ক্যানেলের জল পাচ্ছে এ বলাও ঠিক তাই। আইন যা হয়েছে তাতে একর প্রতি কর আদায় করা হয়। টাকার ব্যাপারে বলছেন যে ১ কোটি টাকা দিতে হবে, আবার বলছেন নেব কি নেবনা। ঘোষাল সাহেব আর একবার নাকে ঝামা ঘষে দিয়ে বলেছেন এ প্রসঙ্গে তিনি রাজ্যসরকার কর্তৃক ১৯৫৯ সালের জুন মাস হইতে এ পর্যন্ত ডি. ভি. সি.র ক্যানেল ব্যবস্থার পরিচালন ভার গ্রহণের সময় ৫ বার পিছাইয়া দেবার ঘটনার উল্লেখ করিয়াছেন"। কেবল কথা বলছেন আর ভাঙছেন; কেবল লগ্ন ভাঙছে আসল জিনিস কিছু হচ্ছে না। আমরা বার বার বলেছি যে এগুলি পরিষ্কার করে বলুন। আপনারা পরিষ্কার করে বলুন তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় কি করবেন। আমি স্যার, বেনো অঞ্চলের লোক। বন্যা নিয়ন্ত্রণ ছিল এর প্রধান কর্ম। ৪টা ডাম হয়েছে। আপনারা এক্সপার্টদের কথা বলেন যদিও জানি বিশেষজ্ঞরা বিশেষরূপে অজ্ঞ তাহলেও আপনারা যখন তাঁদের মানেন তখন তাঁদের কথা নিয়ে বলি যে Flood Enquiry Commission যে report দিয়েছেন তাতে তাঁরা বলেছেন যে বন্যা নিয়ন্ত্রণ হয়নি। এবং ডি. ভি. সি.'র যা ষ্টেটমেণ্ট তাতে বলেছে ৪টা ডামে বন্যা নিয়ন্ত্রণ হবে না। আবার কোঙার কমিটি বলেছেন আমারে অন্ততঃ আর একটা ডাম চাই এবং ভেতরে ভেতরে শুনছি চুপি চুপি নাকি একটা বাঁধ বাঁধা হচ্ছে—সেটার নাম নাকি তেন্তুর হাট সেই তেন্তুর হাট স্বর্গে, না, মর্তে; না, পাতালে কিছুই জানি না—তা কতটা পরিমান তাও জানি না। ১৭ কোটি টাকা ব্যয় করা হচ্ছে শুনছি। মন্ত্রীমহাশয় সেটার সম্বন্ধে কিছু বলবেন আশা করি। বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পূর্ণ হবে কিনা আপনারা পরিষ্কার করে বলুন। এক পাঁচশালা গেল, দ্বিতীয় পাঁচশালা গেল আবার পাঁচশালা আসছে। দেশের লোক পাঁচশালার কাণ্ডে বিশ্বাস করে না। এই তৃতীয় পঞ্চের পাঁচশালায় দেখা যাচ্ছে মাত্র সামান্য বরাদ্দ হয়েছে। সমগ্র ভারতবর্ষে যে পাঁচশালার কারবার হচ্ছে সেখানে বহু টাকার ব্যবস্থা আছে, কেবল শ্রাদ্ধের টাকা ডি, ভি, সি,র বেলায় নেই কেন সেটা জানতে চাই। আমরা আশা করেছিলাম যে বাঙালীর জীবন তাতে এবং মাছে, দুধটা

পরে বিবেচনা করা যাবে, দামোদর ভ্যালিতে ধাস গজিয়ে নেব কিন্তু দেখলাম ভাতের ব্যাপারেতে ঐ ব্যবস্থা আর মাছের ব্যাপারে আমাদের দেখান হয়েছিল মাছের বাচ্চা হয়েছিল মাছের,—তার মা বাপ গেল কোথায়? ত্রিবেনী পর্যন্ত যে খাল কাটা গেল, ত্রিবেনী পর্যন্ত যে গঙ্গাযাত্রা করবার ব্যবস্থা করেছেন সেই গাধা বোট চলবে কবে? লোকের সর্বনাশ করে দিয়েছেন—লোকের যাতায়াত বন্ধ করে দিয়েছেন এখন আবার পিছিয়ে এসে মাঝ দরিয়ায় নোকা ফেলে বলছেন হাল ধরাবার কাজে আমার কনট্রাক্ট ফুরিয়ে গেছে।

যখন নেমেছেন, বেকুবী যখন করেছেন—তখন পুরো বেকুবী করতে হবে ষোল আনা। আধা ছেড়ে দিয়ে নদীর সঙ্গে ইয়ার্কি নয়, জলের সঙ্গে ইয়ার্কি নয় যে, আমি একতলা তৈরী করেছি। আবার আমার ছেলে বড় হলে তেতলা তৈরী করবো। এই বলে জলের খেলা চলবে না। জলের কনট্রোল করতে গেলে যেটুকু করা দরকার, সেটুকু করতে হবে। সেখানে আয়ার বা বেলপাহারী যা করতে পারবেন তা করবেন,—যা করলে পরিপূর্ণ ফ্লাড্ কনট্রোল হয়—তা করতে হবে আর যা না পারবেন,—করবেন না, চুপকরে থাকবেন, কোন কথা বলবেন না। আর নাহয়, সব ছেড়ে দিয়ে চলে যান—বিশেষ কিছু বলবেন না।

ইলেকট্রিসিটির জন্ত খরচ করছেন যেখানে জলবিদ্যুৎ হবে। তা জলের মত সস্তা হবে। কয়লা টয়লা পুড়িয়ে দেখছি ৭।৮ কোটী খরচ করছেন। আর সেচের বেলায় দেখছি কোন পয়সা নাই। তা বলতে গেলে বলবেন—কর বাড়ালে আবার তোমরা হাহাকার কর। আমরা বললাম মাঝামাঝি একটা part payment নিও—তা হয়নি। চার বছরের কর বাকী পড়ে আছে। চাষীদের কি ব্যাঙ্ক আছে যে চাষীদের হাতে টাকা থাকবে? সমস্ত টাকা তাদের খরচ হয়ে যাচ্ছে। এখন চার বছরের কর দিতে গেলে তারা মারা যাবে। পরিষ্কার করে বললেই তো হয়—যেটা তোমরা দিতে পার,—সেটা দেও। তাদের ঠেঙ্গিয়ে কিছু আদায় করতে পারবেন না। ভোট দিতে হবে গণতন্ত্রে ঐসব চালাকী চলবে না, এ যুগে তা অচল। যেটা সহজ হয়, সেইটা করে নেব।

ময়ূরাক্ষী পরিকল্পনায় যা বলেছিলেন সেটা প্রায় হয়েছে। যা সব হয়েছে—মাছের বেলায় সব সমান। ময়ূরাক্ষীতেও যা, এবং ডি, ভি, সি-তেও সেই। মাছের ব্যাপারে ময়ূরাক্ষী ড্যাম সম্পর্কে বলেছিলেন অজস্র মাছ এখানে হতে পারবে। এখন কেন তা হচ্ছে না? এর কৈফিয়ৎ চাই। সে মাছ যাচ্ছে কোথায়? বিশেষ করে এর কৈফিয়ৎ চাই।

এ তো গেল উপরের ব্যাপার, এখন নীচের ব্যাপারটা সম্বন্ধে দু-একটি কথা বলি। সেটা হচ্ছে ঐ লোয়ার দামোদর—এ সম্বন্ধে আমরা বার বার করে বলেছি—আমরা লে-ম্যান হলেও বলেছি কিভাবে কি কাজ করলে ভাল হয়। সাধারণতঃ ইঞ্জিনিয়ারদের এটা জন্মগত হবে তা নয়। আগুনে হাত দিলে যে হাত পোড়ে, তা কে না জানে! সেই জন্ত বলেছিলাম—মেন্ দামোদর যখন শুকিয়ে যাবে—; তার জন্ত বলেছিলাম জামালপুরের নীচে, ঐটার মুখে নীচের দিকে একটা ব্যারেজ করুন, জলের লেভেল উঁচু করে দিন। এটা সাধারণ বুদ্ধি, তাহলে লোয়ার দামোদরের সুবিধা হবে। এটা বার বার করে বললেও আপনারা শুনছেন না। বাজে অজুহাত দেওয়া হয়; কানে কানে বলা হয়—বাংলা গভর্ণমেণ্টের ইঞ্জিনিয়াররা কি বুঝবে? তাদের তো দোষ নয়—; ঐ ডি, ভি, সি-র ইঞ্জিনিয়াররা যত সব করে গেছেন। বাবা তোমার এঁরা কে? যে বাংলা গভর্ণমেণ্টের ইঞ্জিনিয়ার ছিল, সে তো সেখানে গিয়েছে! সেই দেবেশ মুখার্জী, এ, এল, দাস, ত্রিপুরা চাটার্জী, বি, এল, আইচ, মদন মুখার্জী, শ্রী দাসগুপ্ত, এ, কে, সরকার এণ্ড কোম্পানী। এঁরা সব রয়েছেন। এঁরা তো আগে বাংলা গভর্ণমেণ্টের কর্মচারী ছিল, ডি, ভি, সি-তে গিয়ে সব বেকুব হয়ে গেছে! এ কোন্ দেশী কথা? এতো হতে পারে না! পাড়াগাঁয়ের সুজিঘাটা কলকাতায় এসে হালুয়া হয়ে যায়, আর

রাজবাড়ীতে গেলে হয় মোহনভোগ। একই জিনিষের নামফেরতা করে কাটিয়ে গেলে চলবে না। আপনাকে এর পরিষ্কার পরিচ্ছন্ন জবাব দিতে হবে। নাহলে আমরা আপনাকে ছাড়বো না।

এর পরেতে আছে Left Bank ও Right Bankএর ব্যাপার। এদিকে Right Bank, এদিকে Left Bank চার পাঁচ বছর হলো যে খাল কাটা হয়েছে, এতদিন যার বাঁধ ভাঙ্গলো না, এবার তার হঠাৎ বাঁধ ভাঙ্গলো কেন? সেখানে কাঁকড়ায় ঘোগ করলো, কি কুচো ঘোগ করলো, আপনারা কি নিদ্রা যাচ্ছিলেন? কতবড় দায়িত্বের ব্যাপার! যদি নূতন বাঁধ হতো, ভেঙ্গে যেত, তাহলে কিছু বলবার ছিলনা। আচ্ছা, বাবা, যা হয়েছে হয়েছে, ঠিক করে নেও। চার চার বছরে যেখানে বাঁধে কোন ঘোগ হলোনা, সেখানে এবারের ক্ষণ বুঝে তা হয়ে গেল? আমরা কিছু তোমাদের জন্ম করি কাজ কর্ম করি এটাই বুঝি বিশেষ করে জানাতে চাচ্ছেন? এরজন্ম যে ক্ষতি হলো, তার ক্ষতিপূরণ দেবে কে? জানিনা আপনার পৈতৃক সম্পত্তি কি আছে। গভর্ণমেণ্টের উচিত আপনার সেই সম্পত্তি বাজেয়াপ্ত করা, ক্রোক করা। আপনি যে নিষ্ক্রিয়তার প্রমাণ দিয়েছেন, যা আপনার কাছ থেকে আমরা আশা করিনি, এর জন্ম আপনি ফৌজদারী অপরাধে অপরাধী। এই কথা আমি বলতে চাই—বাংলার খাদ্য সমস্যার দিনে আপনি এই সর্বনাশ করছেন, কারো ঘরে আগুন লাগিয়ে দিলে যে অপরাধ হয়, এও সেই রকম একটা অপরাধ হয়েছে।

[A voice : ওঁর মাহনে ক্রোক করুন।]

আমি আপনাকে এই কথা বলি যে এর একটা পরিষ্কার পরিচ্ছন্ন জবাব আপনি দেন।

তারপর আপনার ডি, ভি, সি-র কর্মচারীদের কথা। ওদের ঘাড়ে তো ছাটাই-এর খড়্গ ঝুলছে। আবার liberal হবার কথা কেন বলবেন! যতীনবাবু কিম্বা অন্যেরা তা বলবেন। আমি অন্ত কিছু বুঝিনা। আমি বুঝি যাদের কিছু আয় নাই, তাদের আমরা ঠিক রাখবো বিভিন্ন ডিপার্টমেণ্টে। আর যে বেচারী কিছু ধান তৈরী করছে, বা অন্ত কিছু করবার চেষ্টা করছে, তা বন্ধ করলে মাছ পাওয়া যাবে না। ক্যানেলে ঠিক সময় জল দিলে শস্ত উৎপাদন হবে। তবু তারা কিছু রোজগার করছে। সেই সমস্ত কর্মচারীদের বদল করা—এটা কোন্ ব্যবসায়ী কাণ্ড? কোন চাষীর কাণ্ড? কোন্ গভর্ণমেণ্টের কাণ্ড? এ আমরা বুঝতে পারি না। অন্ত সমস্ত ডিপার্টমেণ্ট কিছু নাহলেও যারা কিছু উৎপাদনকারী, অন্ততঃ সেই বিভাগের কর্মচারীদের চাকরী অত্যন্ত নিরাপদ হবে। এ কথা আমরা বার বার করে বলছি—এটা হওয়া দরকার।

আমি আর আপনার বেশী সময় নিবনা। সময়ের তো আর বেশী দাম নাই। সেই জন্ম এ কথা বলি। উনি প্রত্যেকটার জবার পরিষ্কারভাবে দিন, কেবল মুখ জবজব উত্তর দেওয়ার প্রয়োজন নাই। ফাঁকি উনি জানেন না। আমি জানি তিনি সাদাসিদে লোক। উনি বলুন আমি জানিনা—ওঁরা করছেন; আমি দাঁতে কুটো কয়ে বলছি—ও আমার নয়, ওঁরা আমাকে দিয়ে যা করাচ্ছেন, আমি বাধ্য হয়ে তা করছি। এ ব্যাপারে পরিষ্কার আমার কোন দায়িত্ব নাই। তিনি এই কথা বললে আমরা বুঝতে পারি।

[5-30—5-40 p. m.]

Shri Tarapada Chaudhuri : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সামনে, বিশেষতঃ বর্দ্ধমান, বাঁকুড়া, হুগলী এবং হাওড়া জেলার মানুষের সামনে এতবড় গুরুত্বপূর্ণ সমস্যা কোন দিন ছিলনা বা আসেনি। আমি সত্যিই এতে একটা হতাশা বা নৈরাশ্যের চিহ্ন দেখছি। যে গুরুত্ব দেওয়া হয় সামান্ত সামান্ত ব্যাপারে সামান্ত সামান্ত section

লোকের জন্য—আজকে এই বিরাট সমস্যার ব্যাপারে বিধানসভার সদস্যদের সেই গুরুত্ব দেওয়া হয়নি। গত পাঁচ বছর যাবৎ দেখছি কয়েকজন মাত্র প্রতিনিধি এই সমস্যা সমাধান সম্বন্ধে আলোচনা করেন উভয় পক্ষে। কিন্তু আজকে খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে লক্ষ, লক্ষ লোক আজকে যেভাবে নির্যাতিত হচ্ছে, যে অবস্থার মধ্যে পড়েছে, তার প্রতিকারের পথ কি? ১৯৪৩ সালে এই ডি, ভি. সি-র সূত্রপাত হয়, এবং ১৯৬১ সালে এই Corporation এর ধারাবাহিক কার্যাক্রম যদি বিচার, বিশ্লেষণ করে দেখেন, তাহলে তার থেকে অনেক ব্যর্থতার পরিচয় পাওয়া যাবে। কিন্তু আমি বলবো যে ভাবে আমরা এতে অর্থ নিয়োগ করেছি, যে সংগঠন নিয়ে চলেছি, এবং তার যেসমস্ত কার্যাক্রম সূচিত ছিল, তার রদবদল করেছি, আজকের দিনে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল সেইসমস্ত কাজগুলিকে একটা integrated schemeএ নিয়ে চলা। আবার এই integrated scheme কি হতে পারে; এবং তা কেমন ভাবে চলবে, সেগুলি আলোচনা করে দেখতে হবে। আজকে আমাদের শুধু বিধানসভায় বসে গরম গরম বক্তৃতা দিলে কোন লাভ হবে না। আমাদের বিধান সভার সদস্য ছাড়াও সারা বাংলা দেশে বহু লোক আছেন যাঁদের এ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ একান্ত আবশ্যক আছে—বলে আমি মনে করি।

আমাদের পশ্চিমবাংলায় ১০ লক্ষ ২৬ হাজার একর জমিতে জল সরবরাহ হবার সম্ভাবনা দেখেছিলাম। আমরা শুনেছিলাম জলাধার হতে বিদ্যুৎ উৎপাদন হবে; এবং তা সমস্ত পশ্চিমবঙ্গে ও বিহারে সরবরাহ করা হবে। পরিকল্পনা করা হয়েছিল যে দুর্গাপুর পর্যন্ত ভাগীরথী হতে ৮৫ মাইল দীর্ঘ একটা নাব্য খাল কাটা হবে এবং সেই খাল দিয়ে দুর্গাপুর থেকে কলকাতায় কয়লা এবং নানা রকম খনিজ পদার্থ আনা সম্ভব হবে। এবং আরও পরিকল্পনা করা হয়েছিল যে সেখানে চারটা বাঁধের জায়গায় আটটা বাঁধ করা হবে, এবং তার জন্য ১৩৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। আজ বোধ হয় এই সমস্ত বরাদ্দ প্রায় শেষ সীমায় এসে পৌঁছেছে। ১৯৫৭-৫৮ সালের যে figure, তা থেকে দেখেছি,—কারণ তার পূর্বের figure আমরা পাইনি—আমাদের যে total ১১৬ কোটি টাকা খরচ হয়েছে—এর জন্যে, তার মধ্যে দেখা যায় যে ২০ কোটি ৯৩ লক্ষ টাকা বিহার থেকে এসেছে, ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট ৬৭ কোটি ৬৮ লক্ষ টাকা ব্যয় করেছেন এবং ইণ্ডিয়া গভর্ণমেণ্ট সেখানে দিয়েছেন ৬৭ কোটী ৫৮ লক্ষ টাকা। এই ১১৬ কোটী টাকার figureটা হচ্ছে—১৯৫৮ সালের। (Dr. Prafulla Chandra Ghosh—১১৬ কোটী নয়, ১৬৯ কোটী টাকা।)

ডাঃ ঘোষ যা বলছেন ১৬৯ কোটী টাকা সর্ব সমেত খরচ করা হয়েছে। এই যে আমাদের ঋণভার—capital expenditure এবং এর interest, তা সারা generation ধরে বাঙ্গালীকে বহন করতে হবে।

আমি শুধু এইটা বলতে চাই যে এর তিন দফায় আলোচনা করা দরকার। প্রথমতঃ আলোচনা হচ্ছে যে, আমাদের যে Irrigation potential ছিল তার আবার দুই ভাগ করা হয়েছে। এক ভাগে বলেন Irrigation potential। আমি বুঝতে পারিনা এর কি মানে, Irrigarion potential এবং effective water এই দুইটির পার্থক্য। অর্থাৎ Head waters এ কি জল আছে, কত জল দেওয়া সম্ভব হবে, সেখানে চাষীরা পাক বা না পাক কিন্তু field channels তৈরী করে, distributing channels তৈরী করে, breach of bank বন্ধ করে কেমন করে চাষের জমিতে জল যেতে পারে তার জন্য, অর্থাৎ সেখানে যে potential তৈরী আছে তাকে পাওয়া যায়, তার utilisationর কতটা সম্ভাবনা হতে পারে, তার জন্য কি কি measures নেওয়া দরকার—এই হল এক ভাগ। অর্থাৎ এখানে যে availability of Irrigation water যা আছে তার utilisea পথে যেসব বাধা আছে সেইগুলি অতিক্রম করার জন্য আমরা Third Fiveyear Plana প্রতি Government

of West Bengal এর দৃষ্টি আকর্ষণ করছি। এবং আমি বলবো, তারা বলেছেন এই কথা যে—

To ensure maximum utilisation of the irrigation potentials in the channels the D. V. C. should increase the constructions of additional distributories, minor as well as field channels, and then will increase all these potentials by reducing the size of the blocks as well as the outlets and these essential extensions improvements are likely to cost about Rs. 3 crores.

আমি এখানে বলতে চাই, যখন গতবারে আলোচনা হয়েছিল West Bengal Imposition of water rate by D. V. C. তখন আমরা এই জিনিষ আশংকা করেছিলাম এই যে utilisation হচ্ছে সেখানে field channels অবস্থা কি হয়েছে। এই সম্পর্কে আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলবো এই ৩ কোটি টাকা দিয়ে যতটা improvement করা সম্ভবপর হয় তা আমাদের অবশ্য করনীয়। আর একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমরা এর গুরুত্ব দিই না সেটা যেখানে D. V. C. বলেছিল ৩০ কোটি টাকা বরাদ্দ করবে।

[5-40—5-50 p, m,]

আমরা যে কোন কারণেই হোক, যে কারণ অনেক দেওয়া হয়েছে, সেই কারণের মধ্যে দেখতে পাচ্ছি; এখানে ৫ কোটি টাকা Third Planএ বরাদ্দ করেছে এবং ১ কোটি কয়েক লক্ষ টাকা Government of India বরাদ্দ করেছে। যদিও Government of India Irrigation Power এ ৬৬১ কোটি টাকা বরাদ্দ করেছে। কিন্তু বাংলা দেশের জন্য এক কোটি কয়েক লক্ষ টাকা মাত্র। আজকে D. V. C-র যে বর্তমান অবস্থা হয়েছে সেই অবস্থা থেকে তাকে উদ্ধার করতে হলে যে ব্যয় করতে হবে সেই ব্যয় করার প্রয়োজনে যতটা প্রাথমিক অনুমোদন করা দরকার, সেখানে সেই ব্যয়বরাদ্দের ব্যবস্থা করার জন্য আজকে যে Sanctioned provision আছে তার চেয়ে আরো ৩ কোটি টাকা বেশী দরকার ছিল। আমি এখানে বলতে চাই যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ৫ কোটি টাকা বরাদ্দ করা দরকার। অবশ্য আমরা আশা করতে পারি যে Government of India এর চেয়েও বেশী টাকা দিতে পারেন! কিন্তু আমি এই Third Fiveyear Plan এ তার কোন রকম নিদর্শন পাচ্ছি না। কাজেই মনের মধ্যে একটা প্রশ্ন জাগে, D. V.C. Corporationএ যে অব্যবস্থা আছে, সেখানে যে সমস্ত মূলীভূত উপাদানের দরকার আছে। অর্থাৎ আরো ড্যাম করতে হবে, আরো field channel বাড়াতে হবে। আরো breach of banks বন্ধ করার চেষ্টা করতে হবে, সেইজন্য যে ব্যয়বরাদ্দ দরকার হবে তারজন্য বিধান সভার পক্ষ থেকে একটা সর্বসম্মত প্রস্তাব নেওয়া উচিত যে এরজন্য একটা সংস্থা তৈরী করা হোক্ সেই সংস্থা evaluation করবে—evaluation of the working of the D. V. C. এবং তারপর কি কি প্রয়োজন আছে। কি কি measure নেবে, fundamentally basic defects কি আছে, সেইগুলি কেমন ভাবে দূরীভূত করা যায়, thirdly এই measures নিয়ে যে potential আছে তার utilisation হয় এই সব বিষয় নিয়ে Survey করার পর যে টাকার প্রয়োজন হবে তার জন্য আমাদের আজকে চাপ দিতে হবে ভারত সরকারের উপর। কারণ এটা অত্যন্ত ব্যয়সাধ্য ব্যাপার এবং এর জন্য আমরা already বহু টাকা খরচ করেছি। এবং এখন বাংলা দেশের যে অবস্থা দাঁড়িয়েছে, Third Fiveyear Plan এ যেটাকা বরাদ্দ হয়েছে তার উপর আরো টাকার দরকার আছে। কাজেই আমাদের চাপা দিতে হবে ভারত সরকারের উপর যাতে তারা এগিয়ে এসে সেই টাকা দেয়। আজকে আমার মনে হয় এই রকম সংস্থা করে Survey করার দরকার আছে। এবং Survey করার পর আমাদের কি কি জিনিষের দরকার আছে সেগুলি সম্বন্ধে কি

কি ব্যবস্থা হতে পারে তারজন্য চেষ্টা করা। দ্বিতীয় কথা হচ্ছে, বন্যানিয়ন্ত্রণ সম্বন্ধে Flood Enquiry Commissionর report এখনও পাওয়া যায়নি। কিন্তু এটা বুঝেছি flood control সম্বন্ধে কোন ব্যবস্থা বর্তমানে হয়নি। এবং তারজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি আমাদের রাজ্য সরকারের এবং ভারত সরকারের যে flood control measure on an adequate Scale করবার জন্য যে ব্যবস্থা করা দরকার সেটা অত্যন্ত তাড়াতাড়ি করার দরকার আছে। কারণ আমরা দেখেছি এই বন্যার চেহারা, তাতে বাংলাদেশে একবার এই রকম বন্যায় বিধ্বস্ত হয়ে গেলে অধিকাংশ কৃষকদের ৫।৬ বৎসর লেগে যায় আবার economic balance এ আসতে। কারণ এই বন্যায় তাদের whole economy shattered হয়ে যায়। এবং তাকে develop করতে হলে যেভাবে বন্যানিয়ন্ত্রণ দরকার আছে তা করতে হবে। তৃতীয় কথা হচ্ছে: Generation of power সম্বন্ধে আমার নিজের, ব্যক্তিগত ভাবে মনে হচ্ছে, মনে একটা সংশয় জাগে—আজকে electricityর জন্য আমরা স্বীকার করি যে দেশে industrialisation দরকার আছে এটা; অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা যে industrialisation develop না করলে আমাদের আর্থিক কাঠামো দ্রুতগতিতে অগ্রসর হবে না এই Plan period এ। কিন্তু একথা অনস্বীকার্য্য যে agricultural production constitutes fifty percent of the national income এবং এই agricultural production আজকে যদি না বাড়াতে পারেন তাহলে আমাদের মূল যে অর্থনৈতিক ভিত্তি সেই ভিত্তি আমরা রচনা করতে পারবো না। এবং আজকে শুধু বাংলাদেশে নয়। সারা ভারতবর্ষের আর্থিক ভিত্তি হচ্ছে কৃষি, সেই ভিত্তি যদি ঠিকমত স্থাপন না করা যায় তাহলে আমাদের এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা ব্যর্থ হবে। এরজন্য যদি intensive measure না নেওয়া হয় তাহলে industrialisation হওয়া সম্ভব নয় এবং Capital formation ও হবে না। আমরা যদি accelerated growthর পথে পরিকল্পনা না করি তাহলে সেই পরিকল্পনা ব্যার্থ হতে বাধ্য। এই প্রসঙ্গে আমি ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, যখন D. V. C. Corporation তৈরী করা হয়েছিল—আমি আশাবাদী, আমি বিশ্বাস করিনা এই পরিকল্পনা ব্যার্থ হবে—যদি আজ সেই শক্তি সেই imagination, সেই resources at all levels থাকে। কাজেই শুধু বাংলা দেশে D.V.C. Corporation স্বার্থক হলে সারা ভারতবর্ষের সামনে এমন একটা উদাহরণ স্থাপন করা হবে যাতে অন্য রাজ্যের লোক আমাদের অনুকরণ করতে থাকবে। কাজেই আমি আবার বলছি যে এই বিধানসভার পক্ষ থেকে এমন একটা প্রস্তাব যাওয়া উচিত যে প্রস্তাব D, V. C. সম্পর্কে আমাদের মন্ত্রীমহাশয়ের যে Statement যে আমরা যাতাকলে পড়ে গিয়েছি তার সঙ্গে যেন সঙ্গতি থাকে। অর্থাৎ ১০০ কোটি টাকা খরচ করে আমরা এমন একটা সংস্থা সৃষ্টি করেছি যার উপর আমাদের কোন অধিকার নেই অথচ আমরা তার উপর নির্ভরশীল।

অথচ আজকে আমরা তারই উপর নির্ভরশীল। বন্যা হলে বন্যানিয়ন্ত্রণ করতে পারি না, প্রয়োজনের সময় জল দিতে পারিনা এটা ঠিক। তবে আমরা স্বীকার করি এবং বোধ হয় দাশরথি তা মহাশয়ও স্বীকার করবেন যে, নীচু অঞ্চলে যে canal গিয়েছে সেই canal দ্বারা চাষের উন্নতি হয়েছে, productivity বেড়েছে। তাহলেও আমরা সরকারকে বলব যে সমস্ত defi ciency defects আছে সেগুলি অবিলম্বে দূর করে সুচারুভাবে সেচব্যবস্থা নিয়ন্ত্রিত করার জন্য। সেচের গোড়ার বহুদূরে যে অঞ্চল আছে, অর্থাৎ at the tail end of the system, যেমন কাটোয়া, এই কাটোয়ার অধিবাসীরা তাদের একেবারে dry season গিয়েছে এবং সেখানে তারজন্য আজকে হাহাকার উঠে গিয়েছে যে, যখন জলের দরকার তখন জল দেওয়া হয় না। আজকে দেখা যাচ্ছে, যে সমস্ত breach হয় সেগুলি ঠিকমতো repair করা হয়নি, field channel and outlets গুলো ভালোভাবে কার্য্যকরী হচ্ছে না। এই কারণে আমি বলব, এই Damodar Valley Corporation এর যে কর্মচারীরা এই দায়িত্ব গ্রহণ করেছেন তাঁরা কেন at the bar of public opinon জবাবদিহি করবেন না। আমি এই প্রশ্ন করি, কেন

আমরা লক্ষ লক্ষ টাকা খরচ করে temporray structure তৈরী করে বানের জলে ভেসে যাব। কাজেই আমি একথা বলব, *administrative structure of the D. V. C.* Corporation এর thorough overhauling and examination দরকার। এবং D. V. C.র পরিচালন ব্যবস্থায় যাতে পশ্চিম বাংলা সরকারের dominant voice থাকে তারজন্য আমাদের জানানো দরকার। শুধু জানানোই নয়, আমাদের demand করা উচিৎ। আমরা চাই এই বিধানসভারও যাতে dominant থাকে in the matter of D. V. C.। এবং আমি বলি যদি সংবিধানগত কোন অসুবিধা থাকে তাহলে D. V. C. আইন বাতিল করা হোক, ক'রে নতুন আইন সৃষ্টি করা হোক এই দাবী আজকে এখান থেকে উত্থাপিত করা হোক। এই দাবী আমি পূর্বেও করেছিলাম। এ সমস্ত গুলি ছোট করে দেখলে চলবে না, এবং আমাদের এখানে দলীয় মনোভাব নিয়ে দলীয় বক্তৃতা করলে চলবে না। কারণ এর সঙ্গে জড়িত রয়েছে বাংলার চাষীর জীবন মরণের সমস্যা। এবং এই সমস্যা সমাধানের জন্য আমাদের সমবেত প্রচেষ্টার দরকার। তাই আমি বলব, এখানে শুধু আগামী নির্বাচনের contextএ নির্বাচনী বক্তৃতা করলেই হবে না—এটা আমি খুব strongly feel করি। গত পাঁচ বৎসরে অনেক বক্তৃতা শুনলাম, অনেক বক্তৃতা করলাম। কিন্তু সত্যি সত্যি এই সমস্যা সমাধানের যে দৃষ্টিভঙ্গির দরকার ও যে গুরুত্ব দেওয়ার দরকার ছিল তা আমরা দিইনি।

[5-50—6 p. m.]

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় স্পীকার মহাশয়, দামোদর ভ্যালী কর্পোরেশন সংক্রান্ত যে বিতর্ক হচ্ছে তাতে আমি দু একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমার বক্তব্য পেশ করতে চাই। নেপথ্যের অন্তরালে দামোদর ভ্যালী কর্পোরেশনের ব্যাপারে বহু নাটক অভিনীত হচ্ছে, তারমধ্যে সবচেয়ে বেশী জমে উঠেছে D. V C.র সদর দপ্তর স্থানান্তরের যে প্রশ্ন সেই প্রশ্ন নিয়ে আমাদের মুখ্যমন্ত্রী নাকি কোন এক দুর্বল মুহূর্তে স্বীকৃতি দিয়েছেন D. V. C.র সদর দপ্তর মাইথনে স্থানান্তরিত হোক, আসলে কিন্তু বিষয়টা ছিল এই যে, এটা D. V. C. কর্তৃপক্ষের বিবেচনার উপর ছেড়ে দেওয়া হোক। বিহার সরকার চাপা দিচ্ছেন ক্রমাগত সদর দপ্তর অবিলম্বে মাইথনে নিয়ে যেতে হবে। পশ্চিমবংগ সরকারের টাকা নাই, আমাদের মুখ্যমন্ত্রী জানালেন এই অকারণ ব্যয়ের বোঝা পশ্চিমবংগ বহিতে রাজী নয়। স্যার, শ্রীহাফিজ মহম্মদ ইব্রাহিম এলেন, কেন্দ্রীয় সরকারের Irrigation Minister, Writers Buildingsএ বৈঠক বসল। পশ্চিমবংগের I. C. S. Mr. U. K. Ghosal, তিনি সেখানে ব'লে বসলেন মাইথনে সদর দপ্তর স্থানান্তরকরণ প্রশাসনিক কারণে অত্যন্ত আবশ্যক। আমাদের মুখ্যমন্ত্রী তাঁকে চোখ রাঙিয়ে ছিলেন কিনা জানিনা—বিহার সরকারের জিদ্ রাখবার জন্য এবং সহায়তা করবার ফলে শ্রীঘোষালের সম্প্রতি সদোন্নতি হয়েছে। যাই হোক, অন্তরালে কি ঘটছে সেকথা না টেনে আমি শুধু বলব, গরীব জনসাধারণের কাছ থেকে ট্যাক্স নিয়ে ১ কোটি ৬৭ লক্ষ টাকা অকারণে ব্যয় করবার অধিকার কি সরকারের আছে? এই ১ কোটি ৬৭ লক্ষ টাকা মূলধন খাতে ব্যয় ছাড়া বাষিক ১০ লক্ষ টাকা চলতি ব্যয় হবে তারমধ্যে প্রায় ২ লক্ষাধিক টাকা বাড়তি ব্যয় হিসাবে খরচ হবে। স্যার, কাজের কাজে টাকা জোটে না— অথচ জনসাধারণের টাকা নিয়ে রাজনৈতিক ছিনিমিনি খেলা হচ্ছে। বিহার সরকারের দোষ হয়েছে, তাঁরা হুমকি দিয়েছেন সদর দপ্তর তাঁরা বিহারে নেবেন। পশ্চিমবাংলা টাকা যদি না দেয় তাঁরা D V C আইনের ৪২নং ধারা সংশোধন করে ধার করা বা করবার ক্ষমতা দিচ্ছেন D V C-কে। স্যার, এটা আমার বানানো কথা নয়। ১০ই আগষ্ট, ১৯৬১ সাল—এই তারিখে বিহার গভর্ণমেণ্টের Irrigation Dept. থেকে B. C. Bhagat, Secretay to the Bihar Govt, General Manager, D. V. Cর কাছে চিঠি দিয়েছেন তাতে লিখেছেন, "I am directed to enclose copy of a letter from the Ministry of Irrigation and Power, Government of India, and to enquire whether the

Damodar Valley Corporation have been apprised of the views of the Chief Minister of West Bengal that they may borrow money in the open market for the purpose of shifting their head-quarters from Calcutta to Maithon, as permissible under section 42 of the Damodar Valley Corporation Act, 1948". of the D. V. C. Act, 1948. শুধু তাই নয়, Govt. of India, Ministry of Irrigation and Power 14th June, 1961 তারিখে এর Joint Secretay, P. P. Agarwal, Govt. of Bihar-কে কি চিঠি লিখেছেন শুনুন—মুখ্যমন্ত্রীর অভিমত উদ্ধৃত করা হচ্ছে—Chief Minister of West Bengal on the 14th April, 1961, had a discussion with the Union Minister at Calcutta. During the discussion the Chief Minister expressed the view that the money for the purpose could not be found by West Bengal from within their plan allocation. He however mentioned that the Corporation may, if necessary, borrow money in the open market for this purpose as permissible under section 42 of the D. V. C. Act." আমাদের মুখ্যমন্ত্রী আরো একটু এগিয়ে গিয়ে কি বলেছেন তাও শুনুন। The Chief Minister has no objection to the staff essential for operational purposes moving to Maithon."

স্যার, মাইথনে হেড্ কোয়ার্টার যাবে এবং আমাদের Chief Minister তাতে রাজী হয়েছেন। স্যার, আমার বক্তব্য হচ্ছে যে, আইনগত প্রশ্ন ছেড়ে দিচ্ছি, আজকে বিহার সরকারের জিদ রাখতে গিয়ে কলকাতায় যদি D. V. C.-র Head Quarters না থাকে তাহলে কি কি অসুবিধা হবে খোলাখুলি ভাবে সেই কথা কেউ বলছেন না।

এ ছাড়া এর একটা মানবিক দিক আছে। সদর স্থানান্তরের প্রশ্ন কেবল টেবিল, চেয়ার, ফাইল ইত্যাদি নিয়ে যাওয়া নয়, হাজার হাজার পরিবারের সংসার ভাঙ্গার প্রশ্ন এর সঙ্গে জড়িত আছে। কংগ্রেস সরকারের হয়ত তাতে কিছু এসে যায় না। কিন্তু যে সমস্ত কর্মচারীরা ঐ যুদ্ধের সময় বর্মা থেকে একবার উদ্বাস্তু হয়ে এসেছেন, কিম্বা পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু হয়ে এসেছেন—অর্থাৎ যারা একবার যুদ্ধের বলি হয়েছে এবং আর একবার দেশ বিভাগের জন্য কংগ্রেসের রাজনীতির বলি হয়েছে—এবং তারা একবার যখন পাকাপাকি চাকরী নিয়ে এসেছে, তখন যদি মাইথনে অফিস স্থানান্তরিত হয় তাহলে তাদের কি অবস্থা হবে সেটা একবার ভাবতে বলব। আশা করি মন্ত্রী মহাশয় এ সম্পর্কে কিছু বলবেন। বিনয়বাবু কর্মচারীদের সম্বন্ধে যেকথা বলেছেন সেসব কথা আমি আর বেশী বলতে চাই না। স্যার, চাকরীজীবিদের মধ্যে হাটমধ্যে এই ব্যাপার নিয়ে একটা ত্রাহি ত্রাহি রব উঠেছে। কেন্দ্রীয় সরকার বা পশ্চিমবঙ্গ সরকার হয়ত বা তাঁদের কর্মচারীদের কিছু খুদকুঁড়ো দিয়েছেন কিন্তু ডি, ভি, সি-র যে বেতন হার পরিবর্তন করার যোগ্যতা আছে সেটা সম্পূর্ণভাবে তাঁরা অস্বীকার করছেন। ডি, ভি, সি-র দরদ উৎলে উঠছে ঐ বিহার সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের জন্য। কিন্তু ডি, ভি, সি নিজের উপর কোন বোঝা চাপাতে চান না। কিন্তু ডি, ভি, সি টাকা বাঁচাবার কোন রাস্তা কি দেখতে পারছেন না। এতদিন পর্যন্ত ডি, ভি, সি-র যে বেতনবিধি ছিল সেই বেতন কেন্দ্রীয় সরকারের বেতনের যে হার তার সঙ্গে এক ছিল। এই বেতন বিধি ও কর্মবিধি ছিল সরকারের অনুমোদন সাপেক্ষ। কিন্তু ডি, ভি, সি এই ব্যাপার থেকে মুক্ত হতে চাচ্ছে। ডি, ভি, সি কর্মিপক্ষের পক্ষ থেকে আমি শুধু একথা বলতে চাই যে এই হতভাগ্য চাকুরীয়াদের সব কিছুই অস্থায় এবং অন্যায়ী শুধু নয় অনিশ্চিত। কিন্তু বছরের পর বছর এইরকম একটা অনিশ্চিত অবস্থার মধ্যে, অস্থায়ী অবস্থার মধ্যে মানুষ থাকতে চায় না। সেখানে বেতনের যে হার বা বিধি সেটা সুনিশ্চিত ছিল, কিন্তু ডি, ভি, সি আজকে তা থেকে সরে যেতে চাচ্ছে। আমি জানি পশ্চিমবঙ্গের সরকার বলবেন—যেকথা তাঁরা বার বার বলেন—যে ডি ভি সি একটা ষ্ট্যাটুটরী বডির এবং আভ্যন্তরীণ ব্যাপারে আমরা হস্তক্ষেপ করতে পারিনা। কিন্তু আমি এই যুক্তি মানতে চাই না। কারণ আমরা টাকা দিয়ে থাকি—আমরা একজন অংশীদার সেখানে আমাদের মতামত অগ্রাহ্য হয় সেটা আমরা মানতে পারি না। তাছাড়া employees দের ব্যাপারে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের

শ্রমদপ্তর নানাভাবে নানা বিষয়ে হস্তক্ষেপ করে থাকে অর্থাৎ ধর্মঘটের ব্যাপারে ব্যক্তিগত মালিকানার ব্যাপারে সিনেমা শিল্পের ব্যাপারে employees দের যেখানে ডিসপিউট হয় সেখানে সেই ডিসপিউটএ তাঁরা হস্তক্ষেপ করে থাকেন, কিন্তু সেখানকার কর্মচারীদের বেতন সংক্রান্ত যে বিরোধ আছে সেই বিরোধের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের শ্রমদপ্তর কেন হস্তক্ষেপ করবেন না সেটা বুঝি না। সুতরাং সেখানকার কর্মচারী যারা অনিশ্চিত অবস্থায় পড়ে আছে তাদের সম্পর্কে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জবাব চাই। মাইথনে স্থানান্তরের যে প্রশ্ন উঠেছে এবং যা নিয়ে কংগ্রেসের বিভিন্ন প্রদেশের মধ্যে যে অন্তর্দ্বন্দ্ব উপস্থিত হয়েছে তার একটা সমাধান আমরা চাই। অথচ আমরা দেখছি যে আমাদের মুখ্যমন্ত্রী এ বিষয়ে নির্বাক এবং আপনার কাছে যে চিঠি পড়ে শুনালাম তাতে আপনি দেখলেন যে এতে তাঁর কোন অবজেকশান নেই। এই ইসেনসিয়াল স্টাফ যে মাইথনে চলে যায় সে সম্পর্কে আমাদের সরকারের কি বক্তব্য আছে সেটা আমাদের মন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনতে চাই।

[6—6-10 p. m.]

Shri Gurupada Khan: মাননীয় স্পীকার মহোদয়, দামোদর উপত্যকার বহুমুখী পরিকল্পনারূপে যখন আমাদের এখানে কাজ সুরু করেছিল—তখন এটাই আশা করেছিলাম অন্ততঃ দামোদর পরিকল্পনার এলেকাধীন যে সমস্ত জায়গা তাতে দামোদর পরিকল্পনা কর্তৃপক্ষ যে আশা আকাঙ্খার কথা শুনিয়েছিলেন তা অদূর ভবিষ্যতে সফল হয়ে এই অঞ্চলকে সমৃদ্ধ করে তুলবে—কিন্তু কয়েক বছর গেলে আমরা দেখলাম কি! দেখলাম বহুমুখী পরিকল্পনার উদ্দেশ্য নিয়ে দামোদর পরিকল্পনার কাজ যা আমাদের দেশে শুরু হয়েছিল, সেই আশা আকাঙ্খাকে মূর্ত করে দেবার জন্য, সেই পরিকল্পনাকে রূপায়িত করার জন্য আমাদের দেশের লোক বহু জমি, ধানের জমি ছেড়ে দিয়েছে, canal ও রাস্তার জন্য বহু অসুবিধা ভোগ করেছে। কিন্তু এত কষ্ট ভোগ করেও এত ত্যাগ স্বীকার করেও তারা আশা করেছিল দেশকে শস্য সমৃদ্ধ করবে। আমি আমার বক্তব্য আমার জেলার সম্বন্ধে সীমাবদ্ধ করে বলছি—আমার যে এলাকা, যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি সেই বাঁকুড়া জেলায় Right Bank এ পদব্রজে বিভিন্ন অঞ্চল আমি ঘুরেছি, canalএর পারে পারে আমাকে যেতে হয়েছে মাঠে ঘুরতে হয়েছে এবং বিভিন্ন চাষীর ক্ষেতে ঘুরতে হয়েছে কিন্তু দেখলাম জনগণের আশা আকাঙ্খা বাস্তবে মূর্ত হয়ে উঠেনি। কোন ভাবেই তাদের আশা আকাঙ্খাকে বাস্তবে রূপায়িত করতে পারল না। তাদের বুকভরা বেদনার কথা নিজের কানে শুনতে হয়েছে এবং সেটা আমি উপলব্ধি করেছি। আমি দেখেছি সেখানে যে জল সরবরাহ সামান্য খরচ করে, অল্প আয়াসে করা যেত অর্থাৎ সামান্য খরচে সেখানে pipe লাইন বসিয়ে, regulator বসিয়ে যেখানে মাইলের পর মাইল জল সরবরাহ করতে পারতেন, সেখানে চাষীদের আবেদন নিবেদন সত্ত্বেও দামোদর পরিকল্পনার কর্তৃপক্ষের কাছে বহু আবেদন নিবেদন সত্ত্বেও তাদের সেই আশা আকাঙ্খা সত্য হয়নি। Right Bank এবং main canal এর ধার দিয়ে আমি যখন পরিভ্রমণ করেছি তখন দেখেছি ৭০০ থেকে ১৪৫৪ মাইলের বেশী অঞ্চলে Regulator তৈরী হয়নি। অথচ সেখানে জল অতি সহজেই দেওয়া যেত। সেখানে জল পশ্চিমে দিয়েছেন পূর্বদিকেও দিয়েছেন কিন্তু মধ্যস্থলকে কেন বঞ্চিত করলেন বুঝতে পারলাম না। অথচ সেখানে দুটো pipe line বসিয়ে অল্প আয়াসেই করা যেত। ঐ স্থানটা ১২ মাইল চওড়া, ১৩ মাইল দীর্ঘ—এই প্রায় ১০০ বর্গ মাইল—স্থানটায় জল সরবরাহ হলনা অথচ এটা করা যেত। আমি সেই Unionগুলির নামও করে দিতে পারি—সোনামুখী, পাত্রসায়ের। সেখানে জনসাধারণের সঙ্গে মিলে মিশে দেখেছি যে সেখানে জল সরবরাহ করা সত্য সত্যই অতি সহজ ছিল। কাছাকাছি প্রাকৃতিক জলের যে উৎস সেখানে রয়েছে ছোট পরিকল্পনা করেই হোক যেভাবেই হোক সেই প্রাকৃতিক জলসম্পদকে কাজে লাগান যেত। বনে যে জল ছিল সেখান থেকেও জল সরবরাহ করা যেত। কিন্তু দুঃখের

কথা সেখানার সাধারণ মানুষ জল সরবরাহ থেকে বঞ্চিত হল। সেখানে এমন জমি আছে যেখানে জমি থেকে জল outlet দিয়ে বার করে দিতে হয়েছে। একদিকে শুকনো হচ্ছে, আর দিকে হাজা রয়েছে—এই সমস্যাগুলির কথা কর্তৃপক্ষের কাছে Engineerদের কাছে যাদের এ বিষয়ে knowledge বেশী তাদের কাছে জানান হয়েছে। তারা যদি জনসাধারণের সঙ্গে মিলেমিশে কাজ করতেন, ভাল করে যদি তারা মানুষকে সাহায্য করতেন তাহলে আমাদের বারবার এজন্য বিভিন্ন কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হত না।

এদিকে দেখছি আমাদের ওখানে কৃষক ভাইরা জলের জন্য আশা আকাঙ্খা নিয়ে বসে থেকে জল থেকে বঞ্চিত হচ্ছে আবার অন্যদিকে দেখছি কোথাও কোথাও বেশী জল দিয়ে মাঠের ধান খানিকটা মজিয়ে দেওয়া হচ্ছে। এই সমস্যা নিশ্চয়ই নিরাকরণ করা যায়। কোথাও ১টা/২টা রিজার্ভার করে কোন জল সঞ্চিত করে রাখা হবে না এই কৈফিয়ৎ তাঁরা আমাদের কাছে নিশ্চয়ই চাইতে পারে এবং তাঁরা যখন ডি. ভি. সি.-কে বা তার কর্তৃপক্ষকে জানেনা তখন তাঁরা সশ্চিমবঙ্গ সরকারের কাছে এই সমস্যা নিরাকরণের জন্য নিশ্চয়ই আবেদন করতে পারে। স্যার, দামোদর পরিকল্পনা যখন হয়নি তখন প্রাকৃতিক রহস্যে বন্যার জলে খানিকটা জায়গা প্লাবিত হোত এবং নিম্ন দামোদর এলাকায় সেইসব বন্যার জল যেত বলে সেখানে ভাল চাষ হোত। কিন্তু এখন সেখানে চাষ বন্ধ হয়ে গেছে অথচ সে জায়গাটা খুবই উর্বর। শুভঙ্কর দ্বারা যেখান থেকে পূর্বে জল যেত সেটা যদি আর একটু বিস্তৃত করে দেওয়া যায় তাহলে তাঁরা আরও বেশী জল পেতে পারে। স্যার, জনসাধারণের সঙ্গে যখন আমাদের সংযোগ রাখতে হবে এবং এই সব পরিকল্পনা যখন জনসাধারণ আপন বলে গ্রহণ করবে তখন এই সব ছোট ছোট ত্রুটীগুলো কেন দূর করে দেওয়া হচ্ছেনা? কাজেই এইসব ছোট ছোট সমস্যা নিরাকরণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের একটা পরিকল্পনা করা উচিত এই কথা বলে মাননীয় সদস্য তারাপদবাবু যে প্রস্তাব করেছেন সেটা সরকারের বিবেচনা করা উচিত এবং চাষের জল আরও ছড়িয়ে দিয়ে যাতে খাদ্যোৎপাদন বৃদ্ধি করা যায় তার ব্যবস্থা করা উচিত। তারপর, আমি দুর্গাপুর ব্যারেজের পশ্চিমাংশে দেখেছি যে রাশি রাশি বালু জমে সে জায়গাটা উঁচু হয়ে গেছে এবং তার ফলে পাশের গ্রাম যেগুলো পূর্বে দামোদরের সমতল ছিল সেগুলো এখন নীচু হয়ে গেছে। এর ফলে যদি কখনও বেশী বন্যা হয় তাহলে গ্রামের জল আগে যে খাল থেকে নিকাশ হোত সেখান থেকে আর নিকাশ হতে পারে না এবং সেখানে জল যাবার সম্ভাবনা ছিলনা সেখানে জল প্রবেশ করে মাঠগুলো ছেয়ে যাচ্ছে। সুতরাং গ্রামের পর গ্রামে যখন এই সমস্যা রয়েছে তখন এই সমস্যার হাত থেকে কি করে এই হাজার হাজার গরীব চাষীকে বাঁচান যায় তার প্রতি লক্ষ্য রাখা উচিত। তারপর দুর্গাপুর ব্যারেজের কাছে জল নিকাশের জন্য যে স্বাভাবিক জল প্রবাহ ছিল এবং যে জল নিকাশ ছোট নদী দিয়ে হোত সেখানে এখন সাইফন দিয়ে পাশ করান হচ্ছে বলে সেই জল ঐ ছোট নদী দিয়ে বয়ে আসতে পারছে না। কাজেই এইসব সমস্যাগুলি দূরীকরণ করতে হবে। স্যার, দামোদর উপত্যকা পরিকল্পনার দ্বারা আমরা খুবই উপকৃত হয়েছি সত্য, কিন্তু তার মধ্যে সামান্য একটু দূরদৃষ্টির অভাব এবং সামান্য সামান্য একটু সংস্কারের অভাবের জন্য জনসাধারণ একে অন্তরের সঙ্গে গ্রহণ করতে পারছে না। কাজেই আমি পশ্চিমবঙ্গ সরকারের কাছে অনুরোধ করছি যে এইসব ছোট ছোট সমস্যাগুলো অবহিত হয়ে তাঁরা যেন এর সমাধান করেন।

[6-10—6-20 p. m.]

Shri Subodh Banerjee : স্পীকার মহাশয়, দামোদরভ্যালি পরিকল্পনার ৩টা উদ্দেশ্য নিয়ে করা হয়েছিল—বন্যানিয়ন্ত্রণ, জলসেচ ও বিদ্যুৎ উৎপাদন। তিনটাতেই দামোদর ভ্যালি পরিকল্পনা ব্যর্থ হয়েছে। গত বছর প্রমাণ হয়েছে যে দামোদরভ্যালি পরিকল্পনা বন্যানিয়ন্ত্রণ করতে পারেনি। শুধু তাই নয়, এও সন্দেহ হওয়া অমূলক নয় যে দামোদরভ্যালি

পরিকল্পনার জন্য গত বছর বন্যার প্রকোপ বেড়েছে। কেন না, প্রয়োজনের সময় জল না ছাড়ায় যখন বৃষ্টি প্রচুর পরিমানে হয়েছে তখন দামোদর ভ্যালি জল ছাড়ায় বন্যার প্রকোপ বেড়েছে। আমি একথা বলছিনা যে দামোদর ভ্যালি পরিকল্পনা বন্যা ঘটিয়েছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে দামোদরভ্যালি পরিকল্পনা বন্যার ইনটেনসিটি বাড়িয়েছে; এই হ'ল ১ নম্বর, বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে আমরা তার এই কেরামতি দেখলাম। ইরিগেশানের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি বৃষ্টি যে বছর বেশী হয় সে বছর তাঁরা জল দিতে পারেন, বৃষ্টি যে বছর হয় না সে বছর তাঁরা জল দিতে পারেন না। বৃষ্টি যদি ভাল হয় তাহলে দামোদর ভ্যালি পরিকল্পনার দরকার কি? তাহলে তো প্রকৃতিদত্ত জলের দ্বারা আমাদের চাষবাস হতে পারে—দামোদর ভ্যালির কোন দরকার ছিল না।

স্পীকার মহাশয়, আপনার স্মরণ আছে কিনা জানি না মাননীয় সেচমন্ত্রী মহাশয় বলেছিলেন বৃষ্টি হয় না দামোদর ভ্যালি জল দেবে কি করে। এই যদি বক্তব্য হয় যে বৃষ্টির সময় দামোদরভ্যালি জল দিতে পারবে—তাহলে অনাবৃষ্টির সময় দামোদর ভ্যালি পরিকল্পনা দিয়ে কি করে সেচ হতে পারে আমি বুঝতে পারছি না। তাহলে দেখা গেল সেচের ক্ষেত্রে দামোদর ভ্যালি পরিকল্পনা যে উদ্দেশ্য নিয়ে সেই উদ্দেশ্য পূর্ণভাবে রূপায়িত করতে পারে নি। আর বিদ্যুৎ সরবরাহের কথা না বলাই ভাল। বিদ্যুৎ সরবরাহ দুটো কায়দায় করা হচ্ছে—একটা থারম্যাল প্ল্যান্ট আর একটা হাইডেল প্ল্যান্ট। থারম্যাল প্ল্যান্টের কথা আমি তুলব না; কেন না originally দামোদর ভ্যালি পরিকল্পনার সঙ্গে hydro-electricity'র সম্পর্কে, thermal plant'র সম্পর্ক নেই। কারণ, thermal plant দামোদরভ্যালি কেন যে কোন জায়গায় করতে পারি, এর জন্য multi-purpose river scheme এর কোন প্রয়োজন নেই। Hydro-electricity উৎপাদনের ক্ষেত্রে দামোদরভ্যালি পরিকল্পনা ফেলিওর হয়েছে এবং তার প্রত্যক্ষ প্রমান এই কয়েকদিন আগে কলকাতা এবং বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে দেখা গেছে। তাহলে এই যে ১৭০ কোটি টাকা খরচ হ'ল এর total effect কি দাঁড়াল? না বন্যা নিয়ন্ত্রন সফল, না জলসেচ সফল, না বিদ্যুৎ উৎপাদন সফল। তাহলে কি এই ডি, ভি, সি, অশ্ব ডিম্ব প্রসব করল—আমি এর স্পেসিফিক উত্তর মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই।

স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের এই বিবৃতি পড়লাম। কাকে তিনি বিবৃতি দিচ্ছেন? এ যেন সেই অলিম্পিক মাউন্টেনের উপর দিয়ে সার্মন বেরুচ্ছে।

ওহে বৎস,

শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রঃ ইত্যাদি।

উনি বক্তৃতায় বলেছেন হ্যাঁ করা উচিৎ, হ্যাঁ করা উচিৎ, হ্যাঁ করা উচিৎ। এই বক্তৃতা কাকে দিচ্ছেন? দামোদর ভ্যালী পরিকল্পনা কনট্রোল কে করবে? এই যে বক্তৃতা এবং উপদেশগুলি কাদের কাছে রিলি করেছেন আপনাদের যিনি প্রতিনিধি দামোদর ভ্যালী পরিকল্পনার মধ্যে রয়েছেন তিনি কি এগুলি পরিকল্পনা কর্তৃপক্ষের কাছে সময়মত দিয়েছেন? এবং যদি না দিয়ে থাকেন তাহলে তার এক্সপ্লানেশন কে দেবে? আর যদি দিয়ে থাকেন তাহলে দামোদর ভ্যালীর কর্তৃপক্ষ সেগুলি সময়মত এবং ঠিক ভাবে করছে কি করছে না এটা জানান দরকার—It cannot be no man's business কোন লোকের কাজ নয় এমন তো নয়, কেউ না কেউ থাকবে, সেখানে আপনাদের প্রতিনিধি আছেন, তাঁকে আগে থেকে মন্ত্রীমহাশয় জানিয়ে দিতে পারেন যে এই এই জিনিষ করা দরকার। আমরা বলেছি তারা করে না। যে যে পন্থা গ্রহণ করা দরকার তা আপনারা করুন। এ কথা যদি না বলে থাকেন—পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সেখানে একজন প্রতিনিধি আছেন—তাহলে আমি বলব ডি, ভি, সি-র এই গাফিলতির জন্য পাশ্চমবঙ্গ সরকার দায়ী।

অথচ মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয়ের এই বিবৃতি যদি পড়েন তাহলে দেখবেন—তিনি একেবারে হাত পা ধুয়ে সাফ হয়ে দাঁড়িয়েছেন। আমি তো কিছু জানিনা। ওঁরা

করেছেন; কচিখোকারা করেছেন। তাহলে সরকার কি করতে আছেন? তার জবাবটা .ক দেবে? আপনি কি পন্থা গ্রহণ করেছেন—যাতে এগুলি না ঘটতে পারে? আপনি কোন চেষ্টা করেছেন—আগে এ সম্বন্ধে এন্‌কোয়ারী করবার বা দেখবার জন্য? কারণ বাংলা দেশের চাষীর সঙ্গে সম্পর্ক এই বাংলা সরকারের। বাংলাদেশের চাষী খাজনা দেয় ডি, ভি, সি-কে নয়, চাষী খাজনা দেয় পশ্চিমবঙ্গের ভূমি-রাজস্ব বিভাগকে। সে জানতে চায় যে যে চাষ করছে—তা ঠিকমত হবে কিনা? আর সরকারের করনীয় কাজগুলি তিনি কি করেছেন? সে কথা তো নাই। আপনি কি করেছেন—ডি, ভি, সি-র যে দোষ দেখাচ্ছেন? এবং এর পরে আপনি ডি, ভি, সি-র বিরুদ্ধে কি action নিচ্ছেন? কোন দেশে ডায়ার্কি সফল হয়না। হয় ডি, ভি, সি একেবারে দেখবেন, নতুবা পুরাপুরি যা ঘটুক সরকার তার দায়িত্ব নিক। এখানে তার Internal administration সম্বন্ধে আলোচনা করতে পারিনা। এটাকে অটোনমাস্ বোড বলে পাশ কাটিয়ে চলে যাবেন—মন্ত্রীমহাশয়—তা চলবে না। অটোনমাস্ বডির জবাব কোথায়? সরকারের এ সম্বন্ধে প্রত্যক্ষ দায়িত্ব নেওয়া দরকার। সরকারকে এগুলির সরাসরি দায়িত্ব নিতে হবে এবং যা করেছেন তার জবাবদিহি করতে হবে।

The Honb'le Ajoy Kumar Mukherjee : মাননীয় স্পীকার মহাশয়, আমি সংক্ষেপে মাননীয় সদস্যদের জবাব দেবো। হেড্ কোয়ার্টার্স সম্বন্ধে দু'তিনজন সদস্য বলেছেন। এই হেড্ কোয়ার্টার্স নিয়ে যখন তিন সরকারের বৈঠক হয় তাতে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী, বিহারের মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সেচমন্ত্রী, এঁরা তিনজন মিলে—একটা পরামর্শ দাতা সমিতি আছে, ডি, ভি, সির বিষয়ে একটা সর্বসম্মত সিদ্ধান্ত হয়েছিল যে ডি-ভিসি-র হেড্ কোয়ার্টার্স সম্বন্ধে ডি-ভি-সির কর্তৃপক্ষই ঠিক করবেন সেটা কোথায় হবে কি না হবে, আমরা আর তা নিয়ে টানাটানি করবো না। ডাঃ রায়েরও এতে সম্মতি ছিল। তারপর যখন ওঁরা হেড-কোয়ার্টার্স পরিবর্তন করবার কথা বললেন, তখন আমরা জিজ্ঞাসা করেছিলাম—আমাদের টাকা দিতে হবে কিনা এবং কত টাকা দিতে হবে? তাইতে তাঁরা বললেন—কিছু কম এককোটি টাকা আমাদের ভাগে পড়বে। আমরা বললাম—যে আমরা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজনীয় কাজের জন্য টাকা জোগাড় করতে পারছিনা; কাজেই আমরা এই ব্যাপারে কোন টাকা দিতে পারবো না।

তারপর যতীনবাবু কি একটা চিঠি পড়লেন—, সে চিঠির কোন খবর আমি জানিনা। উনি বল্লেন কলকাতায় যে সম্মেলন হয়েছিল—তাতে কি সিদ্ধান্ত কি একটা নাকি হয়েছে। সে কথা আমি বলতে পারবো না, আমি তার কিছু জানি না। ডাঃ রায়কে এখন জিজ্ঞাসা করে এলাম তিনি বললেন—আমরা একথা বলি'ন। ধার করে ডি, ভি, সি-র হেড কোয়ার্টার্স মাইথনে নিয়ে যাবার ব্যাপার নিয়ে, কলকাতায় কেন্দ্রীয় সেচমন্ত্রী এসেছিলেন; তখন সে কথা হয়েছিল। সেখানে আমি উপস্থিত ছিলাম। তবে সে রকম কোন কথা হয়নি—যা যতীনবাবু বললেন।

[6-20—6-30 p. m.]

যেকথা ডাঃ রায় বলেছেন; সেটা হচ্ছে এঁর তিনটা প্রধান কাজ সেচ, বন্যা নিয়ন্ত্রণ এবং বিদ্যুৎ উৎপাদন। এই তিনটি কাজের বাইরে যেসব কাজ—তাতে ডি, ভি, সি, নিজস্ব টাকা খরচ কর, তারজন্য আমাদের কাছে কোন শেয়ার চেওনা। আর বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা নিজেরাই বহুকোটী টাকার বিদ্যুৎ উৎপাদন করছি। কাজেই বিদ্যুৎ উৎপাদনের জন্য ডি, ভি, সি-কে আমরা খরচের কোন অংশ দেবনা। আমাদের যে ৫ কোটী টাকা ধরে রাখা হয়েছে বাজেটে, তার মধ্য থেকে করতে হবে। তার বাইরে যে খরচ তোমরা করবে,—তা যেমন করে পার কর; আমরা তার কোন দায়িত্ব নেব না—বা তার জন্য ধারও করতে যাবনা, কিংবা ধার শোধও করতে যাব না।

কানাইবাবু বলেছেন—ডি, ভি, সি-তে পশ্চিমবাংলা সরকারের একজন প্রতিনিধি ডাঃ গাঙ্গুলী আছেন,—একথা ঠিক নয়, এখানে গাঙ্গুলী বলে কেউ নাই।

বিনয়বাবু বলেছেন—পশ্চিমবাংলা সরকারের একজন Engineer গিয়ে তদন্ত করতে গিয়ে গলদ দেখিয়েছেন। পশ্চিমবঙ্গ সরকারের সেচ বিভাগ একথা জানে না, আমরা কাউকে সেখানে পাঠাই নাই।

[A voice : ফরাসী ইঞ্জিনিয়ার]

কোন ফরাসী ইঞ্জিনিয়ার ডি, ভি, সি'র গলদ দেখিয়েছেন বলে আমি জানিনা। আমরা ফরাসী ইঞ্জিনিয়ার সেখানে পাঠাই নাই।

তারপর ময়ূরাক্ষীর কথা বলে বিনয়বাবু বললেন—ময়ূরাক্ষীতে এবার সে রকম কোন break down হয়নি ; কিন্তু ডি, ভি, সি-তে হয়েছে। ডি, ভি, সি-তে পরিকল্পিত কোন sabotage হয়েছে কিনা—আমি আদৌ তা বিশ্বাস করি না। কোন sabotage সেখানে হয়নি। ডি, ভি, সি বলেছেন—দুহাজার আড়াই হাজার আমাদের construction আছে, তার মধ্যে দু-একটা break down করলেও তা তোমরা ধরে নিওনা।

ছোটখাট চ্যানেল সম্বন্ধে বিনয়বাবু বলেছেন—একথা ঠিক—ডি, ভি, সি-র বড় করে যে block করা আছে, সেই ব্লক ছোট করতে হবে, ছোট চ্যানেল করতে হবে। তার জন্য Third Five Year Plan এ ডি, ভি, সি টাকা ধরে রেখেছেন। আরও তিনি বলেছেন আপনারা তাড়াতাড়ি irrigation system নিয়ে নিন। আর কানাইবাবু বললেন—খবরদার, ওপথে যাবেন না যেন!

দাশরথীবাবু বললেন—ডি, ভি, সি'র সঙ্গে বাংলা সরকারের সম্পর্কটা কি? এবং ডি, ভি, সি'র বাজেট অজয়বাবু কেন মুক্ত করেন? দাশরথীবাবু অনেকদিনের পুরানো লোক—চুলটুল সব পেকে গেল, DVC সম্বন্ধে পড়লে দেখবেন—এ সম্বন্ধে একখানা Act আছে—এবং সেই Act অনুসারে বিধান সভায় বাংলা সরকারকে বাজেট আনতে হয়।

দাশরথি বাবু বললেন, তৃতীয় পরিকল্পনায় কি হবে কিছু জানিনা, D. V. C-র কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনা নেই। D. V. C-র পঞ্চবার্ষিকী পরিকল্পনা D. V. C-র কাছে পাবেন। Bengal Government এর বাজেটে পাবেন না। টেঙ্গু ঘাটের কথা বলা হয়েছে সেটা কোথায়। সেটা ওই আয়ারের কাছাকাছি জায়গা, সেখানে আমার সেই জায়গার কাছাকাছি। নাব্যখাল সম্বন্ধেও দাশরথি বাবু বলেছেন এবং জানতে চেয়েছেন সেই খাল চালু হবে কবে থেকে। সেটা এতদিন চালু হয়ে যেত, কিন্তু পাল্লা ব্রীজ ভেঙ্গে যাওয়ার ফলে দু'বছর পিছিয়ে গেছে আর এক বছর পরে এটা চালু হবে। মাছের কথা দাশরথি বাবু বলেছেন। তাঁর অবস্থা হয়েছে অনেকটা বিড়ালের মত মাছের অভাবে। যদি D. V. C-র ১৯৬১-৬২ সালের বাজেটটা পড়ে দেখতেন তাহলে দেখতেন ১৯৫৮-৫৯ সালে ৩৮ হাজার টাকার, ১৯৬০-৬১ সালে ৪৫ হাজার টাকার এবং ১৯৬১-৬২ সালে ৬০ হাজার টাকার মাছ বিক্রী হয়েছে। তবে মাছ বিহারে বিক্রী হয়ে গেলে আপনি মাছ খেতে পাবেন না তার আমি কি করব? প্রায় ২৮ হাজার টন মাছ এখানে ধরা হচ্ছে বছরে। ছাটাইদের কথা দাশরথি বাবু তুলেছেন। তিনি এটা জানেন যে এত বড় পরিকল্পনায় যখন প্রথম কাজ চলে, construction চলে তখন যত লোক দরকার হয় সেই কাজ হয়ে গেলে যখন matintaince করতে হয় তখন অত লোকের দরকার হয় না। ছাটাই করতে হয়। ছাটাই করলে তাদের চাকুরী দেবার জন্য কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্য সরকার এবং প্রতিষ্ঠান অনেক কিছু চেষ্টা করছেন। তারাপদ বাবু বলেছেন তিন কোটি টাকা যে ধরা হয়েছে ছোট ছোট খাল, নালা করবার জন্য সেটা খরচ করা হোক। সেটা তো খরচ করা হবে বলেই তৃতীয় পরিকল্পনায় টাকা ধরা হয়েছে। পাঁচ কোটি টাকা যেটা দেখছেন—পাঁচ কোটি টাকা শুধু West Bengal Govt. এর D. V. C. বাজেটে ধরা হয়েছে, D. V. C-র full budget ওটা নয়। D. V. C-র third plan এ সেচের জন্য ছয় কোটি কয়েক লক্ষ টাকা ধরা হয়েছে, চিলের জন্য

এক কোটি ষাট লক্ষ টাকা ধরা হয়েছে, অন্যান্য গুলির আমি আর দিলাম না, এগুলি বিশেষভাবে পশ্চিম বাংলার কথা। সুবোধবাবু বলেছেন যে D. V. C-র বিদ্যুৎ সরবরাহে সেসব গোলমাল হয়েছে সে সম্বন্ধে জানতে চান। আমি খবর নিলাম যে D. V. C. একটা enquiry committee বসিয়েছেন কেন break down করল,, কেন failure হ'ল অনুসন্ধান করতে—সেই ফলাফল না পাওয়া পর্য্যন্ত কিছু বলা যাবে না। একথা সুবোধবাবু বলেছেন যে, যে বছর বৃষ্টি হয়না সে বছর মোটেই জল দিতে পারে না।

(Shri Subodh Banerjee : আমি বলেছি প্রয়োজনীয় জল দিতে পারে না।)

D. V. C-র যেভাবে পরিকল্পনা আছে তাতে চারটি ড্যাম এইভাবে break down না করলে D. V. C. জল দিতে পারত। Break down ব্যাপারটা accidental, সেটা নিশ্চয়ই তিনি জানেন। ভবিষ্যতে সেরকম খারাপ না হয় তা নিশ্চয়ই দেখা হবে। D. V. C-র ব্যাপারে আমি যে statement দিয়েছি তাতে আমার কিছু কিছু বক্তব্য D. V. C-র বিরুদ্ধে গিয়েছে। কিন্তু মুস্কিল হচ্ছে যে D. V. C. বেচারী এখানে নেই, তাকে defend করারও কেউ নেই, অথচ আমরা তিন ঘণ্টা সকলে মিলে তাকে আক্রমণ করে চলেছি। D. V. C-র তরফ থেকে কি বলা হয়েছে তা একটু বলি। আমি যে বলেছি তারা এক লক্ষ আট হাজার কিউসক্ জল দিয়েছেন,সেখানে তারা বলছেন—না,আমরা এক লক্ষ সাঁইত্রিশ হাজার দিয়েছি,তার মানে এখানে কিছু তফাৎ হচ্ছে। এই তফাতের কারণ হচ্ছে, ওঁরা যে হিসাব দিয়েছেন সেটা headworks থেকে যে জল ছেড়েছেন আর আমরা বলেছি canal outlet থেকে সে জলটা এসেছে। কাজেই এখানে বিশেষ কোন discripancy নেই। D. V. C. বলেছেন—"D. V. C. channels are put into operation with effect from the 31st March for rabi irrigation. Estimates for repair-work and other normal maintenance cannot be prepared till the canals are free of water. This process continued till about the end of April. Consequently there was about two months left for effective maintenance work. The channels were again put into operation for kharif-irrigation. There was thus no time left for testing the canals under full-flow condition before the Ist of July" আমরা যে বলেছি ঠিক সময়মত পয়লা জুলাই মাস থেকে জল দিতে হবে, সেখানে জল ছেড়ে দেবার পর যখন break down হয়ে বন্ধ হয়ে গেল তখন মেরামত করতে গেলে ওদিকে চাষের ক্ষতি হয়ে যাবে, সেজন্য ১৫ দিন আগে থেকে test করে নিতে তাতে —তাঁরা বলছেন—"Subject to the availability of adequate supplies of water the D. V. C. would be prepared to consider the testing of canal system under full-flow condition just before the start of kharif-irrigation, provided normal repairs and maintenance can be completed in good time Technical aspect of such a course would have to be studied. Further, it has to be pointed out that the structures have been functioning since 1918. There was no reason to think that they would give trouble this year" অনেক সদস্য বললেন যে D.V.C-র canal system পশ্চিম বাংলা সরকার নেবেন কি নেবেন না সেটা ঠিক হচ্ছে না। এখানে তাঁদেরও দ্বিমত আছে। আমরা যেটা বলেছি কেন নিতে পারছি না সে সম্বন্ধে D. V. C. বলছেন — "Finally D. V. C. may be permitted to refer to another extraneous circumstance. The date for taking-over the canal system by the Government of West Bengal has been repeatedly postponed. This postponing interfered with the proper planning of the maintenance work and with its orderly progress. If the Corporation has to plan the maintenance work properly and test the canal system before the kharif season, it must be given time to consolidate the organisation which was trimmed because of impending transfer." তাদের বক্তব্য আপনাদের শুনালাম। আমাদের কথা হচ্ছে কি কি সর্তে ওদের কাছ থেকে নেওয়া যায় সেই সর্তগুলি নিয়ে এখন ওদের সঙ্গে কথাবার্তা হচ্ছে। সর্তগুলি final হচ্ছে না বলে পিছিয়ে পিছিয়ে যাচ্ছে, যদিও সমস্ত টাকাটা বাংলা সরকার দিয়েছে,

আমরা দিয়েছি সেটা D. V. C-র shareholders হিসাবে। এখন যখন এটাকে পাব তখন proprietory right পাব না, agent হিসাবে পাব। কাজেই agent হিসাবে ওরা যদি proprietor থাকেন তাহলে ওদের সঙ্গে আমাদের কি সর্ত থাকবে, খরচ খরচা ভবিষ্যতে কে কি করবে, ওরা করবে না আমরা করব, সেসব কথা আমাদের জানবার আছে। তৃতীয় কথা হচ্ছে এই যে আমরা জানতাম যে ওরা অনেকগুলি engineer দিয়ে অনেক construction ইত্যাদি করেছেন সেগুলি ওদের ওই engineerদের দিয়ে maintain করে যাচ্ছে। এবং আমরা আশা করেছিলাম যে যখন D V C আমরা পাব তখন ওই সমস্ত Engineerদেরও পাব। কিন্তু তা পাওয়া যাচ্ছে না, ওইসব Engineerরা বাংলা সরকারের underএ আসতে চাইছেন না। আমাদের না নিতে পারার একটা কারণ এই Engineerদের অভাব। আর একটি কারণ আইনের কথা। D V C Act এর একটি বিশেষ ধারা আছে। ওরা একটা bulk supply দেবেন, তার দাম নেবেন। আমরা সেটা retail distribution করব। কিন্তু এই যে distribution করব সেখানে লোকে যদি বলে আমরা জল নেব না তাহলে তাকে তা নিতে বাধ্য করা যেত না।

[6-30—6-39 p. m.]

লোকে যদি বলে জল নেব তাহলে তার সঙ্গে contract করতে হলে প্রত্যেকটি case রেজেষ্ট্রী অফিসে নিয়ে গিয়ে রেজেষ্ট্রী করতে হবে—এরকম ত্রুটি DVC Actএ আছে—সেই সমস্ত ত্রুটি এই আইন সভায় আমরা সংশোধন করে নিয়েছি। এখন যে ধারাগুলি দাঁড়িয়েছে তা DVC challenge করছে, DVC Actএ যে ধারাগুলি করেছি তাতে তাঁরা বলছেন এগুলি ultra-vires, তোমরা এটা করতে পার না। এ নিয়ে আমাদের আইনজ্ঞরা এবং কেন্দ্রীয় সরকারের আইনজ্ঞরা লেখালেখি করেছেন, কিন্তু তাঁদের মতের মিল হয়নি। শেষপর্যন্ত কেন্দ্রীয় সরকারকে আমরা অনুরোধ করেছি যে, হয় DVC, নাহয় কেন্দ্রীয় সরকার High Court বা সুপ্রিম কোর্টে গিয়ে ঠিক করুন আমাদের সেই ক্ষমতা আছে কিনা। DVC কি ভাবে টাকা দেবে—যে টাকা আদায় হবে খরচ বাদ দিয়ে? আমরা বলছি তোমাদের সমস্ত দিতে হবে। এখানে একটা বড় difficulty আছে। এগুলি পরিস্কার না হবার জন্য আমরা নিতে পারছি না।

Shri Jyoti Bosu : একটা জিনিস আমি বলছি, DVC employeesরা এসেছেন, তাঁরা বলছেন তাঁরা Government of India-র employeesদের মতো কিছুই পাচ্ছেন না।

The Hon'ble Ajoy Kumar Mukherjee : তাঁরা বলছেন, তাঁরা India Governmentএর যে pay-scale হয়েছে Pay Commission থেকে সেটা তাঁরা accept করবেন না, তবে তাঁদের নিম্নতম কর্মচারীদের কিছু কিছু বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে।

Shri Jyoti Basu : কিন্তু এজন্য আপনারা Government of India-কে কিছু বলছেন না কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee : DVC একটা autonomous body, সবকিছু তাঁরা নিজেরাই ঠিক করেন, প্রয়োজনবোধে আবার ভারত সরকারের সঙ্গে পরামর্শ করতে পারেন, তাঁদের advice নিতে পারেন।

Shri Jyoti Basu : অন্তত: আপনারা তো India Government-কে অনুরোধ করতে পারেন pay-scale যা হয়েছে সেটা চালু করতে।

The Hon'ble Ajoy Kumar Mukherjee : না, আমরা পারিনা।

Mr. Speaker : The discussion is over. The House stands adjourned till 3 p. m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 6. 39 p. m. till 3 p. m. on Wednessday, the 20th September, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 20th September, 1961, at 3 p. m.

Present:

Mr. Speaker (THE HON'BLE BANKIM CHANDRA KAR) in the Chair, 13 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 179 Members.

Unstarred Questions

[to which answers were laid]

[3—3. 10 p.m.]

Women's College at Midnapore

20. (Admitted question No. 110.) **Shri Narayan Chobey:** Will the Hon'ble Minister in charge of the Education department be pleased to state—

(*a*) When the Government Women's College in Midnapore was started ;

(*b*) the total expenditure of the Government incurred for this college in—

(*i*) constructing the college building,

(*ii*) constructing the hostels, and

(*iii*) paying the salaries of the teachers and staff year by year up to 30th June, 1961 ; and

(*c*) the number of the students in this college year by year up to date ?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Choudhuri): (*a*) There is no Government College in Midnapore. There is however, a Government-sponsosred Women's College, Midnapore which was established in 1957-58.

(*b*) (i) Rs. 3,81,000.
(*ii*) Rs. 2,42,000.
(*iii*) A statement is laid on the Table.

(*c*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) (iii) of unstarred question No. 20.

For the period ending 31st March, 1958.	For the year ending 31st March, 1959.	For the year ending 31st March, 1960.	For the year ending 31st March, 1961.	From 1st April, 1961 to 30th June, 1961.
Rs.	Rs.	Rs.	Rs.	
18,577·66	37,727·17	55,228·25		Not available.

Statement referred to in reply to clause (c) of unstarred question No. 20.

1957-58.	1958-59.	1959-60.	1960-61
31	94	120	135

Regularisation of Bejoynagar Squatters' Colony, Naihati

21. (Admitted question No. 113.) **Shri Gopal Basu :** Will the Hon'ble Minister in charge of the refugee Relief and Rehabilitatian Department be pleased to state—

(*a*) whether it is the intention of the Government to regularise the Bejoynagar Squatters' Colony at Naihati, 24-Parganas ; if so, when the regularisation is expected to be completed ;

(*b*) if it is a fact that all the plots of lands occupied by the squtters in the aforesaid colony and enumerated by the Government have vested in the State and that as such formal acquisition of the said plots of lands will not be necessary ;

(*c*) is the Government aware that, of late, civil suits have been filed by some landowners in the Baraset Civil Court for eviction of the refugees from the said plots of Bejoynagore Squatters' Colony ; and

(*d*) what steps have been taken by Government to give legal protection to the refugees of the said colony from eviction from those plots of lands at Bejoynagore Colony ?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble Prafulla Chandra Sen) : (*a*) Yes. No definite time-limit for regularisation can be given at this stage.

(*b*) Government has referred the matter for legal opinion.

(*c*) Yes.

(*d*) The Collector, 24-Parganas, has been asked to take suitable steps in accordance with law.

Excavation of Khal in Bhagwanpur police-station, Midnapore

22. (Admitted question No. 209.) **Shri Basanta Kumar Panda :** Will the Hon'ble Minister in charge of the Irrigation Department be pleased to state the extent of Khal excavated or re-excavated in Bhagwanpur police-station (Midnapore) during—

(*i*) 1952—1956 ; and
(*ii*) 1957—1961 ?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble Ajoy Kumar Mukherji) : (*i*) Nil.

(*ii*) The total length of excavation and re-excavation of Khals with branch Khals completed is 2, 53, 640 feet.

The work of excavation and re-excavation of 64,640 feet of Khals with branch Khals is in progress.

Mr. Speaker : Questions.

Shri Deo Prokash Rai : Sir, I beg to move a petition under rule 157 signed by 32 petitioners for the inclusion of a provision in the West Bengal Official Language Bill for the safeguard of the Nepali language in the district of Darjeeling.

Mr. Speaker : You ought not to have moved it just now because the first hour is question hour and I have called questions. You kindly take your seat now.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[3—3-10 p. m.]

Pay scales of the Primary School Teachers

*47. (Admitted question No. *36.) **Shri Saroj Roy:** Will the Hon'ble Minister in charge of the **Education Department** be pleased to state—

(*a*) with reference to the statement made by the Chief Minister during the last budget session of the Assembly, expressing the desirability of referring the question of the revision of pay scales of the primary school teachers in this State to the Pay Committee whether the said question has since been referred to the Pay Committee, for cosideration ; and

(*b*) if not, the reasons therefor ?

Shri Sowrindra Mohan Misra : (*a*) Yes.

(*b*) Does not arise.

Shri Sunil Das : Sir, I am not calling question *48 becuase there was a debate on this yesterday.

Scheme for a library in Siliguri

*49. (Admitted question No. 58.) **Shri Satyendra Narayan Mazumdar :** Will the Hon'ble Minister in charge of the **Education Department** be pleasd to state—

(ক) শিলিগুড়িতে একটি অতিরিক্ত জেলা-গ্রন্থাগার অথবা মহকুমা-গ্রন্থাগার স্থাপনের জন্য গভর্ণমেণ্ট কোন আবেদন পাইয়াছেন কিনা ; এবং

(খ) পাইয়া থাকিলে, এ সম্বন্ধে কি সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে ?

Shri Sowrindra Mohan Misra : (ক) হ্যাঁ, গত রাজস্ব বৎসরে শিলিগুড়িতে একটি অতিরিক্ত জেলা-গ্রন্থাগার সংস্থাপনের প্রস্তাব পাওয়া গিয়াছিল।

(খ) প্রস্তাবটি গত রাজস্ব বৎসরে বিবেচিত হইয়াছিল ; কিন্তু নিম্নলিখিত কারণে তা গ্রহণ-যোগ্য হয় নাই :—

(১) গত রাজস্ব বৎসরে নূতন জেলা-গ্রন্থাগার সংস্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ ছিলনা ; এবং

(২) দার্জিলিং জেলার সদরে যে জেলা-গ্রন্থাগার এবং কালিম্পং সহরে জনতা কলেজ সংলগ্ন যে কেন্দ্রীয় গ্রন্থাগার রহিয়াছে, এই দুই গ্রন্থাগার হইতে দুইটি গ্রন্থ-বাহক যানের সাহায্যে পল্লী-অঞ্চলের ছোট ছোট গ্রন্থাগারগুলিতে গ্রন্থ সরবরাহ করিবার ব্যবস্থা আছে। দার্জিলিং জেলার মোট ২৭টি গ্রন্থাগারের মধ্যে শিলিগুড়ি মহকুমায় আছে ৭টী। এই গ্রন্থাগারগুলির জন্য—একটি অতিরিক্ত জেলা-গ্রন্থাগার সংস্থাপন ও তৎসহ একটি গ্রন্থ-বাহক যানের ব্যবস্থা করা আবশ্যক—বলিয়া সরকার মনে করেন না।

তবে চলতি তৃতীয় পাঁচশালা যোজনায় শিলিগুড়িতে একটি মহকুমা গ্রন্থাগার সংস্থাপনের প্রস্তাব সরকার কর্তৃক বিবেচিত হইবে।

Shri Satyendra Narayan Mazumdar : মন্ত্রীমহাশয় কি জানেন—জেলা-গ্রন্থাগার দ্বারা শুধু পল্লী অঞ্চলের গ্রন্থাগারকে সাহায্য করবার ব্যবস্থা থাকেনা, সেখানে নানা রকম রেফারেন্স বইও থাকে—এবং সেগুলি যাঁরা উচ্চ শিক্ষায় নিযুক্ত আছেন, তাদের সাহায্যেও ব্যবহৃত হয়, এই ধরণের বই শিলিগুড়ি মহকুমায় যেখানে একটি কলেজ আছে—সহরও বেড়ে চলেছে, সেখানে তার প্রয়োজনীয়তা খুব অনুভূত হয় ?

Shri Sowrindra Mohan Misra : প্রয়োজনীয়তা হয়ত আছে। যেটা এর আগে করা

যায় নি,—তার কারণ হচ্ছে জেলা-গ্রন্থাগার করবার জন্য অর্থ বরাদ্দ ছিলনা। আপাততঃ দার্জিলিং জেলায় দুটি গ্রন্থাগার আছে—একটি দার্জিলিংএ কেন্দ্রীয় গ্রন্থাগার আর একটি আছে কালিম্পং-এ। শিলিগুড়ি মহকুমাতে তৃতীয় পাঁচশালাতে একটি মহকুমা গ্রন্থাগার করবার কথা সরকার বিবেচনা করছেন।

Shri Satyendra Narayan Mazumdar : ঐ মহকুমা গ্রন্থাগারে কি কি সুবিধা দেওয়া হবে?

Shri Sowrindra Mohan Misra : এ সম্বন্ধে বিস্তারিত জানতে হলে নোটিশ চাই।

Shri Mihirlal Chatterjee : মহকুমা গ্রন্থাগারগুলিতে reference books এবং পাঠ্য-পুস্তক রাখার কোন ব্যবস্থা সরকার করেছেন কি?

Shri Sowrindra Mohan Misra : এ সম্বন্ধে নোটীশ চাই।

Shri Satyendra Narayan Mazumdar : দার্জিলিং জেলাতে যে বিশেষ অবস্থা—পাহাড়িয়া অঞ্চলে এক ভাষাভাষী এবং শিলিগুড়ির সমভূমিতে অন্য ভাষাভাষী, তাতে করে গ্রন্থাগারে যে বই রাখা হবে, তারমধ্যে পার্থক্য রাখবার কোন ব্যবস্থা সরকার বিবেচনা করেছেন কিনা?

Shri Sowrindra Mohan Misra : যখন দুটি ভাষাভাষী অঞ্চল আছে,—তখন দুটি ভাষাভাষী পুস্তক থাকবে। দার্জিলিং শুধু এক ভাষার নয়, অন্য ভাষারও পুস্তক আছে; তৃতীয় পরিকল্পনাকালে মহকুমা গ্রন্থাগার স্থাপন করবার সময় প্লেনের লোকে যে ভাষায় কথা বলেন, সে ভাষার বিষয় বিবেচনা করা হবে।

Shri Satyendra Narayan Mazumdar : এই অবস্থা বিবেচনা করে সেখানে অতিরিক্ত জেলা গ্রন্থাগার স্থাপনের কথা বিবেচনা সরকার করেছেন কিনা বা করবেন কিনা?

Shri Sowrindra Mohan Misra : এখন পর্যান্ত সরকার বিবেচনা করেন নাই—তবে ভবিষ্যতে দেখা যাবে।

Shri Rama Sankar Prasad : এই ধরণের মহকুমা গ্রন্থাগার, যা শিলিগুড়িতে হবে—মন্ত্রীমহাশয় বললেন, তা কি অন্য সাব-ডিভিসনেও হবে?

Shri Sowrindra Mohan Misra : প্রত্যেক মহকুমায় গ্রন্থাগার হবে কিনা—সে প্রশ্ন এখানে আসেনা এবং সে কথা এখনো স্বীকৃত হয়নি। শিলিগুড়িতেও যে হবে, সে কথা আমি বলিনি, আমি বলেছি তৃতীয় পাঁচশালা যোজনায় তা বিবেচনা করে দেখবো।

Scheme for excavation of a navigable canal from the Tista to the Ganga

*50. (Admitted question No. 59.) **Shri Satyendra Narayan Mazumdar :** Will the Hon'ble Minister in charge of the Irrigation Department be pleased to state—

(ক) তিস্তা হইতে গঙ্গা পর্যান্ত একটি নাব্য খাল খননের কোন পরিকল্পনা কেন্দ্রীয় বা রাজ্য-সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কিনা;

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত হইলে রাজ্য-সরকার উহার সহিত সংশ্লিষ্ট আছেন কিনা;

(গ) ঐরূপ পরিকল্পনা গৃহীত হইয়া থাকিলে তাহার কার্য শুরু হইয়াছে কিনা; এবং

(ঘ) পরিকল্পনার উদ্দেশ্য ও মোটামুটি বিবরণ কি?

The Hon'ble Ajoy Kumar Mukherjee : (ক) ঐরূপ—কোন পরিকল্পনা রাজ্য সরকার কর্তৃক গৃহীত হয় নাই, কিম্বা কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত হইয়াছে বলিয়া রাজ্য সরকার অবহিত নহেন।

(খ), (গ), (ঘ)—এই প্রশ্ন ওঠে না।

Shri Satyendra Narayan Mazumdar : আপনি প্রশ্নোত্তরে বলেছেন এই রকম কোন পরিকল্পনা কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত হইয়াছে বলিয়া রাজ্য সরকার অবহিত নহেন। আমার এখানে সাপ্লিমেণ্টারী হচ্ছে—এই রকম কোন পরিকল্পনার কথা কেন্দ্রীয় সরকার কখনও বিবেচনা করেছেন কিনা, অথবা বিশেষজ্ঞ কমিটি এ সম্বন্ধে অধ্যয়ন করেছেন কিনা, আপনি জানেন কি ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee : তা আমার জানা নেই। কেন্দ্রীয় সরকার যদি এইরকম কোন পরিকল্পনা করেও থাকেন তা পশ্চিমবঙ্গ সরকারকে কখনও officially তাঁরা জানান নি যে আমরা এই রকম একটা পরিকল্পনা গ্রহণ করেছি।

Shri Satyendra Narayan Mazumdar : বেসরকারী ভাবে কি অবগত আছেন মাননীয় মন্ত্রীমহাশয় ?

The Hon'ble Ajoy Kumar Mukherjee : বেসরকারী ভাবে জানলেও, সেটা বলবো কেন! আমি এখানে একটু বলে দিই। পরিকল্পনা গৃহীত হয়েছে, কি হয়নি তা আমি বলতে পারবো না। তবে এসম্বন্ধে তাঁরা survey করছেন। মালদায় survey হয়ে গিয়েছে; জলপাইগুড়ি, শিলিগুড়িতে অফিসাররা survey করছেন এবং এই surveyর কাজ শেষ হয়ে গেলে পর, পরিকল্পনা তৈরী করা হবে; এবং তারপর সেটা গ্রহণ করা হবে কিনা ঠিক করা হবে।

Shri Satyendra Narayan Mazumdar : আপনি বলেছেন Survey করা হচ্ছে। কিন্তু—এটা যখন অনিশ্চিত রয়েছে, এখন সেখানে survey করার জন্য জমি নিয়ে লাঠিবাজী সুরু হয়েছে, তা মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন ?

The Hon'ble Ajoy Kumar Muherjee : তা জানি না।

Shri Satyendra Narayan Mozumdar : এ সম্বন্ধে অনুসন্ধান করবেন কি ?

TheHon'ble Ajoy Kumar Mukherjee : না।

Excavation of Udbadal Khal in Bhagwanpur police-station, district Midnapore

*51. (Admitted question No. *73.) **Shri Basanta Kumar Panda** : Will the Hon'ble Minister in charge of the **Irrigation and Waterways Department** be pleased to state—

(*a*) if the excavation of Udbadal Khal in Bhagwanpur police-station, district Midnapore, has been completed this year ;

(*b*) if so, what is the average depth of the excavation ;

(*c*) what are the length of the excavation and the amount spent for it ;

(*d*) whether the wooden bridges including one near Udbadal over this level have been reconstructed ; and

(*e*) if not, when they are going to be constructed ?

Shri Sunil Das : Mr. Speaker, Sir. As Shri Basanta Kumar Panda is absent I call his question.

Tke Hon'ble Ajoy Kumar Mukherjee : (*a*) Yes.

(*b*) The depth varies from 2 ft. to 5 ft. in different reaches throughout the whole length of the Khal.

(*c*) The total length of excavation is 75,935 ft, and the amount spent for it is Rs. 4,36,900/-.

(*d*) Construction of one bridge over this khal near Udbadal has been completed. There is no provision at present for construction of any other bridge over this khal.

(*e*) Does not arise.

Primary School at Nabasan, Bagnan police-station, district Howrah

*52. (Admitted question No. *144.) **Shri Gobinda Charan Maji**: (*a*) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state if it is a fact that a primary school was sanctioned at village Nabasan, Bagnan police-station in the district of Howrah, in the year 1954 and abolished in November, 1960 ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the minimum pre-condidions for sanctioning a school was fulfilled ;

(*ii*) whether any student was sent up for Final Primary Examination from the said school ;

(*iii*) the total amount of Goverrtment expenditure for running the institution ; and

(*iv*) the causes of its abolition ?

Shri Sowrindra Mohan Misra: (*a*) Yes, the school was started in 1955 and declared defunct in 1960 ;

(*b*) (*i*) Yes.

(*ii*) No.

(*iii*) Rs. 4625·00 nP from District School Board fund between 1955 and 1960.

(*iv*) Because the school was found, on inspection, to be not functioning.

PETITION

[3-10—3-20 p. m.]

Shri Deo Prakash Roy: Sir, I beg to present a petition signed by 32 petitioners, in connection with the West Bengal Official Languages Bill, 1961, for the safeguards of Nepali Language in the district of Darjeeling. The West Bengal Official Language Bill, 1961, as published in the Calcutta Gazette, dated the 12th September, 1961 making a provision under section 2, limits the use of languages other than Bengali to their use in courts—Civil and Criminal—only. This goes against interest of the Nepali speaking people of Darjeeling and is contrary to the assurances held out by the Prime Minister and the Chief Minister during their last visit to Darjeeling that Nepali would be used in all spheres of day-to day administration and in matters of education in the district. This bill, therefore, does not satisfy the minimum demand of the people in matters of language. We pray the petitioners that special provision be made in this bill for the use of Nepali in all administrative and other official proposes in the district of Darjeeling.

Messages

Secretary: (Shri A. R. Mukherjee) : The following messages have been received from the West Bengal Lagislative Council, namely :

"(1) The West Bengal Legislative Council at its meeting held on the 19th September, 1961, agreed to the Bengal Municipal (Second Amendment) Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 19th September, 1961.

"(2) The West Bengal Legislative Council at its meeting held on the

19th September, 1961, agreed to the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 19th September, 1961.

"(3) The West Bengal Legislative Council at its meeting held on the 19th September, 1961. agreed to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji
Chairman
West Bengal Legislative Council"

Calcutta,
The 19th September, 1961.

"(4) The Calcutta Improvement (Amendment) Bill, 1961, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 19th September, 1961, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

Suniti Kumar Chatterji
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 19th September, 1961.

"(5) The Bengal Amusement Tax (Amendment) Bill, 1961, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 19th September, 1961, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

Suniti Kumar Chatterji
Chairman
West Bengal Legislative Council".

Calcutta,
The 19th September, 1961.

Improvement of the standard of the teaching and practice in Homeopathy

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Regarding the calling attention matter from Shri Hemanta Kumar Basu, I make a statement in reply to that.

Government are seriously considering for drawing up a bill for the improvement of the standard of teaching and practice in Homeopathy. But before any final step can be taken in this respect it is essential to make arragement for training in basic science of the students desirous of taking up the course. For this purpose, correspondences are being made with the authorities of the Pratap and Herring Memorial Homeopathic College and Hospital in order to take over the institution by Government for re-organisation. Final reply of the trustees of the institution in this regard is being awaited. As soon as the preliminaries in this respect are completed a Bill will be drawn up and placed before the House for consideration.

Short Notice question

Mr. Speaker : There is a Short Notice question of Shri Satyendra Narayan Mazumdar, which the Hon'ble Minister could not reply yet. He will please see that the reply is given soon.

Shri Satyendra Nararan Mazumdar : এটা ছিল পুলিশমন্ত্রীর Short Notice Question, কারণ তাঁর পুলিশই শ্রমিক ধর্মঘটের ব্যাপারে হস্তক্ষেপ করেছে এবং আমার খবর আছে এখনও সে হস্তক্ষেপ চলছে। সুতরাং সাত্তার সাহেবকে ধরে কি হবে।

Government Bill

The Rabindra Bharati Bill, 1961.

Shri Ramanuj Halder : *Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1961.*

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে রবীন্দ্র ভারতী বিল আনা হয়েছে তা বাহ্যত : দেখলে সরকারকে ধন্যবাদ না দিয়ে পারা যায় না। এটা ঠিক যে রবীন্দ্র জন্ম শতবার্ষিক পূর্ত্তি যখন হল সেই বৎসর সেই মহাকবির স্মৃতিকে স্মরণ করে বলছি, বাংলাদেশে তথা সমগ্র মানব জাতির যে কল্যাণের পথ ও আদর্শ তিনি দেখিয়েছেন যার মাধ্যমে আমি বিশ্বাস করি বিংশ শতাব্দীর এই বৈজ্ঞানিক যুগে সমগ্র পৃথিবীর বিভিন্ন যে অঞ্চলে হিংসাদ্বেষের প্রসারণ চলছে তাকে স্তিমিত করার জন্য যে মানব মনের পুষ্টি ও অনুভূতি, যে লোকপ্রেমের প্রয়োজন তা রবীন্দ্রনাথ আমাদের চোখের সামনে উপস্থাপিত করেছিলেন। আমরা নিজেদের খুব ধন্য মনে করি যে তার কালে জন্মলাভ করেছি। এবং তিনি শুধু বাংলাদেশের নয় তথা পৃথিবীর সমূহ মানবলোককে একটা সূক্ষ্মাতিসূক্ষ্ম চেতনার মধ্যে দিয়ে সমগ্র মানবজাতিকে গৌরবের অভ্রভেদী শিখায় প্রতিষ্ঠা করেছিলেন। এহেন মহাপুরুষ, এহেন মানব প্রেমিকের সম্পর্কে কোন কিছু বলা বাস্তবিকই কঠিন। এঁকে কবি বলুন ; এঁকে সাহিত্যিক বলুন, বা আর যা পারেন বলুন, তিনি যে প্রজ্ঞা ও বিজ্ঞানের সমন্বয় চর্চা করেছিলেন এবং তারজন্য যে সাধনা করেছিলেন সেই সাধনার পথকে অনুসরণ করে আমাদের দেশের ভবিষ্যৎ বংশধরগণ যে মানবতার চলার পথ অনুসরণ করবে তারজন্য একটা আয়োজন থাকা একান্ত প্রয়োজন সে বিষয় সন্দেহ নেই। কিন্তু মনের মধ্যে এই আশংকা হয় যে, রবীন্দ্রনাথ যেখানে বসে তপস্যা করেছিলেন। যে শান্তিনিকেতনে বিশ্বভারতী করেছিলেন সেই শান্তিনিকেতন বর্ত্তমানে কি অবস্থায় আছে, এবং আমাদের এই বাংলাদেশের সরকার ভারতবর্ষের আদর্শ, কৃষ্টি, শিল্প ও সংস্কৃতির যে পীঠভূমি বিশ্বভারতী ও শান্তিনিকেতন তার উন্নতি ও কল্যাণের জন্য কতখানি ব্যবস্থা করতে পেরেছেন। নূতন একটা বিশ্ববিদ্যালয় স্থাপন করে আমাদের দেশের এক শ্রেণীর নাগরিককে সংগীত, শিল্প, নাট্য, লোক নৃত্য, লোকশিক্ষা প্রভৃতি দেবার যে আয়োজন করা হয়েছে তাতে আমার মনে সন্দেহ হওয়ায় আমি এই বিল circulation এ দেবার কথা বলেছি। জনমত সংগ্রহ করার উদ্দেশ্য এই নয় যে যখন দেশের সরকার অগণিত মানুষের অন্নবস্ত্রের উপযুক্ত ব্যবস্থা করতে অক্ষম হয়েছে তখন এইরকম বিশ্ববিদ্যালয় খোলার প্রয়োজন নেই একথা বলবার জন্য আমার circulation নয়। আমার circulation এইজন্য যে, যে চিন্তা ধারা, যে ধরণের দৃষ্টি নিয়ে তিনি অগ্রসর হয়েছিলেন, আমাদের এখনকার বাংলাদেশে যে সমস্ত বিশ্ববিদ্যালয় রয়েছে সেই বিশ্ববিদ্যালয়গুলি পরিচালনার দায়িত্ব যাদের হাতে রয়েছে তাদের নিরন্তর ভুল ত্রুটির বোঝা ক্রমশঃ স্তূপীকৃত হয়ে যাবার পরেও সরকার উপযুক্ত লক্ষ্য দিয়ে নিরীক্ষণ দিয়ে তা পরিচালনা করার ব্যবস্থা যথাযথভাবে করতে সমর্থ হচ্ছেন না।

[3-20—3-30 p. m.]

এই মতো সময় আমাদের রাজ্য সরকার প্রভূত পরিমাণ অর্থ ব্যয়ে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় পরিকল্পনা করেছেন যার মাধ্যমে সরকারের প্রায় ১৬ লক্ষ টাকা ব্যয় হবে এবং তারজন্য যে বিধি ব্যবস্থা এই রবীন্দ্র ভারতীর মাধ্যমে উপস্থাপিত করা হয়েছে তাতে দেখি আমাদের খুব আশংকা হয় যে অচল নিষ্ঠার অভাবে অনেক সময় মহান আদর্শ ব্যর্থ হয়ে যায় এবং যার অভাবে জনচিত্ত বিভ্রান্ত হয় এবং বিরূপ অবস্থার সম্মুখীন হয় এই দিকটায় লক্ষ্য রেখে রবীন্দ্র ভারতীর যে বিধি আমাদের সামনে রাখা হয়েছে তার দিকে লক্ষ্য করলে আমরা দেখতে পাই কর্তৃত্ব ও নেতৃত্ব রাখবার জন্য পরিচালনার নামে এমন ব্যবস্থা করা হয়েছে যা দিয়ে আমাদের আকাঙ্খিত রবীন্দ্র ভারতীর প্রতিষ্ঠা করে মানব জীবনের যে আনন্দ ও যে পূর্ণ জীবনের যে আস্বাদন এতদিন আমাদের কাছে অব্যক্ত ছিল এবং যা নাকি রবীন্দ্রনাথ তাঁর কাব্য

সাহিত্য ও শিল্প সাধনার ভিতর দিয়ে আমাদের সামনে উদ্‌ঘাটিত করেছেন তার পরিপূর্ণ ছবি আমরা পাব না। তিনি এক ধরণের শান্তিনিকেতন পরিচালনা করতে চেয়েছিলেন এবং সেই ধরণের কতটা আমরা শান্তিনিকেতনের মাধ্যমে তথা বিশ্ব ভারতীর মাধ্যমে পেয়েছি যে ব্যবস্থা করলে তাঁর আদর্শ পরিপূর্ণ রূপ গ্রহণ করতে পারত সেদিকে আজ পর্যন্ত সরকার কোন ব্যবস্থা করতে পারেননি। শ্রদ্ধেয় স্বর্গীয় সুরেশ মজুমদারের প্রচেষ্টায় যে অর্থ সংগৃহীত হয়েছিল তার কিয়দংশ মাত্র শান্তিনিকেতনে দান করা হয়েছিল। রবীন্দ্রনাথের যে আদর্শ বিশ্ববাসীকে প্রবুদ্ধ করেছিল তাঁর জীবদ্দশায় সেই আদর্শ শান্তিনিকেতনে প্রতিভাত ও উৎসারিত করবার জন্য, এবং বিশ্বে সর্ব মানবের কাছে পৌছে দেবার জন্য, প্রসারিত করার জন্য যে আয়োজন রাখা হয়েছিল আমাদের সরকার রবীন্দ্রনাথের তিরোধানের পর সেই আদর্শকে সুচারুরূপে রূপ দেবার জন্য, এবং বিভিন্ন সংস্কৃতির সমন্বয় সাধনের প্রতীক এই শান্তিনিকেতন বিশ্ব ভারতীর পরিচালনা যাঁদের হাতে দেওয়া হয়েছিল তাদের সুযোগ সুবিধা দেওয়ার জন্য আমাদের সরকার কতখানি প্রচেষ্টা করেছেন। কথা হচ্ছে তাঁরা যদি সেই ব্যবস্থা নিজেরাই করতে পারতেন তাহলে সরকারী সহায়তার প্রয়োজন হত না। আজকে জনবহুল, কর্মকোলাহল মুখর কলকাতার বুকে রবীন্দ্রনাথ প্রদত্ত আদর্শ ও বাণী জনসাধারণের মধ্যে সুপ্রসারিত করবার জন্য, পরিবেশন করবার জন্য এই রবীন্দ্র ভারতীর প্রতিষ্ঠার প্রয়োজন উপলব্ধ হয়েছে। এমতাবস্থায় আমাদের মনে যে প্রশ্ন জেগেছে সেটা হচ্ছে, উপযুক্ত পরিচালনার অভাবে, ও অর্থাভাবে মহাকবির যে আদর্শ সুচারুভাবে বাস্তবরূপ পরিগ্রহ করতে পারেনি তা সার্থক করে তোলবার মতো কোন ব্যবস্থা মন্ত্রী মহাশয় এই বিলের মাধ্যমে করতে পেরেছেন কিনা। আরেকটা প্রশ্ন হল, লোক সংগীতের মাধ্যমে লোকশিক্ষার মাধ্যমে এবং বাস্তব শিক্ষার মাধ্যমে শ্রীনিকেতনে যে প্রচেষ্টা চলেছে সেই ধরণের কোন শিক্ষা এই বিশ্ববিদ্যালয়ের সংগে সংযুক্ত ও সংহত করা হয়নি বিল পড়ে আমরা এটা লক্ষ্য করলাম। এই সমস্ত কারণে আমি এই বিল জনমত সংগ্রহার্থ প্রচারের জন্য দাবী করেছি।

Shri Somnath Lahiri : I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th October, 1961.

শ্রীযুক্ত স্পীকার মহাশয়, এই বিলে যে কয়টি কাজ করা হবে বলেছেন এঁরা, তাতে কারুর আপত্তি হবে না। এই বিলের উদ্দেশ্য বর্ণনা করে বলা হয়েছে এই কাজগুলো করে তাঁরা রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শ যা তাঁর বিভিন্ন লেখায় প্রকাশিত হয়েছে তা অনুসরণ করার চেষ্টা করবেন। তিনি তাঁর জীবিতকালে জোড়াসাঁকোর বন্দীশালা ছেড়ে পালিয়ে ছিলেন শান্তিনিকেতনে। সেখানে রৌদ্রদগ্ধ বিরাট প্রান্তরে মন্থরিত শাল ও আমলকি বনে তাঁর স্কুল প্রতিষ্ঠা করেছিলেন। তিনি বলেছেন, অগ্নিবায়ু জলস্থল বিশ্বকে বিশ্বাত্মার দ্বারা পূর্ণ করে ও সহজ করে দেখাই যথার্থ শিক্ষা। এই শিক্ষা সহরের স্কুলে ঠিকমতো হওয়া সম্ভব নয়। আজকে এই বিলের রচয়িতা, রবীন্দ্রনাথের স্মৃতিকে শান্তিনিকেতন থেকে টেনে এনে জোড়াসাঁকোর বন্দীশালায় বন্দী করতে চাচ্ছেন এবং তা করে রবীন্দ্রনাথের আদর্শকে রূপ দিতে চাচ্ছেন এটাই আমাদের সবচেয়ে বেশি অবাক করেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সম্পর্কে রবীন্দ্রনাথের ধারণা তাঁর লেখার মধ্যে আছে। এই বিল পেশ করতে গিয়ে ডাঃ বিধান চন্দ্র রায় রবীন্দ্রনাথের Eastern Universityর উল্লেখ করেছেন। Eastern Universityতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার আদর্শ ও গঠন পদ্ধতি সম্পর্কে তাঁর ধারণা অনেকখানি সুস্পষ্টভাবে উপস্থাপিত হয়েছে। এই বিলে Eastern University থেকে দু'একটা ধারণা নেওয়া হয়েছে তাতে কোন সন্দেহ নাই, কিন্তু তাঁর অধিকাংশ ধারণাই এ বিল থেকে বর্জিত হয়েছে। এবং ফল এই দাঁড়িয়েছে যে, বিশ্ববিদ্যালয় শিক্ষা সম্পর্কে তাঁর সামগ্রিক উদ্দেশ্য ও সামগ্রিক দৃষ্টিভঙ্গি থেকে এটা বিপরীত হয়ে দাঁড়িয়েছে।

[3-30—3-40 p. m.]

প্রথমতঃ তিনি বিশ্ববিদ্যালয়কে পূর্ব ও পশ্চিমের মিলনভূমি হিসাবে দেখতে চেয়েছিলেন —পশ্চিম থেকে ছাত্র ইত্যাদি নিমন্ত্রণ করে আনবেন এই কথাই ভেবেছিলেন। এ বিষয়ে বিধানবাবু বলেছেন যে এটা তাঁর ছিল বটে, কিন্তু সেটা আমরা বিশ্বভারতীকে ছেড়ে দিয়েছি, আমাদের বিশ্ববিদ্যালয়ে এটা রাখতে চাচ্ছি না। এটা যদি ছেড়ে দিই তাহলে আর কি থাকল। An Eastern Universityতে লেখার মধ্যে তিনি লোক শিক্ষা বা শিক্ষার আদর্শ সম্বন্ধে বলেছেন। তিনি বলেছেন কথকথা, পুরাণ পাঠ, যাত্রাভিনয়। পালাগানে ইত্যাদির মারফৎ যে শিক্ষা ব্যবস্থা তা ভারতের নিজস্ব এবং তা জনগণের জীবনের সঙ্গে একাত্ম। তিনি এই রকমের শিক্ষার উপরেই জোর দিয়েছিলেন। এছাড়া জনসাধারণকে শিক্ষিত করে তোলার জন্য তিনি জোর দিয়েছিলেন এবং লোকশিক্ষাসংসদ নামে প্রতিষ্ঠান গঠন করেছিলেন। কিন্তু রবীন্দ্রনাথ যাদের লোক বলেন এই বিশ্ববিদ্যালয়, থেকে তাদের সযত্নে সম্পূর্ণরূপে বাদ দেওয়া হয়েছে। এখানে রবীন্দ্র-সংস্কৃতি সম্বন্ধে শিক্ষা দেওয়া হবে এবং এমন কি লোকসংস্কৃতি সম্বন্ধেও শিক্ষা দেওয়া হবে কিন্তু সে শিক্ষা নেবেন তাঁরা যারা কলকাতার জোড়াসাঁকোতে থেকে খরচ বহন করতে পারবেন। অর্থাৎ রবীন্দ্রনাথ যাদের লোক বলতেন তাদের এখানে আসার বিন্দুমাত্র সুযোগ নেই। অর্থাৎ যে লোকেদের সংস্কৃতি সম্বন্ধে এখানে অনুশীলন হবে তারা এখানে আসতে পারবে না—হারমোনিয়ামের সঙ্গে বাঁয়া তবলার মত তারা বাজবে, কিন্তু তাদের প্রবেশাধিকার এখানে থাকবে না। এই বিশ্ববিদ্যালয়ে যাদের সম্বন্ধে গবেষণা হবে তারা এই গবেষণায় অংশ গ্রহণ না করে শুধু র‍্যাপারেটাশ হিসাবে থেকে যাবে। এই বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য যা বর্ণনা করা হয়েছে তাতে এছাড়া আর কিছুই পাওয়া যাচ্ছে না। অথচ এঁরা অনায়াসে লোকশিক্ষা ছড়াবার ব্যবস্থা করতে পারতেন, লোকশিক্ষার আকারের মধ্যে যুগোপযোগী বস্তু নিয়ে এসে তাকে সমৃদ্ধ ও প্রচারিত করতে পারতেন। এমন কি Correspondence Course এর মারফৎ ঘরে বসে অল্প সময়ের মধ্যে লেখাপড়া শেখার ব্যবস্থা করতে পারতেন কিন্তু এসব কথা এঁদের মনে হয় নি। লোক সম্বন্ধে যাঁদের ধারনা হল যে সাধারণ অজ্ঞান লোক বর্জনীয় এখানেই রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের এই বিল রচয়িতাদের পার্থক্য। আমি এত কথা বলছি এজন্য যে যদি এটা সাধারণ একটা বিশ্ববিদ্যালয় হোত তাহলে তাতে কি রাখব না রাখব সেটা আলাদা কথা হোত। কিন্তু এখানে রবীন্দ্রনাথের আদর্শকে ভিত্তি করে একটা জিনিষ প্রতিষ্ঠা করা হচ্ছে সেখানে রবীন্দ্রনাথের আদর্শ কতখানি থাকছে, না থাকছে তা ভাল করে বিচার করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান সম্বন্ধে রবীন্দ্রনাথ কি মনে করতেন তা ঐ ইষ্টার্ণ ইউনিভার্সিটি প্রবন্ধ থেকে আমি কোট করছি—

It should be an open house in which students and teachers are at one. They must live their complete life together dominated by a common aspiration for truth and a need of sharing all the delights of culture" অর্থাৎ ছাত্র ও শিক্ষকদের সমগ্র জীবনটাই একসঙ্গে গড়ে উঠবে এবং এর মধ্য দিয়ে একটা হারমণি গড়ে উঠছে। আর এই বিশ্ববিদ্যালয় কিনা এটা একটি র‍্যাফিলিয়েটিং ইউনিভার্সিটি, সুতরাং ছাত্র ও শিক্ষক একসঙ্গে থাকার সম্ভাবনা এখানে নেই। কিন্তু এটা যদি আবাসিক বিশ্ববিদ্যালয় হোত তাহলেও জোড়াসাঁকোর কৃত্রিম পরিবেশের মধ্যে শিক্ষক ও ছাত্রদের পূর্ণ জীবন কখনই পূর্বকালের আশ্রমিক গুরুগৃহের মতো এক হয়ে প্রবাহিত হতে পারত না। তারপর যেটা আমাদের বিবেচনা করা দরকার সেটা হচ্ছে যে রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শ অনুসারে বিদেশী ভাষা সম্বন্ধে এমন কি সংস্কৃতও ভারতের বিভিন্ন জাতির ভাষা হতে পারে না। একথা রবীন্দ্রনাথ ইষ্টার্ণ ইউনিভার্সিটি প্রবন্ধে এবং আরও বহু জায়গায় লিখেছেন। অর্থাৎ নিজ নিজ ভাষার মারফৎ তাদের বৈশিষ্ট্য প্রকাশ পেতে পারে সেটাই হল তাঁর ধারণা। সুতরাং রবীন্দ্রভারতীর ভাষা

বাংলাই হতে হবে। কিন্তু রবীন্দ্র ভারতীয় ভাষা কি হবে সে বিষয়ে বিল নীরব। সেজন্য বলছি বাংলাদেশের সরকার এমনই বিশ্ববিদ্যালয় বিল আনয়ন করছেন যাতে আমরা হাড়ে হাড়ে টের পাই।

তারপর রবীন্দ্রনাথের পঞ্চম দৃষ্টিভঙ্গী ছিল শিক্ষার ব্যাপারে Economic Corporation জনগণের জীবন স্রোতই শিক্ষার সহজাত উপাদান তা থেকে শিক্ষাকে বিচ্ছিন্ন করলে চলবে না। তাই রবীন্দ্রনাথ বলেছেন যে শিক্ষার সঙ্গে পরস্পরের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা চাই। সেটাই তার বিশ্ববিদ্যালয়ের ভিত্তি। সমবায় প্রথায় কৃষিকর্ম পশুপালন সুতাকাটা ইত্যাদি। তার জন্য বিজ্ঞানের প্রয়োগ আশেপাশের গ্রামগুলির সঙ্গে সহযোগিতা করা, সেখানকার চাষী ও মজুরের সঙ্গে মিলে জীবনকে ভাগ করে নেওয়া, এই তার পদ্ধতি। এই পদ্ধতির ও আদর্শের সঙ্গে রবীন্দ্রভারতীর প্রস্তাবিত পদ্ধতির কোনই সম্পর্ক থাকছেনা।

তারপর স্বাভাবিক প্রাকৃতিক পরিবেশে প্রকৃতির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে শিক্ষা দিতে হবে। গাছপালার পরিচর্যা পশুপাখীদের সেবা করা ইত্যাদির ভিতর দিয়ে মানুষের আত্মাকে অহং এর বন্ধন থেকে মুক্তি দেওয়া। এই হল—রবীন্দ্রনাথের বিশ্ববিদ্যালয়ের আদর্শ। Eastern University র পাতা খুললেই দেখতে পাবেন। প্রাচ্য বিশ্ববিদ্যালয়ের সামনে রবীন্দ্রনাথ যে যে আদর্শ রেখেছিলেন তা আমি একটি একটি করে বর্ণনা করলাম এবং সবগুলি তার যখন একসঙ্গে বাজবে তখন তা হবে তাঁর প্রতিষ্ঠানের one grand Music—সবগুলি মিলিয়ে তিনি তার প্রতিষ্ঠানের আদর্শ এই ভাবে বর্ণনা করেছেন।

"The idea we have for our institution is that it should be a perpetual creation by the co-operative enthusiasm of teachers and students growing with the growth of their soul, a world in itself, self sustaining, independent, rich with ever-renewing life, radiating life across pace and time, attracting and maintaining round it the planetary system of dependant bodies.

যদি বিধানবাবু মনে করে থাকেন রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শ থেকে এখান থেকে আধ ইঞ্চি ওখান থেকে এক ইঞ্চি খুবলে খুবলে নিলেই রবীন্দ্রনাথের শিক্ষার প্রতি সম্মান দেখান হবে তাহলে ভুল হবে। One grand music, সবগুলি তার একসঙ্গে বাজলে তবেই হবে। বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে রবীন্দ্রনাথের এই আদর্শ স্বাধীন স্বয়ংসম্পূর্ণ পূর্ণাঙ্গ বীজ থেকে শাখা প্রশাখা ফুল ফল পর্য্যন্ত সমস্ত শিক্ষাজীবন, আর প্রস্তাবিত রবীন্দ্র ভারতী তারই কয়েকটি ছেড়া পাতা মাত্র। পরবশ, বিকলাঙ্গ, জীবনহীন আর তারই ফলে জীবন্ত রবীন্দ্র-আদর্শের বিপরীত। উত্তরকালে হয়ত রবীন্দ্রনাথের কোন ধারনাকে বর্জ্জন করবে, কোন ধারণাকে রক্ষিত ও প্রসারিত করবে। কিন্তু উত্তর কালতো তাদের ঐ Treasury Benchএর মধ্যে বসে নেই যে তাদের রায়কেই চূড়ান্ত বলে মানতে হবে। বিশেষ করে যে শিক্ষা দপ্তরের এটুকু যোগ্যতাও নেই যে প্রায় এক বছর আগে পুরো ১০খণ্ড রবীন্দ্র রচনাবলীর দাম জমা নিয়ে এতদিনে দু-খণ্ডের বেশী বার করতে পারেন নি—তাদের যোগ্যতা ও রবীন্দ্রনাথের অনুরক্তি সম্বন্ধে সন্দেহের কারণ রয়েছে। সুতরাং শিক্ষা দপ্তর আদর্শের দু'আনা রাখবেন, চৌদ্দআনা বর্জন করবেন আর সে বিল আমাদের পাশ করে দিতে হবে তার কোন অর্থ হয় না।

[3-40—3-50 p. m.]

এখন এই ভেবে আশ্চর্য লাগে যে, এই বিল এসেছে এবং রবীন্দ্রনাথের ঐতিহ্য বহন করে আমরা বিশ্ববিদ্যালয় গড়তে চাচ্ছি, কিন্তু এ সম্বন্ধে বিশ্বভারতী, রবীন্দ্রভারতী এবং আরও শত শত রবীন্দ্র অনুরাগী ঐতিহ্যবান প্রতিষ্ঠান আছে তাঁদের মতামত কি তা' আমরা জানিনা। আমরা দেখছি আমাদের এই পচা শিক্ষা দপ্তরের বিলের পক্ষে বা বিপক্ষে ভোট দিয়ে

বাড়ী চলে যেতে হবে এবং এই বিল সম্পর্কে আমাদের শিক্ষাদপ্তর এরকম একটা অবস্থাই সৃষ্টি করেছেন। ডাঃ রায় বা শিক্ষা দপ্তরের মত আমাদের কমিউনিষ্ট পার্টির এই স্পর্ধা নেই যে আমরা একাই বলে দেব যে রবীন্দ্রনাথ শিক্ষার আদর্শ যা প্রচার করেছেন তার মধ্যে এতটা রাখব আর এতটা বাদ দেব। সেইজন্য আমরা বলি যে, এই বিলকে জনসাধারণের কাছে প্রচার করুন এবং এ সম্বন্ধে বিশ্বভারতী, রবীন্দ্রভারতী দেশের লোক এবং আরও যে সমস্ত সংগঠন আছে তাঁরা তাঁদের মতামত জানাবার সুযোগ পাক এবং তারপর দেশবাসীর সকলকে চিন্তার ভাগ দিয়ে আমরা রবীন্দ্রনাথকে তাঁর উপযুক্ত অর্ঘ্য দেই এবং তা' রবীন্দ্র শতবার্ষিকীর মধ্যেই করা যেতে পারে। কাজেই আর একবার প্রস্তাব করছি যে, এই বিলকে প্রচার করা হোক। তারপর শেষ কথা হলেও খুব বড় কথা যে শিক্ষার ব্যাপারে রবীন্দ্রনাথের আদর্শের সঙ্গে এই বিলের যা বিরোধ তা' একেধারে উগ্র এবং উৎকট হয়ে প্রকাশ পাচ্চে। স্যার, এই বিল ইউনিভারসিটি বা বিশ্ববিদ্যালয়ের গঠন পদ্ধতি সম্পর্কে। গঠন পদ্ধতির মধ্যে কি আছে সে সম্পর্কে একটু আগে রামানুজবাবু বলেছেন যে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সলার হবেন রাজ্যপাল অর্থাৎ গভর্ণমেণ্টের লোক এবং বিশ্ববিদ্যালয়ের সদস্যদের মধ্যে ১০জন চ্যান্সেলার কর্তৃক নিযুক্ত হবেন অর্থাৎ তাঁরাও শিক্ষা দপ্তর কর্তৃক নিযুক্ত হবেন এবং স্বভাবতঃই তাঁরা শিক্ষা দপ্তরের তাড়নায় চলবেন। তারপর গভর্ণর ভাইস্ চ্যান্সেলারকে শিক্ষামন্ত্রী মহাশয়ের সঙ্গে পরামর্শ করে নিযুক্ত করবেন এবং অর্থাৎ এখানেও ঐ ডি. এম. সেন যাকরবেন তাই হবে। তবে রবীন্দ্র ভারতীর উপর এতখানি সরকারী কর্তৃত্ব রেখেও তাঁরা সন্তুষ্ট নয় বলে তার উপরে আবার তাঁরা এই ব্যবস্থা করেছেন যে, যে কোন সময়ে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত যে কোন ব্যাপারে সরকার পরিদর্শন করতে পারবেন এবং তাঁদের বিবেচনা মত যে কোন ব্যবস্থা গ্রহণ করাতে বিশ্ববিদ্যালয়কে বাধ্য করাতে পারবেন। অর্থাৎ তাঁরা তাঁদের খুসীমত বিশ্ববিদ্যালয়কে আদেশ দিতে পারবেন এবং সেই আদেশ বিশ্ববিদ্যালয়কে পালন করাতে বাধ্য করাবেন। কাজেই দেখা যাচ্ছে যে শিক্ষা দপ্তর বা ডি. এম. সেনই হচ্ছে বিশ্ববিদ্যালয়ের দণ্ডমুণ্ডের কর্তা এবং রবীন্দ্র ভারতীকে বিনা বাক্যব্যয়ে এঁদের সব কথা মেনে নিতে হবে। যা হোক ভাইস-চ্যান্সেলার এবং ভাইস-চ্যান্সেলার কর্তৃক ১০জন অ্যাপয়েণ্টেড হবে ইত্যাদি সেফ্‌গার্ড রেখেও এঁদের মনে ভরসা নেই সেইজন্য আবার একে সরকারী বাদ্যযন্ত্রে পরিণত করবার জন্য এই বিল আনা হয়েছে। স্যার, এটা যে শুধু রবীন্দ্রনাথের আদর্শের বিরোধী তা নয়, এটা হচ্ছে রবীনাথের প্রতি চূড়ান্ত অপমানকর জিনিস। কারণ এধরণের জিনিসের বিরুদ্ধে রবীন্দ্রনাথ আজীবন সংগ্রাম করে গেছেন অর্থাৎ এ ধরণের সরকারী কর্তৃত্বের বিরুদ্ধে। টলষ্টয় রাশিয়ার শিক্ষানীতির বিরুদ্ধে যা বলেছিলেন রবীন্দ্রনাথ তা উদ্ধৃত করে তার মনোভাব সুষ্ঠুভাবে ব্যক্ত করেছেন। তিনি যা বলেছেন তা শুনলে ডাঃ রায়ের হয়ত উপকার না হতে পারে কিন্তু ওধারের বন্ধুদের হয়ত উপকার হবে। টলষ্টয় বলেছেন—

It seems to me that it is now specially important to do what is right quietly and persistenly, not only without asking permission from Government but consciously avoiding its participation.

অর্থাৎ কোন অবকাশ নেই। গভর্ণমেণ্টের কাছে জিজ্ঞাসা করব না, গভর্ণমেণ্টের অনুমতি নেব না এবং গভর্ণমেণ্টের কোন রকম অংশ গ্রহণ ব্যতিরেকেই আমরা সেটা মনে করব নীরবে এবং একটানা ভাবে করে যাওয়া দরকার। তবে শুধু ওটাই নয়, তারপর আরও আছে। আমি জানিনা ৮০ বছর আগে তিনি কি করে জানলেন যে পশ্চিমবংগ সরকার এটা করবেন। কিন্তু ঠিক তাই লিখেছেন—

"It seems undesirable to let Government, while it is spreading darkness, pretend to be busy with the enlightment of the people. It is doing this now by means of all sorts of pseudo-educational

establishment which it controls, schools, high schools universities, academies and all kinds of committees and congresses."

এই সমস্ত করে এঁরা darkness spread করছেন—এই হচ্ছে Tolstoyএর কথা রবীন্দ্রনাথের উদ্ধৃতি থেকে পাই।

"But good is good and enlightenment is enlightenment, only when it is quite good and quite enlightened and not when it is toned down to meet the requirements of Delyanoffs' or Dournovos' circulars."

Delyanoffs, Dournovos ছিলেন রাশিয়ার শিক্ষা দপ্তরের কর্তা। তাঁদের সার্কুলার অনুসারে শিক্ষাকে toned down করলে তাকে good বা enlightenment বলতে Tolstoy প্রস্তুত ছিলেন না, রবীন্দ্রনাথও স্বাভাবিকভাবে প্রস্তুত ছিলেন না। আজকে আমাদের শিক্ষা দপ্তরের ডি. পি. আই হচ্ছেন এই ডি. এম. সেন যাঁর কবল থেকে রবীন্দ্রনাথ শান্তিনিকেতনকে কোন রকমে রাহুমুক্ত করেছিলেন এককালে kicking upstairs করে, তাঁর সার্কুলার অনুসারে আমরা দেখে অবাক হলাম, রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শকে ১৪ আনা toned down করা হচ্ছে। আমি জানিনা Tolstoy কি করে ৮০ বছর পূর্বে জানতেন যে এই রকম করা হবে। আজ এখানে রবীন্দ্রনাথের নামে রবীন্দ্রনাথকে toned down করতে চাইছেন। সঙ্গে সঙ্গে রবীন্দ্রভারতী প্রমুখ প্রতিষ্ঠানগুলির স্বাধীনতা হরণ করতে চাচ্ছেন। দেশবাসীর দানে ও সমর্থনে যে রবীন্দ্রভারতী প্রতিষ্ঠানটি গড়ে উঠেছে, কিছু কিছু কাজও তাঁরা করতে পেরেছেন, ঠাকুরবাড়ী কেনার ব্যাপারে অর্থ সাহায্য করে সরকারের শিক্ষা দপ্তর সেই প্রতিষ্ঠানে নাক ঢুকিয়েছে। এখন এই বিল পাশ হলে আরও অর্থসাহায্য ইত্যাদির লোভ দেখিয়ে প্রতিষ্ঠানটিকে সম্পূর্ণরূপে সরকারী আওতায় আনার চেষ্টা হবে। রবীন্দ্র অনুরাগীদের প্রাণপণ চেষ্টায় নৃত্য, গীত, অভিনয় ইত্যাদির উল্লেখযোগ্য যে প্রতিষ্ঠান গড়ে উঠেছে Grant আর সুযোগ-সুবিধার লোভ দেখিয়ে সেগুলিকেও হয়ত affiliation মারফৎ নিয়ন্ত্রণ করার চেষ্টা হবে। এইসব প্রতিষ্ঠানকে দেশবাসী ভালবাসে। দেশবাসী রবীন্দ্রভারতী বা এইসব প্রতিষ্ঠানগুলিকে তাদের যশ, মান সমস্ত দিয়েছে, কিন্তু যে জিনিস তারা দিতে পারেনি, যা তাদের ছিলনা তা হচ্ছে অর্থ। আজকে কি তারা সেই অর্থ পাওয়ার আশায় ভুলে যাবে রবীন্দ্রনাথের সেই মহৎ প্রার্থনা, যখন তিনি বিধাতার কাছে বলেছেন—

হে বিধাতা,
দাও দাও মোদের গৌরব দাও
দুঃসাধ্যের নিমন্ত্রণে
দুঃসহ দুঃখের গর্বে।
টেনে তোলো রোমাঞ্চ
ভাবের মোহ হতে
সবলে ধিক্কৃত করো
দীনতায় ধূলায় লুণ্ঠন।
নিঃসংকোচে
মস্তক তুলিতে দাও
অনন্ত আকাশে
উদাত্ত আলোকে
মুক্তির বাতাসে।

বাংলা দেশের মানুষ আর তাদের প্রতিষ্ঠানগুলি দীন, অতি দীন। তবুও এ

তাদের অন্তরের প্রার্থনা। শুধু রবীন্দ্রভারতী কেন, ওধারের বন্ধুরাও এ প্রার্থনায় যোগ দিন এই আশা আমি করব।

[3-50—4 p. m.]

Shri Phakir Chandra Ray : *Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th of October, 1961.*

দুটী আপত্তি আমার আছে। প্রথম আপত্তি হচ্ছে—রবীন্দ্রনাথ বর্তমান ভারতে যে নবজাগরণ, যে রেনেসাঁস্ হয়েছে, তার best product। আমাদের দেশে রবীন্দ্রনাথকে সেই ভাবে যাতে লোক বুঝতে পারে,—দেশের লোককে সেইভাবে বোঝাতে সহায়তা করবার জন্য এই বিশ্ববিদ্যালয় হওয়া উচিত এবং দেশের লোক এবং বিদেশের লোক এই দিক থেকে চেষ্টাকে বুঝতে পারে—এই প্রতিষ্ঠানের রূপ সেই রকম হওয়া উচিত। তা হয়নি।

প্রথমতঃ রবীন্দ্রনাথের নৃত্য-সঙ্গীত এবং যেটা ফাইন আর্ট—তার উপর জোর দেওয়া হয়েছে। এই প্রতিষ্ঠান করতে গিয়ে কলকাতার মত জায়গাতে শুধু এই দিকের উপর জোর দেওয়া ঠিক হয়েছে বলে আমি মনে করিনা। রবীন্দ্রনাথ আমাদের যুগের আদর্শ শ্রেষ্ঠ পুরুষ। তাঁর কি শিক্ষা তাঁর কি দান—সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে তা আমাদের জানান উচিত। বিভিন্ন দিকের ভেতর শিল্পকলা থাকা দরকার, সঙ্গীত থাকা দরকার, নৃত্য থাকা দরকার—বিশেষ করে তাতে জোর দিতে বলা আমার মনে হয় তা ঠিক হয় না।

তৃতীয়তঃ আইনে যা হোক—এটাকে রূপ দেবার উপর তার সফলতা নির্ভর করছে। সরকারী কর্মচারীরা এই প্রতিষ্ঠানের কেন প্রধান নায়ক হয়ে দাঁড়াবেনন। আমি অন্য কিছু সমালোচনা করতে চাই না। আমি শুধু এই কথা বলতে চাই—তাঁরা নিজের নিজের ডিপার্টমেণ্টের কাজ নিয়ে এত ব্যস্ত যে সময় করে উঠতে পারেননা, তার উপর, তার উপর এই ধরণের নূতন প্রতিষ্ঠান গড়ে তোলবার জন্য যে সময় ও অবসর এবং ভাবনা-চিন্তা থাকা দরকার, তা তাদের নাই। এইসব অফিসারদের পক্ষে এই অবসর থাকা সম্ভবপর নয়। তাই আমি বলছি যে বিলটাকে জনমত সংগ্রহের জন্য দেওয়া হোক। যাঁরা রবীন্দ্রনাথ সম্পর্কে বিশেষভাবে চিন্তা ভাবনা করেছেন, তাঁদের সঙ্গে পরামর্শ করে—ভাল করে বিলটাকে ড্রাফ্‌ট্ করে পুনরায় হাউসের সামনে আনা হোক। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Shri Satyendra Narayan Mazumdar : *Sir, I beg to move that the Rabindra Bharati Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 10th of October, 1961.*

মাননীয় স্পীকার মহাশয়, সেদিন আমাদের মুখ্যমন্ত্রী এই বিলটা এখানে উত্থাপন প্রসঙ্গে লেছেন যে রবীন্দ্রনাথের নামে যে 'রবীন্দ্র ভারতী' নামে বিশ্ববিদ্যালয় বিলটা উত্থাপন করছি, তাতে তিনি গর্ববোধ করছেন। আমিও বলছি রবীন্দ্রনাথের স্মৃতির উদ্দেশ্যে যে কোন মহৎ কাজ করতে যাওয়াও তা নিয়ে আমরা আলোচনা করতে পারছি বলে আমরা ও গর্ববোধ করছি। আমরাও চাই রবীন্দ্রনাথের নামে এইরকম একটা প্রতিষ্ঠান স্থাপিত হোক। কিন্তু এই প্রসঙ্গে অনেকগুলো প্রশ্ন আসে; যেগুলি খুব ধীর স্থির ভাবে বিবেচনা করবার প্রয়োজন আছে। কেননা, স্পীকার মহাশয় আপনি এটা দেখেছেন লক্ষ্য করে যে আগে যে সমস্ত বক্তারা বলেছেন, তাঁদের মনেও অনেকগুলি প্রশ্ন উঠেছে। এবং এবারকার এই বিলে একটা জিনিষ দেখেছেন জনমত সংগ্রহের জন্য যে প্রস্তাব, এটা শুধু বিরোধী পক্ষ থেকে দেওয়া হয় নাই, ওপক্ষ থেকেও দেওয়া হয়েছে। তিনি কেন তা দিয়েছেন জানিনা। তবে অনুমান করছি তিনি যে এলাকায় থাকেন, সেটা বিশ্বভারতীর এলাকা। কাজেই সেদিক থেকে তাঁর মনেও প্রশ্ন উঠেছে। আমরা জনমত প্রচারের জন্য যে প্রস্তাব উপস্থাপিত করেছি তার মানে এই নয়

যে আমরা রবীন্দ্রনাথের নামে কোন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা বা রবীন্দ্রনাথ সম্পর্কে আলোচনা বা চর্চা করার বিরোধী। প্রশ্ন সেই সঙ্গে এসেছে—সেই জিনিষটা যেভাবে করতে যাওয়া হচ্ছে, তাতে সেই উদ্দেশ্য সার্থক হবে কিনা! আর একটা বৃহত্তর প্রশ্ন আছে—সেখানে কিভাবে আমরা অগ্রসর হলে এই উদ্দেশ্যকে সার্থক করে তুলতে পারবো। এই সাথে আর একটা প্রশ্ন ও বিশেষভাবে আসে যে রবীন্দ্রনাথের হাতে গড়া যে প্রতিষ্ঠান—বিশ্বভারতী, সেই বিশ্বভারতীর সঙ্গে এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কি সম্পর্ক আছে। যদিও তাঁদের একজন প্রতিনিধি এখানে রাখবার ব্যবস্থা করেছেন, তবুও জিজ্ঞাস্য—বিশ্বভারতীর কাজ কি হবে, আর এই রবীন্দ্র ভারতীরই বা কাজ কি হবে? এই ব্যাপারে বিশ্বভারতীর সঙ্গে পরামর্শ করা হয়েছে কিনা? তাদের পরামর্শ কি? এ সম্বন্ধে আমাদের মনে প্রশ্ন এসেছে এইজন্য যে রবীন্দ্রনাথকে জানা, বোঝাও তাঁকে অধ্যয়ন করবার অনেক প্রশ্ন আছে। আমরা তাঁর বিচার করবো, দেখবো, জানবো, তাঁর আদর্শ নিয়ে এগিয়ে যাব, তাঁর ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবো।

রবীন্দ্রনাথের বিভিন্ন দিক নিয়ে এখনও গবেষণা হয়নি। যাঁরা সেই গবেষণা করছেন, যাঁরা এর সঙ্গে জড়িত আছেন, তাঁরা বিশেষভাবে বলতে পারবেন। কিন্তু তাঁরাই যে চূড়ান্তভাবে সব কথা বলে দিতে পারবেন, এমন কথা নয়। রবীন্দ্রনাথ সম্পর্কে কোন এক বিশেষ ব্যক্তি বা কোন একটি প্রতিষ্ঠান, তাঁরাই রবীন্দ্রনাথ সম্বন্ধে বিশেষজ্ঞ, বা জানবার ও বোঝবার একচেটিয়া অধিকার পেয়েছেন, তা হতে পারে না। আমাদের সকলকে মিলে জানতে হবে, অধ্যয়ন করতে হবে এবং তারপর তাঁর স্মৃতিকে কিভাবে আমাদের জীবনে বাস্তব করে তুলতে পারি তারজন্য চেষ্টা করতে হবে। শুধু তাই নয়, কিভাবে আমাদের জাতির অগ্রগতির পথে সেটা ব্যবহার করতে পারি, সেদিকে লক্ষ্য রেখে, সেইভাবে আমাদের এগিয়ে যেতে হবে। তা নাহলে যাঁরা আজকে চিন্তা করছেন, যাঁরা ভাবছেন, যাঁরা কিছু কিছু অধ্যয়ন করছেন, যাঁরা তাঁকে জানবার সুযোগ পেয়েছেন, যাঁরা রবীন্দ্রনাথের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন, বা যাঁরা রবীন্দ্রনাথের বিভিন্ন ধারা নিয়ে অনুশীলন ও গবেষণা করে চলেছেন, তাঁদের সঙ্গে পরামর্শ করে, তবে এই জিনিষটায় বিশেষভাবে রূপদান করা প্রয়োজন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একথা জানাননি যে বিশ্বভারতীর সঙ্গে পরামর্শ হয়েছে কিনা! তাদের কি মত, তাদের মত কতটা নিয়েছেন বা নেননি, এবং কেন নেননি, তা তিনি জানাননি। অন্য যাঁরা রবীন্দ্রনাথ সম্পর্কে বিশেষজ্ঞ, তাঁরাই বা কি বলেন, এবং যাঁরা রবীন্দ্রনাথ সম্বন্ধে গবেষণা ও অধ্যয়ন করছেন, যাঁরা রবীন্দ্রনাথের বিভিন্ন দিক নিয়ে অনুশীলন করছেন তাঁদের সঙ্গে পরামর্শ আলোচনা কিভাবে হবে, এই জিনিষগুলি জানবার প্রয়োজন আছে। কারণ, রবীন্দ্রনাথের স্মৃতি উদ্‌যাপন করতে গিয়ে দেখি কার্যতঃ রবীন্দ্রনাথের জয়ন্তী উৎসব হলেও তা আজকে প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রীর জয়ন্তী উৎসবে পরিণত হয়ে পড়ে, সেটা শিক্ষামন্ত্রীর জয়ন্তি উৎসব হয়ে পড়ে এমন কি সেটা শিক্ষা সচীবেরও জয়ন্তী উৎসব হয়ে ওঠে। কাজেই তাঁরা যে মহৎ উদ্দেশ্যে এই কাজ করতে যাচ্ছেন, তা করতে গেলে যে ঠিকভাবে হবেই, এ তা নয়। সেইজন্য প্রশ্ন আসে, আসুন আমরা সকলে মিলে পরামর্শ করি, আলাপ, আলোচনা করি। এটা একটা দলীয় ব্যাপার নয়, এটা একটা জাতীয় ব্যাপার; কাজেই এই ব্যাপারে, এটার সম্বন্ধে আলাপ, আলোচনা ও পরামর্শ করে আমরা নিশ্চয়ই এটা করতে পারি এবং সেটা করারও বিশেষ প্রয়োজন আছে।

দ্বিতীয় জিনিষ, যেটা আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন যে রবীন্দ্রনাথের শিক্ষার মধ্যে যে আদর্শ, সেই আদর্শ নিয়ে এঁরা আলোচনা করবেন। রবীন্দ্রনাথের শিক্ষার মধ্যে যে আদর্শ রয়েছে, তার প্রতিটি কথা সকল সময় সর্বক্ষেত্রেই যে প্রযোজ্য হবে, তা নয়। কিন্তু রবীন্দ্রনাথ, তিনি শিক্ষা সম্বন্ধে, তার আদর্শের মধ্যে যে মূল কথাগুলি বলেছিলেন, সেই কথাগুলি বিবেচনা করে এবং যে সরকার এই রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে যাচ্ছেন, তাঁদের যে শিক্ষা নীতি, এই দুটা পাশাপাশি রেখে বিবেচনা করি তাহলে নিশ্চয় আমাদের মনে আশঙ্কা সৃষ্টি হয়। মাননীয় স্পীকার মহোদয়, আমি অন্যদিকে আলোচনার মধ্যে যাব না, এবং সেই সময়ও আপনি দেবেন না। আমি এই কথা বলতে পারি রবীন্দ্রনাথ তাঁর শিক্ষা নীতি সম্বন্ধে আলোচনা

করতে গিয়ে সর্ব্বপ্রধান কথা বলেছেন আমাদের দেশে ইংরাজ আমলে যে শিক্ষা ব্যবস্থা গড়ে উঠেছিল, তার ভিতটা কি ছিল।

[4—4-10 p. m.]

শিক্ষার ব্যাপারে গোড়াতেই বলেছি এতে জাতীয় জীবনের মধ্যে দুটি অংশে ভাগ আছে। এক অংশ অন্ধকারে অশিক্ষায় পড়ে আছে, আর এক অংশ শহরে শিক্ষা পেয়েছেন, এক অংশ আলোকিত হয়েছে আর এক অংশ অন্ধকারে রয়ে গিয়েছে। এজন্যই রবীন্দ্রনাথ বলেছেন যে প্রাথমিক শিক্ষা থেকে, লোকশিক্ষা থেকে সরকারী নীতি, আগাগোড়া যেদিকে এসেছে তা সম্পূর্ণ বিপরীত দিকে। বিশ্ববিদ্যালয়ের বাইরে যারা রয়েছে তাদের সংগে বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ হতে পারে একথা তিনি বার বার বলছেন। বিশ্ববিদ্যালয়ের ভিতরে না হয়েও তার গবেষণা ও সুযোগ সুবিধা যাতে সকলে পেতে পারে তার ব্যবস্থা করা উচিৎ। বিশ্ববিদ্যালয়ের ছাপই শিক্ষার বড় কথা নয় একথা তিনি তার নিজের জীবনে প্রমাণ করে গিয়েছেন, সরকারী শিক্ষানীতির সংগে সেইসব আদর্শের আমরা এত বৈপরীত্য বৈষম্য দেখছি যে তাতে নিশ্চয়ই আমাদের মনে আশঙ্কা হয় যে কিভাবে তারা কাজে সফল হবেন। বেসরকারী তত্ত্বাবধানে অনেক প্রতিষ্ঠান পরিচালিত হয় সরকারের তাদের সাহায্য দেওয়া উচিৎ। কিন্তু দুর্ভাগ্যক্রমে দেখা যায় সরকার যেখানে কোন সাহায্য দিতে চাইছেন সেখানে সেই প্রতিষ্ঠানকে তারা একবারে তাদের কুক্ষিগত করে নিতে চান। এমন কি তার রূপ যা ছিল তাঁরা যখন তাকে খাড়া করলেন তখন প্রায় দেখা যায় তাঁরা শিব গড়তে গিয়ে বাঁদর গড়েছেন। এখন রবীন্দ্র ভারতী বলে অনেক বেসরকারী সংস্থা প্রতিষ্ঠিত হয়েছে, সেই সংস্থাগুলির সংগে এই প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ থাকবে কিনা, বা সেই সংস্থাগুলি কতদূর কি কাজ করেছে তা আমরা জানিনা এবং সরকার বা মুখ্যমন্ত্রী তা আমাদের জানানোর চেষ্টা করেননি। সেই সংস্থাগুলি সম্বন্ধে কানা ঘুষায় শুনা যায় যে তাদের অভিযোগ ছিল বহুদিন পর্য্যন্ত সেই সংস্থা গুলিতে যারা কাজ করতেন তারাও অভিযোগ করছেন তাঁরা এখন আছেন কিনা জানিনা যে সরকার সেই সংস্থাকে অর্থসাহার্য্য দেওয়ার অজুহাত নিয়ে সেটাকে সম্পূর্ণ কুক্ষিগত করবার চেষ্টা করছেন। সেই রবীন্দ্র ভারতী সংস্থা কিভাবে কাজ করেছেন তার সংগে প্রস্তাবিত রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ হবে এবং তারা সহযোগিতা করবেন তা আমরা জানিনা। এই প্রস্তাবিত বিলে একটা বিলের ব্যবস্থা রয়েছে যে এই প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় রবীন্দ্র ভারতী সংস্থার কোন কাজ আংশিক ভাবে বা সম্পূর্ণ ভাবে নিতে পারেন। কিন্তু কি তার assets কি তার liabilities তা আমরা জানিনা সেট. আমাদের মুখ্যমন্ত্রীর জানান উচিৎ ছিল। তাকে নিতে গিয়ে তার liabilities ঘাড়ে চাপবে না অন্য কিছু আছে এ প্রশ্নগুলি এখানে উঠা স্বাভাবিক। এই বিশ্ববিদ্যালয় গঠনের ব্যাপারে কতকগুলি প্রশ্ন এসে যাচ্ছে। সেখানে কাদের নিয়ে এটা গঠিত হবে এটা অনেক চিন্তা করেও ভেবে পাচ্ছিনা। বিভিন্ন কলেজ রয়েছে তার principalরা রয়েছেন। অন্যান্য বিশ্ববিদ্যালয় যে প্রতিষ্ঠিত রয়েছে সেখানে আগে থেকে কতকগুলি কলেজ ছিল। এখানে কোন কোন প্রতিষ্ঠান আছে যেগুলি মুখ্যমন্ত্রী মনে করেন রবীন্দ্র সংস্কৃতির একটা কলেজ স্তরে শিক্ষা দিয়ে উন্নত করা যেতে পারে। কিন্তু সেরকম কলেজ এখানে কোথায়? আপনারা বলেছেন principles নিয়ে এটা গঠিত হবে এই এই বিশ্ববিদ্যালয়ের। সেই principalরা কোথায় যে বিভিন্ন বিভাগে তার যে প্রধান heads of the departments তারা থাকবেন তারা কোথায়? এই বিশ্ববিদ্যালয় বিলে তার সে ধারা আছে যে যারা প্রাক্তন উপাচার্য্য তারা সব থাকবেন। যে বিশ্ববিদ্যালয় এখনও গঠিত হয়নি সেখানে প্রাক্তন উপাচার্য্যদের থাকবার প্রশ্ন আসে না। বর্দ্ধমানে তাহলে কি অবস্থা হয়েছে? সেখানে বিশ্ববিদ্যালয় বিল আমরা পাস করে দিলাম বিশ্ববিদ্যালয় গঠিত হ'ল, কিন্তু এখানে কে থাকবেন? শিক্ষাসচিব থাকবেন, রাজস্ব বিভাগের সচিব থাকবেন আর উপাচার্য্য সে ৪ জন লোককে মনোনয়ন করবেন তারা থাকবেন ও কাজ করবেন। তারা রবীন্দ্র সংস্কৃতি ও রবীন্দ্রনাথ সম্বন্ধে সব কিছু জেনে গিয়েছেন তা আমরা

মনে করতে পারিনা এবং আমাদের এতদিন বিভিন্ন ব্যাপারে যে তিক্ত অভিজ্ঞতা আছে তাতে করে নানারকম সন্দেহ জাগে। এখানে যে বিল আমরা পাস করে দিলাম বিশ্ববিদ্যালয় গঠিত হল—তার সংগে যারা থাকবেন তারা কিভাবে কাজ করবেন এ প্রশ্ন মনে উঠেছে। বিশেষ একটা কথা হচ্ছে বিলে লিখে দেওয়া হয়েছে এর কোন financial implications নেই। তাহলে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের জন্য কোথা থেকে টাকা আসবে, সরকার তাদের কি দেবেন কোথা থেকে দেবেন, তার কিছুই জানতে পারলাম না। সেজন্যে সংশোধনী প্রস্তাব এসেছে। রবীন্দ্রনাথের শিক্ষা সংস্কৃতি, গবেষণা আমাদের জীবনের প্রগতির পথে আমাদের প্রভাবিত করুক এ আমরা চাই। তার শিক্ষাদর্শিকে নিয়ে চর্চ্চা হোক, যাঁরা তাঁর সংস্কৃতির বিভিন্ন দিক নিয়ে চর্চা করেছেন তাদের সাহায্য নেওয়া হোক, সংস্কৃতিক সংগঠনগুলিকে আধিক সাহায্য এবং উৎসাহ দেওয়া হোক তাদের সকলকে নিয়ে রবীন্দ্রাদর্শ চর্চ্চার একটা চিন্তার প্রবাহের সৃষ্টি হোক এই আমরা চাই। কিন্তু রবীন্দ্র সংস্কৃতিক নাম করে আমরা যে পদক্ষেপ দিতে যাচ্ছি তা আমাদের সেই আদর্শের দিকে এগিয়ে নিয়ে যাবে কিনা সেটাই আমাদের প্রশ্ন। এখানে তাড়াতাড়ি করে কিছু করতে হবে এই মনোভাব নিয়ে কাজ করলে সুফল কতটা পাওয়া যাবে তাতে সন্দেহ আছে। বরং কি ভাবে আমরা এই বিলের দোষ ত্রুটি দূর করতে পারি, কি ভাবে একটা পূর্ণাঙ্গ, সুপরিকল্পিত বিল আমরা খাড়া করতে পারি সেই সমস্ত দিক বিবেচনা করে যদি এগিয়ে আসি তাহলে উদ্দেশ্য সফল হতে পারবে।

Shri Chitta Basu : I beg to move that the Rabindra Bharati Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1961.

মাননীয় স্পীকার মহোদয়, রবীন্দ্রনাথের জন্ম-শত-বার্ষিকী উপলক্ষে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় স্থাপিত হোক এই সম্পর্কে হয়ত এই বিধান সভার কোন সদস্যের আপত্তির কারণ নেই। বাংলা দেশের কেন, সমস্ত পৃথিবীর মানুষের যে শ্রদ্ধা কবিগুরুর প্রতি আছে এ কথা আমরা জানি এবং বাঙালী হিসাবে, আমাদের দেশের কবি হিসাবে আমাদের সরকার তাঁর স্মৃতির যে প্রয়োজনীয় ব্যবস্থা করবেন সেটা আমাদের সরকারের পরম কর্ত্তব্য। কিন্তু সেই কর্ত্তব্য পালন করতে গিয়ে এই ধরণের কোন প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় গঠন করবার উদ্যোগী হয়েছেন, নিশ্চয়ই সকল দলের, সকল মতের সদস্য, তাদের সমর্থন পাবার যোগ্যতা তাদের আছে। কিন্তু Particularly in the branches of Music, Fine Arts, Dance and Drama-র প্রচেষ্টা যেভাবে হচ্ছে সেই প্রচেষ্টাকে আমাদের সর্ব্বান্তকরণে সমর্থন করা সম্ভব হচ্ছে না। সম্ভব হচ্ছে না এই কারণে যে, যে পদ্ধতিতে, যে উপায়ে এবং যেভাবে এই পরম কর্ত্তব্য পালন করার জন্য সরকার পদক্ষেপ করছেন তাতে আমরা একমত হতে পারছি না। কেন পারছি না, এই সম্পর্কে পূর্ব্ববর্ত্তী বক্তারা আমার বক্তব্যের অনেকখানি বলেছেন, তবুও দু' একটি কথা আমি আপনার মাধ্যমে, স্পীকার মহোদয়, যিনি এই বিল পরিচালনা করছেন তাঁর দৃষ্টিতে আনতে চাই। এই বিশ্ববিদ্যালয় খোলার মধ্যে দিয়ে, এই রবীন্দ্র ভারতীর মুখ্য উদ্দেশ্য হবে গান, নাটক, বাজনা ইত্যাদি। এবং এর উপরেই বেশী করে জোর দেওয়া হয়েছে। রবীন্দ্রনাথের সংস্কৃতির অন্যান্য দিক যে আরো আছে সেই সম্পর্কে যদিও তাঁরা কিছু কিছু কথা বলেছেন, তাহলে পরেও সামগ্রিকভাবে দেখতে গেলে মনে হয়, সেদিকে নজর না দিয়ে এই দিকে জোর বেশী করে দেওয়া হয়েছে। এবং বিলের প্রাক্কথিক মুখবন্ধেও তার উল্লেখ করেছেন। রবীন্দ্রনাথের সাংস্কৃতির অন্যান্য বিভাগের শিক্ষা দেবার এই বিশ্ববিদ্যালয়ে সুযোগ থাকবে Particularly in the branches of Music, Fine Arts, Dance and Drama র উপর বেশী জোর দেওয়া হয়েছে। নিশ্চয়ই এর গুরুত্ব আমরা অস্বীকার করি না, এটা অপ্রয়োজন তা বলছি না, কিন্তু আজকে আমাদের বুঝতে হবে রবীন্দ্রনাথ আমাদের দেশকে গঠন করবার জন্য, নূতন সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করবার জন্য, জনগণের নূতন জীবনের

পথ খুলে দেবার জন্য যে সমস্ত সামাজিক সমস্যার কথা বলেছেন, সমস্ত অর্থনৈতিক অবস্থার কথা বলেছেন, জীবনের বিভিন্ন দিকের সমস্যার কথা তিনি উল্লেখ করেছেন এবং সেই সমস্ত বিষয় সম্পর্কে তাঁর যে অনুশীলন আছে, সে সম্পর্কে তিনি যে গুরুত্বপূর্ণ মত প্রকাশ করেছেন, সেই সম্পর্কে বিশেষ আলোচনা করে দেশ গঠনের ক্ষেত্রে, জাতিকে গঠন করার ক্ষেত্রে, সেই আদর্শকে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে সরকারের যে দায়িত্ব ছিল সেই দায়িত্ব পালন করবার ক্ষেত্রে সরকার থেকে বিশেষ নজর দেওয়া হয়েছে বলে মনে করি না।

[4-10—40-20 p. m.]

বরং অত্যন্ত সহজভাবে, সহজিয়া রূপে যাতে আমরা সাধারণ মানুষ কবি রবীন্দ্রনাথের স্মৃতি উৎসাপন করতে গেলে সঙ্গীতের আয়োজন করতে হবে, নৃত্যের আয়োজন করতে হবে, এবং তার জন্য যে কাজগুলি প্রয়োজন সেদিকে বেশি করে জোর দেওয়া হয়েছে। এই হচ্ছে প্রথম কথা। দ্বিতীয় কথা হচ্ছে, এবং আমরা দেখছি সরকার থেকে রবীন্দ্র-শত-বার্ষিকী পালন করবার ব্যবস্থা হয়েছে। এজন্য কতগুলি ধনী যারা অর্থ দিতে পারে তাদের নিয়ে কমিটি গঠন করে হাল্কাভাবে গান বাজনা দিয়েই তাঁদের কর্তব্য শেষ করবার চেষ্টা করেছেন। রবীন্দ্রনাথের আদর্শকে প্রচার করার জন্য যদি কোন উল্লেখযোগ্য প্রচেষ্টা সরকারের তরফ থেকে হয়ে থাকে এই উপলক্ষে সেটা হচ্ছে রবীন্দ্রনাথের রচনা প্রকাশ। কিন্তু তাতে অনেকে বলেছেন এই প্রচেষ্টাও সর্বাঙ্গসুন্দর ও সাফল্যমণ্ডিত করতে পারেন। সমস্ত সংখ্যা প্রকাশ করা সম্ভব হয় নি; এ পর্যন্ত গুটি কয়েক মাত্র প্রকাশিত হয়েছে। এর দ্বারা মনে হয় জনগণের কাছে রবীন্দ্রনাথের ভাবধারা পৌঁছে দেবার যে দায়িত্ব সরকারের ছিল এবং যে উদ্দেশ্য নিয়ে এই বিশ্ববিদ্যালয় হওয়া উচিৎ সেই কথা চিন্তা করছেন না। বরং আপমর জনসাধারণকে তা থেকে বঞ্চিত রেখে কয়েকজন মাত্র তথাকথিত রবীন্দ্রানুরাগীর ওপর সমস্ত বিষয়ের দায়িত্ব চাপিয়ে দিয়ে এঁরা এদের দায়িত্ব পালনের চেষ্টা করছেন। তৃতীয় অভিযোগ হচ্ছে রবীন্দ্র সংস্কৃতি সম্পর্কে অন্যান্য প্রতিষ্ঠানও চর্চা ও আলোচনা করে থাকেন, তারাও এতদিন ধরে তাদের ক্ষুদ্র সংগতিও প্রচেষ্টা নিয়ে অনেক কাজ করেছেন। কিন্তু আমার মনে হয় এ ক্ষেত্রেও বিশ্বভারতীর উল্লেখযোগ্য অবদান আছে। এখানে আমরা দেখি, এবং Statement of Objects and Reasons এ বলা হয়েছে একটা museum করা হবে। বিশ্বভারতীতেও একটা আছে। সেখানে এমনকি রবীন্দ্রনাথের দৈনন্দিন জীবনের ব্যবহৃত উপকরণ সংরক্ষিত করা আছে। এখানেও তা সংরক্ষণের ব্যবস্থার পরিকল্পনা আছে। এখানে সঙ্গীত, নাটক, নৃত্য সম্পর্কে যে বিশেষ জোর দেওয়ার প্রশ্ন হয়েছে বিশ্ব ভারতীতে সেই ব্যবস্থা আছে। কিন্তু আমাদের সরকার পক্ষ থেকে বিশ্বভারতীকে বেশী করে কাজ করার সুযোগ না দিয়ে তার দায়িত্ব গ্রহণ করবার প্রচেষ্টা করছেন। আমরা জানি রবীন্দ্রসংগীত শিক্ষা, প্রসার ও গবেষণার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান, যেমন গীতবিতান ইত্যাদি আছে, তাদের পৃষ্ঠপোষকতা না করে আজকে এই রকম একটা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার কি প্রয়োজন। যদি dance, drama ও music প্রচার করা উদ্দেশ্য হয় তা হলে Dance Drma, music Academy আছে, তাদের উপর কেন দায়িত্ব দিলেন না? যদি মনে করেন cultural meeting ground of literature করা দরকার তাহলে আমরা মনে করি কলিকাতা বিশ্ববিদ্যালয় ও অপরাপর বিশ্ববিদ্যালয় আছে যেখানে modern language সম্পর্কে আধুনিক লেখাপড়া ও গবেষণা করবার ব্যবস্থা আছে সেখানে ব্যবস্থা না করে আরেকটা বিশ্ববিদ্যালয় করার কি প্রয়োজন ছিল? তারপর আরেকটা জায়গায় বলা হয়েছে, science, humanities, all branches of learning সম্পর্কে ব্যবস্থা করবেন। এক কথায় বলা যেতে পারে, রবীন্দ্র সংস্কৃতি প্রসারের জন্য যারা বিভিন্ন দিক থেকে চেষ্টা করছেন তাদের সাহায্য না করে আরেকটা প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য কেন এরা চেষ্টা করছেন আমি বুঝতে পারি না। যারা সরকারের কোন রকম দাক্ষিণ্য গ্রহণ না করে রবীন্দ্র সংস্কৃতি প্রসারের জন্য প্রচেষ্টা করছেন তাদের সাহায্য না করে এরা এমন একটা প্রতিষ্ঠান করতে চাচ্ছেন যারা নিয়ন্ত্রণ ও পরিচালনার ভার দেওয়া হবে তাদেরই নিজেদেরই

লোকের উপর। মাননীয় স্পীকার মহাশয়, একটু লক্ষ্য করলে আপনি দেখবেন এই প্রতিষ্ঠানের পরিচালনা ও দায়িত্ব সরাসরিভাবে সরকারই বেশিকরে গ্রহণ করছেন। যাদের নিয়ে এই য়ুনিভার্সিটি গঠন করা হবে, কমপক্ষে ১৭জনের মতো সদস্য সরকার পক্ষ থেকে এই বিশ্ব-বিদ্যালয়ে থাকবে, এবং বেসরকারীভাবে যাঁদের নেওয়ার প্রভিসন করা হয়েছে—তাঁদের সংখ্যা ৭ জনের বেশী হবেনা। কলেজ ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান যারা রবীন্দ্রনাথের বিভিন্ন দিক সম্পর্কে গবেষণা করেন, তাদের পক্ষ থেকে representation, যারা প্রতিনিধিত্ব করবেন তাঁদের সংখ্যা মাত্র ৩ জন। শিক্ষকদের পক্ষ থেকে মাত্র তিনজন, আর সরকার মনোনীত ও নিয়োজিত সদস্যের সংখ্যা ১৭জন, অপর পক্ষে বেসরকারী সদস্যের সংখ্যা মাত্র ৭ জন। এককথায় বলতে গেলে, সামগ্রিকভাবে সরকারই এটাকে নিয়ন্ত্রণ করতে চান, স্বাভাবিক ভাবে এর বিকাশের সুযোগ দিতে চান না। কাজেই এটা পুনরায় বিশদভাবে বিবেচনা করার জন্য একটা নতুন বিল রচনার জন্য সরকারের নিকট আবেদন জানাচ্ছি।

Shri Sunil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1961.

মাননীয় স্পীকার মহাশয়, বিশ্বকবি রবীন্দ্রনাথের শতবর্ষপূর্তি স্মারক উপলক্ষে যে বিলটা এখানে মুখ্যমন্ত্রী অত্যন্ত আত্মশ্লাঘা ও উৎসাহের সংগে উপস্থাপিত করেছেন আমি তাতে সায় দিতে পারছিনা। এজন্য আমি জনমত সংগ্রহার্থ একটা মোশন দিয়েছি। পশ্চিমবংগ সরকার বিশ্বকবির স্মৃতিকে যে বিশ্ববিদ্যালয়ের মধ্য দিয়ে উদ্‌যাপিত করবার চেষ্টা করছেন তার উদ্দেশ্য ও ধরণের সঙ্গে রবীন্দ্রনাথের জীবনবোধ ও আদর্শের সম্পর্ক কতটুকু? মিঃ স্পীকার স্যার, গত উনিশ শতকে পৃথিবীর আর এক মহাকবি তাঁর মহাপ্রয়াণের সময় বলে গিয়েছিলেন, 'light, more light'—'আলো, চাই—আরো আলো' আমি মহাকবি গ্যাটের কথা বলছি। যে আর্তি সেই মহাকবি রেখে গিয়েছিলেন, আমাদের গৌরবের কথা, আনন্দের কথা, আমাদের দেশেও আর এক মহাকবি আলোর ঝরণাধারায় আমাদের জীবনকে সিক্ত করে গিয়েছেন এবং সামগ্রিকভাবে কলঙ্কমুক্ত করে মনুষ্যত্বকে সর্বোত্তম মহিমায় প্রতিষ্ঠিত করে গিয়েছেন। সেই মহাকবির জীবনবোধ এবং শিক্ষাদর্শকে রূপান্তরিত করবার জন্য যে ক্ষীণ ও দুর্বল এবং বিকৃত চেষ্টা এই বিলের মধ্যে দেখছি আমি তার প্রতিবাদ না করে পারছি না।

[4-20—4-30 p.m.]

শিক্ষার আদর্শ সম্পর্কে আমার পূর্বে বিভিন্ন বক্তারা আলোচনা করে গেছেন, কবির জীবনবোধ সম্পর্কে আলোচনা করে গেছেন। আমি বলব মহাকবির সর্বোত্তম উত্তরসাধকের দায়িত্ব যদি পশ্চিমবঙ্গ সরকারকে নিতে হয় এবং তাঁদের সেই স্পর্ধা ও সাহস যদি থাকে তাহলে কবির সর্বোত্তম সৃষ্টি যে বিশ্বভারতী তা ঐ ১৯৫১ সালের আইনে যে আদর্শচ্যুতি ঘটেছে যেই আদর্শচ্যুতি এবং স্খলন থেকে যদি আজকে মহাকবির বিশ্বভারতীর আদর্শকে উদ্ধার করতে পারতেন, তাহলে বলতাম পশ্চিমবংগ সরকার সত্যি সত্যি বিশ্বকবির যথাযোগ্য উত্তরসাধকের যোগ্যতা অর্জন করেছেন। আমরা দেখেছি যে বিশ্বভারতীর আদর্শ ছিল—"to study the mind of man in its realisation of defferent aspects of truth from diverse points of view, to bring into more intimate relation with one another, through patient study and research, the different cultures of the East on the basis of their underlying unity" এবং অন্যান্য যে সব মহৎ আদর্শ বিশ্বভারতী সম্পর্কে ছিল তাকে বেদান্তের কয়েকটা কথায় বলতে হয়—"যত্র বিশ্বং ভবত্যেকনীড়ম্"। ১৯১৮ সালের ডিসেম্বর মাসে বেদান্তের

এই উদ্ধৃতিটি বিধুশেখর শাস্ত্রী মহাশয় রবীন্দ্রনাথের সামনে তুলে ধরেছিলেন। বিশ্বভারতীও এই আদর্শকে সবসময় সামনে রেখে নিজের কাজের ক্ষেত্রকে প্রসারিত করে গেছেন। কিন্তু এই আদর্শ থেকে ভ্রষ্ট হয়ে বিশ্বভারতী-আইনে আমরা দেখেছি যে বিশ্বভারতী শুধুমাত্র An Institute of national importance এর চেয়ে বেশী আর কিছু নয়। এই যে আদর্শ পরিত্যাগ করবার সর্ত বিশ্বভারতীকে গ্রহণ করতে হয়েছিল ভারত সরকারের সাহায্য পাবার জন্য সেই গ্লানি থেকে যদি পশ্চিমবঙ্গ সরকার বিশ্বভারতীকে উদ্ধার করতেন তাহলে আমরা পশ্চিমবঙ্গ সরকারকে অভিনন্দন জানাতাম এবং বলতাম যে আপনারা যথা সময়ে উত্তর সাধকের কাজ করেছেন। কিন্তু আমরা কি দেখছি—অনুকরণের একটা সীমা আছে—এর ভাল দিকও আছে, এর ক্ষীণ দিকও আছে। এখানে যে বিল আনা হয়েছে সেই বিলের ভিতর আমরা দেখতে পাচ্ছি যে নানা উদ্দেশ্য এর ভেতর নিহিত রয়েছে। সরকারের হাত এই বিলের ভিতর দিয়ে প্রসারিত হচ্ছে। এই সম্ভাবনা সম্পর্কে কবি রবীন্দ্রনাথ নিজে একদা শুধু বাংলার দেশবাসীকে নয় সারা ভারতবাসীকে সাবধান করে দিয়েছিলেন "শিক্ষা সংস্কার" প্রবন্ধের ভেতর দিয়ে। আজ সেই সম্ভাবনা আমরা এর ভেতর দেখছি। তিনি বলেছিলেন, "শিক্ষা দিবার উদ্দেশ্যের সঙ্গে সঙ্গে যদি আর কোন অবান্তর উদ্দেশ্য ভিতরে ভিতরে থাকিয়া যায় তবে তাহাতে বিকার জন্মায়।" তিনি আরও বলেছেন, "কর্তৃপক্ষ আজকাল আমাদের শিক্ষার মধ্যে পলিটিক্যাল মতলব সাধন করাইবার চেষ্টা করিতেছেন তাহা বোঝা কঠিন নহে। শিক্ষাকে তাঁহারা শাসন বিভাগের আফিসভুক্ত করিয়া লইতে চান।"

এ বিল যেভাবে গড়েছেন তাতে—সবচেয়ে বড় কথা হল শিক্ষাকে শাসনভুক্ত করে নিতে চান।

Mr. Speaker: Mr. Das, there are two other speakers on your side.

Shri Sunil Das: এই বিলের উদ্দেশ্য সম্পর্কে যত কথাই বলা হোক্ না কেন, এই Universityতে Dance Dramaই হবে প্রধান উপজীব্য। আমাদের বলতে লজ্জা হয়, মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে যে কথা বলেছেন তাতে রবীন্দ্রনাথের জীবনবোধ সম্পর্কে অতি সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গী, অতিক্ষীণ উপলব্ধি প্রকাশ পেয়েছে। তিনি বলেছেন, The original idea was that the University would only teach music, dance, drama and fine arts.

তিনি Eastern University থেকে quotation দিয়েছেন সত্য কথা, কিন্তু তাঁর গোড়াকার উদ্দেশ্য ছিল শুধু dance, drama শিক্ষা দেওয়া। কিন্তু বিশ্ববিদ্যালয় কমিশনের চাপে পড়েই হোক্ এবং কিছুটা জনসাধারণের সমালোচনায় পড়েই হোক্, কিছু কিছু ফুল বেলপাতা নৈবেদ্যের মত দিয়েছেন। দিয়ে বলেছেন—A university for advancement of learning and culture কিন্তু তার সঙ্গে এও বলেছেন—particularly in the branches of music, fine arts, dance and drama.

Mr. Speaker: You have arleady taken 15 minutes. How long more would you take?

Shri Sunil Das: Another ten minutes.

Mr. Speaker: Then take the time from your friends.

Shri Sunil Das: মাননীয় সদস্য সোমনাথবাবু রবীন্দ্রনাথের আদর্শ সম্পর্কে কিছু আলোচনা করেছেন। আমি সেই সঙ্গে দু'একটি কথা সংযোজিত করতে চাই। বিশ্ব-বিদ্যালয়ের ভিতর দিয়ে রবীন্দ্রনাথের জীবনবোধকে সরকার যদি রূপদান করতে চাইতেন তাহলে রবীন্দ্রনাথের শিক্ষা সম্পর্কে যে ধারণা ছিল তার স্বীকৃতি এ বিলে থাকত এবং তিনি

যে ভাবধারা রেখে গিয়েছেন তার স্বাক্ষর এ বিলের ভিতর কিছু না কিছু থাকত। শিক্ষা সমস্যা সম্পর্কে যে Eastern University থেকে আমি উদ্ধৃতি দিচ্ছিনা—অন্যান্য বক্তারা বলে গিয়েছেন। কিন্তু শিক্ষাসমস্যা সম্পর্কে রবীন্দ্রনাথ লিখতে গিয়ে স্পষ্ট করে বলেছেন—"শিক্ষার জন্য এখনও আমাদের বনের প্রয়োজন আছে" হয়ত এ কথা আমাদের হাসির উদ্রেক করতে পারে, কিন্তু রবীন্দ্রনাথের আদর্শের প্রতি যদি কিছুমাত্র স্বীকৃতি থেকে থাকে তাহলে এ কথাগুলি আমাদের শুনতে হবে এবং সে কথানুযায়ী কাজ করার চেষ্টা আমাদের করতে হবে। তিনি লিখে গিয়েছেন—"গুরুগৃহও আমাদের চাই, বন আমাদের সজীব বাসস্থান, গুরু আমাদের সহৃদয় শিক্ষক। কালের আমাদের যতই পরিবর্তন হয়ে থাকুক, শিক্ষায় নিয়মের উপযোগিতা কিছুমাত্র হ্রাস পায় নাই—কারণ এ নিয়ম মানবচরিত্রের নিত্য সত্যের উপর প্রতিষ্ঠিত। যদি সম্ভব হয় বিদ্যালয়ের সঙ্গে খানিকটা জমি থাকা আবশ্যক"।

[4-30—4-40 p. m.]

তারপর তিনি আরও বলেছেন যে, "অনুকূল ঋতুতে বড় বড় ছায়াময় গাছের তলায় ছাত্রদের ক্লাশ চলিবে। তাহাদের শিক্ষার কতক অংশ অধ্যাপকের সহিত তরুশ্রেণীর মধ্যে বেড়াইতে বেড়াইতে সমাধা হইবে। সন্ধ্যার আকাশে তাহারা নক্ষত্র পরিচয়, সঙ্গীত চর্চ্চা, পুরাণকথা এবং ইতিহাসের গল্প বলিয়া যাপন করিবে।"

মিঃ স্পীকার স্যার, আর একটা কথা এখানে আলোচিত হয়েছে যে, জনসাধারণের জীবনের সঙ্গে শিক্ষার ঘনিষ্ঠ সংযোগ স্থাপণের যে উদ্যোগ এবং প্রয়াস রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শের ভিতর স্বীকৃতি পেয়েছে, আমাদের এই ইউনিভরসিটি বিলে তার কোন স্বাক্ষর পাচ্ছিনা। তবে আমার বক্তব্য হচ্ছে যে, অন্য যেসমস্ত আদর্শের কথা আমরা আলোচনা করলাম সেগুলো ছেড়ে দিলেও আর একটা যে দিক রয়েছে সেটা যদি আমরা সফল করে না তুলতে পারি তা হলে রবীন্দ্রনাথের শিক্ষার আদর্শ ব্যর্থ এবং প্রহসনে পরিণত হবে। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে যে, সেই দিকটাও এই বিল সম্পূর্ণরূপে উপেক্ষা করেছে। মিঃ স্পীকার স্যার, ড্যান্স, ড্রামা এবং মিউজিক-এর জন্য একাডেমি ছিল সেটা আজকে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হতে চলেছে। কিন্তু এই ড্যান্স, ড্রামা এবং মিউজিক এ্যাকাডেমীর সার্থকতা কতটুকু, তাঁরা কি কি কাজ করেছেন, কত বিভিন্ন ক্ষেত্রে তাঁরা সার্থক হতে পেরেছেন, কত নূতন শিল্পী তৈরী করেছেন এবং কি ভাবে লোকরঞ্জন করতে পেরেছেন তার কোন হিসাব মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের দিলেন না। তবে এ প্রসঙ্গে আমি জোরের সঙ্গে একটা কথা বলতে পারি যে, গীত-বিতান, শৌভনিক, বৈতানিক, দক্ষিণী প্রভৃতি বেসরকারী প্রতিষ্ঠানগুলো নিজেদের চেষ্টায় যতখানি সার্থকতা লাভ করেছে সেই তুলনায় সরকারী পরিপোষকতায় এই ড্যান্স, ড্রামা এবং মিউজিক এ্যাকাডেমি বিন্দুমাত্র সার্থকতা লাভ করতে পারেনি। যা হোক্, এই বিল সম্পর্কে আমার বক্তব্য শেষ করবার আগে আমি একটা কথা বলতে চাই যে, রবীন্দ্রনাথের স্মারক সম্পর্কে যদি পশ্চিমবঙ্গ সরকারের কোন সাংস্কৃতিক আগ্রহ থাকে তাহলে তাঁরা রবীন্দ্রনাথের পৈতৃক ভিটায় একটা ইন্টারন্যাশনাল সেন্টার তৈরী করে সেখানে একটা আন্তর্জাতিক সংস্কৃতিক্ষেত্র তৈরী করুন, সেখানে একদিকে বিভিন্ন বিষয় আলোচিত হবে এবং অন্যদিকে বিভিন্ন সুধীজনের সমাবেশের ক্ষেত্র প্রস্তুত হয়ে সেখানে রবীন্দ্রনাথ সম্পর্কে বিভিন্ন সময় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। তবে এই ইউনিভারসিটি আপনারা যে রূপ দিয়ে করতে চাচ্ছেন তাতে শুধু ইউনিভারসিটিকেই কলঙ্কিত করা নয়, এর সাথে সাথে রবীন্দ্রনাথের স্মৃতিকেও কলঙ্কিত করবার চেষ্টা করা হবে। সেইজন্যই আমি বলছি যে এই বিলকে জনসাধারণের কাছে সার্কুলেট করুন এবং সাথে সাথে মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাই যে সেখানে ইন্টারন্যাশনাল সেন্টার তৈরী করে রবীন্দ্রনাথের বিভিন্ন দিক নিয়ে আলোচনা এবং গবেষণার ক্ষেত্র প্রস্তুত করুন। এই দিকে যদি তাঁরা যান তাহলে ১৯৫১

সালে শান্তিনিকেতন যেখানে আদর্শ ভ্রষ্ট হয়েছে তা' থেকে তাঁদের উদ্ধার করা যাবে এবং রবীন্দ্রনাথের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার আদর্শকে পরিপূর্ণভাবে রূপ দেওয়া যাবে। এই আহ্বান আর একবার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Manikuntala Sen: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th of October, 1961.

মাননীয় স্পীকার মহাশয়, ডাঃ বিধানচন্দ্র রায় যখন এই বিল উত্থাপন করেন তখন তিনি উল্লেখ করেছিলেন যে, তিনি রবীন্দ্র শতাব্দীতে এই বিল উত্থাপন করতে গিয়ে যথেষ্ট গৌরববোধ করছেন। এটা যে গৌরববোধ করার কথা সেটা আমিও স্বীকার করি, কারণ রবীন্দ্র শতাব্দীতে রবীন্দ্রনাথের সংস্কৃতিকে বিস্তৃত করবার জন্য আমাদের যদি কোন অবদান থাকে তাহলে সেটা নিশ্চয়ই আমাদের পক্ষে গৌরবের বিষয় এবং দেশের পক্ষে মঙ্গলজনক।

কিন্তু এই বিল সম্পর্কে আমার সার্কুলেশান মোশান দেওয়ার কারণ হচ্ছে—আমার আশংকা হয় এই রকম একটা প্রতিষ্ঠান করতে যাওয়ার আগে যতখানি গুরুত্ব দিয়ে বিবেচনা করার দরকার ছিল মুখ্যমন্ত্রী অথবা শিক্ষামন্ত্রী বা আমাদের সরকার তা করেছেন কি না। যে উদ্দেশ্য বর্ণনা করেছেন তাতে অনেক ভাল ভাল কথা লেখা আছে—৭ টা ক্লজ তার মধ্যে দেওয়া আছে। নানারকম বিষয় শেখানোর কথা তার মধ্যে আছে—Science, Humanities থেকে আরম্ভ করে সমস্তরকম বিষয় শেখানোর কথা আছে এবং Dance, Drama & Music সম্পর্কে শিক্ষা দেবার কথা তার মধ্যে আছে। কিন্তু আমার মনে হয় যে রবীন্দ্রসংস্কৃতির ব্যাপক বিস্তার সাধন আমরা চাইছি—বিশেষ করে যার সম্পর্কে বাংলাদেশের অসীম দায়িত্ব আছে এবং বাংলা সরকারের অসীম দায়িত্ব আছে, সেই দায়িত্বপালনে উপযোগী হবার জন্য যথেষ্ট গুরুত্ব দিয়ে এ সম্পর্কে আলোচনা হয়নি, অন্ততঃ মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্য দিয়ে এই রকম কোন আভাষ পেলাম না। এই বিল আনবার আগে যাঁরা রবীন্দ্রসংস্কৃতি নিয়ে চিন্তা করেন বা যাঁরা নানারকম কাজে ব্যাপৃত আছেন সেই সব মনীষীদের নিয়ে কোন রকম আলোচনা করা হয়েছে? এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য কি হবে, উদ্দেশ্য কি হবে এবং তার পরিণতি কি হবে সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা অন্ততঃ মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্য দিয়ে পাওয়া গেলনা। সরকার পরিচালনা করবার জন্য যে সমস্ত আইন-কানুন আনবার দরকার হয় সেগুলি নিশ্চয়ই তাঁদের নিজস্ব আলোচনায় চলে, আর পাঁচজন সুধী ব্যক্তিকে ডাকবার প্রয়োজন হয় না। কিন্তু যেখানে একটা বিশ্ববিদ্যালয় সৃষ্টির জন্য পরিকল্পনা করতে হয়, বিশেষ করে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় সৃষ্টির জন্য পরিকল্পনা করতে হয়, সেখানে আমি বলব এতখানি অহঙ্কার থাকা উচিৎ নয় যে এ সম্পর্কে আমি একলাই বিশেষজ্ঞ অথবা পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রীসহ যে কটি বিশিষ্ট ব্যক্তি আছেন সেই কটি ব্যক্তিই একমাত্র বিশেষজ্ঞ, আর যাঁরা রবীন্দ্রসংস্কৃতি নিয়ে কাজকর্ম করেন বা আলোচনা করেন তাঁদের সঙ্গে আলোচনা করার প্রয়োজন নেই। এটা ভাবা উচিৎ নয়। বিশ্ববিদ্যালয় সম্পর্কে যদি এই রকম ভাবা হয় তাহলে এই বিশ্ববিদ্যালয়ের পরিণতি খুব আশাপ্রদ বলে মনে করি না। যতই তিনি গর্ববোধ করুন, যতই তিনি রবীন্দ্রশতাব্দী সম্পর্কে সরকারের কর্তব্য এখানে সম্পন্ন করা হচ্ছে বলে মনে করে থাকুন, আমার মনে হয় এর পরিণতি খুব বেশী আশাপ্রদ হবে না। সমগ্র রবীন্দ্র সংস্কৃতির বিস্তৃতির জন্য কি করা উচিৎ ছিল, তার সঙ্গে এই বিলের অসংগতি কোথায় সেগুলি পূর্ববর্তী বক্তারা বলেছেন। আমি শুধু বাস্তব ঘটনা বলি। বিশ্ববিদ্যালয়ের পরিণতি যদি ঐ হয় তাহলে বড় শোকাবহ জিনিস হবে। এই বিলের মধ্যে Dance, Drama, & Music বিশেষভাবে শিক্ষা দেবার কথা আছে। মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায়

বলেছেন যে Dance, Drama & Music, Academy গত ৬।৭ বছর হল জোড়াসাঁকোর বাড়ীতে খোলা হয়েছে এবং সেই Academy তৈরী করতে ৭ লক্ষ টাকা খরচ হয়েছে। এ পর্য্যন্ত প্রতি বছর কটা ছাত্রের পিছনে মাসে তার শিক্ষা ইত্যাদি সহ ১ শো টাকা করে খরচ হয়? সেখানে আমি যতটা জানি ছাত্রপিছু ১ শো টাকা খরচ হয়। এই পরিমাণ খরচ করে, এই পরিমাণ ঘটা করে যে জিনিসটা তৈরী হয়েছে তার পরিণতি কি? আমি যদি তুলে ধরি তার পরিণতি একটা মূষিক প্রসব—তাহলে এতখানি উদ্দেশ্য বর্ণনা করে যে বিল আনা হয়েছে তাই বা কোন সিংহ প্রসব করবে? যে Dance, Drama, & Music Academy করা হয়েছে সেখানে আমি শুনেছি ৬০ টা ছাত্র-ছাত্রী বছরে নেবার কথা—Dance বিভাগে ২০টি, Drama বিভাগে ২০টি এবং Music বিভাগে ২০ টি। প্রথম বছরে প্রথম টার্মে এই ৬০ টি ছাত্র হয় নি। দ্বিতীয় টার্মে বিশেষতঃ Drama বিভাগে বোধ হয় ৫।৬ টি ছাত্র এবং Dance, Music বিভাগে ঠিক ঐ রকমের বেশী ছাত্র নয়, ২০টি হয় নি। তাহলে কি এটা আমরা বিশ্বাস করব Dance, Drama & Music সম্পর্কে রবীন্দ্রনাথের যে সৃষ্টি সেই সৃষ্টির প্রতি বাংলাদেশের ছাত্রছাত্রীদের যারা নতুন শিক্ষা লাভ করতে চাইছে, অনাস্থা এসে গেছে?

[4-40—4-50]

তা না হলে গভর্ণমেণ্ট তখন আয়োজন সহকারে যে প্রতিষ্ঠানটা করলেন, যেখানে তারা Dance, Drama, Music শেখাচ্ছেন, যেখানে সে সব শিখতে ছাত্র-ছাত্রীরা যাচ্ছেন না কেন? কেউ যে যাচ্ছে না এটা ঘটনা। এ গুলি সম্বন্ধে তাঁরা অনেক অভিযোগ করছেন। সেখানে কোন Standard নাই, কি শিখবেন—তার বইপত্র কিছু নাই, তার কোর্স নাই; শিখাবার উপযুক্ত শিক্ষকও নাই; আমাদের ছাত্র-ছাত্রীরা ঐ Dance, Drama Accademy থেকে শেষে এসে কি করবেন—, তার কোন ভবিষ্যৎ নাই। খুব গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান বলে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এটাকে স্বীকার করেন। তাঁরা এর যোগ্যমূল্য দিয়েছেন। প্রথম টার্মে যে কয়টী ছাত্র-ছাত্রী ওখান থেকে পাস করে বেরিয়ে এসেছেন, তাঁদের সদ্ব্যবহার কি তাঁরা করেছেন? পশ্চিমবঙ্গ সরকারের যে সমস্ত বিভাগ আছে—Dance বিভাগ, ড্রামা বিভাগ পাবলিসিটী বিভাগ, রেডিও, লোকসংস্কৃতি বা লোকরঞ্জন শাখা—ইত্যাদি যে সমস্ত বিভাগ গুলি আছে—, সেই সমস্ত বিভাগগুলিতে—তার একটী ছাত্র-ছাত্রী ও ও প্রবেশ করতে পারেন নি। তার মানে এই যে তারা প্রবেশ করতে চায়নি। তারা প্রবেশ করতে গিয়েও প্রবেশ করতে পারেনি। সকলে জানি সেই সমস্ত জায়গায় ঐ পিশের ভাই বা মামার ভাগ্নে—ইত্যাদি লোকেরা প্রবেশ করতে পারে। সুতরাং এই একাডেমীর সার্টিফিকেট নিয়ে সরকারী বিভাগে একটী ছাত্র-ছাত্রীরও প্রবেশ করা সার্থক হয়নি; সেই মিউজিক শেখার সার্থকতা কোথায়? সেই ড্রামা শেখার সার্থকতা কোথায়! সেই ড্যান্স শেখারই বা সার্থকতা কোথায়? তাছাড়া আমার বক্তব্য হচ্ছে —এই সার্থকতা শুধু সরকারী বিভাগগুলি চাকরী পেলেই এর সার্থকতা আমি তা বলি না। আমি বলি যে শিক্ষা ওখান থেকে তারা পেল, সেই শিক্ষা যাতে আরো স্ফুরিত ও বিকশিত হয়। ভাল চান্স কোথায় আছে? তারজন্য থিয়েটার যদি না থাকে, ন্যাশনাল থিয়েটার বলে বস্তু যদি না থাকে হয়ত এক আধটা থাকতে পারে তাও যথেষ্ট নয়, এই ধরণের থিয়েটার থাকা প্রয়োজন—যেখানে তাঁরা কিছু সৃষ্টি করতে পারবেন, experiment করবেন। তার ফলাফল প্রকাশ করবেন। তাঁরা যা তৈরী করবেন; তা পাবলিককে উপহার দেবার জন্য প্রস্তুত হয়ে আসবেন। তারজন্য সরকারকে খরচ বহন করতে হবে। এইরকম কোন ব্যবস্থা যদি না থাকে তাহলে ড্যান্স ড্রামা মিউজিক—ইত্যাদি শিখে কি হবে? সেই সব শিক্ষাপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ কোথায়?

এইসব শিল্পঅনুশীলনের প্রেরণা যদি তাদের থাকেও তাহলে সেগুলি অনুশীলনের ক্ষেত্র কোথায় পাবে? আমার মনে হয় তার কোন ক্ষেত্রই তাদের সামনে খোলা নাই। এই যদি হয় তাহলে Dance, Drama, Music ইত্যাদি শিখে লাভ কি হল? এর বাড়ী তৈরী করতেই ৭ লক্ষ টাকা ব্যয় হয়ে গেছে। তার পরিণতি যদি এখানেই শেষ হয়, তাহলে একটা গোটা বিশ্ববিদ্যালয় যখন তৈরী হয়ে যাবে, তখন সেখান থেকে ডিগ্রী পেয়ে বেরিয়ে এসে তার অনুশীলনের ক্ষেত্র পাবে কোথায়? ছাত্র-ছাত্রীরা যা শিখবে তা অনুশীলনের উপযুক্ত ক্ষেত্র পাবে কিনা—এই বিরাট প্রশ্নের কোন উত্তর মুখ্যমন্ত্রী মহাশয় দেন নাই।

সুতরাং এই বিলটী আইনসভায় আনার আগে আবার অনুরোধ করবো এটা সার্কুলেসানে যাক। আপনি একটা কনফারেন্স ডাকুন রবীন্দ্রনাথের বিভিন্ন দিক সম্বন্ধে আলাপ আলোচনা করুন, বিভিন্ন বিভাগের কার্য্যক্রম গ্রহণের জন্য রবীন্দ্রনাথ সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তিদের একটা কনফারেন্স ডাকুন, সেখানে পরিস্কার একটা রূপরেখা উপস্থিত করুন যাতে সকলে ভাল করে বুঝতে পারেন।

Shri Panchanan Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1962.

মাননীয় সভাপতি মহাশয়, এখানে রবীন্দ্রভারতী সম্বন্ধে পাণ্ডুলিপি উত্থাপনের সময় ইংরাজীতে যখন বক্তৃতা করলেন তখন আমার মনে পড়লো রবীন্দ্রনাথের লেখা তোতা কাহিনীর কথা। তোতা কাহিনীতে ঠিক যা কাণ্ডকারখানা বর্ণনা করা আছে—আমাদের ইংরাজীনবীস মুখ্যমন্ত্রী মহাশয় তোড়জোড় করে ঠিক সেই পুঁথিপত্র, সেক্রা, কামার ইত্যাদি বন্দোবস্ত করেছেন। তোতার পেটে পুঁথির পাতা গজগজ করবে, কিন্তু, তোতা কথা বলবে না। তার কারণ হচ্ছে যে আমরা বর্তমানে দেখছি জ্যান্ত দেবতার দাস বেশী। যাদের নিয়ে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় গঠিত হতে চলেছে, তাদের তিনজনের এক বক্তৃতার কথা আমার মনে পড়ছে। ১৯৬১ সালে তারা বক্তৃতা দেন, উপলক্ষ্য ছিল রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকী পালন। উপস্থিত ছিলেন ডাঃ রাধাকৃষ্ণণ এবং বাংলা দেশের প্রতিথযশা দু'জন ভদ্রলোক। তাঁরা চোখ, কাণ বুজে রাধাকৃষ্ণণ জয়ন্তী উৎসব করে গেলেন; রবীন্দ্রনাথের কথা বললেন অতি সামান্য মাত্র। তাদের নিয়ে, সেই ধরণের লোক নিয়ে এর পরিচালক সমিতি গঠিত হবে। এবং আমি যা আগে বলেছিলাম—১৯০৫ সালে রবীন্দ্রনাথ স্বদেশী সমাজের পরিকল্পনা করেছিলেন, তখন তাঁর ধারণা ছিল এই, তাঁর আদর্শ ছিল এই যে স্বাধীন দেশে যদি স্বদেশীআনার ১৬আনা শিক্ষা দিতে হয় তাহলে মাতৃভাষা হবে প্রধান অবলম্বন। সেই স্বদেশী সমাজের যে আবেদনপত্র তার সর্বশেষ নাম ঠিকানা ছিল ৬ নম্বর দ্বারকানাথ ঠাকুর-এর গলি—লেন নয়। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে দোষ দিই না—আমি তাঁর একটা বাংলা ভাষায় বক্তৃতা শুনেছিলাম, সেখানে তিনি ছাপাখানার কর্মীদের 'মুদ্রা' করতে বলেছিলেন। কিন্তু তার অর্থ এই দাঁড়ায় 'জাল টাকা'।

এই রকম কাণ্ডকারখানা নিয়ে তার সূচনা, তার পরিণতি যা হবে তা আমরা সহজেই ধরে নিতে পারি। যাঁরা চালাবেন এই রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, তাদের সম্বন্ধে রবীন্দ্রনাথ বলেছিলেন, 'ঐযে বৃদ্ধ, তার ঐযে পরম টাকটা, চক্ষু, কর্ণ ডানায় ঢাকা। ঠিক যেন একটি চিত্রপটে আঁকা, অন্ধকারে বন্ধকরা খাঁচায়।' সেই খাঁচায় বন্ধকরা ব্যক্তিরা আজ শিক্ষাবিভাগের অধিকর্তা।

বঙ্গীয় সাহিত্য পরিষদের সভাপতি, তাঁর সামনে রাধাকৃষ্ণণ জয়ন্তী হয়ে গেল—রবীন্দ্রনাথের জয়ন্তীর নামে। এঁরাই তাঁর কর্তৃত্বে অধিষ্ঠিত হবেন। আমার জিজ্ঞাস্য হল সংগীত, নাটক এ্যাকাডেমির নামে যে টিম, তারা কি যথাসাধ্য তাদের কাজ করেছেন? Irish National Theatre এর কাহিনী আমরা জানি। Drury Lane Theatre—তার অবদানের কথা

আমরা জানি। কিন্তু সংগীত, নাটক এ্যাকাডেমিতে অদ্যাবধি সে সব কিছুই প্রসব করেনি। সেখানে তারাপদ চক্রবর্তীর মত গায়কের স্থান নেই। সেখানে যা ও একটি ধারনা ধ্রুপদ শিক্ষা দেবার মত লোক আছেন, কিন্তু তিনি শেখান না। তানসেন পাণ্ডে সেখানে আছেন, যিনি ভাল ধ্রুপদ গায়ক এবং তানসেনের বংশধর, যিনি হিন্দুধর্ম অবলম্বন করেছেন। কিন্তু এঁরা সেখানে কয়জনকে শিক্ষা দেন। ঠিক একই ধরণের অব্যবস্থা যন্ত্র-শিক্ষার ব্যাপারে। সেখানে যন্ত্র-শিক্ষা দেবার কোন ব্যবস্থা নেই। নাটকচর্চ্চার কথা না বলাই ভাল। যিনি নাটক চর্চ্চা করতে পারেন, সেই রকম লোককে সেখানে স্থান দেওয়া হয়নি। পরলোকগত শিশিরকুমার ভাদুড়ি মহাশয়ের স্থান সেখানে ছিলনা। এহেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে, সেখানে সব কাজ হবে, ছাপাখানার কাজ থাকবে, কেবল ঐ মুদ্রা তৈরীর ব্যাপারটা থাকবে না। আমি এই আইনটা পড়ে দেখলাম, এবং আমি অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আইন টাইনও ঘেঁটেছি—সর্বত্র এমনি পাবলিকেসনের কথা। এমন কি সম্প্রতি কলিকাতা সহরের কয়েকটা বড় কলেজের গঠনপদ্ধতি দেখবার সুযোগ হয়েছিল—তাতে সব জায়গায়ই বই ছাপাবার কথা।

(4-50—5 p.m.)

এখানে বলা হয়েছে particularly dance, drama and music শিক্ষা দেওয়া হবে—dance, drama and music যেখানে particularly শিক্ষা দেওয়া হবে সেখানে কর্মকর্তারা যেভাবে নির্বাচিত হবেন আমার পূর্ববর্ত্তী বক্তা তা ভালভাবে আলোচনা করেছেন। এখানে বলা হয়েছে Principals of institutions established maintained or managed by the University-এরা থাকবেন। তার ফলে দেখা যাবে অন্ততঃ দশ পনের জন গায়ক নাচিয়ে তারা এই রবীন্দ্র ভারতীর Senate, Syndicate-এর সদস্য হবেন—তারপর তারা যা ব্যবস্থা করবেন তাতে ওই রবীন্দ্র সংগীত পরিবেশনের ব্যবস্থাও করতে পারবেন না, তার কারণ হচ্ছে সংগীত নাটক একাডেমির সে গঠনপদ্ধতি—আমি নাম করবনা—সেখানেও প্রচণ্ড দলাদলি আছে। তারপর বাড়ীর প্রশ্নে আসি। রবীন্দ্রনাথের রচনায় যে বিখ্যাত দক্ষিণের বারন্দা তা এরা লোপ করে দিয়েছেন—বাড়িটা করেছেন একটা গুদাম বাড়ী—যেটাকে বলে প্রেক্ষাগৃহ সেটা একটা গুদাম ঘর। অনেক কিছু লোপ পেয়েছে—আরও অনেক কিছু পাচ্ছে। আমি জানি এই বাড়ী সংরক্ষণের জন্য দশগুণ বা তার বেশী ক্ষতি পূরণ দেওয়া হয়েছে। সে সংগীত নাটক একাদেমি আছে তার পিছনে কত টাকা গেছে তা জানতেও আমরা চাই এবং এটাও আমাদের জানান দরকার যে বর্ত্তমানে যারা সেই সব গৃহে বাস করছেন তাদের সংগে কোন চুক্তি হয়েছে কি না। আমি যতদূর জানি তাতে অন্ততঃ দু'একজনকে জীবদ্দশায় সরান যাবে না। এখানে মুখ্যমন্ত্রী জানিয়েছেন বহু টাকা লেগেছে। আরও বহু টাকা লাগবে। তারপর পর্বতের মূষিক প্রসব—কিন্তু এখানে বোধ হয় তাও হবে না—এটা হবে বন্ধ্যা। রবীন্দ্রনাথ নিজেই দেখিয়েছেন যে ছেলেখেলা দিয়ে বড় কাজ হয় না—বার বার তিনি বলেছেন ফাঁকি দিয়ে মহৎ কাজ কখনও হয় না—তার জন্য পরিশ্রম করতে হয়। গণসংস্কৃতির প্রসার করতে হলে যা কিছু করা দরকার রবীন্দ্রনাথের নিজের সে সম্বন্ধে ভাল ধারণা ছিল এবং এ সম্বন্ধে আরও ভাল ধারণা পাওয়া যায় Maxim Gorky-র Some maxims of Soviet Literature-এ আপনারা সে পথে যান নি। তাই আমার প্রস্তাব হচ্ছে সাধারণের মধ্যে প্রচারের জন্য এই বিল দেওয়া হোক।

Shri Apurba Lal Majumdar: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1962.

মাননীয় স্পীকার মহোদয়, রবীন্দ্র ভারতী বিলটি circulate করবার জন্য আমি একটা notice দিয়েছি। সেই notice-এর উপর পাঁচ মিনিট বলবার অধিকার আপনি আমাকে দিয়েছেন। পাঁচ মিনিটের মধ্যে বিশদভাবে কিছু বলা সম্ভব নয়। সংক্ষেপে তাই কয়েকটি

কথা আমি বলতে চাই। রবীন্দ্রনাথের শিক্ষাদর্শ তাঁর জীবনালেখ্য তার জীবনদর্শন সম্পর্কে অনেক বক্তা এই House-এর সামনে অনেক কথা রেখেছেন। তারা সংশয় প্রকাশ করেছেন যে রবীন্দ্রনাথের যে আদর্শ ছিল, যে জীবনদর্শন ছিল—যা তিনি তাঁর কাজের মধ্য দিয়ে লেখার মধ্য দিয়ে বিশ্বের মানুষের কাছে রেখে গিয়েছেন—সেই যে সার্বজনীনতার দিক সেই যে বিশ্বমানবিকতার দিক, সেই যে মানুষের সংগে মিলবার, প্রকৃতির সংগে মিলবার অধীর আকাঙ্ক্ষার দিক—তার যে একটা পূর্ণাঙ্গ জীবন্ত চিত্র তাকে মনে হয় এই বিশ্বভারতী বিলের মধ্য দিয়ে গলা টিপে মারবার চেষ্টা করা হয়েছে। কি করে রবীন্দ্রনাথের সেই বিশাল ভাবধারাকে এই বিলের মধ্য দিয়ে রূপায়িত করা সম্ভব হবে—কিভাবে সাধারণ মানুষ ও ছাত্র সমাজের মধ্যে ভারতবর্ষের লোকের এবং ভারতের বাইরের মানুষের মনের মধ্যে তিনি সার্বজনীনতার বোধ আকাঙ্ক্ষা করেছিলেন, সেই একাত্মতার দৃষ্টিভঙ্গী এই রবীন্দ্র ভারতী বিলের মধ্য দিয়ে তাদের কাছে পৌছে দিয়ে তাদের উদ্বুদ্ধ করবে তা বুঝা যায় না। রবীন্দ্রসাহিত্য সম্পর্কে যাদের প্রচুর জ্ঞান আছে তাদের সংগে আলাপ আলোচনা করে একটু স্থির মস্তিষ্কে আমাদের কাজ করা উচিৎ ছিল। যেহেতু এটা রবীন্দ্র জন্মশতবার্ষিকীর বছর চলছে এবং আগামী নির্বাচন আসন্ন সেইহেতু এই সুযোগে একটা University তার নামে করে দিয়ে বাহবা নেবার চেষ্টা না করাই উচিত ছিল। রবীন্দ্রনাথ নিজে বাহবা চান নি—তার বিরুদ্ধে বার বার বলে গিয়েছেন। যেখানে রবীন্দ্রনাথের বসত বাটি ছিল তা সংরক্ষণের প্রয়োজন আছে। কিন্তু যে মুক্ত আবহাওয়ার মধ্যে প্রকৃতির মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ তার শিক্ষাজীবন কাটিয়েছেন বা শিক্ষাবিস্তারের কথা চিন্তা করেছিলেন ঠিক সেই ধরণের পরিবেশ আজকে তৈরী করবার প্রয়োজন আছে। কারণ তিনি চেয়েছিলেন প্রকৃতির সংগে মানুষের মনের পরিপূর্ণ বিকাশ। আমরা দেখেছি সহরের ইট-পাথরের শক্ত আবেষ্টনীর মধ্য দিয়ে মানুষের মনকে স্বাভাবিকভাবে গড়ে তুলবার চেষ্টা বার বার ব্যর্থ হয়েছে। সেজন্যে রবীন্দ্রনাথ সম্পর্কে এই বিলকে যখন আমরা কার্যকরী করতে যাব তখন মনে রাখতে হবে তার সার্বজনীন দিকে তাঁর জীবন দর্শন এবং আদর্শকে সামনে রাখতে হবে। বিলের মধ্যে দিয়ে সেই লক্ষ্যে পৌছানর ব্যবস্থা থাকা উচিত। কিন্তু সেরকম ব্যবস্থা এতে আছে বলে আমার মনে হয় না এবং সমস্ত জিনিষটা তারা নিজের হাতের মুঠার মধ্যে রাখবার ব্যবস্থা করেছেন—যাতে কারও কাছে কোন কৈফিয়ৎ দিতে না হয় যারা এ বিষয়ে বিশেষজ্ঞ তাঁদের কাছ থেকে মতামত নিতেও হবে না। শেষ করবার আগে মুখ্যমন্ত্রী ডঃ রায়ের কাছে এই আবেদন জানাব যে এইভাবে বিল এনে যে মানুষ সারা বিশ্বের কাছে একটা বিরাট ভাবসম্পদ চিন্তার ঐশ্বর্য্য রেখে গিয়েছেন তাকে ছোট না করে, তাকে সামান্য নাচ এবং গানের মধ্যে দিয়ে সীমাবদ্ধ করে না রেখে তার আদর্শ, ভাবধারাতে, ধ্যান ধারণাকে নিয়ে হঠাৎ কোন কাজ না করতে গিয়ে আসুন সবাই মিলে আলাপ আলোচনা করে নোতুন করে বিল আনি। এইভাবে তার জীবনাদর্শকে আমরা এগিয়ে নিয়ে যেতে পারব।

[5—5-25 p. m.]

Shrimati Labanya Prova Ghosh :—বিশ্বকবি রবীন্দ্রনাথের ভাবাদর্শের প্রসার ও অনুশীলনের উদ্দেশ্যকে সামনে রেখে 'রবীন্দ্র ভারতী' রূপে এই বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা করা হয়েছে। বিশেষতঃ, কবিগুরুর ললিতকলার পদাঙ্ক অনুসরণ ক'রে জাতির সৃজনীশক্তি ও প্রতিভাকে প্রেরণা দেবার উদ্দেশ্যই এখানে প্রধান স্থান পেয়েছে। কিন্তু সমগ্র পরিকল্পনাটির গঠনধারা, বিশ্বকবির সহজ মুক্ত মননশীলতার বিপরীত ধর্মী দৃষ্টিভঙ্গী থেকেই উদ্ভূত হয়েছে আমরা দেখতে পাচ্ছি। রবীন্দ্রনাথ সমগ্র জীবনে রূপ দিতে চেয়েছেন মানুষের ধর্মকে। সেই মানুষের ধর্মের অনুশীলনের উদ্দেশ্যকে সামনে রেখে কাজের যে কাঠামো তৈরী হচ্ছে তার মধ্যে গায়ের জোরের ধর্মই আত্মপ্রকাশ করেছে। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন না যে, শাসন শক্তি সহায়ে প্রচুর অর্থের বৈভব নিয়ে, মানুষের সহজ

দাবীকে গায়ের জোরে উপেক্ষা ক'রে উচ্চস্তরের কতকগুলি পদাধিকারীকে একত্রিত করলেই—মানুষের সৃজনীপ্রতিভার সম্মিলিত সাধনা সুরু হয়ে যাবে। রবীন্দ্রনাথের সাধনা অন্য দৃষ্টিভঙ্গীর দাবী করে। সেজন্য, গভীরতর শিল্পদৃষ্টি, মহৎ কলারুচি, যাঁদের মধ্যে প্রাণ পেয়েছে, জাতীর সেই সব গুণীজনের জন্য সম্মিলিত সাধনার দ্বার উন্মুক্ত ক'রে দেওয়ার কাজই আজ রবীন্দ্রভারতীর সবচেয়ে বড় কাজ হবে। পদাধিকারীদের মধ্যে এহেন গুণীজনের জন্য আসন নিশ্চয়ই থাকবে। কিন্তু পদাধীকারী বলে তা নয়। কাজের চাহিদা অনুসারেই এর গঠনরূপ দিতে হবে। আরে উচ্চস্তর পদাধীকারীদের ক্ষমতার ক্ষেত্র বাজায় রাখবার জন্য বিভিন্ন পদাধিকারীর গঠন—ম'পে ফরমুলা তৈরী হবে কাজের বাঞ্ছিত দৃষ্টিটি তা নয়। প্রতিষ্ঠানকে সরকারী যন্ত্রমাত্ররূপে পরিণত না করে এর মধ্যে সৃষ্টি সাধনার বিভিন্ন ক্ষেত্রের সাধকদের তাঁদের আপন আপন ক্ষেত্রের যোগ্য সংগঠনকারীদের সমাবেশের পথ করে দেওয়া হোক। তাঁদের প্রাধ্যান্যের ক্ষেত্রের মধ্যে প্রয়োজনবোধে প্রতিষ্ঠান পরিচালনার উপযুক্ত কিছু কর্মসচিব গ্রহণের ব্যবস্থা গৃহীত হোক। আমরা জানি, এই ন্যায়সঙ্গত সহজদাবীর আলোচনা এখানে অরণ্যে রোদনই হবে। কারণ রবীন্দ্রনাথের নাম সম্মুখে রেখে যে কর্তৃপক্ষ একটি বৃহৎ প্রতিষ্ঠানের পরিকল্পনা করেছেন তাঁদের মধ্যে রবীন্দ্র-ভাবনার সে মহৎ স্পর্শ নেই বলেই আমরা ধারণা করতে বাধ্য হয়েছি। সুতরাং রবীন্দ্র-নাথের নামে উত্থাপিত এই বিলে কবিগুরুর মানুষের ধর্মের পরিবর্তে গায়ের জোরের ধর্মই যে জয়যুক্ত হবে তা আমরা জানি। সুতরাং বিলটি মতামত গ্রহণের জন্য প্রচারের প্রস্তাব করছি।

Shri Panchugopal Bhaduri :—মাননীয় স্পীকার মহাশয়, এই বিল সম্পর্কে এখানে মোটামুটি যে আলোচনা হয়েছে তার থেকে যে জিনিসটা পরিষ্কার হচ্ছে সেটা হচ্ছে এই যে, রবীন্দ্রসংস্কৃতি সম্পর্কে যেভাবে বিল রচনা করা উচিৎ ছিল সেদিক থেকে তাঁদের সম্যক ধারণা নাই এবং একটা বিশ্ববিদ্যালয় করতে হলে তারজন্য যে প্রস্তুতি ও prepardness দরকার সেটা এর মধ্যে দেখা যাচ্ছে না। আমাদের মুখ্যমন্ত্রী বিধানবাবু একজন কীর্তিমান পুরুষ, তিনি অনেক কীর্তি করেছেন তিনি দুর্গাপুর করেছেন, অন্যান্য কীর্তিস্থাপন করেছেন। হয়তো রবীন্দ্র শতবার্ষিকী উপলক্ষে একটা কীর্তি করার ইচ্ছা তাঁর মনে জেগেছে। কিন্তু এটা কীর্তি হবে না, অপকীর্তি হবে। রবীন্দ্রনাথের প্রতিভা বিভিন্ন দিকে। রবীন্দ্রমানস সম্পর্কে যে জিনিস আমরা সকলে চাই তার কিছুই হবে না, না হয়ে যে জিনিস হবে তা আমরা কল্পনা করতে পারি না। তিনি হয়তো তাঁর কোন বিশ্বস্ত ব্যক্তিকে জিজ্ঞাসা করেছিলেন, তিনি হয়তো বলেছেন,dance drama music এর কথা বলেছেন। কিন্তু dance, drama, music সম্পর্কিত একটা বিশ্ববিদ্যালয় করতে হলে যে পরিমাণ প্রস্তুতি দরকার সেই রকম প্রস্তুতি কলিকাতায় নাই। ড্রামার ক্ষেত্রও নাই, নৃত্যের ক্ষেত্রেও নাই। আধুনিক সঙ্গীত সম্পর্কে এখনো পর্যন্ত কলিকাতা শহরে তেমন কিছু development হয়নি। আমাদের সঙ্গীত এখনো harmonyর স্তরে, symphonyর স্তরে এখনো উন্নীত হয়নি। কাজেকাজেই একটা পূর্ণাঙ্গ বিশ্ব-বিদ্যালয় করবেন, তাতে dance, drama, music, অন্যান্য fine artsএ শিক্ষা দেওয়া হবে এই পরিকল্পনা করছেন। কিন্তু এতে আমাদের নেতাদের মানসিক এবং আদর্শগত প্রস্তুতি নেই। একটা কীর্তি করতে হবে, দয়া করে এই ভাবের থেকে এই কাজটা করবেন না। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি, রবীন্দ্রনাথ সম্পর্কে যাঁরা চর্চা করেন তাঁদের নিয়ে একটা আলোচনা সভা করে তার মধ্যে দিয়ে নতুন করে একটা বিল করুন। রবীন্দ্রভারতীর নামে একটা কীর্তি করার মোহে ভুলবেন না। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-25—5-35 p. m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am surprised at the volume of criticisms which have been levelled against this Rabindra Bharati Bill.

[Some honourable members from the Opposition : বাংলায় বলুন না।]

Not to your dictation, thank you. Sir, they have criticised the Bill because whatever we do is bound to be criticised, particularly when they have got to the election in front of them. I am not surprised for that. Those who have criticised the Bill may not have followed either the purpose or the reasons for establishing the Rabindra Bharati University. I said very clearly in the beginning that the principles and functions of the new University are quite different from those high ideas which operate in the Viswa Varati. It will be a cultural University ; its aspirations are quite different. It will be a cultural university mainly for the study and reseach of the creative contributions of the poet in various fields of learning and culture and to establish a centre for the advanced study of fine arts, music, dance and drama. It also proposes to provide for the study of the different languages and literature of India and to create a cultural meeting ground for literatures from all over India. With proper understanding which is bound to grow between Viswa Bharati and the new University the latter will seem to be complementary institution of the former. We never had the idea that by establishment of the University called Rabindra Bharati we shall be copy of Viswa Varati. Viswa Varati has its own ideals. Poet Rabindra Nath himself said Viswa Bharati represent India where she has welcomed the mind of all. Viswa Varati acknowledges India's obligations to afford to others the hospitality of her best culture, and India's right to accept from others their best. That ideal remains with the Viswa Varati, and there is no question of our running counter to these or even trying to imitate. My friend Shri Sunil Das says there has been some trouble in the Viswa Varati, and why not Government take upon itself the duty of clearing the Viswa Varati of its various difficulties. and drawbacks. Sir, probably he knows, or he does not know, that Viswa Varati University is a central University declared by Parliament to be of national interest and to be under the Government of India. Whenever there has been occasion on which we have been asked to give help so far as Viswa Varati's conduct is concerned we have tried to do as much as possible. But we cannot interfere with another University's ideals as much as we would like them not to interfere with the deals and work of our Universities. In this University, I repeat again, there will be a special stress on the teaching of music, dance, and drama. It will lay down a standard for the teaching of music, dance and drama, and recognise and affiliate to the University institutious teaching these subjects. Madam Manikuntala Sen said that you have got a dance, drama, music institute but there are no students : what is the good of perpetuating it and bringing it under the University ? I have collected the figures. In the case of music, they take in only 20 students, and there has never been any number less than that;

in fact the number of applicants is much more than number taken. Not only this. Those who have passed out—I enquired from Ramesh Babu, who is the head of that Institute—some of them had very good appointments not only in Bengal but outside Bengal. In the case of drama and drance, the number that is allocated is 16 in the case of dance. When we started the Dance Department it was under Uday Shankar. For some time he worked there and now one of his pupils is working there as head of the department. Shri Ahindra Choudhury is in charge of the Drama Department, and I doubt very much if you can get a better man in Bengal today than Ahindra Babu. It has been asked if I have brought it out of my own head without consulting others. I met many persons on several occasions and also I met members of the Dance, drama and music committee. I called a meeting of the committee and met Dr. Suniti Kumar Chatterjee, Dr. Srikumar Banerjee, Shri Gopal Haldar, Justice B. K. Guha, Mrs A. R. Mukherjea and several others, and I explaind to them the procedure and method and objective of this new University, and they agreed with me wholly with regard to the objects and purpose of this University. It is possible that some of the latter would find a place among the five nominees of the University and will be able to give guidance throughout.

Sir, the other thing I want to mention is that we do not write on a clean slate, we followed the memorial which was established in 1947 by Shri Suresh Chandra Majumdar, Rabindra Bharati as a memorial to the poet Rabindra Nath and it is only when later on they had difficulties that the Government was asked to come in. It was found that it was better that the property they had acquired should be usefully utilized for Dance, Drama & Music. Here I want to digress for a moment. What I said the other day is that Government comes to the help of societies and institutions whenever they want help. We want them to develop in the proper way and extend the sphere. Some of them complained that they did not get the proper kind of teachers. It is better that Government should start such intitutions themselves and thus the Academy of Dance, Drama & Music as started. The Academy of Dance, Drama & Music was located in Rabindra Bharati. Then the matter went up a little farther and we found year before last that a part of the last ancestral property of Rabindranath was already sold and some of it was leased out to different people. We have taken over as much of the property as we could and we have worked for the acquisition of the rest. Therefore it is necessary to establish a memorial in the place where Rabindranath was born and where he died.

Sir, it has been said why the Bill has not been circulated for public opinion. The scheme is before the public. On various occasions and in various committees I have mentioned the scheme and committees have been formed for the purpose of putting up a memorial for Rabindranath. We discussed this question. There were people from different positions and different classes. It was suggested by them that this University should be established in the centenary year, i. e. before November, 1961 if that is possible. That is the urgency of the whole thing. It is not possible to say where we have got the ideal of the University that is placed before the House. We must begin somewhere and we feel that it is necessary for on the one hand, to have great men to teach in the proper way, in the scientific

manner, if I say so, Dance, Drama, Music, Handicrafts and so on and also with it some men of Literature and Science should be brought. But the most important part of the University work, to my mind, is that there should be a group of research workers who would be devoted to research work and would find out all the various ideas that Rabindranath spread among us. It has been said and I have heard it on occasions—anybody can say it—that the Government should not introduce such a Bill. Quotations have been made from Tolstoy as well as from Rabindranath that Rabindranath made reference to Tolstoy years ago about Government administration. We are not concerned here with Russia or the British Government of those days. The point is about composition of the members of the University. There will be about 25 people in the University, of whom about 15 or 16 people would be outsiders who have nothing to do with the Government.

[5-35—5-45 p. m.]

A representative of the Asiatic Society, a representative of Visva-Bharati, a representative of Sahitya Parishad—how you will not call them to be specialists in that particular line? If they cannot give information, if they cannot give proper guidance to the University, I do not know who can. Therefore, I do not think any useful purpose will be served by circulating the Bill for public opinion.

Sir, I oppose all the motions for circulation.

The motion that the Rabindra Bharati Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Rabindra Bharati Bill, 1961, be taken into considetation was then put and agreed to.

Clause 1.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 2 (a), in line 3, after the words "and functioning" the words "at present" be inserted.

Sir, I wish to insert the words "at present", because the Academy may be functioning somewhere else. This is an innocent amendment and I hope this will be accepted.

Shri Chitto Basu : Sir, I beg to move that in clause 2(c), in line 4, after the word "study" the words "of the creative contributions of the versatile genius of Poet Rabindra Nath Tagore, particularly in the branches of music, fine arts, dance and drama" be added. আর মূল আইনের "সিতে institution কে এই ভাবে ব্যাখ্যা করেছেন। "Institution" includes a college, school, centre of culture, museum, library or any other organisation by whatever name called, for training, instruction, research or study.

কিন্তু এর দ্বারা আমার মনে হয় যে, রবীন্দ্রনাথের সংস্কৃতি সম্পর্কে যাঁরা আলোচনা করেন না বা যাঁদের সেটা কার্যপদ্ধতি বা কার্যক্রম নয় সে রকম ইনষ্টিটিউসনকেও আমরা বুঝতে পারি কাজেই আমি মনেকরি প্রথমে যেহেতু এই সব ইনষ্টিটিউসন-এর

পক্ষ থেকেই ইউনিভার্সিটিতে নেওয়া হবে। সেহেতু রবীন্দ্রনাথের সাংস্কৃতি সম্পর্কে যে সমস্ত ইন্‌ষ্টিটিউসন কাজ করে তাঁদের এই ইউনিভার্সিটির সদস্য করা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া উচিত এবং অপরপক্ষে রবীন্দ্রনাথের সংস্কৃতি সম্পর্কে যাঁরা আলোচনা, বিশ্লেষণ কিংবা গবেষনা করেননা তাঁদের এর ভিতর থাকবার যৌক্তিকতা নেই। কাজেই আমি এই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি যে, ওখানে Institution of Study of the creative contibutions of the versatile genius of Poet Rodinda Nath Tagore, partiularly in the branches of music, fine arts, dance and drama এ কথা বলা হোক। কারণ এই উদ্দেশ্য নিয়ে এই বিল করা হয়েছে বলে যখন প্রথম উল্লেখ করা হয়েছিল তখন যে সমস্ত ইন্‌ষ্টিটিউসন্ রবীন্দ্রনাথের সংস্কৃতির সঙ্গে যুক্ত নয় তাঁরা যাতে অধিক সংখ্যায় এসে এর মধ্যে পড়তে না পারে তারজন্য এটা রাখা উচিত বলে আমি মনে করি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not think I can accept this amendment, because it limits the subjects of study. It only says about creative contributions of the versatile genius of Poet Rabindra Nath Tagore, particularly in the branches of music, fine arts, dance and drama as was found in the genius of Poet Rabindra Nath Tagore. Ours is a much wider thing. In our country Rabindra Nath's genius, particularly his contributions and other things also will be taught.

Sir, I oppose the amendments.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(a), in line 3, after the words "and functioning" the words "at present" be inserted, was then put and lost.

The motion of Shri Chitto Basu that in clause 2(c), in line 4, after the word "study" the words "of the creative contributions of the versatile genius of Poet Rabindra Nath Tagore, particularly in the branches of music, fine arts, dance and drama" be added, was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 3 (1), in line 2, after the words "house of" the word "Poet" be inserted.

Sir, in this clause only the words "Rabindranath Tagore" have been used. This, I think, has not been consistent with proper respect to the Poet. He is generally known in his country as 'Poet Rabindranath'. Therefore, my amendment is that either the word 'Shri' or the word 'Poet', as he is generally known as 'Poet Rabindranath' should be affixed before his name.

Shri Ramanuj Haldar: Sir, I beg to move that in clause 3, in llne 5, after the words "particularly in the" the word 'different' be inserted.

Sir, it is started here : for the advancement of learning and culture, particularly in the tranches of music, this fine arts, dance and drama প্রভৃতি প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে যে, যেখানে ব্রাঞ্চেস অব মিউজিক এক ধরণের রয়েছে সেখানে এর বিভিন্ন ব্রাঞ্চ করা যেতে পারে। এবং একই ধরণের বিভিন্ন সঙ্গীতশিক্ষার ব্যবস্থা করা যেতে পারে। অবশ্য এ্যাকমোডসন হোক বা অন্য কারণেই হোক হয়ত অসুবিধা আছে কিন্তু ডিফারেণ্ট ব্রাঞ্চেস্ অব মিউজিক না বললে কিছুদিন আগে রেডিওর ব্যাপারে অর্থাৎ এই মার্গসঙ্গীত নিয়ে যে গোলমাল হয়েছিল এবং

সে সম্পর্কে আমাদের দেশের প্রখ্যাত সঙ্গীতবিদরা যে মন্তব্য করেছিলেন তা নাকচ করে করে দেবার সুযোগ থাকছে। সেইজন্য আমি বলতে চাই যে, ডিফারেণ্ট ব্রাঞ্চেস্ অব মিউজিক একথাটা না বললে অসুবিধা হওয়ার সম্ভাবনা রয়েছে এবং তা ছাড়া মিউজিক্ যখন অনেক ধরণের আছে তখন পার্টিকুলারলী মেনসন্ না করলে অসুবিধা আছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: With regard to the amendment of Shri Basanta Kumar Panda, I hope he recognises that Rabindranath was much more than a poet; he was a philosopher, social and religious reformer, artist, composer of music, composer of short stories and composer of so many things. I do not think that I can accept his amendment,

With regard to the amendment of Shri Ramanuj Halder, to add the word "different", I do not think it makes much difference. So far as the language of the Bill is concerened, I think it is all right,

In 1948 the number of students who appeared for the Intermediate, First Degree and Post-Graduate Examinations of the Calcutta University were respectively 13,556,4,068 and 900. In 1960, the corresponding numbers were 62,597 (as against 13,556), that is nearly five times the number of students that appeared for the Intermediate Examination in 1948; 21, 891 students appeared in the First Degree examination as against 4,068; and the number of students that appeared for the Post-Graduate Examination in 1960 was 2,190 against 900 in 1948.

In order that greater facilities may be made available to the ever-growing student population in West Bengal and to prevent overcrowding

within the jurisdiction of the Calcutta University, legislation is being undertaken to establish a new teaching and affiliating University in the Northern part of West Bengal whose jurisdiction will extend over the districts of Darjeeling, Jalpaiguri, Cooch Behar, Malda and West Dinajpur.

Apart from the usual Humanities and Science subjects, the proposed University is expected to provide facilities for teaching of special subjects, and for professional education, e.g., Engineering, Medical and the like. This University will serve in particular the needs of the area within the jurisdiction of the University, i. e the five Northern districts of North Bengal.

The Bill incorporates the usual provisions for affiliating, College, providing post-graduate teaching and conferring degrees, and the University management is proposed to be vested in a Central statutory authority, the University, and the Central authority has been permitted to delegate some of its powers to such subordinate authorities as the University may consider necessary. This Central authority i. e. the University, would be a small compact body like the Burdwan University or the Kalyani University so that it can function with expedition and in a business like way. In order that the academic atmosphere of the University may not be disturbed by any elaborate and long drawn out processes of election etc., the principle of rotation in order of seniority to represent academic interests, instead of election by constituencies, has been introduced as was done in the case of the Burdwan University. The Deans of Faculties have been given ex-officio representation. The Chancellor has been given the power to cause inspection and enforce the decisions after considering the views of the University.

This, in a nutshell, is the idea of the Bill which is going to be enacted viz., the North Bengal University Bill

[6-25—6-35 p. m.]

Shri Apurba Lal Mazumder: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of July, 1962.

মাননীয় স্পীকার মহাশয়, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি বিল সম্পর্কে আমি যে সার্কুলেসন মোসন দিয়েছি সেটা এখন মুভ করছি। এ প্রসঙ্গে আমি প্রথমেই শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অল্প কিছুদিনের মধ্যে আমরা পশ্চিম বাংলায় পরপর কয়েকটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হতে দেখেছি অর্থাৎ আমরা প্রথমে দেখলাম যাদবপুর ইউনিভার্সিটি, তারপর ১৯৫৯ সালে বর্দ্ধমান ইউনিভার্সিটি এবং তারপর গত বছর দেখলাম কল্যাণী বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। স্যার, বিশ্ববিদ্যালয় সৃষ্টি যদি শিক্ষার মাপকাটি হয়ে থাকে বা দেশের শিক্ষার স্তর কতটা উন্নীত হোল বা দেশের মধ্যে কতখানি শিক্ষার বিস্তার হোল তার মাপকাটি হয়ে থাকে তাহলে তিনি নিশ্চয়ই এই গর্ব করতে পারেন যে তিনি দেশের শিক্ষা ব্যবস্থা উন্নততর করেছেন। কিন্তু এ কথাটা আমাদের স্মরণ রাখা দরকার যে, শিক্ষা উন্নত স্তরে উন্নীত হোল কিনা তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংখ্যাতত্ত্বের যোগাযোগ নেই। যা হোক, একথা সত্য যে, দীর্ঘদিন ধরে বাংলাদেশে ঐতিহ্য বহনকারী কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংখ্যা গত ১০ বছরের মধ্যে অনেক গুণ বেড়ে গেছে এবং শিক্ষামন্ত্রী মহাশয় ও ষ্ট্যাটিসটিক্স দিয়ে এই জিনিসটা দেখিয়ে দিয়ে বলেছেন যে, বহুগুণ ছাত্র বেড়ে যাওয়ার ফলে শিক্ষক এবং ছাত্রদের মধ্যে যে সম্পর্ক, সৌহার্দ্য, পরিবেশ এবং পরিচয় থাকা দরকার

সেটা কোলকাতা বিশ্ববিদ্যালয়ে গড়ে উঠতে পারে নি। অবশ্য তিনি যখন বর্দ্ধমান এবং কল্যাণী বিশ্ববিদ্যালয় বিল উত্থাপন করেছিলেন তখন এই ভাষা প্রয়োগ করেছিলেন, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, সেই মধুর সম্পর্ক বা সৌহার্দ্যের পরিবেশ কি করে তিনি এই নূতন ইউনিভার্সিটিতে গড়ে তুলবেন? এ কথা ঠিক যে, দীর্ঘদিন ধরে উত্তর বঙ্গের সাধারণ মানুষ সেই অঞ্চলে ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিকেল কলেজ প্রভৃতি প্রতিষ্ঠা করবার জন্য যে দাবী জানিয়ে আসছে সেই দাবীর কিছুটা মেটানোর চেষ্টা এই বিলের মধ্য দিয়ে হয়েছে। তবে বিভিন্ন অঞ্চলে জোনাল ভিত্তিতে ইউনিভার্সিটি গড়ে তুলবার পরিকল্পনা গ্রহণ করে সেই অনুযায়ী বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় এবং তারপর এই নর্থ বেঙ্গলে ইউনিভার্সিটি বিল যে আমাদের কাছে এসেছে তাতে আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে যে কয়েকটি মূলগত প্রশ্ন রাখতে চাই তার উত্তর দেবার তিনি চেষ্টা করবেন কেন না এই উত্তরের মধ্য দিয়ে আমরা বুঝে নেব যে এই সব বিশ্ববিদ্যালয় আগামীকালে যা প্রতিষ্ঠিত হতে চলেছে তা আমাদের দেশের শিক্ষা ব্যবস্থাকে কোনদিকে টেনে নেবে এবং তা দেশের শিক্ষাব্যবস্থাকে সহায়তা করবে কিনা। প্রথমে আমার বক্তব্য হচ্ছে যে, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অসুবিধাগুলো দূর করবার জন্য জোনাল ভিত্তিতে ইউনিভার্সিটি গড়ে তুলবার যে কথা একটু আগে তিনি বললেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে, এই নর্থবেঙ্গল ইউনিভার্সিটি যা গঠিত হতে চলেছে সেটা একটা অ্যাফিলিয়েটেড এবং টিচিং ইউনিভার্সিটি—রেসিডেন্সিয়াল ইউনিভার্সিটি নয়। কাজেই আমাদের স্মরণ রাখা দরকার যে, রেসিডেন্সিয়াল ইউনিভার্সিটিতে শিক্ষক এবং ছাত্রদের মধ্যে মেলামেশা করার এবং সৌহার্দ্য স্থাপনের যে সুযোগ থাকে, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে সেই সুযোগ থাকবে না এবং আমরা দেখতে পাচ্ছি যে, দার্জিলিং, মালদহ, কুচবিহার এবং পশ্চিম দিনাজপুর প্রভৃতি কয়েকটি জেলাকে কেন্দ্র করে এই উত্তরবঙ্গ ইউনিভার্সিটি গড়ে উঠছে। Affiliating অর্থাৎ বিভিন্ন জেলায় তার underএ affiliated college থাকবে। বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে যেসব কলেজ আছে, এই ইউনিভার্সিটি বিল কার্যকরী হওয়ার সঙ্গে সঙ্গে সেই সব কলেজ উত্তরবঙ্গ ইউনিভার্সিটির অধীনে affiliated হয়ে যাবে। তার মধ্য দিয়ে তিনি কি বলতে চান যে কলেজের ছাত্র সমাজের সঙ্গে শিক্ষক সমাজের যে পরিচয় সৌহার্দ্য তা বেশী হবে? দার্জিলিং, কুচবিহার, মালদহ, ওয়েষ্ট দীনাজপুর প্রভৃতি জায়গার মফঃস্বল কলেজগুলি বর্তমানে যে অবস্থায় আছে তাতে সেইসব কলেজের ছাত্রসমাজের সঙ্গে শিক্ষক সমাজের যতখানি পরিচয় যতখানি সৌহার্দ্য আছে তা উত্তরবঙ্গে এই ইউনিভার্সিটি স্থাপিত হওয়ার সঙ্গে সঙ্গে বেশী হওয়ার কি কারণ থাকতে পারে? যা অবস্থা আছে সেই অবস্থায়ই থাকবে। affiliation change হয়ে যাবে কলকাতার পরিবর্তে North Bengal University'র সঙ্গে। যে কথা বলে তিনি হাউসে বিল উত্থাপন করেছেন সেই কথা কার্যকরী হওয়া সম্ভব নয়। কার্যকরী তখনই হতে পারে যখন বিভিন্ন অঞ্চলে আরও অধিক সংখ্যক কলেজ স্থাপন করে অল্প সংখ্যক ছাত্র নিয়ে অধ্যাপকের সংখ্যা বাড়িয়ে দেওয়া যাবে এবং সেই অধ্যাপক নিয়োগের দায়িত্ব সরকার গ্রহণ করবেন এবং প্রত্যেক কলেজকে residential college এ পরিণত করা যাবে। কিন্তু এই বিলের মধ্যে এ কথা নেই যে ওয়েষ্ট দীনাজপুর, জলপাইগুড়ি কুচবিহার এবং মালদহে এই ইউনিভার্সিটির অধীনে যে সমস্ত কলেজ থাকবে সেই কলেজগুলিকে residential collegeএ পরিণত করা হবে। Residential College না হওয়ায় সেই অঞ্চলের ছাত্ররা প্রথমে যে অসুবিধার সম্মুখীন হত আগামীদিনে এই বিল যখন কার্যকরী হবে, তখনও সেই একই অসুবিধার সম্মুখীন হবে কারণ, সরকার যেহেতু মফঃস্বল শহরের কলেজগুলিকে residential college এ পরিণত করার দায়িত্ব গ্রহণ করছেন না বা তার শিক্ষকদের নিয়োগ এবং

বেতনের দায়িত্ব গ্রহণ করছেন না। একটা নতুন ইউনিভার্সিটি স্থাপন করে তাঁরা গর্ব অনুভব করেন যে North Bengal এর মানুষের জন্য এটা করলাম। কিন্তু তার মধ্য দিয়ে যে আদর্শের কথা, যে নীতির কথা তিনি এখানে ঘোষনা করেন তার সঙ্গে এই বিলের কোন যোগাযোগ নেই, যেহেতু এই বিলে সেইসব কলেজকে residential collegeএ পরিণত করা হচ্ছে না। সেই জন্য আমার আপত্তি এখানে সবার উপরে উত্থাপন করছি।

তারপর North Bengalএর সাধারণ মানুষ দীর্ঘদিন ধরে দাবী করে এসেছে সেখানে engineering college and medical college স্থাপন করার জন্য। সেই medical college এবং engineering college যদি স্থাপন করা হত তাহলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংযোগ রেখে তা চালান সম্ভবপর হত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Engineering College already হয়ে গেছে।

Shri Apurba Lal Mazumdar : সবে তো হল। কল্যাণী এবং বর্ধমান ইউনিভার্সিটি বিলের আলোচনার সময় আমরা একথা বলেছি যে, সমস্ত ইউনিভার্সিটিতে যদি teaching staff sufficient এবং well equipped teaching staff আমরা না দিতে পারি তাহলে যেসমস্ত ছাত্ররা qualified হয়ে আসবে তারা discounted হয়। অনেক সদস্য বলেছেন যে appointment এর ক্ষেত্রে যাদবপুর ইউনিভার্সিটি থেকে পাশ করা ছাত্রদের যদি শিবপুর বি. ই. কলেজের ছাত্রদের সঙ্গে তুলনামূলক বিচার করা হয় তাহলে তাদের ডিগ্রি সম্পর্কে অনেকে সন্দিহান হয়ে উঠে; এই জন্য এই প্রসঙ্গে এই প্রশ্ন উঠে যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের post graduate studyর জন্য যথেষ্ট সংখ্যক ভাল অধ্যাপক পাওয়া যায়না। এবং University Post-Graduate Classএর জন্য যেসব ধরণের প্রফেসারের দরকার advertisement দিয়েও সেই ধরণের অধ্যাপক তাঁরা পাননা তার কারণ, তাঁদের যে বেতন দেওয়া প্রয়োজন সেই বেতন অনেকসময় ইউনিভার্সিটির পক্ষে দেওয়া সম্ভবপর হয়ে ওঠে না। কলকাতা বিশ্ববিদ্যালয় শহরের কেন্দ্রস্থলে অবস্থিত থেকে যদি যথেষ্ট কৃতিমান scholar কে তার শিক্ষক হিসাবে নিযুক্ত করতে না পারে তাহলে বর্ধমানের ক্ষেত্রে এই অবস্থা দেখা যাবে এবং North Bengalএর ক্ষেত্রেও তাই দেখব।

[6-35—6-45 p. m.]

আমরা জানি যে আজকে সারা পৃথিবীতে বিশেষ করে আমেরিকা ও ইউ-কে তে যথেষ্ট সংখ্যক ইউনিভারসিটি আছে; লণ্ডনে বা ইংল্যাণ্ডে আমরা জানি ২৫টি ইউনিভারসিটি আছে। আমেরিকায় দেখেছি ইউনিভারসিটির সংখ্যা প্রতিনিয়ত বেড়ে চলেছে; বিশেষ করে আমেরিকার ইউনিভারসিটি সম্পর্কে আমরা জানি সেখানে residential university অধিক সংখ্যায় থাকার জন্য ছাত্র ও শিক্ষকদের মধ্যে যে সৌহার্দ্য ও পরিচয় গড়ে উঠেছে, আমাদের পশ্চিমবঙ্গে তা আজও সম্ভব হয়ে উঠেনি। আমেরিকার মত ধনী দেশে ইউনিভারসিটি প্রচুরপরিমাণে থাকা সত্ত্বেও আর্থিক অনটনের জন্য অধ্যাপনার কাজ ঠিক ভাবে চলছেনা। তাছাড়া বিভিন্ন সংবাদপত্রে আমরা দেখেছি আমাদের এখানে সমাবর্তন উৎসব উপলক্ষ্যে সেখান থেকে যিনি এসেছিলেন ··

Mr. Speaker : Mr. Mazumdar there are 11 circulation motions. You must accommodate your friends.

Shri Apurbalal Mazumdar : আমরা দেখেছি সেই আমেরিকাতে যেখানে প্রচুর পরিমানে ইউনিভারসিটি সৃষ্টি করা হয়েছে, সেখানেও আর্থিক সংকট এসে দেখা দিয়েছে; তার ফলে সেখানেও উপযুক্ত প্রফেসার বা শিক্ষক নিয়োগের ক্ষেত্রে তারা অসুবিধা অনুভব করছেন আজ পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থার প্রতি যদি আমরা দৃষ্টিপাত করি তাহলে দেখতে পাবে

আগামী তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে বহুকোটি টাকা এখানে ট্যাক্স করে আমাদের তুলতে হবে। বিগত দুটি পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় জনসাধারণের উপর আপনারা যে ধরণের ট্যাক্সের বোঝা চাপিয়ে যে ভাবে তাদের oppressed করেছেন,—আগামী তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময়ও সেইভাবে জনসাধারণের কাছ থেকে টাকা আদায় করতে আপনারা চলেছেন। কয়েকদিন আগে amusement tax bill উত্থাপন করে নূতন করে কয়েক কোটী টাকা জনসাধারণের পকেট থেকে আদায় করবার ব্যবস্থা করেছেন। ঠিক তেমনি deficit finance নিয়ে নূতন taxation করে এই ইউনিভারসিটি তৈরী করছেন। এখানে যদি আমরা পোষ্ট গ্রাজুয়েট শিক্ষক নিয়োগ করতে যাই—পোষ্ট গ্রাজুয়েট শিক্ষকদের জন্য যদি এক হাজার টাকা নয়—দু'তিন হাজার টাকা মাইনে না দিতে পারি, তা হলে ঠিক উপযুক্ত শিক্ষক সেখানেও আমরা সংগ্রহ করতে পারবো না। আজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও আমরা দেখছি, তারা সেখানে উপযুক্ত শিক্ষক নিযোগ করতে পারেন নি। তাছাড়া এই বিল সম্পর্কেও আমরা অত্যন্ত সন্দিহান হয়ে পড়েছি। আমরা দেখছি, ইদানিংকালে বড় বড় ইউনিভারসিটিতে যে সমস্ত আইনের ব্যবস্থা করা হয়েছে, তার প্রত্যেকটি ক্ষেত্রে দেখছি প্রত্যেক ইউনিভারসিটিকে গভর্ণমেণ্ট তাদের নিজেদের কুক্ষিগত করার চেষ্টা করেছেন। বর্দ্ধমান, কল্যাণীর বেলায় যা দেখেছি, এই নর্থবেঙ্গল ইউনিভারসিটির ব্যাপারেও সেই একই জঘন্য প্রচেষ্টা দেখা যাচ্ছে। সেই Rotationএর ব্যবস্থা করছেন ইলেকসনের ব্যবস্থা করছেন না। ইউনিভারসিটির ডিগ্রীধারী গ্রাজুয়েটদের কোন representative এই নর্থবেঙ্গল ইউনিভারসিটি বিলে থাকছেনা, এটা বড়ই লজ্জার কথা। ইলেকসন যে গণতন্ত্রের মূল ভিত্তি ও যেখানে শিক্ষামন্ত্রী করছেন rotation করে তাদের সরিয়ে দিয়ে তাঁর খেয়ালখুসী মত নূতন যে গণতন্ত্রের দৃষ্টিভঙ্গী প্রচার করছেন তা দেখে বাস্তবিকই অবাক হতে হয়। এই ইউনিভারসিটির মধ্যে যারা আসবেন গভর্ণিংবডিতে, যা দিয়ে ইউনিভারসিটি তৈরী হচ্ছে তার ২১ জন সদস্যের মধ্যে ৫ জন মাত্র elected bodies. আর সমস্ত সদস্য বাইরের শিক্ষামন্ত্রীর নিজের মনোমত লোক নিয়ে সেটা তৈরী করবেন,—যাঁরা হবেন তাঁর হেঞ্চমেন। স্বাধীনস্বত্তা কি তাদের আছে? শিক্ষকের স্বাধীনতা, ও শিক্ষা বিভাগে সেখানে স্বচ্ছমুক্ত দৃষ্টিভঙ্গী তাদের যদি আসতে না পারে, সরকারের বাঁধাধরা নিয়মে যদি চলতে হয়, তাহলে তাদের দ্বারা কোন আসল কাজ হতে পারে না। তাই বলছি যে, অগণতান্ত্রিক পন্থা এখানে অনুসৃত হচ্ছে এবং যেসমস্ত লোক নিয়ে এই ইউনিভারসিটি গঠিত হতে চলেছে—তাকে আজকে যে কোন গণতান্ত্রিক মানুষ অন্ততঃ তার সমস্ত শক্তি দিয়ে এর বিরুদ্ধে বলবে—এবং আমরা বিরোধীপক্ষের তরফ থেকে সরকারের এই অগণতান্ত্রিক পন্থার বিরুদ্ধে প্রতিবাদ জানাব—তবুও বলবো এই নর্থবেঙ্গল ইউনিভারসিটি বিলের প্রয়োজন আছে। অগণতান্ত্রিক পন্থায় এইভাবে কুক্ষিগত করে এটাকে সরকারী দপ্তরে পরিণত করার প্রচেষ্টার আমি বিরোধীতা করছি।

Dr. Golam Yazdani : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th of October, 1961.

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে নর্থ বেঙ্গল ইউনিভারসিটি বিল হাউসের সামনে এসেছে তাকে আমি সমর্থন করি। নর্থ বেঙ্গলের লোকরা এতদিন ধরে আশা করে আসছিল যে তাদের সেখানে একটা শিক্ষাব্যবস্থা হোক একটা ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হোক এবং অন্যান্য উচ্চশিক্ষার ব্যবস্থা করা হোক। তার কিছুটা আমরা দেখছি আজকে গভর্ণমেণ্ট ব্যবস্থা করতে চলেছেন; তাই এই বিলকে আমি সমর্থন করছি। কিন্তু সঙ্গে, সঙ্গে এই বিলের মধ্যে যে সকল ত্রুটি-বিচ্যুতি আছে সে সম্বন্ধে আমি গভর্ণমেণ্টকে কতকগুলি বিষয় দেখিয়ে দিতে চাই। সেটা হল যে এই বিলটা যদি আগাগোড়া পড়া যায় তাহলে এই বিলের ত্রুটি-বিচ্যুতি গুলি ধরা পড়বে। এখানে বলা হয়েছে যে এই ইউনিভার্সিটি স্থাপিত হবে শিলিগুড়িতে। কিন্তু এখানে কথা হল, নর্থ বেঙ্গলের মধ্যে শিলিগুড়িটা ঠিক জায়গায় কিনা, সেটা নিয়ে হয়ত অনেকেই

প্রশ্ন করবেন। কিন্তু আমার কথা হল যে নর্থ বেঙ্গলের মধ্যে শিলিগুড়ি একটা শিল্পাঞ্চল এলাকা এবং সেখানে ইউনিভার্সিটি হলে—কলকাতার সঙ্গে হয়ত যে এরোপ্লেন এর যোগাযোগ আছে, তাতে কলকাতা থেকে সেখানে সহজেই, যাওয়া যাবে। কিন্তু মালদহের সবচেয়ে নীচের দিকে যে জায়গা দক্ষিণ দিকে, তার সঙ্গে নর্থবেঙ্গলের যে যোগাযোগ, সেটা ত্বরান্বিত করলে মালদহের লোকেরা তাড়াতাড়ি যেতে পারবে। সেইজন্যই এটা সিলেক্সন করা হয়েছে। কিন্তু আমার কথা হল নর্থ বেঙ্গলের ম্যাপটা যদি একটু ভাল করে দেখেন- তাহলে দেখা যাবে নর্থ বেঙ্গলের দুটা পার্ট রয়েছে: উত্তর অংশ এবং দক্ষিণ অংশ। দক্ষিণ অংশটা যদি ভাগ করা যায় তাহলে, দেখা যাবে ১/৪ ভাগ উত্তর দিকে আর ৩/৪ ভাগ হচ্ছে দক্ষিণ দিকে; এবং দক্ষিণ দিকে মালদহ, দিনাজপুর রয়েছে। এই মাত্র মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সেখানে মেডিকেল কলেজ স্থাপিত হয়েছে। তা যদি হয়ে থাকে, কোথায় হয়েছে, তা আমি আমি জানি না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: আমি মেডিকেল কলেজের কথা বলিনি। ইনজিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছে জলপাইগুড়িতে।

Shri Subodh Banerjee: সেটা আপ টু ডেট করে কলেজ নাম দেওয়া হয়েছে। গোবরা গোবর্দ্ধন হয়েছে।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri: সুবোধবাবু ঐটা সম্বন্ধে একবার জলপাইগুড়ির মানুষকে জিজ্ঞাসা করে দেখুন না?

Dr. Golam Yazdani: এ সম্বন্ধে আমার বলবার হল—নর্থ বেঙ্গলের যে দুটা ভাগ তারমধ্যে উত্তর অংশটা যদি আমরা দেখি তাহলে দেখা যাবে সেখানে cost of living অনেক বেশী হয়েছে। সুতরাং সেখানে যদি সমস্ত কলেজ, স্কুল হয়; তাহলে আপনি এই object and reasons এর মধ্যে যেটা বলেছেন, অর্থাৎ সেই সমস্ত জেলার লোকেরা খুব সুযোগ পাবে এবং শিক্ষা ব্যবস্থা হবে, ইত্যাদি সে উদ্দেশ্য কখনও—সফল হবে না, এবং নর্থ বেঙ্গলের লোকেরা ও তাতে সুখী হবে না।

[6-45—6-55 p. m.]

সেখানে Cost of living এত বেশী যে এটা আপনারা আশা করতে পারেন না যে North Bengal-এ অন্যান্য জেলা থেকে ছেলেরা পড়তে যাবে। শিলিগুড়ি জলপাইগুড়িতে cost of living index 10 per cent আর সবচেয়ে কম মালদা জেলায় 3 per cent. সুতরাং যখন একটা সিদ্ধান্ত নিয়েছেন যে একটা Engineering College হবে North Bengal-এ তাহলে নিশ্চয়ই এই সিদ্ধান্ত নিতে হবে যে যেখানে cost of living কম সেখানেই এটা হওয়া দরকার। North Bengal-এর গরীব ছেলেরা যারা Calcutta University-তে আসতে পারবে না—এমন একটা জায়গায় তারা যেতে চাইবে সেখানে cost of living কম। সুতরাং আপনাদের উদ্দেশ্য বুঝতে পারছি না। objects and reasons এর মধ্যে বলেছেন Government এর একটা পরিকল্পনা রয়েছে যে engineering শিক্ষা এবং medical শিক্ষার ওখানে ব্যবস্থা হবে—গভর্ণমেন্ট এইরকম আশা করছেন। গভর্ণমেন্ট যা আশা করছেন তার উপর আমাদের খুব বেশী আস্থা নেই কারণ, এই কংগ্রেস সরকার যা আশা করেন তা বিশেষ কার্য্যকরী হয় না। তাঁরা যদি আশা করেন যে উত্তর বঙ্গে একটা engineering শিক্ষার এবং মেডিক্যাল কলেজ স্থাপন করবেন তাহলে আইনের মধ্যে সেটা সেভাবে স্বীকার করেন নি কেন? আপনারা Calcutta University Bill যদি দেখেন তাহলে দেখবেন সেখানে Professional College এর উল্লেখ আছে। আজকে এখানে আপনারা সেরকম কিছু উল্লেখ করছেন না। সুতরাং objects and reasons-এ যতই বলুন না

কেন যে আমরা engineering শিক্ষা দেব, medical শিক্ষা দেব; সেই আশা পূরণ হবে কিনা তাতে সন্দেহ আছে। আপনারা এই বিলে কোন professional college-এর কথা উল্লেখ করেন নি তাইতে আমাদের সন্দেহ হচ্ছে। কাজেই আপনারা ওই যে বলে দিয়েছেন আমাদের পরিকল্পনা আছে কিন্তু তা কবে হবে তা কিছু লেখা নেই—এটা সন্দেহ জাগায়। North Bengal এর যে demand—engineering college হোক, medical college হোক—কই এখানে তো তার উল্লেখ নেই। North Bengal অঞ্চলের ছেলেরা যাতে কলকাতায় এসে ভীড় না করে তার ব্যবস্থা কোথায় করেদিলেন। সেই তাদের কলকাতায় আসতে হবে, শিবপুর যেতে হবে। সুতরাং North Bengal এর ছাত্রদের উচ্চ I. A., B. A. M. A. পাস করে কি হবে? কারিগরী শিক্ষার জন্য তাদের কলকাতায় ছুটে আসতে হবে। এসব কথা আপনারা বিলে উল্লেখ করেন নি; এজন্যে আপনাদের সততা সম্বন্ধে সন্দেহ জাগে। উত্তরবঙ্গে আরও অনেক জেলায় আপনারা অন্যান্য কলেজগুলি যদি দিতে পারেন তাহলে সমতা রক্ষিত হবে। তারপর আপনাদের Governing Body তে যে সমস্ত member দের নেওয়ার ব্যবস্থা হয়েছে তার দিকে লক্ষ্য করলে দেখতে পাবেন North Bengal এর কোন লোককে নেওয়ার ব্যবস্থা নেই। সেখানকার যারা শিক্ষাবিদ—Music Arts Science এ যাদের অভিজ্ঞতা আছে তাদের Governing Body-তে member নেবার যে provision রয়েছে তার মধ্যে উত্তরবঙ্গের member-দের নেওয়ার provision রাখা উচিৎ বলে মনে করি।

Dr. Dhirendra Nath Banerjee: I move that the Bill be circulated for the purpose eliciting opinion thereon by the 3th November, 1961.

স্পীকার মহোদয়, আজকে যে বিল আলোচনা করতে উঠেছি, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় বিল, এই বিল উত্তরবঙ্গের স্বার্থে আনা হয়েছে এজন্য সরকারকে ধন্যবাদ দেওয়া আমার বক্তব্য। কিন্তু বর্তমানে উত্তরবঙ্গে শিক্ষা ব্যবস্থা যে অবস্থায় আছে তাকে উন্নত করবার জন্য উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় হলে যে সেই অবস্থার পরিবর্তন হবে এই রকম ধারণা আমার মনে আসেনা। উত্তরবঙ্গের ছাত্রছাত্রীদের যে অভাব ছিলনা তা নয় এবং উত্তরবঙ্গে যে বিশ্ববিদ্যালয় নেই সেটাই তার একমাত্র কারণ তা নয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে আমাদের যে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান আছে তা দিয়ে সেখানকার ছাত্রছাত্রীরা কোনরকমে তাদের অভাব মিটাচ্ছে। কিন্তু আমরা দাবী করে এসেছি যে বিশ্ববিদ্যালয় উত্তরবঙ্গে একটা হওয়া একান্ত প্রয়োজন, কারণ কলকাতার সঙ্গে উত্তরবঙ্গের যোগাযোগের যেমন অসুবিধা সেই অসুবিধা এর দ্বারা পুরণ হতে পারে। শিক্ষা এবং শিক্ষার্থীদের প্রয়োজনে সেখানে যদি একটা সর্বাঙ্গসুন্দর বিশ্ববিদ্যালয় হয় তাহলে সেখানকার ছাত্রছাত্রীরা তার সুযোগ পাবে এবং তাতে খরচও অনেক কমবে। সরকারের সেদিক থেকে একটা প্রস্তুতি গড়ে তোলা উচিত ছিল। এখানে যেসমস্ত institutions আছে, যে সমস্ত college আছে, তাদের উন্নতি করবার জন্য আমরা দাবী করে এসেছি। উত্তরবঙ্গে একটা Medical School ছিল জলপাইগুড়িতে, সেটাকে Medical College এ উন্নত না করে সেটাকে শেষ করে দেওয়া হয়েছে। এখন Medical শিক্ষার সুযোগ আর উত্তরবঙ্গে নেই Engineering শিক্ষার জন্য বা technical শিক্ষার জন্য সামান্য সামান্য যে দু'একটা technical school ছিল সেই school গুলিকে কলেজে পরিণত করা হয়নি। সম্প্রতি জলপাইগুড়িতে একটা technical school কে upgrade করে কলেজ করা হয়েছে। কুচবিহারে কৃষি বিদ্যার দিক থেকে সামান্য একটা স্কুল আছে তাকেও কলেজে পরিণত করার ব্যবস্থা করা উচিত ছিল। কারণ আমাদের সরকারের যেরকম আর্থিক অবস্থা তাতে এই সমস্ত institutions কে upgrade করে নিয়ে শিক্ষার সুযোগ করে দিয়ে, তারপর যদি বিশ্ববিদ্যালয় করা হোত, তাহলে আমরা মনে করতাম যে আমাদের ছেলেমেয়েদেরও যে আর্থিক অবস্থা তাতে তাদের একটা শিক্ষার সুযোগ করে দেওয়া হোত। এই সমস্ত Schoolকে

কলেজে পরিণত করে তার প্রয়োজনের তাগিদে যদি একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হোত তাহলে ভাল হোত। আমাদের এই সরকারের চাকচিক্যের দিকে যে প্রলোভন আছে সেই প্রলোভনের প্রয়োজনের জন্য এই বিল এসেছে। এখানে ছাত্রছাত্রীদের যে প্রয়োজন আছে, গরীব ছাত্র ছাত্রীদের যে অভাব ও অসুবিধা আছে তার তাগিদে তাদের প্রয়োজনীয় সমস্ত সুযোগ সুবিধা করে দিয়ে তারপর তাকে একটা সামগ্রিক রূপ দেবার জন্য যদি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা করা হোত তাহলে আমরা সরকারের দৃষ্টিভঙ্গীর তারিফ করতে পারতাম। কিন্তু তা না করে বর্দ্ধমানে, কল্যাণীতে যেভাবে কয়েকটা বিশ্ববিদ্যালয় এই কয়েক বৎসরের মধ্যে গজিয়ে উঠেছে তাতে তার যে দুরবস্থা দেখতে পাচ্ছি এবং ছাত্র ও শিক্ষকদের মধ্যে যে বিক্ষোভ গড়ে উঠছে তাতে আমার মনে হয় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আমাদের বিচ্ছিন্ন করে দেবার জন্য এই বিশ্ববিদ্যালয় হচ্ছে এর মধ্যে একটা রাজনৈতিক চক্রান্ত আছে বলে আমাদের মনে হয়।

[6-55—7-5 p. m.]

যেসমস্ত প্রতিষ্ঠান আছে, agricultural, engineering এবং commerce education এবং যেসমস্ত প্রতিষ্ঠান তাদের সুযোগ দিয়ে, তাদের প্রয়োজন মত প্রফেসার supply করে, সেখানে honours এবং research workএর জন্য ব্যবস্থা করে একটা ভাল ব্যবস্থা করতে পারতেন এই প্রসঙ্গে আমি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কথা বলতে চাই, উত্তরবঙ্গ সম্বন্ধে সরকারের যেন step-motherly দৃষ্টিভঙ্গি। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সম্পর্কে সরকারের যা পরিকল্পনা এবং যেভাবে এটা এখানে আনা হয়েছে তাতে ছাত্রছাত্রীদের যা দাবী সেই দাবী পুরণ হতে পারে না এবং বিশ্ববিদ্যালয়ের যে কাঠামো frame উপর থেকে চাপিয়ে দিচ্ছেন তাতে বিশ্ববিদ্যালয়ের আদর্শ এবং প্রয়োজন মিটতে পারে না। কাজেই এই সরকার যদি নিজেদের সমাজতান্ত্রিক ও গণতান্ত্রিক সরকার বলে দাবি করেন, তাহলে বিশ্ববিদ্যালয়ের এই steel frameকে পরিবর্ত্তন করে নতুন করে গণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা করতে হবে।

Shri. Phakir Chandra Roy I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th of October, 1961.

মাননীয় স্পীকার মহাশয়, North Bengal University Bill সরকার উত্থাপন করেছেন। মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় Act যা আছে সেই অনুসারে এই North Bengal University Bill রচিত হয়েছে। বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় অনুসারে কাজ করতে গিয়ে যে জিনিসটা করছেন সেসম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে রাখব। বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ে পদাধিকার বলে বড় বড় সরকারী কর্মচারীরা থাকবেন। Nominated members থাকবেন। আজ পর্যন্ত বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের composition complete হল না। আজ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের গঠন পদ্ধতি Executive Council Complete হল না। তারপর Executive Council এবং meeting বর্দ্ধমানে না করে কলকাতায় হয়। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও সেই অবস্থা। শিলিগুড়িতে Universityর meeting হবে না, writers Buildings। কাজেই আইন হলেও সেটা কিভাবে কার্যকরী হবে সেটা খুব ভাল ভাবে ভাবা দরকার। বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় বিল হবার পর যখন সুকুমার সেন মহাশয়কে Vice-Chancellor করে পাঠান হল তখন আমাদের মনে হল হয়ত জিনিষটা ভালো হবে। কিন্তু সুকুমার সেন মহাশয় থাকলেন না, দণ্ডকারণ্যে তাকে যেতে হল। ঠিক এই অবস্থায় যদি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় হয়। তাহলে বুঝব বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ে যে অবস্থা হয়েছে তার চেয়ে এমন কিছু ভালো হবে না—বরং আমাদের আশংকা হয় তারচেয়েও খারাপ হবে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় করার একটা কারণ হচ্ছে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপর যে চাপ সেটা কমান। এটাই এই আইনের উদ্দেশ্য। কলকাতায় নানা সুযোগ সুবিধা আজ engineering medical, agricultural বিভিন্ন বিষয়ে। তাছাড়া, এখানে এসে ছাত্ররা জীবিকার্জনের

খানিকটা সুযোগও পায়। যদি শিক্ষা ও জীবিকার্জন এই দুটোর ব্যবস্থা উত্তরবঙ্গে না করতে পারা যায় তাহলে শুধু University হলেই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপরে যে চাপ তা কমবে না। সেজন্য আমি মনে করি, commerce, medical, agriculture ইত্যাদি বিভিন্ন বিষয়ে উপযুক্ত ব্যবস্থা থাকা উচিত। এগুলোর ব্যবস্থা না করলে শুধুমাত্র মামুলিভাবে বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা করলে কোন উপকার হবে না। এসমস্ত দিক থেকে বিবেচনা করে বিলটা নতুন করে রচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[7-5—7-11 p. m.]

Shri Basanta Kumar Panda : Sir, I welcome the idea of establishing a University in North Bengal. When we were discussing the Burdwan University Bill in this House about three years ago, I gave this idea that the situation of Bengal is such that there is necessity for three Universities, one for the lower region which is now Calcutta University, another in the middle region, that is the Burdwan University, and at that time I suggested the establishment of a third University in North Bengal. That idea has now been accepted : so I welcome this Bill.

We know, Sir, the necessity of a University. University grows for the preservation, for the upliftment of a culture prevailing in locality. In addition to this, there is scope for higher education. n North Bengal, there is a special culture which should be nurtured and preserved. In North Bengal, there is Darjeeling District which has got a special language, the Nepali language. Also in the terai region, there is an admixture of languages. Then in the southern region, there is Bengali If such a University is established, through this Uniuersity special attention should be given by establishment of some colleges to the protection and preservation of certain rural products that is tea etc Tea is the most valuable produc of our State which grows there. Therefore, colleges should be established for the purpose of growth and preservation of this industry, tea, cinoona and other things. Besides this, there is timber which is the second wealth of the State. It grows in abundance in North Bengal, specially in the Terai region, Himalayan region and also in some parts of the north districts. Now colleges should be established for the culture, study and preservation of these natural and indigenous products. Therefore the University is a welcome phenomenon and I would say it is also timely. But there is one difficulty today, and I draw the attention of the Hon'ble Minister and also of the Government. That is this, that it is being situated several hundreds miles from Calcutta. You know, and the honourable m nister also knows there is a dearth of qualified and able teachers in the Universities. We have recently passed several University Bills, but for the teaching in M. A classes we do not find even first class M. As. For teaching in other colleges first class M As. and M Sc. are rare. If first class H. As. are not avilable and second class M. As become University teachers, then standard of teaching in the University is bound to go down. That thing has been reflected in several all India competitive examinations which have been held recently. Other Universities such as Allahabad, Bombay and M dras, the, are keeping up there standards, but here in Bengal the standard generally is not maintained and grace marks are to be given for the purpose of inflating the number of passes. In Calcutta there is attraction for well qualified professors and teachers to remain here ; but outside there is not much attraction. Still when we are eatablishing a University the standard is to be looked into. I think I should give a note of caution as there is a dearth of professors and teachers. Good students, the best products of our Uuiversity are first of all not very willing to be teachers. Some of them first of

all want to go in administrative services, then in orher lucrative services, and lastly they become teachers.

Therefore, the position of these teachcrs should be such and their salaries should be such that their salary and other conditions of service be not in any way inferior to other administrative posts. Sir, with this recommendation of mine I welcome this Bill and I welcome this establishment of University in North Bengal.

Mr. Speaker : The House is adjourned till 3 p. m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-11 p. m. till 3 p. m. on Friday, the 22nd September, 1961, at the Assembly House, Calcutta.

Vol. XXX—No. 2

ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assemb

Thirtieth Session

(September 1961)

PART—6

22nd September, 1961

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Proce and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 22nd September, 1961, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 11 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 185 Members.

Unstarred Questions

(To which written answers were laid)

[3—3-10 p.m.]

Requirement of electricity in the State

23. (Admitted question No. 27.) **Shri Jagat Bose :** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state whether the State Government has made any assessment of the total power requirement in the State ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) total demand for power for each purpose in this State during 1950-51, 1955-56 and 1960-61 ;

(ii) the estimated supply of power for each purpose in the State during 1950-51, 1955-56 and 1960-61 ; and

(iii) the basis of assessment of the total power requirement ?

The Chief Minister and Minister for Development (The Hon'ble Dr. Bidhan Chandra Roy) : (*a*) Yes.

(b) (i) Total demand for power in M.W. under different categories are as under—

	1950-51.	1955-56.	1960-61.
(A) On utilities—			
(1) General lighting (mainly domestic)	65·0	108·9	139·6
(2) Industries and others	187·0	342·1	524·9
(B) Demands met by various industries and Railway Workshop from own generation.	58·0	67·0	80·0
Total	310·0	518·0	744·5

(ii) Estimated supply or firm power availability (saleable power)—

1950-51.	1955-56.	1960-61.
300	600	630

(iii) Assessment of power requirement in the State was based on the systematic load surveys.

Malaria in Calcutta

24. (Admitted question No. 98.) **Shri Ganesh Ghosh:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত পাঁচ বৎসরে কলিকাতা পৌর এলাকায় ক্রমশই ম্যালেরিয়া রোগের বৃদ্ধি লক্ষ্য করা গিয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) গত পাঁচ বৎসরে এবং বর্তমান বৎসরের প্রথম সাত মাসের মধ্যে ঐ এলাকায় এমন কতগুলি ম্যালেরিয়া রোগ ঘটিয়াছে যাহা সরকারের জানা আছে, এবং

(২) উক্ত এলাকায় ম্যালেরিয়া প্রতিষেধকের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

The Minister for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

Prembazar Health Centre near Kharagpur

25. (Admitted question No. 112.) **Shri Narayan Chobey:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(a) the number of doctors alloted for the Prembazar Health Centre Hospital near Kharagpur ;

(*b*) the number of doctors actually posted there at present ;

(*c*) whether the Government have placed an ambulance at the disposal of the said Health Centre ;

(*d*) If so, whether there is any garage for the same ;

(*e*) whether the Government promised to install a telephone in that hospital ; and

(*f*) if so, whether the telephone has been installed in the hospital ?

The Minister for Health (The Hon'ble Dr. Anath Bandhu Roy): (*a*) Four.

(*b*) Three ; another will be posted soon.

(*c*) and (*e*) Yes.

(*d*) No.

(*f*) Not yet.

Starred Questions

(to which oral answers were given)

Allegation against Social Welfare Congress, North Calcutta

*53. (Admitted question No. *25.) **Shri Ganesh Ghosh**: Will the Hon'ble Minister in charge of the **Health Department** be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য-সরকারের মধ্যস্থতায় উত্তর কলিকাতার "সোস্যাল ওয়েলফেয়ার কংগ্রেস" নামে একটি সংস্থাকে ইউনিসেফ কর্তৃক প্রদত্ত দুধ ও ঔষধপত্রাদি দরিদ্র জনসাধারণের মধ্যে বিলি করার দায়িত্ব দেওয়া হইয়াছে ?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ সংস্থা কাহারা পরিচালনা করেন ;

(২) ঐ সংস্থার কোন দুর্নীতির সংবাদ সরকার অবগত আছেন কি ;

(৩) ঐ দুর্নীতির খবর অবগত থাকিলে, সরকার তদন্তের কোন ব্যবস্থা করিয়াছেন কিনা ; এবং

(৪) উক্ত তদন্তের ফলাফল কি ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy :

(ক) হ্যাঁ, কেবলমাত্র দুধ বিলি করার দায়িত্ব দেওয়া হইয়াছে।

(খ) উক্ত সংস্থাটি সোসাইটি রেজিষ্ট্রেসন আইন মতে রেজিষ্ট্রিকৃত এবং নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ বর্তমানে উহার সদস্য।

(১) প্রফেসর : অপরেশ ভট্টাচার্য, এম্.এস্.সি., সভাপতি।

(২) শ্রীজ্ঞানেন্দ্র নাথ সাহা রায়, সাধারণ সম্পাদক।

(৩) ডাঃ এ. কে. নন্দী, বি.এস্.সি. (কলিঃ), এম্.আর.সি.পি. (লণ্ডন), চেয়ারম্যান মেডিকেল কমিটি।

(৪) ডাঃ জে. সাহা, এম্.ডি.—সভ্য।

(৫) ডাঃ এন. কে. সরকার, এম্.বি. (কলিঃ), এম্.আর.সি.পি. (লণ্ডন), ডি.পি.এইচ.।

(৬) ডাঃ এম্. এম্. সাহা, বি.এস্.সি., এম্.বি., মেডিকেল অফিসার।

(২) হ্যাঁ, দুর্নীতির অভিযোগ সম্বন্ধে সরকার অবগত আছেন।

(৩) দুর্নীতি দমন বিভাগকে এ সম্বন্ধে রিপোর্ট দিতে বলা হইয়াছে।

(৪) উক্ত রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

Shri Ganesh Ghosh : ঐ সংস্থার ভাইস্-প্রেসিডেন্টের নাম আপনি বলেন নি কাজেই আমি জানতে চাই যে, শ্রীযুক্ত নেপাল রায়, এম্.এল্.এ. এবং শ্রীযুক্ত নির্মলেন্দু দে কি ঐ সংস্থার ভাইস্-প্রেসিডেন্ট।

The Hon'ble Dr. Anath Bandhu Roy : ভাইস্-প্রেসিডেন্ট সম্বন্ধে কোন তথ্য এখানে আসেনি।

Shri Nepal Roy : যদি কিছু মনে না করেন তাহলে আমি বলতে চাই যে, আমি এই সমিতির ভাইস্-প্রেসিডেন্ট।

Shri Ganesh Ghosh : কি পরিমাণ দুধের দুর্নীতি সম্বন্ধে আপনি অভিযোগ পেয়েছেন ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : গত ২৮.৮.৬১ তারিখে অভিযোগ সম্বন্ধে ঐ কমিটির প্রেসিডেন্টের পক্ষ থেকে আমাকে জানান হয়েছে যে, ওখানকার সম্বন্ধে কতগুলো অভিযোগ পেয়ে ঐ জায়গা সার্চ করে কতগুলো কাগজপত্র নিয়ে যাওয়া হয় এবং সেখানে ৫০৪ পাউণ্ড দুধ পাওয়া যায়।

Shri Ganesh Ghosh : অপরেশবাবু, নেপালবাবু, নির্মলেন্দুবাবুর বাড়ীটা কি সার্চ করা হয়েছিল ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না। ওঁদের যেখানে অফিস সেখানে সার্চ করা হয়েছিল।

Shri Ganesh Ghosh : এটা দুর্নীতি দমন বিভাগে দেওয়ার পর তাঁরা কাউকে য়্যারেষ্ট করেছেন কি ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, এ পর্যন্ত কাউকে য়্যারেষ্ট করা হয়নি।

Shri Ganesh Ghosh : এদের য়্যারেষ্ট না করার জন্য সরকার পক্ষ থেকে কোন নির্দেশ দেওয়া হয়েছে কি ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, কোন নির্দেশ দেওয়া হয়নি।

Shri Ganesh Ghosh : কি পর্যন্ত তদন্ত এগিয়েছে সে সম্বন্ধে আপনাদের কাছে দুর্নীতি দমন বিভাগ কোন রিপোর্ট দিয়েছেন কি ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : কালকে তাঁরা রিপোর্ট দিয়েছেন। যে-সমস্ত কাগজপত্র তাঁদের কাছ থেকে সীজ করা হয়েছিল তার অধিকাংশ ফেরৎ দেওয়া হয়েছে এবং সামান্য মাত্র কাগজ এখন আছে। এছাড়া এখনও ইনভেষ্টিগেশান চলছে।

Shri Ganesh Ghosh : একথা কি সত্য যে ঐ সংস্থার পৃষ্ঠপোষক হচ্ছেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রীযুক্ত অশোক সেন এবং বাংলা সরকারের মন্ত্রী শ্রীযুক্ত প্রফুল্ল চন্দ্র সেন ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : হাঁা, পৃষ্ঠপোষকদের মধ্যে তাঁরা আছেন।

Shri Ganesh Ghosh : আপনি কি দায়িত্বশীল মন্ত্রী হিসাবে খবর নিয়েছেন যে দুর্নীতি দমন বিভাগ এপর্যন্ত আর এগুতে পারছে না কেন এবং কেনই বা কাগজ পত্র ফেরৎ দিয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : যেসব কাগজ তাদের দরকার হয়নি বলে আমাদের জানিয়েছে সেগুলি ফেরৎ দেওয়া হয়েছে। যেগুলি দরকার সেগুলি রেখেছে। এখনও তদন্ত চলছে।

Shri Ganesh Ghosh : যেগুলি ফেরৎ দেওয়া হয়েছে সেগুলি আপনি দেখেছেন কি ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, দেখিনি।

Shri Ganesh Ghosh : দুর্নীতি দমন বিভাগ কি আপনাদের জানিয়েছে যে এই পরিমাণ দুধের সম্বন্ধে দুর্নীতির কারণ ঘটেছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : তা' কিছু বলেননি। তবে সেখানে ৫০৪ পাউণ্ড দুধ পাওয়া গেছে।

Shri Ganesh Ghosh : আপনি বলছেন ৫০৪ পাউণ্ড দুধ পাওয়া গেছে। কিন্তু কলকাতার সকলেই জানে ১ লক্ষ পাউণ্ড এর সংগে জড়িত আছে। আপনি নিজের থেকে খবর নিয়েছেন কি ?

Tho Hon'ble Dr. Anath Bandhu Roy : আমি খবর নিয়েছি। আজ পর্যন্ত তাদের ১ লক্ষ ৩০ হাজার পাউণ্ড দুধ দেওয়া হয়েছে।

Shri Ganesh Ghosh : এর মধ্যে কত পাউণ্ড যথার্থ involved হয়েছে এসম্পর্কে দুর্নীতি দমন বিভাগ কোন খবর জানিয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : দুর্নীতি দমন জানায়নি, অন্য কোন দমন জানায়নি। তবে বলেছি ১৯৬০ সাল থেকে ১৯৬১ সালের জুলাই পর্যন্ত তাদের এতটা দুধ দেওয়া হয়েছে।

Shri Ganesh Ghosh : এতটা বলতে কতটা দুধ দেওয়া হয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : ঐ তো বললাম ১ লক্ষ ৩০ হাজার পাউণ্ড।

Mr. Speaker : It is a matter which is under investigation. How can the Minister say all this unless the report is placed before him ?

Shri Ganesh Ghosh : আপনি কি জানেন যে যাতে investigation না হয় তার জন্য উচ্চতর মহল থেকে দুর্নীতি দমন বিভাগের উপর চাপ দেওয়া হচ্ছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, এই রকম কোথ সংবাদ জানা নেই।

Shri Nepal Ray : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে complainant দুজনই Communist Partyর মেম্বার ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, এসম্বন্ধে আমার জানা নেই।

Shri Nepal Ray : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে এই complaintদের নামগুলি জানাবেন কি এবং তারা দুটো milk centreর সেক্রেটারী ছিল, তাদের দুর্নীতির জন্য এটা কেড়ে নেওয়ার ফলে এই কেস হয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : দুর্নীতি সম্বন্ধে অভিযোগ এসেছে, তার জন্য তদন্ত চলছে। কা'রা এতে আছে সেইসব রিপোর্ট পাইনি।

Shri Nepal Ray : যারা Enforcementএর কাছে complaint করেছে তাদের নাম আমি জানতে চাই।

The Hon'ble Dr. Anath Bandhu Roy : তাদের নাম আমার কাছে আসেনি। President আমাকে জানিয়েছেন যে এই রকম হওয়ার জন্য তাঁদের দুধ supplyর অবস্থা এমন হয়েছে যে একেবারে দুধ দেওয়া চলবে না। সেই তাঁরা চেয়েছিলেন যে দুধ দেওয়া হোক।

Shri Nepal Ray : ৫০৬ পাউণ্ড দুধ যেটা ওখান থেকে পাওয়া গেছে সেটা বিলি করবার জন্য রাখা হয়েছিল, না, তাদের কোন দোকানে বিক্রী হচ্ছিল সেইরকম অবস্থায় পাওয়া গেছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : বিলি করবার জন্য দেওয়া ছিল এবং এ সম্বন্ধে রিপোর্ট আছে।

Shri Nepal Ray : এটা কি তাদের অফিসে পাওয়া গেছে, না, অন্য কোথাও পাওয়া গেছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : এ সব অফিসে পাওয়া গেছে। এ সম্বন্ধে বিস্তৃত তথ্য আমার কাছে আছে।

Shri Jatindra Chandra Chakravorty : কমিউনিষ্ট পার্টির কোন লোক complaint করেনি। আমার supplementary হচ্ছে এ কথা কি সত্য সমাজ সেবা সমিতির পক্ষ থেকে complaintটা করা হয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : আমি এখনই বললাম এ সম্বন্ধে আমার অন্য কোন তথ্য নেই। তাঁরা আমাকে চিঠি লিখেছিলেন যে এই রকম কারণে দুধের supply আটকে রয়েছে, কাজেই আমাদের দুধ দেওয়া হোক।

[3-10—3-20 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : কারণ কংগ্রেসের দুটী দলে ঝগড়া—দুটো organisation একটা সমাজসেবা সমিতি.....

আমার প্রশ্ন হচ্ছে—একথা কি সত্য যে আমাদের Home (Police) Minister Investigating Officerকে এ সম্বন্ধে suitable instruction দিয়েছেন ?

[A voice : মিথ্যা কথা]

The Hon'ble Dr. Anath Bandhu Roy : আমার এ বিষয়ে কিছু জানা নাই, এটা ভিত্তিহীন।

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্যি যে ঐ Investigating Officer তাঁর personal diaryতে note করেছেন পুলিশমন্ত্রী আমাকে এ বিষয়ে suitable instruction দিয়েছেন ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : আমার তা জানা নাই।

Shri Jatindra Chandra Chakravorty : তাঁর personal diaryতে সেই Investigating Officer লিখেছেন যে—I was summoned by the Police Minister and suitable instruction was given to me. এটা উনি জানেন কিনা ?

[Noise and interruptions]

Shri A. K. M. Ishaque : On a point of order, Sir. How can an honourable member come to know what is written in the personal diary of a police officer ? Am I to understand that he has assumed the duties of a court ?

Mr. Speaker : Exactly.

Shri Jatindra Chandra Chakravorty : কোর্টে হয় না, এসেম্বলীতে হয়। Home (Police Minister) এই অভিযোগের কি জবাব দেবেন ?

Shri Nepal Chandra Ray : On a point of order. Sir, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে—মাননীয় বন্ধু যেকথা বললেন যে পুলিশের personal diaryতে একথা লেখা আছে যে আমাদের Home Minister নাকি intervene করেছেন এই কেসে, suitable instructionএর কথা বলেছেন। আমি মনে করি তিনি একথা প্রমাণ করুন। আমি প্রস্তাব করছি সমগ্র ব্যাপারটা প্রিভিলেজ কমিটীতে দেওয়া হোক।

Shri Jatindra Chandra Chakravorty : হ্যাঁ, হ্যাঁ, আমি রাজী আছি।

Mr. Speaker: *I disallow that question and therefore the question does not come as to whether it should go to the Privilege Committee or not.*

Dr. Kanailal Bhattacharyya : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন—নেপাল রায়, এম-এল-এ, অপরেশ ভট্টাচার্য, এম-এল-সি ও নির্মলেন্দু দে এদের হাউস কেন পুলিশ সার্চ করেনি ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : নোটীশ চাই।

Shri Jatindra Chandra Chakravorty : যারা complaint করেছিল, তাদের থেকে কি এঁদের নাম জানান হয়েছিল যে এঁদের নামও জড়িত আছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, আমার কাছে তা আসেনি।

Shri Nepal Chandra Ray : মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন কোন দুধ বা দুধ দেওয়া সম্পর্কে কোন সংস্থার কোন চিঠি দিয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : এরকম কোন সংবাদ পাইনি।

Shri Amarendra Nath Basu : মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই—তদন্তকারী যে পুলিশ অফিসার তিনি কি ওঁকে জানিয়েছিলেন—এই সমস্ত লোকের নাম যুক্ত থাকার ফলে আমি তদন্ত করতে সুবিধা পাচ্ছি না, তারজন্য আপনি আমাকে কি নির্দেশ দেন ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : আমাকে তেমন কোন কথা জানান হয় নাই।

Santragachi-Kona Road, Howrah

***54.** (Admitted question No. *91.) **Dr. Kanailal Bhattacharya :** Will the Hon'ble Minister in charge of the **Development (Roads) Department** be pleased to state—

(*a*) whether the Santragachi-Kona Road of Howrah district has been included for metalling and improvement in the Third Five Year Plan ; and

(*b*) if so, when its work will begin ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : (a) No. (b) Does not arise.

Dr. Kanailal Bhattacharyya : আমি জিজ্ঞাসা করতে চাই—তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তার কোন লিষ্ট already তৈরী করা হয়েছে কিনা ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : তৈরী করা হচ্ছে।

Dr. Kanailal Bhattacharyya : তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় হাওড়া জেলায় কত টাকা রাস্তার জন্য বরাদ্দ করা হয়েছে ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : নোটীশ না দিলে বলতে পারবো না।

Scheme for a hospital in Kharagpur

*55. (Admitted question No. *111.) **Shri Narayan Chobey :** Will the Hon'ble Minister in charge of the **Health Department** be pleased to state—

(*a*) whether the Government made any plan for the construction of a hospital with a maternity ward and a chest clinic, for Kharagpur ;

(*b*) if so, what the estimate of the plan was and when it was made ; and

(*c*) how far the said plan has been executed up to date ?

The Hon'ble Anath Bandhu Roy : (a) Yes. A plan was made for an outdoor Dispensary with Maternity, Child Welfare and Family Planning Centre, a Chest Clinic and a Clinical Laboratory.

(b) Rs. 2,57,000 ; in June, 1959.

(c) Execution had to be delayed as the estimate had to be revised. Order for immediate execution of the scheme has been given.

Shri Narayan Chobey : সাপ্লেমেণ্টারী ছার। Fresh estimate হয়েছে কি ?

The Hon'ble Anath Bandhu Roy : হ্যাঁ।

Shri Narayan Chobey : এই estimateএ কত টাকা ধরা হয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : ৩ লক্ষ ৬০ হাজার ২০০ টাকা।

Shri Narayan Chobey : এরজন্য আপনার works order বেরিয়েছে কিনা ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : হ্যাঁ works order দেওয়া হয়েছে।

Shri Narayan Chobey : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন এই হাসপাতাল তৈরী করবার জন্য বিগত ১৯৫৭ সাল থেকে বরাবর নোটীশ দিয়ে আসা হচ্ছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : হ্যাঁ।

Shri Narayan Chobey : এরপরে কবে গোটা হাসপাতালটা তৈরী করবার কাজ সুরু হবে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : আমি ত' বললাম works order দেওয়া হয়েছে, এখন বিবেচনা করা হচ্ছে—নির্মাণ কাজ শীঘ্রই সুরু হবে।

The rate of the contractors supplying fish to hospitals

*56. (Admitted question No. *138.] **Shri Jatindra Chandra Chakravorty :** Will the Hon'ble Minister in charge of the **Health Department** be pleased to state—

(*a*) whether the rate of the contractors supplying fish to the hospitals has been increased recently ; and

(b) if so,—

(i) when the rate was increased, and

(ii) what is the amount by which the rate has been raised in comparison with the last year's price ?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: (a) Yes, increase has been allowed in respect of certain varieties of fish for supply to the Calcutta Hospitals only.

(i) With effect from 1st August, 1961. This will continue upto 31st October, 1961. The position will be reviewed in October for refixation of rate with effect from 1st November, 1961.

(ii) Increase of 37·5 nP. has been allowed in respect of Katla, Rohi and Mrigal only. Accepted rate for these varieties for 1960-61 was Rs. 117·48 nP. per md. The current year's rate was Rs. 122·50 nP., which has been increased to Rs. 160 per md.

Sir, early in July, it was noticed that the market price of fish was on the rise, and by the middle of July the hospital contractors approached with the request that their contract rate for the supply of fish to the hospitals should be reviewed in view of the rising prices of fish. In this connection it may be mentioned that supply of fish to the hospitals at Calcutta has certain specifications, such as the overall weight of the contract rate does not include the head, tail, fins, scales and the intestines and also the fish is to be cut into pieces of a certain size and must be out of a large size of fish (each fish weighing not less than 2 seers) of Katla, Rui and Mrigel varieties.

By the end of July the position became rather serious and insistence on our accepted rate of Rs. 122·50 per maund of dressed fish, as stated above, would have meant breakdown in the supply of fish to the various hospitals. In actual fact, a breakdown did occur in some of the hospitals and the hospital authorities were obliged to purchase fish from the open market at a rate of Rs. 6/- to Rs. 7/- per seer.

[3-20—3-30 p.m.]

An effort was therefore made to study the problem realistically and ensure that the sick persons in the hospitals were not deprived of the essential nourishment they needed to recover from their illness.

As a result of statistical calculations, it has been found that on an average a dressed fish, at stated above, is about 28 seers out of one maund of whole marketable fish. In other words, there is a reduction loss of 30 percent. to each maund of fish supplied to the hospitals after proper dressing. Besides, the contractors are required to use their own transport to supply to each hospital in time, which also involves additional expenditure.

It was, therefore, felt that so long the prices paid to the contractors were not more than a minimum of 30 percent or a maximum of 40 percent. over and above the wholesale rate in the market, we would be justified in accepting their request for an enhancement of the rates.

On going through the Calcutta Municipal Gazette dated the 5th August, 1961, it would be found that the rate on the 24th July at the College Street Market was Rs. 3/8/- per seer of whole fish, or Rs. 140/- per maund. It is common knowledge that the rates increased further during subsequent days. Subsequently, as a result of the "Gentlemen's Agreement", the rate was fixed at Rs. 3/- per seer for whole fish. No increase in rate for other kinds of fish, e.g. Kai, Magur, Vetki, Hilsa etc. has been allowed.

On the above assumption and by adding, say 35 percent over and above the market rate, on the wholesale rate agreed to as stated above, it would appear that we would be justified in accepting a rate between Rs. 163/- to Rs. 189/- per maund. Rs. 120/- per maund plus 35 percent equals to Rs. 163/- per maund, and Rs. 140/- per maund plus 35 percent. equals to Rs. 189/- per maund. It would appear from the above that the Health Department was justified in accepting a higher rate only for Katla, Rohi and Mrigel as already mentioned, in order to tide over the difficult period and also with a view to ensure regular supply of fish for the sick persons in the hospital. This matter will be reviewed after the puja holidays, and if the market rates come down we will take action to adjust our rates accordingly.

Shri Jatindra Chandra Chakravorty : তিনি এখানে statistical calculation দিয়ে বলেছেন head, tail, intestinesর কথা। কিন্তু আমার কথা হচ্ছে আগেও ত' ঐ statistical calculation অনুসারে হাসপাতালে মাছ যোগান দেওয়া হয়েছে। তবে এখন statistical calculationর কথা তুলছেন কেন?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : মাননীয় সদস্য যদি আমার কথা ভাল করে শুনতেন তাহলে বুঝতেন যে আমি কিভাবে rate বাড়িয়েছি।

Shri Jatindra Chandra Chakravorty : আপনি যে বিবৃতি দিলেন তাতে বলেছেন যে, আগে যখন contractorরা দর বাড়াবার জন্য আপনার কাছে এসেছিল তখন আপনি তাদের হটিয়ে দিয়েছিলেন। কিন্তু পরে যখন দর বাড়িয়েছেন তখন কোন মন্ত্রীর কাছ থেকে কি সেই অনুরোধ এসেছিল?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : এ প্রশ্নের কোন ভিত্তি নেই।

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্য যে, মৎস্যমন্ত্রীর সঙ্গে আড়তদার ও মাছের অন্যান্য ব্যবসাদারদের সঙ্গে চুক্তি হবার পর, এই দর নীচু হবার ফলে ওঁর দপ্তরের যিনি director, তিনি এই rate বাড়িয়েছেন এবং তিনিই এটা revise করবার জন্য সুপারিশ করেছিলেন?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : না, তিনি সুপারিশ করেন নি। আমাদের যখন Fisheries Dept. থেকে জানান হয়েছিল যে, Gentleman's Contract হয়েছে যে ৩০ টাকা সের, সেই অনুসারে ব্যবস্থা করবার জন্য তিনি সমস্ত কাগজপত্র নিয়ে আমার কাছে আলোচনা করবার জন্য উপস্থিত হয়েছিলেন।

Shri Jatindra Chandra Chakravorty ; আমার supplementary হচ্ছে—কাগজপত্র যখন আপনার কাছে উপস্থিত করা হয় এবং সুপারিশ করা হয় Directorএর পক্ষ থেকে আপনি সেটা চেপে রাখেন ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : এর মধ্যে মোটেই সত্য নেই।

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্য নয় যে Hospital Contractor এই দর বাড়ানর ফলে যে সমস্ত মাছের ব্যবসায়ীরা দর বাড়িয়েছিল এবং ভদ্রলোকের চুক্তি হবার পরে সেই দর বাড়াতে তারা উৎসাহিত হয়েছে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : এর কোন কারণ নেই। আমি বলেছি ৩½ টাকা দর কেমন করে হয়। তিন টাকায় আমি বলেছি। কিন্তু বাজারে যেটা cut fish বিক্রী হয় সেটা কিভাবে হয় ? চাহিদা অনুযায়ী কারও হয়ত এক সের, কারও দেড় সের, কারও আধ সের দরকার ; সেখানে একটা সাত সের মাছকে এইভাবে কেটে কেটে বিক্রী করতে হয় এবং সেখানে ল্যাজা, মুড়া intestine বাদ দিতে হয়। সুতরাং গোটা মাছের দরের চেয়ে cut fish হিসাবে মাছের দাম সাড়ে তিন টাকা।

Shri Jatindra Chandra Chakravorty : এই যে ল্যাজা, মুড়া বাদ দেওয়া এটা আগে contractorরা বাজারে যে ভিত্তিতে করতেন সেই ভিত্তিতে তো এখনও করছেন। তাহলে দর বাড়াবার কারণ কি ?

Mr. Speaker : উনি তো কারণ বলেছেন।

Shri Jatindra Chandra Chakravorty : কোথায় কারণ বললেন ? আগে ল্যাজা মুড়া বাদ দিয়ে যখন Contractorরা হাসপাতালে মাছ সরবরাহ করত তখন কি কারণ থাকতে পারে যে তাদের সেইরকমভাবে সরবরাহ করা সত্ত্বেও ওইরকম বেশী দর অর্থাৎ ১২৲ টাকা থেকে ১৬৩৲ টাকায় বাড়াবার কি প্রয়োজন ছিল ? এর পিছনে কি যথার্থ কারণ তা জানতে চাই।

[No reply]

Shri Nepal Roy : মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যেটা আপনার statementএ বলেছেন যে ল্যাজা, মুড়া বাদ দিয়ে এবং পেটের নাড়িভুড়ি বাদ দিয়ে আপনারা হাসপাতালে মাছ নেন এবং সেই মাছ যেটা তরুণবাবু gentlemen's agreementএ করেছেন ৩½ টাকা সের বাজারে ওরকম কেটে বাদ দিয়ে মাছ পাওয়া যায় না ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : হ্যাঁ, আগেই তো বলেছি।

Shri Nepal Roy : মন্ত্রী মহাশয় বলবেন কি যে আপনি যদি হাসপাতালে মাছের supply চান তাহলে বর্তমানে যে মাছের rate তা' বাড়াতে হবে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : সেজন্যে বাড়িয়ে দিয়েছি।

Shri Haridas Dey : মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই যে contractorএর সংগে দর ঠিক হয় এটা কে করে ?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : যত কিছু মাছের চাহিদা সেই অনুসারে বাজারে যে scheduled rate আছে সেটা ধরে tender call করা হয়। তারপর tender open করে tender selection committee। তার মধ্যে যারা কম rate দেন তাদেরটা accept করা হয়।

3-30—3-40 p.m.]

Shri Haridas Dey : এবছর মাছের crisis যেরকম হয়েছে, এরকম কোন বছর হয়েছে কি না? ৭।৮ টাকা দরে মাছ কিনতে হয়েছিল, contractorরা হাসপাতালে মাছ দেওয়া বন্ধ করেছিল?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : তারা দুদিন দিতে পারেনি, কাঁচরাপাড়া হাসপাতালে, হাওড়া জেনারেল হাসপাতালে সকালবেলা দিতে পারেনি, বিকালবেলা দিয়েছিল।

Shri Dhirendra Nath Bhar : হাসপাতালে যে মাছের প্রয়োজন হয় সেটা যদি Fishery Department থেকে সংগ্রহ করা হয় অন্ততঃ সাময়িকভাবে কতদিনের জন্য তাহলে আমরা মনে করি মাছের দাম কিছুটা কমতে পারে—এটা বিবেচনা করে দেখবেন কি?

(No reply)

Shri Apurbalal Majumdar : মাছের দাম বেড়ে যাবার জন্য contractorরা দাম বাড়িয়ে দিয়েছি, এর আগে কোন occasionএ মাছের দাম কমে গিয়েছিল কি, contractorরা দাম কম নিয়েছিল?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : গেল বছর কম হয়েছিল, ১২০ টাকা এমন কিছু নয়।

Shri Apurbalal Majumdar : যখন নতুন করে বাড়িয়ে দেন, ৩৭ টাকা মণ প্রতি, তখন কি নতুন করে tender call করেছিলেন, এবং নতুন দামে লোকে দিতে রাজী হয়েছিল কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy : সেটা দেখা হয়নি।

Registration of names in the Employment Exchange during 1958 to 1960

***57.** (Admitted question No. *66.) **Shri Sunil Das :** Will the Hon'ble Minister in charge of the **Labour Department** be pleased to state—

(*a*) how many persons were registered in the Employment Exchange in West Bengal during the years 1958, 1959 and 1960; and the number of women so registered in each of the above years; and

(*b*) what is the number of appointments made out of those persons during each of the above years and what is the corresponding

The Hon'ble Abdus Sattar : A statement is given below.

	Year	Male	Female	Total
(a)	1958	205,917	6,177	212,094
	1959	207,223	6,935	214,158
	1960	269,545	10,331	279,876
(b)	1958	17,458	297	17,755
	1959	14,447	287	14,734
	1960	15,673	322	15,995

Shri Sunil Das : এটা কি ঠিক যে, registered number বেড়ে যাচ্ছে, কিন্তু সেই পরিমাণে placement কম হচ্ছে ?

The Hon'ble Abdus Sattar : হ্যাঁ, বেড়েছে, 1961এর August পর্যন্ত ১৫ হাজার placement হয়েছে।

Shri Sunil Das : Compulsory Notification Act অনুযায়ী আপনারা notification পাচ্ছেন ?

The Hon'ble Abdus Sattar : Notification যথেষ্ট পাচ্ছি, কিন্তু notification হলেই placement হয় না, তবে আমাদের policy of persuasionএর ফলে দেখা যাচ্ছে বেড়েছে।

Shri Sunil Das : Compulsory notification আপনারা পাচ্ছেন, কিন্তু compulsory notification পাবার সংগে সংগে Employment Exchange থেকে যেসব নাম আসে সেগুলি আগের চেয়ে বেশী গৃহীত হচ্ছে কি ?

The Hon'ble Abdus Sattar : আগের চেয়ে improvement হয়েছে, 1960 সাল বছর ধরে ১৫ হাজার ৯৯৫ হয়েছে।

Shri Sunil Das : এই যে improvement হয়েছে বলছেন, এই improvemen কতদিন পরিলক্ষিত হচ্ছে ? August মাস পর্যন্ত figures বলতে পারেন ?

The Hon'ble Abdus Sattar : আমি যা' বল্লাম সেটা হচ্ছে 1961এর জানুয়ারী থেকে April পর্যন্ত।

Shri Sunil Das : সব সময়ই এরকম হয়েছে ?

The Hon'ble Abdus Sattar : মাঝে মাঝে কমবেশী হয়েছে।

Shri Jatindra Chandra Chakravorty : এই যে আপনি সংখ্যা দিলেন regi হয়েছে বলে এবং চাকরী হয়েছে বলে, এঁদের মধ্যে বাঙালী কত আছে ?

The Hon'ble Abdus Sattar : আমি মনে করি সবই বাঙালী।

Shri Jatindra Chandra Chakravorty : যারা regtr. হয়েছে সবই বাংলাদেশের লোক ?

The Hon'ble Abdus Sattar : সকলেই পশ্চিমবংগের অধিবাসী।

Shri Rabindra Nath Mukhopadhyay : পশ্চিমবংগে কতগুলি Employment Exchange Office আছে ?

The Hon'ble Abdus Sattar : অনেকগুলি আছে, নোটিশ দিলে বলতে পারব।

Shri Rabindra Nath Mukhopadhyay : বহুলোক Employment Exchangeএ গিয়ে নাম রেজেষ্ট্রি করতে পারে না—

The Hon'ble Abdus Sattar : অনেক স্থলে এরকম হয়েছে। যেসব স্থানে হয়নি Third Five Year Planএ হয়ে যাবে।

Shri Rabindra Nath Mukhopadhyay : একথা কি সত্য যে, Employment Exchange সম্পর্কে যে কমিটি আছে, সেই কমিটিতে একটা resolution বহু পূর্বেই গৃহীত হয়েছিল যে নতুন নতুন Employment Exchange Office খোলা হবে, এসম্পর্কে কতদূর অগ্রসর হয়েছেন ?

The Hon'ble Abdus Sattar : সেই প্রস্তাবের পর অনেক কিছু হয়েছে, সুতরাং এখন সেই প্রশ্ন উঠে না।

[3-40—3-50 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পশ্চিমবংগের অধিবাসী যারা নাম রেজিষ্ট্রি করেছে তাদের মধ্যে বাংলা ভাষাভাষীর সংখ্যা কত ?

The Hon'ble Abdus Sattar : সেরকম কোন ব্রেক-আপ আমার জানা নেই।

Shri Jatindra Chandra Chakravorty : আপনি যে সংখ্যা দিলেন তার মধ্যে শিক্ষিত লোকের সংখ্যা কত ?

The Hon'ble Abdus Sattar : আমার কাছে লিষ্ট নেই।

Strike in Bengal Refractory Co., Ltd., Asansol

*53. (Admitted question No. *90.) **Shri Deben Sen :** *(a)* Will the Hon'ble Minister in charge of the **Labour Department** be pleased to state whether Government are aware that there has been a strike of the workers in Bengal Refractory Co , Ltd., Asansol, Burdwan, since the 28th August, 1961 ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the reasons for the strike ; and

(ii) the steps Government have already taken or propose to take in this regard ?

The Hon'ble Abdus Sattar : (a) Yes.

(b) (i) The refusal of the management to reinstate certain dismissed workers as per agreement dated 20. 2. 61 brought about this strike.

(ii) As a result of intervention by the Labour Directorate the strike has heen called off.

Shri Deben Sen : আপনি কি জানেন যে হরতাল আরম্ভ হবার বহুপূর্বে লেবার ডিপার্টমেণ্টের কাছে জানান হয়েছিল কি না যে মালিকরা এগ্রিমেণ্ট মানছে না ?

The Hon'ble Abdus Sattar : অভিযোগপত্র পাওয়া গিয়েছিল।

Shri Deben Sen : সেই অভিযোগপত্র যদি পাওয়া গিয়ে থাকে তাহলে লেবার ডিপার্টমেণ্টের তরফ থেকে হরতাল আরম্ভ হবার আগে কোন ষ্টেপ নেওয়া হয়েছিল কি না ?

The Hon'ble Abdus Sattar : ম্যানেজমেণ্টকে বলা হয়েছিল।

Shri Deben Sen : ম্যানেজমেণ্টকে বলা হয়েছিল এর মানে কি ?

The Hon'ble Abdus Sattar : এগ্রিমেণ্ট সম্পর্কে প্রশ্ন করলে তারা বলে যে ম্যানেজারের সংগে এগ্রিমেণ্ট হয়েছিল তার কোন লোকাল ষ্ট্যাণ্ডই নেই এবং দেখা গেল যে সেই ম্যানেজার সংগে সংগে পদত্যাগ করেছে।

Shri Deben Sen : কার জন্য সেই হরতাল হল ?

The Hon'ble Abdus Sattar : সেটা মতামতের ব্যাপার বলে বলা শক্ত।

Shri Deben Sen : যেহেতু হরতালের কারণ প্রধানতঃ মালিকদের তরফ থেকে চুক্তি সম্পাদিত না করা সেহেতু আপনি কি হরতাল পিরিয়ডে পে দেবার জন্য সেরকম কোন instruction পাঠাবেন ?

The Hon'ble Abdus Sattar : গভর্ণমেণ্ট এরকম কোন instruction দিতে পারে না, তবে ট্রাইব্যুনালে পাঠাতে পারে এবং ট্রাইব্যুনালের এবিষয়ে ক্ষমতা আছে যা-কিছু করার।

Shri Deben Sen : আপনি কি এবিষয়টা ট্রাইব্যুনালে পাঠিয়েছেন ?

The Hon ble Abdus Sattar : এখনও পাঠানো হয়নি, কারণ Assistant Labour Commissioner, Asansolএর কাছে বিষয়টা under considerationএ আছে।

Shri Deben Sen : এটা যখন পাঠান হবে তখন কি এটা একটা ইস্যু হবে ট্রাইক পিরিয়ডের পে-টা তাদের দেওয়া হবে ?

Mr. Speaker : That question does not arise.

Trawlers for the deep sea fishing operations

***59.** (Admitted question No. *104.) **Shri Sunil Das :** Will the Hon'ble Minister in charge of the **Fisheries Department** be pleased to state—

(*a*) how many trawlers are fit for deep sea fishing operations at present ;

(*b*) what has been the monthly catch during the past seven months ;

(*c*) if any trawler is lying idle ;

(*d*) if so the number of such trawlers and the amount of loss incidental to such incapacitation of the trawlers ;

(*e*) whether the Government have any scheme for the profitable utilisation of the unfit trawlers ; and

(*f*) if not, whether the Government are prepared to dispose them off ?

The Hon'ble Tarun Kanti Ghosh : Sir, I am very sorry I have not yet got the full answer.

Shri Sunil Das : When the reply may be expected ?

The Hon'ble Tarun Kanti Ghosh : There is a Board which is now managing the deep-sea fishing operations and I have requested them to give the reply to me before the Assembly adjourns and I hope to place the reply before the House before it adjourns.

Shri Sunil Das : Mr. Speaker, Sir, I would request the Hon'ble Minister, through you, to make it a point to get the reply before the Assembly adjourns on Tuesday, the 26th.

The Hon'ble Tarun Kanti Ghosh : I shall certainly try.

Damage to jute and Aus crops due to invasion of pests in July, 1961

***60.** (Admitted question No. *105.) **Shri Sunil Das :** Will the Hon'ble Minister in charge of the **Agriculture and Food Production Department** be pleased to state -

(*a*) the extent of damage to jute and Aus crops and Aman plants in July last due to the invasion of pest in the districts of Nadia, Murshidabad, 24-Parganas, Hooghly and Howrah ; and

(*b*) what pest-control measures were taken by the Government before and after the invasion ?

The Hon'ble Tarun Kanti Ghosh : (a) Statement 'A' is laid on the Table.

(b) Normally insecticides and equipments are stocked in outlying areas well in advance to fight out any outbreak of Pest attack. Supplies are augmented according to requirements.

Statement 'B' showing the quantities of insecticides applied in the districts mentioned in part (a) of the question as a pest control measure is laid on the Table.

Statement 'B'

Name of the District.	Insecticides applied for areas under Jute crop.	Insecticides applied for areas under Paddy.
1. Nadia	270 tons	12½ tons
2. Murshidabad ...	310 tons	50 tons
3. 24-Parganas ...	200 tons	17½ tons
4. Howrah	50 tons	12½ tons
5. Hooghly	150 tons	7½ tons
	980 tons	100 tons

Statement 'A'

Name of the District.	Jute		Area affected by pest in acres		Estimated damage coured by pest.
	Area affected by pest in acres.	Estimated damage coured by pest.	Aus.	Aman.	
Nadia	61,000	20%	4,000	1,000	15%
Murshidabad	1,01 000	20%	16,000	9,000	15%
24-Parganas	1,00,000	20%	10,000	....	15%
Howrah ...	80,000	20%	7,000	....	15%
Hooghly	1,00,000	20%	3,000	....	15%
	3,92,000		40,000	10,000	

Shri Mihirlal Ghatterjee : এই যে Insecticides supply করা হয় সেটা বিক্রী করার জন্য নাকি gift হিসাবে দেওয়া হয় ?

The Hon'ble Tarun Kanti Ghosh : Normally এই insecticide 50 percent. subsidy দিয়ে supply করে থাকি কিন্তু epidemic আকারে দেখা দিলে fully free দিতে পারি।

Shri Mihirlal Chatterjee : এবারে বাংলাদেশে epidemic আকারে দেখা দিয়েছিল, এটা কি বিক্রী করা হয়েছে না free দেওয়া হয়েছে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : Government যে measure নিয়েছে তাতে নিশ্চয়ই free দেওয়া হয়েছে এবং বিক্রীও করা হয়েছে—তবে যা দেওয়া হয়েছে তার মধ্যে free giftএর পরিমাণ কম নয়।

Shri Mihirlal Chatterjee : Free gift যা দেওয়া হয়েছে তার পরিমাণ কত এবং বিক্রী যা করা হয়েছে তার পরিমাণ কত ?

The Hon'ble Tarun Kanti Ghosh : Detail বলতে পারি না।

Shri Mihirlal Chatterjee : মানুষের কলেরা, বসন্ত হলে সরকার বিনা খরচে টীকা দেন কিম্বা অন্য কোন চিকিৎসার ব্যবস্থা করেন। ধানের মত একটা ব্যাপারে যেখানে ব্যাপকভাবে পোকা লাগে সেখানে Government free দিলেন না কেন ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আপনাকে তো প্রথমেই বলেছি আমরা 50 percent. subsidy দিয়ে থাকি। প্রথম থেকেই যদি আমরা announce করে দিই যে free করে দেওয়া হয়েছে তাহলে যাদের ক্রয় করার ক্ষমতা আছে তারা সরকারের উপর চাপ দেবে। তবে আমাদের সেরকম বন্দোবস্ত রয়েছে, দরকার মনে করলেই free gift দেবে যেখানে মনে করেন না সেখানে দেবেন না। ধরুন ২১ একর জমি যার রয়েছে ইচ্ছা করলে কিনতে পারে—সেখানে free দেওয়া হয় না।

Shri Mihirlal Chatterjee : একথা কি ঠিক যে সরকার জানিয়ে দেননি যে যারা গরীব তাদের free gift হিসাবে দেওয়া হবে আর যারা পয়সাওয়ালা লোক তাদের কিনতে হবে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : নিশ্চয়ই এর জন্য Superintendent of Agricultureএর জন্য যা যা করা দরকার করবেন এবং এটা জানি এ ব্যবস্থা আছে যেখান থেকে টাকা পাওয়া সম্ভব সেখান থেকে আদায় করবেন এবং যেখানে পাওয়া যাচ্ছে না, epidemic আকারে দেখা দিয়েছে সেখানে সরকার থেকে খরচ করবেন।

Shri Mihirlal Chatterjee : একথা কি ঠিক যে free gift না পাবার ফলে বহু জায়গায় মানুষ insecticide ব্যবহার করতে পারেনি এবং পোকা মারবার কোন বন্দোবস্ত হয়নি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : মাননীয় সদস্য মিহিরবাবুর কাছ থেকে এরকম কোন চিঠি আমি পাইনি।

Shri Sunil Das : মাননীয় মন্ত্রীমহাশয় যে table দিলেন তাতে দেখা যাবে নদীয়ায় Juteএর acreage নষ্ট হয়েছে হাওড়ার চেয়ে কম কিন্তু নদীয়ায় Insecticide ব্যবহৃত হয়েছে

অনেক বেশী। হাওড়ায় আনুপাতিক হারে কম ব্যবহৃত হয়েছে। এই অসামঞ্জস্যের কারণ কি হাওড়া এবং নদীয়ার মধ্যে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আপনি হয়ত দেখেন নি—Area affected by pest in acres নদীয়ায় হয়েছে ৬১ হাজার আর হাওড়ায় হয়েছে ৩০ হাজার। হাওড়া ও নদীয়ার মধ্যে difference করার কোন কারণ নাই। যেখানে যেমন প্রয়োজন সেরকম দেওয়া হয়েছে।

Shri Haridas Dey : নদীয়ার ১২টি থানায় ৬ হাজার একর পাটের জমিতে পোকা লাগল তারজন্য ১০৪০টি কীটনাশক যন্ত্র দিয়েছেন তার মধ্যে সরকার কতগুলি বিনা পয়সায় দিয়েছেন?

The Hon'ble Tarun Kanti Ghosh : I want notice for that detailed answer.

Shri Chitto Basu : একথা কি সত্য যে pest control stuff কম থাকার জন্যই এ বিষয়ে সাফল্য অর্জন করা যাচ্ছে না ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমার সেটা মনে হয় না। এটা ঠিক যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় pest controlএর জন্য আরও staffএর বন্দোবস্ত রয়েছে।

[3-50—4 p.m.]

Shri Chitto Basu : বর্তমানে যে ষ্টাফ আছে তার মধ্যে ইউনিয়ন এগ্রিকালচারাল অ্যাসিষ্ট্যাণ্ট কেউ আছে কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আপনারা ভালভাবেই জানেন যে, যেখানে যেখানে ব্লক হয়ে গেছে সেখানে কাজ করা সহজ এবং যেখানে ব্লক হয়নি সেখানে এই ইউনিয়ন অ্যাগ্রিকালচারাল এ্যাসিসট্যাণ্টদের মারফতে পেষ্ট কণ্ট্রোলের কাজ করিয়ে থাকি এবং দরকার হলে আরও লোক পাঠিয়ে দিই। তবে হয়ত প্রয়োজন হতে পারে এই অনুমান করে একগাদা ইউনিয়ন এগ্রিকালচারাল এ্যাসিষ্ট্যাণ্টকে বসিয়ে রেখে মাইনে দেওয়া যায় না। তবে এসব ছাড়া আমাদের যে গ্রামসেবক আছে তাঁদের দিয়েও কাজ করান হয়।

Shri Chitto Basu : একথা কি আপনি স্বীকার করেন যে, একটি সমগ্র ইউনিয়নে একজন ইউনিয়ন এগ্রিকালচারাল এ্যাসিষ্ট্যাণ্ট এবং একজন গ্রামসেবকের পেষ্ট কণ্ট্রোল করবার সুযোগ থাকে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমরা চাই যে, গ্রামের কৃষকরা পেষ্ট কণ্ট্রোল করবে। কারণ এটা সম্ভব নয় যে প্রতিটি গ্রামে এই কাজের জন্য একটি করে লোক রেখে দেব—আর তা ছাড়া সেই খরচও আপনারা আমাকে দেবেন না।

Shri Hemanta Kumar Ghosal : আপনি বললেন এবং টেবেলে-ও আছে যে, যেখানে যেখানে পোকা লেগেছিল সেখানে সময়মত হস্তক্ষেপ করা হয়েছে এবং ঔষধ দেওয়ার ফলে ক্ষতি অনেক কম হয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, এই ব্লক এরিয়া এবং যে সমস্ত এলাকায় বেশী পোকা লেগেছিল বলে বলেছেন সেখানে যে নর্মাল লোক ছিল তাঁদের দিয়েই কাজ করান হয়েছে না আরও কিছু লোক বাড়িয়ে তাঁদের দিয়ে কাজ করান হয়েছে এবং তা' যদি হয়ে থাকে তাহলে তার সংখ্যা কত ?

The Hon'ble Tarun Kanti Ghosh : এত ডিটেলস্ বলা সম্ভব নয়। পেষ্ট-এর সঙ্গে ফাইট করব বলে আমরা সরকারী দপ্তর থেকে হুকুমনামা জারি করেছিলাম, কাজেই কোথায় বেশী লোক নিয়েছিলাম আর কোথায় নিইনি তা উইথ আউট বলা যাবে না। আর তা ছাড়া পার্টিকুলার জায়গার কথা না বললে এ সম্বন্ধে কিছু বলা সম্ভব নয়।

Shri Hemanta Kumar Ghosal : একথা কি সত্য যে, যে সমস্ত অঞ্চলে ব্যাপকভাবে পোকা লেগেছিল সেখানে লোকের অভাবে ঔষধ বিতরণ করা সম্ভব হয়নি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : হতে পারে। তবে এ সম্বন্ধে আপনাদের কাছ থেকে এরকম কোন খবর পাইনি যে এখানে বিতরণ করা হয়েছে এবং ওখানে বিতরণ করা হয়নি।

Shri Hemanta Kumar Ghosal : একথা সত্য কিনা যে, আপনার সঙ্গে ব্যক্তিগতভাবে দেখা করে আমি বলেছিলাম যে পোকা লেগেছে কাজেই ঔষধ দেওয়া দরকার ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমার সঙ্গে ব্যক্তিগতভাবে দেখা করে আপনি ঋণের বন্দোবস্ত করবার জন্য বলেছিলেন। তবে পোকার কথা বলেছিলেন কিনা সেটা আমার মনে পড়ছে না।

Shri Hemanta Kumar Ghosal : আপনি ফ্রি গিফ্‌ট এবং কিনে নেবার কথা বলেছেন। কিন্তু এটা কি আপনি জানেন যে, যে সমস্ত জায়গায় পোকা লেগেছিল এবং বিশেষকরে আমি ২৪ পরগণার কথা বলছি যে সেখানকার অধিকাংশ জায়গাতেই এটা ফ্রি গিফ্‌ট হিসেবে না দিয়ে কিনে নেবার কথার উপরে জোর দেওয়া হয়েছিল এবং তার ফলে কৃষকরা নিতে পারেনি বলে ফসলের ক্ষতি হয়েছে ?

Mr. Speaker : He has already answered it in detail.

Shri Hemanta Kumar Ghosal : মিনিষ্টার সুনীল দাসের একটা প্রশ্নের উত্তরে বলেছেন যে অনেকে কিনতে পেরেছে এবং অনেকে কিনতে পারেনি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে, একটু আগে ফ্রি গিফ্‌ট এবং সেল্ এই দুটো মিলিয়ে চেষ্টা করছি বলে উনি যা বললেন তাতে অধিকাংশ জায়গাতেই আমরা দেখতে পাচ্ছি যে, ফ্রি গিফ্‌ট-এর পরিমাণ কম হয়ে বিক্রীর পরিমাণ বেশী হয়েছে এবং তার ফলে ফসলের ক্ষতি হয়েছে। এ সম্বন্ধে কিছু বলবেন কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমরা সরকারী কর্মচারীদের বারে বারে বলেছি যে, যেখানে পাওয়া সম্ভব সেখানে টাকা নিয়ে দেবেন কেন না ফ্রি গিফ্‌ট-এর মধ্যে গেলে মানুষ সরকারের উপর বেশী করে ভার দিতে চায়। যা হোক্, আমাদের কথা হোল যে পেষ্ট-এর বিরুদ্ধে ফাইট করা দরকার, তবে কোথায় বেশী হয়েছে আর কোথায় কম হয়েছে সে সম্বন্ধে ডিটেলস্ না পেলে কিছু বলা সম্ভব নয়।

Crisis in the Bidi industry in North Bengal

***61.** (Admitted question No. *141.) **Shri Satyendra Narayan Mazumdar :** Will the Hon'ble Minister in charge of the **Labour Department** be pleased to state—

(ক) উত্তরবঙ্গের বিড়ি-শ্রমিকদের ও বিড়ি শিল্পের সমস্যা সম্বন্ধে কোনরূপ তদন্তের কথা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, ঐ সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কিনা ?

The Hon'ble Abdus Sattar : (ক) সমগ্র পশ্চিমবঙ্গের বিড়ি কারিগরদের ন্যূনতম বেতন ১৯৬০ সালে ধার্য করা হইয়াছে। সমগ্র পশ্চিমবঙ্গের বিড়ি শ্রমিকদের ও বিড়ি শিল্পের সমস্যা সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(খ) এ প্রশ্ন এখন উঠে না।

Shri Satyendra Narayan Mazumdar : বিভিন্ন জেলায় নিম্নতম মজুরীর হারের ভেতর তারতম্য থাকার ফলে যেসব জায়গায় মজুরীর হার কম সেখান থেকে চালান বিড়ি সস্তা দরে পাওয়া যায় না, অন্য জায়গায় যায় এবং বিড়ি মালিকরা তার সুযোগ নিয়ে সেখানকার শ্রমিকদের মজুরীর হার কমিয়ে দেবার চেষ্টা করছে ?

The Hon'ble Abdus Sattar : আমরা এ সম্বন্ধে অন্যান্য প্রতিবেশী রাজ্যের সরকারের সঙ্গে আলোচনা করছি যে তাঁদের এবং আমাদের মধ্যে কি করে minimum wageএর ব্যাপারে একটা সমতা আনতে পারা যায়।

Shri Satyendra Narayan Mazumdar : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে বিড়ি শিল্পের শ্রমিকদের নিয়তম মজুরীর সমস্যা ছাড়া আর একটা সমস্যা হল বিড়ির পাতা কয়েকজন মাত্র মালিক এবং আড়তদারের মুষ্টিগত ?

The Hon'ble Abdus Sattar : এ প্রশ্নের উত্তর দিতে পারি না। কারণ, এটা আমার দপ্তরের অন্তর্ভুক্ত নয়।

Rise in price of potatoes

***62.** (Admitted question No. *173.) **Shri Rabindra Nath Mukhopadhyay :** Will the Hon'ble Minister in charge of the **Agriculture and Food Production Department** be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, সমগ্র পশ্চিমবঙ্গে সাম্প্রতিককালে আলুর খুচরা দাম বৃদ্ধি পাইয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) গত বৎসরের আগষ্ট-সেপ্টেম্বর মাসের তুলনায় বর্তমান বৎসরের আগষ্ট-সেপ্টেম্বর মাসে আলুর খুচরা দাম কত বৃদ্ধি পাইয়াছে ;

(২) কি কারণে এই দাম বৃদ্ধি পাইয়াছে : এবং

(৩) আলুর দাম যাহাতে হ্রাস পায় তাহার কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

(ক) হ্যাঁ।

(খ) (১) সের প্রতি ১৯ হইতে ২৫ নঃ পঃ বৃদ্ধি পাইয়াছে।

(২) নিম্নলিখিত কারণে মূল্য বৃদ্ধি পাইয়াছে। গতবছর যাঁহারা ঠাণ্ডাঘরে আলু গুদামজাত করিয়া মূল্য হ্রাস হেতু ক্ষতিগ্রস্ত হইয়াছিলেন তাঁহারা এবার আর অধিক পরিমাণে আলু গুদামজাত করেন নাই। গতবছরে ২২ লক্ষ মণ আলু গুদামজাত ছিল এবার সেখানে আনুমানিক ১৭ হইতে ১৮ লাখ মণ আলু গুদাম-

জাত হইয়াছে। ১৯৬০ সালে ধসা রোগের জন্য মাদ্রাজে আলুর ফলন কম হয়। সেজন্য গত বছরের তুলনায় এবার মাদ্রাজী আলুর আমদানী অনেক কম হইয়াছে। তাহা ছাড়া গত বছর কলিকাতা বাজারে আলুর নিম্ন মূল্যের জন্য মাদ্রাজের আলু ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হওয়ায় তাঁরা এবার কলিকাতায় আলু রপ্তানী করিতে আগ্রহশীল নহেন। উত্তর প্রদেশ ও বিহার হইতে আলু বোম্বাই চালান যাওয়ার জন্য ঐ দুই প্রদেশ হইতে কলিকাতায় কম আমদানী হইতেছে। ঠাণ্ডা ঘর হইতে আলু ধীরে ধীরে বাজারে আসিতেছে।

(৩) আলুর উৎপাদন বৃদ্ধিই মূল্য বৃদ্ধি রোধের একমাত্র উপায়। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আলুর উৎপাদন বৃদ্ধির জন্য একটি সর্বতোমুখী পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। ঐ পরিকল্পনায় উন্নত ধরণের বীজ, জৈব ও রাসায়নিক সার, সেচ প্রভৃতির দ্বারা যাহাতে একর প্রতি উৎপাদন বৃদ্ধি পায় তাহার জন্য সরকার চেষ্টা করিতেছেন।

Shri Rabindra Nath Mukhopadhyay : আলোচ্য বছরে চাষীরা কত দরে আলু বিক্রী করেছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : নোটিশ চাই।

Shri Rabindra Nath Mukhopadhyay : একথা কি সত্য যে আলোচ্য বছরে চাষীরা ৫ টাকা মণ দরে আলু বেচতে বাধ্য হয়েছে ?

(No reply.)

Shri Jyoti Basu : মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন আলোচ্য বছরে কত আলু কম এসেছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : যদিও এ প্রশ্ন উঠে না তবু আমি বলে দিচ্ছি —১৯৫৯-৬০ সালে মাদ্রাজ থেকে এসেছিল ৫ লক্ষ ৭৭ হাজার ২ শো মণ, ১৯৬০-৬১ সালে মাদ্রাজ থেকে এসেছিল ৩ লক্ষ ৪ হাজার ৯ শো মণ আর এবারে আগষ্ট পর্যন্ত মাদ্রাজ থেকে এসেছে ৫৫ হাজার ৮ শো ৬০ মণ। বিহার থেকে ১৯৫৯-৬০ সালে এসেছিল ২ লক্ষ ৫৬ হাজার ৩ শো মণ, ১৯৬০-৬১ সালে এসেছিল ৩ লক্ষ ২৯ হাজার ৯ শো মণ, ১৯৬১-৬২ সালের আগষ্ট পর্যন্ত ১ লক্ষ ৬৩ হাজার ৫ শো ৫০ মণ। ইউ. পি থেকে ১৯৫৯-৬০ সালে এসেছিল ৮ লক্ষ ৫১ হাজার ২ শো মণ, ১৯৬০-৬১ সালে এসেছিল ৪ লক্ষ ৭১ হাজার ৮ শো মণ। এ বছরে সেই জায়গায় আগষ্ট পর্যন্ত এসেছে ১ লক্ষ ১৫ হাজার ৫ শো মণ।

[4—4-10 p.m.]

Adjournment Motions

Shri Jyoti Basu : মাননীয় স্পীকার মহাশয়, আমার adjournment motion যখন আপনি তুলতে দিচ্ছেন না, সেইজন্য আমি আপনাকে বলছি—এটা হচ্ছে সিনেমা কর্মচারীদের ব্যাপার।

Mr. Speaker : I have refused consent.

Shri Jyoti Basu : তাহলে আমি আপনার অনুমতি নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের attention draw করছি এ সম্পর্কে। হয় তিনি এখনই এর জবাব দিন, না হয় পরেই জবাব দেবেন।

হাইকোর্ট যে রায় দিয়েছেন সিনেমা কর্মচারীদের নিয়তম বেতনের বিষয়ে, তাতে সরকারের কিছু মুস্কিল হয়েছে এবং ২০ হাজার সিনেমা কর্মচারীরও কিছু মুস্কিল হয়েছে। আরও এই সাথে ১৩টি শিল্প যেখানে নিয়তম বেতন আপনারা বেঁধে দিয়েছেন, এরাও এই একই ধরণের নোটিফিকেশান দ্বারা মুস্কিলে পড়বে। এখন নাকি ঠিক হয়েছে—লেবার কমিশনার বা লেবার ডিপার্টমেন্টের কোন অফিসার Independent person নয়। এরাই আবার ছিলেন বিভিন্ন কমিটির চেয়ারম্যান ইত্যাদি নোটিফিকেশান দেবার সময়। এখন আমরা যা' দেখছি—ওঁরা নিশ্চয়ই ওঁদের আইনজ্ঞদের কাছ থেকে পরামর্শ নেবেন। Minimum Wages Actএর 5(a)তে proceed করেছেন, এখন তাঁরা 5(b)তে proceed করতে পারেন—যদি ওঁরা বেতনগুলি ঠিক রাখতে চান। তা' না হলে একটা সর্বনাশের মধ্যে গিয়ে তারা পড়ছে। আপনি বুঝতে পারছেন চারিধারে বিক্ষোভ, অন্ধ্র শিয়ে কি হবে জানি না। এটা মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি না জানি না, আমি মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম, তিনি বললেন—জাজ্‌মেণ্ট দেখেন নাই। এই জাজ্‌মেণ্ট দেখার নামে টালবাহানা করে যদি দেরী হয়, তাহলে মুস্কিল হবে। 5 b) তো ওঁদের হাতে আছে, ওঁরা 5(b)তে act করতে পারেন কি না সেটা আমি জিজ্ঞাসা করি। আমি তাঁদের জানিয়ে দিতে চাই—P. D. Actএ ধরা Prisonerদের ছেড়ে দেবে সোমবার দিন, আমরা হাইকোর্ট থেকে অর্ডার পেয়ে গেছি Security Act থেকে আমাদের ছেড়ে দেবে, শুক্রবার Special order দিল্লী থেকে নিয়ে এসে আইন পরিবর্তন করে দেওয়া হল ; আবার নূতন করে আমাদের জেলে রাখা হলো, নূতন করে চার্জ সীট দেওয়া হল। সেই সময় যদি আমাদের অধিকার কেড়ে নিতে পারেন, এই ব্যাপারে নিশ্চয়ই লেবার মিনিষ্টার তেমন কিছু করতে পারেন, যেকথা ভাবছেন।

The Hon'ble Abdus Sattar : এই প্রসংগে দিল্লী দৌড়াবার দরকার নাই। আমি এসব কথা চিন্তা করছি। আগামী সোমবার দিন এসম্পর্কে একটা বিবৃতি দেব।

Shri Sunil Das : মাননীয় স্পীকার মহাশয়, আমার adjournment motion সম্পর্কে পুলিস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ কাল ভোরে যখন রাস্তায় কোন লোক ছিল না, কোন Traffic obstruction ছিল না, তখন পুলিশের একটা গাড়ী রাস্তার উল্টো দিকে একটা বাড়ীর দেওয়ালে ধাক্কা মেরে গাড়ীটা ক্ষতিগ্রস্ত করেছে ও কতকগুলি নিরীহ লোককে আহত করেছে। এই জিনিষটা কি করে হতে পারে, তা' তিনি তদন্ত করবেন কি না ?

Mr. Speaker : I have refused consent.

Messages from Council

Secretary **(Shri A. R. Mukherjea) :** The following messages have received from the West Bengal Legislative Council, namely :—

"(1) The West Bengal Legislative Council at its meeting held on the 21st September, 1961, agreed to the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 21st September, 1961

"(2) The West Bengal Legislative Council at its meeting held on the 21st September, 1961, agreed to the West Bengal Lifts and Escalators (Amendment) Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 21st September, 1961

"(3) The West Bengal Legislative Council at its meeting held on the 21st September, 1961, agreed to the West Bengal Societies Registration Bill, 1961, without any amendment.

Suniti Kumar Chatterji,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 21st September, 1961

Report of the Committee on Petitions

The Chairman : **(Shri Ashutosh Mallick)** : Sir, I beg to present the Report of the Committee on Petitions.

Water in Mahajati Sadan Buildings

Shri Hemanta Kumar Basu : স্পীকার মহোদয়, আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

মহাজাতি সদন-এর ground floorএর baseএ প্রায় চার, পাঁচ ফুট জল দাঁড়িয়ে আছে। এই খবর আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে এবং সংবাদপত্রে তার ছবিও দেওয়া হয়েছে। আমি সেদিকে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen : মাননীয় সদস্য হেমন্ত বোস মহাশয় ঠিক কথাই বলেছেন। মহাজাতি সদনের নীচে সব সময়ই জল জমে থাকে। আমরা মাঝে মাঝে পাম্প করে জল বের করে দিই। এই সম্পর্কে ইঞ্জিনীয়ারদের মত নেওয়া হচ্ছে যে কোন একটা উপায় উদ্ভাবন করা যায় কি না।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

The Hon'ble Kali Pada Mookerjee : Mr. Speaker, Sir, in connection with Shri Panchugopal Bhaduri's Calling Attention notice regarding the activities of an anti-social and hooligan gang in the areas situated west of the railway line near the Rishra railway station, I may say that there are three Government colonies west of the railway lines near the Rishra Railway Station and the place is situated within the Serampore Police Station and is known as Morepukur. The colonies are inhabited by about 2,000 displaced persons from East Pakistan. A majority of the adult male population of the colonies work in the Lakshmi Narayan Cotton

Mills and the J. K. Steel Limited situated near the Rishra Railway Station. The local workers of these industries are mainly divided into two groups according to their political affiliation. The workers even in their private quarrels seek protection and support from their respective political camps. No hooligans or anti-social groups, apart from the said groups of so-called political workers, are in operation there.

In the early part of this year one Deba Prosad Das, a worker of Messrs J. K. Steel Limited was murdered and there was some excitement and tension among the workers over this incident. The Police, however, kept the situation peaceful and under control. Seven persons have since been charge-sheeted.

On 18th August 1961, however, one fisherman of the Morepukur Bazar was assaulted by the workers of one of the two political groups and to this some workers of the other political group protested. A quarrel followed and the workers of the former group assaulted a worker of the latter group. Serampore P.S. case No. 30 dated the 18th August 1961, under section 148 and 324 I.C.P. was started over this incident. Six persons are facing trial in this case. The matter is sub-judice.

There was another quarrel on the 20th August, 1961, between the two groups in which members of one group assaulted one member of the other group. Serampore P.S. case No. 38 dated the 20th August, 1961 under sections 147, 325 and 323 I.P.C. was started over this incident. Seven persons are facing trial in this case. This case is also sub-judice.

The place was visited by the S.D.O. and the S.D.P.O., Serampore. Police pickets were posted and strong vigilance was maintained following the troubles.

A few minor cases were also subsequently reported to the Police. The cases were simple and non-cognizable. Those were, therefore, diarised and referred to court. The situation is peaceful at present.

Shri Mihirlal Chatterjee : One statement is overdue from the 18th September from the Hon'ble Rai Harendra Nath Chaudhuri.

Mr. Speaker : The Ministers themselves wanted time for making statements. It will be of interests to the honourable members concerned to know that I relaxed the time for the time being and asked for the statements to be given.

[4-10 – 4-20 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Mr. Speaker, Sir, in connection with starred question No. 46 that was put the other day, my friend Shri Mihirlal Chatterjee asked certain supplimentary questions and in that connection I promised to make a statement regarding the appointment of another lawyer in place of the Public Prosecutor of Birbhum. Sir, I would now like to make the following statement.

When the L.R. passed orders that the District Magistrate should select a lawyer other than the Public Prosecutor to conduct the prosecution in this case, there was no report or information before him that any of the accused in the case had absconded. The petition signed by the acused persons containing a prayer that the Public Prosecutor should not conduct the prosecution in this case was not presented personally to the L.R. by any of the accused. It was received by the L.R's office on 19. 7. 61 and was put up before him by the office on 26. 7. 61. The question whether an accused had absconded had no bearing on the question as to who should conduct the prosecution. It was alleged that the Public Prosecutor had appeared before in the counter case. The allegation has been denied by the Public Prosecutor. It has, however, been admitted by the Public Prosecutor that he appeared in the committing Magistrate's court on filing a vakalatnama on behalf of the complainant. It is unusual for the Public Prosecutor of a District to appear in the Magistrate's Court in a State prosecution on accepting a vakalatnama from the complainant. It was explained to the Public Prosecutor that there was no lack of confidence in him and that it was a well-known and accepted principle that it was not enough that justice is done but that it shall appear that justice has been is or being done. That was the observation of Sir Lawrence Jenkins in a famous case before the Calcutta High Court The Public Prosecutor's conduct in accepting a vakalatnama from a private party in a State prosecution amply justified the order that was passed that he should not conduct the case for the State. In the Magistrate's court, police officers act as Public Prosecutors under Government orders and when any lawyer appers for the prosecution on behalf of a private party in such a case, he is under section 493 of the Criminal Procedure Code to act under the directions of the Public Prosecutor in charge of the case. The Public Prosecutor of the district is relegated to the same position as a lawer engaged by a private party when he appears on accepting a vakalatnama on behalf of a private party. Such conduct was hardly commensurate with the position and a dignity of a Public Prosecutor or consistent even with his functions as indicated in the Criminal Procedure Code and could only show that he was interested in the case as a lawyer briefed by the party.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, I beg to make a statement in connection with a calling attention notice given by Shri Golam Yazdani relating to the death of Shri Shibendu Roy at Malda Sadar Hospital.

Shri Shibendu Roy (not Sibananda Roy), son of late Ramashis Roy, village and P.O. Rahimpur, P.S. Manikchak, District Malda, a college student, was admitted in the Sadar Hospital, Malda, on 26th August, 1961 (and not on the 30th August, 1961) at 9. 30 a m. for treatment of Malaria with liver abscess. The patient expired on the 4th September, 1961, at 2. 20 a.m. The District Magistrate, Malda. has taken charge of relevant papers and arranged for judicial enquiry. Necessary action will be taken on receipt of the enquiry report.

GOVERNMENT BILL

North Bengal University Bill, 1961

Shri Subodh Banerjee : I beg to move that the North Bengal University Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1962.

স্পীকার মহাশয়, উত্তরবংগে বিশ্ববিদ্যালয় বিল আলোচনা প্রসংগে কয়েকটি কথা মন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই। গোড়ায় বলে রাখি যে উত্তরবংগে বিশ্ববিদ্যালয় হোক এর বিরুদ্ধে আমরা কেউ নই। কিন্তু বিশ্ববিদ্যালয় হতে গেলে যে যে জিনিষ দরকার বিশ্ববিদ্যালয় করার আগে সেই সমস্ত বিষয় আলোচনা করা হয় কি না এটা প্রথম জানা দরকার। স্পীকার মহাশয়, আপনি জানেন যে খুব সম্প্রতিকালে Jadavpur University, Burdwan University, Kalyani University এবং সম্প্রতি North Bengal University বাংলাদেশে প্রতিষ্ঠিত হচ্ছে। University কাগজে কলমে প্রতিষ্ঠিত করা মোটেই কষ্টকর নয়, কারণ আর পাঁচটা legislationএর মত একটি University Bill পাস করে নেওয়া আদৌ কষ্টকর নয় এবিষয়ে সন্দেহ নেই। কিন্তু University খুলতে গেলে যা' যা' দরকার—সেই অধ্যাপক, সেই library, সেই laboratory ইত্যাদির কি ব্যবস্থা করেছেন জানতে চাই। স্পীকার মহাশয়, আপনার স্মরণে আছে উপযুক্ত অধ্যাপকদের অভাব কতটা দেখা দিয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যে সমস্ত বিষয়ে Post-graduate class খোলা হয়েছে সে সব বিষয়ের অধ্যাপক সেখানে জুটছে না। বিশ্ববিদ্যালয় চালাতে হবে সুতরাং একদিকে চলছে Calcutta Universityর অধ্যাপকদের সরিয়ে নিয়ে যাওয়া বেশী মাইনের লোভ দেখিয়ে এবং Calcutta University গভর্ণমেণ্টের এ-বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন। এ নিয়ে Syndicate এবং Senateএ আলোচনা হয়েছে এটা আমি জানি। এখানকার অধ্যাপকরা বর্ধমানে যোগদান করছেন আর Calcuttaতে উপযুক্ত লোক পাওয়া যাচ্ছে না। আবার যদি উত্তরবংগ বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে এই হয়, তাহলে Universityগুলি কি করে চলবে তা' আমার জানা নেই। University করতে গেলে সবপ্রধান যা' দরকার তা' হল যোগ্যতাসম্পন্ন অধ্যাপক সৃষ্টি করা দরকার। এবিষয়ে কি পরিকল্পনা আছে সরকারের জানি না। তাঁরা বিদেশ থেকে technical know-how আনার জন্য ব্যবস্থা করেছেন কারিগরী শিক্ষার জন্য। আমি মনে করি শিক্ষার ব্যাপারে এগুলি করার দরকার আছে। উপযুক্ত শিক্ষকদের মাধ্যমে উপযুক্ত ছাত্রদের তাদের অধীনে দিয়ে ভালভাবে শিক্ষক তৈরী করতে হবে এবং এই সমস্ত ছাত্ররা যাতে শিক্ষকের কাজ গ্রহণ করে তার ব্যবস্থাও করতে হবে। আজ পর্যন্ত সরকার থেকে সেরকম চেষ্টা হয়নি। দুঃখের কথা লেভী সাহেব কলিকাতা বিশ্ববিদ্যালয়ের mathematicsএর উপর যে notes তৈরী করে গেছেন আজও তাই দেখি।

[4-20—4-30 p.m.]

ছাত্ররা শিখবে কোথা থেকে? তার কোন চেষ্টা করেছেন? Leissez faire নীতিতে নিজের নিজের চেষ্টায় কিছু যদি হয়—কিন্তু সরকারের তরফ থেকে কি চেষ্টা হয়েছে? যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কথা ধরুন, আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, M.A, post-graduate, thesis guide যে কয়েকজন অধ্যাপক আছেন, তাঁরা thesis guide করতে পারেন কি? আমি Calcutta Universityর Economics Departmentএ একবার refer করি। Professorএর কাছে development of capitalএর উপর কি কি বই থাকতে পারে। তিনি ৫০ বছর পিছিয়ে আছেন, researchএর নতুন নতুন যে বই বেরিয়েছে তার কোন সংবাদই রাখেন না। North Bengal Universityর জন্য অধ্যাপক কোথায় পাবেন। কারিকুলাম, সিলেবাস, পাঠ্যতালিকা প্রভৃতি ব্যাপারে গণ্ডগোল—পরীক্ষার ব্যাপারে কি হচ্ছে, ৮০।৯০ পার্সেণ্ট grace mark দিয়ে পাস করাতে হয়—এটা একটা disgrace ছাড়া কি? এদিকে আপনারা আপনাদের দায়িত্ব পালন করেছেন বলতে পারেন? শিক্ষামন্ত্রী ইংলণ্ড, অক্সফোর্ড প্রভৃতি য়ুনিভার্সিটির কথা

বলেন—আমি এতটা আশা করি না ঠিক, কিন্তু তাই বলে কলিকাতা বিশ্ববিদ্যালয় rack and ruinএ যান এটাও আমি চাই না। তবে এখানে আমি বলব Calcutta University যে standard সেই তাতে আমি সন্তুষ্ট নই। বর্ধমান বিশ্ববিদ্যালয় বা North Bengal বিশ্ববিদ্যালয়ে কি আশা করতে পারা যায়? Simply একটা university করে দিলেই, ছেলেদের post-graduate trainingএর একটা ব্যবস্থা হলেই প্রকৃত education হবে না। দ্বিতীয়তঃ, এখানেও আপনারা M.A. classএর ব্যবস্থা রেখেছেন। স্পীকার মহাশয়, আপনি জানেন যে আজো ছেলেরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ে M.A. classএ ঢুকতে পারে না। বাংলাদেশের কত ছেলে post-graduateএ ঢুকতে পারে, তদুপরি আবার বিদেশ থেকে কিছুসংখ্যক ছেলে আসে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে night class হল না। যারা চাকরী করে তাদের রাত্রিবেলা M.A. পড়ানোর ব্যবস্থা করা যেতে পারে না? England, Americaর কথা বলেন—সেখানে কি এই রকম? আশুবাবুর আমলে বিজ্ঞান কলেজে যে seat ছিল এখনো পর্যন্ত তা বাড়েনি। Government দোষ দেন universityর উপর, য়ুনিভার্সিটি দেন Governmentএর উপর—এভাবে টানাপোড়েন চলছে। Honsএর কয়টা ছেলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের M.A., M.Sc.তে ভর্তি হতে পারে? North Bengal University করছেন, কিন্তু Calcutta Uniyersityর Seat বাড়াবার কি ব্যবস্থা করছেন? আপনারা এই Universityর যে constitution তাতে total central, বেশীর ভাগ ক্ষমতা Governmentএর হাতেই থাকবে। আপনারা কি মনে করেন আপনারাই authority?—বিশ্ববিদ্যালয়ে যাঁরা পড়েন তাঁরা শিক্ষাবিষয়ে কিছু বলতে পারেন না? Education Departmentএর I.C.S., I.A.S. Officerরাই শিক্ষার ব্যাপারে সমস্ত কিছু? যাঁরা post-graduateএ পড়ান, thisis পরিচালনা করেন তাঁরা শিক্ষার ব্যাপারে কিছু বলতে পারেন না? শিক্ষার পদ্ধতি কি হবে না হবে, এবিষয়ে কে বলবে? University করছেন, করুন। কিন্তু একটা য়ুনিভার্সিটির সুষ্ঠু পরিচালনার জন্য যে জিনিষের প্রয়োজন তার কোন পরিচয় এই আইনের মধ্যে নাই।

Shri Basanta Lal Chatterjee : মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই উত্তরবংগ বিশ্ববিদ্যালয় বিলের জন্য অভিনন্দন জানাচ্ছি। এসম্পর্কে আমার সামান্য কয়েকটা কথা বলার আছে। উত্তরবংগের ৫টি জেলা নিয়ে এই বিল এসেছে। উত্তরবংগে Engineering, Medical, Science, Agriculture ইত্যাদি বিষয় শেখানোর কোন ব্যবস্থা নাই। এসম্পর্কে বহুবার মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু এই যে বিল নিয়ে এসেছেন, এই বিলের মধ্যে কোথাও স্পষ্ট উল্লেখ নেই উত্তরবংগে কোন কোন প্রতিষ্ঠান করবেন। এসব বিষয়ে উত্তরবংগে উপযুক্ত শিক্ষা পাওয়া মুস্কিল। এপ্রসংগে আমি আরেকটা কথা বলতে চাই, উত্তরবংগে এই যে বিশ্ববিদ্যালয় হচ্ছে, এই বিশ্ববিদ্যালয়ে যেন উপযুক্ত বেতন দিয়ে উপযুক্ত অধ্যাপক রাখবার ব্যবস্থা করা হয়। দার্জিলিং-এ B.T. পড়ানোর একটিমাত্র training centre আছে। সেজন্য আজকাল কোন স্কুলে B.T. শিক্ষক পাওয়া দুষ্কর। সেজন্য আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাব সমস্ত বিষয়ে যাতে B.T. training centre আরো বেশী হয় তদ্বিষয়ে লক্ষ্য রাখা হয়। Engineering College সম্পর্কেও বিশেষভাবে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবারে, আমি আরেকটা বিষয়ে বলব। একটা বিশ্ববিদ্যালয় চালাতে গেলে যে টাকার দরকার সে টাকার কথা এই বিলের মধ্যে অস্পষ্টভাবে রাখা হয়েছে। আমি এখানে বলতে চাই এই বিশ্ববিদ্যালয়ের আর্থিক দায়িত্ব সরকারের নেওয়া উচিত—সরকারপক্ষ থেকে একটা definite grant দেবেন, deficit যা পড়বে সমস্তই সরকার বহন করবেন। তারপর, এই বিশ্ববিদ্যালয়ের সংগে যুক্ত একটা residential hostel থাকবে, যেমন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে Hardinge Hostel আছে, কারণ একটা বিশ্ব-

বিদ্যালয়ের সংগে hostel যুক্ত না থাকলে যেসব ছাত্র বাইরে থেকে পড়াশুনা করতে আসে তাদের পক্ষে নানারকম অসুবিধা হতে পারে। কাজেই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় শিক্ষা-মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে চাই। শেষকালে আমি তাঁর কাছে আবেদন জানাব, এমন-ভাবে বিলটা পুনর্গঠিত করুন যাতে করে উত্তরবংগের যাঁরা শিক্ষাবিষয়ে পিছিয়ে পড়ে রয়েছে, তারা প্রকৃত শিক্ষা পেতে পারে, এবং উত্তরবংগের সামগ্রিকভাবে উন্নয়ন হতে পারে। এই বিলের জন্য অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, the provisions of the Bill have come to be discussed by more than one member. I do not know of any procedure under which the provisions of the Bill can be discussed in the course of a discussion on motions for circulation. The motion for circulation really means motion for eliciting public opinion. Public opinion, we presume, is in favour of the establishment of North Bengal University because on more than one occasion I was questioned before in this House when was the North Bengal University going to be established. Now that we have taken steps to bring it into existence, we are faced with so many trivial questions and criticisms that it may appear or one may draw the conclusion then from that it is not desirable to have the university so far as members of the opposition are concerned.

[4-30—1-40 p.m.]

After all why the North Bengal University is necessary, why decentralisation of University education is necessary I have pointed that out in the Statement of Objects and Reasons. The very reasons given for the establishment of the Burdwan University go to support the establishment of the North Bengal University, rather they lend more support to the establishment of a University in North Bengal. Sir, there can be no question about the necessity, about the urgency of the establishment of the North Bengal University. The only practical question that has been raised is this: is it possible now a days to have sufficient number of professors for running a new University? Sir, there is a vicious circle invalved in this question because on the one hand it is said that we must have more Universities, on the other hand it is said that we cannot have more Universities because of the dearth of teachers. Now Sir, which institution is expected to produce Scholars and teachers? Certainly a University, and unless you establish more Universites, you cannot have the requisite number of teachers for an area or for a prticular District. My friend Shri Subodh Banerjee rightly said "when you are going to establish more Universities, you have taken the responsibility of providing with teachers and, if necessary you will have to import professors from outside". Quite true, I agree with him that if necessary, professors and teaohers will have to be imported from outside. After all, it is known to all—it may not be known to all members of the House, but it is widely known - that so far as West Bengal is concerned, it has been the lowest proportion of post graduates to graduates. There was a time when Bengal was very much advanced in high education, but not so today in all respects. Take for example the proportion of West Bengal and U.P. The proportion of post-graduates to graduates is as high in U.P. as

33 and 34 percent whereas in West Bengal the proportion is as low as 13 and 14 percent.

Therefore, we must have larger facilities for post graduate studies to provide ourselves with more teachers, more post-graduates, more research scholars. That means we shall have to establish more Universities, because without Universities we cannot except to have more post-graduates, more research scholars and all those things. Therefore, when we are going to establish a University in North Bengal, we shall have to see that the University gets the requisite staff. Take for instance, the Burdwan University. In Humanities group of subjects the Burdwan University has opend its post-graduates classes. Full staff may not have been secured there but the requisite number has been secured to run the post-graduate classes in the aforesaid subjects. It is stated that the Burdwan University is taking away professors and teachers from the Calcutta University. My friend Shri Banerjee will excuse me if I use this expression : that is a canard, that is not quite true. Only one lecturer has left the service of the Calcutta University for Burdwan one and one only. Therefore, it is not true that the Burdwan University is taking away the teachers of the Calcutta University.

I think these are the questions that have been raised and I believe I have given sufficient answer to them. Sir, I oppose the circulation motion.

The motion that the North Bengal University Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that the North Bengal University Bill, 1961, be taken into consideration, was then put and agreed to.

NON-OFFICIAL RESOLUTIONS

Mr. Speaker : Let the honourable members know that Shri Deben Sen has withdrawn his resolution. Mr Banerjee may move his resolution.

Shri Subodh Banerjee : I move that in view of the fact that the prices of daily necessaries, particularly of fish, egg, meat, vegetables and other articles of food, have, of late, recorded large increase to the accentuation of the sufferings of the common men of our State ; and

In consideration of the fact that this abnormal rise in prices is the result of the general economic policy of the Government aided by the unbridled race for unconscionable profit of the wholesalers :

This House requests the Government is immediately appoint a commission consisting of representative of different political parties working in west Bengal, to probe into cause of this rise of prices in detail and recommend measures to check it.

Pending the Final Report of this commission this Assembly request the Government to take measures banning private wholesale business in fish, egg, potato and introduce State Trading in its place.

মাননীয় স্পীকার স্যার, আমার প্রস্তাব হচ্ছে সাম্প্রতিককালে জীবনধারণের উপযোগী বিভিন্ন জিনিষপত্রের দাম যেভাবে বেড়েছে সে সম্বন্ধে। আমি প্রস্তাবটি পড়বো না কেন না তাতে সময় নেবে। আমার প্রস্তাবের মূল যে বক্তব্য তা মোটামুটি রাখছি এবং তার উপর অন্যান্য কারণেরও আলোচনা করবো। আপনি জানেন স্পীকার মহাশয় গত কয়েক মাসের মধ্যে খাদ্যের দাম কাপড়-চোপড়ের দাম, মানুষের জীবনধারণের উপযোগী বিভিন্ন জিনিষপত্রের দাম কিরকমভাবে বেড়েছে। এই বৃদ্ধি কোন কোন কারণে হয়েছে তার বিস্তারিত আলোচনা হয়নি। অথচ এগুলির যদি আলোচনা না হয় তাহলে ভবিষ্যতে এই দাম বৃদ্ধি রোধ করার কোন কারণ থাকবে না। জিনিষপত্রের দাম এভাবে বেড়ে বেড়ে সাধারণ মানুষের জীবন অধিকতর দুর্বিসহ করে তুলেছে আপনি জানেন যে আমি যেটা এই মূল্যবৃদ্ধির কারণ বলে মনে করি সেটা সাধারণভাবে হল—কংগ্রেস সরকারের planএর মধ্যে যে অর্থনীতিক নীতি নিহীত রয়েছে তারই জন্য সাধারণভাবে সমস্ত জিনিষের দাম বেড়েছে বিশেষভাবে। একদিকে দেখতে পাচ্ছি deficit financing সীমাহীনভাবে করা হচ্ছে অন্যদিকে দেখতে পাচ্ছি Heavy rate of taxation চাপান হচ্ছে এ দুটি কারণে সাধারণভাবে জিনিষপত্রের দাম বেড়ে যায়। জিনিষপত্রের পরিমাণ যদি সেরকমভাবে না বাড়ে অন্যদিকে টাকার পরিমাণ যদি বেড়ে গিয়ে থাকে তাহলে কিছুতেই জিনিষপত্রের দাম নীচে আনা যায় না, Price Level fix করা যায় না এটা যে কোন নিম্ন অর্থনীতির ছাত্রও জানে—মুদ্রাস্ফীতি Inflation আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে Financial Policy, Economic Policy যা রয়েছে তার মধ্যে নিহীত রয়েছে। তার ফলে জিনিষপত্রের দাম বাড়ছে। সুতরাং যে সমস্ত জিনিষের Inelastic demand তার উপর যদি tax চাপিয়ে দেওয়া যায় তাহলে tax priceএর মধ্যে ঢুকে যায়—এটা অর্থনীতির অত্যন্ত গোড়ার কথা। মানুষ যে জিনিষ ছাড়া বাঁচতে পারে না, সেই জিনিষের উপর যদি tax চাপিয়ে দেওয়া যায়, দোকানদাররা, ব্যবসাদাররা সেই tax, Priceএর মধ্যে ঢুকিয়ে দেয় এবং ফলে সাধারণ মানুষের উপর চাপ পড়ে সরকারের এই tax নীতির ফলে, custom duty ইত্যাদির ফলে জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে। সরকারের পরিকল্পনার মধ্যে যে দুটি নীতি রয়েছে deficit financing এবং taxation princeple এ দুটির জন্যই জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে। কিন্তু এছাড়া অপর যে কারণ তা এর সঙ্গে explain করা চলে না। তা কি বলছি। আপনি স্যার জানেন পুঁজিপতি দুনিয়ায় উৎপাদন হচ্ছে লাভের জন্য। লাভ ছাড়া উৎপাদন কেউ করে না। মানুষের ভোগ মেটাবার জন্য social satisfaction পরিপূর্ণ করার জন্য সেখানে উৎপাদন হয় না। যেখানে সকলে মিলে লাভের পেছনে দৌড়ায় run after 6 pence সেখানে ছোট থেকে আরম্ভ করে মাঝারী বড় সকলে, সকল ব্যবসায়ীরাই লাভের পেছনে দৌড়ায় এবং তারজন্য বিবেকহীন চড়া দামে জিনিষপত্র বিক্রী করতে আরম্ভ করেছে।

[4-40—4-50 p.m.]

তাহলে একদিকে দেখতে পাচ্ছি যে প্রয়োজনমত জিনিষপত্র তৈরী হচ্ছে না এবং আর একদিকে দেখতে পাচ্ছি যে সেই প্রয়োজনমত সামান্য পরিমাণ জিনিষ যাও বা তৈরী হচ্ছে সেগুলো মিলমালিক, আড়তদার, ফাটকাবাজ বা স্পেকুলেটরা ধরে রেখে দিয়ে আর্টিফিসিয়ালী অভাব সৃষ্টি করে তার মাঝখান দিয়ে জিনিষপত্রের দাম বাড়িয়ে চলেছে এবং স্পেসালী যেসব জিনিষপত্রের কথা আমি বলেছি তাতে দেখতে পাচ্ছি যে—ডিম, মাংস, আলু, তরিতরকারি, কাপড়-চোপর প্রভৃতির দাম অনেকখানি এইভাবে বেড়েছে। মাছের ক্ষেত্রে আমরা কি দেখতে পাচ্ছি? মাননীয় স্পীকার মহাশয়, আজকে ষ্টেটস্‌ম্যান কাগজের সর্বশেষ পৃষ্ঠায় মাছের ব্যাপার নিয়ে যে আর্টিকেলটা বেরিয়েছে সেটা বোধহয় দেখেছেন। তা ছাড়া আপনি বোধহয় এটাও জানেন যে, আমাদের দেশের মাছের অবস্থা কি এবং কেন দাম বাড়ছে

সেটা অনুসন্ধান করবার জন্য ৮ বছর আগে এফ. এ. ও. থেকে যে একজন বিশেষজ্ঞ এসেছিলেন তিনি সমস্ত জিনিষগুলো এনকোয়ারী করে দেখেছেন যে মাঝখানে যারা রয়েছে সেই মিডলম্যান এবং অক্সনিয়ারদের কারসাজীতে মাছের দাম বেড়ে চলেছে এবং তার ফলে যেমন গরীব জেলেরাও বর্ধিত দামের সুবিধা পাচ্ছে না ঠিক তেমনি কনজিউমাররাও কোন সুবিধা পাচ্ছে না—শুধু মাঝখান দিয়ে দাম বেড়েই চলেছে। স্যার, ৮ বছর আগে এই রিপোর্ট বেরিয়েছে কাজেই আজ আমি খাদ্যমন্ত্রী এবং মৎস্যমন্ত্রীকে জিজ্ঞেস করতে চাই যে, ৮ বছর আগে এই রিপোর্ট পাবার পর either to augment the supply or to check the control of these middlemen তাঁরা কি ব্যবস্থা করেছেন? আজকে আমাদের মধ্যে কেউ কেউ কৃষি এবং মৎস্যমন্ত্রীকে ৭ জন বড় বড় মৎস্য ব্যবসায়ীকে ধরবার জন্য ধন্যবাদ দিয়েছেন। কিন্তু এই ধন্যবাদ পাওয়া উপযুক্ত বলে আমি মনে করি না কারণ এটা তো অনেক আগেই সরকারের তরফ থেকে করা উচিত ছিল। কিন্তু তাঁরা তা করেন নি এবং এটা অনেকটা bravado দেখাবার মত যে গোড়ায় কিছু না করে তাঁদের হাতে সব ছেড়ে দিয়ে এখন ৭ জনকে ধরে বলছেন যে, এই এই আমরা করেছি। কিন্তু আমার প্রশ্ন হোল যে, এই ৭ জনকে ধরার মধ্য দিয়ে ঐ ফিস্ রিং ভাঙ্গবার কি ব্যবস্থা আপনারা করেছেন এবং ঐ মিডলম্যানদের কব্জা থেকে বেরিয়ে এসে ছোট ছোট জেলেরা যাতে উপযুক্ত পয়সা পায় তারজন্য কি ব্যবস্থা করেছেন? কৈ, কোন ব্যবস্থাতাই আপনারা করেন নি এবং যার ফলে কনজিউমাররাও কোন সুবিধা পাচ্ছে না। স্যার, আমার মনে হয় এদের ফিসারী ডিপার্টমেণ্ট একটা কাবুলিওয়ালা ডিপার্টমেণ্ট কাজেই এরজন্য কোন মন্ত্রী বা ডিপার্টমেণ্ট রাখার প্রয়োজনীয়তা নেই। এঁরা কিছু টাকা লোন দেন অর্থাৎ যে কাজ একজন কাবুলিওয়ালা করে থাকে। কিন্তু তবুও তাঁরা একটা ফিসারীস্ ডিপার্টমেণ্ট করেছেন এবং ইনল্যাণ্ড ফিসারীর ডেভেলপমেণ্ট, estuary fishing এবং ডিপ্-সি ফিসিং-এর কথা বলেন। যা হোক্, ৮ বছর আগে এমন যদি হোত যে কেন দাম বাড়ছে তা তাঁরা জানতেন না তাহলে না হয় সেটা বুঝতাম। কিন্তু আশ্চর্যের বিষয় যে, বিদেশ থেকে বিশেষজ্ঞ নিয়ে এসে গোটা বাংলাদেশ সম্বন্ধে এনকোয়ারী করিয়ে সেই রিপোর্টে তিনি যা রিকমেণ্ড করেছেন তার উপর চেপে বসে আছেন অথচ তার পাতাগুলো উল্টে দেখবার সুযোগ হোল না বা সেটা কার্যকরী করলেন না। তারপর মাছের ব্যাপারে যে কথা সত্য ডিম, তরি-তরকারীর ব্যাপারেও সেকথা সত্য। স্যার, আলুর ব্যাপারে নিশ্চয়ই আপনি জানেন যে, ফসল যখন ওঠে তখন চাষীরা তা ধরে রাখতে পারে না কারণ তাঁরা অত্যন্ত গরীব বলে ঐ ফসল বিক্রী করে তাঁদের লোন শোধ দিতে হয়, খাজনা দিতে হয় এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিষ কিনতে হয়। তাঁদের তো মন্ত্রীদের মত ব্যাঙ্কে টাকা জমা নেই যে চেক্ কেটে এইসব করবেন, ফসলই তাঁদের ক্যাপিটাল তাই ফসল বিক্রী করে তাঁদের এইসব করতে হয় এবং তার ফলে দেখছি যে যখনই ফসল ওঠে তখনই তাঁদের তা বিক্রী করতে হয়। কিন্তু তখন আলুর দাম থাকে না এবং সেই সুযোগে পোস্তার কর্মকর্তারা সেই আলু কিনে নিয়ে ষ্টোর হাউস যা করেছে সেখানে ফেলে রেখে দেয়।

তারপর বর্ষা যখন আসতে আরম্ভ করল তখন ১২ আনা ১৭ আনা সেরে বিক্রী করতে আরম্ভ করল। এতে কার লাভ হল? যে চাষী উৎপন্ন করল সে চড়া দামের বেনিফিট পেল? পেল না। যে কনজিউমার কিনে খাবে সেও বেনিফিট পেল না। মাঝখান থেকে ষ্টোর করবার ব্যবস্থা করে দিয়ে বড় বড় ব্যবসায়ীদের সুবিধা করে দিলেন। আপনারা এ ক্ষেত্রে কণ্ট্রোলের ব্যবস্থা করলেন না। ফলে artificial scarcity সৃষ্টির চেষ্টা হচ্ছে, তারজন্য দাম বাড়ছে। স্পীকার মহাশয়, সাধারণভাবে যে নীতির কথা বললাম তা ছাড়াও profiteering hoarder, speculatorদের ধরে যে সমাজবিরোধী রোল আছে সেগুলি বন্ধ করার জন্য তাঁরা কি কি করেছেন আমি জানতে চাই? একে definitely check করতে গেলে আপনার হাতে যে সমস্ত আইন আছে সেগুলির সুষ্ঠু প্রয়োগ

দরকার। অন্যদিকে আমি মনে করি State Trading চালু করা দরকার। আমি জানি মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন half-hearted State Trading successful হয় না। Fair priceএর দরকার কি? Fair priceএর দরকার নেই। আপনারা fair price shop থেকে ন্যায্য মূল্যে চাল বিক্রী করেন। আমি তাঁকে জিজ্ঞাসা করব fair price shop থেকে ডাল, আলু, তেল, চিনি, কাপড় কেন বিক্রী করা যাবে না? খাদ্যমন্ত্রী সেদিন স্বীকার করেছেন—কাপড়ের দাম শতকরা ৪০ ভাগ বেড়ে গেছে। কেন বাড়ে? বেড়ে গেছে একথা বললে হবে? বাড়ল কেন? Fair price shopএর মাধ্যমে দিয়ে যদি এগুলি বিক্রী করবার ব্যবস্থা হত তাহলে people খানিকটা রিলিফ পেত। কোন ব্যবস্থা আপনারা করেন নি। তাই আমি মনে করি যা হয়েছে তার অভিজ্ঞতা নিয়ে আপনাদের কাজ করা দরকার। যে সমস্ত black-marketeers, hoarders, speculators রয়েছে তাদের উপর Essential Commodities Act আরও শক্ত করে লাগান যাতে তারা সাজা পায়। তৃতীয় নম্বর জিনিষ হচ্ছে—আপনারা এই যে cold storageএর ব্যবস্থা করেছেন ওগুলিকে কন্ট্রোল করুন এবং যাতে করে ওখানে মাল ধরে রেখে দাম বাড়িয়ে নিতে না পারে তার ব্যবস্থা করুন। আপনারা fair price shopএর মাধ্যমে দিয়ে লোককে reasonable priceএ দেবার ব্যবস্থা করুন। এগুলি হওয়ার দরকার আছে। এবং সাথে সাথে আমি মনে করি চাষীরা যাতে উপযুক্ত দাম পেতে পারে তারজন্য minimum price, floor price এবং maximum price বেঁধে দিয়ে আইন চালু করা দরকার। সমস্ত জিনিষকে producer-cum-consumerএর স্বার্থ নিয়ে দেখতে হবে। এর উল্টো হচ্ছে এখানে। Producer, consumerএর স্বার্থ বাদ দিয়ে বাকি যারা রয়েছে সেই big businessmen, hoarders, speculators তাদের স্বার্থ দেখতে হবে। Gentleman's Agreement ভঙ্গ করায় ৭ জনকে ধরেছি—নিজেদের বাহবা দেওয়া হচ্ছে! আমি বলছি real problemএ হাত অনেক দেওয়া হয়েছে। Real problemএ হাত দেওয়ার ক্ষেত্রে সেগুলি আমি ১।২।৩ নম্বর করে বললাম সেগুলি গ্রহণ করা দরকার। তা যদি করা হয় তাহলে পশ্চিমবঙ্গের জনসাধারণ কিছু কিছু রিলিফ পাবে। আমি কংগ্রেসবন্ধুদের অনুরোধ করব তাঁরা যেন এ ব্যাপারে ভিন্নমত আরোপ না করেন, তবে যদি তাঁরা নিজেদের সরকারের কাছে বিকিয়ে রাখেন তাহলে আলাদা কথা। আপনারা যদি অনুসন্ধান করে দেখেন তাহলে দেখবেন hoarder, speculatorদের দ্বারা জিনিষপত্রের দাম বাড়াবার জন্য চারিদিকে artificial scarcity সৃষ্টি করার কিরকম অপকৌশল চলছে। একে চেক না দিলে সাধারণ মানুষের সুবিধা করা যাবে না। সেইজন্য সেই পথ গ্রহণ করবার জন্য এই প্রস্তাব আপনার সামনে পেশ করছি এবং আশা করব সরকারপক্ষ এই প্রস্তাব গ্রহণ করবেন।

[4-50—5 p.m.]

Shri Sunil Das: Sir, I beg to move that in para 4, for the words beginning with "take measures" and ending with ' in its place" at the end the following be substituted, namely,—

"Apply the Essential Commodities Act to bring down prices failing which arrangements should be made for State Trading in this regard."

Shri Panchugopal Bhaduri : Sir, I beg to move that—

(i) in line 2, para 1, for the words beginning with "particularly of fish" and ending with "of our State", the following be substituted, namely :—

"both articles of food as well as manufactured articles of daily use, have shown an unchecked upward movement causing great hardship to the people of our State" ;

(ii) in line 1, para 2, for the words beginning with "is the result" and ending with "the wholesalers" the following be substituted, namely :—

"is likely to jeopardise all planned development and goes completely against the official declaration for socialism."

মাননীয় স্পীকার মহাশয়, আমার যে amendment, তাতে শুধু খাদ্যসামগ্রীর সংগে অন্যান্য daily useএর manufactured goods যোগ করা হয়েছে। আর একটা amendmentএ কিছু অংশ বাদ দিয়ে তার জায়গায় এই জায়গায় এইভাবে বলা হয়েছে যে—সরকারী পার্টির যে Plan Developmentএর লক্ষ্য এবং Socialismএর অগ্রগতির দিকে যে ঘোষণা তা' সমগ্র পণ্ড হতে চলেছে। এই সম্পর্কে বলতে গিয়ে প্রথমতঃ কথা হচ্ছে যে দাম বা দামবৃদ্ধির, এটা হচ্ছে একটা ব্যারোমিটার ; ব্যারোমিটারের মত দাম বৃদ্ধি আমরা ধরতে পারি। সরকারের বিঘোষিত পলিসি হচ্ছে কল্যাণরাষ্ট্র থেকে সমাজতন্ত্রের দিকে চলবে। তারা সেদিকে না চলে পেছিয়ে চলেছেন ধনতন্ত্রবাদের দিকে। তারা যে পশ্চাদ্দিকে যাচ্ছে তা' এই ব্যারোমিটারে ধরতে পারি।

জিনিষপত্রের দাম হিসেব করতে গেলে দেখা যাবে দামের তিনটা রকমফের হয়। (১) যেখানে উৎপাদক হচ্ছে মালিক বিক্রেতা—অর্থনীতির নিয়মানুসারে সেখানে দাম ঠিক হয় পড়তা নিয়ে Cost of Production ধরে ; (২) ধনতান্ত্রিক পদ্ধতিতে তার দাম ঠিক হয় পড়তার সংগে মুনাফা ধরে, normal profit যোগ করে। (৩) কিন্তু monopolyর ক্ষেত্রে দাম ঠিক হয় এর সংগে maximum profit যোগ করে। আমাদের দেশেও দেখতে পাব এই তিন রকমে দাম ঠিক হয়। কৃষকদের subsistence economy, তারা কায়ক্লেশে বেঁচে থাকে এবং তাদের জিনিষের দামও এই subsistence economy দ্বারা ঠিক হয়। আর অন্যান্য জিনিষের দাম ধনতান্ত্রিক পদ্ধতিতে ঠিক হয়।

প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা লক্ষ্য করলে দেখা যাবে—সরকারের যে পলিসি ট্যাক্স নেবার, ১৯৪৭-৪৮ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত হিসাব নিলে দেখতে পাবেন Direct Taxationএর শতকরা ৭ থেকে বেড়ে ২৭·৪ শতাংশ হয়েছে। এইভাবে পরোক্ষ ট্যাক্স বেড়ে গেছে, প্রত্যক্ষ ট্যাক্স কমে গেছে। তাই জিনিষপত্রের দাম ভয়ানকভাবে বেড়েছে। ১৯৫৬ সাল থেকে ১৯৬০ সাল পর্যন্ত দেখতে পাই wholesale price শতকরা ৩০ ভাগ সরকারী হিসেবে বেড়েছে। সরকারী হিসেব ত্রুটীপূর্ণ হলেও তাই যদি আমরা ধরে নেই—তাহলেও দেখবো wholesale price থেকে বেশী দামে retail priceএ সাধারণ লোক কিনে থাকে। সেটা আরও বেড়ে গেছে। এই Price policy যেটা সেটা আবার আগামী দিনে আরো বেশী বেড়ে যাবার সম্ভাবনা। কেন না, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১০৫২ কোটি টাকা পরোক্ষ ট্যাক্স বসেছিল ; আর তৃতীয় পরিকল্পনায় ১৭১০ কোটি টাকা

পরোক্ষ ট্যাক্স করে আদায় করা হবে। কাজেকাজেই যেভাবে Developing Finance করা হচ্ছে by soaking the poor, তাতে নীচের দিক দিয়ে বেড়েই চলেছে, সাধারণ মানুষের রক্ত শোষণ করা হচ্ছে; সেখানে Price বেড়ে চলেছে। শাসকগোষ্ঠীর যে বিঘোষিত নীতি—কল্যাণ-রাষ্ট্র থেকে তাঁরা সমাজতন্ত্রের দিকে চলেছেন, তা' আদৌ তাঁরা চলছেন না, বরং উল্টোদিকে তাঁরা চলেছেন। জিনিষপত্রের দরদাম সম্পর্কে তা' পড়বে না। আগে যা' safe guard ছিল সেটা হচ্ছে আমাদের বহু foreign exchange ছিল, তা' ফুরিয়ে আসছে। আর একটা কথা হচ্ছে—ইংল্যাণ্ডের বাজারে export করার যে সুযোগ ছিল, সেই export করার সুযোগ আর এখন থাকবে না। ইউরোপীয়ান মার্কেট চলে গেলে আমাদের বাজারের যে preference ছিল তা' কমে যাবে। আগামী তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে জিনিষের দর আরো বাড়বে। এই দরের Controlএর ব্যবস্থা না থাকলে কিছুই চলতে পারে না।

এর সংগে যোগ করুন deficit বাজেট, যেটা ৫৫০ কোটি টাকা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আছে এবং তার সংগে Bankএর capital inflation ও money supply প্রচুর পরিমাণে বেড়েছে। Bankএর credit supply না বাড়ানর ফলে speculation বেড়ে যাচ্ছে, এটা Reserve Bank বহুবার মন্তব্য করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন এর সংগে আপনাকে আর একটা জিনিষ যোগ করতে হবে—সেটা হচ্ছে কলকাতার বাজারে একটা খবর বেরিয়েছিল যে, কলকাতায় কার্টেল মার্কেট বলে একটা ফট্‌কা বাজার, official stock exchange-এর বাইরে তৈরী হয়েছে এবং তার daily turn over হচ্ছে ১০ কোটি টাকা। এটা untaxed এবং এই untaxed এর যারা মুরুব্বি, তারা এবং মন্ত্রীসভার মুরুব্বিরা Bankএ বিরাট পরিমাণ untaxed টাকা খাটাচ্ছেন, ফলে এটাও অনবরত priceকে ভীষণভাবে effect করছে। এইসমস্ত জিনিষগুলি এর সংগে বিচার করতে হবে। এর সংগে আর একটা জিনিষ বিচার করতে হবে, সেটা হচ্ছে আমাদের দেশের existing pattern of land ownership। এখানে বেশীর ভাগ কৃষক, যারা দু'-একরের কম জমির মালিক, তারা নিজেদের উৎপন্ন ফসল ধরে রাখতে পারে না এবং ন্যায্য দামও তারা পায় না; কিন্তু বড় জোতের মালিক যারা, তারা ফসল ধরে রেখে, বেশী দামে বিক্রয় করতে পারে। এই ধরণের pattern of land ownershipকে এর সংগে হিসাব করতে হবে। সুতরাং এই ভাবে, যদি সমগ্রভাবে সকল জিনিষগুলি চোখের সামনে থাকে, তাহলে দেখা যাবে কংগ্রেসের প্রস্তাবিত যে সোসালিষ্টিক প্যাটার্ণ অব্ ষ্টেট্ প্রতিষ্ঠা করার কথা, অর্থাৎ আমাদের সমাজতন্ত্রের দিকে এগুতে হবে co-operativeএর মারফৎ; সেটা একটা ভাঁওতায় পরিণত হবে। এখানে কায়েমী স্বার্থের একটা ক্ষেত্র হয়ে দাঁড়াবে এবং কো-অপারেটিভের মারফৎ কোন কিছুই করা যাবে না।

কারণ উপরওয়ালাদের চাপে, তাদের ইচ্ছানুসারে মূল্যবৃদ্ধি ক্রমাগত বেড়ে চলেছে। তার প্রতিকার যদি করতে হয়, তাহলে নীচের দিকে ব্যবস্থা করলে কিছুই হবে না। উপরের দাম না কমিয়ে, যদি এটা কো-অপারেটিভ মারফৎ হয়, তাহলে সেখানে ধনতন্ত্র কেন্দ্র হয়ে উঠবে এবং তার মারফৎ সমাজতন্ত্রের অগ্রগতি হবে না।

আমি এই প্রসংগে আর একটা কথা উত্থাপিত করতে চাই। সেটা হচ্ছে সমাজতন্ত্র হলে, তার কিরকম কাজ হতো তার একটু নমুনা বা উদাহরণ দিচ্ছি। দ্বিতীয় মহাযুদ্ধের পরে, ১৯৫৬ সালের শেষ পর্যন্ত সোভিয়েট ইউনিয়ন সাতবার জিনিষপত্রের দাম কমায়। যেসব জিনিষপত্রের দাম ছিল ১৯৪৭ সালে এক হাজার rouble, তা' কমিয়ে করা হয় চারশো rouble; এবং এর পাশাপাশি শ্রমজীবি, জনসাধারণ ও তাদের আয় প্রচুর পরিমাণে বেড়ে যায়। তাদের ঐ সময় প্রায় দ্বিগুণ পরিমাণ real income অর্থাৎ

আসল আয় বেড়ে যায়। এখন আমাদের কংগ্রেসপক্ষীয় বন্ধুদের কাছে আপনার মারফৎ জানাতে চাই যদি সত্যই তাঁদের সমাজতন্ত্রের প্রতি নিষ্ঠা থাকে এবং এই যুগের সমাজতন্ত্রের দিকে যদি তাঁদের দৃষ্টি থেকে থাকে, তাহলে তার জন্য করতে হবে তাঁদের monopoly capitalএর বন্ধুদের শত্রু হিসাবে চিহ্নিত। এবং তাদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে সংগ্রাম করা দরকার।

নাগপুর conferenceএর যে resolution কৃষি সম্পর্কে, dead letterএর মত হয়ে গিয়েছে, তার জন্য কয়জন fight করছেন জানি না।

আমার মোটামুটি কথা হচ্ছে—এই যে ক্রমাগত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি হয়ে চলেছে, এটা একটা vital জিনিষ; এবং সেই জায়গায় bonafide প্রমাণিত হবে কংগ্রেস পার্টির, তাঁরা যদি ঠিক ঠিক নিয়ন্ত্রণ করতে পারেন এবং state trading করতে পারেন। এটাই হচ্ছে সূচনা, যেখান থেকে সমাজতন্ত্রের পথে অগ্রগতি হতে পারে।

[5—5-20 p.m.]

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that—

(i) in para 1, lines 3-4, for the words beginning with "have of late" and ending with "of our State" the following be substituted, namely,—

"and cloth, mustard oil, sugar, kerosene oil etc. have abnormally increased for the last few years and that the price-levels of some of the above articles, in the recent past have gone out of the purchasing capacity of the lower-income group causing untold sufferings to the common people ;"

(ii) in para 2, line 2-3, for the words beginning with "aided by the" and ending with "of the wholesalers" the following be substituted, namely,—

"coupled with the excessive greed, anti-social activities of the industrialists, big business men, speculators and others to reap a high profit ;"

(iii) in para 3, line 1, after the words, "appoint a" the words "high powered" may be inserted ;

(iv) the following be added at the end of the resolution, namely,—

"and to urge upon the union Government to immediately take the following steps :

(a) to suitable modify and enforce an all India price policy,

(b) to take effective steps for checking inflation and to lower down the amount of deficit financing,

(c) to arrange for the extension of trade facilities with Pakistan,

(d) to reduce the excise duties on cloth, sugar, matches, mustard oil and other necessaries of daily life."

মাননীয় স্পীকার মহোদয়, আমি আমার amendmentগুলি move করলাম। আমি এর উপর বক্তৃতা করবো না, হেমন্তবাবু বক্তৃতা করবেন।

Report of the Pay Committee.

Mr. Speaker: For the information of the honourable members I just want to tell them that the Report of the Pay Committee and the Summary of Government decisions on the recommendations of the Pay Committee are available to them from the Publication Counter.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[**After Adjournment**]

[5-20—5-30 p.m.]

Shrimati Manikuntala Sen: I move that in line 1, para 4, for the words beginning with "of this Commission" and ending with "in its place", the following be substituted, namely,—

"this Assembly urges upon the State Government to take forthwith the following steps:

(i) it should take necessary and effective measures to bring down prices at a reasonable level and enlist the co operation of the people and the left parties in this matter;

(ii) It should introduce State Trading in the wholesale trade of foodgrains. The lowering of the prices of foodgrains will not be effective unless the Government makes purchase directly from the peasantry at a fair price, stores the foodgrains in its own godowns and supplies them to the retailers;

(iii) It should break the monopoly control of big producers and traders over fish, egg, meat, vegetables, etc.

(iv) It should arrange for the supply and sale of some of the essential commodities in Government controlled fair price shops;

(v) It should arrange for the supply of vegetables, fish, etc., in larger quantities in the market and for their sale at controlled prices;

(vi) It should take steps to increase the production of fish in West Bengal and should also make adequate arrangement for the import of larger quantities of fish, eggs, vegetables, etc., from other States of India.

(vii) It should strongly urge upon the Union Government to take the following steps:

(a) to reduce the excise duties on cloth, sugar, maches, etc.,

(b) to make arrangements for the extension of trade facilities with Pakistan,

(c) to suitably modify the price policy and take effective steps for checking inflation and bring down the prices."

মাননীয় স্পীকার মহোদয়, শ্রীসুবোধবাবুর প্রস্তাবের উপর আমি কতকগুলি সংশোধনী প্রস্তাব এনেছি এবং আশা করি এইগুলি moved বলে গ্রহণ করবেন। আমি এই সংশোধনী প্রস্তাবগুলি বিশেষ করে এনেছি যে, এই প্রস্তাব আমি সম্পূর্ণ সমর্থন করি, কিন্তু এই প্রস্তাবের পর বিশেষ করে, পশ্চিমবংগ সরকার এবং ইউনিয়ন সরকার, তাদের কি কি করণীয় আছে মূল্যবৃদ্ধির ব্যাপারে তার এক concrete প্রস্তাব আমার সংশোধনীর মধ্যে আছে।

মাননীয় স্পীকার মহোদয়, আপনি বোধহয় আমার সংগে একমত হবেন যে দ্রব্যমূল্য সমস্তই বেড়েছে। এই বিষয়ে এখানে, সরকারী ও বেসরকারী, কোন মহলেরই কোন মত পর্থক্য নেই। এবং এটা শুধু আমাদের কথা নয়, এটা সরকার মূল্য সম্পর্কে তাদের যে তথ্য যা' তাঁরা পরিবেশন করেছেন, তাতে তাঁরা বলেছেন, গত ৬ বৎসরের মধ্যে ৩০·১৬ percent দাম সমস্ত জিনিষের বেড়েছে। এবং তার মধ্যে চালের দাম গত ৬ বৎসরের মধ্যে ৩৭ পার্সেণ্ট বেড়েছে। এবং এই বাড়তির ফলে,—আমি অন্যান্য জিনিষের কথা বলছি না—সাধারণ মানুষের জীবনযাত্রার যে ব্যয় সেটা কি পরিমাণ বেড়েছে তা' সরকারী পরিসংখ্যান থেকেই বোঝা যায়। ১৯৪৯ সালকে যদি base ধরি তাহলে ১৯৬১ সালের জানুয়ারী মাসে ৪৫০ উঠেছে। এবং কি পরিমাণে লাফিয়ে লাফিয়ে উঠছে দেখুন, ১৯৬১ সালের আগষ্ট মাসে ৪৬৭তে পৌছেছে। তাহলেই বুঝতে পারা যায় যে, এই মূল্যবৃদ্ধির সংগে সংগে মানুষের জীবনযাত্রার ব্যয় কি পরিমাণে হচ্ছে। এই যে বাড়তি এটা সমস্ত জিনিষের মধ্যেই বেড়েছে, এবং বেশী বেড়েছে তেল, মশলা, তরিতরকারী, কাপড় বাড়ীভাড়া ইত্যাদি যা' নাকি মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষ। প্রত্যেক জিনিষেরই যাম ২।২½ গুণ বৃদ্ধি পেয়েছে। এবং এই বৃদ্ধি পাবার ফলে সাধারণ মানুষের জীবন-যাত্রার ব্যয় কি পরিমাণ লাফিয়ে লাফিয়ে বাড়ছে তা' দেখলে দেখা যাবে যে সামগ্রিকভাবে ৩০·১৬ পার্সেণ্ট বেড়েছে। যাই হোক কত বেড়েছে এবং কেন বেড়েছে এইসমস্ত বিষয়ে বিস্তারিত ব্যাখ্যার মধ্যে যেতে চাই না, সে সময়ও আমার নেই। কিন্তু একটা কথা আমি জিজ্ঞাসা করতে চাই, এই বাড়তি রোধ করবার জন্য পশ্চিমবংগ সরকার কি কি করেছেন। এই ৬ বৎসরের মধ্যে যে এইরকম দরবৃদ্ধি ঘটেছে তা' তাঁরা জানেন না তা' নয় কিন্তু তাঁরা কি করেছেন নিশ্চয়ই তার উত্তর দিতে হবে। এখানে কে উত্তর দেবেন জানি না, মুখ্যমন্ত্রী দেবেন, না খাদ্যমন্ত্রী দেবেন জানি না কিন্তু যদি খাদ্যমন্ত্রী এর উত্তর দেন তাহলে তাঁকে আমি শেষ-বারের মত অনুরোধ করবো যে, মানুষের দুর্দশা নিয়ে তিনি অনেক ব্যংগ বিদ্রূপ করেছেন, আর যেন না করেন। তাঁরা মানুষকে কোথায় নিয়ে দাঁড় করিয়েছেন সেটা চিন্তা করে জবাব দেবেন এই মূল্য নিয়ন্ত্রণ করবার জন্য তাঁরা কি কি করেছেন—এটা আমরা জানতে চাই।

এই মাছের ব্যাপারে মুখ্যমন্ত্রী বল্লেন, মাছ খেয়ো না, এক মাস মাছ খাওয়া বন্ধ কর। এমন কথা, মানুষের খাবারের ব্যাপারে কোন্ রাজ্যের মুখ্যমন্ত্রী এমন নিষ্ঠুরতা করতে পারেন আমার ধারণা ছিল না ডাঃ বিধানচন্দ্র রায়ের এই উক্তি শোনবার আগে পর্যন্ত। তিনি এইরকম উক্তি করেছেন। অথচ এইরকম উক্তি করার কি অধিকার আছে, বাংলাদেশের মানুষ তাঁকে জিজ্ঞাসা করতে পারে কেন আপনারা মাছের বন্দোবস্ত করতে পারেন না, কেন পশ্চিমবাংলার মানুষের ভাত, মাছ, কাপড়ের ব্যবস্থা করতে পারেন না। আমরা সরাসরি জিজ্ঞাসা করতে চাই, তাঁরা কি করেছেন এই মূল্যবৃদ্ধি প্রতিরোধ করবার জন্য, এর সংগে পশ্চিমবংগের মানুষ তাঁর কাছে আরো জানতে চাই—জীবনযাত্রার ব্যয় যে-পরিমাণ বেড়েছে সেই অনুপাতে মানুষের আয় বেড়েছে কি না। এটা আমার কোন মনগড়া কথা নয়,—খাদ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে প্রায়ই বলেন মানুষের আয় বেড়েছে, কিন্তু মানুষ খায় বেশী। তিনি বহুবার এখানে একথা বলেছেন। পশ্চিমবংগের মাথাপিছু মাসিক আয় ৩৩ টাকা এই তথ্য সরকার থেকেই দেওয়া হয়। এই তথ্য, অর্থাৎ মাসিক ৩৩ টাকা মাথাপিছু আয়—এও আবার কেবলমাত্র উপরতলার বেলায়ই খাটে, গ্রামাঞ্চলের মানুষ যারা কৃষির উপর নির্ভরশীল—

তাদের মধ্যে জেলেরাও পড়ে—তাদের মাত্র ১২ টাকা আয়। আমি খাদ্যমন্ত্রী বা মুখ্যমন্ত্রী যিনিই জবাব দেন, তাঁদের কাছে ৩৩।১২ টাকা ফেলে দিচ্ছি এবং challenge করছি—কোন পরিবারে গিয়ে একমাস থেকে বাজারের থলি নিয়ে বাজারে যাবেন এবং বাজার করে খাওয়াবেন—যদি পারেন, তাহলে ওখানে বলুন, তা' না হলে ওখানে বলবার অধিকার আপনার নাই। এই যেন ঔদ্ধত্য যেন না থাকে এটা বুঝবার দিন এসেছে। প্রথম কথা, এই মূল্য-নিয়ন্ত্রণের কি ব্যবস্থা করেছেন? মাছের ব্যাপারে সমস্ত জিনিষ পরিষ্কার হওয়া দরকার। খাদ্যের ব্যাপারে খাদ্য নিয়ে, চাল নিয়ে সিদ্ধার্থশংকর রায় পদত্যাগ করেছেন। চালের কারবার করে কারা? এবং এই ব্যাপারের সংগে কংগ্রেসের কোন মন্ত্রী, কোন উপমন্ত্রী জড়িত আছেন সমস্ত কথা উদ্‌ঘাটিত হল। কিন্তু কিছুই হল না, তাঁরা কিছুই করলেন না, চালের দাম বাড়তেই থাকল। মাছের ব্যাপারেও এরকম অনেক রহস্য আছে, অনেক খেলা আছে। মুখ্যমন্ত্রী উপদেশ দিলেন মাছ খেয়ো না। ভালো কথা। মৎস্যমন্ত্রী এখানে দেখালেন ৭ জন গ্রেপ্তার হয়েছে। কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে, ৭ জনকে গ্রেপ্তার করলে কি হবে—middlemen; যাঁরা মধ্যবর্তী তাঁদের যদি কব্জার মধ্যে না আনতে পারেন তাহলে ৭ জনকে গ্রেপ্তার করলেই হবে না। মাছের ভেড়ীওয়ালাদের সরকারের আয়ত্বাধীনে আনতে হবে। জেলেদের co-operative করে যদি কিছু করতে পারেন, মধ্যবর্তী রাখা চলবে না। এই কাজ যদি করতে পারেন, তাহলে সমস্ত জিনিষ সরকারের নিয়ন্ত্রণে আনবেন। চটকল মালিকরা সত্তার সাহেবকে কোণঠাসা করে রেখেছেন। তিনি তাদের শায়েস্তা করতে চেয়েছিলেন, কিন্তু তাঁকে কোণঠাসা করে রাখা হয়েছে। মৎস্যমন্ত্রী যদি এরকম কিছু চেষ্টা করেন তাহলে তাঁর কি হবে জানি না। Middlemenদের যে চক্র, বড় বড় ভেড়ীওয়ালাও ব্যবসায়ী, তাদের হাতে সম্পূর্ণ ছেড়ে না দিয়ে এই চক্র ভাংবেন কি না? একথা পরিষ্কার করে বলে দিন, তাহলে আমরা বুঝব আপনারা একটা সক্রিয় চেষ্টা করছেন। দেশলাই একটা ছোট জিনিষ, পাঁচ নয়া পয়সা নির্দিষ্ট দাম, ৬ নয়া পয়সা দিয়ে কেন কিনবেন, কে এক নয়া পয়সা বাড়িয়েছে? সরকার জানেন না? সরকার জানেন না কারা এসব মধ্যবর্তী? সরকার নিশ্চয়ই জানেন। কাপড়ের দাম যারা বাড়াল তাদের কয়জনের কি হয়েছে? মানুষকে আর কতদিন ধাপ্পা দিয়ে ভুলাবেন। মানুষ আর আগেকার সেই স্তরে নাই। আমার পরিষ্কার জিজ্ঞাস্য, উৎপাদন বাড়ানোর জন্য কি করেছেন? মাছের বিক্রেতাদের উপর চাপ সৃষ্টি করার জন্য কি ব্যবস্থা করেছেন? ৭ জনকে গ্রেপ্তার করেছেন। কিন্তু মাছের উৎপাদন বাড়ানোর জন্য কি চেষ্টা করেছেন? পঞ্চবার্ষিকী পরিকল্পনায় deep sea fishingএর অনেক পরিকল্পনার কথা শুনেছিলাম, শুনেছি দ্বিতীয় পরিকল্পনায় ২৮ লক্ষ টাকা ব্যয় করেছেন। একটা পরিকল্পনাও সফল হয়নি। এগুলি যদি সফল হত তাহলে মাছের এই চক্র ভাংতে পারতেন না। আপনারা মানুষকে মাছ খাওয়াবেন কি করে? নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য,—এ নিয়ে কলকাতা সহরে হরতাল পর্যন্ত হয়ে গেল—আজ মুখ্যমন্ত্রী বলছেন মাছ খেয়ো না। জানি না এরপর এরা কি করে মানুষের কাছে মুখ দেখাবেন। আজ বাজারের সমস্ত নিত্য ব্যবহার্য জিনিষপত্র কাটকাবাজারী, মুনাফাখোরীদের হাতে ছেড়ে দিয়ে সরকার প্রায় হস্তপদহীন হয়ে বসে থাকেন তাহলে শুধুমাত্র উপদেশ দিয়ে কি হবে? পশ্চিমবাংলার মানুষ কী অবস্থায় উপনীত হচ্ছে, এই রাজ্যে মানুষ বাস করতে পারবে? সমস্ত ঘরে ঘরে আজ আগুন জ্বলছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার নাম করে মানুষকে আর কতকাল ভুলাবেন? পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা' করছেন তাতে মানুষের উপর নিগ্রহ ও নিপীড়ন দিনের পর দিন কেবলই বেড়ে যাচ্ছে। এভাবে আপনাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা কখনো সফল হবে? মানুষের অসুবিধার উপর দাঁড়িয়ে আপনারা পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল করবেন? মানুষের ভাতকাপড় নিয়ে, নিত্য ব্যবহার্য জিনিষপত্র নিয়ে এরকম করে কোন দেশে পরিকল্পনা হয়েছে বলে জানি না। পাশ্চাত্য দেশে, সোবিয়েত য়ুনিয়নে বা অন্য কোন দেশে এরকম পরিকল্পনার কথা শুনিনি যেখানে পরিকল্পনার ফলে জীবনযাত্রার ব্যয় এমনভাবে বেড়ে যায়। আমি

একথা এখানে পরিষ্কার বলতে চাই—ওদিকের বেঞ্চেরও অনেক ভদ্রলোক—তাঁদের সংগে যখন আমাদের আলাপ হয়—তাঁরাও আমাদের বলুন,—আমি আশা করি তাঁরা এই প্রস্তাবে ভোট দেবেন —তাঁদের যদি সেই সৎসাহস না থাকে, তাহলে তাঁরা দয়া করে হাউস ছেড়ে গিয়ে অন্ততঃ neutral থাকবেন। এই প্রস্তাবের বিরোধীতা করে নিজেদের মনুষ্যত্বকে নষ্ট করবেন না।

[5-30—5-40 p.m.]

আমি সরকারপক্ষকেও বলতে চাই—আপনারা শুনে রাখুন, মানুষকে দীর্ঘকাল, চিরকাল ধরে নিষ্পেষিত করে রাখা যায় না। মানুষ একদিন মাথা তোলে। জনসাধারণের কাছেও এইসংগে আমাদের বক্তব্য, সরকারের উপর চাপসৃষ্টি না করলে এই সংস্কারের চেহারা পরিবর্তন হবে না। ৭ জন গ্রেপ্তার করে এঁরা এই মাছের সমস্যার সমাধান করছেন ভাবছেন—এটা পরিহাস ছাড়া আর কি? সেজন্য এই প্রস্তাবের ভিতর আমরা এই পরিষ্কার বক্তব্য রাখতে চেয়েছি যে, সরকার মূল্য নিয়ন্ত্রণ করার জন্য চেষ্টা করুন। শুধু মাছের ব্যাপার নয়, ভাতকাপড় প্রভৃতি যাবতীয় নিত্যব্যবহার্য জিনিষপত্র যদি fair price shopএর থেকে দেবার ব্যবস্থা পশ্চিমবংগে না করেন তাহলে সমস্ত পরিকল্পনাই ব্যর্থতায় পর্যবসিত হবে, একথা আমরা পরিষ্কার করে বলতে চাই। সরকারের কাছে বলছি, Union Governmentএর উপর চাপ সৃষ্টি করুন, কাপড়ের উপর, চিনির উপর, দেশলাই-এর উপর যেসমস্ত duties করেছেন সেগুলি তুলে নিন।

যাঁরা পাকিস্থানের সংগে মাছ ইত্যাদির ব্যবসা করেন তাঁরা এই ব্যবস্থার দ্বারা ব্যবসা বৃদ্ধি করার জন্য নিশ্চয় চেষ্টা করবেন। যাই হোক, আমার সময় শেষ হয়ে এসেছে বলে শেষে আমি এই কথাই বলতে চাই যে আমরা যেসমস্ত প্রশ্ন এখানে রাখলাম তার উত্তর মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা পেতে চাই।

Shri Bijoy Singh Nahar : Sir, I beg to move that in line 1, para 1, for the words beginning with "in view of" and ending with "in its place" at the end, the following be substituted, namely :—

"In view of the fact that the prices of various articles of food particularly of fish, egg, meat and vegetables have of late recorded large increase this House request the Government to take necessary measures to check the rise in prices. The Government is further requested to appoint a Committee to enquire into the causes of rise in prices and suggest measures for checking the same."

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার য়্যামেণ্ডমেণ্ট এজন্য এনেছি যে সুবোধ ব্যানার্জী মহাশয়ের যে প্রস্তাব রয়েছে তাতে ষ্টেট ট্রেডিং-এর উপর খুব জোর দেওয়া হয়েছে। আমি সেজন্য মনে করি যে সরকারের পক্ষ থেকে খাদ্যদ্রব্য ও জনসাধারণের দৈনন্দিন প্রয়োজনীয় যে জিনিষ তাতে কোন-রকম ষ্টেট ট্রেডিং-এর মধ্যে যাওয়া উচিত নয়। কেন না, সাধারণ মানুষ তার নিজের সুখসুবিধা কিভাবে করে নেবে তার নেট অধিকারের উপর সরকারী দপ্তর থেকে কাজ হবে সেটা আমরা কোন-দিন বিশ্বাস করি না চিন্তাও করি না। আমাদের এটা টোটালিটেরিয়ান দেশ নয় যে সরকারই এখানে সমস্ত ব্যবস্থা করবে। তাই যেসব দেশে সেরকম ব্যবস্থা আছে সেখানে সেখানকার দাম-গুলোর সংগে যদি তুলনা করেন—সময়ে হলে আমি সব বলতাম—তাহলে দেখবেন যে সরকারের হাতে গেলে কি দুঃখ হবে। প্রয়োজনের হিসাবে সে তার কাপড়, জুতো কিনতে যে পায় না এটা

জানা উচিত। সরকারের হাতে গেলে ওদের সুবিধা হবে। কারণ মাঝে যখন চালের ব্যবসা সরকার নিয়েছিলেন তখন লেফ্‌টিষ্ট পার্টির বলার সুযোগ হয়েছিল এবং লোকের মধ্যে প্রচার করবার সুযোগ হয়েছিল যে চালের মধ্যে কাঁকর মেশান হচ্ছে। এইভাবে যে ষ্টেট ট্রেডিং-এর উপর জোর দেওয়া হচ্ছে যাতে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা কমে যায়। কাজেই ষ্টেট ট্রেডিং হওয়া উচিত নয়, তবে ষ্টেটের কণ্ট্রোল থাকা উচিত কোথায় কি অন্যায় হচ্ছে সেটা দেখার জন্য। আপনি দেখেছেন মাছের ব্যাপারটা সম্প্রতি সরকার অত্যন্ত দৃঢ়হস্তে ব্যবস্থা করেছেন এবং আশা করব যে অন্যান্য বিষয়েও সরকারকে এইরকমভাবে শক্ত হতে হবে যাতে জিনিষপত্রের দাম না বাড়ে। আমি মনে করি, সরকার যে-ব্যবস্থা অবলম্বন করেছেন তাতে সমস্ত ব্যবসায়ী এটা নিশ্চয় উপলব্ধি করেছেন যে সরকার আর ছেড়ে দেবেন না যদি তাঁরা এইরকমভাবে দাম বাড়াতে যান। তাই ষ্টেট ট্রেডিং-এর বিরুদ্ধে এই প্রস্তাব আমি এই হাউসে এনেছি। এখানে খাদ্যদ্রব্য কমে গেল কি করে সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে আগে আমাদের এখানে বহু জিনিষ বেশী হোত যা' এখন হচ্ছে না—পান, কলা, আম ইত্যাদি হোত। কিন্তু আজকাল সেসব জায়গায় কারখানা হয়ে গেছে, কলোনী হয়ে গেছে, বাড়ী তৈরী হয়ে গেছে, রিফ্যুজি বসে গেছে। আপনি জানেন যে হুগলীতে যেখানে হিন্দ মোটর আছে সেখানে আগে অনেক পান হোত। কিন্তু এই সব কারখানা হবার ফলে পানের উৎপাদন কমে গেছে ও দামও বেড়ে গেছে।

আজকে স্যার, আপনি জানেন আম, কলা ইত্যাদি ফল হাওড়া-হুগলী প্রভৃতি জেলায় যেখানে আগে হত সেখানে বাড়ী-ঘর হয়ে যাওয়ায় এ সবের উৎপাদন কম হচ্ছে। আজকে এসব উৎপাদনে এবং আরও ভাল ভাল খাদ্যদ্রব্য যা আছে তার উৎপাদন যাতে বাড়ে সেদিকে দৃষ্টি দিয়ে সরকার যেন উপযুক্ত ব্যবস্থা করেন এবং যাঁরা উৎপাদন করেন তাঁদের উৎসাহ দেন তাহলে খাদ্যে যে ঘাটতি আছে তা পূরণ করতে পারবো। [Noise] আজকে বিরোধীপক্ষীয়রা যতই চীৎকার করুন না কেন তাঁরা বিরোধীপক্ষেই থাকবেন।

আর একটা কথা আমি বলতে চাই—সরকার যে ব্যবস্থা করেছেন মাছের সম্বন্ধে সেটা নাকি সুবিধাজনক হয়নি এরকম সমালোচনা বিরোধীপক্ষ থেকে কেউ কেউ করেছেন। আমি বলতে চাই সরকার যে ব্যবস্থা করেছেন মাছের ব্যাপারে, যে নীতি গ্রহণ করেছেন সেটা নিশ্চয়ই উপযুক্ত হয়েছে এবং সরকার তাঁর নীতি প্রয়োগ করতে কখনও দ্বিধা করেন না বিরোধীপক্ষ থেকে যতই না তাঁরা সমালোচনা করুন। যখনই দরকার হয় ভালভাবে এবং শক্তভাবে সরকার তাঁর নীতি প্রয়োগ করতে জানেন এবং করেন। আমি দু'-একটি suggestion করবো। মাছ কিংবা মাংস supply বিবেচনা করে সপ্তাহে একদিন meatless day এবং fishless day করা হোক এ ব্যবস্থা করা হলে যেটুকু কম আছে তার অনেকখানি পূরণ হতে পারবে সাধারণ মানুষেরও ব্যবস্থা এদিক থেকে হতে পারে।

আর একটা জিনিষ ঠাণ্ডাঘর—এখানে বহু জিনিষ রাখা হয়। বাজারে ছাড়া হয় না ফলে জিনিষপত্রের দাম বাড়ে। আজকে সরকারের যে নীতি সেটা এ বিষয়ে দৃঢ় নীতি নিতে হবে। মাছের ব্যাপারে যেমন P. D. Act প্রয়োগ সরকার করেছেন ঠিক তেমনিভাবে ঠাণ্ডাঘরের বেলায়ও যদি সেইরূপ দৃষ্টি সরকার দেন তাহলে জিনিষপত্রের দামের সুবিধা হতে পারে।

[5-40—5-50 p.m.]

Hawkers' Procession

Shri Hemanta Kumar Basu : স্যার, হকাররা এসেছে, ফেরীওয়ালারা এসেছে, তাদের

দাবী-দাওয়া নিয়ে, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে তা দেবার জন্য। তারা গরীব লোক হকারী করে খায়, পুলিশ তাদের সাহায্য করে না উপরন্তু হয়রানি করে। তারা memorandum দিতে এসেছে।

Mr. Speaker : আমার কাছে দেবেন, পাঠিয়ে দেবো।

Shri Sisir Kumar Das : মাননীয় স্পীকার মহাশয়, সুবোধবাবুর মূল প্রস্তাব সমর্থন করতে উঠে সুবোধবাবু যা বলেছেন তার সম্বন্ধে দু-একটা কথা বলা দরকার বলে মনে করি। সুবোধবাবু মূল কারণ সম্বন্ধে ইনফ্লেসন এবং গভর্ণমেণ্টের পলিসির কথা বলেছেন। এটা অবশ্য ঠিক কথা, কিন্তু সেইসঙ্গে ট্যাক্সেসন্-এর জন্য জিনিষের দাম বাড়ছে বলে যে কথা উঠেছে সেটা উল্টো কথা। ট্যাক্সেসন করলে যেখানে ইনফ্লেসন হয়েছে সেই ইনফ্লেসন চেক্‌ড হয় এবং দাম কমে যায়। যেমন ধরুন—মাছ, মাংস, ডিম, ভেজিটেবেল প্রভৃতি যে সমস্ত জিনিষের নাম করলেন সেগুলোর উপর ট্যাক্স নেই এবং সেগুলো বিদেশ থেকেও আসে না, কিন্তু তাহলে তার দাম বাড়ছে কেন? কাজেই ট্যাক্সেসন পলিসির জন্য দাম বাড়ছে একথা ঠিক নয় বরং হাই ট্যাক্সেসন হলে ইনফ্লেসন চেক্‌ড হয়। তারপর, উনি বললেন বাজারে যে কোল্ড ষ্টোরেজ হয়েছে তার ফলে আমরা কিছুদিন ধরে দেখতে পাচ্ছি যে দাম বেড়ে যাচ্ছে। কিন্তু এটাও উল্টো কথা। কারণ, ইকোনমিক শাস্ত্রে একটা কথা পড়েছিলাম যে, the fundamental effect of speculation is to stabilise prices. অর্থাৎ যদি কখনও বাজারে বেশী পরিমাণে জিনিষ আমদানী হয় তখন মার্চেন্টরা সেটা তাঁদের ঘরে ফেলে রাখে কিম্বা কোল্ড ষ্টোরেজে পুরে রাখে এবং তার ফলে দেখা যায় যে, যে দামে বাজারে বিক্রী হোত তার চেয়ে বেশী দামে বিক্রী হচ্ছে। যেমন ধরুন, ফাল্গুন-চৈত্র মাসে যদি আলুর ব্যবসায়ীরা হাজার হাজার কিম্বা লক্ষ লক্ষ মণ আলু কোল্ড ষ্টোরেজে না রেখে দিত তাহলে আলুর দাম ৯ আনার পরিবর্তে ২ আনা সের হোত। অপর পক্ষে আবার দেখুন শরৎকালে যখন আলু পাওয়া যায় না তখন যদি কোল্ড ষ্টোরেজের মালিকরা বাজারে আলু না ছাড়ত তাহলে আজ যেখানে ১৲ টাকা বা ১৷৹ আনা দরে প্রতি সের আলু বিক্রী হচ্ছে না সেখানে সেই ১৲ টাকা বা ১৷৹ আনা দরে আলুর সের বিক্রী হোত। কাজেই ষ্টোরেজ অপারেসন খারাপ একথা বলা যায় না। তবে মাঝখানের লোকেরা যে লাভ নেয় এটা ঠিক এবং সেই হিসেবে দেখতে পাচ্ছি যে, যে সমস্ত স্পেকুলেটর আছে এবং যারা কোল্ড ষ্টোরেজ তৈরী করেছেন তারাই লাভ খাচ্ছেন এবং অপরপক্ষে যাঁরা প্রোডিউসর তাঁরা সেই লাভ পাচ্ছেন না। তাহলে কি করা দরকার, না যদি কো-অপারেটিভ কোল্ড ষ্টোরেজ হয় অথবা গভর্ণমেণ্ট কোল্ড ষ্টোরেজ তৈরী করে সেখানে চাষীকে অল্প ভাড়ায় জিনিষ রাখবার ফ্যাসিলিটি দেয় কিম্বা গভর্ণমেণ্ট যদি তাঁদের কাছ থেকে সস্তায় জিনিষ কিনে নিয়ে যা লাভ হবে সেটা রি-ডিষ্ট্রিবিউসন করেন তাহলে জিনিষের একটা ষ্ট্যাবিলাইস্ প্রাইস হবে এবং at the same time এই সমস্ত চাষী দ্রব্যমূল্য বেশী পাবে। যা হোক্, আসল কথা হোল দাম যে বাড়ছে তার কারণ হচ্ছে ইনফ্লেসন এবং গভর্ণমেণ্টের প্রাইস পলিসি। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট.....

Attendance in the Treasury Banches

Shri Jyoti Basu : শিশিরবাবু কাকে তাঁর বক্তৃতা শোনাচ্ছেন? এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা হচ্ছে অথচ ৩০/৪০ জন মন্ত্রীর মধ্যে দেখছি কেউ এখানে নেই।

Shrimati Maya Banerjee : সব নোট্ নেওয়া হচ্ছে।

Shri Jyoti Basu : কোথায় নোট্ নেওয়া হচ্ছে? আপনি তো ওখানে বসে পান খাচ্ছেন। সবাইকে মাইনে দেওয়া হচ্ছে আর তাঁরা এদিক-ওদিক আড্ডা দিয়ে বেড়াচ্ছেন।

Shri Bijoy Singh Nahar : আজকে *non-official* ডে কাজেই মিনিষ্টারকে যে থাকতে হবে তার কোন মানে নেই।

Shri Jyoti Basu : নিশ্চয়ই থাকবে। তিনি উত্তর দেবেন না।

[Noise]

Dr. Prafulla Chandra Ghose : মিঃ স্পীকার, স্যার, খুব একটা গুরুত্বপূর্ণ জিনিষের আলোচনা হচ্ছে এবং তার উপর বাংলাদেশের অনেকখানি নির্ভর করে এবং সেই সময় যদি খাদ্যমন্ত্রী এবং মৎস্যমন্ত্রী দু'জনের একজনও উপস্থিত না থাকেন তাহলে এটা হাউসের প্রতি এক হিসাবে অবমাননা হয়। আমি আশা করি আপনি দু'জনের একজন মন্ত্রীকেও উপস্থিত থাকতে বলবেন।

Mr. Speaker : All right.

[5-50—6 p.m]

Shri Sisir Kumar Das : আমি বলছিলাম যে এইসব জিনিষের দর Government price policyর জন্য বাড়ছে। একটা উদাহরণ দিচ্ছি—যেমন ধরুন চিনি। চিনি এখন ৪৫ টাকা মণ ছাড়া পাওয়া যাচ্ছে না। অথচ আমাদের দেশ থেকে নিয়ে গিয়ে আমেরিকাতে ডাম্পিং করা হচ্ছে ১০ টাকা মণে। এখানকার জিনিষ এখানকার লোককে বেশী দর দিয়ে খেতে হচ্ছে আর বাইরের লোকেরা সস্তায় খাচ্ছে। এটা গভর্ণমেণ্টের অধঃপতন ছাড়া আর কিছু নয়। দেশের গরীব জনসাধারণের প্রতি দৃষ্টি না রেখে কি করে foreign exchange demand meet করবেন সেই দিকে তাঁদের লক্ষ্য আছে।

তারপর আমি আর একটা উদাহরণ দিচ্ছি—যদিও সেটা বড়লোকের ব্যাপার তবুও সেটা জানা দরকার, সেটা হচ্ছে মোটর গাড়ী বাইরে থেকে আনবেন না, দেশে তৈরী করবেন। এইজন্য বিড়লা Hindusthan Motor করেছে। যখন বাইরে থেকে মোটরগাড়ী আসত তখন ৮॥০ হাজার টাকায় বিক্রী হত। এখন এখানে তৈরী হচ্ছে, তাই ১৪।.৫ হাজার টাকায় বিক্রী হচ্ছে। গভর্ণমেণ্ট নিজে তৈরী করবেন না, বিদেশ থেকে আনা বন্ধ করেছেন এবং ক্যাপিটালিষ্টদের double priceএ বিক্রী করার সুযোগ করে দিয়েছেন। গভর্ণমেণ্ট এইভাবে ক্যাপিটালিষ্টদের সহায়তা করছেন, তারা পকেটে মুনাফা পুরছে, আর প্রাণ যাচ্ছে মধ্যবিত্ত এবং গরীব জনসাধারণের। গভর্ণমেণ্টের এই পলিসি আমরা কিছুতেই সমর্থন করতে পারি না। বাংলা গভর্ণমেণ্ট হয়ত বলবেন আমরা কি করব, এ তো কেন্দ্রের হাত। সুতরাং আমরা criticise করব। আপনারা যদি জহরলাল নেহরু সরকারকে থামাতে না পারেন in his mad career for plan। লোক মরুক আর বাঁচুক জগন্নাথের রথ যেমন চলবে ঠিক তেমনিভাবে প্ল্যান-পাগল জহরলাল তাঁর রথ চালিয়ে যাচ্ছেন। দেশের লোকের পেটে অন্ন নেই, পরণে বস্ত্র নেই, এসবের জন্য responsible তিনি। বাংলা গভর্ণমেণ্ট চেষ্টা করলে speculatorsএর হাত থেকে আমাদের বাঁচাতে পারেন। বাংলা গভর্ণমেণ্ট চেষ্টা করলে জিনিষপত্রের দাম বেঁধে দিতে পারেন। Essential Commodities Actএ যে দাম বেঁধে দেওয়া হবে তার বাইরে কেউ বিক্রী করলে সরকার তাকে Preventive Detention Actএ জেলে পুরতে পারেন। সেসব কিছু নেই, চুপ করে বসে আছেন। কারণ, এখন হচ্ছে ইলেকসানের টাইম, টাকা নিতে হবে; বিড়লা ২০ হাজার টাকা দেবে, তাতেও হবে না, কারণ উড়িষ্যার মত fight করা যাবে না, কোটি কোটি টাকার দরকার। কোথা থেকে টাকা আসবে, না, এইসব hoarders,

merchantsএর কাছ থেকে। সুতরাং যারা চিরকাল দেশের লোককে শুষে খাচ্ছে সেইসব লোককে তাঁরা সন্তুষ্ট করে চলছেন। সেইজন্য আমি এই প্রস্তাব সম্পূর্ণ সমর্থন করছি, কেবল আমার মনে হয়না State trading করা উচিত। কারণ, সরকারের সেই যোগ্যতা নেই। যদি State trading করে দেওয়া হয় তাহলে দর আরও বৃদ্ধি হবে, কারণ এরা এতই অপদার্থ। সুতরাং আমার বন্ধু সুনীল দাস যে প্রস্তাব করেছেন Essential Commodities Actকে ভাল করে চালান এবং সেই অনুসারে দ্রব্য মূল্য নিয়ন্ত্রণ করুন এবং একটা price commission বসিয়ে ন্যায্য প্রাইস ঠিক করে দিন, এই হচ্ছে আমার বক্তব্য।

Shri Hemanta Kumar Basu : মাননীয় স্পীকার মহোদয়, জিনিষের দাম যতদিন যাচ্ছে, যত বছর যাচ্ছে, দাম কমছে না, জিনিষের দাম অত্যন্ত ঊর্ধ গতি। যেদিন কংগ্রেসের হাতে ক্ষমতা এসেছে, সেইদিন থেকে নিত্যব্যবহার্য জিনিষের দাম বেড়েই চলেছে, কোনমতেই তা কমছে না। এর কারণ হচ্ছে বর্তমানে যে অর্থনৈতিক ব্যবস্থা, যে সমাজব্যবস্থা রয়েছে, সেটাই হচ্ছে এই দ্রব্যমূল্য বৃদ্ধির মূল কারণ। যা কিছু পরিকল্পনা হচ্ছে, সেইসব পরিকল্পনার মধ্যে দেশের যারা গরীব দরিদ্র লোক—কৃষক হোক, শ্রমিক হোক, সাধারণ লোক হোক, তাদের স্বার্থের দিকে দৃষ্টি রেখে কোন পরিকল্পনা তৈরী হচ্ছে না। কাজেই সেদিক থেকে যে মিশ্র অর্থনীতি চলেছে তাতেও সমাজতন্ত্রবাদ আসে না, ধনতন্ত্রবাদের প্রেসার বাড়ে। সেদিক থেকে যে মধ্যবিত্ত ব্যবসায়ী, আড়তদার যারা উৎপাদন করে না, সেইসব লোকেরা তাদের ক্ষমতাবলে, অর্থবলে গরীব চাষীদের কাছ থেকে জিনিষ কিনে নিচ্ছে এবং তারা সেই জিনিষ আটকে রেখে দাম বাড়িয়ে বাজারে বিক্রয় করছে। আর এমনই এক শাসন ব্যবস্থা চলছে যে কন্ট্রোলের ফলে তারা সমস্ত জিনিষ ন্যায্যমূল্যে পায়। আর যারা চাষী যারা উৎপাদন করে, তারা জিনিষের ন্যায্য মূল্য পায় না। কিবা পাটের ব্যাপারে, কিবা ধানের ব্যাপারে কোন ব্যাপারেই কৃষক ন্যায্য মূল্য পায় না। আর যারা consumers তাদের অত্যন্ত বেশী দরে কিনতে হয়। মাঝখানে যাঁরা আছেন তাঁদের হাতে সমস্ত বাজার, তাঁদের হাতে সমস্ত ক্ষমতা আছে। এইভাবে যে সমাজব্যবস্থা ও অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান রয়েছে, এর দ্বারা কিছুতেই জিনিষপত্রের দাম কমতে পারে না, যদি না এর একটা আমূল পরিবর্তন করা যায়। অবশ্য দৈনিকই সমস্ত জিনিষের মূল্য বৃদ্ধি হচ্ছে এবং এ বিষয় নিয়ে পার্লামেন্টেও আলোচনা হয়েছে। কিন্তু যে আলোচনা হয়েছে, সেখান থেকে একটা কমিশন হয়েছে, তাঁরা এ বিষয়ে একটা ব্যবস্থা করবেন। আমরা এ বিষয়ে যদি একটা কমিটী বা কমিশন করি, তাহলে যে রিপোর্ট তাঁরা দেবেন, সেই রিপোর্ট কতখানি কর্যকরী হবে, কতখানি তা জনসাধারণের স্বার্থোপযোগী হবে তা বিশেষ কিছু বলা যায় না, তাঁদের কাছ থেকে কিছুই আশা করা যায় না। কারণ বর্তমান সমাজ ব্যবস্থার মধ্য থেকে, বর্তমান অর্থনৈতিক কাঠামোর মধ্য থেকে সেই রিপোর্ট তাঁরা দেবেন। কাজেই সেদিক থেকে আমার মনে হচ্ছে যে জিনিষপত্রের দাম যা অত্যধিক বেড়ে চলেছে, সে সম্বন্ধে একটা তুলনামূলক হিসেব দিলে সকলেই বুঝতে পারবেন। একখানা সাপ্তাহিক কাগজে বেরিয়েছে—সামান্য সামান্য জিনিষ তরীতরকারী আলু-পটল, বেগুন ইত্যাদির দাম গত বছরের তুলনায় এবার কেমন বেড়ে চলেছে। ১৯৬০ সালে বেগুনের মণ ছিল ১৮৲ টাকা, তা হচ্ছে এবার ৩০৲ টাকা, এটা গোল বেগুন, আর লম্বা বেগুন যা ছিল ১১৲ টাকা, তা হয়েছে ২০৲ টাকা ; পটল গতবার ছিল ২০৲ টাকা মণ, এবার হয়েছে ৩০৲ টাকা ; কুমড়া ৫'৫০ নঃ পঃ ছিল, তা হয়েছে ৬৲ টাকা। এই সমস্ত খবর সংবাদপত্রে বেরিয়েছে।

তারপর মাদ্রাজের আলু ১২৲ টাকা থেকে ১৭৲ টাকা দর যা গতবার ছিল, এবার হয়েছে ২৬৲ টাকা থেকে ২৭৲ টাকা দাম ; কাজেই নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম যে বেড়েই চলেছে এটাই তার প্রত্যক্ষ প্রমাণ।

তারপর মাংস, সরিষার তেল, নারিকেল তেল, ডিম প্রভৃতির দামও প্রায় শতকরা ২৫ ভাগ বেড়ে গিয়েছে। এইভাবে যদি সমস্তরকম জিনিষের দাম বাড়তে থাকে, আর যদি বর্তমান শাসন ব্যবস্থা তা রোখবার কোন চেষ্টা না করে, তাহলে লোকের জীবন অত্যধিক দুর্বিসহ হয়ে পড়বে।

[6—6-10 p.m.]

পূজা আসছে—কাপড়ের দাম শতকরা ৮০ ভাগ বেড়ে গিয়েছে। কাজেই সাধারণ লোকের জন্য সরকার কি ব্যবস্থা করবেন, তা আমরা বুঝতে পারছি না। মাছের দর ত অত্যধিক বেড়ে গিয়েছে। আমাদের মৎস্যমন্ত্রী মহাশয় বললেন এই সম্পর্কে কয়েকজন মৎস্যব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা মনে করি সেটা তিনি ভালই করেছেন। কিন্তু তার দ্বারা কি মাছের সমস্যা সমাধান হবে, যদি না মাছের উৎপাদন বাড়ান যায় আপনারা ডিপ সি ফিসিং আরম্ভ করলেন। কিন্তু তাতে যে কতটা কার্যকরী হল তা আমরা জানি না। তাতে কয়েক কোটী টাকা জলে গেল। সেদিন এই হাউসে প্রশ্ন করা হয়েছিল মৎস্যমন্ত্রী মহাশয়কে যে deep sea fishingএর জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে? তাতে তিনি বলেন—আজকে জাহাজ গিয়েছে সমুদ্রের দিকে। কিন্তু তার কি অবস্থা হয়েছে, সে সম্বন্ধে আমরা কিছুই জানতে পারছি না। সুতরাং সেদিক থেকে জিনিষপত্রের দাম যাতে সম্পূর্ণভাবে সরকার কণ্ট্রোল করতে পারেন তার ব্যবস্থা করা দরকার।

আড়তদারদের চালের ব্যাপার নিয়ে আমরা যে আন্দোলন করেছিলাম, যার ফলে সরকার একটা Anti-Profiteering বিল পাশ করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেই anti-profiteering Billকে কার্যকরী করা হল না। সরকার যদি চালের ব্যাপারে ঐ বিলকে কার্যকরী করতেন, যেমন মৎস্যমন্ত্রী মহাশয় সাতজনকে ধরেছেন আমরা দেখতে পাচ্ছি, তেমনি তখন যদি চালের মজুতদারদের ধরতেন ঐ anti-profiteering Act অনুসারে তাহলে নিশ্চয় আজ চালের দাম কমে আসত। কিন্তু তখন তাঁরা ঐ আইন প্রয়োগ করেন নি। কাজেই আজ জনতার আন্দোলনের মধ্য দিয়ে সরকারকে বাধ্য করতে হবে যাতে করে তাঁরা এই সম্পর্কে একটা আইন বিধিবদ্ধ করেন। যদি বাস্তবিক সরকার জনসাধারণের মঙ্গল চান, যদি সাধারণ মানুষকে, তার দুর্বিসহ অবস্থা থেকে বাঁচাতে চান তাহলে এইরকম একটা কঠোর আইন করতে হবে। কিন্তু আমরা দেখছি তাঁরা এই ধরণের একটা কঠোর আইন গ্রহণ করতে প্রস্তুত নন। কারণ, তাঁরা মনে করেন এইরকম কঠোর আইন আজ যদি আড়তদার ও মুনাফাখোরদের উপর প্রয়োগ করা হয় তাহলে তাদের সঙ্গে এদের স্বার্থের যে একটা যোগাযোগ আছে, সেটার হানী হতে পারে। শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় তাঁর মন্ত্রীত্ব থেকে পদত্যাগ করার পরে, বেশ পরিষ্কার করে দেখিয়ে দিয়েছিলেন যে মিলমালিকের সঙ্গে সরকারের যোগাযোগ রয়েছে। আজকে দেখলাম সংবাদপত্রে বেরিয়েছে 'রাম অবতার' বলে একটা Dal Associationএর সভাপতি, তিনি বলেছেন—ডালের দর অত্যধিক বেড়ে যাবে। কারণ ডালের ফাটকাবাজী চলেছে এবং লরী ওয়ালারা, লরীর মালিক যাঁরা, তাঁরা চেষ্টা করছেন যাতে বাজারে ডাল সরবরাহ বেশী না হতে পারে, এবং তার ব্যবস্থা তাঁরা করেছেন। কাজেই সরকারের এদিকেও দৃষ্টি দেওয়া দরকার।

সরকার cold storageএর ব্যবস্থা করে সেখানে নানারকম জিনিষ রাখবার ব্যবস্থা করেছেন। কিন্তু পূর্বে যখন cold storage ছিল না, তখন ত কখনও এইরকম অবস্থা দেখা দেয়নি। আমরা মনে করি cold storage হবার জন্যই বর্তমানে এইরকম অবস্থা সৃষ্টি হয়েছে। অবশ্য cold storage রাখা দরকার। কিন্তু তাই বলে বাজারে জিনিষপত্রের দাম বাড়ানর জন্য cold storageএ

মাল জমায়েত করে দেবে, এটা কোনমতেই সমর্থনযোগ্য নয়। সুতরাং সমস্ত দিক বিবেচনা করে এরজন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে। কিন্তু আমাদের বর্তমান যে অর্থনীতি, এই অর্থনীতির পরিবর্তন সাধন করা যদি না হয়, তাহলে আমাদের কোনকিছুই করা সম্ভব হবে না। আমাদের সরকার বলে থাকেন, শ্রীপণ্ডিত নেহেরু বলে থাকেন যে ভারতবর্ষে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করাই হচ্ছে তাঁদের প্রধান উদ্দেশ্য, এবং তারই জন্য আজ private sectorগুলিকে নানারকম সুযোগ-সুবিধা দেওয়ার তাঁরা পক্ষপাতি। কিন্তু যে সকল সুযোগ-সুবিধা তাঁদের দেওয়া হচ্ছে, তার একমাত্র উদ্দেশ্য হচ্ছে যে তাঁরা সরকারের হয়ে লড়বেন। কাজেই তাঁরা এই সমস্ত সুযোগ-সুবিধা পান। কিন্তু নৌকাকে নঙ্গর বেঁধে, হাল টানার কোন মানে হয় না। কাজেই আজকে যে অত্যাধিক জিনিষপত্রের দাম বেড়েছে, তাকে যদি কমাতে চান, এবং যদি সরকার বাস্তবিক অতিরিক্ত মুনাফাখোরদের দমন করবার জন্য ক্ষমতা চান, তাহলে সেইরকম কঠোর আইন করা উচিত; এবং সেইভাবে যারা বাস্তবিক অত্যাধিক লাভ করে দেশের লোককে শোষণ করে তাদের সায়াস্তা করা উচিত। এই বলে সুবোধবাবুর যে প্রস্তাব, তা আমি সমর্থন করছি।

Shri Tarapada Chaudhuri: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই বিতর্কে আমার মনে হয় এখানে আমার বন্ধুদের মধ্যে অনেকেই অর্থনীতিবিদ আছেন, সুতরাং তাঁরা যে এটা বুঝেন না তা নয়। এটা তাঁরা ভালভাবেই বোঝেন। কাজেই আজকে এই যে First Plan, Second Plan, Third Plan চলছে, এই planningর জন্য যে অর্থনীতি সেই অর্থনীতির contextই এটা বিচার করা প্রয়োজন, চিন্তা করা প্রয়োজন। এবং পার্লামেন্টে এটা accepted হয়েছে। Development Council, Planning Commissionও এর পক্ষে বলেছেন। এমন কি, even Communist বন্ধুরাও এই Planningকে support করেছেন। তবে implementation of the plan সম্পর্কে মতভেদ থাকতে পারে কিন্তু plan as a whole তাঁরা support করেছেন। আজকে development programme deliberately attention পাচ্ছে, stimulus দিয়ে industrial production বাড়ান বা agricultural production বাড়ানর জন্য। এবং এটা আমরা accept করেছি যে মিশ্র অর্থনীতি এবং তাতে বলেছি সত্যিকারের diversified economy যদি করতে হয় তাহলে খুব দ্রুত গতিতে industrial revolution আনতে হবে। এবং industrial revolution আনতে হলে তার জন্য capital formation দরকার। এটা নির্ভর করছে একটা agricultural countryতে on agricultural production এবং আমরা কিছুদিনের মধ্যে যেটুকু achieve করেছি তাতে যদি agriculturerর জন্য আজকে economy self-sufficient করতে হয় তাহলে atleast 40 percent productivity বাড়াতে হবে। Even industrialর যদি প্রয়োজন হয় তাহলেও 120 percent বাড়াতে হবে। Economic Condition আজকে যে অবস্থায় আছে সেই অবস্থায় যদি আমাদের production করতে হয় তাহলে এই economic condition কি দাঁড়াবে আমি আপনার কাছে তার একটা চিত্র তুলে ধরতে চাই। এই চিত্রটা aggregate pressure of monetary demand on the economy কি হবে এবং সেইটাই মূল তথ্য price rises। আজকে কতকগুলি কাজ আমরা করেছি programmeএ সেইজন্য কিছু capital outlay হয়েছে এবং সেই programmeগুলি সবই mature হতে চলেছে এবং সেইজন্য capital outlay বাড়ছে। এদিকে capital outlay বাড়ছে এবং সেখানে যে output হচ্ছে তার demand মিটাবে কে। There must be some credit এবং তার জন্য credit expansion হচ্ছে; তার জন্য প্রয়োজন হচ্ছে deficit financing; তার জন্য expansion of Bank credit হচ্ছে। আজকে দেখা যাচ্ছে ভারতবর্ষে ১৯৫০ সালে co-operative creditর মাধ্যমে মাত্র ২০ কোটি টাকা দেওয়া হয়েছে। অথচ আজকে

প্রয়োজন ১৯০ থেকে ২০০ কোটি টাকা। এবং অদূর ভবিষ্যতে দরকার হবে ৪০০ কোটি টাকা। কাজেই এই bank creditর result হচ্ছে inflation। Inflation হতে বাধ্য যে পর্যন্ত না growth of population এবং মানুষের প্রয়োজনের দিক থেকে ভোগ্যপণ্যের বৃদ্ধি না করতে পারা যায়।

[6-10—6-20 p.m.]

সেজন্যে আজকে আমি বলছি যে ভোগ্যপণ্যের মূল্যবৃদ্ধির জন্য উৎপাদন বাড়াতে হবে। তাহলে আমাদের productive programme যা আছে সেগুলিতে সুষ্ঠুভাবে consumer goods যেমন textile, sugar এবং অন্যান্য ব্যবহার্য যা আছে তার একটা target determine করে নিয়ে এবং সেটা একটা scheduled timeএর মধ্যে implement করবার জন্য চেষ্টা করতে হবে এবং তার উপর সমগ্র প্রশ্নটা নির্ভর করছে। কাজেই আজকে এর মধ্যে আর একটি বিষয় হচ্ছে এই যে planned programme আছে বা developmentএর মধ্যে তার financing technique এর উপর নির্ভর করছে অনেকখানি অর্থাৎ আজকে আমাদের দেশের যে financing technique and its impact on the plan—এটা একটা মস্ত প্রশ্ন। আমি একটা figure আপনাদের সামনে দিতে চাই তা হল এই যে আমরা wholesale price index money supplyএর উপর correlated. ১৯৪৯ সালে 99·2 wholesale price index, consumer price index 96, money supply দেখুন ২১৮৪ crores of rupees, ১৯৫৬-৫৭ সালে wholesale price index 108, consumer price index 107, money supply ছিল ২৩১২। ১৯৫৮ সালে wholesale price index 111·7 consumer price index 118, money supply ছিল ২৩৮৮ এবং December 1959 থেকে October 1960 পর্যন্ত দাঁড়িয়েছিল 107·6 plus 18·4 percent। এটা ছিল wholesale price index, consumer price index 126 plus 31·26 percent, money supply ছিল 2519 plus 15·5 percent। তাহলে আমরা দেখছি agricultural, industrial productionএর output raise করেছে বার থেকে চল্লিশ। Agriculture output বেড়েছে 13·8 percent, industrial output by 1955-56 nearly 14 percent.—Yet the wholesale price index has gone up by 18·4 percent and the consumer price index by 31 35 percent. এই যে জিনিষটা হয়েছে এর জন্য Annual Report for 1960-61. Third plan-এ যা বলা আছে তা দেখবেন। আজকে আপনারা এটা নিশ্চয়ই স্বীকার করবেন ভারতবর্ষের যে Development plan এখানে কোনরকম monetary chaos আসেনি—stability of the currency বজায় আছে এটা খুব গর্বের বিষয় এবং আমি বলতে পারি আজকে ভারতবর্ষের এই যে monetary policy determined by the Reserve Bank of India এটা সমস্ত পৃথিবীতে বিস্ময়ের সৃষ্টি করেছে। Reserve Bank-এর সহায়তায় সুযোগ এসে যাচ্ছে তার ফলে stability of the currency maintained হবে। আজকে Reserve Bank report-এ কি বলছে? তাতে বলা হচ্ছে—

The Agricultural output rose during the period by 16 percent., industrial production by 40 percent. and national income by 19·6 percent. On the other side of the medal, exports were stagnant and the balance of payments deficit widening considerably. The pressure of aggregate demand in the economy was intensive and largely contributed to the rise

of 30 percent. in the general price level. Economic conditions যে develop করেছে সেখানে বলছে—the pressure of aggregate demand in the economy rose by 30 percent.

এটা আমার কথা নয়। Reserve Bank-এর report for 1960-61-এ এর প্রমাণ আছে। এটা ঠিক price দুর্মূল্য হয়েছে—মানুষের কষ্ট হচ্ছে; কিন্তু plan period-এ এই sacrifice in consumption প্রত্যেক দেশে হয়েছে। রাশিয়া, চীন—সেখানেও বাধ্যতামূলক এটা করেছে এবং আমি বলব বাধ্যতামূলক করবার জন্য তারা সত্যিকার এগিয়ে গিয়েছে। আমরা রাশিয়া বা চীনের মত বাধ্যতামূলক গণতন্ত্রে বিশ্বাস করি না। সেজন্যে আজকে আমরা যে plan নিয়েছি সেই plan কে সফল করতে হলে আজকে এই sacrific-এর প্রয়োজন আছে।

আমি চোরাকারবার, কালোবাজারী, মজুতদারী সমর্থন করতে পারিনা, কোন Govt. করতে পারেনা, কোন লোক করতে পারেনা, কোন দেশের কোন সমাজ করতে পারে না। কাজেই আমি একথা বলব, আজকে এখানে আমাদের কি প্রয়োজন। আজকে আমাদের প্রয়োজন হল, আজকে যদি এর remedy করতে হয় তাহলে এই রকম rationingএ হবেনা, rationing has failed। আমাদের দেশের যা administrative personnel, আমাদের এখানে যা administration আছে তাতে আমি একথা বলতে বাধ্য যে, rationing has failed। তারপর state trading in foodgrains এটা আমরা দেখছি state trading possible নয়। তাই আজকে আমি একথা বলতে চাই, আজকে এখানে যদি buffer stock তৈরী করেন তাহলে pricesএর যখন up and down হয় prices fluctuate করে তার উপর একটা effect হবে। আজকে আমাদের দেশে definit financing একটা fassion হয়েছে। আজকে foreign aid নিয়ে আমাদের দেশে পরিকল্পনা করছেন,—আমি বিশ্বাস করি there must be a halt to it। আজকে আমাদের domestic savings, সাধারণের savingsএর উপর নির্ভর করা দরকার by all means, এবং এই যে tan evasion. bakage of tan হচ্ছে it must bestopped by all men. Direct taxation করুন, ঠিক জায়গায় taxation করুন, যাদের বেশি টাকা আছে তাদের উপর ট্যাক্স করুন, এ না হলে by borrowings from foreign contriesএর দ্বারা হবে না। Ultimately আপনাদের borrowings from the savings of the people, wage bonus, savings certificates এগুলি যদি ঠিকভাবে mobilise না করতে পারেন তাহলে planning করে কিছু হবে না। আজকে যদি দেশের ভিতর যা capital formation in domestic savings হয় তা mobilise করতে পারেন তাহলে foreign aidএর উপর নির্ভর করতে হবে না। আমি আগেই বলেছি, মজুতদারী, কালোবাজারী, চোরাকারবারী এগুলি বন্ধ করুন। তারপর আজকে প্রত্যেক জায়গায় warehousing corporation হচ্ছে, মাল রেখে চাষীকে credit facilities দেওয়া হয়, storage facilities দেওয়া হয়—এখান থেকে তারা টাকা পেতে পারে। Co-operative marketing at the village level তৈরী করুন যাতে চাষী তার produceএর ন্যায্য মূল্য পেতে পারে। পরিবর্তে consumer goods পেতে পারে। তাই আমি রাজ্যসরকারকে, তথা ভারতসরকারকে অনুরোধ করব, যে রকম slow rateএ comparative development হচ্ছে, এতে আমরা একটা problemএ এসে উপস্থিত হয়েছি। এজন্য আজকে আমাদের dynamic programme গ্রহণ করতে হবে, এই রকম একটা প্রোগ্রাম নিয়ে যদি অগ্রসর হতে পারেন তাহলে আমি বলব half the problems will have been solved.

[6-20—6-30 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় স্পীকার মহাশয়, সুবোধবাবুর প্রস্তাবের মাননীয় সদস্য হারাণ মণ্ডল যেসব সংশোধনী দিয়েছেন সেটার সমর্থন করতে আমি দাঁড়িয়েছি। স্যার, ১৯ তারিখে এই বিধানসভায় আমাদের খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় একটা প্রশ্নের উত্তরে যে জবাব দিয়েছিলেন সেই জবাব আমরা ভুলে যাইনি—কতখানি সরকারের অসহায়তা, helplessness সেদিন তাঁর সেই জবাবের মধ্যে দিয়ে ফুটে বেরিয়েছিল। তখন আমরা এটা বুঝেছিলাম যে, মুনাফাখোরী ও বড় বড় ব্যবসায়ীদের সাথে এঁদের গাঁটছড়া বাঁধা আছে যার ফলে আমাদের মনে হচ্ছে এরা দ্রব্যমূল্যের ব্যাপারে কিছুই করতে পারবেন না ;—এঁরা সম্পূর্ণ অসহায় হয়ে তাদের হাতে আত্মসমর্পণ করেছেন। এঁরা বড় বড় পরিকল্পনার কথা বলেন। আমরা জানি যদি planned economy করা যায় তাহলে পরিকল্পনা সফল হতে পারে—যদি stability of prices থাকে তবেই planning successful হয়। কিন্তু, স্যার, আমরা দেখতে পাচ্ছি আমাদের এখানে price structure বলে কিছু নাই। হু হু করে জিনিষপত্রের দর বাড়ছে, এবং তার ফলে আমরা দেখছি এঁদের প্রত্যেকটা পরিকল্পনা ব্যর্থ হচ্ছে। Price stability না রাকার ফলে এত পরিকল্পনা সত্বেও জিনিষপত্রের দর বেড়ে যাচ্ছে। তারপর, এই মূল্যবৃদ্ধির ফলে সাধারণ মানুষের জীবনে কি হচ্ছে সেটা দেখুন। মানুষের দৈনন্দিন জীবনযাত্রার ব্যয় বেড়ে যাচ্ছে, কিন্তু এটা লক্ষ্য করবার বিষয় যে যেরকম চাহিদা বেড়ে যাচ্ছে সাধারণের আয় সেই পরিমাণ বাড়েনি। আজকে আমরা দেখতে পাচ্ছি ১১ লক্ষ বেকার বসে আছে, এছাড়াও যাদের আয় নির্দিষ্ট ও সীমাবদ্ধ—তাদের ব্যয় সংকুলান হচ্ছে না এবং তার ফলে আজকে চারিদিকে বেতনবৃদ্ধির দাবী উঠছে, আজকে সবদিক থেকেই ধর্মঘট, আন্দোলন, মহামারী ইত্যাদি দেখা দিয়েছে। আজকে সমাজের সবস্তরে দুর্নীতি প্রসারিত হচ্ছে, আজকে সরকারী কর্মচারীদের মধ্যেও দুর্নীতি দেখা দিয়েছে। এর ফলে সমাজ ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে।

পূজা আসছে। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন ন্যায্যমূল্যে যথেষ্ট চিনি পাওয়া যাবে।

স্যার, পূজার সময় এবারও যথেষ্ট চিনি আমরা পাব না। গত বছর সরষের তেলের দর বাড়ার সময় সেই কেলেংকারীর কথা আমার মনে আছে। অর্থাৎ ৩।৪ দিন ধরে আমাদের সাংবাদিক বন্ধুদের ডেকে নেওয়া হল, সংবাদপত্রে বড় বড় করে বেরুল যে সরষের তেলের দর বেঁধে দিয়ে এমনভাবে আমরা ঠিক করে দেব যে দেখে নেব কি করে চোরাকারবারী হয়। কি রহস্য জানি না সেই যে বড় বড় করে ফলাও করে প্রচার করা হল সেসব কোথায় গেল ? স্যার, কোল্ড ষ্টোরেজ বিল এনেছিলেন এবং দেখিয়েছিলাম যে কোল্ড ষ্টোরেজগুলো কেমন করে জিনিষপত্রের দাম বাড়ায় ; সেই কোল্ড ষ্টোরেজ সম্বন্ধে যেকথা বলেছিলাম সেবিষয়ে তিনি আমার সংগে একমত নন এবং বলেন যে তিনি অন্যভাবে একে নিয়ন্ত্রণ করবেন। অর্থাৎ এইভাবে ভাঁওতা দিয়ে তিনি এই বিল উত্থাপন করতে দিলেন না। Essential Commodities Actএর মধ্য দিয়ে যে-কোন নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দর বাঁধা যায়, কিন্তু সেটা হবে না। মাতাদীন খৈতানের সংগে কি যোগাযোগ আছে জানি না, তবে চিনির কেলেংকারী নিয়ে মাড়োয়ারী গোষ্ঠীর সংগে একটা বোঝাপড়া হয়েছে এবং সেই যোগাযোগ হচ্ছে টাকার প্রয়োজনে কারণ সামনে নির্বাচন আসছে। আর একজনের নাম আমি করতে চাই না—কাপড় ও চিনি ব্যাপারে আমরা তাঁর নাম শুনেছি—তাঁকে ওঁরা মনোনয়ন দিয়ে কাউন্সিলে পাঠালেন। স্যার, শুধু তাই নয় তরুণবাবু ৭ জনকে ধরেছেন—প্রশংসা করছি—কিন্তু প্রশ্ন করি তাঁর ফিসারী ডাইরেক্টার হয়ে যিনি বসে আছেন সেই ডাঃ সাহার সম্বন্ধে আপনি কি করেছেন ? পাঁচশালা পরিকল্পনার কথা আমরা শুনেছি, কিন্তু তিনি সাতশালা পরিকল্পনা করছেন

—অর্থাৎ তাঁর ৭ জন শালাকে তিনি ঐ ডিপার্টমেণ্টে নিয়ে চোরাকারবারের যতরকম সুযোগ সব দিয়ে চলেছেন। সেই ৭ জন শালার নাম শুনেছি। সেখানে স্বাধীন ব্যবসার নামে আজকে জংগলের আইন চলছে। কিন্তু এজিনিষ কি বন্ধ করা যায় না? কেন্দ্র থেকে যে ট্যাক্স বসান হয় সেই ট্যাক্স বসানোর জন্য ব্যবসাদাররা কতখানি জিনিষের দর যে বাড়ায় যার ফলে জনসাধারণকে বেশী দাম দিতে হয়। আজকে আমাদের পশ্চিমবাংলার মন্ত্রীমণ্ডলীতে যারা বসে আছেন তাঁরা এমন কি কোন জোর নীতি গ্রহণ করতে পারেন না যাতে যারা মানুষের এইসমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিষ নিয়ে ছিনিমিনি খেলাবে, চোরাকারবারী করছেন তাদের বিরুদ্ধে—অর্থাৎ ঐ পি. ডি. য়্যাক্টে যেমন করে গ্রেপ্তার করছেন তেমতি করে কি গ্রেপ্তার করে ওদের কঠোর সাজার বন্দোবস্ত করতে পারেন না? কিন্তু তাঁরা তা করবেন না, কারণ ওঁদের সংগে যে গাঁটছড়া বাঁধা আছে এবং এর ফলে মানুষের জীবনে যে দুর্ভোগ সেই দুর্ভোগ দিনের পর দিন বাড়ছে। স্যার, এই জংগলের আইন যদি চলতে থাকে তাহলে সাধারণ মানুষ যে নিজেদের হাতে নিয়ে তাঁরা আইন তুলে নেবে সেবিষয়ে সন্দেহ নেই। মাছের যখন দাম বেড়েছিল আমরা দেখেছি সেই দাম বাড়ার সময় সাধারণ মানুষ—আমাদের প্রয়োজন হয়নি—তারা নিজেরাই নিজেদের বাঁচার তাগিদে নিজেদের পকেটে হাত পড়েছিল বলে তারা নিজেরাই স্বতঃস্ফূর্ত আন্দোলন করেছে। কিন্তু আজ যদি সেই আন্দোলন অন্যান্য ক্ষেত্রে প্রসারিত হয়, সেই আন্দোলন যদি তীব্র হয়, মিলিট্যাণ্ট হয় এবং তার ফলে যদি গণ্ডগোল হয়, আইন শৃংখলা যদি ব্যাহত হয় তাহলে তার জন্য সাধারণ মানুষ দায়ী নয়। মুখের গ্রাস কেড়ে নিচ্ছে যে চোরাকারবারীরা তাদের সংগে সরকারের যোগাযোগ আছে বলে সরকার চুপ হয়ে বসে থাকবেন। সেজন্য আমি পরিষ্কার সতর্কবাণী উচ্চারণ করছি সাধারণ মানুষ যে প্রতিবাদ করবে, আন্দোলন করবে, গোলমাল করবে তার জন্য দায়ী খাদ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং সমগ্র মন্ত্রীমণ্ডলী। আমি আমার এর মোটামুটিভাবে আমি সুবোধবাবুর প্রস্তাবকে সমর্থন করছি এবং কমিশন বসাবার কথা এজন্য বলেছি যে আজ সেখানে অনুসন্ধান করা হোক কেন জিনিষপত্রের দাম বেড়েছে এবং এইসব চোরাকারবারী বন্ধ করার জন্য ব্যবস্থা অবলম্বন করা হোক।

[6-30—6-40 p.m.]

Shri Amarendra Nath Basu : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বেসরকারী প্রস্তাব নিয়ে এসেছেন এবং তার উপর সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন শ্রীযুক্তা মনিকুন্তলা সেন—আমি সে সংশোধনী ও প্রস্তাব সমর্থন করছি। শ্রীযুক্তা মনিকুন্তলা সেন যা বলেছেন সেকথা আবার আমি বলি—এ সভায় সকলেই হয়ত আমরা একমত যে নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম অত্যন্ত বেড়ে গিয়েছে। কিন্তু আসল কথা হচ্ছে যে পথে এই দাম নামাতে চাই, আমরা আমাদের বক্তব্যের মধ্যে রাখছি—সে পথ কি এই সভার সদস্যরা গ্রহণ করবেন অধ্যক্ষ মহোদয়? গ্রহণ করবেন না। এই আলোচনাকে ব্যর্থ করে দেবেন খাদ্যমন্ত্রী মহাশয় এটা আমি নিশ্চিত জানি। হয়ত একটা প্রস্তাব গ্রহণ করবেন কিন্তু সেই প্রস্তাব কাজে আসবে না। এতক্ষণ সভ্যরা যা বলে গিয়েছেন আমি জানি সকলের জবাব হয়ত আধ ঘণ্টার মধ্যে উনি দিতে পারবেন। হয়ত উনি যা বলবেন আগে থাকতে ঠিক করে রেখেও দিয়েছেন। আমাদের কথা তিনি শুনুন আর নাই শুনুন আমি তাঁর কাছে এই আশাটুকু করবো অন্ততঃ আমাদের কথার জবাব শুধু না দেন তিনি যেন মূল কথাটার জবাব দেন কি চেষ্টা করবেন এইসব জিনিষের দাম কমাবার জন্য এবং কি মত তাঁর আছে, সেটা যেন বলেন। এই সভায় খাদ্যের উপর বহু আলোচনা হয়ে গেছে, ৬ বছরের মধ্যে অনেকবার আমরা আলোচনা করেছি কিন্তু ফলে হচ্ছে কি? দিনের পর দিন দাম বেড়েই গিয়েছে সেকথা শ্রীযুক্তা মনিকুন্তলা সেন জানিয়ে

দিয়েছেন। আমি আপনাদের কাছে অধ্যক্ষ মহাশয় মারফৎ দু'চারটি কথা রাখছি। মূল কারণ হচ্ছে এই খাদ্যদ্রব্য যারা উৎপন্ন করে সেই কৃষকদের সত্যিকার যে সাহায্য দরকার হয় তা দিচ্ছি না। দ্বিতীয় তাদের যে উৎপন্ন দ্রব্য তা আসার মাঝখানে মধ্যবিত্ত ব্যবসায়ীরা যারা মুনাফা করে তাদের সংযত করার কোন চেষ্টা সরকারের নাই। জিনিষপত্রের উৎপাদন যাতে বেশী হয় তার চেষ্টা করতে হবে এবং ক্রেতার কাছ থেকে যাতে বেশী মুনাফা না নিয়ে কম মূল্যে বিক্রয় করা যায় তার চেষ্টা করতে হবে। ডাল-ই বলুন, চাল-ই বলুন, সর্ষে-ই বলুন তরীতরকারীই বলুন এমন কি দেশলাই ইত্যাদি সব জিনিষের দামই বেড়ে যাচ্ছে কিন্তু মানুষের আয় বাড়ছে না। এর সঙ্গে আর একটা জিনিষের সম্পর্ক আছে। আমাদের দেশে অন্ততঃ ১৬।১৭ লক্ষ বেকার আছে। এই বেকারীদের কিভাবে জীবনধারণ করতে হয়। এরা নিম্নমধ্যবিত্ত এবং মধ্যবিত্ত পরিবারের কাঁধের বোঝা, যারা অত্যন্ত কম উপার্জন করে এই বেকারীদের ভরণ-পোষণ করে। কিভাবে যে এরা নিজেদের সংসার চালায় আমি বিশ্বাস করি না সে সম্বন্ধে এদের কোন ধারণা আছে। আপনারা বিশ্বাস করেন না যে বহু সংসারে আধপেটা খেয়ে খেয়ে এমন একটা অবস্থায় এসে পড়ছে কোন অসুখ ধরলে তাদের আর বাঁচবার কোন উপায় থাকে না।

আমরা বারে বারে যেকথা বলি তার যে কোন মূল্য থাকে না সেকথা শ্রীযুক্তা মনিকুন্তলা সেন বলেছেন। মাছের দাম বেড়ে যাওয়ার ফলে সাধারণ মানুষ যখন আন্দোলন করতে সুরু করল তখন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, "মাছ খেও না।" এ থেকে মনে হয় অন্যান্য জিনিষের দাম যখন বাড়বে এবং যেমন আজ চিনির দাম বেড়েছে তখন আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় হয়ত বলবেন যে, চিনি খাওয়া ছেড়ে দিন। শুধু তাই নয়, পূজোর সময় কাপড়ের দাম বেড়ে যাবার ফলে দেশের লোক যখন হাহাকার করবে এবং তা নিয়ে হৈ-চল্লোড় করবে তখন হয়ত শুনব—আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন যে, কোনরকম ব্যবস্থা করবার উপায় আমার নেই—আমি কেন্দ্রের সঙ্গে লেখাপড়া করছি। তবে দাম যখন বেড়েছে তখন কাপড় পরা ছেড়ে দিন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে, এমতাবস্থায় দেশের লোক যদি মন্ত্রীদের কাছ থেকে এরকম উত্তর পায় তাহলে অবস্থা কি দাঁড়ায়। যা হোক্, শ্রীযুক্তা মনিকুন্তলা সেন যেকথা বলেছেন সেই কথাই আর একবার বলি যে হয় এইসব সমস্যার সমাধান করুন আর না হয় গদী ছেড়ে দিন। আপনারা অবশ্য বলবেন যে, গদী ছাড়ব না কিন্তু আমাদের কাছ থেকে যদি কিছু শুনতে চান তাহলে বলব যে হয় এই সমস্যার সমাধান করুন আর তা নাহলে সবচেয়ে যেটা সহজ কাজ সেটা করুন অর্থাৎ মন্ত্রীত্ব ছেড়ে দিন।

Shri Gobinda Charan Maji : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন সাধারণ জ্ঞানসম্পন্ন লোক যদি আমাদের বিগত কয়েকদিনের বিধানসভার কার্যবিবরণী মনোযোগসহকারে পাঠ করেন তাহলে তাঁর কাছে আমরা শুধু বিধানসভার সাধারণ সদস্যরাই নয় আমাদের অন্যতম মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন ধিক্কৃত হবেন। স্যার, এটা আমাদের ভাবতে অত্যন্ত কষ্ট লাগে যে, এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয় যখন আলোচনা হচ্ছে তখন আমাদের অন্যতম সদস্য বিজয় সিং নাহার মহাশয় বললেন যে কিছুসংখ্যক রিফিউজী হুগলী জেলার জায়গায় জায়গায় বসবাস করার ফলে আলু, মূলো এবং পানের দাম বেড়ে গেছে। বিজয়বাবু এ সংবাদ কোথা থেকে সংগ্রহ করলেন তা জানি না, তবে আমি যেটা জানি সেটা হোল যে ৩/৪ বছর ধরে বাংলাদেশে পানের দাম অত্যন্ত কম। বিজয়বাবুর বক্তৃতা শেষ হবার পর আমি অ্যাসেম্বলী হাউস থেকে হাওড়া বড়বাজার এবং শিয়ালদহের পানের আড়তে টেলিফোন করাতে তাঁরা "না" বলেছেন এবং বিজয়বাবু যদি যান তাঁকে সেকথা শুনিয়ে আনতে পারি। আজ হাওড়া, শিয়ালদহ এবং বড়বাজারে প্রায় ৩/৪ শত বাণ্ডিল পান পড়ে রয়েছে যার কোন খরিদ্দার নেই এবং এ থেকেই বিজয়বাবুর জানা উচিত যে, বাংলাদেশের সাধারণ চাষীরা যে জিনিষ উৎপন্ন করে তার উচিত মূল্য তাঁরা পায় না। যা হোক্, বিজয়বাবু কোথা থেকে এ সংবাদ সংগ্রহ করলেন জানি না

তবে আমি তাঁকে শুধু এটুকু জানিয়ে রাখি যে, তাঁর এই সংবাদ ঠিক নয়। তবে শুধু তাই নয়, তারপর তিনি বাংলাদেশের লোককে একদিন মিট্ লেস্ ডে এবং একদিন ফিস্ লেস্ ডে পালন করতে উপদেশ দিয়েছেন। আমি জানতে চাই যে, একথা বলার মত সৎসাহস তিনি কোথা থেকে পেলেন? তবে মনে হয় কিছুদিন আগে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যেমন আমাদের কিছুদিন মাছ খাওয়া বন্ধ করবার জন্য বলেছিলেন ঠিক তেমনি উনিও ওনার নেতার পদাঙ্ক অনুসরণ করে এইসব বড় বড় তথ্য আমাদের কাছে দিতে আরম্ভ করেছেন যে একদিন মিট্ লেস্ ডে এবং একদিন ফিস্ লেস্ ডে পালন করুন।

তারপর, উনি কোল্ড ষ্টোরেজ-এর কথা বলেছেন। কিন্তু কিছুদিন পূর্বে যতীন চক্রবর্তী মহাশয় যখন কোল্ড ষ্টোরেজ নিয়ন্ত্রণ করবার জন্য একটা বিল উত্থাপন করেছিলেন, তখন আমরা লক্ষ্য করেছিলাম যে যতীনবাবুর সমর্থনে কোন কংগ্রেস সদস্য তখন কথা বলতে সাহস করেন নি।

[6·40—6-50 p.m.]

এ কথা অতিশয় সত্য যে বিজ্ঞানের অবদান cold storage আজকে মানুষের জীবনে আভশাপ এনে দিয়েছে। সেদিন প্রফুল্লচন্দ্র সেন মহাশয় আমাদের উল্টো কথা শুনিয়েছিলেন. আমরা পরিষ্কার জানি যে কিছুদিন আগে যখন বাজারে কিছু মাছ আসত তখন সেই মাছ যদি কিছু পরিমাণ উদ্বৃত্ত হত তাহলে সেই মাছ cold storageএ চালান হয়ে যেত। আমরা জানি বৈশাখ মাসে তিশো টাকা মণ দরে মাছ বিক্রী হয়েছে। সেই সময় অসাধু ব্যবসায়ীরা cold storageএর আশ্রয় গ্রহণ করে মাছের মূল্য বাড়িয়ে নিয়েছে। যতীন চক্রবর্তী মহাশয় যখন ঠাণ্ডা ঘর নিয়ন্ত্রণ বিল এনেছিলেন তখন মনে করেছিলাম যে সরকারপক্ষ নিশ্চয়ই এই বিল গ্রহণ করবেন। কিন্তু দুঃখের কথা প্রফুল্লচন্দ্র সেন মহাশয় সেদিন এই বিল গ্রহণ করেন নি। এবং সেদিন আমাদের অন্যতম সদস্য বিজয় সিংহ নাহার মহাশয় চুপ করে বসে ছিলেন। এখন তিনি এগিয়ে এসে বলছেন ঠাণ্ডা ঘর তৈরী করে অসাধু ব্যবসায়ীরা জিনিষপত্রের দাম বাড়িয়ে দিচ্ছে। স্যার, আমি এখানে এই ব্যাপারে কতকগুলি সাজেসান আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই। আমাদের যেটা ধারণা সেটা হচ্ছে সাধারণ জিনিষ যেমন কাপড়, কেরোসিন, দেশলাই, সাবান, চিনি ইত্যাদির উপর excise tax ধরার ফলে যেকথা তারাপদবাবু বলেছেন—নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম বেড়েছে। আমরা এই indirect taxationএর পক্ষপাতী নই, direct taxationএর পক্ষপাতী। আমরা যদি Central Governmentএর কাছে এই pressure দিতে পারি যে এই excise taxএর ফলে জিনিষপত্রের দাম বেড়েছে তাহলে মনে হয় সুফল হতে পারে। সেজন্য এই excise tax কমাবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে একটা চাপ সৃষ্টি করা উচিত।

Shrimati Labanya Prova Ghosh: মাননীয় স্পীকার মহাশয়, মানুষের অত্যন্ত প্রয়োজনীয়, অপরিহার্য জিনিষপত্রের যে অগ্নিমূল্যের প্রাদুর্ভাব হয়েছে তা শাসনযন্ত্রের সমগ্র অর্থ-নৈতিক কাঠামোর চরম বিশৃংখলা ও বিকৃতির পরিচয়। শাসন যন্ত্রের অযোগ্যতা—এমন শোচনীয় অবস্থায় পৌঁছেছে যে, নিয়ন্ত্রণের শক্তিও যেমন নেই, সে বিষয়ে সদিচ্ছাও একেবারেই নেই। ফলে চৌদ্দ বৎসর স্বাধীন ব্যবস্থা পরিচালনার পরও, আজ কোটি কোটি লোকের জীবন মরণের বিষয়—মুষ্টিমেয় দুষ্কৃতিকারীর হাতে খেলার জিনিষ মাত্র। শাসন বিকৃতির এহেন গ্লানিকর পরিণতি সত্যিই অভাবনীয়। মূল্যবৃদ্ধির বিরুদ্ধে—চারিদিকে আজ বিক্ষোভ মুখর হয়ে উঠেছে এর অর্থ এই নয় যে, মূল্য বৃদ্ধির পেষণ আজ হঠাৎ নতুন বিষয়। শাসনশক্তির সহায়তায় কিছু সংখ্যক সমাজ বিরোধী

লোকের চক্রান্তের আবর্তনে, জনজীবন আজ দীর্ঘদিন ধরে মূল্য বৃদ্ধির স্থায়ী রোগ-বিকারে জর্জরিত হয়েই রয়েছে। হতাশায় বিভ্রান্ত মানুষ অসহায়ভাবে একে মেনেই নিয়েছে। কিন্তু এই ব্যাধি যখন অত্যন্ত গুরুতর হয়ে, সহ্যের সীমা পার হয়ে উঠছে তখন ক্রুদ্ধ মানুষের প্রতিবাদ দেখা দেবে—এ নিতান্তই স্বাভাবিক। নিরাপদ শক্তির আসনে যাঁরা বসে আছেন তাঁরা একে নির্বাচনের প্রচার বলে আত্মপক্ষ সমর্থনের বা এড়িয়ে যাবার পথ করে থাকেন। জনগণের যথার্থ বিক্ষোভকে যদি নির্বাচনের দৃষ্টিতেও মূর্ত করে তোলা হয় তাতেও অভিযোগ করার কিছু নেই। নির্বাচনও একটা কুশাসনের প্রতিকার পাবার অন্যতম পথ।

এই মূল্য বৃদ্ধির ভয়াবহতার ওপর আমাদের জেলায় আর এক ভয়াবহ সংকট দেখা দিয়েছে। আমাদের জেলায় বহু স্থানে এই সাম্প্রতিক বৃষ্টিও অপ্রচুর হওয়ায় বহু অঞ্চল আজও পর্যন্ত সম্পূর্ণ অনাবাদী পড়ে আছে। ফলে অবস্থা আজ গুরুতর এখন থেকে দুর্ভিক্ষের সূচনা দেখা দিয়েছে। অথচ দুঃখের বিষয় ব্যাপক সংকট এভাবে দেখা দেওয়া সত্ত্বেও—উপযুক্ত ব্যবস্থা বিষয়ে সরকার এখনও নিশ্চেষ্ট। বহু বিলম্বে বৃষ্টি হওয়ার জন্য সমগ্র পশ্চিম বাংলার আগামী ফসলের সম্ভাবনাও যেমন বহু বিঘ্ন সংকুল তেমনি এ কারণে সাম্প্রতিক সমগ্র বাংলার খাদ্য পরিস্থিতিও সংকট-সংকুল। বিলম্বে জল হওয়ার জন্য চাষ কিছুটা উদ্‌যাপিত হলেও ফসলের উৎপাদন স্বাভাবিকের চেয়ে খুব কম হবে এবং এই বিলম্বিত চাষের জন্য চারিদিকে খাদ্য পরিস্থিতি বিশৃংখল হয়েছে। দেশের জনগণের এই মানসিক নৈরাশ্য এবং এই বিপদের মধ্যে আজ মূল্য বৃদ্ধির আলোড়নে দেশের লোকের জীবন বিপন্ন। অবিলম্বে উপযুক্ত ব্যবস্থায় এর প্রতিরোধের সংগে বিঘ্ন সংকুল খাদ্য পরিস্থিতিকে উত্তীর্ণ হবার দৃঢ় প্রস্তুতি আজ প্রয়োজন। তবে মানুষের এতেন আবেদনেও সরকার নীরব থাকবেন—জানি। আজ কংগ্রেস সরকারের হাতে যে স্বৈরশাসন বৃদ্ধি পেয়েছে তার অবসান না হলে মূল্য বৃদ্ধির অবসানও সম্ভব হবে না এই আমাদের আজকের দৃঢ় ধারণা।

The Hon'ble Prafulla Chandra Sen : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিনিষপত্রের মূল্যবৃদ্ধি সম্বন্ধে আমাদের এখানে যে প্রথম আজই এই বিতর্ক হচ্ছে তা নয়। গত ১৩।১৪ বছর ধরে দেখছি আমরা প্রায় প্রতি বছরই এইরকম বিতর্কের সম্মুখীন হয়ে থাকি। আমাদের একজন মাননীয় সদস্য শ্রীপাচুগোপাল ভাদুড়ী মহাশয় বলেছেন যে আমাদের যা অর্থনৈতিক ব্যবস্থা বা কাঠামো তাতে মূল্য বৃদ্ধি হবেই। এবং তিনি বোধ করেন যদি Socialistic economy হতো, অবশ্য তাঁর socialistic economyর মানে বোধহয় Soviet economy, আমরা যাকে বলি regimented economy, সেই regimented economy হলে পরে সকল সমস্যার সমাধান হতো। আমি প্রথমে বলি—ঐ Socialistic economy আমি বিশ্বাস করি না।

Shri Subodh Banerjee : You mean Centralised economy ?

The Hon'ble Prafulla Chandra Sen : ঐ Centralised economy বা regimented economy আমরা বিশ্বাস করি না,—Regimented economy অর্থাৎ উপর থেকে চাপান যে economy, যেটা totalitarian ষ্টেটে সম্ভব, সেই economy.

[A voice : Black-marketing ও Profiteering.]

আরো নানারকম আছে।

U.S.S.R. থেকে যে সমস্ত বন্ধুরা ফিরে এসেছেন, সেদিন আমাদের মাননীয় কৃষিমন্ত্রীও ওখান থেকে ফিরে এসেছেন,—তিনি যা বললেন সেখানে গরীবের জুতার যা দাম, তা শুনলে আঁৎকে উঠতে হয়।

[A voice : তবু তো তারা খেতে পায়।]

হ্যাঁ, বাজরা খেতে পাওয়া যায়, হুইট্ নয়।

আর regimented economy আমি মনে করি সব দেশে সার্থকতা লাভ করে না।

এবছর প্রথম থেকে দেখছি মাননীয় সদস্যেরা কেউই চীনদেশের নাম আর মুখে উচ্চারণ করছেন না। চীন দেশ বলে যে একটা দেশ আছে, এবারে হাউসে দেখছি ওরা যেন তা ভুলে গেছেন। খবরের কাগজে বেরিয়েছে – ছেঁড়া কাপড় আমাদের দেশ থেকে চীনে চালান যাচ্ছে, যেখানে আমরা খেতে পাই না।

মাননীয় বন্ধু অমর বসু বলেছেন—হয় ভাল করে শাসন চালাও, হয় জিনিষের দাম কমাও, আর না হয় গদি ছাড়ো। কি করে গদি ছাড়বো? এই গদি তাঁরা দখল করতে পারছেন না, বাস্তবিকই তা দুঃখের কথা। কিন্তু লোকে এদের চায় না। যদি রুশ দেশ হতো, তাহলে কি তাঁরা একথা বলতে পারতেন? চীন দেশেও একথা মুখে উচ্চারণ করা যেত না। এই চীন দেশেই আমাদের কলকাতা থেকে ১২ হাজার কিলো খাদ্যদ্রব্য গিয়েছে।

[6-50 – 7 p.m.]

মাননীয় সদস্য অমর বসু মহাশয় বললেন হয় জিনিষের দাম কমাও, আর না হয় গদি ছাড়ো। কাজে কাজেই আমরা সেদিন গদি ছেড়ে দেবো যেদিন প্রাপ্ত বয়স্ক, বয়স্কারা ভোটের অধিকারী হয়ে, আমাদের ভোট না দেবেন। জনসাধারণ যেদিন আমাদের চাইবেন না, সেদিন নিশ্চয় আমরা গদি ছেড়ে দেবো। কিন্তু এখন যতই আপনারা একথা বলুন না কেন, আমাদের বেশী করে লোকে ভোট দেবেন। আপনারা নিশ্চয়ই এটা জানেন। ঐদিকে যতীন ভায়া হাস্য করছেন, তিনিও জানেন লোকে আমাদের বেশী করে ভোট দেবেন. আজকে দেশের লোক বোকা নয়, তারা কন্‌সিয়াস, খুব সচেতন হয়েছে।

হ্যাঁ, এটা ঠিক যে ৪৪ বছর পরে আজ রুশ দেশের অনেক উন্নতি হয়েছে। কিন্তু রুশ দেশে কন্‌সিউমার গুডস এর উৎপাদন খুব বেশী বাড়েনি, তা সকলেই জানেন। অবশ্য অন্য দিকে রুশ দেশের প্রভূত উন্নতি হয়েছে ৮৮ বছর পরে কয়েকদিন আগে, অর্থাৎ মাসখানেক আগে রুশ দেশ থেকে, ইউ. এস. এস. আর.-এর দুজন বড় সাংবাদিক আমাদের এখানে এসেছিলেন ; তাঁরা জিজ্ঞাসা করেছিলেন হ্যাঁ মহাশয়, কলকাতা সহরে এত ভিক্ষুক কেন? তাঁরা শিয়ালদা প্রভৃতি কতকগুলি জায়গা ঘুরে দেখে এসেছিলেন। আমি বললাম কলকাতা সহরে এত ভিক্ষুক দেখে আপনাদের কষ্ট হয়েছে, আমাদেরও কষ্ট হয়, এবং লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। কিন্তু আমি জিজ্ঞাসা করি রুশ দেশে প্রতি বর্গমাইলে কত লোক বাস করেন?—৭০ জন। আর আমাদের বাংলা দেশে প্রতি বর্গ মাইলে কত লোক বাস করেন?—১০৩৫ জন। রুশ দেশে ১৯২১ সালের দুর্ভিক্ষে কত লোক মারা গিয়েছিল? ৩০৬ জন এবং রুশ দেশে গত যুদ্ধে বহু লোক মারা গিয়েছিল। কাজে কাজেই বর্তমান রুশ দেশের সংগে আমাদের দেশের তুলনা হয় না। আমাদের দেশের লোক যদি যুদ্ধে ও দুর্ভিক্ষে মারা যেত তাহলে কি আজ এই কথা উঠতো? অনেকে বলেছেন কি দুর্বিসহ অবস্থা ভোগ করতে হচ্ছে কংগ্রেস শাসনে, লোকে খেতে পায় না, পরতে পায় না। ভাই বন্ধুগণ, লোকে খেতে পাচ্ছে না, পরতে পাচ্ছে না বলছেন, তাহলে আমাদের দেশে মৃত্যুর হার কমেছে কেন? তার জবাব দিতে পারেন? আমাদের দেশে পশ্চিম বাংলায় স্বাধীনতা আন্দোলনের আগে মৃত্যুর হার শতকরা

১৯ ছিল। বর্তমানে, আজ সেখানে মৃত্যুর হার শতকরা ৯ কেন? এর জবাব দিতে পারেন? না খেয়ে মৃত্যুর হার কমে গেল? আমাদের দেশে দশ বছর আগে, আমরা মাথা পিছু বস্ত্র ব্যবহার করতাম ৯ গজ করে। আজকে আমরা মাথা পিছু বস্ত্র ব্যবহার করছি ১৫ গজ করে। কোথা থেকে এই পয়সা এলো?

[এ ডয়েস ফ্রম অপজিসন্ বেঞ্চ—সবাই কি তা পরতে পারে?]

বেশীর ভাগ লোকই পরে। আজ জনসাধারণ এই সব কথা বোঝে। যাঁরা ভোট দেবেন, তাঁরা বোকা বা নির্বোধ নন। সুতরাং এখানে এই সমস্ত কথা বলে কোন লাভ হবে না। আমাদের এখানে বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা অনেকেই বাইরের কথা বেশী করে বললেন। ওরা আবার ভোটের কথাও তুললেন। আবার কেউ কেউ বললেন, হয় দাম কমাও, না হয় গদি ছাড়ো। গদি কি করে ছাড়বো, জনসাধারণ আমাদের চায়। যারা আমাদের ভোট দেবে তারা নির্বোধ, বোকা নয়। ওরা একবার রুশ দেশের সংগে আমাদের দেশের তুলনা করছেন, আবার একবার চীন দেশের সংগে আমাদের দেশের তুলনা করছেন,—খালি ওদের লম্ফ, ঝম্প, কোথায় যাবেন ঠিক নেই।

[এ ডয়েস ফ্রম অপজিসন্ বেঞ্চ—এই সমস্ত কথা আপনি একবার দয়া করে বাইরে গিয়ে বলবেন

বাইরের বক্তৃতা বাইরেই করা হবে।

বর্তমানে খাদ্যদ্রব্যের দাম বেড়েছে সত্য। এবং এ সম্বন্ধে অনেকে অনেক রকম কথা বললেন। ঐদিক থেকে একজন বললেন দাদা, এবার মহা মুস্কিল চালের দাম ত বাড়ছে না; এবার কি করে আন্দোলন চালাবো। ভাগ্যিস মাছের দাম বাড়লো তাই বাঁচোয়া; তা না হলে কি করে আন্দোলন করতাম।

[7--7-12 p.m]

আন্দোলন করতে পারিনা, কি করে ভোট পাব। লোকের কাছে চালের দাম তো বাড়ছে না। আমি একটু আগে ভাবছিলাম বক্তৃতা শুনতে শুনতে যে আমাদের যখন Control ছিল তখন খোলা বাজারে চালের দর '৫১ সালে ছিল ২৭·৯৪ নয়া পয়সা, '৫২ সালে ছিল ২৭·২ নয়া পয়সা, আর আজকে Control নেই খোলা বাজারে সেপ্টেম্বর মাসে চালের দর ২১·৯৬ নয়া পয়সায় পাওয়া যাচ্ছে না হলে এরা চালের আন্দোলন করতেন। যদি চাল এই দামে না পাওয়া যেত তাহলে এরা মাছের আন্দোলন করতেন না, চালের আন্দোলন করতেন। আমি স্বীকার করে নিলাম চিনির দর আগেকার তুলনায় একটু বেড়েছে। গত বছর এসময় আমাদের সরকারী দোকান থেকে ৮৮ লক্ষ লোক ration নিত, সেখানে এবছর ২১ লক্ষ লোক ration নিচ্ছে। যেহেতু খোলা বাজারে দাম কম এবং সেই দামটা তাদের ক্রয়শক্তির উর্দ্ধে যায়নি বলেই খোলা বাজার থেকে কিনছেন। চিনির কথা বলতে গেলে এই বলতে হবে যে ভারতবর্ষে চিনির উৎপাদন ২৪০ পার্সেন্ট বেড়ে গিয়েছে। একজন মাননীয় সদস্য বললেন এখানে ৪৪৲, ৪৫৲, ৪৬৲ টাকা দাম, তোমরা অল্প দামে কেন চালান দিচ্ছ? তার চেয়ে সমুদ্রে ফেলে দাও। কিন্তু আমরা চাই আমরা এটা অন্য দেশে বিক্রী করে যাতে বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারি তার চেষ্টা করব। যারা অর্থনীতি বুঝেন তারা এটা বুঝবেন, অন্যলোকে বুঝবেন না। চালের দর সম্বন্ধে একটি কথা বলতে পারি cereals

সম্বন্ধে। ১৯৫০-৫১ সালে যেখানে আমরা cereals মাথাপিছু খেতাম ১৩ আউন্সের কিছু বেশী এখন প্রায় সেখানে ১৬ আউন্স খাচ্ছে। গরীব লোকে খাচ্ছে, বড়লোকে খায়না এবং গরীব লোকেরা যা খাওয়ায় খরচ করে তার শতকরা ষাট ভাগ cereals-এ খরচ করে। কাজে কাজেই লোকে যদি না খেতে পারত, মৃত্যুহার বাড়ত, লোকে যদি কাপড় না পরতে পেত তারা তাহলে আমাদের ভোট দিত না। ওপক্ষের একজন বন্ধু বলছিলেন কাপড়ের মূল্য '৫৭ সালের তুলনায় ৬০ ভাগ বৃদ্ধি পেয়েছে। আমি একথা বলিনা যে গত বছরের তুলনায় বেড়েছে। কাপড় সম্বন্ধে কেন্দ্রীয় সরকার এই ব্যবস্থা করেছেন যে প্রত্যেক কাপড়ের উপর মূল্য ছাপিয়ে দিচ্ছেন, সেই মূল্যের বেশী দিয়ে কাপড় কেনা কখনই উচিৎ নয়। যদি এর চেয়ে বেশী কেউ চায় তার বিরুদ্ধে পুলিশের কাছে নালিশ করতে পারেন। কাপড়ের মূল্য ছাপ দেওয়া যা থাকবে তার বেশী কেউ যেন না দেন। আমাদের কাছে একজন মাননীয় সদস্য বক্তৃতা করলেন তাতে এরকম মনে হল যে এই যে মূল্য সমস্যা এই সমস্যা শুধু বুঝি পশ্চিমবাংলার নিজস্ব সমস্যা—যেন এই সমস্যা ভারতের অন্য কোথাও নেই। আসলে এ সমস্যা শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়—এটা সর্বভারতীয় সমস্যা। কাজে কাজেই এজন্যে পশ্চিমবাংলা একে isolated ভাবে গ্রহণ করতে পারেনা এবং এই সমস্যার সমাধান করতে গেলে এর সর্বভারতীয় রূপ গ্রহণ করতে হবে। এখানে আমাদের যেসমস্ত তীব্র সমালোচনা করা হ'ল তা শুনে মনে হ'ল যে ভারতবর্ষে আর কোন প্রদেশের মূল্যবৃদ্ধির সমস্যা নেই, একমাত্র আমাদের এই পশ্চিমবাংলায় আছে এটা সত্য নয়। এমন কি আমাদের এখানে working class—একটা পরিসংখ্যান-এখানে আমি তুলে দিচ্ছি—অনেকে হৈ চৈ করবেন সুতরাং বেশী দেব না—আমাদের এখানে যে working class তার cost of living index পাচ্ছি ১৯৫৫-৫৬ সালের তুলনায় বেড়েছে সমগ্র ভারতবর্ষে 29·2 p.c., আর আমাদের কলকাতায় 21·5 p.c. কাজে কাজেই এটা একটা পশ্চিমবাংলার নিজস্ব সমস্যা নয়। যদি আমরা ১৯৫২-৫৩ সালকে একটা normal বছর বলে ধরি তাহলে All-India index of wholsale prices between 1952 and 1956 working class-এর West-Bengal-এ বেড়েছে 12 p.c, আর বেড়েছে 19 p.c. তাই তারা বেশী ছাতা ব্যবহার করছে, বেশী জুতা ব্যবহার করছে এবং সেজন্যে আমাদের ভোট দিচ্ছে এবং আমরা অমর বসু মহাশয়কে oblige করতে পারছি না। এখানে মাছ সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। আমি আমাদের মৎস্যমন্ত্রী মহাশয় শ্রীতরুণকান্তি ঘোষের কাছ থেকে এইমাত্র খবর পেলাম মাছের দাম কমছে এবং আরও কমবে যদি মাছের উৎপাদন বাড়াতে পারি। চালের দাম কমবে এবং অন্যান্য জিনিষের দাম কমবে যদি উৎপাদন আরও বাড়াতে পারি। একজন মাননীয় সদস্য বলেছেন যে State trading করা উচিৎ। আমাদের মাননীয় বন্ধু শিশির দাস মহাশয় এখানে নেই চলে গিয়েছেন। তিনি বলেছেন আমাদের উপর আস্থা নেই—সবাই বলেছেন তোমাদের উপর আস্থা নেই—তোমরা খারাপ লোক, তোমরা দুর্নীতিপরায়ণ—তোমরা blacketerদের সঙ্গে বন্ধুত্ব কর তোমরা proprietorদের সঙ্গে বন্ধুত্ব কর, কিন্তু তবুও তোমাদের এই সমস্ত কাজ করতে বলছি। আমাদের উপর যখন আস্থা নেই এবং দেশবাসীরও আমাদের উপর আস্থা নেই এবং সেজন্যেই আমরা মন্ত্রীর আসনে বসে আছি—এটা ছাড়তে পারছি না। মাননীয় সদস্যরা যেসব প্রশ্ন এখানে তুলেছিলেন তাতে এর বেশী জবাব দেবার নেই। এখানে যে মূল প্রস্তাব তার আমি বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য শ্রীবিজয় সিং নাহারের যে প্রস্তাব তা আমি গ্রহণ করছি।

Shri Subodh Banerjee : স্পীকার মহাশয়, দ্রব্যমূল্য বৃদ্ধির উপর যে বিতর্ক গেল তাতে মন্ত্রীমহাশয়ের বক্তৃতা শুনে বুঝতে পারলাম না—আমরা বাংলাদেশের বিধানসভায় আলোচনা করছি, না লোকসভায় আলোচনা করছি কিম্বা সোবিয়েৎ বা চীন বা মঙ্গলগ্রহ সম্পর্কে আলোচনা করছি

আমি বুঝলাম না। এখানে প্রশ্ন হল, জিনিসপত্রের দাম বাড়ছে। বিধানসভায় সোবিয়েতে বা চীনে কি হয়েছে সেই আলোচনার সুযোগ নাই। প্রফুল্লবাবু এখানে অবান্তর কথা বলেছেন। তিনি একটা কথা বলেছেন জিনিসপত্রের দাম শুধু কি বাংলাদেশেই বেড়েছে?—ভারতবর্ষের অন্যান্য জায়গায়ও বেড়েছে। ঠিক কিন্তু যেহেতু আমরা বাংলাদেশের বিধানসভার সদস্য সেইহেতু আমরা এখানে বাংলাদেশের কথাই বলতে পারি। প্রসঙ্গত একটা জিনিস বলা দরকার, এখানে শিশিরবাবু যে economic theory প্লেস করলেন সেটা ১০০ বছর আগেকার Marshall এর theory, আজকের দিনে সেটা অচল। ট্যাক্স করলেই, planningএ taxation করা দরকার হয়—জিনিসপত্রের দাম বাড়ে না। আমি আজকে আমাদের দেশে কি হচ্ছে তার একটা concrete উদাহরণ দিচ্ছি—direct taxation একজোড়া medium qualityর কাপড়ের exmill price এর উপর যখন retail price ধরা হয় তখন তার মধ্যে excise duty পড়ে। এই excise duty সহ cost of production তো আপনারা consummer এর উপর থেকে আদায় করেন। আজকে অধিকাংশ জিনিসই যা বাজারে বিক্রী হচ্ছে তার উপর কোন না কোন ভাবে tax এর চাপ পড়ে। Fiscal policy এর general principles আজকে কিভাবে manipulation হচ্ছে—middlemen এর দ্বারা এই manipulation এর জন্য নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। সর্বশেষে এই কথা আমি বলতে চাই, বারে বারে আমি এই কথা বলেছি, মাছই বলুন, তরিতরকারীই বলুন, আজকে strong handএ খাদ্যের ব্যাপারে সমস্ত মধ্যস্বত্ব বিলোপ করতে হবে। মাছের ব্যাপারে তরুণবাবু নতুন এসেছেন—৮ বৎসর ধরে এই জিনিস চলছে, এখন কয়েকজনকে P. D Actএ গ্রেপ্তার করলে কি হবে। সুতরাং আমাদের facts face করা দরকার। তারপর State trading এর কথা। এই ব্যাপারে একটা logical ও scientific attitude গ্রহণ করতে হবে। কোন planingএ right and left টাকা ব্যয় করলেই হয়না, jugglery করে কিছু হয় না। যাইহোক, হারাণবাবু এবং সুনীলবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি।

The Hon'ble Prafulla Chandra Sen: মাঃ অধ্যক্ষ মহোদয়, মাঃ সুবোধবাবু নিজেই স্বীকার করেছেন তিনি একজন মাষ্টার মহাশয়, আমার মনে হয় তিনি নিম্নশ্রেণীতে পড়ান, উঁচু শ্রেণীতে পড়ানোর অভ্যাস নাই তাঁর, তাই তিনি এতসব অবান্তর কথা বলে গেলেন। State trading একা বাংলাদেশে আমরা করতে পারিনা, যদি করতে হয় তাহলে সমস্ত ভারতবর্ষেই করতে হবে। State trading একা বাংলাদেশের পক্ষে সম্ভব নয়। এসম্বন্ধে আমি আর বিশেষ কিছু বলতে চাই না।

Mr. Speaker: There are six amendments to the motion of Shri Subodh Banerjee. Amendment No. 5 of Shri Bejoy Singh Nahar has been accepted by the House. All the other amendments fall through.

The motion of Shri Bejoy Singh Nahar that in line 1, para 1, for the words beginning with 'in view of' and ending with "in its place" at the end, the following be substituted, namely :—

> "In view of the fact that the prices of various articles of food particularly of fish, egg, meat and vegetables have of late recorded large increase, this House request the Government to take necessary measures to check the rise in prices. The Government is further requested to appoint a Committee to enquire into the causes of rise in prices and suggest measures for checking the same."

was then put and agreed to.

The motion of Shri Subodh Banerjee, as amended by the motion of Shri Bejoy Singh Nahar, namely :—

"In view of the fact that the prices of various articles of food particularly of fish, egg, meat and vegetables have of late recorded large increase, this House request the Government to take necessary measures to check the rise in prices. The Government is further requested to appoint a Committee to enquire into the causes of rise in prices and suggest measures for checking the same."
was then put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned till 9 a.m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-12 p.m. till 9 a.m. on Saturday, the 23rd September, 1961 at the Assembly House, Calcutta.

Vol. XXX—No. 2

ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assembly

Thirtieth Session

(September, 1961)

PART—7

23rd September, 1961

ublished by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 23rd September, 1961, at 9 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 13 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 185 Members.

[9—9-10 a.m.]

Disturbance in Krishnagar town

Shri Haridas Dey : Mr. Speaker, Sir, আমার একটা কথা.....

Shri Jatindra Chandra Chakravorty : আমার একটা adjournment motion ছিল।

Shri Haridas Dey : মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অব্ ইনফরমেশান, আজকের কাগজে দেখলাম নদীয়া জেলায় কৃষ্ণনগর টাউনে পুলিশের সংগে এবং সেখানকার বিপ্রদাস টেক্‌নিক্যাল স্কুলের ছাত্রদের সংগে একটা অস্বাভাবিক ঘটনা ঘটেছে যার জন্য সেখানে অশান্তি চলছে। পুলিশ সেখানে লাঠি চার্জ করেছে। এটা সমস্ত নদীয়া districtএ ছড়াবার মত হয়েছে। এ-খবর সরকার জানেন কি না এবং জেনে থাকলে কি ব্যবস্থা অবলম্বন করছেন সেটা জানতে চাই। কালীবাবু তো নেই, ডেপুটি মিনিষ্টার শ্রীঅর্ধেন্দুবাবু যদি এবিষয়ে কিছু বলেন তাহলে ভাল হয়।

Shri Jatindra Chandra Chakravorty : এটা প্রিসিডেন্ট হয়ে রইল।

Mr. Speaker : আমি কথা বলছিলাম সেসময় উনি বলেছেন, what can I do ?

Dr. Hirendra Kumar Chattopadhyay: On a point of information, Sir, হাউস আরম্ভ হবার আগে য়্যাডজোর্নমেণ্ট মোশান তো আগে হবে ?

Mr. Speaker : Adjournment motion. Do not warm up in the beginning. Order please.

Obituary

Mr. Speaker : I refer to the death of Shri Charu Sarkar, an ex-employee of the Legislature who passed away this morning. I wish on your behalf to send our condolence to the bereaved family. I wish the members to stand in silence for one minute.

(The honourable members rose in their seats and stood in silence for one minute.)

Thank you, ladies and gentlemen, Secretary will do the needful.

Now, there are no questions.

Adjournment motion

Mr. Speaker : I have refused consent to the adjournment motion tabled by Shri Jatindra Chandra Chakravorty about the hunger-strike of the students in the Engineering College.

Hungerstrike in the Sibpur B.E. College

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, বেঙ্গল Engineering College শিবপুরে গতকাল থেকে ছাত্ররা হাংগার ষ্ট্রাইক করেছে এবং একটা ভয়ংকর অবস্থার উদ্ভব হয়েছে। সেখানে যিনি Proctor মিঃ মাজুমদার, তিনি সেখানে ৪ জনকে suspend করেছেন এবং এক মাসের জন্য Suspension Order দিয়েছেন এবং কিছু ছাত্রদের উপর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন। এসম্পর্কে একটা তদন্ত হওয়া উচিত। কারণ যারা সেখানে চুরি করেছে তার বিরুদ্ধে ছাত্ররা বিক্ষোভ জানিয়েছে এবং উল্টে যারা ভাল ছাত্র তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে যাচ্ছেন। এই অবস্থায় মুখ্যমন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী মহাশয় এই ব্যাপারে হস্তক্ষেপ করে এই অবস্থার অবসান ঘটান, এটাই আবেদন করছি।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, in regard to the calling attention notice from the honourable member Shri Sunil Das with reference to the report appearing in the issue of the 21st September's Jugantar to the effect that the percentage of nuclear fall-out has increased in the atmosphere over Calcutta, I beg to make the following statement. The scientists who are working in the Institute of Post Graduate Medical Education and Research have indicated that due to explosion of radio-active substance there is increased nuclear fall-out over the city of Calcutta. The matter is still being investigated. What effect such nuclear fall-out would have on the Health of the individual is also being enquired into. No definite information can be given at this stage.

Shri Jyoti Basu : মাননীয় স্পীকার মহাশয়, আপনি বোধহয় ভুলে যাননি ডাঃ অনাথবন্ধু রায়ের আর একটা বিবৃতি দেবার কথা আছে। এই হাউস ২৬শে তারিখ শেষ হয়ে যাচ্ছে। Medical Collegeএ Investigationএর ব্যাপার, যেটা ডাক্তারদের ব্যাপার সেই ব্যাপারে ২৬শে তারিখের মধ্যে কিংবা ২৬শে তারিখে একটি বিবৃতি দিয়ে দেবেন যেটা উনি প্রতিশ্রুতি দিয়েছেন।

দ্বিতীয় কথা হচ্ছে আপনি হয়ত দেখেছেন আমাদের নূতন যে circular দেওয়া হয়েছে তাতে Agendaর মধ্যে Shop Establishment Billটা নেই। যখন মুখ্যমন্ত্রী মহাশয়ের ঘরে আলোচনা করি তখন বিশেষ কোন একমত হয়ে আমরা করতে পারিনি। কেন না এতে ৪০০ amendment আছে সেজন্য এই বিল পাশ করা খুব কঠিন। ৪।৫ দিনের আগে হবে না, সেরকম সময় এখন নেই। তখন আমি বলি আমরা কয়েকটি amendment দিতে পারি সরকার যেন সেগুলি বিবেচনা করেন, এবং তার উপর একটা বিবৃতি দেবেন। পরবর্তীকালে হাউস হয়ে যাবার পর তারা একটা ordinance করবেন যা পরে বিলে পরিবর্তিত করতে পারি, কেন না এখন সময় নাই বিল আনবার। আপনাদের সেগুলি দিয়ে দিয়েছি কিন্তু তারপর বিরোধীদলের সংগে আলোচনা করে দেখছি বহু amendment আছে। আমি সরকার পক্ষকে বলছিলাম Labour Minister এবং মুখ্যমন্ত্রী মহাশয় যদি আমাদের কোন amendment না নেন তাহলেও এ বিলটা পাশ করবেন এই হাউসে, তাতেও এ বিলটাতে উপকার হবে কর্মচারীদের। পরে যদি অসুবিধা দেখা দেয় তাহলে তখন সেগুলি পরিবর্তন করতে পারবো। কিন্তু তাতেও দেখছি এ বিল আনা সম্ভব নয়, Labour Ministerএর পক্ষেও বিল পাশ করা সম্ভব নয়। হয়ত কংগ্রেস পার্টি মিটিংএ এসব ঠিক হয়েছে। এখন এরকম নাকি অবস্থা দাঁড়িয়েছে আমরা যদি কোন amendment নাও দিই দু'ঘণ্টার মধ্যেও যদি এটা পাশ করে দিই তাহলেও নাকি বিলটা পাশ করতে পারবেন না। তাই আমি বলছিলাম এই Houseএ আমি দাবী রাখছি এবং মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, আমাদের amendment ইত্যাদি দেখে যা কিছু করতে পারেন এ বিল সম্বন্ধে, একটা ordinance করবেন কি না যা পরবর্তীকালে বিলে পরিবর্তিত করা যেতে পারবে—একটা বিবৃতি দেবেন। এই বিবৃতি আসছে না বলে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি মন্ত্রী মহাশয় কিছু বলবেন।

[9-10—9-20 a.m.]

The Hon'ble Abdus Sattar : আমি জানি চীফ্ মিনিষ্টার একটা ষ্টেটমেণ্ট দেবেন।

Shri Jyoti Basu : কবে দেবেন ?

The Hon'ble Abdus Sattar : সেটা আণ্ডার প্রিপারেসন, তবে সম্ভবতঃ আজকে দেবেন।

Mr. Speaker : Dr. Ray, I think the statement regarding the doctor of the Medical College will be ready on Monday.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, it will be ready on Tuesday.

Murder of a motor driver at Durgapur

Shri Hemanta Kumar Basu : মাননীয় স্পীকার মহাশয়, ১৭ তারিখ রাত্র ১১টার সময় দুর্গাপুরে একজন মোটর ড্রাইভারকে মার্ডার করা হয় এবং রাত্র ১টার সময় গ্যারেজ সুপারিন-টেনডেন্ট পুলিশকে টেলিফোন করে এসংবাদ জানান। কিন্তু পুলিশ তার পরের দিন বেলা ৯টার সময় এসে ১৫০ থেকে ১৭৫ জন লোককে গ্রেপ্তার করে এবং তার ফলে সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। কাজেই সেখানে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে সেটা জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী একটা ষ্টেটমেণ্ট দেবেন বলে আমি আশা করি।

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, এটা একটা প্রভিন্সিয়াল কলার নিয়েছে, অর্থাৎ পুলিশের পক্ষ থেকে একটা প্রভিন্সিয়াল কলার দেওয়া হয়েছে। কাজেই এসম্বন্ধে নানারকম গোলমাল হতে পারে এবং এই অশান্তি সমগ্র পশ্চিমবাংলায় ছড়িয়ে পড়তে পারে।

The Hon'ble Kalipada Mookerjee : This is under investigation. Unless the investigation is completed, it is difficult for me to make a statement.

Disturbance at Krishnagar Technical School

Shri Haridas Dey : মাননীয় স্পীকার মহাশয়, আজকে কাগজে দেখলাম যে নদীয়া জেলার কৃষ্ণনগর টাউনে পুলিশের সংগে ওখানকার টেক্‌নিকাল্ স্কুলের ছেলেদের খেলা নিয়ে একটা গোলমাল হওয়ার ফলে সেই গোলমাল সারা শহরে পরিব্যাপ্ত হয়েছে, দোকান-পাট সব বন্ধ হয়ে গেছে এবং অবস্থা যা দাঁড়িয়েছে তাতে মনে হয় এটা ডিষ্টিক্টে সমস্ত ছড়িয়ে পড়তে পারে। সুতরাং আমি জানতে চাই যে, এই সংবাদ সম্বন্ধে সরকার অবগত আছেন কি না এবং এসম্বন্ধে কি ষ্টেপ নেওয়া হচ্ছে।

The Hon'ble Kali Pada Mookerjee : এসম্বন্ধে সরকার অবগত আছেন এবং ওখানকার সদর এস্.ডি.ও. অনুসন্ধান করছেন কাজেই তাঁর অনুসন্ধানের পর আমি একটা বিবৃতি দেবার চেষ্টা করব।

Calling attention to matter of urgent public importance

The Hon'ble Kalipada Mookerjee : Mr. Speaker, Sir, in connection with Shri Haridas Mitra's calling attention motion regarding the alleged arrest of more than 15 displaced persons and the alleged lathi-charge by the police at the Media Colony on the 28th August, I desire to make the following statement.

From the 16th August, 1961, displaced persons of the Media Colony under Swarupnagar Police Station in 24-Parganas district started squatting in front of the Block Development office at Swarupnagar. On the 28th August some of the squatters attempted to enter the office by force. They were incited by six of their leaders who were repeatedly asked by the local police not to do so. In spite of this those six persons continued

to incite the squatters to trespass into the office and thereby create disturbance and interfere with the normal functioning of the office. As a result they were arrested by the police personnel present there. There was absolutely no lathi-charge by the police and the question of injuries to some refugees does not arise.

GOVERNMENT BILL

The North Bengal University Bill, 1961

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Subodh Banerjee : I beg to move that in clause 2, before sub-clause (a) the following be inserted, namely :—

"(1a) 'Affiliated College' means a college affiliated to the University but does not include a Constituted College ;".

স্পীকার মহাশয়, North Bengal University বিলের বহু জায়গায় দেখবেন লেখা আছে যে affiliated collegeএর Principal, teachersরা Universityর মেম্বার হবেন। কিন্তু affiliated collegeএর definition কোথাও নেই। এই definition দেওয়ার দরকার আছে। আমি জানি এমন যুক্তি হয়ত দেওয়া যেতে পারে যে any college affiliated to the University is an affiliated college, সুতরাং ওখানে affiliated collegeএর সংজ্ঞা দেবার দরকার নেই। সে যুক্তি এখানে খাটে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু বিবেচনা করতে বলি। আমি তাঁকে বলি যে Constituent College আলাদাভাবে treated হবে—Constituent colleges are also affiliated to the University কিন্তু Constituent Collegeগুলি affiliated college হিসাবে treated হবে না। Constituent College, for the purpose of election under section 8—Section 8 বলছে যে three Principals of Constituent Colleges ইউনিভার্সিটির মেম্বার হবে : কিন্তু Constituent কলেজগুলি আলাদা করে treat না করলে affiliated কলেজের সঙ্গে আবার আলাদা করে treat করা হবে। এজন্য বলে দেওয়া দরকার যখন affiliated collegeএর teachersরা ভোট দেবেন তখন Constituent Collegeএর teachersরা included হবে না। সেইজন্য specifically বলে দেওয়া দরকার যে affiliated college সেইগুলি যেগুলি affiliated to the University but does not include constituent colleges ; তা না হলে ৮ নম্বর ক্লজে গিয়ে গণ্ডগোল বাধবে।

Dr. Golam Yazdani : I beg to move that in clause 2, after sub-clause (b), the following be inserted, namely :—

"(bb) 'professional college' means a college in which instruction is provided only for courses of study leading to any degree of the University in any professional subject and which is recognised as a professional college under this Act ;

Explanation.—In this Act 'professional subject' means any of the following subjects, namely, law, medicine, engineering, technology, agriculture, journalism, commerce, music or any other subject prescribed by Statutes in this behalf.

I also beg to move that in clause 2, after sub-clause (i) the following be inserted, namely :—

"(ia) 'registered graduates' mean graduates of the North Bengal University or of the University of Calcutta, or of Jadavpur University or of Dacca University permanently domiciled in North Bengal ;"

মাননীয় স্পীকার মহাশয়, North Bengal University Billএর Objects & Reasons এর মধ্যে বলা আছে যে কতকগুলি special subjects শেখাবার গভর্ণমেণ্টের একটা ইচ্ছা আছে এবং সেই special subject বলতে বলেছেন engineering, medical ইত্যাদি। এই বিষয়গুলি নিশ্চয়ই কোন কলেজ থেকে শেখান হবে। অথচ সেই সমস্ত কলেজ প্রতিষ্ঠা করার জন্য কোন প্রভিসান এই য়্যাক্টের মধ্যে নেই। এই professional collegeগুলিকে যাতে এই য়্যাক্টের মধ্যে ধরে নেওয়া হয় সেজন্য আমি একটা য়্যামেণ্ডমেণ্ট দিয়েছি। Professional Collegeকে এর মধ্যে include করতে গেলে এর একটা definition দরকার হয়। সেইজন্য আমি বলেছি—

" 'professional college' means a college in instruction, is provided only for courses of study leading to any degree of the University in any professional subject and which is recognised as a professional college under this Act ;"

Explanation.—In this Act 'professional subject' means any of the following subjects, namely, law, medicine, engineering, technology, agriculture, journalism, commerce, music, or any other subject prescribed by Statutes in this behalf ;".

আমি এরপরে যে য়্যামেণ্ডমেণ্ট দিয়েছি সেই য়্যামেণ্ডমেণ্ট যদি নেওয়া হয় তাহলে একটা definition দরকার হবে। সেইজন্য আমি registered graduates সম্বন্ধে একটা definition দিয়েছি যে কোন কোন লোককে registered graduate হিসাবে নেওয়া হবে।

"registered graduates means graduates of the North Bengal University or of the University of Calcutta, or of Jadavpur University or of Dacca University permanently domiciled in North Bengal.

বর্ধমান ইউনিভার্সিটি, কল্যাণী ইউনিভার্সিটি এইসমস্ত ইউনিভার্সিটির যেসমস্ত graduate যারা permanently domiciled in North Bengal তাদের এই ইউনিভার্সিটির মেম্বার করে নিতে হবে এবং সেটা আমি আমার য়্যামেণ্ডমেণ্টে বলে দিয়েছি।

Dhirendra Nath Banerjee : I beg to move that in clause 2(a), in line 4, after the words "section 5" the words "a constituent college" be inserted.

I also beg to move that in clause 2(i), line 3, the words "either whole-time or part time" be omitted.

স্পীকার মহাশয়, আমি কলেজের definition ক্লজে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। Sub-section 2 of section 5-এ যে কলেজগুলির definition আছে তার মধ্যে Constituent College নেই। কাজেই Constituent College add করার জন্য দিচ্ছি।

এরপর আমার এ্যামেণ্ডমেণ্ট নাম্বার হচ্ছে 99। তাতে বলেছি either whole time or part timeটা অমিট করা হোক। কারণ, এটা superfluous। University যাকে teacher of university বলে accept করছে সে part time হোক আর whole time হোক, একজন teacher। কাজেই এটা superfluous, এটা দরকার করে না।

[9-20—9-30 a.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : So far as the amendments of Shri Subodh Banerjee and Dr. Golam Yazdani are concerned, the first amendment is there should be a definition of 'Affiliated College'. That is because the mover intends to give affiliated colleges representation on the University. But as we do not intend to do so for the present we do not think it necessary to define affiliated colleges. Just for the same reason I am not prepared to accept the amendment proposed by Dr. Golam Yazdani regarding definition of a 'professional college'. We do not intend to give any representation to professional colleges by themselves. Therefore we do not think it necessary to define professional colleges separately. The same reply will hold good in regard to Dr. Golam Yazdani's amendment about registered graduates. In the new scheme of the Constitution of the University, no representation is going to be given to the registered graduates on the University, and therefore it is unnecessary to define registered graduates.

I oppose all the amendments.

The motion of Shri Subodh Banerjee that in clause 2, before sub-clause (a) the following be inserted, namely :—

"1(a) 'Affilitated College' means a college affiliated to the University but does not include a Constituent College ;",

was put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 2, after sub-clause (b), the following be inserted namely :—

"(bb) 'professional college' means in a College which instruction is provided only for courses of study leading to any degree of the University in any professional subject and which recognised as a professional college under this Act ;

Explanation : – In this Act, 'professional subject' means any of the following subjects, namely law, medicine, engineering, technology, agriculture, journalism, commerce, music or any other subject prescribed by Statues in this behalf ;",

was put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 2, after sub-clause (i) the following be inserted, namely :—

(ia) 'registered graduates' mean graduates of the North Bengal University or the University of Calcutta, or of Jadavpur University or of Dacca University permanently domiciled in North Bengal ;"

was put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that in clause 2(a), in line 4, after the words "section 5" the words "a constituent college" be inserted, was put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that in clause 2(i) line 3, the words "either wholetime or part time" be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was put and agreed to.

Mr. Speaker : For the last time I request honourable members to be brief in moving their amendments, and the answers must also be brief. We have got to finish this Bill today.

Clause 4

Shri Chitto Basu : Sir, I beg to move that after clause 4(4), the following be inserted, namely :—

"(4a) to make such provisions as will enable Colleges to undertake specialisation of studies and to organise common laboratories, libraries museums and other equipment for research work ;".

স্যার, আমি এই clause 4এ বলছি। এই clause 4 এর যেখানটাতে Powers of the University-র কথা বলা হয়েছে, সেখানে একটা বিশেষ ধারা যুক্ত করতে চাই। সেটা হচ্ছে এই —To make such provision etc.

কেননা আমি আগেই শুনেছি এবং বিলের ভেতরে আছে specialise study করবার জন্য University ব্যবস্থা করবেন। কিন্তু অনেক কলেজ যা বিভিন্ন জায়গায় আছে—নর্থ বেঙ্গল এরিয়ার তাদের পক্ষে এমনভাবে তাদের research work করবার, specialise study করবার সুযোগ থাকবেনা বা তার ব্যবস্থা তারা করতে পারবে না, তার সঙ্গতি থাকবে না। কাজেই তার জন্য এমন কোন Power থাক্ যাতে তাদের পক্ষে specialise studies করার পক্ষে সুবিধা হবে বলে আমার ধারণা। তাই মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো এটা তিনি গ্রহণ করুন। কলকাতা ইউনিভার্সিটিতেও এই ধরণের provision আছে যার মধ্য দিয়ে তাঁরা অনেকটা কাজ করতে পারবেন। আমি আশাকরি তিনি এসম্বন্ধে বিবেচনা করবেন।

Shri Ananga Mohan Das : Sir, I beg to move that in clause 4(9), lines 1 to 4, for the words "professorships, assistant professorships, readerships, teacherships of the University, lecturerships or any other teaching posts", the words "Teacherships of the University and of Colleges managed by the University" be substituted.

Dr. Golam Yazdani : Sir, I beg to move that in clause 4, for sub-clause (2), the following be substituted, namely :—

"(2) to establish, maintain, manage or recognise colleges and such other institutions for study and research ;"

I also move that in clause 4(3), in line 1, the word "any" be omitted.

I also move that in clause 4(3), line 1, for the word "college" in both places, the word "colleges" be substituted.

I also move that in clause 4(3), line 1, after the words "constituent college" the words "or professional colleges" be inserted.

I also move that in clause 4, after sub-clause (3), the following be inserted, namely :—

"(3a) to make such provisions as will enable colleges to undertake specialisation of studies and to organise common laboratories, libraries, museums, and other equipment for research work ;"

I also move that in clause 4(6) (b), in line 2, the words "as may be" and the words "by Ordinances" be omitted.

I also move that in clause 4, in sub-clause (12), in lines 3 and 4, for the words "to recognise such hostels and other places" the words "to recognise hostels, and other places of residence for the students of the University, colleges and other institutions recognised by the University" be substituted.

I also move that in clause 4(2), in line 3 for the words "as it may consider fit" the words "for study and research" be substituted.

I also move that after clause 4(2), the following be inserted, namely :—

"(2a) to establish, maintain and manage Professional Colleges in any district deemed suitable,".

স্যার, আমি চার নম্বর গ্রুপে amendment 80 move করছি না, 82, 83, 85, 86, 87, 104, 134, 135 move করছি।

এখানে 81-82 খুব সামান্য amendment সেখানে any এবং college এগুলি উঠিয়ে দিয়ে colleges করতে বলছি। 83তে একটা provision যোগ দিয়ে দিতে বলছি—Professional Colleges করা হোক্।

আর 135 amendmentএ বলেছি যে Professonal Collegeও establish করতে হবে, maintain করতে হবে এবং manage করতে হবে গভর্ণমেণ্টকে এবং তা করতে গেলে আমার amendment 83তে ঐ Professional College ঐখানে বসাতে হবে।

আর 84 amendmentএ বলা হয়েছে যে, যেসমস্ত কলেজ করলেন—এই কলেজে উচ্চশিক্ষার ব্যবস্থা করা দরকার। Special study এবং research করবার জন্য Laboratory, museum এইসমস্ত স্থাপন করার দরকার আছে। Special study করার ব্যবস্থা যদি না থাকে এবং special studyর জন্য special subjects এর ব্যবস্থা যদি Act এর মধ্যে না থাকে, তাহলে তার ব্যবস্থা কেমন করে হবে বুঝতে পারছি না। আশাকরি গভর্ণমেণ্ট তার ব্যবস্থা করবেন।

মাননীয় স্পীকার মহোদয়, আমি আমার এ্যামেণ্ডমেণ্ট (৮৬,-টা মুভ করছি। বিলের clause 4, in sub-clause (12) in lines 3 and 4—যেখানে বলা হচ্ছে 'to recognise such hostels and other places', তার পরিবর্তে আমি এই কথাগুলি রাখতে চাচ্ছি "to recognise hostels and other places of residence for the students of the University, colleges and other institutions recognised by the university."

যেসমস্ত জায়গায় ছাত্ররা থাকবে, সেগুলি গভর্ণমেণ্ট recognise করছেন এবং বলা হচ্ছে ইউনিভার্সিটির কাছে যেসমস্ত জায়গায় ছাত্ররা থাকবে, সেইসমস্ত জায়গাগুলি hostel বলে গণ্য হবে। কিন্তু অন্যান্য জায়গায় Institutions যা recognised by the University, যেখানে ছাত্ররা থাকবে, সেগুলি করা হবে না? সেইজন্য আমি এ্যামেণ্ডমেণ্ট (৮৬-এ দিয়েছি hostels বা other places of residence বা অন্যান্য Institutions, যেখানে ছাত্ররা থাকবে, সেইসমস্ত জায়গাগুলিকে recognise করে নিতে হবে।

Dr. Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that in clause 4(2), in line 2, after the word "museums" the words "laboratories, research centres" be inserted.

Sir, I beg to move that after clause 4(14) the following be inserted namely :—

"(14a) to co-ordinate post-graduate research work and teaching in the university and in the colleges within the territorial jurisdiction of the university with other universities in West Bengal or outside West Bengal.".

এই ক্লজে যেখানে আছে—'The powers of the University to establish, maintain, manage or recognise colleges, libraries, museums—তারপরেই আমি add করতে বলছি 'laboratories and research centres'. কারণ, এই ইউনিভার্সিটি নর্থ বেঙ্গলে হচ্ছে, সেখানেও প্রয়োজন আছে বিজ্ঞানের তথ্যাদি বিচার-বিশ্লেষণ করবার। কাজেই "and other institutions as they consider fit- এর পরে laboratories and research centre—এইটা আমি add করতে চাচ্ছি।

তারপর আমার amendment (106)এ বলেছি sub-clause (14a) add করতে clause 4 (14) এর পরে। এই clause (14a)তে আমি বলেছি—

"To co-ordinate post-graduate research work and teaching in the university and in colleges within the territorial jurisdiction of the university with other universities in West Bengal or outside West Bengal."

নর্থবেঙ্গল ইউনিভার্সিটির বাইরের অন্যান্য কলেজের সঙ্গে, তাদের রিসার্চ ওয়ার্ক এর সঙ্গে যোগাযোগ রক্ষা করার যে বিধান আছে, সেটা ঐসঙ্গে যেন যুক্ত হয়। তার জন্যই আমি আমার এই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি।

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 4(3), in line 1, after the words "any college" the words "situate within its jurisdiction" be inserted.

Sir, I beg to move that in clause 4(5), in line 2, after the words "academic distinctions" the words "and to withdraw the same" be added.

Sir, I beg to move that in clause 4(6)(a), lines 1 and 2, the words beginning with "unless exempted" and ending with "by statute" be omitted.

Sir, I beg to move that in clause 4(18), line 2, the words "and to raise loans" be omitted.

Sir, I beg to move that clause 4(19) be omitted.

Sir, in my first amendment in clause 4(3), I have said that, after the words "any college" the words "situate within its jurisdiction" be inserted. We have given four districts as the jurisdiction of this University. Therefore it should recognise colleges situated within this jurisdiction. Then my second amendment is that we are going to give power to the University to institute degrees, titles, diplomas, certificates and other academic distinctions. But there is no provision here in case the necessity arose for withdrawal of such distinction from any person or if it be found in future that on social or moral grounds the person is unfit to hold the degree. The University should be given some specific power under which persons found to be unsuitable must not carry such distinction as was once conferred on him by the University. Then in sub-clause (5) there is provision for conferring degrees, titles, diplomas, etc. on some persons without any examination. Now, Sir, most of the students or most of the scholars are to undergo a course of study and are to appear in an examination. But why should there be a distinction in favour of some persons who are to be given degrees or diplomas.

[9-30—9-40 a.m.]

Of course it is a somewhat recognised practice in some of the Universities that special distinctions, such as Doctorate, **honoris cause** are sometimes conferred by them, but these things need not be specifically mentioned as 'unless exempted in such manner as may be prescribed'. If the University desires that a person shall be given a B.A. degree or an M.A. degree the University may give him that degree without his undergoing a course of study on his appearing in and passing the examination. The University has got an inherent power to give certain degrees, such as Doctorate, **honoris cause** to certain distinguished persons. Sub-clause (6) runs thus : "to hold examinations and to confer degrees, titles, diplomas, certificates and other academic distinctions".

These things the University confers on students and on those persons who appear at the examinations. These things can be given to such persons without studying—this is a very wide power. You may restrict it. In case of distinguished persons Doctorates, **honoris cause** may be given to them. But this is a very wide power and it can be misused.

Then, Sir, sub-clause (18) says "to receive grants, donations, endowments and bequests and to raise loans". My objection is to the words "to raise loans." Why the University or a body corporate should be given basic powers to raise loans. Wherever power has been given to corporate bodies to raise loans, those loans are controlled or sanctioned by the Government. Where the Corporation raises loans or where other similar body corporates are allowed to raise loans, those loans are permitted by the State Government, controlled by the State Government, and the State Government officials see whether the quantum of a loan is such that the corporation is in a position to raise or in a position to repay ; otherwise this power is misused. I say that whatever may be the income of this benevolent institution out of the fees, sale of books, and so on, the State Government is to meet the deficit over and above the earnings of the University. So if we are going to meet all the deficit money, why the University shall again be given a power to raise loans ? It is uncontrolled and uncertified loan. If the University wants to raise a loan of crores of rupees, will the Government support it ? Here there is no provision for the University authority to come to the Government and ask permission saying "we are going to raise this amount of loan". Therefore, as we are going to meet all the deficit of the University, why should we give the University this power to raise loans ?

My last amendment is that sub-clause 4(19) be omitted. It says "to make grants and advances". How the University or to whom the University is going to make grants and advances ? Is it making grants to colleges or other institutions ? They should get deficit grants from the Government. The Education Department and the Finance Department are there. Why the University shall be given power to make grants and advances ? It is not a money-lending concern. Now any educational institution within its jurisdiction can come to the University and say "give us this amount". Why should this provision be there. Whatever may be the deficit or whatever may be the requirementor whatever may be the amount of loans required by an institution, that should be given by the State Government and not by the University.

Shri Basanta Lal Chatterjee : I move that in clause 4, after sub-clause (12), the following be inserted, namely :—

"(12a) to establish residential hostels for students of the University ;"

এখানে আমার বক্তব্য এই যে, residential hostel খোলা হবে যেখান থেকে ছেলেরা পড়াশুনা করতে পারে। আমার আর কিছু বলার নাই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I am sorry, I cannot accept any of the amendments.

Regarding amendment No. 9 of Shri Chitto Basu by which he proposes to insert the following, namely :—"(4a) to make such provisions as will enable

colleges to undertake specialisation of studies and to organise common laboratories, libraries museums and other equipment for research work", I submit he has failed to see that this power can be exercised by the University. On the one hand it is in the inherent power of the University and on the other the University can exercise it under clause 4(23).

Regarding the amendment moved by Mr. Das, I do not think there is any reason to object to the designation of the posts. There are grades of teaching posts in the University and we should specify them.

Regarding the amendment No. 80 moved by Dr. Golam Yazdani, these powers are already given. If we add what Dr. Golam Yazdani wants it will not improve the existing provision that has been made. If he examines the existing provision in sub-clause (2), he will find that there is no lacuna.

Regarding amendment No. 83 moved by Dr. Golam Yazdani, he wants the insertion of words "or professional colleges". I answered the point when they wanted to have a defination of "professional colleges". I need not repeat the arguments.

As regards amendment No. 84 of Dr. Golam Yazdani, it is not acceptable for the same reason as was given in regard to amendment No. 9 of Mr. Bose.

Regarding the amendments relating to recognition of hostels etc. that power is already given to the University in clause 4.

Shri Subodh Banerjee : যারা University চালাবেন তাঁরা যদি corrupt practice অবলম্বন করেন তাহলে বিশ্ববিদ্যালয়ের moral standardএর অবনতি হতে বাধ্য। B. L. Mitter Committee যেকথা বলেছেন, This type of men should not be allowed to enter the precincts of the University. কিন্তু সেই recommendation আপনারা কার্যকরী করেননি। সেজন্য আমি এই সংশোধনী দিয়েছি যে, যারা corrupt. practice অবলম্বন করবেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এই আইনে এটার উল্লেখ থাকা দরকার।

Shri Ramanuj Halder : I move that after clause 11(1) (c) the following be inserted, namely :—

"(d) has been suffering from harmful, infectious and contagious diseases".

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, লক্ষ্য করলে দেখবেন এই কথাটা রবীন্দ্র ভারতী বিলেও আলোচনা করা হয়েছে যে কি কি কারণে তাঁরা সদস্য হতে পারবেন না—যাঁদের এইসব থাকবে তাঁরা nominated হয়ে আসবেন না। এখানে আমি দিয়েছি যে কোন লোক who has been suffering from harmful, infectious and contagious diseases. এখন প্রশ্ন উঠেছে কার অসুখ আছে না আছে ascertain করবে কে। এখানে আমার বক্তব্য হচ্ছে, এইরকম লোক যাতে না আসতে পারে তার জন্য আগে থেকেই আইনের মধ্যে ব্যবস্থা থাকা উচিত।

The Hon'ble Rai HarendraNath Chaudhuri: I do not think that any person who has been suffering from harmful, infectious and contagious diseases will come forward to be represented on the University, I oppose the amendment.

I oppose also the amendment of Shri Subodh Banerjee.

The motion of Shri Subodh Banerjee that in clause 11, after sub-clause (2), the following new sub-clauses be added, namely :—

'(3) If any member, after the date of his election, is found guilty of fraud or corrupt practices in the election, he shall be removed from his office as a member of the University by the Chancellor.

(4) A person found guilty of fraud or corrupt practices, shall, for a period of six years from the date on which such finding takes effect, be disqualified for voting or contesting at any election"

was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that after clause 11(1)(c) the following clause be inserted, namely :—

"(d) has been suffering from harmful, infectious and contagious diseases",

was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

Dr. Golam Yazdani: I move that in clause 12, sub-clause (4), in lines 4 and 5, for the words beginning with "the unexpired period" and ending with "so elected", the words "a period of two years from the date of his election as a member" be substituted.

স্যার, আমি এখানে clause 12, sub-clause 4 in lines 4 and 5 যেখানে আছে "the unexpired period" এবং "so elected" সেখানে আমি amendment দিয়েছি যে, The members of the University other than ex-officio members shall hold office for a term of two years from the date on which they are appointed or elected. এই কথাগুলি substituted হওয়া দরকার।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Wherever there is by-election the person who is elected for the unexpired term and never for the full term. I oppose the amendment.

The motion of Dr. Golam Yazdani that in clause 12, sub-clause (4), in lines 4 and 5, for the words beginning with "the unexpired period" and ending with "so elected", the words "a period of two years from the date of his election as a member" be substituted, was then put and lost.

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Deputation of cinema workers

Shri Niranjan Sengupta : স্যার, প্রায় ২ হাজার সিনেমা কর্মচারী এসেম্বলীর সামনে এসে জড় হয়েছে, আমরা চাই যে তাদের মিনিমাম ওয়েজ সম্বন্ধে সরকার একটা ষ্টেটমেণ্ট করুন।

Mr. Speaker : Mr. Sattar has promised to make a statement on Monday.

The North Bengal University Bill, 1961

New Clause 12A

[10-40—10-50 a.m.]

Shri Subodh Banerjee : Sir, I beg to move that after clause 12, the following new clause be inserted, namely :—

"12A. When a person ceases to be a member of the University, he shall cease to be a member of any of the subordinate authorities of the University of which he may happen to be a member by virtue of his membership of the University."

Membership of the University থাকার জন্য যদি subordinate authorityতে সে যায় তাহলে university membership গেলে subordinate authorityর মেম্বারশিপও যাবে এইরকম একটা প্রভিশান থাকা দরকার। Universityর মেম্বারশিপের বেলায় যেমন আইন করা হয়েছে যে কোয়ালিফিকেশানের জোরে যে ইউনিভার্সিটির মেম্বার হয়েছিল সেটা যদি চলে যায় তাহলে ইউনিভার্সিটির মেম্বারশিপও যাবে, ঠিক তেমনি subordinate authorityর বেলায় এইরকম একটা আইন করার দরকার আছে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, this is unnecessary because this will be provided for by the statutes as you can see in clause 23.

The motion of Shri Subodh Banerjee that after clause 12, the following new clause be inserted, namely :—

"12A. When a person ceases to be a member of the University, he shall cease to be a member of any of the subordinate authorities of the University of which he may happen to be a member by virtue of his membership of the University."

was then put and lost.

Clause 13

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

Dr. Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that in clause 14, line 1, for the word "Offices" the words "Principal Headquarter" be substituted.

I also beg to move that in clause 14, in line 2, after the words "offices," the words "and teaching establishments" be inserted.

স্যার, the office of the University shall be located at Siliguri অফিসের আমি এখানে বলছি Principal headquarter. The University may maintain such offices as it deems fit at any other place. এই such officesএর জায়গায় আমি বলছি offices and teaching establishments. শিলিগুড়ি principal headquarter of the University হবে এবং এই ইউনিভার্সিটির সাব-সেন্টার এর অন্যান্য অফিস ও এষ্টাব্লিশমেন্ট দার্জিলিং District ইত্যাদি জেলায় থাকতে পারবে।

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that in clause 14, line 3, after the words "it deems fit at any other place" the words "also it may establish different departments of the University at different districts" be added.

सर, इस क्लाजमें मेरा १२८ नं. अमेन्डमेन्ट है। इसमें मैं जोड़ना चाहता हूँ कि युनिवर्सीटी के जो विभिन्न विभाग हैं, वे विभिन्न जिला में हैं।

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that in clause 14, in line 3, after the words "at any other place" the words "of the district" be added.

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আমার য়্যামেণ্ডমেণ্টের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। য়্যামেণ্ডমেণ্টে আমি বলেছি যে Last line of section 14 যেখানে any other place আছে সেটা কোথায় থাকবে—কোলকাতায়, না অন্য কোথায়? অর্থাৎ any other place এর পরে any other place of the District আমি কোয়ালিফাই করতে চাই। এটা Districtএর ডেফিনিশান দেখুন—Districtএর ডেফিনিশানে উত্তরবংগের সব ক'টা Districtএর নাম আছে। সেজন্য any other place বললে এটা Districtকে কোয়ালিফাই করছে না। Any other place বললে any other place in West Bengal বোঝায়! কাজেই সেখানে any other placeএর পরে any other place of district যোগ করতে হবে—তাহলেই এটা districtএর যে কোন districtই implied হবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, in the first place, I may refer to the amendments moved by Shri Dhirendra Nath Banerjee. This Chapter has been misread by Shri Banerjee. He may please see that this Chapter deals with the 'Offices of the University'. It does not relate to other things. The whole Chapter relates to the question of offices of the University and here he cannot import subjects of teaching etc. This Chapter does not contemplate that the University will be composed of a roving staff of teachers to go around. Therefore Sir, we cannot accept

his amendments. How can it be expected that this University will function in a decentralised manner through establishments maintained in diffrrent districts? No University does it. I cannot, therefore, accept the amendments moved by my friends opposite.

So far as Mr. Majumdar's amendment is concerned, I can assure him that he need not suffer from the anxiety that the University may hold its meeting in any place on the globe. That is not possible. A university can only function within its territorial jurisdiction and the territorial jurisdiction of this University is mentioned in section 5.

Sir, I oppose the amendments.

The motion of Dr. Dhirendra Nath Banerjee that in clause 14, line 1, for the words "Offices" the words "Principal Headquarter" be substituted, was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerjee that in clause 14, in line 2, aftar the word "offices" the words 'and teaching establishments" be inserted. was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that in clause 14, line 3, after the words "it deems fit at any other place" the words "also it may establish different departments of the University at different districts" be added, was then put and lost.

The motion of Shri Apurba Lal Mazumdar that in clause 14, in line 3, after the words "at any other place" the words "of the district" be added, was then put and lost.

The question that Clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Dr. Golam Yazdani: I beg to move that in clause 15, sub-clause (1), in lines 2 and 3, the words "at Darjeeling, Cocch Behar" be omitted.

I also beg to move that in clause 15, sub-clause (1), in line 3, the word "other" be omitted.

I also beg to move that in clause 15, sub-clause (2), in line 2, the words "at Darjeeling, Cooch Behar" and the word "other" be omitted.

স্যার, আমার যে amendment তাতে এটাই বলেছি যেখানে any other district আছে সেখানে এ দুটো জেলার নাম আলাদা করে দেওয়ার কি দরকার আছে? সেজন্য এটাকে বাদ দেওয়া হোক্।

Shri Apurba Lal Mazumdar: I beg to move that in clause 15(1), line 3, for the word "district" the words "place of the district" be substituted.

আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার amendment সম্পর্কে একটু আগে তিনি বললেন Globeএর যে কোন জায়গায় হতে পারে। ৫টি জেলার হতে পারে বললে মানেটা কি হল ? Any district মানে কি, Any other place of the district বললে বুঝা যায়। সেজন্যই এই amendment দিয়েছি।

[10-50—11 a.m.]

Shri Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that in clause 15(1), line 1, the word 'may" be omitted.

I also beg to move that in clause 15(1), lines 2 and 3, for the words "hold its meetings at Darjeeling, Cooch Behar or in any other district" the words 'will hold one meeting at least in districts outside Darjeeling district on the principle of rotation" be substituted.

I also beg to move that in clause 15(2), lines 1 to 3, for the words "hold its meetings at Darjeeling, Cooch Behar or in any other district as the University may require" the words "have its headquarters in districts outside Darjeeling" be substituted.

স্যার, আমার প্রথম কথা হোল, ক্লজ ১৫(১)-এতে 'may" বলে যে কথাটা আছে সেই 'may" কথাটা বাদ দেওয়া হোক। তারপর, আমার দ্বিতীয় নম্বর য়্যামেণ্ডমেণ্ট দিয়ে আমি এই কথাই বলতে চাই যে, দার্জিলিং ডিষ্ট্রিক্ট এর বাইরে কুচবিহার, জলপাইগুড়ি, ওয়েষ্ট-দিনাজপুর, মালদহ প্রভৃতি ডিষ্ট্রিক্ট হেডকোয়ার্টার্সে অন্ততঃ ১টা করে ইউনিভার্সিটির মিটিং অ্যাসুয়্যালী হবে। একথা বলার কারণ হোল যে, ইউনিভার্সিটির সংগে ডাইরেক্ট যোগাযোগ রাখলে ইউনিভার্সিটির সংগে পুরাপুরি সৌহার্দ্য গড়ে উঠতে পারে এবং শিক্ষার ব্যাপারে ছাত্র-ছাত্রী এবং প্রফেসরদের মধ্যে নৈকট্যের সৃষ্টি হতে পারে। সুতরাং দার্জিলিং ডিষ্ট্রিক্টে হেডকোয়ার্টার্স থাকলেও এই ব্যবস্থা থাকা দরকার যে, অন্ততঃ বছরে ১টি করে মিটিং আউট-সাইড দার্জিলিং প্রত্যেকটি ডিষ্ট্রিক্টে হবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I am sorry. I cannot accept the amendments, and I am all the more sorry because I have not been able to convince my friends opposite about the defective nature of their amendments. Mr. Majumdar has raised the question again, which is the district meant hereby the phrase "in any other district". I may refer him to section 5 of the Bill where he will see that the University can only operate and function within the districts referred to in the sub-section (c) of clause 2 (Definitions). It is clearly stated there that "district" means any of the five districts of North Bengal. That is also the case with regard to the amendment moved by Dr. Banerjee. I would request him again to see clause 5 and also the definition (c) in clause 2. If he looks to that definition, he will find that district has been defined in the Act. They have nothing to worry at all.

The motion of Dr. Golam Yazdani that in clause 15, sub-clause (1), in lines 2 and 3 the words "at Darjeeling, Cooch Behar" be omitted, was put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 15, sub-clause (1), in line 3, the word "other" be omitted, was put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 15, sub-clause (2), in line 2, the words "at Darjeeling, Cooch Behar" and the word "other" be omitted, was put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that in clause 15(1) line 1, the word "may" be omitted, was put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that in clause 15(1), lines 2 and 3, for the words "hold its meetings at Darjeeling, Cooch Behar or in any other district" the words "will hold one meeting at least in districts outside Darjeeling district on the principle of rotation" be substituted, was put and lost.

The motion of Shri Dhirendra Nath Banerjee that in clause 15(2), lines 1 to 3, for the words "hold its meetings at Darjeeling, Cooch Behar or in any other district as the University may require" the words "have its headquarters in districts outside Darjeeling" be substituted, was put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 15(1), line 3, for the word "district" the words "place of the district" be substituted, was put and lost.

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

The question that clause 16 do stand part of the Bill was put and agreed to.

Clause 17

The question that clause 17 do stand part of the Bill was put and agreed to.

Clause 18

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that in clause 18(1), in line 3, after the word "Minister" the words "for the first term and then from amongst a Panel of names submitted by the outgoing University" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এইটুকু বলতে চাই যে আমি অনুরূপ একটা সংশোধনী প্রস্তাব রবীন্দ্র ভারতী বিলে দিয়েছিলাম এবং তার কারণ সেখানে ব্যাখ্যা করে বলেছি। আজকে আমি পুনরাবৃত্তি করতে চাই না। তবে একটা কথা বলছি যে রবীন্দ্র ভারতী বিলের উপর আলোচনাকালে মাননীয় মুখ্যমন্ত্রী একথা বলেছিলেন যে অনুরূপ ধারায় মন্ত্রীর সহিত পরামর্শ করে আচার্য উপাচার্য মনোনয়ন করবেন যে কথা আছে, সেখানে মন্ত্রী কথাটা বাদ দেওয়ার কথা বিবেচনা করবেন। এ সম্বন্ধে বিবেচনা করা সম্পন্ন হয়েছে কি না এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ওটা গ্রহণ করবেন কি না এটুকু আমি জানতে চাই।

Shri Subodh Banerjee : Sir, I beg to move that in clause 18(3), in line 3, after the words "term of office" the words "or other clause" be inserted.

ডেপুটী স্পীকার মহাশয়, ১৮ নম্বর ধারার ৩ নম্বর উপধারায় দেখবেন vacancy হওয়ার ৩টা কারণ দেওয়া আছে—If a vacancy occurs in the office of the Vice Chancellor by reason of his resignation or death or the expiration of his term of office. এ ছাড়া আরও vacancy হতে পারে। সুতরাং or other causes এটা add করা দরকার। এইজন্য আমি লিখেছি or other causes। ওটা clause নয়, cause হবে, printing mistake আছে। Amendment No. 58এ clause লেখা আছে, ওটা or other causes হবে। আপনি clause 11 of the bill দেখলে বুঝতে পারবেন যে other causesএ vacancy হতে পারে। সেজন্য other causes থাকা দরকার।

Shri Ananga Mohan Das : Sir, I beg to move that in clause 18(3), in line 3, after the words "his term of office" the words "or for any other reason" be inserted.

স্পীকার মহাশয়, ১৮(৩) ধারায় লেখা আছে If a vacancy occurs in the office of the Vice-Chancellor by reason of his resignation or death or expiry. সুতরাং এখানে বলা হচ্ছে ৩টা কারণে vacancy হতে পারে—একটা হচ্ছে resignation, আর একটা হচ্ছে death, আর একটা হচ্ছে expiration of his term of office। এই তিনটা কারণ ছাড়া অন্য কারণেও vacancy হতে পারে। সেইজন্য আমি any other reason কথাগুলি যোগ করে দিতে বলেছি।

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 18(1), line 3, for the word "Minister" the word "University" be substituted.

Sir, this is about the appointment of the Vice-Chancellor. The Vice-Chancellor shall be appointed by the Chancellor in consultation with the Minister. Why the Vice-Chancellor would be appointed in consultation with the Minister ? The University may be consulted or the Chancellor in his own discretion may appoint the Vice-Chancellor. Consultation with the Government means consultation with the party in power.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, I rise to oppose the amendments. In the first place, the question has been raised why the Vice-Chancellor will be appointed in consultation with the Minister. My friend Shri Mazumdar says that so far as the first term is considered, that may be conceded, but in the subsequent terms the Minister need not be consulted. Sir, there is a history behind it. In 1951 I had to pilot the Calcutta University Bill through the then Assembly. Of all persons Dr. P. C. Ghose moved an amendment that such clause should be omitted from the Bill. I could not accept his amendment at that time and why ? It was because if the Chancellor appoint the Vice-Chancellor in consultation with the Education Minister, in that case the matter may well come up before the Assembly and questions may be put why such and such a

person has been appointed by the Chancellor and the Minister will have to answer them. After all, if you omit the clause, the Assembly will be shorn of all its power to question the appointment. During the Muslim League period the Calcutta University had the fullest autonomy in one sense, not because the Chancellor at the time was above the influence of the party in power and the Minister did not exercise his influence over the University through the Vice-Chancellor, but because the Assembly was sufficiently gagged by the policy of the then Government not to allow any question to be raised in the House relating to the Calcutta University or the Dacca University if it related to the internal administration of the University.

[11—11-10 a.m.]

No question used to be allowed at that time regarding the Calcutta University or the Dacca University in the Legislature. Now, when democracy is functioning, if the Legislature decide 'No, we shall not ask any question about the appointment of Vice-Chancellor, or we shall take no interest in the appointment of Vice-Chancellor in future', that is a different matter. Then that phrase "in consultation with the Education Minister" may will be expunged. But if you say that 'no, we shall pillory the Minister, if necessary, in the case of appointment of a wrong person as Vice-Chancellor, then it should remain. After all, that is a question of policy. Whether you would adhere to the policy underlying the similar provision in the Calcutta University Act, 1951, or not, it is for you to say and not for me to say. I shall be glad to omit that phrase, if you so desire. After all the amendment will mean the Legislature will have no power to question the appointment of the Vice-Chancellor.

So far as the other amendments are concerned, I would say that the clause contemplates three things, namely, death and permanent disability of the Vice-Chancellor on the one hand, on the other hand temporary inability and thirdly what sub-section (3) in particular contemplates viz temporary vacancy in anticipation of or as a prelude to permanent appointment. Therefore, three cases have been contemplated in sub-sections (1), (2) and (3). I do not understand why should it be necessary to omit this or that. They are all right I think, in the respective circumstances mentioned in the clause and I oppose the amendments.

The motion of Shri Satyendra Narayan Majumdar that in clause 18(1), in line 3, after the word "Minister" the words 'for the first term and then from amongst a Panel of names submitted by the outgoing University," be inserted, was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 18(3), in line 3 after the words "term of office" the words "or other clause" be inserted was then put and lost.

The motion of Shri Ananga Mohan Das that in clause 18(3) in line 3, after the words "his term of office" the words "or for any other reason" be inserted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 18(1), line 3, for the word "Minister" the word "University' be substituted, was then put and lost.

The question that Clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19.

The question that Clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20.

Shri Ananga Mohan Das: Sir, I beg to move that in clause 20(2), line 4, the word "temporarily" be omitted.

এখানে লেখা আছে the University may appoint a person temporarily to exercise his powers and perform his duties. এই temporary কথা উল্লেখ না করে শুধুমাত্র appointed from করা ভাল। Temporary না হয়ে যদি permanent vacancy হয় কখনো, তাহলে তখন কি করবেন। তাই বলছি এই temporary কথাটা তুলে দিলে ভাল হয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I oppose the amendment.

The motion of Shri Ananga Mohan Das that in clause 20(2), line 4, the word "temporarily" be omitted, was then put and lost.

The question that Clause 20 do stand part of the Bill was then put and agreed to.

Clause 21.

The question that Clause 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23.

Shri Chitto Basu: I move that clause 23(3) be omitted.

আমি জানি হয়ত এই সম্পর্কে মন্ত্রী মহাশয় কিছুতেই এটা গ্রহণ করবেন না। এটা সম্পূর্ণ নীতিগত ব্যাপার। মূল বিলে আছে যে—Every statute or ordinance made under this Act shall, before it is giyen effect to, be submitted to the Chancellor and shall be modified or amended in such manner as may be suggested by the Chancellor. অর্থাৎ এক কথায় বলতে গেলে এঁরা যে সমস্ত নিয়মগুলি তৈরী করবেন Chancellor যদি মনে করেন সেগুলি করা উচিত নয়, বা এমন ভাবে পরিবর্তন করা দরকার, যা তিনি প্রয়োজন বোধ করবেন, তা তিনি করতে পারবেন। এক কথায় Chancellorএর এতখানি ব্যাপক ক্ষমতা স্বীকার করা হয়েছে।

I move that clause 23 4) be omitted.

দ্বিতীয় sub-clause (4) এতে ঐ একই কথা। Ordinance করা সম্পর্কে Chancellor যদি মনে করেন করা উচিত, তাহলে সেটা কার্যকরী করা যাবে আর তিনি যদি মনে করেন কার্যকরী করা যাবে না বা পরিবর্তন করতে হবে, তাহলে তা করতেই হবে। এইরকম সম্পূর্ণ ক্ষমতা Chancellor এর হাতে দেওয়া হয়েছে। কাজেই আমি এর ঘোরতর বিরোধী। সেইজন্য আমি এই clauseটা omit করতে বলছি।

Shri Ananga Mohan Das : I move that in clause 23(3), in line 1, after the words "or Ordinance" the words "or Rule" be inserted.

আমার এটা একটা মোষ্ট simple এ্যামেণ্ডমেণ্ট। 'or Ordinance' কথাটার পর 'rule' কথাটা রাখতে বলেছি। এখানে 'rules' কথাটা রাখার খুব প্রয়োজন আছে, সেইজন্য আমি এটা উল্লেখ করেছি। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এটা মেনে নেবেন।

I also move that in clause 23(5)(e) lines 2 to 4, for the words "professorships, assistant professorships, readerships, teacherships of the University, lecturerships or any other teaching posts", the words "Teacherships of the University" be substituted.

Shri Subodh Banerjee : I move that in clause 23(5) after item (m), the following new item be inserted, namely :—

"(mm) the conditions under which colleges may be recognised as constituent colleges ;"

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই statute এ কোন কোন জিনিষ থাকবে তা বলা হয়েছে ; কিন্তু একটা জিনিস সেখানে নেই, সেটা আমি বলছি, মাননীয় মন্ত্রীমহাশয় বিবেচনা করে দেখুন এটা নেওয়া যায় কিনা। The conditions under which Colleges may be recognised as Constituent Colleges. এটা statuteএ থাকা দরকার, কিন্তু এটা সেখানে নেই।

আপনি দেখুন (m)তে রয়েছে the conditions under which Colleges and other institutions may be recognised or affiliated by the University. কিন্তু recognised as constituent colleges' এটাও থাকা দরকার বলে আমি মনে করি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I accept the amendment of Shri Subodh Banerjee, it will make things more explicit.

Dr. Golam Yazdani: I move that in clause 23(5), after item (d), the following item be inserted, namely :—

"(dd) the appointment, terms, conditions of services of the Teachers and other employees of the University".

আমার এ্যামেণ্ডমেণ্টে যেটা বলেছি, সেইরকম provision এখানে থাকা দরকার 23(5)(d)তে appointment যদি হয় তাহলে service condition সম্বন্ধে কি কোন provision থাকবে না? শুধু teacherদের বেলায় নয়, Vice Chancellor of the University, and other employees যারা রয়েছেন, সবার ক্ষেত্রে appointments, তার service rules ইত্যাদি করবার ক্ষমতা এই bodyর উপর দেওয়া থাকবে এইটা আমি রাখতে বলছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I oppose all the amendments except the amendment moved by Shri Subodh Banerjee.

With regard to the amendment of Shri Chitto Basu, there are similar provisions in the other University Acts also, viz., section 29(5 of the Delhi University Act—and in the Madras and Bombay Acts also.

Therefore, I cannot accept his amendment. As regards the other amendments they are of similar nature. I oppose them.

11-10—11-20 a.m.]

The motion of Shri Subodh Banerjee that in clause 23(5), after item (m), the following new item, be inserted, namely :—

"(mm) the conditions under which colleges may be recognised as constituent colleges ;"

was then put and agreed to.

The motion of Shri Chitto Basu that clause 23(3) be omitted, was then put and lost.

The motion of Shri Ananga Mohan Das that in clause 23(3), in line 1, after the words "or Ordinance" the words "or Rule" be inserted, was then put and lost.

The motion of Shri Chitto Basu that clause 23(4) be omitted, was then put and lost.

The motion of Shri Ananga Mohan Das that in clause 23(5) (e) lines 2 to 4, for the words "professorships, assistant professorships, readerships, teacherships of the University, lecturerships or any other teaching posts", the words "Teacherships of the University" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 23,5), after item (d), the following item be inserted, namely :—

"(dd) the appointment, terms, conditions of services of the Teachers and other employees of the University ;"

was then put and lost.

The question that clause 23, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 24.

Shri Satyendra Narayan Majumdar: Sir, I beg to move that after clause 24(2), the following be added, namely :—

"(3) the Government shall contribute initially a sum of rupees five lakhs to the University."

আমার সংশোধনী প্রস্তাবে এই কথা বলতে চাই যে, Government এই বিশ্ববিদ্যালয়কে কিছু নির্দিষ্ট পরিমাণ টাকা দেবেন। কারণ Government এই বিলের মধ্যে সেরকম কিছু বলেন নি। এটাকে পরিষ্কার করার জন্য আমি এই সংশোধনী দিয়েছি।

Shri Basanta Lal Chatterjee: Sir, I beg to move that in clause 24, after sub-clause (2), the following be inserted, namely :—

"(2a) The State Government will subscribe or donate sufficient money for efficient running of the University and shall meet the full deficit budget of the University."

স্পীকার মহোদয়, এই clause 24(2)তে fund সম্পর্কে কিছু বলা নেই সেইজন্য আমি এই নূতন clauseটা দিতে চাই। এটা থাকা দরকার এইজন্য মনে করছি যে আমরা দেখেছি, এই যে কলেজগুলি হচ্ছে সেখানে তারা fundর অভাবে উপযুক্ত শিক্ষক রাখতে পারে না। যে University বেশী টাকা দেয় সেখানেই অধ্যাপকরা চলে যায়। এখানে deficit budget of the University যদি হয় তাহলে তাদের পক্ষে উপযুক্ত staff রাখা কষ্টকর হবে। সেইজন্য আমি বলছি grant by the State Governmentর কথা।

[11-10—11-20 a.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I do not think it is necessary to accept Mr. Mazumdar's amendment because after all if we can get away simply by contributing five lakhs of rupees, our finance Department would be extremely glad. Sir, the land acquisition, I think, will cost more, not to speak of the cost of setting up of the buildings.

Shri Satyendra Narayan Mazumdar: Sir, উনি যদি বলেন যে এর চেয়ে বেশী

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, since Mr. Mazumdar is not going to press his amendment, I need not reply to that. As regards the amendment of Shri Chatterjee, he may rest assured that the University will not be left in the lurch so far as the question of meeting its recurring expenditure is concerned.

The motion of Shri Basanta Lal Chatterjee that in clause 24, after sub-clause (2). the following be inserted, namely :—

"(2a) The State Government will subscribe or donate sufficient money for efficient running of the University and shall meet the full deficit budget of the University"

was then put and lost.

The question that Clause 24 do stand part of the Bill was then put and agreed to.

Clause 25

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26

The question that clause 26 do stand part of the Bill was then put and agreed to.

Clause 27

Shri Chitto Basu : Sir, I beg to move that in clause 27(4), line 1, for the words "reasonable time" the words "thirty days" be substituted.

এই clause 27এ যেখানে visit and inspectionর জন্য ব্যবস্থা আছে সেখানে বলেছেন sub-section 4এ যে inspection বা visit করার সময় যদি কোনরকম report পাওয়া যায় এবং সেই reportর ভিত্তি করে University যদি তার কাজ না করে তাহলে Chancellor তার ব্যবস্থা করবেন। এবং এখানে তাঁরা বলেছেন যে একটা reasonable timeর মধ্যে তিনি তা করবেন। এই reasonable time বলতে মতপার্থক্য থাকতে পারে ১-২-৩ বা ৪ মাসও হতে পারে। সেইজন্য এটা যাতে পরিষ্কার থাকে তারজন্য আমি এর পরিবর্তে 30 days বসাতে চেয়েছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I beg to move that in clause 27(4), in line 4, after the word ' made", the words "by the University" be inserted.

So far as the other amendment is concerned, I can only say that it will not be prudent to limit the time in the way that has been suggested by my friend opposite. How can we limit the time to 30 days in such a matter? After all, we are going to set up a new University and we do not know what short- of difficulties the University will have to face. Therefore we should not delete the words 'reasonable time' and I do not think it is necessary either.

I oppose the amendment.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that in clause 27(4), in line 4, after the word "made", the words "by the University" be inserted, was then put and agreed to.

The motion of Shri Chitto Basu that in clause 27(4), line 1, for the words "reasonable time" the words "thirty days" be substituted; was then put and lost.

The question that Clause 27, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 28

The question that Clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clause 29

Shri Satyendra Narayan Mazumdar : Mr. Deputy Speaker, Sir, I am not moving my amendment.

Shri Chitto Basu : I beg to move that in clause 29, in line 2, after the word "Teachers" the words "or employees" be inserted.

I also beg to move that in clause 29, in line 5, after the word "Teacher" the words "or employees" be inserted.

স্পীকার মহাশয়, clause (29)-এ আছে Board of Arbitrators. এতে বলা হয়েছে officers and teachers of Universityর সঙ্গে যদি কর্তৃপক্ষের কোন বিরোধ ঘটে, প্রসঙ্গতঃ সেটা contract service ইত্যাদির ব্যাপারে তা নির্ধারণ করবার জন্য Board of Arbitrators করা হবে। আমি সেখানে সংশোধনী দিয়েছি employees কথাটা যুক্ত করা হোক। Universityকে সেখানে teachers and officers ছাড়া অন্য categoryর কর্মচারীরা থাকবেন, এই অপর কর্মচারীরা যারা থাকবেন তাদের Industrial Disputes Act অনুসারে তাদের অভাব অভিযোগের মীমাংসা হবে। কিন্তু আমার মনে হয় একটা বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটা সমস্যাকে এইধরণের শিল্পবিরোধী আইনের আওতায় থানা সমীচীন হবে না। কিন্তু এখানে teachers এবং officers ছাড়া অন্য কর্মচারীরা সে একশত হোক বা দুই শত হোক তাদের কাজের সর্ত এবং তার উপর নির্ভর করে যে বিরোধ তার নিষ্পত্তির জন্য কোন ব্যবস্থা রাখলেন না। আমার তাই সংশোধনী তাদের কাজের ব্যাপারে যে বিরোধ দেখা যাবে তার জন্য তাদের Board of Arbitrators এর underএ আনা উচিৎ। সেজন্য আমার এই সংশোধনী।

[11-20—11-30 a.m.]

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 29, lines 7 and 8, the words beginning with "and no suit" and ending with "by the Board" be omitted.

I welcome the provision of decision by arbitrators and I think it is well provided that disputes be decided by arbitration and that arbitration has been made final. But after making that why these words are there "no suit shall lie in any civil court in respect of the matters decided by the Board." When the matter is decided by arbitration there is very little scope of going to the Civil Court. Only if the arbitrators act malafide or if there is fraud or if there is some mis-representation, that is the arbitrators act malafide then there is only limited scope of going to the Civil Court. If that is not there ; there is no question of going to the Civil Court ; no suit will lie. If two persons join together—because the teacher will have only one person—they may go against him. If there is scope of any fraud, the teacher will be deprived of his right to have the matter re-agitated and rectified in the Civil Court.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Some of my friends have suggested that there should be provision for employees. Of course but all employees are not appointed on contracts, and so far as this clause is concerned it relates to disputes arising out of contracts and therefore you cannot have all the employees mentioned there. The University may concede arbitration for the other in non-contract employees if they like, they can do it by statute. There is no bar for the university to do it. Under the statute or rules framed, terms of appointment of different kinds of employees and settlement of there from may be secured by reference to arbitration That of course may be done by a statute or rule. So far as this clause is concerned you cannot bring that in its purview. This clause only relates to disputes arising out of contract.

Mr. Panda is a practising lawyer who perhaps knows that previously the use of the phrase to exclude Civil Court was not in vogue ; it was not used in the statutes. But I think there was a decision by the High Court or Supreme Court whose decision I do not exactly remember that unless you specifically put it in the Act, such questions may be referred to Courts. Therefore we have to provide that no suit shall lie in any civil court in respect of matters decided by the Board. That is my impression. I think Mr. Panda should say whether that is correct or not.

Sir, I oppose all the amendments.

The motion of Shri Chitto Basu that in clause 29 in line 2 after the word "teacher" the words "or employees" be inserted, was put and lost.

The motion of Shri Chitto Basu that in clause 29 in line 5 after the word "teacher" the words "or employees" be inserted, was put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 29, lines 7 and 8, the words beginning with "and no suit" and ending with "by the Board" be omitted, was put and lost.

The question that clause 29 do stand part of the Bill was then put and agreed to.

Clause 30

Shri Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that in clause 30(2), line 3, for the words "other servants" the words "other employees" be substituted.

মাঃ অধ্যক্ষ মহোদয়, উত্তরবঙ্গে যে বিশ্ববিদ্যালয় হতে যাচ্ছে তাকে আমি আমার অন্তরের অন্তরতম প্রদেশ থেকে অভিনন্দন জানাচ্ছি। উত্তরবঙ্গে একটা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য বহুদিন থেকে দাবী উঠেছে, এই বিধানসভায় যাঁরা উত্তরবঙ্গের প্রতিনিধি তাঁরা এজন্য বহুবার দাবী জানিয়েছেন, আমিও এখানে বহুবার বলেছি। এবং আমাদের আশঙ্কা ছিল, উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা অনেক আগে ঘোষণা করা সত্ত্বেও আগে সেটা না করে যখন কল্যাণী ও বর্ধমান বিশ্ববিদ্যালয় আইন আনলেন তখন হয়তো উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় স্থগিত হতে পারে। সে যাই হোক্, আজকে যখন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আইন পাস হচ্ছে আমি তারজন্য আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। স্যার, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার এই উদ্যম এই সভার সমস্ত দিক থেকে সমর্থন পেয়েছে। কিন্তু কোন কোন বন্ধু প্রশ্ন তুলেছেন এবং আমি দেখলাম যেকোন কারণেই হোক একটা ইংরাজি দৈনিক সম্পাদকীয় লিখেছে যে, উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় যখন অসুবিধা আছে তখন সেখানে বিশ্ববিদ্যালয়ের একটা স্নাতকোত্তর বিভাগ প্রতিষ্ঠা করলেই ভাল হত। স্যার, আমি ইংরাজী দৈনিকের এই পরামর্শের বিরোধী। কেন আমি এই পরামর্শের বিরোধিতা করি সেই কথা বিস্তৃত করে আপনার সামনে উপস্থিত করতে চাই। একথা সত্য এই বিল ত্রুটিহীন নয়, এই বিলে ত্রুটি আছে, সেজন্য এর সমালোচনাও করা হয়েছে, সংশোধনীও দেওয়া হয়েছে এবং এইসব সংশোধনীর মারফৎ সেইসব ত্রুটি দূর করবার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করেছি। একথা সত্য কতগুলি বাস্তব অসুবিধা আছে. শিক্ষকের অভাব আছে—বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর কতগুলি অসুবিধা দেখা দিয়েছে। এই সরকারের শিক্ষানীতি ও শিক্ষাদপ্তরের বিরুদ্ধেও আমাদের বক্তব্য আছে। এখানে মূল প্রশ্ন হল, এ সম্পর্কে উত্তরবঙ্গবাসীদের কি মনোভাব, এবং কিভাবে উত্তরবঙ্গবাসীদের বহুদিনের এই অভাব দূরীভূত করা যেতে পারে। এদিক থেকে আমাদের সুচিন্তিত বক্তব্য হচ্ছে, প্রথমে বিশ্ববিদ্যালয় স্থাপিত হোক, তারপরে অন্যান্য যেসব আনুসঙ্গিক অসুবিধা আছে সেগুলি দূর করার চেষ্টা করা যাবে। কেন না, সমস্ত অসুবিধা ও অব্যবস্থা একসঙ্গে দূর করতে গেলে কিছুই হবে না। আমরা জানি আজকে এই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় বিলের বিশেষ বিতর্ক হয়নি। আমি আজকে মাঃ শিক্ষামন্ত্রীর শিক্ষা-নীতিকে বিশেষ করে আক্রমণ করতে চাই না, আমি তাই এখানে শুধু এটুকু বলব যে, আমরা জানি কোন ভাল কাজ করতে গেলে ত্রুটি থেকে যাওয়া সম্ভব। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হবার পরে যেসব ত্রুটি এখন থেকে যাচ্ছে সেগুলি দূর করার জন্য বিধানসভায় সংগ্রাম করে যাব। কিন্তু তারজন্য অনিশ্চিতকালের জন্য পিছিয়ে রাখতে চাই না। উত্তরবঙ্গবাসীদের এই মনোভাব কেন হল তার ঐতিহাসিক পটভূমি বলা প্রয়োজন। আমাদের দেশে ইংরাজ আমলে উপনিবেশিক শাসনব্যবস্থা যেভাবে গড়ে উঠেছিল তাতে আমাদের দেশের কৃষ্টি ও সংস্কৃতি মহানগরীকেন্দ্রিক হয়েছিল। আমি তাই এখানে বলেছি যে, public servant কথাটা তুলে দিয়ে employees কথাটা প্রযুক্ত হওয়া উচিত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I beg to move that in clause 30(1), in line 2, after the words "of its" the word "salaried" be inserted.

Sir, this amendment would exclude the Chancellor. If an amendment of this nature was not accepted in connection with the Rabindra Bharati Bill, I would not have moved such an amendment.

The motion of Shri Satyendra Narayan Mazumdar that in clause 30(2), line 3, for the words "other servants" the words "other employees" be inserted, was then put and lost.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that in clause 30(1), in line 2, after the words "of its" the word "salaried" be inserted, was put and agreed to.

The question that clause 30 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 31

The question that clause 31 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I beg to move that the North Bengal University Bill, 1961, as settled in the Assembly, be passed.

[11-30—11-40 a.m.]

Shri Satyendra Narayan Majumdar: সমস্ত অবস্থাতে একথা সত্য যে মহানগরী দেশের একটা জীবনধারা এবং তার ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি সংস্কৃতির প্রাণকেন্দ্র হবে। কিন্তু সে প্রাণকেন্দ্র হলেও দেখতে হবে যে শহরের যতরকম রক্ত এসে যদি হৃৎপিণ্ডে জমা হয় সমস্ত শহরকে উপবাসে রেখে তাহলে সমস্ত শহরের উপবাসের রক্ত এসে মস্তিষ্কে জমা হয়। অবশ্য যেমন রক্তক্ষরণ হয়, সেইরকম মহানগরীর যদি ঐরকম একটা ভারসাম্যের অভাব হয় তাহলে অনেক অসুবিধা হয়, অনেক সুযোগ থেকে অনেক অঞ্চল বঞ্চিত হয়, এবং মহানগরী ভেঙ্গে যাবার মত অবস্থা হয়। আজ শিক্ষাক্ষেত্রে সেই অবস্থা হয়েছে। একদিকে উত্তরবঙ্গের ছাত্ররা উচ্চশিক্ষার অনেক সুযোগ পান না। অর্থনৈতিক দিক দিয়ে সুযোগ পান না এবং দারিদ্রের জন্য এখানে এসে বিশ্ববিদ্যালয়ের ভাল ভাল ছাত্রদের যথেষ্ট অসুবিধা ভোগ করতে হয়; অথচ অন্যদিকে কোলকাতায় একটা বিরাট চাপ রয়েছে যার ফলে কোলকাতায় জীবনযাত্রার উপর ভীষণ চাপ পড়ছে। এইভাবে উপনিবেশ যে অবস্থায় গড়ে উঠেছিল সেই ব্যবস্থার ফলে আমাদের দেশের অনেকগুলি অঞ্চল সভ্যতা, সংস্কৃতি ইত্যাদি অনেক সুবিধা থেকে বঞ্চিত হয়েছিল এবং তার জের যে আজও সম্পূর্ণভাবে চলে গেছে তা নয়, রয়ে গেছে। এই কথা বারবার আমি এই বিধানসভায় বলেছি বলে আজ সে বিষয়ে আর বলব না। আজকে শিক্ষার দিক দিয়ে দেখছি উত্তরবঙ্গের মত অঞ্চল যা সুযোগ পেলে বিকশিত হয়ে উঠতে পারত সেসব নষ্ট হয়ে যাচ্ছে; অনেক প্রতিভা যা হয়ত সুযোগ পেলে জ্যোতিতে দেদীপ্যমান হোত তা নষ্ট হয়ে যাচ্ছে; অনেক সভ্যতা, সংস্কৃতি যা সুযোগ পেলে পূর্ণ-বিকশিত হয়ে উঠত তা স্থানীয় সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে অবজ্ঞায় নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য আমি চাচ্ছি যে বিশ্ববিদ্যালয় এখানে প্রতিষ্ঠিত হোক। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়ে প্রথম পদক্ষেপ হোক, সেই পদক্ষেপের পরে তাকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে সমস্ত কাজের দরকার সেগুলি ধীরে ধীরে করা হবে। এই হিসেবে এই ব্যাপারে দেরী করার পক্ষপাতী আমরা নই। সেজন্য 1st Readingsএর সময়ে আমরা কোন সাকুলেশান মোশান দিইনি এজন্য যে আমাদের

মনোভাব হচ্ছে যে এই ব্যাপারে আর দেরী করা উচিত নয়, কারণ সরকার তো এই ব্যাপারে যথেষ্ট দেরী করেছেন। ইংরাজী দৈনিকের সম্পাদকীয়ের কথা বলছি যে তাঁরা বলেছেন যে যখন এতগুলি অসুবিধা হচ্ছে তখন সেখানে নূতন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা না করে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা স্নাতকোত্তর বিভাগ হিসাবে প্রতিষ্ঠা করলেই হোত। আমি বলছি যে সেটা হোত না এজন্য যে ঐ সমস্ত উপেক্ষিত অঞ্চল তাহলে কোনদিন আর উন্নত হোত না এবং এও বলব যে ওখানকার যে অসুবিধা সে সম্বন্ধে ঐ সংবাদপত্রও বেশী সচেতন নন। সুতরাং স্নাতকোত্তর বিভাগ প্রতিষ্ঠা করে ওখানকার প্রয়োজন মেটাবার যে পরামর্শ সেই পরামর্শ নিয়ে কাজ করতে গেলে ওখানকার সমস্ত সম্ভাবনা, প্রতিভা ইত্যাদির পূর্ণ বিকাশের অভাবে যা নষ্ট হয়ে যাচ্ছে তার আর পূর্ণ বিকাশ হোত না। সেজন্য আজকে বাস্তব অসুবিধা আছে, আইনে অনেক ত্রুটি আছে, সরকার যেভাবে কাজ করেন তার বিরুদ্ধে অনেক সমালোচনা করার আছে ইত্যাদি সবকিছু হোলেও এই বিলকে আমরা গ্রহণ করছি, কারণ উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় অবিলম্বে প্রতিষ্ঠিত হোক এটা আমরা চাই। অবশ্য তারপর এই বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ করার জন্য বিভিন্ন কাজ সব করতে হবে এবং সেই ব্যাপারে জনসাধারণের প্রতিনিধি হয়ে আমরা যেখানে সরকারের সমালোচনা করা প্রয়োজন সেখানে সমালোচনা করব, যেখানে সরকারের বিরুদ্ধে আন্দোলন করা প্রয়োজন তা করব, কিন্তু তাই বলে অনির্দিষ্টকালের জন্য বিলম্ব করতে প্রস্তুত নই। এই প্রসঙ্গে আর একটা জিনিষ বিচার করার আছে যেটা আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বিচার করতে বলছি। উত্তরবঙ্গে যখন একটা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করতে যাওয়া হচ্ছে তখন তার দ্বারা সমগ্র উত্তরবঙ্গের প্রয়োজন কিভাবে মেটান যায় সেটা দেখতে হবে। আজকে এখানে বিভিন্ন সংশোধনী প্রস্তাব যে উঠেছে সেই প্রস্তাবগুলোর বিরোধীতা শিক্ষামন্ত্রী মহাশয় করেছেন, কিন্তু সেই সংশোধনী প্রস্তাবগুলো কেন উঠেছে সেকথা আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় উপলব্ধি করেন নি।

উত্তরবংগের পাঁচটি জেলা, ভৌগলিক হিসাবে অনেক দূরে, কুচবিহার অনেক দূরে, মালদহ অনেক দূরে। দার্জিলিং জেলায় সমতল এবং পার্বত্য অঞ্চল রয়েছে। কাজেই সমস্ত জায়গায় অনেক অসুবিধা রয়েছে। এইসমস্ত জেলার সমস্ত অঞ্চলে সমান সুবিধা করার মত ব্যবস্থা সম্ভব নয়। তাহলেও সেখানে দেখতে হবে সকলেই যাতে এই বিশ্ববিদ্যালয় থেকে উপযুক্তভাবে, উপযোগ্যভাবে সুবিধা পেতে পারে, যতটা সম্ভব অসুবিধা কম করা যেতে পারে, এই হিসাবে এটা দেখা দরকার। কেন না তা না হলে উত্তরবংগে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে যদি উত্তরবংগের সমস্ত জেলাগুলি উপকৃত না হয় তাহলে অসুবিধা হবে। সেজন্য মাননীয় সদস্যরা কিছু কিছু সংশোধনী যা দিয়েছেন তা আমি সহানুভূতির সংগে বিবেচনা করার চেষ্টা করেছি। শিলিগুড়িতে অফিস প্রতিষ্ঠিত হলে শিলিগুড়ির লোক হিসাবে নিশ্চয়ই আনন্দিত এবং শিলিগুড়ি যোগাযোগ ব্যবস্থার দিক দিয়েও অনেকটা কেন্দ্রস্থলে পড়ে একথা সত্য কিন্তু একথা জানাই উত্তরবংগে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে যেয়ে যারা দূরে পড়ে আছে, প্রান্তে আছে, দূরের জেলা মালদহ, কুচবিহার—তারা যদি এ থেকে বঞ্চিত হয় তাদের যদি অসুবিধা হয় তাহলে ঠিক হবে না, তারা যাতে পূর্ণ সুযোগ পেতে পারে সেরকম দৃষ্টিভংগী থেকে সমস্ত জিনিষটা বিচার করতে হবে. মাননীয় সদস্যরা এসব চিন্তা করে সংশোধনী প্রস্তাব দিয়েছে অনেকে যে, Executive Councilএর সভা বিভিন্ন জেলায় হতে পারে, শিক্ষাবিভাগ খোলা যেতে পারে। এই যে বিভিন্ন জেলায় শিক্ষাবিভাগ খোলা এর ভিতর ন্যায় সংগত মনোভাব রয়েছে, এ নিয়ে কোন বিরোধিতার প্রশ্ন নাই। এ প্রসংগে আমি সরকারের সমালোচনা না করে পারছি না কেন না তারা প্রথমে ঘোষণা করেছিলেন যে বিশ্ববিদ্যালয় দার্জিলিং-এ হতে পারে, জলপাইগুড়িতে হতে পারে তারপর বললেন শিলিগুড়িতে হতে পারে। তার ফলে দার্জিলিং, জলপাইগুড়ি ও শিলিগুড়ির উপর টানাটানি হয়ে গেল, যা থেকে এরকম একটা মনোভাব এসে পড়ে। কাজেই সকলেই যাতে সমান-

ভাবে সুযোগ পায় আগে থাকতে স্থান নির্বাচন না করে যদি বলে দেন তাহলে এই অসুবিধা হয়ে যায়। অনেকে এসে আমাকে জিজ্ঞাসা করেছেন কোথায় তাহলে হবে, নাকি এ নিয়ে টানাটানি হবে? আমি এ জিনিষ বোঝাবার চেষ্টা করেছি। মূল জিনিষ হল উত্তরবংগে হবে—কাজেই সকলে ঐক্যবদ্ধভাবে চেষ্টা করে সরকার থেকে যাতে সুবিধা আদায় করা যায় তারই চেষ্টা করা উচিত আগে থেকে কোথায় হবে এ নিয়ে ঝগড়া করলে বিশ্ববিদ্যালয় হওয়াটাই পিছিয়ে যাবে। আজকে সেটা প্রতিষ্ঠিত হতে যাচ্ছে কিন্তু সংগে সংগে এই যে আশংকার মনোভাব সেটাও দেখতে হবে এবং ব্যবস্থা এভাবে করতে হবে যেখানে যোগাযোগ ব্যবস্থার দিক থেকে কেন্দ্রস্থলে হয়। সংগে সংগে বিভিন্ন জেলায় বিভিন্ন বিভাগ যাতে প্রতিষ্ঠিত হতে পারে তারও ব্যবস্থা করা উচিত। তাতে কোন অসুবিধাও হবে না। একটি জেলায় Medical College হবে, কোন একটি জেলায় Engineering College হবে, কোনটিতে কৃষি কলেজ প্রতিষ্ঠিত হবে। দার্জিলিং জেলায় সমতল এবং পার্বত্য অঞ্চল আছে, সেখানে যদি স্নাতকোত্তর শিক্ষাবিভাগ প্রতিষ্ঠিত হয় মনে হয় না এতে কোন অসুবিধা হবে। এই প্রসংগে উত্তরবংগের মহাবিদ্যালয়ের শিক্ষক ও অধ্যাপকদের সংগে আমি পরামর্শ করেছি তারা বলেছেন যে বাস্তব অবস্থার দিক থেকে বিবেচনা করে এরকম জিনিষ হতে পারলে ভাল হয়। তাহলে পরস্পরের মধ্যে একটা বিরোধ হবার আশংকার সম্ভাবনা থাকে না। সেদিক দিয়ে ব্যবস্থা একটা করা উচিত। এই প্রসংগে যেকথা উঠেছে এক বন্ধু বলেছেন আজকাল বর্ধমান বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের অভাব আছে। সত্য কথা, কিন্তু সেই কারণে উত্তরবাংলায় বিশ্ব-বিদ্যালয় প্রতিষ্ঠা বিলম্বিত হোক্ এটা আমরা চাই না। কিন্তু বাস্তব সমস্যার সমাধান করার চেষ্টা করতে হবে। সেজন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বিভাগের শিক্ষাসম্প্রসারণ অতি দ্রুত করা উচিত তবেই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যথেষ্ট শিক্ষক পেতে পারি এবং সেজন্য যথাযোগ্য ব্যবস্থা করা উচিত।

তারপর আর একটা বক্তব্য হচ্ছে— উত্তরবংগে যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হতে যাচ্ছে তাতে এই বিলের Statement of objects and reasonsএ বলা হয়েছে বিশ্ববিদ্যালয়ে মানবিক ও বিজ্ঞান এ দুটিরই শিক্ষাদান ব্যবস্থা থাকলেও প্রধানতঃ জোর দেওয়া হবে Engineering এবং বৃত্তিমূলক শিক্ষার উপর।

11-40—11-50 a.m.]

আমি এটা সমর্থন করি এই জন্য যে, উত্তরবংগ যখন একটা উপেক্ষিত অঞ্চল তখন অর্থনৈতিক দিক থেকে উন্নতি করতে গেলে সেখানকার জন্য ব্যাপক শিল্পায়ণের পরিকল্পনা নেওয়া দরকার এবং সেই শিল্পায়ণের দৃষ্টিভংগী থেকেই ওখানে ইঞ্জিনীয়ারিং এবং বৃত্তিমূলক শিক্ষার উপর বিশেষ জোর দেওয়া দরকার। কিন্তু সেই সংগে সংগে শিক্ষামন্ত্রী মহাশয়কে আর একটা কথা বিবেচনা করতে বলি যে, মানব বিদ্যার দিক দিয়ে তার গবেষণা এবং প্রয়োগের বিরাট সম্ভাবনা গোটা উত্তরবংগে রয়েছে। কারণ উত্তরবংগে বিভিন্ন সংস্কৃতির মানুষ রয়েছে— অর্থাৎ নেপালী ভাষা রয়েছে, আর্য ভাষা রয়েছে, সংখ্যায় অল্প হলেও লেপচা, ভুটিয়া রয়েছে, বাঙালী এবং তাঁদের মধ্যে রাজবংশী রয়েছে এবং আদিবাসী রয়েছে। কাজেই এই বিভিন্ন জনসমষ্টি থাকার ফলে তার মধ্য দিয়ে বহু শতাব্দী ধরে বিভিন্ন ধারা এসে ওখানে মিশেছে এবং বিভিন্ন ভাষার সমাবেশ ঘটেছে। আমি হিমালয়ের কোলে মানুষ হয়েছি এবং ছোটবেলা থেকেই শুনেছিলাম যে উত্তরবংগ একটু কাব্যময়। কাজেই নানা ভাষাভাষী মানুষের সমাবেশ যখন দেখেছি তখন ছোটবেলায় আপনা থেকেই আমার মনে রবীন্দ্র-

নাথের "মহামানবের সাগর তীরে" সেই পরিকল্পনা ফুটে উঠেছে। সুতরাং উত্তরবংগে সেই মহা-মানবের সাগরতীরের বাস্তব রূপ যখন রয়েছে তখন সে দিক থেকে ভাষাতত্ত্ব এবং নৃতত্ত্ব প্রয়োগের যে বিশাল সম্ভাবনা রয়েছে তার উপর বিশেষ জোর দেওয়া উচিত।

এবারে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে কতগুলি বাস্তব পরামর্শ দিতে চাই। এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবার সময় আমাদের একটা কথা মনে রাখা দরকার যে, এর আগে যখন আরও কয়েকটা নূতন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবার জন্য আমরা বিল পাশ করেছি তখন একটা প্রশ্ন অনেকের মনে উঠেছিল যে, কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যখন এঁরা আলাদা হয়ে যাচ্ছে তখন কোলকাতা বিশ্ব-বিদ্যালয় এবং এইসব নূতন নূতন বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটা বিরোধ, প্রতিদ্বন্দ্বিতা এবং অস্বাস্থ্যকর আবহাওয়া সৃষ্টি হবে। কিন্তু এ সম্বন্ধে আমি এর আগে যে কথা বলেছি সেই কথাই আবার বলছি যে তার কোন প্রয়োজন নেই। কারণ আমাদের এখানে নূতন নূতন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবার প্রয়োজনীয়তা যেমন স্বীকৃত হয়েছে ঠিক তেমনি কোলকাতা বিশ্ববিদ্যালয়ের দোষত্রুটি থাকা সত্ত্বেও তাঁদের ১০০ বছরের ঐতিহ্য, বাংলাদেশের জাতীয় জীবনে তাঁদের দান এবং বিভিন্ন ক্ষেত্রে তাঁদের অভিজ্ঞতা কখনও অস্বীকার করতে পারি না। সেইজন্যই এর আগে নূতন নূতন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবার কথা যখন বলেছি তখন আমরা এই পরামর্শ ই দিয়েছিলাম যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটা যোগাযোগ, সংযোগ বা কো-অর্ডিনেসন্-এর ব্যবস্থা থাক্ এবং কোলকাতা বিশ্ববিদ্যালয় সমস্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে মধ্যমণি হিসেবে প্রতিষ্ঠিত হোক। শুধু তাই নয়, যেমন ভারতের সমস্ত বিশ্ব-বিদ্যালয়ের অভিজ্ঞতা এক জায়গায় এনে কেন্দ্রীভূত করবার জন্য ভাইস্-চ্যান্সেলার কনফারেন্স হয় ঠিক সেই রকম ধরণের একটা সম্মেলন বা সমাবেশ বা সমিতি পশ্চিম বাংলার বিভিন্ন উপাচার্যদের নিয়ে যদি গঠন করেন তাহলে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য, অভিজ্ঞতা এবং সাহায্য নূতন বিশ্ব-বিদ্যালয়গুলোতে যেতে পারে এবং সংশোধনী প্রস্তাবের মধ্য দিয়ে চিত্তবাবু উত্তরবংগে যে নূতন বিশ্ব-বিদ্যালয় প্রতিষ্ঠিত হতে যাচ্ছে সেখানে প্রাক্তন উপাচার্যদের বদলে আজ যাঁরা বিশ্ববিদ্যালয়ে আছেন তাঁরা সেখানে থাকবেন বলে যে কথা বলেছেন সেই ব্যবস্থা যদি হয় তাহলে তাঁদের ভিতর একটা যোগাযোগ হতে পারে। কাজেই কোলকাতা বিশ্ববিদ্যালয়ের সংগে প্রতিদ্বন্দ্বিতা বা অস্বাস্থ্যকর আবহাওয়া সৃষ্টির আশংকা তো নেইই বরং তাঁদের সাহায্য এবং সহযোগিতা যা আমাদের প্রয়োজন তা তাঁদের কাছ থেকে আমরা পেতে পারি। সুতরাং সেই দৃষ্টিভংগী রেখে এরকম একটা ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করি এবং এই হোল আমার মোটামুটি পরামর্শ। তারপর, সংশোধনীর মধ্য দিয়ে শিক্ষামন্ত্রী মহাশয় যদিও আমাদের পরামর্শ গ্রহণ করেননি তবে শেষ মুহূর্তে এই কথাই আবার বলি যে, বিচার বিবেচনা করে আমাদের কতগুলো পরামর্শ গ্রহণ করুন।

যখন একটা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হতে যাচ্ছে তখন সেখানে যাতে শিক্ষাবিদ এবং শিক্ষকদের প্রতিনিধিত্ব ভাল করে থাকে তার ব্যবস্থা করা উচিৎ। শিক্ষাবিদ যাঁরা, শিক্ষা আগ্রহী যাঁরা তাঁদের সেখানে থাকা উচিৎ। সত্যিকারের শিক্ষা আগ্রহী কারা এটা পরিষ্কার হওয়া উচিৎ। একজনের যদি বিশ্ববিদ্যালয়ের ছাপ না থাকে, তিনি যদি বিশ্ববিদ্যালয় শিক্ষার সুযোগ না পেয়ে থাকেন তাহলে তিনি শিক্ষা আগ্রহী হবেননা, শিক্ষাবিদ হবেননা এ আমি অস্বীকার করি। কারণ, সুযোগের অভাবে যোগ্য হওয়া সত্ত্বেও তিনি হয়ত সেই শিক্ষা পাননি। যে মহান কবির জন্মশতবার্ষিকী এ বছরে আমরা পালন করছি তাঁরি বিশ্ববিদ্যালয়ের কোন ছাপ ছিল না। কিন্তু তা সত্ত্বেও তাঁর যে প্রতিভা, তাঁর যে মহিমা তার এতটুকু হানি হয়নি, অন্য সকলকে ছাড়িয়ে গেছে। কাজেই শিক্ষাবিদ এবং শিক্ষা আগ্রহীদের প্রতিনিধি এই বিশ্ববিদ্যালয়ে নেওয়া যেন হয়। তাঁদের নেওয়ার সময় এই জিনিস যেন না হয় যে শিক্ষা আগ্রহীদের নাম করে সেখানে এমন সব লোক গেলেন যাঁদের শিক্ষা সম্পর্কে কোন আগ্রহ নেই। তাঁরা শিক্ষা সম্পর্কে কোন উপদেশ দিতে পারবেন না। মনোনয়ন

ব্যাপারে আমাদের আশঙ্কা আছে। উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে যেয়ে চা-বাগানের মালিকদের কাছ থেকে অর্থ সাহায্য পাওয়া যাবে বলে যদি তাদের শিক্ষা আগ্রহী বলে ওখানে এনে বসান হয় তাহলে সেখানে শিক্ষা আগ্রহীদের স্থান দেওয়ার যে মূল উদ্দেশ্য সেটা ব্যর্থ হয়ে যাবে। কাজে কাজেই সেখানে যাতে সত্যিকারের শিক্ষা আগ্রহীরা স্থান পান তার ব্যবস্থা করতে হবে। আর একটা কথা—উত্তরবঙ্গে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনেক স্নাতক রয়েছে এবং যারা এই বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে বেরুবে তাদের প্রতিনিধি ওখানে থাকার ব্যবস্থা কেন সরকার করবেন না আমি বুঝতে পারি না। কলকাতা বিশ্ববিদ্যালয়ে নির্বাচনে দুর্নীতি হয়েছে, সেই দুর্নীতির পথ বন্ধ করুন। কিন্তু নির্বাচনের দুর্নীতির জন্য মুখ্যমন্ত্রী এই যে মনোভাব নিয়েছেন এ আমি কোনরকমে সমর্থন করতে পারি না। সেদিন মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন যে বিশ্ববিদ্যালয়ে নির্বাচন তিনি মোটেই পছন্দ করেননা, কারণ, তার মধ্যে দুর্নীতি হবে। নির্বাচনে যদি দুর্নীতি হয় তাহলে সেটাকে আইন করে প্রতিরোধ করা যাবে। কিন্তু মনোনয়নে যে দুর্নীতি হয় সেই দুর্নীতি পিছনের দরজা দিয়ে আছে। সেই পিছনের দরজার দুর্নীতি আজ আমাদের জাতীয় জীবনকে নষ্ট করে দিয়েছে। আমরা আগে দেখেছি শিক্ষাবিদ, সাহিত্যিকরা রাজনীতির আওতা থেকে দূরে থেকে নিজেদের সাধনার একনিষ্ঠ সাধক ছিলেন। কিন্তু আজকাল বিধানসভায় মনোনয়ন, বিশ্ববিদ্যালয়ে মনোনয়ন এইরকম মনোনয়ন পাবার লোভে তাঁরা নিজেদের ক্ষেত্র ছেড়ে বিবেককে বিক্রিত করে রাজনীতিতে আসছেন, তাতে তাঁরা যে উপদেশ, যে বিশেষ অবদান দিতে পারতেন তা থেকে বিক্ষিপ্ত হয়ে যান; লোকের উপর তাঁদের যে শ্রদ্ধা ছিল সেই শ্রদ্ধা তাঁরা হারান। এই যে দুর্নীতি এই দুর্নীতি সরকার তাঁর মনোনয়ন পদ্ধতির মাধ্যমে সৃষ্টি করবেন। সামনের দরজা দিয়ে নির্বাচনের ব্যবস্থা হলে যদি দুর্নীতি হয় তাহলে সেই দুর্নীতিকে সংগ্রাম করে তাড়ান যাবে। সেজন্য সেখানে যারা স্নাতক রয়েছে তাদের প্রতিনিধিত্বের ব্যবস্থা করা উচিৎ। এইসমস্ত পরামর্শ দেওয়ার পর আমি শেষবারের মত বলছি যে যাতে বিলটা সমস্ত দোষত্রুটি মুক্ত হয় সেদিকে লক্ষ রাখুন এবং এই যে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হল তারজন্য তাঁকে আমি সমগ্র উত্তরবঙ্গবাসীর হয়ে আন্তরিক অভিনন্দন জানাই।

Shri Chitto Basu : মাননীয় স্পীকার মহাশয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় বিলের তৃতীয় পর্যায়ের আলোচনাতে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি কতকগুলি বিষয়ের প্রতি আকর্ষণ করতে চাই। বাংলাদেশে উচ্চশিক্ষা বিস্তার করবার জন্য নতুন নতুন বিশ্ববিদ্যালয় হোক এতে আমরা কেউ আপত্তি করতে পারি না। এই অধিবেশন বোধ হয় বিধান সভার সর্বশেষ অধিবেশন। এই অধিবেশনে অবহেলিত উত্তরবঙ্গের জন্য একটা বিশ্ববিদ্যালয় স্থাপন করার উদ্দেশ্যে যে বিল আইনে পরিণত করলেন এটা নিশ্চয়ই উত্তরবঙ্গবাসীদের উচ্চশিক্ষা বিস্তারের জন্য একটা উল্লেখযোগ্য কাজ করলেন। কিন্তু মন্ত্রীমহাশয় বিশ্ববিদ্যালয় স্থাপন করবার উদ্দেশ্য হিসাবে যে কারণের কথা উল্লেখ করেছেন সেই কারণটা হলো এই যেহেতু কলকাতা শহরে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের এত বেশী চাপ বেড়ে গেছে যে এই চাপ অপসারণের জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে এইধরণের বিশ্ববিদ্যালয় স্থাপন করা উচিত এবং সেইজন্যই উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় স্থাপন করবার এই প্রচেষ্টা সরকার করলেন।

[11-50—12 a.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই—হ্যাঁ, একথা আজ কেউ অস্বীকার করতে পারেনা যে কলকাতা সহরে ও কলকাতার পার্শ্ববর্তী অঞ্চলের ছাত্রদের যে চাপ ভর্তির সমস্যা নিয়ে—সেই সমস্যার দিকে তাঁর দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে।

সেই সমস্যার সমাধান করতে গেলে যদি আপনি মনে করেন শুধুমাত্র উত্তরবঙ্গে একটা বিশ্ববিদ্যালয় স্থাপন করে এই অত্যন্ত জটিল সমস্যা সমাধান করতে পারবেন এবং জনসাধারণের মনেও সেই ভুল ধারণা সৃষ্টি করবেন, বাংলাদেশের শিক্ষাসমস্যার সমাধান কঠিন, এই ভুল ধারণা সৃষ্টি করবার সুযোগ তাঁদের দেওয়া উচিত নয়। তার জন্য আমি এখানে কয়েকটা তথ্য এই সম্পর্কে পেশ করতে চাই; এই সমস্যার সমাধান করতে গেলে যে কাজগুলি করা প্রয়োজন তা বলতে চাই।

আপনি জানেন স্যার, কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৯৫৯ সালে ১ লক্ষ ২৫ হাজার ছাত্রছাত্রী ছিল, সেখানে ১৯৬০ সালে সেই ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়ে হয়ে গেল ১ লক্ষ ৩৩ হাজার। এর মধ্যে ৭৫ হাজার ছাত্র-ছাত্রী কলকাতার; আর এই ৭৫ হাজারের মধ্যে ৫৪ হাজার ছাত্রছাত্রী এখানকার বড় কলেজগুলিতে পড়ে অর্থাৎ এক একটা বড় কলেজে প্রায় সাত আট হাজার করে ছাত্র-ছাত্রী পড়াশোনা করে। এতে করে সেখানে একটা জটিল সমস্যা সৃষ্টি হচ্ছে। অপর পক্ষে দেখতে পাচ্ছি গ্রেট বৃটেনে ১ লক্ষ ১০ হাজার ছাত্রছাত্রীর জন্য ২১টা বিশ্ববিদ্যালয় দেশের বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। আর ১ লক্ষ ৩৩ হাজার ছাত্রছাত্রী শুধুমাত্র এক কলকাতা বিশ্ববিদ্যালয়ে। মন্ত্রী মহাশয় যদি মনে করে থাকেন যে উত্তরবংগে একটা বিশ্ববিদ্যালয় স্থাপন করে তিনি ছাত্র ভর্তির সমস্যার সমাধান করতে পারবেন, তাহলে ভুল করা হবে। আমার মনে হয় তা করা সম্ভব হবে না। গ্রেট বৃটেনে যেখানে ২১টা বিশ্ববিদ্যালয় ছাড়া আরো বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয়তা অনুভব করছে, সেখানকার তুলনায় আমাদের এখানেও শিক্ষার সুযোগ আরো বিস্তৃততর করবার দায়িত্ব এই সরকারের রয়েছে। যেখানেতে ইংল্যাণ্ডে ও U.S.A.তে শিক্ষক ছাত্রদের সম-অনুপাত—Priority 1 : 7, সেখানে আমাদের এখানে হচ্ছে 1 : 4'1. এর দ্বারা বোঝা যাচ্ছে আমাদের দেশে শিক্ষক সমস্যা কতটা ব্যাপক। ছাত্রদের উচ্চশিক্ষা দিতে গেলে তার জন্য উপযুক্ত শিক্ষক চাই. এই সমস্যার প্রতি দৃষ্টি দেওয়া প্রয়োজন, এটাকে এড়িয়ে গেলে চলবে না। বিশ্ববিদ্যালয় স্থাপন করার সংগে সংগে এই সমস্যা সমাধানের প্রতিও আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আমরা আজকে গণতান্ত্রিক যুগে বাস করছি। কোন ছাত্রকে জোর করে বাধ্য করা চলবে না যে তুমি কলকাতায় পড়াশোনা না করে কলকাতার বাইরের কোন বিশ্ববিদ্যালয়ে গিয়ে পড়,—সে বর্ধমান বিশ্ববিদ্যালয়েই হোক বা উত্তরবংগ বিশ্ববিদ্যালয়েই হোক। একথা আমরা জোর করে এই গণতান্ত্রিক যুগে কোন ছাত্রকে বলতে পারি না যেখানে আমরা তাকে finance করার ব্যবস্থা করতে পারছি না। অথচ আমরা জানি কলকাতা সহরেই সেই সমস্ত ছাত্রদের অভিভাবক জীবিকার সংস্থান করছেন। কলকাতায় যে সমস্ত অভিভাবক বসবাস করেন, তাঁরা বাইরে কোন বিশ্ববিদ্যালয়ের কলেজে ছাত্র পাঠাবেন, তা আশা করা যায় না। অপর পক্ষে বাইরের যারা ছাত্রছাত্রী—তারা দেখেন জীবিকা সংস্থানের সুযোগ কলকাতায় বেশী। যারা গরীব ছাত্রছাত্রী তাঁরা মনে লেখাপড়ার সংগে সংগে জীবিকা সংস্থানের ও খানিকটা অংশ রোজগারের সুযোগ যাতে পায়, তা করতে চান। তাই ছাত্রছাত্রীদের ও তাদের অভিভাবকদের জীবিকা সংস্থানের সমস্ত কিছু সুযোগ সুবিধা এখানে থাকাতে কলকাতার উপর একটা বড় চাপ থাকে। তাই আমি মনে করি—উত্তরবংগে বিশ্ববিদ্যালয় স্থাপনের পরেও একথা বলবো—উত্তরবংগ বিশ্ববিদ্যালয়ে যে ছাত্ররা পড়াশোনা করবে, তাদের সেখানেও জীবিকা সংস্থানের সুযোগ যাতে দেওয়া যায়—সে সম্বন্ধে এখনই অবহিত হওয়া প্রয়োজন। আমি মনে করি কলকাতা বিশ্ববিদ্যালয়ে যারা পড়াশোনা করেন, তাঁদের সামনে যে অর্থনৈতিক দুর্গতি রয়েছে, উত্তরবংগের বিশ্ববিদ্যালয় যেটা হবে, সেখানকার ছাত্রদেরও এই অর্থনৈতিক দুর্গতি কম হবে না, অথচ আমরা জানি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবার সংগে সংগে ছাত্রদের সেই সমস্ত বিষয়গুলির প্রতিও সরকারের দৃষ্টি দেওয়া উচিত ছিল। কিন্তু তা এখানে হয় নাই। আমরা জানি ১৯৫৪ সালে একটা তদন্ত করা হয়েছিল ২৮ হাজার ছাত্র নিয়ে। তাতে দেখা গেছে প্রায় ১৩ হাজার ছাত্র এই

ধরণের পরিবার থেকে আসে যাদের per capita আয় ৩০ টাকা। আর ১৪ হাজার ছাত্র সেই সমস্ত পরিবার থেকে আসে যাদের per capita আয় ৩০৲ টাকা থেকে ৫০৲ টাকা। কাজেই কলকাতায় যদি এই হয়, তাহলে উত্তরবংগে যে বিশ্ববিদ্যালয় আপনারা করতে যাচ্ছেন সেখানকার ছাত্রদেরও অর্থনৈতিক অবস্থা এই রকমই হবে—সে কথা আমি জোর দিয়েই বলতে পারি। অথচ আমরা জানি এই বিশ্ববিদ্যালয় স্থাপন করবার সংগে সংগে এদিকেও নজর দেওয়া উচিত ছিল। কি করে দরিদ্র ছাত্রদের লেখাপড়ার সুযোগ হতে পারে, সে সম্বন্ধে সেই তদন্ত কমিটী বলেছিলেন যে শতকরা ৪৫ জন ছাত্র Text book জোগাড় করতে পারে না; আর তাদের যে stipend দেওয়া হয় তা অতি নগণ্য। আর গ্রেট বৃটেনে উচ্চশিক্ষায় যারা নিয়োজিত তাদের তাঁরা Assistance পান বেশী। বার্মা ও সিলোনে উচ্চশিক্ষা বিনা মূল্যে দেওয়া হয়। এদিকে সরকারের নজর দেওয়া উচিত। শুধুমাত্র ইট-কাঠ সিমেণ্ট খরচ করে, লক্ষ লক্ষ টাকা খরচ করে বিশ্ববিদ্যালয়ের জন্য বড় বড় বাড়ী তৈরী করে দিয়েই তাঁরা তাঁদের দায়িত্ব পালন করতে পারেন না। তাঁদের দায়িত্ব পালন করতে হলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সুযোগ সুবিধার প্রতিও তাঁদের নজর দিতে হবে। সেই-রকম কোন ব্যবস্থা এখানে নাই। এখন বিলে তা না থাকতে পারে, কিন্তু ভবিষ্যতে শিক্ষানীতি পরিচালনের ক্ষেত্রে উচ্চশিক্ষার ব্যবস্থা করতে গেলে, সুযোগ দিতে গেলে, যোগ্যতা অর্জনের সুযোগ দিতে গেলে এই সমস্ত বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়া প্রয়োজন।

মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখলাম—এই বিশ্ববিদ্যালয় বিল পাস হলো বটে, কিন্তু এই সম্পর্কে যে বাস্তব অবস্থা যা অত্যন্ত জটিল, তার সামগ্রিক যে সমস্যা, সেই সমস্যা সমাধান করবার ক্ষেত্রে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে কোন উল্লেখযোগ্য কথা শুনতে পেলাম না, আর এখনো তা বলবেন কি না তা জানি না। এই সমস্ত জিনিষের প্রতি তাঁর দৃষ্টি দিতে হবে। ছাত্রছাত্রীদের পাঠ করবার সুযোগ সুবিধা করে দেবার জন্য এই মূল নীতিতে তাঁর দৃষ্টি দিতে হবে এবং সংগে সংগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর যে চাপ, সেই চাপ অপসারণ করবার জন্য ও অন্যান্য অসুবিধাগুলি দূর করবার জন্য কতকগুলি বাস্তব দায়িত্ব সরকারের গ্রহণ করা উচিত। সেই বাস্তব দায়িত্ব গ্রহণ করতে না পারলে উচ্চশিক্ষার পথে যে অন্তরায়গুলো রয়েছে, তা দূরীভূত করা সম্ভব হবে না।

[12—12-10 p.m.]

Shri Deo Prakash Rai : Sir, I have given notice of an amendment to the effect that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st December, 1961. Superficially I appear to be reactionary for delaying the opening up of educational institutions and this amounts to retarding the progress of the nation.

But I have reasons to give an amendment of that nature, for I feel that the Education Minister never cared to get the views of the Leaders of North Bengal, particularly of the District of Darjeeling and specially of the two Deputy Ministers from Darjeeling who are here. Not only in respect of the North Bengal University but whenever they formulates their policies this Cabinate never cares to consult these two Deputy Ministers from Darjeeling. Sir, let us review the educational situation in North Bengal, particularly in the Districts of Jalpaiguri and Darjeeling. Let us take up primary education. Sir, in Darjeeling free and compulsory primary education scheme has not yet been implemented. On the other

hand you will find that under the head "Education" the Government is spending a huge amount of money for opening libraries in rural areas. If you make a tour in the interior of rural areas, you will find libraries full of classical books in Bengali like *Chayanika, Sanchaita* and Shakespeare's works, etc. but you will not find primary schools within a radius of 10 to 12 miles. There are 160 tea gardens in Dooars region of Jalpaiguri and the population there consists of mostly Nepali and Hindi speaking people. What educational facilities have been given to these people ? Bengali is being imposed to the children of the Hindi and Nepali speaking people there. No facilities whatsoever have yet been given by the Goverument for the advancement of Nepali and Hindi education in that area. In Darjeeling the prospectus of the Government College says at the very beginning : "Darjeeling Government College owes its origin to insistant local demand for an institution imparting higher education to meet the needs of the educationally backward hill-tribes. Although primarily meant for boys and girls belonging to the hill-tribes, students belonging to other communities will be admitted, if accommodation is available."

But what is the real position there ? The hill students who have been recognised as educationally backward by the Government of India have to fight a Herculean battle at the time of admission into the College. I do not grudge students other than the hill people getting admission into this college. But what I want to say is if the prospectus of the College says that this institution is primarily meant for giving facilities to the educationally backward hill people, then the hill students should be given preference under any circumstances. The same is the position in the hostel also.

Coming to the North Bengal University, I would first like to inform this House what facilities have been given to the hill students whose medium of instruction in schools is Nepali. The Calcutta University has recognised Nepali as one of the major languages, and the medium of instruction in Darjeeling is Nepali. But what is the position of text books ? This Government have recognised Nepali as the medium of instruction in all the secondary schools in the hill areas of the District. But I ask the Education Minister have you published any text-books ?

Mr. Speaker : When the Official Language Bill will come up on Monday, you will have ample opportunity of discussing these points. He cannot answer these points.

Shri Deo Prakash Rai : He cannot answer ; he has no answer to give. This Congress Government have not published the text books in Nepali language. They never care to publish text books in Nepali language. It is shameful on their part to depend on a foreign country for text books in Nepali. Had Nepal been not a friendly country, I do not know what would have been the fate of the students whose mother tongue is Nepali.

Shrimati Anima Hore : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। তিনি এই অধিবেশনেই উত্তরবংগ বিশ্ববিদ্যালয় বিলটি এনেছেন, সেজন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। অল্প কিছুদিনের মধ্যে আমরা এই সভার মাধ্যমে নূতন তিনটি বিশ্ববিদ্যালয় বিল পাস করেছি। উত্তরবংগে অত্যন্ত অসুবিধা ছিল—সেখানকার ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য

কলকাতায় এসে ভর্তি হবার ব্যাপার খুব ব্যয়সাধ্য ছিল। অনেক ছাত্রছাত্রী আর্থিক অসুবিধার জন্য অত দূর থেকে এসে উচ্চশিক্ষার সুযোগ নিতে পারে না। এখানে আজ অনেক রকম সংশোধনের প্রস্তাব এসেছে এবং আলোচনা হয়েছে। এ প্রশ্ন উঠেছে যে স্থানটি কেন শিলিগুড়ি নির্বাচিত হল, এতে দূরের জেলাগুলির অসুবিধা হবে। আমাদের দাবী ছিল জলপাইগুড়িতে হোক, কিন্তু সব দিক থেকে বিবেচনা করলে মনে হবে শিলিগুড়িই সবচেয়ে উপযুক্ত স্থান। পাবত্য অঞ্চলের ছাত্রছাত্রীরাও এখানে শিক্ষার সুযোগ নিতে পারবে। এখানে শ্রীদেওপ্রকাশ বলেছেন উত্তরবংগে ডুয়ার্স অঞ্চলের স্কুলগুলিতে নেপালী বা হিন্দী ভাষায় শিক্ষা দেওয়া যায় না। এটা কিন্তু ভুল কথা। ওখানে Primary স্কুলে নিশ্চয়ই এই ব্যবস্থা আছে। আমি অনেক চা বাগান ঘুরে ঘুরে দেখেছি, সেই সেই এলাকার ছেলেমেয়েদের আঞ্চলিক ভাষাতেই শিক্ষা দেওয়া হয়। সেখানে হিন্দী বা নেপালী ভাষায় শিক্ষক পেলে সরিয়ে দেওয়া হয় এটা ঠিক নয়। আসল কথা উপযুক্ত সংখ্যক শিক্ষক পাওয়া যায় না। যতদিন তা না পাওয়া যায় ততদিন কিছু অসুবিধা হবে। তবে দাবী থাকা উচিত, যে অঞ্চলে যেটা মাতৃভাষা সেই মাতৃভাষাতেই শিক্ষা দান করা উচিত। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি একটা আবেদন জানাচ্ছি। উত্তরবংগ বিশ্ববিদ্যালয়ের জন্য শিলিগুড়ির নির্বাচন এদিক থেকেও ভাল হয়েছে যে সারা বাংলায় একমাত্র চা-শিল্প জলপাইগুড়ি, শিলিগুড়ি, দার্জিলিং এ রয়েছে, তাই ওখানে tea technology শিক্ষা দেবার জন্য যদি ব্যবস্থা করা হয় খুব ভাল হবে! বিলে সেটা দেখতে পেলাম না। এই জিনিষটা অর্থাৎ tea technology শিখবার ব্যবস্থা যদি এই বিলের মধ্যে অন্তর্ভুক্ত করেন অত্যন্ত উপকার হবে।

উত্তরবংগ পাটেও সমৃদ্ধশালী। সেদিকে লক্ষ্য রেখে Jute technologyর ব্যবস্থা রাখলে জনসাধারণ এবং সরকারেরও উপকার হবে, কারণ এই শিক্ষার ব্যবস্থা কাছাকাছি কোন অঞ্চলে নাই। আজকে এই ব্যবস্থা না থাকার ফলে আমাদের দেশের এই বড় শিল্প দু'টি ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি আশা করি উত্তরবংগ বিশ্ববিদ্যালয়ে এগুলির উপযুক্ত ব্যবস্থা হবে।

[12-10—12-23 p.m.]

Dr. Golam Yazdani: মিঃ স্পীকার, স্যার, আমি এই বিলকে অভিনন্দিত করছি। মাননীয় সত্যেন্দ্র মজুমদার মহাশয় অত্যন্ত স্পষ্ট করে আজকে উত্তরবংগের কথা বলেছেন। এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সংগে কতগুলি professional college হওয়া দরকার, মালদহেতে agricultural college হতে পারে, silk technology হতে পারে, রায়গঞ্জে medical college হতে পারে,—আজকে যখন সরকার এই উত্তরবংগ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে যাচ্ছেন, তার সংগে সংগে যেন এই সব professional collegeও তাড়াতাড়ি হয় সেদিকে লক্ষ্য রাখবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। আজকে উত্তরবংগে একটা engineering collegeএর অত্যন্ত আবশ্যক। শিলিগুড়িতে এই য়ুনিভার্সিটি এবং engineering college হবে বলেছেন। কিন্তু সেখানে যাতে ছাত্ররা থাকবার সুযোগ সুবিধা পায় তার ব্যবস্থা করতে হবে। ছাত্রদের শিক্ষার ব্যয় যেন বেশী না হয় সেদিকেও লক্ষ্য রাখতে হবে। আজকে শিক্ষার ব্যয় বাহুল্যের জন্য বহু ছেলে উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। তারপর, North Bengalএর কোন প্রতিনিধি এই য়ুনিভার্সিটির মধ্যে member হিসাবে নেওয়া হয়নি, এই য়ুনিভার্সিটির member হবার উপযুক্ত লোক উত্তরবংগে নাই তা নয়। উত্তরবংগের

কোন শিক্ষাবিদ্ এই য়ুনিভার্সিটির member হলে সেখানকার লোকেরা উৎসাহ পেতো। মালদহে একটা silk technologyর গবেষণাগার করার সুযোগ আছে। আজ পর্যন্ত সরকার এদিকে বিশেষ দৃষ্টি দেননি যার ফলে ছাত্ররা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমাদের silk technologyর আরো প্রচুর উন্নতির সম্ভাবনা আছে। প্রত্যেক জেলায় একটা করে college করা দরকার —B. T. College করার জন্যও আমি এই প্রসংগে বিশেষ করে বলছি।

Shri Nikunja Behari Gupta : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা উত্তরবংগের সকল সদস্যই এই বিলটা সমর্থন করেছি – এ বিলের জন্য আমরা মাননীয় শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি।

শ্রীযুক্ত সত্যেন্দ্র নারায়ণ মজুমদার মহাশয় বলেছেন, উত্তরবংগে গবেষণার বহু সম্ভাবনা আছে। তিনি অতি সত্য কথা বলেছেন। আমাদের উত্তরবংগে প্রত্নতত্ত্ব ও পুরাকীর্তি সম্পর্কে গবেষণার বহু সুযোগ আছে। অনেক পুরাতন তাম্রলিপি, মোহর শিলালিপি ইত্যাদি পাওয়া গিয়েছে। যদি ভালোভাবে গবেষণা করা যায় এবং বিশ্ববিদ্যালয়ে একটা ব্যবস্থা করতে পারা যায় তাহলে আমার মনে হয় অনেককিছু জ্ঞানলাভ করতে পারব। আমাদের মালদহের থেকে সরকারের কাছে আবেদন করা হয়েছিল কলকাতায় গিয়ে পড়াশুনার অনেক অসুবিধা আছে, স্থানাভাব ইত্যাদি অনেক অসুবিধা আছে। শিলিগুড়িতে Government স্থান নির্বাচন করেছেন এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য। এতে আমাদের আপত্তি নাই। সরকারের কাছে আমার সনির্বন্ধ অনুরোধ অচিরে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হোক।

Shri Bhadra Bahadur Hamal : मिस्टर स्पीकर सर, यह जो नार्थ बंगाल है, इसकी बहुत दिनों से हमारी सरकार ने अवहेलना की थी। किन्तु अब इसकी दृष्टि में सुदृष्टि आई है। सरकार नार्थ बंगाल में एक युनिवर्सीटी को स्थापना करने जा रही है, मैं इसके लिए सरकार को धन्यवाद देता हूँ। मगर दार्जिलिंग की जो हमारी लड़कियें हैं, उनको कितनी सुविधा इस नार्थ बंगाल युनिवर्सीटी से मिलेगी कहना बहुत मुश्किल है। क्योंकि दार्जिलिंग, कालिंपोंग और कार्सियांग— मे जो तीन डिवल सब-डिविजन हैं, इनमें एक भी गवर्नमेन्ट गर्ल्स कालेज और गवर्नमेन्ट हाई स्कूल नहीं है। नार्थ बंगाल में युनिवर्सीटी की स्थापना हो रही है, बहुत अच्छी बात है। यह वहाँ की जनता की डिमाण्ड बहुत दिनों की है। किन्तु मैं पुछना चाहता हूँ कि क्या इससे गवर्नमेन्ट गर्ल्स कालेज और हाई स्कूल को कुछ सुविधा मिलेगी? बहुत बार इसके लिए क्वेश्चन किया। अभी बजट सेशन में भी इस प्रश्न को उठाया था। मगर आज तक एक की भी स्थापना नहीं हुई। डिवल सब-डिविजन की भलाई के लिए मंत्री महोदय क्या भलाई करेंगे? इस युनिवर्सीटी से वहाँ की माँ-बहनों को क्या फैसिलिटी देंगे।

दूसरी बात यह है कि नार्थ बंगाल बहुत पिछड़ा हुआ जगह है। दूसरे दार्जिलिंग, डूवर्स में आजतक बहुत गरीबी है। इसलिए मैं पुछता हूँ कि कितने

आदमियों को पढ़ाने की सुविधा देंगे ? और कितने आदमियों को स्टाइपेन्ड देंगे ? यह देखने की बात है। वह भी सर्विस में देखेंगे। मगर एक बात कहना जरूरी है, क्योंकि माननीया अनिमा होर ने अभी बताया है कि चाय बगानों के स्कूलों में नैपाली पढ़ायी जाती है। यह बात बिल्कुल ठीक नहीं है। माननीय एजूकेशन मिनिस्टर से कई बार निवेदन किया गया कि नेपाली भाषा में अभी तक कोई टेक्ट बुक नहीं है। टेक्टबुक न होने से वहाँ के बच्चों को बड़ी कठिनाई होती है। बहुत दिनों से इस बारे में एजूकेशन मिनिस्टर से अनुरोध किया जा रहा है। मगर आजतक कुछ भी नहीं हुआ। यह जो नार्थ बंगाल युनिवर्सीटी होने जा रही है, इसके लिए नार्थ बंगाल के एम. एल. एज. का कान्फरेन्स हुआ था। युनिवर्सीटी करने की माँग की गई थी। बारम्बार कट मोशन दिया गया था किन्तु आजतक गवर्नमेन्ट कुछ नहीं की। अब जाकर इस सरकार की दृष्टि इस ओर गई है।

मैं फिर दोहराना चाहता हूँ कि इस सब-डिविजनों में एक भी गर्ल्स कालेज और हाई स्कूल नहीं है। इसके लिए इस युनिवर्सीटी से कितनी सुविधा मिलेगी और उस जगह के आदमियों को कितनी फैसिलिटी मिलेगी, इस युनिवर्सीटी से क्या बतायेंगे ? मुझे तो इसमें सन्देह है कि कुछ सुविधा मिलेगी। इसलिए मै माननीय एजूकेशन मिनिस्टर से निवेदन करना चाहता हूँ कि कमसे कम दार्जिलिंग के इन तीन सब-डिविजनों में गवर्नमेन्ट गर्ल्स कालेज और गर्ल्स हाई स्कूल की स्थापना कीजिए। मैं जानता हूँ कि मिशिनरी लोगों के दबाव और प्रेसर के कारण गवर्नमेन्ट गर्ल्स कालेज और गर्ल्स हाई स्कूल आजतक नहीं खोल सकती है।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Sir, I rise to wind up the debate in as few words as possible. After all, I would congratulate the House for the largely co-operative attitude that the House has presented towards this Bill. 140 amendments in a House of 256 members is almost nothing, and most of the amendments of course attempted to dot the i's and cross the t's. Substantial amendments have been very few. After all, the debate has been carried on in a very friendly manner and therefore I congratulate members both on this and on the other side of the House for their co-operative attitude. I have nothing more to add except thanks.

The question that the North Bengal University Bill, 1961 as settled in the Assembly be passed was then put and agreed to.

Mr. Speaker: Honourable Members, I am going to call the House on Monday before time, that is 1 p.m. The whole of Monday would be utilised for discussing the Language Bill. On Tuesday we shall take up the Pay Committe's Report. There will be question time only for half an hour. The House stands adjourned till 1 p.m. on Monday.

Adjournment

The House was accordingly adjourned at 12. 23 p.m. till 1 p.m. on Monday, the 25th September, 1961, at the Assembly House, Calcutta.

Vol. XXX—No. 2

ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assembly

Thirtieth Session

(September, 1961)

PART—8

25th Sept., 1961

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 25th September, 1961, at 1 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 13 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 205 Members.

Starred Questions

(to which oral answers were given)

Bridge over the Cossye near Midnapore town

[1—1-10 p.m.]

***70A.** (Admitted question No. *171.) **Shri Narayan Chobey :** Will the Hon'ble Minister in charge of the **Public Works Department** be pleased to state—

(*a*) how many times during the last 10 years the bridge over the Cossye near Midnapore town had been damaged and how many times restrictions were imposed on traffic as a result thereof ;

(*b*) what is the present condition of the said bridge ;

(*c*) if there is still restriction on speed of the trucks, cars and buses running over it ;

(*d*) whether the Government have any plan to reconstruct this bridge in this year or in the Third Five-Year Plan period ; and

(*e*) if so, what is the site of the proposed new bridge to be built ?

The Hon'ble Khagendra Nath Dasgupta :

(a) 5 times (damaged)

5 times (restrictions imposed on traffic)

(b) Satisfactory for the load above which restriction has been imposed.

(c) Yes.

(d) Yes, in the Third Five Year Plan Period.

(e) Near the existing bridge. Details are being investigated.

[illegible]our strike in Gangaram Tea Garden, Darjeeling

***70.** (Admitted question No. *238.) [Short Notice] **Shri Satyendra Narayan Majumdar :** Will the Hon'ble Minister in charge of the **Home (Police) Department** be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) [illegible]তি দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমার অন্তর্গত গঙ্গারাম চা-বাগানে শ্রমিক [illegible] হইয়াছিল,

(২) ঐ [illegible]ঘটের সময়ে বাগানে সশস্ত্র পুলিশ মোতায়েন করা হইয়াছিল, এবং

(৩) [illegible]শের পক্ষ হইতে ধর্মঘটি শ্রমিকদের উপর কাজে যোগদানের জন্য চাপ দেওয়া [illegible]ছিল ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ। হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) [illegible]র নির্দেশে সশস্ত্র পুলিশ মোতায়েন করা হইয়াছিল, এবং

(২) [illegible]র নির্দেশে তাহারা শ্রমিকদের উপর চাপ দিয়াছিল ?

The Hon'ble Kali Pada Mookerjee :

(ক) হাঁ।।

(খ) না, [illegible] পুলিশ মোতায়েন করা হয়েছিল।

(গ) আইন ও শৃংখলা রক্ষার জন্য দার্জিলিং-এর আরক্ষাধ্যক্ষের নির্দেশে এরূপ করা হয়েছিল।

(ঘ) [illegible]।

ঙ) এ প্রশ্ন [illegible]না।

Shri Satyendra Narayan Majumdar : আইন রক্ষার জন্য দার্জিলিং-এর আরক্ষাধ্যক্ষ যখন আদেশ দিয়েছিলেন তখন আইন ও শৃংখলা ভংগের আশংকার কোন কারণ ছিল কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : আশংকার কারণ ঘটেছিল তাই পাঠিয়েছিলেন।

Shri Satyendra Narayan Majumdar : তিনি কি বাগানের কর্তৃপক্ষের অনুরোধে পাঠিয়েছিলেন ?

The Hon'ble Kali Pada Mookerjee : বাগানের কর্তৃপক্ষ অনুরোধ করেছিলেন যে পুলিশ পাঠালে ভাল হয়, কারণ সেখানে উত্তেজনা দেখা দিচ্ছে।

Shri Satyendra Narayan Majumdar : এইরকম ধর্মঘট হলে বাগানের কর্তৃপক্ষ পুলিশ চাইলেই কি পাঠান হবে ?

The Hon'ble Kali Pada Mookerjee : অবস্থা বিশেষে পুলিশ পাঠান হয়।

Shri Satyendra Narayan Majumdar : এই ব্যাপারে মালিকদের পক্ষ থেকে প্ররোচনা দেওয়া হয়েছিল সেরকম খবর জানেন কি না ?

The Hon'ble Kali Pada Mookerjee : সেসম্বন্ধে বিশেষ কোন ধারণা নেই, কারণ আমার রিপোর্টে সেরকম কিছু দেখছি না।

Shri Satyendra Narayan Majumdar : আপনি 'ঘ'-এর উত্তরে বলেছেন 'না', কিন্তু আপনি জানেন কি যে পুলিশ বাগানের শ্রমিকদের লাইনে লাইনে ঘুরেছে এবং বলেছে যে তোমরা কাজে যাও ?

The Hon'ble Kali Pada Mookerjee : জানা নেই ; তবে আমার কাছে রিপোর্ট আছে যে পুলিশকে শুধু শান্তিরক্ষার জন্য নিয়োজিত করা হয়েছিল।

Shri Satyendra Narayan Majumdar : শান্তিরক্ষার কাজ তারা কিভাবে করেছে —কোন একটা বিশেষ আদেশ ছিল কি যার ফলে তারা লাইনে লাইনে ঘুরেছিল ?

The Hon'ble Kali Pada Mookerjee : একটা পুলিশ পিকেট নিযুক্ত ছিল তাদের কাজের প্রয়োজনে অনেক জায়গায় ঘুরতে হয়েছিল, হয়ত লাইনের মধ্যেও যেতে হতে পারে।

Shri Satyendra Narayan Majumdar : কাজের সময়, যেসময় কাজ হচ্ছে সেই সময় ধর্মঘট চলাকালীন অবস্থায় শ্রমিকদের লাইনগুলি পুলিশ ঘিরে রেখেছিল—একথা মন্ত্রী মহাশয় জানেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : এ সংবাদ আমার জানা নাই।

Shri Satyendra Narayan Majumdar : আপনি কি জানেন বাইরে থেকে ধর্মঘট ভংগকারী যে সমস্ত শ্রমিক আনা হয়েছে তাদের truckএ করে পুলিশ পাহারা দিয়ে আনা হয়েছে ?

The Hon'ble Kali Pada Mookerjee : এ সংবাদ আমার জানা নাই।

Shri Satyendra Narayan Majumdar : এরকম করে থাকলে তা কি আপনি সমর্থন করেন ?

The Hon'ble Kali Pada Mookerjee : করি না।

Shri Satyendra Narayan Majumdar : আপনি কি জানেন পুলিশ পাহারায় ধর্মঘটভংগকারী শ্রমিক, ধর্মঘটী শ্রমিকদের পাতা তুলে আটক করে ওজন করে দিয়ে গেছে—এটা কি পুলিশের শান্তিরক্ষার কর্তব্য বলে বিবেচিত হয় ?

The Hon'ble Kali Pada Mookerjee : এ সংবাদ আমার জানা নাই।

Shri Bhadra Bahadur Hamal: क्या आपको मालुम है कि जिस वक्त हड़ताल चल रहा था, उस वक्त पुलिस इन्स्पेक्टर पुलिस ले जाकर औरतों का हाथ धरकर जबरदस्ती खींचे ?

The Hon'ble Kali Pada Mookerjee: इस तरह की जबरदस्ती का कोई रिपोर्ट नहीं है।

Shri Satyendra Narayan Majumdar: আপনি কি জানেন পুলিশ যখন এরূপ কাজ করছিল অর্থাৎ ধর্মঘটভংগকারী শ্রমিকদের সাহায্য করছিল তখন Union পক্ষের নেতা জিজ্ঞাসা করলে তারা বলেছিল আমাদের উপর নির্দেশ আছে এরূপ করবার ?

The Hon'ble Kali Pada Mookerjee: এরকম কোন নির্দেশ কোথাও জারী হয়নি।

Shri Bhadra Bahadur Hamal: अभी मिमांसा होने का बाद भी पुलिस वहाँ जाकर वर्कर्स को सताकर उनको जबरदस्ती केस में फँसा रही है। क्या यह बात ठीक नहीं है ?

The Hon'ble Kali Pada Mookerjee: यह बात गलत है।

Shri Bhadra Bahadur Hamal: आपने पहले प्रश्न का जवाब दिया है कि औरतों का हाथ धरकर नहीं खींचा गया है किन्तु क्या औरतों की ओर से कम्प्लेन आने पर उसपर विचार करेंगे।

The Hon'ble Kali Pada Mookerje: जरूर।

Extension of the term of office of the present Inspector-General of Police, West Bengal

*63. (Admitted question No. *134.) **Shri Jatindra Chandra Chakravorty:** Will the Hon'ble Minister in charge of the **Home (General Administration) Department** be pleased to state—

(*a*) if the term of office of the present Inspector-General of Police has been extended ; and

(*b*) if so, the reasons therefor ?

The Hon'ble Kali Pada Moorkerjee :

(1) Yes, by a period of about 2 months from the 3rd January, 1962 to the 31st March, 1962.

(2) In view of the ensuing general elections it is considered necessary in the public interest not to make a change in the post of the Inspector-General of Police. It has accordingly been decided to continue the present incumbent who is a very experienced officer until the elections are over.

Shri Jatindra Chandra Chakravorty : মন্ত্রী মহাশয় কি জানেন যে Indian Police Service Association এবং West Bengal Police Service Associationএ দুটি প্রতিষ্ঠানই Cadre Postএ Extension এবং Re-employment দেবার বিরুদ্ধে মত প্রকাশ করেছে ?

The Hon'ble Kali Pada Mookerjee : তাদের বিরুদ্ধ মত সত্ত্বেও আমরা প্রতিবারেই কিছু না কিছু extension দিয়েছি। হীরেন সরকার মহাশয়ের বেলায়ও দেওয়া হয়েছে, অন্যান্য officerদেরও দেওয়া হয়েছে অল্প periodএর জন্য।

Shri Jatindra Chandra Chakravorty : আর কোন senior officer কি ছিল না যারা এক'মাসের জন্য দায়িত্ব পালন করতে পারে ?

The Hon'ble Kali Pada Mookerjee : Governmentএর বিবেচনায় তাকেই উপযুক্ত বিবেচনা করা হয়েছিল বলে রাখা হয়েছে।

Shri Jatindra Chandra Chakravorty : এতে কি এটাই দাঁড়াচ্ছে না যে অন্যান্য Senior Officersএর উপর Reflection করা হচ্ছে ?

The Hon'ble Kali Pada Mookerjee : না, এরকম হয়নি।

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্য I.G. of Police যার Extension হয়েছে তিনি Health Groundএ Cardiac troubleএর জন্য ছুটির দরখাস্ত করেছিল ?

The Hon'ble Kali Pada Mookerjee : প্রতিটি officer তার Retirementএর আগে ৪ মাসের জন্য ছুটির দরখাস্ত করে, সাধারণতঃ আমরা তাদের ছুটি মঞ্জুর করি না।

Shri Jatindra Chandra Chakravorty : এটা কি ঠিক তিনি Health Groundএ Cardiac troubleএর Preparatory to leave দরখাস্ত করেছিলেন ?

The Hon'ble Kali Pada Mookerjee : যখন Health Groundএ ছুটির জন্য দরখাস্ত করেছিলেন, তখন সেই ছুটি মঞ্জুর করা হয়েছিল।

Shri Jatindra Chandra Chakravorty : এই যে extension দেওয়া হচ্ছে এটা কি Political Groundএ নাকি Administrative Groundএ ?

The Hon'ble Kali Pada Mookerjee : এটা in public interest.

Shri Jatindra Chandra Chakraverty : এটা কি সত্য নয় যে ঘোষচৌধুরী মশায়কে hint দেওয়া হয়েছে তিনি যদি কংগ্রেসকে নির্বাচনের সময় সমর্থন করেন, সাহায্য করেন তাহলে নূতন Post create করে সেখানে তাকে বসান হবে।

The Hon'ble Kali Pada Mookerjee : এটা unmitigated untruth. 'Lie' is an unparliamentary word, I say untruth.

Shri Jatindra Chandra Chakraverty : এই এক্সটেন্সন-এর জন্য বীরেন চক্রবর্তীকে কিছু টাকা দেওয়া হয়েছে কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : এ প্রশ্ন ওঠে না।

Elevation of the road under the Railway Bridge at the junction of Russa Road and Shyamaprosad Mukherjee Road

*64. (Admitted question No. *145.) **Shri Somnath Lahiri :** (*a*) Will the Hon'ble Minister in charge of the **Home (Transport) Department** be pleased to state whether Government are aware that the road under the Railway Bridge at the junction of Russa Road and Shyamaprosad Mukherjee Road, Calcutta, is flooded during the rains causing serious dislocation of traffic ?

(b) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the Government have any plan regarding the elevation of the said Railway Bridge and the road underneath ;

(*ii*) if so, how far the said plan has progressed ; and

(*iii*) if there is any plan for preventing the flooding of the said road till the bridge is elevated ?

[1-10—1-20 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

(a) Yes.

(b) (i) Yes.

(b) (ii) Preliminaries are almost completed and it is expected that the scheme will shortly be taken in hand for execution.

(b) (iii) No.

Shri Somnath Lahiri : Preliminaries কাজ শেষ হয়েছে বলে যা বলছেন তাতে আমি জানতে চাই যে, কি কি কাজ শেষ হয়েছে এবং কি কি কাজ বাকী আছে।

The Hon'ble Bidhan Chandra Roy : The scheme for remodelling the railway overbridge on Russa Road has been finalised and approved by the State Government. The Government of India have agreed to pay a sum of Rs. 13·80 lakhs out of a total estimated cost of 22·5 lakhs which will be incurred in raising the height of the Bridge including the road as well as for laying of a third railway line over the bridge. The balance of the cost will be shared proportionately by the State Government, the Calcutta Improvement Trust, the Calcutta Corporation and the State Transport Corporation. The Calcutta State Transport Corporation has raised a point as to whether it can contribute a share to the cost from its fund. This is being examined. It is expected that the work will be taken in hand shortly. We have no plan for preventing the flooding of the roads.

Shri Somnath Lahiri : আমি জানি ওখানে রেলওয়ের অনেক জমি আছে এবং তাতে হাজার হাজার বাস্তহারা এবং অন্য লোকেরা বাস করছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, পুল তোলার জন্য যা' প্রয়োজন তার চেয়ে অনেক বেশী জমি দখল করবার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ অপেক্ষা করছে বলেই কি প্ল্যান শেষ করতে দেরী হচ্ছে ?

The Hon'ble Dr Bidhan Chandra Roy : আমি জানি ওখানকার যারা স্কোয়াটার্স সোমনাথবাবু তাদের নেতা এবং তিনি মাঝে মাঝে আমার কাছে এসে তাদের দুঃখদুর্দশার কথা বলেন। কাজেই আমি তাঁকে বলছি যে, সেগুলো যখন রেলওয়ের জমি তখন যদি তিনি তাঁদের মধ্যস্থ হয়ে যাতে তাঁরা সেই জমিগুলি ছেড়ে দেয় তার ব্যবস্থা করেন তাহলে তাড়াতাড়ি কাজ হয়। এখন কাজটা আটকে রয়েছে কারণ রেলওয়ের তরফ থেকে ছাড়তে চায় না। তা' ছাড়া সেখানে যে শুধু রিফিউজীই রয়েছে তা' নয়—সেখানে অনেক গরু, মহিষের খাটাল রয়েছে এবং সেই গরু, মহিষ একবার সরিয়ে দিলে আবার সেগুলো এসে উপস্থিত হয়। কাজেই সেখানে যখন এই রকম ধরণের বিভিন্ন রকমের লোক এসে উপস্থিত হয়েছে তখন যদি সোমনাথবাবু একটু সাহায্য করতে অগ্রণী হন তাহলে কাজটা ভালভাবে হয়।

Shri Somnath Lahiri : আমার প্রশ্নের জবাব পেলাম না। তবে আমি গরু, মহিষের নেতা নই কাজেই এবিষয় গরু, মহিষের নেতার কাছে আবেদন করলে ফল পাবেন। যা হোক্ আমার প্রশ্ন হচ্ছে যে, পুল তোলার জন্য যতটা প্রয়োজন তার চেয়ে অনেক বেশী জমি দখল করবার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ বসে আছেন বলেই কি প্ল্যান শেষ করতে দেরী হচ্ছে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : তা' সত্য নয়। তবে ওখানে পুল তোলার কাজটাই একমাত্র কাজ নয়—ওখানে যে দুটি লাইন আছে তার সাথে যাতে আরও দুটি লাইন হয় তার জন্য চেষ্টা করা হচ্ছে এবং সেইজন্য জমি দরকার। আরও দুটি লাইন না হলে কাজ হবে না এবং আপনারা এটা জানেন যে সার্কুলার রেলওয়ে লাইনের জন্য আমি তাঁদের বারেবারে তাগাদা দিচ্ছি। তবে এই জমি রেলওয়ের জমি এবং বিভিন্ন প্রকারের লোক সেই জমি দখল করে বসে আছে।

Shri Somnath Lahiri : উনি জানিয়েছেন যে, সেখানে যে সমস্ত স্কোয়াটার্স আছে তার মধ্যে কিছু রিফিউজী এবং কিছু রিফিউজী নয় এবং গতবার যখন প্রশ্ন করেছিলাম তখন সরকার জানিয়েছিলেন যে যারা রিফিউজী আছে তাদের তাঁরা অলটারনেটিভ্ জমি দেবার চেষ্টা করছেন। কাজেই আমি জানতে চাই যে, তাঁদের সেই চেষ্টা কতদূর অগ্রসর হয়েছে এবং কতদূর বাকী আছে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমি সঠিক সংখ্যা বলতে পারব না তবে অনেকগুলো লোককে সরান হয়েছে। কিন্তু একটা অসুবিধা হচ্ছে যে লোক সরালে তার পিছু পিছু আবার লোক এসে যাচ্ছে, কাজেই মনে হচ্ছে জবরদস্তি একটা কিছু না করলে হবে না।

Shri Dhirendra Nath Dhar : আমরা কি এটা বুঝব পুলটা তুলে নেবার পর যেমন flooding এখন হচ্ছে তেমনিই হবে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : না। আমরা আশা করি উঁচু হয়ে গেলে পর ওখানকার রাস্তাটা উঁচু হয়ে যাবে, কাজে কাজেই flooding হবার সম্ভাবনা কম।

Arrangements for drinking water in rural areas

***65.** (Admitted question No. *148) **Shri Panchanan Bhattacharjee :** Will the Hon'ble Minister in charge of the **Development Department** be pleased to state—

(*a*) whether Government have any proposal to arrange for source of drinking water in rural areas, pursuant to the policy of having one for four hundred villagers ; and

(*b*) if so, will the Government relax the restriction when villagers will come forward with proper and equitable contribution for the expenses pertaining to tube-wells ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : এখন মুস্কিল হচ্ছে যে rural area'র drinking water'এর supplyটা Health Department'এর under এ পড়ে। কারণ, Health Department সমস্ত water supply করে। এটা কেন যে Development Departmentকে দিয়েছে আমি জানি না। মনে হয়, এটা Assembly Secretariat থেকে ঠিক জায়গায় দেয়নি বলে এইরকম হয়েছে। আমরা কালকে এর জবাব দিতে পারি।

Shri Panchanan Bhattacharjee : তাহলে ওটার জবাব কালকে দেবেন।

Mr. Speaker : All right, the answer will be given tomorrow.

Shifting of Dhaniakhali Block Development Office, Hooghly district, to new building

***66.** (Admitted question No. *198.) **Shri Dasarathi Tah :** Will the Hon'ble Minister in charge of the **Development Department** be pleased to state—

(ক) ইহা কি সত্য যে হুগলী জেলার ধনিয়াখালি ব্লক ডেভেলপমেন্ট অফিসগৃহ প্রায় এক বৎসর পূর্বে নির্মিত হওয়া সত্ত্বেও উহা এখনো ভাড়া বাড়ীতেই রহিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Sir, we have referred the matter to the Dhaniakhali Block Development Office to find out the exact position. We have not yet received the answer.

Purchase of A. K. Sarkar Industries Ltd., Barrackpur

***67.** (Admitted question No. *216.) **Shri Jatindra Chandra Chakravorty :** Will the Hon'ble Minister in charge of the **Industries Department** be pleased to state—

(*a*) whether the Government has entered or is going to enter into a deal with A. K. Sarkar Industries Ltd. for purchasing the property of the factory of the Company located on the Barrackpur Trunk Road ;

(*b*) if so, what is the price proposed to be paid or what amount has already been paid to the Company for the purpose ; and

(*c*) what is the valuation of the lands, buildings, machinery and other equipment and who made the valuation ?

The Hon'ble Bhupati Majumdar , (i) The properties in question have been acquired by Government under the L. A. Act 1 of 1894.

(ii) Out of the total estimated valuation of Rs. 14,32,067·69 nP., a sum of Rs. 11,84,375·46 nP. has been paid to the Company, in settlement of their claims in respect of the buildings and machinery. The remaining amount of Rs. 2,47,692 23 nP. being the value of land has been deposited with the Collector, Estates Acquisition.

		Rs.	nP.
(iii)	Land	2,24,692·23	
	Buildings	8,£6,842·86	
	Machinery	2,97,532·60	

1-20—1-30 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন ১৯৫৬ সালে ১৪ লক্ষ টাকা ঠিক করেন এবং তার মধ্যে ১১ লক্ষ টাকা দেওয়া হয়েছে, G. Basu & Co., আপনারা নেবেন এই proposal এর আগে balancesheet এর যে valuation তাতে বলেছেন, Land and shed—এটার valuation তাঁদের মতে ১ লক্ষ ১৯ হাজার ৬৬৪৲ টাকা এবং Plant & Machinery ১৫,৮৩০৲ টাকা অর্থাৎ এই G. Basu & Co.র মতে Total হয় ১১৫,৫০৭৲ টাকা ?

The Hon'ble Bhupati Majumdar : যেটা দাম স্থির হয় ১৯৫৬ সালে Land Acquisition Collector যেটা করে assessment is made on the market price prevailing at the time of the issue of notification under the Said Act.

১৯৫৬ সালের জমির যে দাম ছিল, সেই দাম দিয়ে তাঁরা করেন ; বিল্ডিং যেটা—সেটা P.W.D.র যাঁরা বিল্ডিং সম্বন্ধে expert opinion দেন ; আর মেশিন্তারী সম্বন্ধে Director of Industry'র লোক গিয়ে মেশিন্তারী দেখেন। যখন প্রথম জমি land structure এর কথা হয়েছিল, সেই সময় হোগলাশেডে কাজ হতো—তখন লড়াই পুরাদমে চলছে, সেই সময় ধরগুলি হয়েছিল। তারপর লোহার structure করেছে, উপরে ছাদ করেছে, অনেক নূতন নূতন জিনিষ তারা এনে বসিয়েছে। সমস্ত দল Land Acquisition Collector, P.W.D., Superintending Engineer আলাদা আলাদা করে এবং Industry Department আলাদা আলাদা করে দাম স্থির করেন।

Shri Jatindra Chakravorty : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন ২৪ পরগণার Land Acquisition Collector ১৯৫৬ সালে land ও বিল্ডিং এর জন্য আড়াই লক্ষ টাকা ধরেছিলেন ?

The Hon'ble Bhupati Majumdar : ১৯৫৬ সালে estimate or assessment হয়েছিল ২ লক্ষ ৬৭ হাজার টাকা, তারপর final assessment হয়েছে ২ লক্ষ ৪৮ হাজার টাকা building structure এর জন্য আপনাকে সংবাদ দিচ্ছি ৮ লক্ষ ২৩ হাজার টাকা estimate হয়েছিল ১৯৫৬ সালে, সেটা inclusive S.A. অর্থাৎ যেটুকু compensatory সেটা ধরে। তারপর ৮ লক্ষ ৮৭ হাজার ; মেশিন্তারীর জন্য তখন হয়েছিল ৫ লক্ষ ৪৪ হাজার, সেটা পরে হয় ২ লক্ষ ৯৭ হাজার। এই দুয়েতে সবশুদ্ধ সেই সময় estimate হয়েছিল ১৬ লক্ষ ৩৪ হাজার, তারপর সেটা final করেছি ১৪ লক্ষ ৩২ হাজার টাকা।

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি—Director of Industries তিনি একটি investigating team নিযুক্ত করেছিলেন to make valuation of machinery ৩০।১২।৫৭ তারিখে তাঁরা রিপোর্ট submit করেন তার মধ্যে এই কথাগুলি আছে। The Company did not produce the relevant purchase vouchers and books. So they could not make proper valuation দ্বিতীয়তঃ Most of the machineries are unworkable and Government will not be in a position to utilise the machineries তৃতীয়তঃ Buildings and sheds are in tottering condition and the repairing cost will exceed the purchase value of the land and buildings'. এই রিপোর্ট পাবার পরে—Director of Industries. তিনি 16-1-5 তারিখে Secretary to the Industries Departmentকে এই নোট পাঠান 'It will be seen from the report that A. K. Sarkar & Industries would not substantiate their claim regarding their operational efficiency of the plant and equipment lying at their factory except particularly in case of Pottery section.' একথা কি সত্য ?

The Hon'ble Bhupati Majumdar : আপনি অনেক কিছু উদ্ধৃত করে বলেছেন, সেই সমস্ত খবর আমার কাছে নেই, তা আমি বলতে পারবো না। তবে জানি Director of Industries, তিনি সম্পূর্ণভাবে এই জিনিষটা দেখেছেন এবং তাঁর রিপোর্টগুলি আমরা পড়েছি।

যখন যে অবস্থায় পাওয়া যায় ও সেটা তিনি দিতে বাধ্য ; এবং তাঁর পক্ষে চালু অবস্থায় machineriesগুলি না দেখলে পর, তিনি তার দাম ঠিক করতে পারেন না। সুতরাং তিনি যখন করেছিলেন—

Shri Jatindra Chandra Chakravorty : তিনি নন্, investigating team.

The Hon'ble Bhupati Majumdar : আপনি কোথা থেকে কি খবর সংগ্রহ করে এনেছেন, তার উত্তর দিচ্ছি না। যেখানে যা ঘটনাগুলি হয়েছে সেটা আমি বলে যাচ্ছি। ফাইলের ব্যাপার। (এ ভয়েস—পুকুর চুরির ব্যাপার।) এসব কথা শুনতে ভাল, যেখানে হয়েছে। প্রথমত সংবাদপত্র দিয়ে আন্দোলন করলেন যে এইটার পুরো দাম কি দেওয়া হয়েছে। তখন বলা হল আংশিক মূল্য দেওয়া হয়েছে, এখন বলা হচ্ছে এই সপ্তাহে পজেসন্ নিচ্ছি। Machineries দেখা হয়েছে—কোনগুলি কাজে লাগবে বা লাগবে না। Potteryটা আমরা ব্যবহার করছি। অন্তগুলিও বিবেচনাধীন আছে। আমাদের যে scheme third five year planএ তৈরী হয়ে গিয়েছে, তাতে এইসমস্ত যন্ত্রগুলি ব্যবহৃত হবে : এবং এটা আরও লাভজনক ব্যবসাতে দাঁড়াবে বলে আমার বিশ্বাস। Pottery সম্বন্ধে সংবাদপত্রে নানারকম সংবাদ বেরিয়েছে। চার লাখ টাকার উপর জিনিস বিক্রয় করা হয়েছে ; এবং সরকারের ৫০ হাজার টাকা মুনাফা হয়েছে এতে। Not only that এতে অনেক দরিদ্র উদ্বাস্তু এবং নানারকম লোক সেখান থেকে potteryর জিনিষ নিয়ে উপকৃত হয়। সেইসমস্ত machineries সম্পূর্ণ চালু অবস্থায় পাওয়া গিয়েছে এবং structure এর নূতন যে দাম ধরা হয়েছে তা স্বীকার করে নেওয়া হয়েছে। ১৪ লক্ষ ৪৮ হাজার টাকা আংশিক দাম দেওয়া হয়েছে, পুরা দাম নয়। তাছাড়া জমির দামও রয়েছে। সেটা ল্যাণ্ড এ্যাকুইজিসনের কলেক্টার ঠিক করে দিয়েছেন।

Shri Jatindra Chandra Chakravorty : আমার প্রশ্ন তা নয়। আমার প্রশ্ন হচ্ছে Investigeting team তাঁরা সবকিছু দেখে রিপোর্ট দিয়েছেন। সেখানকার machinery shed, operational efficiency সম্বন্ধে তারা যে রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্ট উনি কি দেখেছেন ? দ্বিতীয়তঃ Secretary of the Industries Department, payment করেছেন Director of Industriesকে consult না করে ; এ কথা কি সত্য ?

The Hon'ble Bhupati Majumdar : না। তখন যিনি Director of Industries ছিলেন, তিনি এবং P.W.D.র Chief, তাঁরা সবাই সেখানে গিয়ে machineries প্রভৃতি সবকিছু দেখে এসেছেন।

Shri Jatindra Chandra Chakravorty : আমার প্রশ্ন তা নয়। Director of Industriesকে সেক্রেটারী consult না করে, সেক্রেটারী নিজে এই ১১ লক্ষ টাকা payment করেছিলেন কি না ?

The Hon'ble Bhupati Majumdar : এইরকম ভাবে কখনও টাকা দেওয়া যায় না। Machineryগুলি working orderএ আছে কিনা দেখে, তার valuation করা হয়েছে এবং structure এর দামও valuation করা হয়েছে। সমস্ত কিছু দেখে, তারপর তাকে গ্রহণ করা হয়েছে সম্পূর্ণভাবে। সমস্ত machinery-গুলির efficiency tested হয়ে গিয়েছে, খুব সম্ভব আগামী সপ্তাহে কাজ আরম্ভ হবে। কাজেই উনি যা বলেছেন তা সত্য নয়। Machinery-গুলি চালু অবস্থাতেই আছে।

Shri Jatindra Chandra Chakravorty : M/s. A. K. Sarkar Industries-এর অন্যতম কর্ণধার এস, এস, ঘোষ, তাঁর জন্যই কি এই ১১ লক্ষ টাকা দেওয়া হল ?

The Hon'ble Bhupati Majumdar : না। In the interest of Commerce and Industries এর জন্য এটা করা হয়েছে।

Shri Jatindra Chandra Chakravorty : আপনার কি জানা আছে—ঐ এস, এন, ঘোষের সঙ্গে ডাঃ বিধান চন্দ্র রায়ের কি সম্পর্ক রয়েছে? এবং তার জন্যই, তাঁকে এই ১১ লক্ষ টাকা দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমার সঙ্গে তাঁর কোন সম্পর্ক নেই। আপনার সঙ্গে কি সম্পর্ক আছে, তাই বলুন। আমি তাঁকে চিনিও না, জানিও না।

Pensions of ex-Government employees

***69.** (Admitted question No. *327.) **Shri Ganesh Ghosh :** (*a*) Will the Hon'ble Minister in charge of the **Finance Department** be pleased to state whether the Government has received during the last few years representations from the ex-Government employees who receive pensions, praying for increment of their amounts of pensions in view of the general rise in the cost of living and in view of not getting the dearness allowance being allowed to be drawn on the pension granted by the Government ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what action the Government have taken by now on their representations ;

(ii) whether the Government consider the desirability of enhancing all amounts of pensions for ex-Government employees up to Rs. .00 by a reasonable amount with a view to lessen the hardship on the retired employees ; and

(iii) if not, what are the reasons ?

***The Hon'ble Dr. Bidhan Chandra Roy :**

(a) Yes.

(b) These representations are under consideration of Government.

One of the recommendations of the Pay Committee is the merging of the existing dearness allowance in basic pay. This recommendation has been accepted and it will automatically lead to an increase in the amount of pension of employees who are due to superannuate in future. Government is examining the question of increasing the amount of pension of low-paid employees who have already superannuated.

Sir, on the 9th March Dr. Srikumar Banerjee wrote to me a letter, as Chairman of the Government Pensioners' Association, and I advised him that we are considering this question and that we will give final answer after the Pay Committee has reported. As I have already said, the Pay

Committee has recommended fusion of the dearness allowance with the basic salary. Government of India and following that the Government of West Bengal, have made temporary increases in pension on the 1st January, 1945, as follows.

[1-30—1-40 p.m.]

Pension exceeding Rs. 20/- but not exceeding Rs. 60/- —Rs. 5/- per month ; pension exceeding Rs. 60, but not exceeding Rs. 100/- —Rs. 6 per month. After the merging of the dearness allowance with the basic pay the Government of India, according to the Second Pay Commission, has revised the rates of pension as follows : Pension not exceeding Rs. 50/- —Rs. 10/- per month ; pension exceeding Rs. 50/-, but not exceeding Rs. 100/- Rs 12·50 nP. per month and pension above Rs. 100 per month bringing the total to Rs. 112·50 NP. We have accepted the Government of India's recommendation, but it is only fair that those who have retired already should be given some benefit, specially those who are getting small amount of pension. We intend to follow the revised pattern of the Government of India, viz. that pensioners who are getting pension not exceeding Rs. 50/-, Rs. 10/- should be increased, those who are getting between Rs 50/ and Rs. 100/- Rs. 12-50 NP. should be increased, i.e. those pensioners who are getting Rs. 100/- per month, such increase will bring the total pension to Rs. 112-50 NP.

Shri Gonesh Ghosh : এই যে আপনি বললেন, Total pension যারা পাচ্ছে তারা Rs. 112 and a half বেশী পাবে না, এটাই কি আপনাদের decision ? এটা clear হল না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : যারা ৫০ টাকার কম পায় তারা ১০৲ টাকা পাবে ; যারা ৫০ থেকে ১০০ টাকা পায় তারা ১২·৫০ পাবে ; এবং যারা ১০০ টাকার উপর পায় তাদের এমনভাবে increase করা হবে যাতে তাদের ১১২·৫০ টাকার বেশী pension না হয়।

Laying of Annual Report of the Public Service Commission, West Bengal, for the year ending 31st March, 1958

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg leave to lay before the House the Annual Report of the Public Service Commission for 1957-58.

Calling attention to matters of urgent public importance

The Hon'ble Prafulla Chandra Sen : Relating to calling attention motion by Shri Deben Sen, the Ministry of Rehabilitation sanctioned either grants or loans or lons and grants together amounting to Rs. 1,110/- to displaced political sufferers. Most of these families have been granted loans, purchase loans, house-building loans. The Political Sufferers' Association has been making representation that the grantees have been

unable to find land for purchase at Rs. 1000/- for three katas in municipal areas. The grantees further tried to find land in municipal areas and the State Government wrote to the Minister of Rehabilitation to relax conditions to some extent in favour of political sufferers.

But the Ministry of Rehabilitation, I am sorry to say, have informed us that they are unable to make a distinction between the political sufferers and other refugees. Realising the genuineness of the difficulty the State Government have, on its own authority, been exploring the little discretion left in the instructions issued from time to time by theMinistry of Rehabilitation, and the State Government have just issued orders permitting the political sufferers to buy three *katas* of land in municipal areas at Rs. 1,000 even though the plots may not be located on a big road but are situated in an area which is in the vicinity of a big road. The condition that the valuation must be approved by the Collector of a District is found suitable in order to prevent artificial valuation. This rule is enforced in all *binanama* cases. It is hoped that a little relaxation will help the political sufferers. The State Government are not permitted to acquire land for non-campers. Even such acquisition is now taken up, the completion of the acquisition proceedings and development work will take at least two yeers and it will be of little help to the families concerned. Therefore, the families should, in their own interest, take advantage of the relaxation granted by the State Government and secure plots by themselves and draw both land purchase and house-building loans as quickly as possible.

Statement re : Shops and Establishments Bill

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : The honourable members will recall that the Shops and Establishments Bill which was introduced in March last but was not passed by the Assembly was programed for being taken up this session but it appears that the provisions of the Bill have roused considerable feelings in various quarters. It is, therefore, found desirable that we should, in the light of the criticisms made through amendments of the Bill given notice of by the members of this House, through various representations from difierent parties as well as through communications from individuals, carefully go into the provisions of the Bill again before it is finalised in the Assembly. Therefore, we do not propose to take this Bill up in this session. On the other hand the Government feel that there are certain salient points in the Bill which should be given effect to as early as possible. They are as follows:—

(1) The provision for reduced hours of work of an employee by the day or by the week ;

(2) the provision for rest in the day for an employee for half an hour ;

(3) the provision for enforcing the payment to the employees under the Payment of Wages Act ;

(4) the measure to introduce registration of all shops unless a certain class of them is excluded for any particular object by the Government ;

(5) the hours of work indicated in (1) above may be extended or modified by the Government on certain important occasions like the Pujas.

(6) each employee is to get one and a half day's rest in the week. This period should be consecutive and, as far as possible, enforced on zonal or area basis ;

সেদিক দিয়ে একথা সত্য, আজকে বিচার করতে হবে এই ভাষানীতি স্থির করতে গিয়ে বাংলার যে গণতান্ত্রিক ঐতিহ্য, সেই ঐতিহ্য নিয়ে আমরা কি নীতি নিয়ে অগ্রসর হতে পারি। মুখ্যমন্ত্রীদের দিল্লী সম্মেলনে যে নীতি এ সম্বন্ধে গৃহীত হয়েছে, যার কথা এখানে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, সে সম্বন্ধে পুথিপত্র যা দেওয়া হয়েছে, তা পড়েছি, তার মধ্যে অনেক ভাল ভাল কথা হয়েছে, অনেক দূর তাঁরা অগ্রসর হয়েছেন। এখন প্রশ্ন হলো—১৯৬১ সালে এটা না হয়ে আরো কয়েক বৎসর আগে আইনে পরিণত করা যেত, সংবিধানের কতকগুলি ধারাতে সীমাবদ্ধ করে না রেখে বিভিন্ন ভাষার সুযোগ দেওয়া হতো, তাহলে এখন আর এ প্রশ্ন উঠতো না। সেইজন্য বিধান সভায় আবেদন জানাবো—এই প্রশ্নে কোন রাজনৈতিক দলের হিসেবে বিচার না করে—বাংলাদেশের যা গণতান্ত্রিক ঐতিহ্য, যে ঐতিহ্য আমরা গতবারও দেখেছি আসাম দাঙ্গার সময়—, সেখানে আসামে সংখ্যালঘুদের অধিকার রক্ষার দাবীর মধ্য দিয়ে তারা সমস্ত ভারতের ভাষাগত ও সম্প্রদায়গত সংখ্যালঘুদের প্রশ্ন তুলে ধরেছিল। তখন তারা প্রাদেশিকতার বিষময় উন্মাদনায় ভেসে যায়নি। সেই সময় জাতীয় ঐক্যের প্রশ্ন তুলে ধরে এবং সেই দৃষ্টি দিয়ে নিজেদের ভাষার প্রতিষ্ঠা এবং সংখ্যালঘুদের ভাষার যে অধিকারের প্রশ্ন, সেই প্রশ্নকে তখন আমরা বিচার করেছি। এখন দার্জিলিংএ নেপালীভাষার প্রশ্ন এসেছে। প্রথমদিকে সরকারের যে ধারণা হয়েছিল এই আইনে নেপালী ভাষার প্রশ্ন আসবে না; সেই ধারনা যেমন ভুল ছিল, তেমনি বিপজ্জনকও ছিল। সংখ্যালঘুদের মনে একটা আশংকা থাকবে—এই আইনে সংখ্যালঘু নেপালী ভাষার উল্লেখ না থাকলে তাদের মনে প্রশ্ন জাগতো আমাদের উপেক্ষা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন—তা পালন করা হবে না। কিন্তু সুখের বিষয় মুখ্যমন্ত্রীমহাশয় তাঁর উপদেষ্টাদের কাছ থেকে যে উপদেশ পেয়েছেন, তাতে সকল সন্দেহ দূরীভূত হয়েছে।

নেপালী ভাষার প্রশ্নকে আরো বিচার করতে হবে। কোন দিক্ দিয়ে তা করতে হবে বলি। গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী দিয়ে এই সমস্যার সমাধান আপনাদের কাছে উপস্থিত করবো। তা আপনারা

ন্যায়সঙ্গত বলে গ্রহণ করবেন, কোন্ ভাষা ও শব্দ গ্রহণ করা যাবে তা বিচার করবেন। নেপালী ভাষীদের দাবী তাঁরা এখনো অনুন্নত, তাঁদের ভাষা অনেক পেছনে পড়ে আছে, তাঁরা চান স্বাধীন ভারতের বিবিধের মাঝে মিলন মহান, বৈচিত্র্যের মধ্যে ঐক্য, এর মধ্যে নিজেদের ভাষা ও সংস্কৃতির বৈশিষ্ট্যকে ফুটিয়ে তুলে অবদান দিতে চান। ভারতের জীবন থেকে ঐতিহ্য থেকে তাঁরা বিচ্ছিন্ন হয়ে যেতে চান না। সাময়িকভাবে উগ্রবাদীরা এর বিরোধিতা করবেন তাও আমি জানি। তবে নেপালীভাষীদের মধ্যে স্থির মস্তিষ্কের যাঁরা আছেন তাঁরা বাংলা থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে চান না। তাঁরা চান তাঁদের দাবী তাঁদের ভাষাকেও রূপ দিতে হবে, সুযোগ দিতে হবে যাতে তা বিকশিত হতে পারে। একথা সত্যি যে নেপালী ভাষায় Text book এর খুব অভাব রয়েছে। এছাড়া আরো অনেক ব্যাপার সেখানে রয়েছে। আমাদের মিঃ হামাল পরে সেকথা বলবেন। প্রত্যেক ব্যাপারেতে তাদের মনে খোঁচা দেয়।

পুরানো ইতিহাসে দেখতে পাই বৃটিশ সাম্রাজ্যবাদ যখন ছিল, তখন তাঁরা চেষ্টা করেছিলেন দার্জিলিংএর পার্বত্য অঞ্চলে ভারতের স্বাধীনতা আন্দোলনের ঢেউ যেন গিয়ে না পৌছায়। সেইজন্য তাঁরা সেই আন্দোলন থেকে তাদের বিচ্ছিন্ন করে রাখবার চেষ্টা করেছিলেন। আর ইংরেজ সাম্রাজ্যবাদের অনুচর চাকররা ভারতের স্বাধীনতা আন্দোলন থেকে তাদের বিচ্ছিন্ন করে রাখবার জন্য তাদের মধ্যে বাঙ্গালী বিদ্বেষ প্রচার করেছিলেন। আসামেও বাঙ্গালীর বিরুদ্ধে ইংরেজ চা কররা উস্কানী দিয়ে যাচ্ছে। আমরা শুনছি দার্জিলিং এর গীর্জায় গীর্জায় দার্জিলিং এর পাদ্রীরা তাদের পরিচালিত স্কুলে ইংরেজী পড়তে বাধ্য করে ও বাংলাভাষার বিরুদ্ধে তারা উস্কানী দেয়। এই ঐতিহাসিক পটভূমিকায় এটা মনে রাখতে হবে নেপালী ভাষা বিকশিত হবার দাবীর জন্য আমরা আশঙ্কা বোধ করছি না।

তারপর কাছাড়ের আন্দোলন যখন সুরু হল, সেখানকার বাঙ্গালী জনসাধারণ বাংলা ভাষার দাবীর অধিকার নিয়ে আন্দোলন সুরু করলেন এবং আমরা যখন তাদের দাবী সমর্থন করলাম, তখন সেই সূত্র নিয়ে দার্জিলিং এর নেপালী ভাষীরা প্রেরণা পান। তাঁরা যদি দেখাতে পারেন যে আমাদের বাংলাদেশের গণতান্ত্রিক মানুষের কাছ থেকে, আমরাও আশা করতে পারি যে আমাদের নেপালী ভাষা বিকাশের পূর্ণ সুযোগ পাবো, তাহলে সেটা কি অন্যায় হবে? সেটা কি জাতীয় ঐক্য ও শক্তিকে পার্বত্য অঞ্চলে দুর্বল করে দেবে? আমার মনে হয় সকলেই স্বীকার করবেন, তা নয়। যারা সংখ্যালঘু, যারা অবজ্ঞাত ছিল, যারা উপেক্ষিত ছিল, তাদের বিকাশের দাবীকে যদি আমরা স্বীকার করে নিতে সাহায্য করি, তাহলে তাদের সঙ্গে আমাদের যে হৃদয়ের যোগ ও ঐক্য, তাকে আরও অনেক সুদৃঢ় করে তুলতে পারি। তারপর প্রশ্ন এসেছে এই জিনিষটা বাস্তব দৃষ্টি দিয়ে বিচার করতে হবে। শ্রীশঙ্করদাস ব্যানার্জি মহাশয় একটা সংশোধনী দিয়েছেন এবং ডাঃ ঘোষও বললেন যে ন্যায়-বিচারের দিক থেকে নেপালী ভাষার দাবীকে গ্রহণ করা উচিত। কিন্তু সঙ্গে সঙ্গে তাঁর মনে এই আশঙ্কা রয়েছে যে সেখানে যদি বাংলা ও নেপালী পাশাপাশি চলে তাহলে নেপালী উপেক্ষিত হয়ে যাবে। আমরা দেখছি ইংরাজী এবং বাংলা পাশাপাশি চলেছে, একসঙ্গে চলেছে, কিন্তু বাংলা দুয়োরাণী হয়ে রয়েছে। তারাও সেই আশঙ্কা করেন। তাঁরা মনে করেন যে বাংলা ও নেপালী যদি পাশাপাশি চলে তাহলে নেপালী ভাষা 'দুয়োরাণী' হয়ে যাবে, আরও উপেক্ষিত হয়ে যাবে। আমি খুব বিনীতভাবে ডাঃ ঘোষকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, যদিও আমি একটা বিশেষ রাজনৈতিক দলের লোক, তবে ঘটনাক্রমে দার্জিলিং এর নেপালী ও বিভিন্ন ভাষাভাষী শ্রমিক শ্রেণীর মধ্যে আমাকে কাজ করতে হয়। হয়ত আমার মতের সঙ্গে তাঁর পার্থক্য থাকতে পারে। কিন্তু, তারা অনেক ক্ষেত্রে যোগসূত্রের জন্য, অনেক কিছু জিজ্ঞাসা করতে আমার কাছে আসেন। তাই আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি আমি সেই সমস্ত জিনিষগুলি নিয়ে বিচার

করে দেখেছি। তারা আজ আমাদের সামনে নেপালী ভাষার যে দাবী উত্থাপন করেছেন, তা আমি বিচার বিশ্লেষণ করে দেখেছি। দার্জিলিং জেলা এক-ভাষাভাষী অঞ্চল নয়। ঐ পার্বত্য অঞ্চলে নেপালী ভাষাভাষী সংখ্যাগরিষ্ঠ অধিবাসী যেখানে রয়েছে, সেখানে অন্য ভাষাভাষী অনেক সংখ্যালঘু সম্প্রদায়ও রয়েছেন। আবার শিলিগুড়িতে বাঙ্গালী সংখ্যাগরিষ্ঠ অধিবাসীরা যেখানে রয়েছেন, সেখানে অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের অধিবাসীরাও রয়েছেন। তাহলে গণতন্ত্রের দিক দিয়ে এই সমস্যা সমাধান কি করে হবে? বাস্তবে কার্যত এই মীমাংসার সমাধান কি হওয়া উচিত! আমরা চাই সেখানে একটা বাস্তব সমাধান করি। সমগ্র জেলা হিসাবে দার্জিলিং জেলা দ্বিভাষী। কাজেই যে পার্বত্য অঞ্চলে দার্জিলিং যেখানে নেপালীরা সংখ্যাগরিষ্ঠ, যেখানে নেপালী ভাষায় যাবতীয় সরকারী প্রশাসনিক কাজে চলবে। শিলিগুড়ি জেলায় ও তরাই অঞ্চলে বাংলায় প্রশাসনিক কাজ চলবে। দার্জিলিংএ যাঁরা সংখ্যালঘু সম্প্রদায়, অর্থাৎ বাঙ্গালী এবং লেপচা ও ভুটিয়া—তাদের নিজেদের মাতৃভাষায় শিক্ষালাভের অধিকার থাকবে। তাঁরা নিজেদের মাতৃভাষায় সরকারের কাছে দরখাস্ত করতে পারবেন এবং চিঠির জবাবও দিতে পারবেন। তেমনি শিলিগুড়ি অঞ্চলে নেপালী ভাষী যাঁরা রয়েছেন, তাঁরাও তাঁদের নিজেদের মাতৃভাষায় সরকারের কাছে দরখাস্ত প্রভৃতি করতে পারবেন। সমগ্র জেলার জন্য যে সমস্ত সার্কুলার, নোটিশ ইত্যাদি প্রকাশিত হবে সেগুলি বাংলা, হিন্দী ও নেপালীতে প্রচার করতে হবে। হিন্দী এইজন্য বলছি যে ঐ তরাই অঞ্চলে চা-বাগানে যারা রয়েছেন তাঁরা অনেকেই হিন্দী বোঝেন। হয়ত এখানকার অধিবাসীদের ভাষাটা যতটা উন্নতি হওয়া উচিত ছিল, ততটা হয়নি; বা বিশেষ চেষ্টা করা হয়নি। এখন প্রশ্ন হল—এই যে আমরা নিজেদের কথা বলছি, এতে কি করে ডাঃ ঘোষের আশঙ্কার কারণ আসতে পারে? তাহলে যারা সংখ্যালঘু রয়েছেন তাদের বিপদ হবে। আর পার্বত্য অঞ্চলে যারা অ-নেপালী রয়েছেন, যাঁরা নেপালী ভাষা খুব ভাল জানেন ও বোঝেন, তাদের সেখানে প্রশাসনিক কাজকর্ম নেপালী ভাষায় চললেও, তাদের কোন ক্ষতি হবে না। আজ বাংলায় শুধু নয়, ভারতবর্ষের অন্য জায়গাতেও এই প্রশ্ন উঠেছে। যেমন আমাদের এখানে হিন্দী ফেডারেল ইণ্ডিয়ান ল্যাংগওয়েজ হিসাবে হচ্ছে, হিন্দীকে বলতে পারিনা বাংলায় তা প্রবেশ করবে না। হিন্দী ভাষার দ্বারা আমাদের স্বার্থ বিনষ্ট হবার বা বিপন্ন হবার আশঙ্কা নেই। তেমনি দার্জিলিংএ যখন সমগ্র প্রশাসনিক সরকারী কাজ বাংলা ভাষায়ও হচ্ছে, তখন দার্জিলিংএ বাংলা বিপন্ন হবে, এ প্রশ্ন ওঠে না বা বাংলা ভাষা সেখানে প্রবেশ করতে পারবেনা, তা নয়। নেপালীকে যদি অতিরিক্ত সরকারী ভাষা হিসাবে formula করা হয়, তাহলে বুঝবো এই প্রশ্ন আসবে। একটা হবে যে ঐ পার্বত্য অঞ্চলে নেপালী চলবে প্রশাসনিক ভাষা হিসাবে, সরকারী চিঠিপত্রে, নথিপত্রে আর তা নাহলে অন্য যেটা হবে, সেটা অবাস্তব।

[3-10—3-20 p.m.]

সেটা হল নেপালী ভাষায় সব করার মত প্রশাসনিক ব্যবস্থা বা যন্ত্র হয়নি। কাজেই সেখানে বাংলা প্রবেশের অধিকার ইত্যাদি এরকম প্রশ্ন নেই। কিন্তু কার্যতঃ এই চলছে। যদি বলে দেন সমগ্র দার্জিলিং জেলায় এই জিনিষ চলবে তাহলে শিলিগুড়ির বাঙালীদের উপর অবিচার করা হবে এবং পার্বত্য অঞ্চলের যারা নেপালী ভাষাভাষী তাদের আইনতঃ অধিকার দেওয়া যাচ্ছে—কিন্তু কার্যতঃ তাদের ভাষা বিকাশের সুযোগ যদি না দেন, ওখানকার লোকেরা প্রশাসনিক ব্যবস্থা বুঝবার সুযোগ না পায় তাহলে সেদিক থেকে তাদের বঞ্চিত করা হল। সেইজন্য আমি গণতান্ত্রিক সমাধান হিসাবে এই জিনিষ উপস্থিত করেছি—এতে কারও ক্ষতি হবে না। দ্বিতীয় কথা—ওই জাতীয়

ঐতিহ্যের কথা থেকেই বলছি। সেদিক থেকে আমি যেটা বলছি যে ওখানে যারা সরকারী কর্মচারী যাবেন তাদের নিশ্চয়ই নেপালী ভাষা শিখতে হবে। নেপালী ভাষাভাষীদের আমি এই আবেদন জানাচ্ছি যে তাদের উপর বাংলা ভাষা চাপাতে আমরা চাই না, কিন্তু তাদের প্রয়োজনে তাদের বাংলাভাষা শিখতে হবে—উচ্চশিক্ষার জন্য, চাকুরীর জন্য এবং নিজেদের জ্ঞান বৃদ্ধির জন্য। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে আদানপ্রদানের জন্য তাদের বাংলা শিখতে হবে। আমাদের অভিজ্ঞতা থেকে বলছি গণতান্ত্রিক নেপালী যাঁরা তাঁরা বাংলা ভাষার বিরুদ্ধে নয়। আমার বন্ধু শ্রীহামাল যখন detenu ছিলেন তখন তিনি বাংলা ভাষা শিখেছিলেন। বাংলায় যাঁরা রাজনীতি করেন তাঁদের বাংলা খবরের কাগজ পড়তে হয়। সংখ্যালঘু হিসাবে তাদের যে আশংকা সেটা মনে রাখতে হবে, তাদের আমরা বুঝাব তারা ঠিক সুযোগ সুবিধা পাচ্ছেন—সেটা দেখিয়ে তাদের আমরা টেনে আনব। রবীন্দ্রনাথ যা বলেছেন—দেবে আর নেবে,– সেই অনুভূতি থেকে আমরা অগ্রসর হব, তাহলে এই সমস্যার সমাধান হবে। সেজন্যে আমি আবেদন জানাচ্ছি—আজ যখন জাতীয় ঐক্যের দিক থেকে বিপদ আসছে, যেখানে আজকে বিভেদ শক্তি মাথা তুলছে—এই বাস্তব অবস্থা যখন সামনে রয়েছে তখন সেটা দেখে সমস্যা সমাধানের যেটা সত্যিকারের পথ সেটা বেছে নিতে হবে। আমাদের বাংলাদেশের যে গণতান্ত্রিক ঐতিহ্য আছে তাতে আমাদের পিছিয়ে পড়বার কোন কারণ নেই। মহামতি গোখলে একদিন বলেছিলেন—বাংলাদেশ আজ যা চিন্তা করে সমস্ত ভারতবর্ষ কাল তা চিন্তা করে। সেকথা মনে করে আমরা আজও গর্ব অনুভব করছি। তারপর বহুদিন চলে গেছে। আমি আমাদের মাতৃভাষার মর্যাদার প্রতিষ্ঠার মধ্য দিয়ে সমস্ত সংখ্যালঘুদের ভাষাকে মর্যাদার দিকে এগিয়ে নিয়ে যাবার আহ্বান জানাতে চাই। নিজেদের অধিকার প্রতিষ্ঠার মধ্য দিয়ে সংখ্যালঘুদের যে অধিকার তার প্রতিষ্ঠার দিকে এগিয়ে যেয়ে আবার আমরা ভারতবর্ষের সামনে নতুন আদর্শ দেখাই। জাতীয় ঐক্য আমরা শক্তিশালী করে সমস্ত ভারতবর্ষকে আমরা আবার নিয়ে যাব। এই আমার বক্তব্য।

Shri Hemanta Kumar Basu : স্পীকার মহোদয়, তিন বৎসর পূর্বে আমরা এখানে ভাষা সম্বন্ধে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম, সেই প্রস্তাব অনুসারে আজ এখানে বাংলা ভাষাকে রাষ্ট্রীয় ভাষা, official language, হিসাবে গ্রহণ করার জন্য ডাঃ বিধানচন্দ্র রায় এই বিল এনেছেন। এবং এই বিলে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের প্রদেশে Darjeeling districtএর hill areaতে যারা নেপালী ভাষায় কথা বলে, তাদের স্বার্থ রক্ষা করার জন্যও, তারা যাতে তাদের ভাষার মধ্যে দিয়ে তাদের কৃষ্টি, তাদের সাধনা, তাদের সংস্কৃতি গড়ে তুলতে পারে তার provision এর মধ্যে রয়েছে। কাজেই সে দিক থেকে বিবেচনা করে বাংলা ভাষাকে বাংলার রাষ্ট্রভাষা করার দিক দিয়ে যে বিল এখানে এসেছে নিশ্চয়ই সেই বিলকে আমরা সকলে সমর্থন জানাবো। বাংলা বাঙালীর মাতৃভাষা। বাঙালীরা এই ভাষাতেই কথাবার্তা বলা, এই ভাষাতেই চিন্তা করা বহুদিন থেকেই করে আসছে, এই ভাষাকেই তারা সম্মান দিয়ে এসেছে। যার জন্য সারা ভারতবর্ষের মধ্যে এই ভাষা একটা বিশিষ্ট স্থান অধিকার করে আছে। কাজেই সেই ভাষাকে এতদিন পর্যন্ত আমরা রাষ্ট্রভাষা হিসাবে গ্রহণ করতে পারিনি এটা খুবই দুঃখের কথা। যাই হোক্, আজ যে প্রস্তাব এসেছে এর দ্বারা আমাদের বাংলাভাষা যাতে আরো সমৃদ্ধিশালী হয় তার ব্যবস্থা করতে হবে। ইংরাজী ভাষা ভারতবর্ষে আসার পরও ভারতের বিভিন্ন ভাষা থেকে আমরা প্রায় ২ শত শব্দ গ্রহণ করেছি। কাজেই বাংলা ভাষাকে আমরা যদি আরো সমৃদ্ধশালী করতে চাই তাহলে এতদিন ইংরাজী ভাষার সংগে যোগাযোগ থাকার জন্য ইংরাজী ভাষার অনেক কথা যা নাকি আমাদের ভাষায় এসেছে, যা নাকি গ্রামের লোকেরা পর্যন্ত বুঝতে পারে, জানতে পারে তার যেভাবে পরিভাষা করার ব্যবস্থা হচ্ছে তা লোকে সহজে বুঝতে পারবে না। কাজেই ভাষা যাতে সহজ হয়, সরল হয়, তার ব্যবস্থা করতে

করে দেখেছি। তারা আজ আমাদের সামনে নেপালী ভাষার যে দাবী উত্থাপন করেছেন, তা আমি বিচার বিশ্লেষণ করে দেখেছি। দার্জিলিং জেলা এক-ভাষাভাষী অঞ্চল নয়। ঐ পার্বত্য অঞ্চলে নেপালী ভাষাভাষী সংখ্যাগরিষ্ঠ অধিবাসী যেখানে রয়েছে, সেখানে অন্য ভাষাভাষী অনেক সংখ্যালঘু সম্প্রদায়ও রয়েছেন। আবার শিলিগুড়িতে বাঙ্গালী সংখ্যাগরিষ্ঠ অধিবাসীরা যেখানে রয়েছেন, সেখানে অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের অধিবাসীরাও রয়েছেন। তাহলে গণতন্ত্রের দিক দিয়ে এই সমস্যা সমাধান কি করে হবে? বাস্তবে কার্যত এই মীমাংসার সমাধান কি হওয়া উচিত! আমরা চাই সেখানে একটা বাস্তব সমাধান করি। সমগ্র জেলা হিসাবে দার্জিলিং জেলা দ্বিভাষী। কাজেই যে পার্বত্য অঞ্চলে দার্জিলিং যেখানে নেপালীরা সংখ্যাগরিষ্ঠ, যেখানে নেপালী ভাষায় যাবতীয় সরকারী প্রশাসনিক কাজে চলবে। শিলিগুড়ি জেলায় ও তরাই অঞ্চলে বাংলায় প্রশাসনিক কাজ চলবে। দার্জিলিংএ যাঁরা সংখ্যালঘু সম্প্রদায়, অর্থাৎ বাঙ্গালী এবং লেপচা ও ভুটিয়া—তাদের নিজেদের মাতৃভাষায় শিক্ষালাভের অধিকার থাকবে। তাঁরা নিজেদের মাতৃভাষায় সরকারের কাছে দরখাস্ত করতে পারবেন এবং চিঠির জবাবও দিতে পারবেন। তেমনি শিলিগুড়ি অঞ্চলে নেপালী ভাষী যাঁরা রয়েছেন, তাঁরাও তাঁদের নিজেদের মাতৃভাষায় সরকারের কাছে দরখাস্ত প্রভৃতি করতে পারবেন। সমগ্র জেলার জন্য যে সমস্ত সার্কুলার, নোটিশ ইত্যাদি প্রকাশিত হবে সেগুলি বাংলা, হিন্দী ও নেপালীতে প্রচার করতে হবে। হিন্দী এইজন্য বলছি যে ঐ তরাই অঞ্চলে চা-বাগানে যারা রয়েছেন তাঁরা অনেকেই হিন্দী বোঝেন। হয়ত এখানকার অধিবাসীদের ভাষাটা যতটা উন্নতি হওয়া উচিত ছিল, ততটা হয়নি; বা বিশেষ চেষ্টা করা হয়নি। এখন প্রশ্ন হল—এই যে আমরা নিজেদের কথা বলছি, এতে কি করে ডাঃ ঘোষের আশঙ্কার কারণ আসতে পারে? তাহলে যারা সংখ্যালঘু রয়েছেন তাদের বিপদ হবে। আর পার্বত্য অঞ্চলে যারা অ-নেপালী রয়েছেন, যাঁরা নেপালী ভাষা খুব ভাল জানেন ও বোঝেন, তাদের সেখানে প্রশাসনিক কাজকর্ম নেপালী ভাষায় চললেও, তাদের কোন ক্ষতি হবে না। আজ বাংলায় শুধু নয়, ভারতবর্ষের অন্য জায়গাতেও এই প্রশ্ন উঠেছে। যেমন আমাদের এখানে হিন্দী ফেডারেল ইণ্ডিয়ান ল্যাংগওয়েজ হিসাবে হচ্ছে, হিন্দীকে বলতে পারিনা বাংলায় তা প্রবেশ করবে না। হিন্দী ভাষার দ্বারা আমাদের স্বার্থ বিনষ্ট হবার বা বিপন্ন হবার আশঙ্কা নেই। তেমনি দার্জিলিংএ যখন সমগ্র প্রশাসনিক সরকারী কাজ বাংলা ভাষায়ও হচ্ছে, তখন দার্জিলিংএ বাংলা বিপন্ন হবে, এ প্রশ্ন ওঠে না বা বাংলা ভাষা সেখানে প্রবেশ করতে পারবেনা, তা নয়। নেপালীকে যদি অতিরিক্ত সরকারী ভাষা হিসাবে formula করা হয়, তাহলে বুঝবো এই প্রশ্ন আসবে। একটা হবে যে ঐ পার্বত্য অঞ্চলে নেপালী চলবে প্রশাসনিক ভাষা হিসাবে, সরকারী চিঠিপত্রে, নথিপত্রে আর তা নাহলে অন্য যেটা হবে, সেটা অবাস্তব।

[3-10—3-20 p.m.]

সেটা হল নেপালী ভাষায় সব করার মত প্রশাসনিক ব্যবস্থা বা যন্ত্র হয়নি। কাজেই সেখানে বাংলা প্রবেশের অধিকার ইত্যাদি এরকম প্রশ্ন নেই। কিন্তু কার্যতঃ এই চলছে। যদি বলে দেন সমগ্র দার্জিলিং জেলায় এই জিনিষ চলবে তাহলে শিলিগুড়ির বাঙালীদের উপর অবিচার করা হবে এবং পার্বত্য অঞ্চলের যারা নেপালী ভাষাভাষী তাদের আইনতঃ অধিকার দেওয়া যাচ্ছে—কিন্তু কার্যতঃ তাদের ভাষা বিকাশের সুযোগ যদি না দেন, ওখানকার লোকেরা প্রশাসনিক ব্যবস্থা বুঝবার সুযোগ না পায় তাহলে সেদিক থেকে তাদের বঞ্চিত করা হল। সেইজন্য আমি গণতান্ত্রিক সমাধান হিসাবে এই জিনিষ উপস্থিত করেছি—এতে কারও ক্ষতি হবে না। দ্বিতীয় কথা—ওই জাতীয়

হচ্ছে সেটা ঠিক সংগত নয়। যে ভাষায় একটা লোক তাঁর শিক্ষা সংস্কৃতি ও কৃষ্টি সম্যক গড়ে তুলতে পারে তা ভিন্ন অন্য ভাষা তাঁর উপর জোর করে চাপান উচিত নয়। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jatindra Chandra Chakravorty: মাননীয় স্পীকার মহাশয়, যে বিল আমাদের সামনে উপস্থিত হয়েছে সেই বিলকে অভিনন্দন জানাতে পারলে খুসী হতাম, কারণ ১৯৫৮ সালে বাংলা ভাষা সরকারী ভাষা হোক এই প্রস্তাব উত্থাপন করার সৌভাগ্য এই বিধানসভায় আমাদের হয়েছিল, এবং সেই প্রস্তাব এক সংশোধনী সহকারে গৃহীত হয়েছিল—এই কথা এই বিলের statement of objects and reasonsএ মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আজ আমি তাঁকে অভিনন্দন জানাতে পারছি না এই বিল আনার জন্য। তার কারণ হচ্ছে, সরকারের কাছে সেদিন আমরা দুটো দাবী করেছিলাম। প্রথম দাবী ছিল, কোন একটা শুভকাজ যদি করতে হয়, একটা শুভলগ্ন দেখে করা হয়ে থাকে। আমরা চেয়েছিলাম একটা বিশেষ শুভলগ্নে এই শুভকাজ আরম্ভ হোক, অর্থাৎ রবীন্দ্রশতবার্ষিকী শেষ হবার আগে বাংলা ভাষা এই রাজ্যে সার্বজনীন প্রতিষ্ঠা ও প্রয়োগ লাভ করুক। এটা আমাদের দাবী ছিল। এবং আমরা এও চেয়েছিলাম এই প্রতিষ্ঠা ও প্রয়োগ সুষ্ঠু ও সুপরিকল্পিতভাবে এবং সামগ্রিকভাবে হবে, অর্থাৎ আমরা চেয়েছিলাম বাংলাভাষাকে Writers' Buildings থেকে শীলমোহরাংকিত করে একটা স্বীকৃতি দেওয়া হোক। অবশ্য বাংলা ভাষার মর্যাদা ও গৌরব সরকারী দপ্তরখানার শীলমোহর পেলেই বেড়ে যাবে না। আমরা চাই আমাদের বাংলা ভাষা সরকারী বিলে সরকারী ভাষা বলে গৃহীত হোক। এখন দেখা যাক আমরা যা দাবী করেছিলাম তা এই বিলের মাধ্যমে পূরণ হচ্ছে কিনা। এই বিল নামেমাত্র রবীন্দ্রশতবার্ষিকী বৎসরে আনীত হল, কিন্তু কবে কার্যকরী হবে সেসম্পর্কে সরকার সম্পূর্ণ অনিশ্চিত অবস্থা রেখে দিয়েছেন। শুভলগ্নের নামে আমি মনে করি একটা প্রতারণা চলছে। কোন প্রয়োজন ছিল না এই প্রতারণার। শেষ পর্যন্ত এই বিলটা এই বৎসরের বৃহত্তম ভাঁওতায় পরিণত হতে যাচ্ছে, কারণ এই বিলে যেসমস্ত সংশোধনী দেওয়া হয়েছে সেগুলি গৃহীত হবার সম্ভাবনা নাই। তা যদি না হয় তাহলে এই বিলের সুষ্ঠু ও সামগ্রিক প্রয়োগ কোনকালে সম্ভব হবে না। তার, এই বিলে বাংলা ভাষাকে অত্যন্ত ক্ষুদ্র এবং সীমাবদ্ধ এলাকায় প্রতিষ্ঠিত করবার চেষ্টা হচ্ছে। সুদীর্ঘকাল ধরে সাম্রাজ্যবাদী শাসনের ফলে, ব্যবসা বাণিজ্য insurance ইত্যাদি থেকে আরম্ভ করে সমস্ত ক্ষেত্রে ইংরাজীর অব্যাহত অস্তিত্ব রয়েছে এবং এখনো সেটা চলছে। একটু সুষ্ঠু বিল যদি গ্রহণ করতে হয় তাহলে পর ইংরাজির যে একটা negative provision রয়েছে, বর্তমানে ইংরাজির যে hold আছে তাকে উৎপাটন করে ফেলা উচিত এবং তারজন্য কঠোর negative provision এই বিলে থাকা উচিত। আবার ইংরাজি যদি হঠাৎ সরিয়ে দেওয়া যায় তাহলে আমরা জানি একটা void কিম্বা বাংলায় যাকে বলা যেতে পারে একটা শূন্যতা সৃষ্টি হবে। তার, এই বিলের মধ্যে যে বহুবিধ বৈচিত্র্যের আয়োজন করা উচিত ছিল তার কোনরকম provision এই বিলে দেখতে পাচ্ছি না। একটা সুষ্ঠু ও সামগ্রিক বিলই হচ্ছে আমাদের প্রধান লক্ষ্য।

[3-30—3-40 p.m.]

বর্তমান এই যে ৩ ধারার একটা আইন সেই আইনের মধ্য দিয়ে কিন্তু সে লক্ষ্য পূরণ করা যখন সম্ভবপর হচ্ছে না তাহলে কি তখন কি উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে? আমি মনে করি এই বিল আনা হয়েছে যাতে নির্বাচনে সরকারকে আমরা বেকায়দায় ফেলতে না পারি। ১৯৫৮ সালে সর্বসম্মতিক্রমে গৃহীত যে প্রস্তাব, সেই প্রস্তাবকে সরকার কার্যকরী করেন নি বলে বেকায়দায় যাতে

সরকারকে আমরা ফেলতে না পারি সেজন্য ডিফেক্টিভ মেজার হিসাবে তাড়াহুড়া করে কোনরকমে এই বিল আনা হয়েছে। কিন্তু কংগ্রেস সদস্যরা কি এটা উপলব্ধি করেননি যে রবীন্দ্রনাথের নামাবলী এর সঙ্গে জড়িত হচ্ছে, অথচ এর দ্বারা আসলে জনসাধারণকে শুধু ভাওতা দেওয়া নয় রবীন্দ্রনাথের স্মৃতিকে নিয়ে এই সরকার ভণ্ডামী করতে যাচ্ছেন। আমার মনে হয় এটা তাঁদের বন্ধ করা উচিত। অবশ্য এর সঙ্গে তাঁর নাম না জুড়লে আমি একথা বলতাম না। স্যার, রবীন্দ্রনাথের নাম নিয়ে এই কেলেঙ্কারীর কোন প্রয়োজন ছিল না। মুখ্যমন্ত্রী এবং তাঁর শিক্ষাসচিব ডি. এম. সেন যতদিন আছেন ততদিন তাঁরা নানাভাবে রবীন্দ্রনাথের নামকে কলঙ্কিত করবেন। সেজন্য বলব যে এইরকম একটা বিল এনে রবীন্দ্রনাথের নামকে কলঙ্কিত করার কোন প্রয়োজন ছিল না। এর পরের কথা হচ্ছে—যেভাবে সরকার এই আইন পাশ করতে যাচ্ছেন তাতে বিলে, আইনে এবং সরকারের একটা বিবৃতিতেই মাত্র বাংলা হতে চলেছে এবং ভাষার ব্যবহার যে সেখানে কতটুকু হবে সেটা আমার প্রশ্ন। এছাড়া এক্ষেত্রে বাংলা ব্যবহার করার জন্য আইনের কোন প্রয়োজন ছিল না, যেকোন executive orderএর মারফৎ করতে পারতেন। অর্থাৎ একটা সীমাবদ্ধ ক্ষেত্রে যে আইন তাঁরা প্রচলন করতে যাচ্ছেন সেটা তাঁরা executive order এর মারফত করতে পারতেন। বাংলা সরকারী ভাষা করার উদ্দেশ্য হচ্ছে যে আপামর জনসাধারণের সঙ্গে সরকারের ঘনিষ্ট সম্পর্ক সোজা মাতৃভাষার মারফত শুধু হবে। কিন্তু সেই উদ্দেশ্য এই ৩টা ধারার মধ্যে দিয়ে তৈরী হচ্ছে কিনা সেটাই আমার প্রশ্ন। আমি ব্যবসা-বাণিজ্য, ব্যাঙ্ক, ইনসুরেন্সের কথা আগে বলেছি। কিন্তু আমি জিজ্ঞাসা করছি inter-departmental communication যেটা হবে সেটা বাংলা করা হবে কিনা—কারণ সে সম্পর্কে বিলের মধ্যে কোন কথা নেই? স্যার, মোট কথা হচ্ছে যে যতটুকু প্রয়োগ এই বিলের দ্বারা হওয়া উচিত ছিল বা তার চেয়ে বেশী আইনে খাড়া করা যেত সেটা করা ছিল না এবং এইভাবে একটা ছোট আইনের মধ্য দিয়ে আজকে আমাদের ফাঁকি দেবার একটা চেষ্টা চলছে। সত্যিকারের সদিচ্ছা যদি তাঁদের থাকতো তাহলে গত ১৪ বছর ধরে স্বাধীনতার পর বাংলাভাষাকে আরও ডেভালপ করার জন্য, পূর্ণবিকাশের জন্য অনেক বন্দোবস্ত করতে পারতেন। এ বিষয়ে আমি একটা ছোট উদাহরণ দেব। বাংলাভাষার অনুশীলন ও চর্চার জন্য যে সমস্ত প্রতিষ্ঠান আমাদের কোলকাতা এবং বাংলাদেশে রয়েছে—বঙ্গীয় সাহিত্য পরিষদ, এশিয়াটিক সোসাইটি, বঙ্গীয় বিজ্ঞান পরিষদ—সেখানে ৪০।৫০টা রিসার্চ ফেলোশিপের বন্দোবস্ত করতে পারতেন। কিন্তু আজ পর্যন্ত কোন রিসার্চ ফেলোশিপ তাঁরা দেননি। এছাড়া আজকে আমাদের এখান থেকে যে বাজেট আমরা বরাদ্দ করি তার মধ্যে থেকে কত টাকা তাঁরা বাংলাভাষাকে ডেভালাপ করার জন্য খরচ করছেন? শুধু তাই নয় আর একটা ছোট উদাহরণ আমি দেব। বাংলা সরকারী ভাষা হলে তার নথিপত্র কিভাবে তৈরী হবে তার একটা ছোট পুস্তিকা তাঁরা তৈরী করে ঊর্ধতন কর্মচারী থেকে অধঃস্তন কর্মচারীদের মধ্যে বিতরণ করতে পারতেন। কিন্তু আসল কথা হচ্ছে যে সরকারের সে সদিচ্ছা নেই কিম্বা সে চিন্তাশক্তি নেই। কোলকাতা বেতারকেন্দ্রে যে কাণ্ড চলছে সে না বলাই ভাল। সেখান থেকেই বাংলাভাষা প্রসারের সাহায্যের ব্যবস্থা করতে পারতেন। স্যার, আবার নেপালী ভাষা সম্পর্কেও কথা উঠেছে।

নেপালী ভাষা সম্বন্ধে কথা উঠেছে, আমিও মনে করি যে ডাঃ ঘোষ যে প্রস্তাব এনেছেন সেখানে নেপালী ভাষার কাজ পরিচালিত হওয়া উচিত, নেপালী ভাষাকে সেখানে additional সরকারী ভাষা হিসাবে চালু করা উচিত এবং নেপালী ভাষাকে সে মর্যাদা দেওয়া উচিত। আর এখানে অন্যান্য সংখ্যালঘু যারা আছে বিশেষ করে ওড়িয়া সম্প্রদায়ভুক্ত যারা, তাদের জন্য বলতে চাই, তাদের মাতৃভাষায় বিদ্যালয়ের প্রতিষ্ঠা হোক এবং বৃত্তি দিয়ে নানারকম সাহায্য দিয়ে তাদের জন্য পাঠ্যপুস্তক তৈরী করা হোক এবং তাদের জন্য, সংখ্যালঘুদের জন্য এরকম বন্দোবস্ত করা সরকারের কর্তব্য বলে

মনে করি। এই বলে যে বিল আনা হয়েছে তার সঙ্গে আমাদের মাননীয় জ্যোতিবাবুর ১০৭ নম্বর সংশোধনী প্রস্তাব যা এনেছেন, সেই প্রস্তাব সমর্থন করছি।

Shri Subodh Banerjee : মাননীয় স্পীকার মহাশয়, বাংলা ভাষাকে সরকারী ভাষা করার জন্য এ বিল আনা হয়েছে। প্রথম কথা, সরকারী ভাষা বলতে কি বোঝায়? সরকারী ভাষা বলতে কি এই বোঝায় যে সরকারী কাজগুলি এই ভাষায় হবে? নাকি সরকারী ভাষা বলতে এই বোঝায় যে সরকার এই ভাষাকে এ রাজ্যের ভাষা হিসাবে স্বীকৃতি দিচ্ছেন? এ দুটির মধ্যে পার্থক্য আছে। যদি সরকারী ভাষা বলতে এই বোঝায় যে সরকারী বিভিন্ন কাজকর্মে বাংলাভাষা ব্যবহৃত হবে। তাহলে তার প্রসার, তার প্রভাব, তার কার্যকারিতা সীমাবদ্ধ ক্ষেত্রে আসে সে বিষয়ে কোন সন্দেহ নাই। সেখানে সংস্কৃতি বিকাশের প্রশ্ন, এ ভাষার সাহায্যে গড়ে তোলার প্রশ্ন সরকারের আওতায় আসে না। কিন্তু যদি একথা বলা হয় এই ভাষাকে বাংলাদেশের সাধারণ মানুষের সংস্কৃতি, শিক্ষা প্রভৃতির প্রসার এবং ব্যাপ্তির উপায় হিসাবে ব্যবহার করা হবে তাহলে সরকারের attitude তার প্রতি অন্যরকম হবে। যতটা আইনে দেখতে পাচ্ছি তাতে মনে হচ্ছে কেবলমাত্র প্রশাসনিক-ক্ষেত্রে সরকার কি কি করবেন সে বিষয়ে এখানে বলা হচ্ছে—বৃহত্তর ক্ষেত্রে জনসাধারণের ভাষা শিক্ষা পরীক্ষা সংস্কৃতির যে প্রশ্নগুলি, সেগুলি বিলের আওতায় আসছে না কেন? সেগুলি (১), (২), (৩) করে উত্তর দেওয়া দরকার। নিঃসন্দেহে বাংলা ভাষাকে বাংলাদেশে প্রশাসনিক ক্ষেত্রে লাগান দরকার সে বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ আইন যাতে সাধারণের বোধগম্য হয় সে ভাষায় আনা দরকার। কিন্তু একথা আমি বলবো ভাষাটা এমন হবে যাতে জনসাধারণের বোধগম্য হয়। বাংলা ভাষার কথা বলে কতকগুলি সংস্কৃত শব্দ আমদানী করে ইংরাজীতে যাকে বলে Linguistic fanaticism এ যেন না হয়। আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের বিভিন্ন ভাষার ক্ষেত্রে এ জিনিষ প্রবেশ করছে, তার প্রসারলাভ করছে, এটাই আমি লক্ষ্য করছি। আমি জানি হিন্দীর কি অবস্থা হয়েছে। আপনি কি তার জানেন, হিন্দীর মধ্যে ৮ হাজার উর্দু শব্দ রয়েছে যা হিন্দী সাহিত্যকে সমৃদ্ধ করে তুলেছে, চালিয়ে নিয়ে যাচ্ছে। অথচ Resolution আনা হয়েছিল এই ৮ হাজার উর্দু শব্দকে বাদ দেবার জন্য। এতে কি হিন্দী ভাষা সমৃদ্ধশালী হত নাকি দুর্বল হত? আজকে এই শব্দগুলি ভাষার মধ্যে গৃহীত হয়েছে তারা স্থান পেয়ে গিয়েছে। এ শব্দগুলি যে ভাষা থেকেই আসুক না কেন এটা গ্রহণ করা দরকার। বাংলা ভাষায়ও এমন বহু শব্দ আছে। বাংলা ভাষাতে কি শুধু তৎভব এবং তৎসম শব্দ আছে, না, বহু ভাষা থেকে বহু শব্দ বাংলা ভাষার মধ্যে এসেছে। অসংখ্য এমন শব্দ বাংলা ভাষাতে ব্যবহৃত হচ্ছে, সেগুলিকে আমরা বাংলা ভাষার মধ্যে সাদরে স্থান দিতে পারি কিন্তু আজকে পরিভাষার নাম করে নূতন করে কতকগুলি দুর্বোধ্য শব্দ বাংলা ভাষায় ঢুকাবার কি প্রয়োজন আছে এটা জিজ্ঞাসা করি। যদি প্রশাসনিক কাজের জন্য করতে হয়, জনসাধারণের সঙ্গে সংযোগ রাখার জন্যই করতে হয় তাহলে দারোগা শব্দ ব্যবহারে কি আপত্তি? আজকে গ্রামাঞ্চলের মানুষের দারোগা শব্দের সঙ্গে যত পরিচয় সংস্কৃত ভাষার সঙ্গে ততটা নয়।

[3-40—3-50 p.m.]

আমি জিজ্ঞাসা করি যে রেডিওকে যদি আমরা আকাশবাণী, ইন্দ্রজাল বা দৈববাণীর পর্যায়ে না নিয়ে গিয়ে সেখানে আমরা বেতার বা রেডিও কথাটা ব্যবহার করি তাহলে কি ক্ষতি আছে? কিন্তু ঐ আকাশবাণী কথাটাই চালু আছে এবং দেখছি যে পরিভাষা কমিটির যতগুলো শব্দ অ্যাড-মিনিস্ট্রেটিভ ওয়ার্ড হিসেবে ব্যবহৃত হয়েছে সেগুলো জনসাধারণের বোধের বাইরে। যা হোক,

আমার কথা হচ্ছে যে, অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ যখন সরকারী কাগজে ব্যবহার করা হবে তখন কিন্তু linguistic fanaticism থেকে মুক্ত হবার প্রয়োজন আছে এবং আমি মনে করি এই linguistic fanaticismএর পেছনে religious fanaticism work করছে। অনেকে মনে করছেন বাংলা একমাত্র সংস্কৃত থেকে এসেছে কাজেই সংস্কৃত থেকে নাও এবং সংস্কৃতের বাইরে গেলে বাদ দাও। কিন্তু আমি মনে করি দেশের পণ্ডিত লোকের বদলে যাঁরা জনসাধারণের মধ্যে কাজ করেন এবং যে সমস্ত সাংবাদিক সংবাদপত্রের সঙ্গে সংশ্লিষ্ট রয়েছেন তাঁদের রেখে পরিভাষা কি হবে তা ঠিক করা উচিত, কারণ পরিভাষা কমিটি যা ব্যবহার করেনি বহুক্ষেত্রে তাঁরা তা ব্যবহার করে সংবাদপত্রের মারফত চালু করে বাংলাদেশের মধ্যে তা ছড়িয়ে দিয়েছে। এই হোল আমার এক নম্বর সতর্কবাণী। আমার দ্বিতীয় নম্বর সতর্কবাণী হচ্ছে যে, ইংরেজীকে রিপ্লেশ করে যখন আমরা বাংলা ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গোয়েস্ করতে যাচ্ছি তখন আমি কংগ্রেসপক্ষের বন্ধুদের চিন্তা করতে বলি যে, ইংরেজী রিপ্লেশ হবে সত্য কিন্তু যতদিন না তা রিপ্লেশ হচ্ছে ততদিনের মধ্যে হিন্দী এসে চেপে বসবে কিনা? আমার সন্দেহ রয়েছে যে, যখন আমরা বাংলা ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গোয়েস্ করবার চেষ্টা করব তখন হিন্দী এসে চেপে বসবে। তবে তা যদি এসে চেপে বসে তাহলে আমি মনে করি তাতে progress retarded হবে। আমাদের কাছে হিন্দী এবং ইংরেজী প্রায় একই পর্যায়ে এসে দাঁড়াবে এবং যে ডিস্-অ্যাডভানটেজেস্-এর মধ্যে আমরা পড়েছিলাম বরং তারচেয়ে আরও বেশী অসুবিধায় আমরা পড়ব। কারণ ইংরেজী একজন হিন্দী ভাষাভাষী লোকের কাছে যতখানি কঠিন আমার কাছেও ততখানি কঠিন, কিন্তু হিন্দী যদি আসে তাহলে সেই অসুবিধা আমার এবং অহিন্দী-ভাষীর থাকবে অথচ হিন্দীভাষীর থাকবে না। কাজেই এ বিষয় চিন্তা করবার প্রয়োজন আছে। তারপর, সন্দেহের কথা এইজন্য বলছি যে, চারিদিকে দেখুন এবং যতীনবাবু কোলকাতা বেতারের সম্বন্ধে বলেছেন যে সেখানে বাংলাভাষা শেখাবার কোন পদ্ধতি নেই অথচ সেখানে হিন্দী শেখান হচ্ছে। স্যার, খেয়াল গান নাকি বাংলাভাষায় হয় না একথা বলে তাঁরা হিন্দীকে আমদানী করার চেষ্টা করছেন এবং এইভাবে বেতারযন্ত্রকে হিন্দী প্রচারের হাতিয়ার হিসেবে ব্যবহার করে তা আমাদের উপর চাপিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু আমি আবারও বলছি যে জোর করে চাপিয়ে দেবার যেমন আমি বিরোধী ঠিক তেমনি আমি বিরোধী যদি আমার ভাষা অন্যের উপর জোর করে চাপিয়ে দেবার চেষ্টা করা হয়। আমি যেমন চাই না যে বাংলাভাষা অবাঙালীর উপরে জোর করে চাপিয়ে দেওয়া হোক ঠিক তেমনি এটাও চাই না যে আমার উপর অন্যের ভাষা জোর করে চাপিয়ে দিক। অথচ সেই জোর করে চাপিয়ে দেবার চক্রান্ত এবং প্রচেষ্টা যে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে চলেছে সেটা লক্ষ্য না করে পারি না। যা হোক্, বাংলাভাষাকে সরকারী ভাষা করার চেষ্টা করে এবং ইংরেজীকে সরিয়ে দেবার নাম করে যদি হিন্দীকে চাপিয়ে দেবার চেষ্টা করা হয় তাহলে আমরা ক্ষতিগ্রস্থ হব এই সতর্কবাণী আমি করছি এবং সঙ্গে সঙ্গে বলছি যে এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের একটা ডেফিনিট ষ্ট্যাণ্ড নেওয়া দরকার এবং তাঁদের কি নীতি সেটা ঠিক করে নেওয়া দরকার।

আমার তৃতীয় নম্বর সতর্কবাণী হচ্ছে ভাষাগত সংখ্যালঘুদের সম্পর্কে। আমি আগেই বলেছি যে আমার ভাষা যেমন অন্য ভাষাভাষীদের উপর জোর করে চাপিয়ে দিতে চাইনা তেমনি অন্য ভাষা-ভাষীদের ভাষা আমার উপর চাপুক, এও আমি চাই না। বাংলাদেশের যে সমস্ত সংখ্যালঘু সম্প্রদায় আছে তাদের উপর জোর করে কোন ভাষা চাপিয়ে দেবার প্রচেষ্টা যেন না হয়। আমি শুধু নেপালীর কথা মনে করি না, আমি মনে করি বাংলাদেশে সাঁওতালী ভাষাভাষী লোক আছে, অন্য ভাষাভাষী লোক আছে, তাদেরও সেই ব্যবস্থা থাকা দরকার। এককথায় বাংলাদেশে যে সমস্ত বিভিন্ন ভাষাভাষী সম্প্রদায় আছে তারা যাতে নিজের মাতৃভাষার সাহায্যে তাদের সংস্কৃতি, শিক্ষা-জীবন গড়ে তুলতে পারে এবং পরীক্ষায় সুবিধা পেতে পারে সেই সুযোগ সরকারের তরফ থেকে করে

দেওয়ার দরকার আছে এবং সেই গণতান্ত্রিক পদ্ধতিতে যদি এগুই তাহলে আমরা যে গণতান্ত্রিক দাবী নিয়ে লড়ছি সেই দাবী আমাদের জোরদার হবে এবং জয়যুক্ত হবে বলে মনে করি।

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, I rise to oppose this Bill on ground of expediency as well as on principle. In doing so, I must bring to your notice the little attention that has been paid to what I feel a very important Bill by the party in power. I was counting at times the number present on the Congress Benches and at a particular stage the number was below twenty. Now it is a little above 25.

Sir, the jejune acceptance of a controversial Bill of this nature will create fresh problems immense in their dimension, intense in their character and the Government will be faced with such a situation which might ultimately make them realise that it was perhaps better for them not to introduce this Bill at this stage at all. Sir, what are we getting out of this Bill ? It is being said that Bengali is being made the official language of the State by virtue of this Bill. Sir, I contest that proposition. I doubt the truth of that and I propose to demonstrate before the House how long this particular statement will hold good. Let us take this Bill and let us take the three organs of the State—the Legislature, the Executive and the Judiciary. Taking the Legistature first, in spite of this Bill, even if it is passed by this House, firstly under article 210 of the Constitution English shall continue to remain the official language of this House in addition to, of course, Bengali, if this Bill is passed. Apart from Bills being introduced in the Bengali language—because that is provided in article 348—English shall continue to be the official language of this House. Secondly, Sir, in spite of this Bill, by virtue of article 348 of the Constitution, even if you pass a Bill in Bengali, the only authorised text of the final enactment will be that which is printed in the English language. Nobody will look at the Bengali Bill that you pass. The only authorised and official version will be the English translation of that Bengali Bill. That is article 348 and in fact that article has been recently interpreted by the High Court at Allahabad and they have held that it is the English translation and English translation alone that is the authorised version and that a Bengali Bill will really be a mere stack of paper.

3-50—4 p.m.]

Thirdly, Sir, Resolution passed by this House intended to attract the attention of the Centre and the other States will have to be translated in English, otherwise nobody will follow what we want to say, what is the mind of the Bengal Legislature and how the mind of the Bengal Legislature works. Fourthly, for the purpose of enabling the rest of India to know how the work is going on in the State of West Bengal, how we solve our problems and how we must grapple with the problems facing us, it will be necessary to have even the Bills translated into English. Under Article 348 of the Constitution even the Bills will have to be translated in English so that the rest of India may know how the mind of the Benagl Legislature works. If that is not done then you will isolate Bengal from the rest of India and the penalty that will have to be paid will be extremely heavy. Besides, there are dangers of translations.

Now, Sir, the words which are in use in the Judiciary have been in constant use for more than 200 years. What is going to happen about them ? Who is going to translate these English words which have been in use in the Judiciary ? Then, Sir, about the translation of words like 'Acts of God'. In the Lok Sabha the other day—I do not remember the name of the member—a particular member had objected to the word 'God' being used. The word 'Act of God' has a judicial meaning. What is going to happen of the translation thereof ? Of course, these are matters of translation and I am not, at the present moment, trying to focus the attention of this House to that aspect. This is the position of the House so far as the first point, namely, the Legislature is concerned, where English translation of the Acts will have to be made for official purposes and English shall remain for all practical purposes but not for official purposes.

Now, let us come to the next point, namely, the Executive. Under the proviso to Article 345 even if you pass the Bill the English language shall continue to be used for all official purposes within the State for which it was being used immediately before the commencement of the Constitution. Under the proviso to Art. 345 it has been clearly stated that even if you pass a Bill declaring that Bengali or Oriya or Assamese shall be the regional language, even then English will continue to be the official language for all official purposes and this particular proviso had also come in for judicial interpretation recently by the Madhya Pradesh High Court in a case reported in A. I. R. 1947 wherein, the High Court has stated that to get out of this lacuna there has to be a provision in the Bill itself to the effect that *Bengali shall be* the official language and *English shall not be* the official language. There is no indicative provision in this Bill and I am sure Government is designed not to introduce this indicative provision but intends to let English continue. Therefore, by virtue of this proviso English will continue even for official purposes and the Executive will be perfectly justified in allowing English to remain as one of the official languages of the State. Under Article 346 of the Constitution the medium for the purpose of communication between the Centre and the other States will be in the English language and, therefore, English has to remain. Not only in the matter of internal administration of the State of West Bengal but also for the purpose of communication between the Centre and the States English shall continue to remain as official language.

Let us now come to the third point, namely, the Judiciary. This Bill itself provides that so far as the civil courts are concerned, so far as the criminal courts are concerned, this Bill will not in any way affect the language used in such courts. Moreover, under section 137 of the Civil Procedure Code and under section 538 of the Criminal Procedure Code, Government has the power to say what language should be used in the subordinate courts and the Government has not up till now utilised that power in any way and English continues to be used in these courts.

With regard to the High Courts and the Supreme Court, English shall continue to be used and it shall continue to be used for all practical purposes, for all legal purposes, as the official language of the State. Therefore Sir, why are you to bring this Bill ? Why are you declaring that you are banishing English from the State though in face of law you

are not able to do so? I can appreciate the Government, I can appreciate any other political party here because I feel I am raising a lone voice in the House today in opposing this Bill.

I know, nobody will support me in this House, but inspite of that I am convinced that we should not look at this Bill with the jaded eyes of a Jaundiced. We must look at it from the pretical point of view. I ask the Chief Minister this. There are two national languages in India, Hindi and English. You are doing away with English, but are you prepared to accept Hindi as the State language, as our national language? I ask this question, and if the answer is yes, I shall appreciate this Bill brought by the Chief Minister. I shall then know that it is on a principle that he is taking his stand. I donot think the people of Bengal will accept Hindi as the national language of India. Be that as it may, let the Chief Minister get up and say, Yes, I am banishing English; I am doing away with English because I have made up my mind to accept Hindi as the national language of India. I ask the Leader of the Opposition this very question. Will he say whether he is immediately prepared to accept Hindi as the national language of India? I also put the same question to Dr. P. C. Ghosh, Shri Hemanta Basu, Shri Jatin Chakravorty, Shri Subodh Banerjee, and to each and every member of this House. Are you prepared to accept Hindi ....

[A voice—Yes.]

I hear someone saying 'Yes'! I donot agree with him. So, how dare you turn away English when you are not prepared to accept Hindi as the official language. For one thing, Bengali cannot be one of the national languages in India. It is no use trying to say so. That is mere sentimentality. Either Hindi or English will be the national language. Today you are banning away English. Officially today you are turning away English without having decided as to what you are going to do with regard to Hindi. I am not quarrelling with anybody. I am placing this before the members of this House for their serious consideration, and I would request the Chief Minister to postpone passing of this Bill until the elections are over. Before elections, politicians look at Government with coloured glasses. It is done everywhere in the world. Before the elections, a serious legislation should never be passed, as other considerations often weigh with the Government as well as the members in deciding whether a particular Bill should be passed or not. I would therefore request the Chief Minister to stop this Bill now. Bring it in the next House. I shall not be in the next House, but other members will be. Let them decide, after consideraing everything, whether this Bill should be passed or not. I respectfully say that the language of Rabindranath and Bankimchandra does not require a statute for its continued existence. The poetry of Madhusudan Datta or the prose of Sarat Chandra does not require to be defended by an enactment passed by legislature for its continued growth. This Bill means nothing except that we are officially recognising that English is banished from this State.

[4—4-10 p.m.]

Sir, may I ask one question ? It is not a fact that English to-day is an international language ? Is it not a fact that English to-day is the only means of communication between the Asian and most of the African countries ? Is it not a fact that English is the only means of communication amongst the Indians generally ? It is not a fact that English is the language in which the Voice of America is heard, English is the language in which Karl Marx's 'Capital" first made its appearance in India and English is the language in which for the first time India read the utterances, sayings and articles of Mahatma Gandhi and have we any language in India which can serve the purpose ?

Sir, there are various other practical difficulties. Do you know how many Acts have been passed by this House and how many procedures are there ? How many Statutes are there in the Statute Book passed by the Bengal Legislature ? There is no provision in this Act for their translation if this Bill is passed to-morrow. Of course, I would not mind any such Act if I would have to put in amendments in Bengali, we have to amend an English Act by putting up an amending Bill in Bengali.

My final suggestion is that if the Chief Minister does not agree to postpone the consideration of this Bill, I shall humbly request him that the purpose which we wish to achieve by passing this Bill can be achieved by executive instruction I can well realise that Bengali certainly should be encouraged by the announcement of a policy. Let that policy be properly formulated and let urgent and immediate steps be taken to popularise Bengali in every possibly way so that without the protection and authority of a Statute we can use Bengali as much as possible in every sphere of governmental level. With these words I oppose this Bill.

Shri Sankardas Bandyopadhyay : Sir, this is a very important matter. For years together I have heard in this House demands from all quarters not merely from my friends on the other side, but from all quarters that Bengali should be recognised as the official language. I have heard Dr. P. C. Ghose speak in this House and I do not see why it should be opposed—that Bengali should be introduced as soon as possible, Bengali should be the medium of instruction and Bengali should be used for all official purposes. Such statements I have heard in this House from responsible members and I need hardly say that Dr. Ghose is one of our friends whose view we respect. To-day it is rather amazing that my honourable friend, Shri Siddhartha Shankar Ray should say something quite opposite. His request to the Chief Minister is : "Please withdraw the Bill". Perhaps Mr. Ray is aware that if we accede to his request, then there will be more clamouring, more howling and the Government will be accused of breach of faith to suit the purpose of some honourable members. But it does not suit and is not consistent with the views of the majority of the members. That is why, leaving political consideration alone, we have also to see how the rest of India has been acting in this matter. I think we are rather late in the field. I find that in the different parts of India similar Acts have been passed and I also find that in Bihar an Act was passed as early as 1950.

Originally in Bihar they made a provision that English may continue but Hindi will be brought into force within seven years. Later on they amended it to ten years. From 1950 ten years have elapsed or is about to pass. In Uttar Pradesh the Act XXVI of 1951 was passed and it was provided that the Hindi language should be introduced within one year. Then I find that in Madras an Act was passed. They did not fix any time-limit, but they did provide that by notification Tamil could be introduced and in Assam—they were a bit late in passing the Act—they passed the Act XXXIII of 1960. They have provided that Asamese should be introduced within five years. In the course of his opening speech the Chief Minister Minister said "I thought we were lagging behind and that we should take it up seriously", and, therefore, we have fixed the two years' time-limit. What is the difficulty? Mr. Subodh Banerjee in the course of his speech in the House today said that it is only for official purposes that the Bengali language is going to be used and he strongly objects to that. There are all sorts of limitations, all sorts of restrictions which we have to take note of. We cannot go on doing as we like. There are certain limitations provided by the Indian Constitution. For instance, you must have noticed that according to the Indian Constitution—I take it that all the honourable members have read this provision and I need hardly repeat that—English has to be retained for certain purposes. Anything done in the Supreme Court has to be done in English. The Supreme Court is not only meant for one State, it is meant for all the States of India. The judges there do not represent one State only. They come from different States. Therefore, they have to find out a medium, and at least for the time being English may continue to be the medium. Then in Article 348( ) it is stated 'the Governor may take certain steps" and so on. Lastly, in Article 348 3) it is provided that if we make Bills in our vernacular, they should be translated". The framers of the Constitution had in mind that the State should have an official language. Since independence this is the first time in Bengal that we are taking steps to bring in the Bengali language for official purposes. What will be the difficulty? Mr. Siddhartha Shankar Ray said, I understand, "how can we translate the Act?". Many of the honourable members here are not lawyers, but we all know that the Act is an Act of the State. It may be storm, it may be tempest, it may be cyclone, call it in whatever name you may like, but it is an Act of the State.

[4-10—4-20 p.m.]

Is the Bengali language so very poor that we shall not be able to find suitable words to replace the English terms. Talking about judicial pronouncements, if our judges are up to it they will be able to find suitable words to deliver their judgments. What was the language before English came to be introduced in India? Persian was used. English judged used to learn Persian; the Advocates pleaded in Persian. One day the English people decided to introduce English. How soon we had picked up the English language. We had been able to carry on in that language with success. We addressed courts well and probable better than people in many other parts of the world. If we had been able to learn the English language, I am sure we can pick up any language and can

address courts and use it as an official language. Probably we suffer from a sort of complex when we feel that we cannot use our own language and that we must fall back on foreign language. I do not think I am a wonderful speaker in English. After an effort of 54 years I do not know if I can talk very well in English. (Shri Jatindra Chandra Chakravorty : Not correctly). I cannot speak English in the same way as an Englishman can speak it. I have had the misfortune to hear in the High Court and also in this House English which is not worth hearing. What are we afraid of ? It is a first step that we are taking, viz., to do our official work in the Bengali language. Two years' time has been fixed. That I think is time enough when our officers will be able to pick up Bengali and do their work in Bengali. ["Question" from Opposition benches]. You can question it but we are not legislating for individual but for the country and I think that the officials, if they really apply their mind, will be able to do it.

Certain questions have arisen regarding the amendment which I have put in. The first point is that after this Act is put into force, after the expiry of two years—in the absence of an extension—will we be in a position to use the English language for official purposes ? The answer is in the negative. Let there be no question about it. After the Act comes into force and in the event of our not applying for the extension of time, official business will have to be carried on in Bengali.

Next I wish to dispel the doubt in the mind of the honourable members as to the reason why we have brought in the proviso. The proviso says, "Provided that the issue of any such notification shall be without prejudice to the use of any language other than the Bengali language which is authorised by or under any law for the time being in force to be used for any purpose in any of the civil or criminal courts within the State of West Bengal". The Civil Procedure Code has made a provision under which the High Court has the power to direct what language is to be used in a civil court or a criminal court. Shri Siddhartha Shankar Ray : The Government has the power.) There is provision contained in the Civil Procedure Code or the Criminal Procedure Code investing Government with the power and such power has been exercised. For instance, in Darjeeling there is a notification which provides that Hindi shall be used. Also liberty has been given to use English or Bengali language.

All these provisions are there in force. The State Government does not intend to upset the present arrangements. They will still be in a position to use the Nepalese language or the Hindi language or the English language, as the case may be. At the moment what is the object of the Bill ? The object of the Bill is pure and simple—to introduce in our official life the use of the Bengali language. Bills are to be introduced in Bengali, rules and orders are to be made in Bengali and ordinances are to be made in Bengali. What is wrong about it ? Well, it may be quite simple for some honourable members of this House, like Mr. Siddhartha Roy, Shri Sudhir Ray Choudhuri or my humble self, as the case may be to read English statutes with comparative ease because we have been trained in that way All our life we have spent learning the General Clauses Act, the interpretation of statutes, etc. It may be quite simple for Mr. Siddhartha Roy to plead in English, to understand the statutes and ordinances in English, to interpret them in English and

perhaps if he is asked to do that in Bengali, he would, be less vocal than what he usually is. I remember a story of late Sir Rashbehari Ghosh who was undoubtedly one of the greatest lawyers that Bengal or even, if I may say, India has seen. His book on mortgage is his last work edited from India. I was told that Sir Rashbehari Ghosh at his very last hour wrote out his Will in Bengali and said "never go to the High Court, go to the Alipore Court for getting the Will probated because the High Court will bring in all the English laws and canons and constructions and the net result will be complete confusion". That has always been the case with us. We pretent that we know a lot, we borrow English laws and we try to apply them to cases in India and in the majority of cases we are unsuccessful. I will give you another instance. The Will of the late Prasanna Kumar Tagore, whose name is well known in Bengal and who was responsible for establishing Tagore Law Lecturerships, was drafted in the English language by his English lawyers and draftsmen and they made out a long drawn document in which he made provisions for his sons and grandsons for life and what was the net result ? The net result was that ultimately when the Will was taken to the Judicial Committee of the Privy Council, it was thrown out. The only provision for Raja Jatindra Mohan Tagore for life was upheld and the rest of the Will went overboard. After all, if the late Prasanna Kumar Tagore had his Will drawn up by Bengali lawyers and asked them to write out the Will in the Bengali language in the ordinary way that 'I give so and so to such and such', things would have been different. But exactly the reverse result came and when I say all this, I say without fear of contradiction from my honourable friend Mr. Siddhartha Ray.

Shri Siddhartha Shankar Ray : In what language have you drafted your Will ?

Shri Sankardas Bandyopadhyay : I have not yet drafted my Will. I will live longer than you think. [Noise]

Therefore, I would say, Sir, that certainly that idea does not appeal to me—it is rather unpatriotic—and it is quite clear that people who are thinking in that way are suffering from a sense of complex What difficulty is there ? My friends opposite including Mr. Deben Sen asked me, to address the House in Bengali. I may assure Mr. Deben Sen that if I had wanted to do that, I would have done it and perhaps much better than many members of this House.

[4-20 – 4-50 p.m.]

Now, Sir, what I would submit is that after taking into consideration of the trend of events in India, after taking into consideration of what has happened in Madras, what has happened in Madhya Pradesh, what has happened in Bihar, in U. P. as also in the rest of India, we deem it desirable that we should certainly march along with the rest of India and if this two years' time is not enough for the purpose, if we cannot cope with the work, well, certainly we will consider for extending the time limit and I dare say the House will then have the good sense of extending the time if the occasion arises.

চতুর্থতঃ আমার কথা হচ্ছে যে গুরুত্বপূর্ণ কথাটা আজ উঠেছে এবং মুখ্যমন্ত্রী মহাশয় হঠাৎ কেন চটে গেলেন সত্যেন মজুমদারের উপর বুঝলাম না এই নেপালীভাষা সম্পর্কে। এখন নেপালীভাষা সম্পর্কে আমার নামে যে amendment দিয়েছি, ডাঃ ঘোষও বলছেন - উনি তার সঙ্গে একমত নন্। উনি বোঝেন নাই কি ব্যাপারটা। আমি পরে দেখলাম, Assam Actএ যেভাবে আছে, আমি তখন Actটা দেখিনি, প্রায় সেই language আমাদের amendmentএ ব্যবহার করেছি। আসাম অ্যাক্টে আছে কাছাড় সম্বন্ধে—

Notwithstanding anything contained in section 3 of the Assam Act-এ আছে Assamiya Language shall be the language of the State.

এইভাবে ওঁরা করেছেন তাদের সম্বন্ধে Section 5-এ বলছেন—Notwithstanding anything contained in Section 3 the Bengali language shall be used for administrative and other official purposes upto and including the district level in the district of Cachar.

কিন্তু ওঁরা তো বলেন নি যে Bengali and Assamiya। এখন আমরা যতদূর জানি যে ওখানকার বাঙ্গালীরা আলাদা, অসমীয়ার মত সমস্ত রাজ্যের জন্য বাংলাভাষা যদি হতো ওখানের আর একটা ভাষা তাহলে তারা খুসী হতো। বহু বাঙ্গালী সংখ্যালঘু হলেও সেখানে আছে। সেখানে তাই তারা বুঝেছে কাছাড়ে যেখানে যেখানে absolutely absolute minority, একেবারে নগণ্য, সেখানে কোন্ ভাষায় সরকার কার্যক্রম চালাবেন? পরিষ্কার কথা—সেখানে নিশ্চয়ই আমার ধারণা প্রতিটা জিনিষের জন্য একবার অসমীয়া লিখতে হবে, আর একবার বাংলা লিখতে হবে—এটা হবে না। কিন্তু তার মানে কি এই—কাছাড়ে অসমীয়া ভাষায় কোন সার্কুলার যাবে না? অসমীয়া ভাষায় ষ্টেট্ থেকে যা পাঠাচ্ছেন শিলং-এ, হেড্ কোয়ার্টার্স থেকে তা প্রিণ্টেড হবে না? অসমীয়া ভাষায় কোন দরখাস্ত যাবে না? এ হতে পারে, তা কেউ বলতে পারে না। আমরাও বলতে পারি না। তা বলা অন্যায় হবে। আমরা দাঁড়িয়েছি for all State language সমস্ত আসামে আছে including Cachar। একটা তাঁরা ব্যবস্থা করেছেন—কাছাড়ের জন্য সাধারণভাবে administrative ও official purpose-এ কাজ চলবে বাংলা ভাষায়। অন্যদের কথা জানি না, তবে এটা আমরা সমর্থন করি আসামে এটা হোক্। এর দ্বারা অসমীয়া ভাষাকে banish করা হচ্ছে না। তাই যদি হয়, তাহলে নেপালী ভাষার বেলাতে কি করে বলি যে বাংলাকে banish করা হচ্ছে যেখানে নেপালী ভাষা চলছে। এক ব্যাপারে সরকারের সঙ্গে আমাদের মিল আছে। সমস্ত দার্জিলিং-এর জন্য আমরাও বলছি না। ডাঃ ঘোষ অবশ্য সমস্ত দার্জিলিং-এর জন্য নেপালী ভাষা চান। আমরা মনে করি তার প্রয়োজন নাই। অপ্রয়োজনীয় কাজে কেন করতে যাবো আমরা নেপালী অধ্যুষিত অঞ্চলে? যদি তিনটি ভাষা রাখেন তাহলে একজন ম্যাজিষ্ট্রেট্ কোন্ ভাষায় রায় লিখবেন? তিনি কি একবার বাংলা ভাষায় লিখবেন, আর একবার অসমীয়ায় লিখবেন প্রতিটা চিঠি, না, নেপালীতে প্রতিটা বাংলা নোট্, অ্যানোটেশান্ লিখবেন? এটা অসম্ভব। কোন administration এইভাবে চলে বলে জানি না। সমস্ত ব্যাপারে তা চলতে পারে না। সেইজন্য বলছি—বাংলা ভাষা including the part of Darjeeling district where Nepalese are in a majority.

Majority সেখানে আছে বলে আমি মনে করি। কেন আছে? ধরুন তাদের শিক্ষা, ধরুন তাদের Petition করবার অধিকার, ধরুন কোর্টে তাদের কথা বলার অধিকার এইসব যখন হচ্ছে বাংলা ভাষায়, যা ওখানে চলছে, তাহলে যে কোন বাঙালী সেখানে সেই অধিকার দাবী করতে পারবে—আমরা এই করবো। নেপালী কেউ এসে বলতে পারবেন না অন্য জায়গা থেকে এসে—না মশায়, যখন এইরকম ভাষায় সরকার জ্যোতিবাবুর amendment accept করেছেন, তখন আর বাংলাভাষা এখানে চলছে না, আর এ ভাষায় কথা বলার অধিকার কারো নাই।

[6-10—6-20 p.m.]

সেজন্যে আমি এই কথা বলছি যে Dr. Roy যেন practically ভেবে দেখেন as an administrator. Dr. Roy বলেছিলেন এবং তাঁর সঙ্গে আমিও একমত যে পাহাড়ী অঞ্চল

যারা যাবেন তাঁরা বাঙালী হোন আর যাই হোন তাঁদের নেপালী ভাষা শিখতে হবে। এটা অন্যায় কথা নয়—না শিখলে কি করে সেখানে কাজ হবে, সংযোগ স্থাপন হবে? সেজন্যে ওই কথাটা উঠে না যে দার্জিলিং থেকে বাংলাকে banish করা হচ্ছে, বাংলার সমস্ত অধিকার সেখানে থেকে যাচ্ছে, তেমনি আমরা বলেছি—শিলিগুড়ি অঞ্চলে নেপালীদের কি অধিকার থাকবে না. তারা কি নেপালী ভাষায় দরখাস্ত করতে পারবে না? নিশ্চয়ই ডাঃ রায়ের সঙ্গে আমি একমত যে নেপালী যাঁরা আছেন শিলিগুড়িতে minority তাঁরা কোর্ট-কাছারীতে এমনকি আমাদের রাজ্য সরকারের কাছে নেপালী ভাষায় দরখাস্ত করতে পারবেন।

এখানে কোন ঝগড়ার কথা উঠে না। আর একটা কথা বলব। এরকম একটা কথা দার্জিলিং-এ উঠেছে যে বাংলা ভাষাকে শেষ করে দিতে হবে এবং কিছু কিছু লোক বলছে যে ইংরাজী ভাষা শিখব কিন্তু বাংলা শিখব না এবং বিশেষ করে কিছু কিছু পাদরী সাহেব এর মধ্যে জড়িত। আমি নেপালী ভাইদের বলি যে তাতে বাংলা ভাষার কোন ক্ষতি হবে না—নেপালীরাই মারা পড়বে সেজন্যে আমি ওঁদের public meeting-এ বলেছি যে তাঁরা যেন স্বেচ্ছায় বাংলা ভাষা শেখেন। তাঁরা কি চান না রাজ্যসরকারের ভাল ভাল চাকুরীগুলি পেতে, তাঁরা কি চান না যে আপনাদের মধ্যে যাঁরা শিক্ষিত হচ্ছেন তাঁরা Judge, Magistrate, বড় বড় officer হতে কি চান না? আমি তাঁদের বলেছি এসব যদি আপনারা হতে চান তাহলে আপনাদের বাংলা শেখা উচিত জলপাইগুড়ির চা-বাগানেও ওই কথা আমি বলেছি। কিন্তু আমি এই কথাও বলি যে, যেখানে জাতির একটা অংশকে দীর্ঘদিন ধরে দাবিয়ে রাখা হয়েছে সেখানে বাঙালী আরও উদার হতে পারে। আমি সেজন্যে বলেছি বাধ্যতামূলক করবেন না বাংলাকে second language হিসাবে তাতে ক্ষতি হবে, কারণ আমরা জানি অনেক নেপালী বাংলাভাষা নিজেদের ইচ্ছায় শিখছেন। বাংলাভাষার ঐতিহ্য আছে। একটা সমৃদ্ধশালী ভাষা বাংলাভাষা, আজ যদি আমরা ওদের হাতে ছেড়ে দিই তাতে ফল ভালই হবে। যারা উগ্রপন্থী, যারা বাংলাভাষা শিখতে চান না বাংলাভাষাকে suppersed করতে চান আমরা তাদের জয় করতে পারব যদি আমরা উদারভাবে ব্যবহার করি এখানে compulsionএর কোন প্রশ্ন আনা উচিত হবে না। ওদের হাতেই ছেড়ে দিতে হবে। আমরা এটাও বলি 6th schedule of the constitution যেটা তাকে বদলে যদি বেশী বেশী অধিকার প্রশাসনিক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে ওদের দিতে পারি তাতে ভারতবর্ষের জাতীয় ঐক্য দৃঢ়ভাবে গড়ে তুলতে পারব যদি suppress করি তাহলে পরিণতি দাঁড়াবে অন্ধ্র, গুজরাট, মহারাষ্ট্র, পাঞ্জাবে যে রক্তস্নান ঘটেছে তাই। সে পথে গেলে ভারতবর্ষের integration বলুন emotional integration বলুন তা সম্ভব হতে পারে না। সেজন্যে মনে করি নেপালী ভাষায় যে recognition দিচ্ছেন সেটা শুভ এবং আস্তে আস্তে আরম্ভ আমরা করতে পারি, practical ক্ষেত্রে ধীরে ধীরে এগিয়ে যেতে পারি এবং স্বেচ্ছায় যাতে ওরা বাংলাভাষা শেখেন, বাঙালীর সঙ্গে এক হন, একতাবদ্ধ হন তার চেষ্টা করতে পারি। স্পীকার মহোদয়, আমি আশ্চর্য হয়ে গেলাম যে শ্রীসিদ্ধার্থ রায় বাংলা ভাষাতে Act of God বলা যায় না একথা বললেন। কি লজ্জাকর কথা! রবীন্দ্রনাথের ভাষা কি এত দীন যে কোন ভাল জিনিষ তাতে প্রকাশ করা যায় না? আমি হয়ত ভাল বাংলা জানি না, কিন্তু বাংলাভাষা কি সত্যিই এত দীন এবং দেউলিয়া ভাষা। শ্রীসিদ্ধার্থ রায় মহাশয় ইংরাজীর কথা বলেছেন। তিনি St. Xaviers-এ পড়েছেন, আমিও ছ'বছর বয়স থেকে পড়েছি। কিন্তু তাতে কি হয়েছে। আজকে সংবাদপত্রে High Court-এর সমস্ত গুরুত্বপূর্ণ রায়গুলি তো বাংলায় তর্জমা করে বের করা হয়—সেগুলি কি আমাদের কাছে অবোধ্য বলে মনে হয়? যদি কোন শব্দ বোধগম্য না হয় বা খারাপ ব্যবহার বলে মনে হয় আমরা পরিভাষা কমিটি ইত্যাদির সাহায্যে তা ঠিক করে নিতে পারি। শ্রীরায় Leader of the opposition-কে জিজ্ঞাসা করছেন ইংরাজী ভাষা কি

international language নয়? আমি বলছি—না। সম্প্রতি তিনি বাইরে গিয়েছিলেন, আমিও গিয়েছিলাম। আমি জিজ্ঞাসা করি চীন দেশ কি মানে যে ইংরাজী international language—ওই ৬৫ কোটি মানুষ কি ওই ভাষায় কাজকর্ম চালায়? রাশিয়ায় তো বিভিন্ন ভাষা শেখে, আমাদের বাংলাভাষাও শেখে আবার ইংরাজী, জার্মাণ, ফরাসী ভাষাও শেখে, সে তো ইংরাজীকে international language হিসাবে ধরে রাখেনি। আমি বলব শ্রীরায় 19th Century-তে আছেন। একটু ভেবে দেখুন—চীন যদি ইংরাজী ছাড়া ডাক্তার করতে পারে, Engineer করতে পারে চীন ভাষায় শিক্ষা দিয়ে, কোরিয়া যদি পারে, তাহলে বাংলাভাষায় শিক্ষা দিয়ে আমরা আমাদের ছেলেমেয়েদের কি ডাক্তার, Engineer ইত্যাদি তৈরী করতে পারব না? এরকম কথা কি কেউ বলতে পারে? আজকে একথা বলার কারও ক্ষমতা নেই। সেজন্য বলছি একটা আরম্ভ হয়ে যাক। ভুল-ত্রুটি আছে, কিন্তু আরম্ভ হোক না কেন। ভুল-ত্রুটির মধ্য দিয়ে আমরা এগিয়ে যেতে পারি। কিন্তু তা না করে আর সর্বনাশ করবেন না দেশের। দেশের জিনিষ সবকিছু suppresed হয়ে যাচ্ছে। আজই হয়ত আমরা সব ব্যাপারে সুষ্ঠু প্রয়োগ করতে পারব না। কিন্তু Shakespeare-এর ইংরাজী কি ব্যবহার করা হয়? যাঁরা ইংরাজ তাঁরাও তা পারেন না। কিন্তু ভিত্তির ব্যাপারে এখনই আমরা কাজ শুরু করে দিতে পারব। আপনারা সকলে জানেন আজ রাশিয়া বিজ্ঞান এবং কারিগরী বিদ্যায় যে কীর্তি সৃষ্টি করেছে তার মর্ম ইংরাজী ভাষায় প্রকাশিত হয় না, কিন্তু আমেরিকা রুশভাষা থেকে তার translation করে নিয়ে নিজেদের ছেলেদের দিচ্ছেন। বাংলাভাষাকে সেইভাবে মর্যাদাশালী কেন করা যাবে না। আজ হয়ত সে মর্যাদা দেওয়া যাবে না, আমরা হয়ত পারব না মুখ্যমন্ত্রী হয়ত পারবেন না। কিন্তু পরে যাঁরা আসবেন তাঁরা নিশ্চয়ই পারবেন। হিন্দী language of communication হতে পারে, কিন্তু বাংলাদেশে ইংরাজীকে replace করবে হিন্দী নয়, বাংলাভাষা। কিন্তু আপনি যদি বাইরে যান কোন্ ভাষায় কথা বলবেন? মাদ্রাজ ষ্টেশনে নেমে আমরা ইংরেজীতে বলি, এখন কিছু কিছু লোক হিন্দী বুঝতে আরম্ভ করেছে। হিন্দী language of communication হলে আপত্তির কি আছে তা তো বুঝি না। সে ভাষা খারাপ কি ভাল ভাষা, সমৃদ্ধশালী কিনা তা দেখার দরকার নেই। কিন্তু ভারতবর্ষকে এক করে গড়ে তুলতে হলে একটা language of communication থাকা দরকার। বাংলাদেশে ডাঃ রায় বাংলাভাষাকে দাবিয়ে হিন্দীকে প্রাধান্য দিতে পারেন একথা কেউ কেউ বললেও আমার তা মনে হয় না, ডাঃ রায় সে চেষ্টা করবেন এটা আমি মনে করি না, কিন্তু যদি তিনি চেষ্টা করেনও তিনি কি তা করতে সক্ষম হবেন [illegible] তারা উপরের থেকে সেটা চাপিয়ে দেবেন সেদিন ভারতবর্ষ টুকরো টুকরো হয়ে যাবে, কেউ ঠেকাতে পারবে না। সেজন্যে আমার শেষ কথা—আমি আশা করি আমাদের সংশোধনগুলি বিশেষ করে ২নং clause-এর একটা ভালভাবে চিন্তা করে দেখবেন।

Shri Basanta Kumar Panda: Sir, in this clause I have got four amendments, namely, amendments Nos. 14, 18, 21 and 29. I am not moving amendments Nos. 14 and 18. I shall move the other two.

I beg to move that in clause 2, line 5, the words "referred to in article 345 of the Constitution of India" be omitted.

I also beg to move that in clause 2, lines 6 and 7, the words "different official purposes or for" be omitted.

Sir, in this Bill you will see that a particular clause of the Constitution has been mentioned, namely, "referred to in article 345 of the Constitution of India." Sir, this is not necessary. Under what powers and according to what provisions of the Constitution we are enacting this clause need not be mentioned in this Bill, and therefore if we omit these unnecessary words, there will be no harm.

Then, Sir, my next amendment deals with the application of the Bengali language for different official purposes or for different areas in West Bengal. Suppose the State Government decides that in so many districts, in the collectorates only this language shall be used but at the same time in other offices of those districts, e.g. in district boards, judges' courts, certificate courts or in agricultural income tax offices, this language shall not be used, or in other words, for one official purpose in a particular area the language is introduced but for other offices in that particular area it is not introduced. Sir, harmony will be maintained if for the purpose of introduction of this language we may choose a district or a group of districts. We may choose a district and whenever we choose a district we shall introduce the Bengali language for all purposes and for all offices in that district. In that case the harmony in the district level will be maintained. Therefore my amendment is that different dates may be appointed for different areas in West Bengal omitting that portion "different official purposes or for." If we introduce the Bengali language in some offices in a district then the co-ordination of the different offices will vanish. Therefore if we are to introduce the Bengali language in any area we are to introduce it for all purposes in that area.

Shri Apurba Lal Majumdar: I beg to move that for clause 2, the following be substituted, namely :—

"2. (1) Notwithstanding anything contained in any other law for the time being in force, the Bengali language shall be the language to be used for the official purposes of the State of West Bengal referred to in Article 345 of the Constitution of India except such purposes as the State Government may from time to time by notification in the Official Gazette specify ;

(2) Notwithstanding anything contained in sub-section (1) the Nepali language shall be the language to be used for all official purposes within the contiguous areas having a majority of Nepali-speaking population."

New Clause 2A

Shri Apurba Lal Majumdar : I also beg to move that after clause 2, the following new clause be inserted :—

"2A. All notifications made under section 2 shall be laid before the State Legislature, as soon as may be, after they are made and shall be subject to such modifications as the State Legislature may make, during the session in which they are so laid or the session immediately following."

আমি যে সংশোধনী উত্থাপন করেছি তাতে আমি বলতে চেয়েছি সমস্ত official purposeএ বাংলা ভাষা প্রবর্তন করা অবিলম্বে দরকার। শুধু যেসব বিষয়ে প্রবর্তন করা হবে না সেগুলি notification in official gazette দেওয়া দরকার, এবং notification দেবার পর সেটা before the State Legislature দেওয়ার প্রস্তাব করেছি in a new clause 2A যে—

"All notifications made under section 2 shall be laid before the State Legislature as soon as may be, after they are made and shall be subject to such modifications as the State Legislature may make, during the session in which they are so laid or the session immediately following."

শংকরদাসবাবু যে amendment move করেছেন তাতে sub-clause 3তে দেখা যায় যে, different dates may be appointed for different official purposes or for different areas of the commencement or different dates as may be appointed for different purposes. এই different dates যদি within 2 years হয় তাহলে আমার বলার কিছু নাই। কিন্তু দুই বৎসরের জায়গায় ১০ বৎসরেও নিয়ে যেতে পারেন সেই আশংকাও এখানে রয়েছে। এই আইন যেভাবে drafted হয়েছে তাতে ২ বৎসরের মধ্যে সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে তা নয়। সর্ববিষয়ে কত বৎসরের মধ্যে এই আইন কার্যকরী হবে তার কোন limitation এই ধারার মধ্যে নাই। এজন্য একটু অসুবিধা হতে পারে। সমস্ত departmentএ executive ব্যাপারে প্রয়োগ করতে হয়তো প্রথম খানিকটা অসুবিধা হবে। সেজন্য আমি বলেছি কোন্ কোন্ জায়গায় প্রয়োগ করা হবে না notification করে সেটা হাউসের সামনে রাখা উচিত। তারপর, জ্যোতিবাবু, Leader of the opposition, যেকথা বলেছেন নেপালী ভাষা সম্পর্কে, সেই বিষয়ে আমি তার সংগে সম্পূর্ণ একমত যে নেপালী ভাষা সেই এলাকায় হওয়া উচিত contiguous areas having a majority of Nepali-speaking population. শিলিগুড়ি বা অন্যান্য অঞ্চল বাদ দিয়ে আমি সেই contiguous areaর কথা বলছি specially, যেমন, Chief Ministers' Conferenceএ গত Augustএ decided হয়েছে যেখানে 60 percent অন্ততঃ আছে সেসব অঞ্চলে official language নেপালী হোক। আমি Leader of the opposition জ্যোতিবাবুর সংগে আমি আরো একমত যে, সেখানে বাংলাও থাকবে এবং চলবে।

[6-20—6-30 p.m.]

Shri Ganesh Ghosh : Sir, I beg to move that in clause 2, the following further proviso be added, namely :—

"Provided further that the English language shall cease to be used for those official purposes within the State for which it was being used."

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I beg to move that in clause 2, in line 2, after the words "Official Gazette", the words "but not later than 31st day of March, 1962" be inserted.

I also move that in proviso to clause 2, in line 2, after the words "without prejudice' the words "until 31st March, 1965" be inserted.

স্যার, আমি ১৬ নং এবং ৩৫ নং-এর উপর বলছি। ১৬ নং-এ আমি বলেছি official gazetteএ notification but not later than 31st. March, 1962—এই notificationটা একটা নির্দিষ্ট দিনের মধ্যে হোক এটা আমরা চাই। আমরা আশা করেছিলাম যে, রবীন্দ্র শতবার্ষিকী বৎসরের মধ্যে এই প্রস্তাব গ্রহণ করা হবে। ১৯৬২ সালের যে মাসে রবীন্দ্র জন্মশত বৎসর শেষ হয়ে যাচ্ছে, সেজন্য আমি সংশোধনী দিয়েছি যে, ৩১শে মার্চ, ১৯৬১। আরেকটা সংশোধনী প্রস্তাব আমি দিয়েছি—এটা গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। কারণ, এখানে আছে Provided that the issue of any such notification shall be without prejudice to the use of any language other than the Bengali language etc. আমি সেখানে বলেছি without prejudice until the 31st, 1965। যেসব জায়গায় বাংলা ভাষা চালু করতে হবে, তার জন্য আমি আইনে দিতে চাই by stages বাংলা ভাষা চালু করতে হবে।

Shri Mihir Lal Chatterjee : Sir, I beg to move that in clause 2, in line 3, after the words "Bengali language", the words "as is easily understandable" be inserted

I also move that in proviso to clause 2, in line 5, after the words "criminal courts" the words "and government offices" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলেছি বাংলা ভাষা এমন হবে as is easily understandable—এখন এমন বাংলায় দলিলপত্রাদি লেখা হয় যে ভাষা সাধারণ লোকে বুঝতে পারে না যথা, কার্যাঙ্গালে ইত্যাদি—এরকম ভাষা বর্তমানে অচল। বাংলাদেশে যেসব আদিবাসী আছে তারা শিক্ষিত নয়। আমাদের যে পরিভাষা সৃষ্টি হয়েছে সেই পরিভাষাও তারা বুঝতে পারে না। সুতরাং কথ্যভাষায় যদি প্রচলন না করেন তাহলে দৈনন্দিন কাজকর্মে অনেক অসুবিধা হবে।

Shri Deo Prakash Rai : Sir, I have an amendment to move that in clause 2, line 7, after the words "West Bengal" the words "without prejudice to the provisions of Articles 347, 350 and 350A of the Constitution of India" be added.

Sir, my amendment seeks for incorporation of provisions under Articles 347, 350 and 350A of the Constitution of India. Dr. Roy in his statement has raised an issue under Art. 347.

Mr. Speaker : You just put in your amendment.

Shri Deo Prakash Rai : In that case as there is already a provision incorporated under Article 347, I do not wish to press my amendment.

Shri Panchanan Bhattacharjya : Sir, I beg to move that in proviso to clause 2, lines 4 and 5, the words "in any of the civil or criminal courts" be omitted.

স্যার, একটা খুব জটিল অবস্থা দেখা দেবে বলে আমার এই সংশোধনী প্রস্তাব। কেন্দ্রীয় সরকারের একটা আইন আছে সেটার নাম হচ্ছে ষ্ট্যাণ্ডিং অর্ডার আইন। সেই ষ্ট্যাণ্ডিং অর্ডারে বলা আছে যে সংশ্লিষ্ট কারখানায় অধিকাংশের বোধগম্য ভাষাকে অনুবাদ করে টানিয়ে দিতে হবে। এখানে বলা হচ্ছে—

"Provided that the issue of any such notification shall be without prejudice to the use of any language other than the Bengali language which is authorised by or under any law for the time being in force to be used for any purpose in any of the civil or criminal courts".

সিভিল, ক্রিমিন্যাল কোর্টের কথা তুলে দিলে any purpose তা'হলে উদ্দেশ্য সিদ্ধ হবে, শ্রমমন্ত্রী সামলাতে পারবেন, ষ্ট্যাণ্ডিং অর্ডার নিয়ে ঝামেলা হবে। সংবিধানের ২২৬ ধারা অনুযায়ী হাইকোর্ট করলে এই আইনের অংশটুকু ultra vires বলে প্রমাণিত হবে। এসবের জন্য আমার এই সংশোধনী দেওয়া।

Dr. Prafulla Chandra Ghosh : Sir, I beg to move that the following further proviso be added to clause 2, namely :—

"Provided however—

(a) that if at least ten percent. of the people of the State speak a language mentioned in the Eighth Schedule of the Constitution of India, other than Bengali, the State Government may declare by notification, that language as an additional official language of the State,

(b) that in the district of Darjeeling Nepali be recognised as the additional official language".

স্যার, ডাঃ রায় বলেছেন যে এখন 10% কেউ নেই। কিন্তু সেন্সাস রিপোর্ট যখন বের হবে তখন কত হবে না হবে সেটা উনি জানেন না, আমিও জানিনা; আর সেনসাস রিপোর্ট বের হলে যদি দেখা যায় ১০নং হবে তবে State Govt. will declare, not otherwise সেখানে বর্তমানে যা প্রভিশান তাতে না থাকলেও যে করতে হবে এমন কোন কথা বলা হয়নি। দ্বিতীয় নম্বর in the Dist. of Darjeeling Nepali he recognised as additional official language. জ্যোতিবাবুর বক্তৃতা আমি খুব মনোযোগ সহকারে শুনেছি—তাতে জ্যোতিবাবুর যে কথা এবং সঙ্করদাসবাবুর যে এমেণ্ডমেণ্ট তার মধ্যে জ্যোতিবাবুর ভাষা নেই বটে, কিন্তু উদ্দেশ্য এক। কিন্তু সত্যেনবাবু যা বলেছেন তা এক নয়। কারণ সত্যেনবাবু বলেছেন যে নেপালী ভাষা আর বাংলাভাষা যদি সঙ্গে সঙ্গে থাকে তাহলে নেপালী ভাষার ডেভালপমেণ্ট হবে না। আমার মনে হয় যে এটা স্পষ্টভাবে থাকা উচিৎ যে নেপালী ভাষা এবং বাংলাভাষা দুটোই থাকবে। সেজন্য নেপালী ভাষাকে আমি additional language করবার জন্য বলছি।

Shri Bhadra Bahadur Hamal : सर, इस धारामें मेरा तीन अमेण्डमेन्ट है। ४१, ४२ और ७८ यथा :—

that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that in the three hill subdivisions of Darjeeling district, namely, Darjeeling, Kalimpong and Kurseong, and in those contiguous areas where the Nepali-speaking people are in the majority, Nepali shall be used for all official purposes."

that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that in those contiguous areas of Darjeeling district where the Nepali-speaking people are in the majority, Nepali shall be used for official purposes."

that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that communication between that part of Darjeeling district where the language of Administration will be Nepali and the State headquarters, shall be carried on in Nepali language."

आमि इस ७८ नं' आमेण्डमेन्टको सुभ करता हुं।

४१ नं. संशोधन में मैं कहना चाहता हूँ कि दार्जिलिंग के तीन सबडिविजन—कार्सियांग और दार्जिलिंग और उसके कांटिगुअस एरियामें सभी कार्य नैपाली भाषामें होना चाहिए।

४२ नं. संशोधनमें मैं कहना चाहता हूँ कि जहांपर नैपाली मेजारिटी के लोग हैं, वहां पर आल जुडिसियल प्रपज में नैपाली भाषा होना चाहिए।

मैं अपने ७८ नं. संशोधन में निवेदन किया हूँ कि राज्य सरकार नैपाली एरियामें सरकूलर, चिट्ठी वगैरह जो भी भेजे वह नैपाली भाषामें हो होना चाहिए।

[6-30—6-40 p.m.]

Shri Sunil Das : Sir, I beg to move that in clause 2, in line 3, after the word "behalf" the words "but not later than 31st December, 1961" be inserted.

এখানে আমি আমার amendment টুকু একটা কথা বলছি যখন ১৯৫৮ সালে আমরা non-official প্রস্তাব পাশ করি তার উদ্দেশ্য ছিল রবীন্দ্র শত বার্ষিকী বছরে আইন চালু করবো। ১৯৬১ সালের ডিসেম্বরের মধ্যেই এই প্রস্তাব কার্যকরী করা হোক এটাই বলতে চাইছি।

[illegible] Sen : Sir, I beg to move that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that in the district of Darjeeling Nepali language shall be recognised as the official language for the district in addition to the official State language."

আমি আমার amendment move করছি কিন্তু কিছু বলব না।

Shri Sasabindu Bera : Sir, I beg to move that for clause 2, the following be substituted, namely :—

"2. (1) With effect from such date within one year from the passing of this Act, as the State Government may, by notification in the Official Gazette, appoint in this behalf, the Bengali language shall be the language to be used for all official purposes of the State of West Bengal, except in so far as is provided under Article 346 of the Constitution of India, and different dates may be appointed for different official purposes.

(2) Notwithstanding anything contained in sub-section (1) the Nepali language shall be the language to be used for all official purposes within the district of Darjeeling and such contiguous areas within the State as have a majority of Nepali-speaking population with effect from such date or dates as may be appointed in the manner specified in sub-section (1).

(3) Notwithstanding anything contained in any other law for the time being in force, from the date or dates appointed under sub-section (1) or sub-section (2), English shall cease to be used for the official purposes for which such date or dates are appointed."

Clause (২) ব্যাপারে মূল বিল এবং আমার amendmentএ পার্থক্য আছে। সেটা স্বীকার করে নিয়েছেন বলে মনে করেই বলছি। শঙ্করবাবুর amendment এবং মূল বিল যেখানে official language আছে 345 উল্লেখ করে সেখানে বলা হয়েছে যে for official purposes of the State of West Bengal referred to in Article 345 of the Constitution of India.

আমার মনে হয় 345 উল্লেখ করার প্রয়োজন নাই। শুধু তাই নয় 345 এ আছে for any or all language.

আমার বক্তব্য হচ্ছে এই for all official purpose Bengaliকে Language করতে হবে। সেজন্য 345 উল্লেখ করে, 345এর দোহাই দিয়ে সরকারের প্রচ্ছন্ন মনোভাব দেখা দিয়েছে, side by side ইংরেজী রেখে দিচ্ছেন। সেজন্য আমি আমার amendmentএ বলেছি আমরা তা চাই না। যেটা for all official purposes of the State of West Bengal except in so far as is provided under Article 346 of the Constitution of India. এটা থাকা দরকার। Article 345এ আছে Inter State Communicationএ ইংরেজী ভাষা থাকবে সেটা বাদ নয়। অন্যান্য সমস্ত Purposeএ ইংরেজী ভাষা থাকবে কিন্তু জিলার মধ্যে নেপালী ভাষার কথা বলা হয়েছে।

আর আমি এটা বলতে চাচ্ছি একটা expressed provision থাকা দরকার যে এ বিল চালু হলে English shall cease to be used for official purposes.

ইংরেজী যেন আমাদের ঘাড়ে চেপে না বসে। সেজন্যই এই amendment দিয়েছি।

Dr. Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that in clause 3, lines 1 to 13, for the words beginning with "such date as" and ending with "the State of West Bengal" the words "the 1st January, 1962 the Bengali language shall be the language to be used for the official purposes of the State of West Bengal referred to in article 345 of the Constitution of India ;

Provided that the Nepali or Santhali language in addition to Bengali, shall be used for all official purposes in the area or areas where the Nepali or Santhali speaking population comprises at least 5% (five percent.) of the total population ;

Provided further that notwithstanding anything contained in any law the use of Bengali for any official purpose shall be without prejudice to the use of any language other than the Bengali language which is authorised by or under any law for the time being in force to be used for any purpose in any of the Civil or Criminal Courts within the State of West Bengal.", be substituted. রবীন্দ্র শতবার্ষিকীতে বাংলা ভাষাকে রাজ্যভাষা করার কথা হচ্ছে। আমি বলি 1st Januaryই date line হোক, সেদিন থেকেই এটা চালু হোক।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Mr. Speaker, Sir, I have already said that I have accepted the amendment moved by Shri Sankardas Bandyopadhyay to the main motion. So many amendments have been proposed and I may not be able to refer to one or two of them ; if so, the members who moved them will kindly forgive me.

If I have agreed to give the Nepalese an opportunity of expanding and developing itself, I do not say that other languages also—may be minority languages in the other parts of the State—should not get a similar opportunity of developing themselves. It is not enough to my mind that a child belonging to a minority community should get his tution in his own language at the primary stage ; it is not enough that he should also have some contact with his own language in the secondary stage ; but in actual life he should be able to feel that provision for languages in the State is such that he can deve'op himself without suppressing any other person. That is the main point. If you want to keep the link and integration of the different communities speaking different languages in the State, the only way is to try and give full opportunities to all the languages that require development and for which there is a demand—at the same time to see that no attempt is made to have a division among different language groups. I agree with Shri Jyoti Basu that, that is the only way in which you can make integrated all the different communities in India—not by suppressing a particular

language in a particular area but giving full opportunities to these languages to develop in their own way. The main confusion has been whether in our Bill or in the amendment moved by Shri Sankardas Bandyopadhyay we have not agreed to the suggestion that the Nepali language should be a language for official purposes in the three sub-divisions or that it should be to the exclusion of Bengali—as Shri Jyoti Basu said in one way—I would put it in another way. After all, you don't want Nepalis to remain outside the pale of the Bengali society. They must feel that while they have opportunity of devoloping themselves, they have the opportunity of mixing with people of the other parts of the country. My friend said that the man of the hill district would like to go to the plains in order to develop or improve his prospects in life; similarly a man from Bengal should have an opportunity of going to the hill districts; and if he does go there he should be able to learn the language in order to be able satisfactorily to perform the duties for which he is employed there. And a Bengali, to my mind, cannot perform the duties in the hill districts properly unless he learns the language of the hill districts.

[6-40—6-50 p.m.]

That was the system even during the British times as far as I know. Very many officers who went to the different districts were made to learn the different languages of those districts. Sir, I think there is one part of the Bill which, to my mind, has not been understood by my friends and that is this: "Provided that the issue of any such notifications shall be without prejudice to the use of any language other than the Bengali language which is authorised by or under any law for the time being in force to be used for any purpose in any of the civil or criminal courts within the State of West Bengal". I understand that under the code of Civil Procedure and the Code of Criminal Procedure there are provisions for the use of a particular language in a particular area, whatever the language ordinarily spoken in that area may be, and I am told by several of my officers that in the hill districts they had given such instructions under the Codes of Civil and Criminal Procedure and therefore we do not want to touch them at the present moment because they are in operation in those areas and I do not want to score them off from this Bill. It may be that when later on they will not be found useful, we may have to withdraw them.

Sir, probably my friend Shri Basanta Kumar Panda would like me to comment upon his amendment in which he says that the words refered to in article 345 of the Constitution of India" be omitted, and his next amendment is for the deletion of the words "different official purposes or for". I think he has not appreciated the difficulty. There may be in a particular district a Statistical Department. Now this Statistical Department told me that it will be very difficult for them to have all the intonations etc., etc., whereas other departments may like to go in for the Bengali language. So in order to avoid any difficulty of the type we decided that the different purposes should be referred to. If you accept the different purposes, then you have got to accept the language of the

Bill, namely, "that the language to be used for the official purposes in the State of West Bengal referred to in article 345 of the Constitution of India" because article 345 says that you may by law adopt any one or more of the languages in the State to be used for all or any of the official purposes of the State. Therefore, it may be that for some period one department in a particular area may be excluded from the operation of the Act and in that case you must refer to article 345. I do not think there is any other important amendment that has been put forward except that of my friend Dr. Prafulla Ghosh who pleads that if 10 percent. of the people speak a language other than Bengali according to the census report, we might declare by notification that language of the 10 percent of the people as an additional official language. My suggestion is that it may be 10 percent or it may be even less.

They get the permission under Article 347 which says thus: "On a demand being made in that behalf, the President may, if he is satisfied that a substantial proportion of the population of a State desire the use of any language spoken by them to be recognised by that State, direct that such language shall also be officially recognised throughout that State or any part thereof for such purpose as he may specify." As I said before the Chief Ministers' Conference, this Article requires amendment. But if you say that the President has to be satisfied that a substantial proportion of the population of a State speaks a minority language, my suggestion was therefore to amend the Constitution in this way: "On a demand being made in that behalf, the President may, if he is satisfied that a substantial proportion **or a part** of the population of a State desire the use of any language " etc. If this is done then it becomes very easy to get out of the difficulties. I hope the Central Government will yield to that. But in any case I do not think that Mr. Ghose's amendment would be of any value. It can only be useful if Article 347 is amended.

As regards introduction of Nepali language in the Darjeeling district as a whole, I do not believe that is practicable nor do I think the district will stand the scrutiny that 70 percent. of the people speaks the language. Therefore, our amendment—Shri Sankardas Bandyopadhyay's amendment is much better and more practicable.

Sir, I do not know if there is any other particular amendment upon which I am to make comments.

I oppose all the amendments, and support the amendment of Shri Sankardas Bandyopadhyay.

Mr. Speaker: I put all the other amendments except the amendment of Shri Sankardas Bandyopadhyay to vote.

The motion of Shri Jyoti Basu that in clause 2, lines 1 to 3, for the words beginning with "such date" and ending with "in his behalf" the words "first January, 1962,' be substituted, was then put and lost.

The motion of Shri Ramanuj Haldar that in clause 2, in line 1, after the word "such" the words "an early" be inserted, was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakraborty that in clause 2, in line 2, after the words "*Official Gazette*" the words "but not later than 31st day of March, 1962" be inserted, was then put and lost.

The motion of Shri Mihir Lal Chatterjee that in clause 2, in line 3, after the words "Bengali language" the words "as is easily understandable" be inserted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda to move that in clause 2, line 5, the words "referred to in article 345 of the Constitution of India" be omitted, was then put and lost.

The motion of Shri Jyoti Basu that in clause 2, in lines 5 to 7, the words "and different dates may be appointed for different official purposes or for different areas in West Bengal" be omitted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2, lines 6 and 7, the words "different official purposes or for" be omitted, was then put and lost.

The motion of Shri Jyoti Basu that in proviso to clause 2, line 1, for the words "issue of any such notification" the words "declaration with regard to the use of Bengali as the official language" be substituted, was then put and lost.

The motion of Shri Jatindra Chandra Chakraborty that in proviso to clause 2, in line 2, after the words "without prejudice" the words "until 31st March, 1965" be inserted, was then put and lost.

The motion of Shri Panchanan Bhattacharya that in proviso to clause 2, lines 4 and 5, the words "in any of the civil or criminal courts" be omitted, was then put and lost.

The motion of Shri Mihir Lal Bhatterjee that in proviso to clause 2, in line 5, after the words "criminal courts" the words "and government offices" be inserted, was then put and lost.

The motion of Dr. Prafulla Chandra Ghosh that the following further proviso be added to clause 2, namely :—

"Provided however—

(a) that if at least ten per cent. of the people of the State speak a language mentioned in the Eighth schedule of the Constitution of India, other than Bengali, the State Government may declare, by notification, that language as an additional official language of the State,

(b) that in the district of Darjeeling Napali be recognised as the additional official language", was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that in the three hill subdivisions of Darjeeling district, namely, Darjeeling, Kalimpong and Kurseong, and in those contiguous areas where the Nepali-speaking people are in the majority, Nepali shall be used for all official purposes" was then put and lost.

The motion of Shri Sunil Das that in clause 2, in line 3, after the word 'behalf' the words "but not later than 31st December, 1961" be inserted, was then put and lost.

The motion of Shri Deben Sen to move that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that in the district of Darjeeling Nepali language shall be recognized as the official language for the district in addition to the official State language", was then put and lost.

The motion of Shri Sasabindu Bera that for clause 2, the following be substituted, namely :—

"2. (1) With effect from such date within one year from the passing of this Act, as the State Government may, by notification in the Official Gazette, appoint in this behalf, the Bengali language shall be the language to be used for all official purposes of the State of West Bengal, except in so far as is provided under Article 346 of the Constitution of India, and different dates may be appointed for different official purposes.

(2) Notwithstanding anything contained in sub-section (1) the Nepali Language shall be the language to be used for all official purposes within the district of Darjeeling and such contiguous areas within the State as have a majority of Nepali-speaking population with effect from such date or dates as may be appointed in the manner specified in sub section (1).

(3) Notwithstanding anything contained inany other law for the time being in force, from the date or dates appoin ed under sub-section (1) or sub-section (2), English shall cease to be used fot the offcial purposes for which such date or dates are appointed, was theur put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that communication between that part of Darjeeling district where the language of Administration will be Nepali and the State headquarters, shall be carried on in the Nepali language" was theu put and lost.

The motion of Shri Ganesh Ghosh that in clause 2, the following further proviso be added, namely :—

"Provided further that the English language shall cease to be used for those official purposes within the State for which it was being used", was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that for clause 2, the following be substituted, namely :—

"2. (1) Notwithstanding anything contained in any other law for the time being in force, the Bengali language shall be the language to be used for the official purposes of the State of West Bengal referred to in Article 345 of the Constitution of India, except such purposes as the State Government may from time to time by notification in the *Official Gazette* specify ;

(2) Notwithstanding anything contained in sub-section (1) the Nepali language shall be the language to be used for all official purposes within the contiguous areas having a majority of Nepali-speaking population.", was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the following further proviso be added to clause 2, namely :—

"Provided further that adequate facilities shall be provided to all the minorities in the State for the preservation and development of their language, script and culture.", was then put and lost.

The motion of Dr. Dhirendra Nath Banerjee that in clause 2, lines 1 to 13, for the words beginning with "such date as" and ending with "the State of West Bengal" the words "the 1st January, 1962 the Bengali language shall be the language to be used for the official purposes of the State of West Bengal referred to in article 345 of the Constitution of India ;

Provided that the Nepali or Santhali language in addition to Bengali, shall be used for all official purposes in the area or areas where the Nepali or Santhali speaking population comprises at least 5% (five percent.) of the total population ;

Provided further that notwithstanding anything contained in any law the use of Bengali for any official purpose shall be without prejudice to the use of any language other than the Bengali language which is authorised by or under any law for the time being in force to be used for any purpose in any of the Civil or Criminal Courts within the State of West Bengal.", be substituted, was then put and lost.

Mr. Speaker: I now put the amendment of Shri Sankarda Bandyopadhyay to vote.

The motion of Shri Sankardas Banerji that for clause 2, the following clause be substituted, namely :—

"Language or languages to be used for official purposes of the State

2. With effect from such date, not later than two years from the date of commencement of this Act, as the State Government may, by notification in the *Official Gazette*, appoint in this behalf,

(a) in the three hill subdivisions of the district of Darjeeling, namely, Darjeeling, Kalimpong and Kurseong, the Bengali language and the Nepali language, and

(b) elsewhere, the Bengali language, shall be the language or languages to be used for the official purposes of the State of West Bengal referred to in Article 345 of the Constitution of India, and different dates may be appointed for different official purposes or for different areas in West Bengal :

Provided that the issue of any such notification shall be without prejudice to—

(i) the use of any language other than the Bengali language which is authorised by or under any law for the time being in force to be used for any purpose in any of the civil or criminal courts within the State of West Bengal, and

(ii) the use of the English language in the examinations conducted by the Public Service Commission, West Bengal.", was then put and agreed to.

The question that Clause 2 as amended do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: I now put the amendment of Shri Apurba Lal Majumdar to vote.

The motion of Shri Apurba Lal Majumdar that after clause 2, the following new clause be inserted :—

"2A. All notifications made under section 2 shall be laid before the State Legislature, as soon as may be, after they are made and shall be subject to such modifications as the State Legislature may make, during the session in which they are so laid or the session immediately following.",

was then put and lost.

Enquiry regarding the revision of pay scales, etc. of the staff of the Assembly Secretariat

Shri Jyoti Basu : আপনি কি এটা শেষ করবেন আজকে ?

Mr. Speaker : ইচ্ছা তো তাই।

Shri Jyoti Basu : তাহলে একটা কথা বলে দিই—হঠাৎ যদি বন্ধ করে দেন, ভয় হচ্ছে। এই আমাদের সরকারী কর্মচারীদের মাইনের ব্যাপারটা, আমাদের এই Assembly Houseএর staff আপনার underএ যাঁরা আছেন, তাঁদের সম্বন্ধে আমি বার বার করে বলেছি—আপনি মুখ্য মন্ত্রীমহাশয়কে একবার জিজ্ঞাসা করুন, আপনি যাচ্ছেন না, অথচ কালকে এখানে এসেই প্রথমে তাঁদের কথা উঠবে; তাঁরা কি পাবেন, কি পাবেন না, তাঁদের কি অধিকার আছে, আপনারই বা কি অধিকার আছে। এই নিয়ে একটা গোলমাল লেগে যাবে। তাই বলছি যদি সম্ভব হয়, তাহলে হাউস শেষ করবার আগে মুখ্য মন্ত্রীমহাশয়কে আপনি একটু বলুন, যদি ওঁদের সম্বন্ধে তিনি একটা বিবৃতি দেন প্রথমে, তাহলে ভাল হয়। নতুবা আমরা বড় বিপদে পড়ছি। এ সম্বন্ধে সেক্রেটারীর কাছে খোঁজ নিয়েছি, তাতেও কিছু বোঝা যাচ্ছে না। ঐ সরকারী কর্মচারীরা যা পান, তাই পাবেন কি পাবেন না, এ সম্বন্ধে আপনারই বা কতটা কি অধিকার—আজ অবধি গত পাঁচ বছরের মধ্যে বুঝতে পারলাম না। সেইজন্য বলছি—গতবারে ওরা ঠকেছিলেন 1950তে বোধ হয়। 1950তে ওরা ঠকেছিলেন—কারণ তাঁদের তখন restrospective effect দেওয়া হয় নাই। কিন্তু তখন অন্যান্য গভর্ণমেণ্ট কর্মচারীরা তা পেয়ে ছিলেন, আর ওরা পান নাই। এইজন্য আমাদের মুস্কিল হচ্ছে। তাই হাউস শেষ করবার আগে তিনি যদি দয়া করে এবিষয়ে কিছু বলেন, তাহলে ভাল হয়।

Shri Subodh Banerjee : আপনার কাছে আমরা কয়েকজন এদিককার, ডাঃ রায়ও শুনে নিন, জ্যোতিবাবু, দেবেনবাবু, হেমন্তবাবু, যতীন চক্রবর্তী এবং আমি—আপনার কাছে একটা চিঠিও দিয়েছি এই ব্যাপারে। আমরা চেয়েছিলাম যে চিঠি আমরা দিয়েছিলাম employeeদের ব্যাপারে, Staff of the Assembly Secretariatএর ব্যাপারে। তারপর ডাঃ রায় এই হাউসে যে assurance দিয়েছিলেন যে Assembly Secretariat should be independent of Government control. তার কতটা কি পূরণ হলো ?

Mr. Speaker : I could not consult you all with regard to this matter because you know we are very busy with this Bill. However, I will try to have a talk with Dr. Roy and let you know everything afterwards.

Shri Subodh Banerjee : ডাঃ রায়কে বলুন, কাল আমরা সরকারী কর্মচারীদের মাইনের ব্যাপারে এখানে কি আলোচনা করবো ? কারণ আমরা এজন্য চাচ্ছি না যে হাউসের ব্যাপার আমরা হাউসে আলোচনা করি। আলোচনা করতে চাই না বলেই আগে আমরা জানতে চাচ্ছি। কালই তো এ ব্যাপার আলোচনা করবো। আজকে যদি আমরা একটা জিনিষ তাঁদের সম্বন্ধে বুঝি, তাহলে আর কালকে আমাদের হাউসের ব্যাপারটা আলোচনা করবো না। আর যদি তা হয়, তাহলে আমাদের যে সব আলোচনা করতেই হবে—which may not be palatable। এইজন্যই বলছি আজকে আপনি ডাঃ রায়ের সংগে কথাবার্তা বলে আমাদের বলুন যাতে করে আমরা একটা পজিসানে যেতে পারি যে কালকে ওটা আলোচনা করবো কি করবো না। এরকম একটা কিছু আজই হওয়া দরকার।

Shri Jatindra Chandra Chakravorty : আপনার অধিকার তো কেবল আমাদের উপর, তার ঐ ব্যাপারে তো আপনার কোন অধিকার দেখ্‌ছি না। শুধু বসাবার অধিকার দেখ্‌ছি।

[6-50—7 p.m.]

Clause 3

Mr. Speaker : Nobody is moving the amendments.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 4

Shri Subodh Banerjee : Sir, I beg to move that after clause 3, the following new clause be inserted, namely :—

"4. All notifications made under section 2 or section 3 shall be laid before the State Legislature as soon as may be after they are made and shall be subject to such modification as the State Legislature may make during the session in which they are so laid or the session immediately following."

মাননীয় স্পীকার মহাশয়, এটা বোধহয় ডাঃ রায়ের নিতে আপত্তি হবে না। আপনি ক্লজ (২) ও (৩)তে বলেছেন notification দেবেন এবং সেই notification অনুসারে একটা date fixed করা হবে। কিন্তু ঠিক কবে থেকে official language চালু হবে, তা বলা হয়নি। সেইজন্য আমি এখানে এইটা রাখ ত বলছি যে, all notifications made under section 2 or section 3 shall be laid before the State Legislature as soon as may be after they are made and shall be subject to such modifications as the State Legislature may make during the Session in which they are so laid or the Session immediately following.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I do not agree.

Shri Subodh Banerjee : আপনি agree করেন না? তার কারণ হচ্ছে, আমার কাছে গুজরাট লেজিস্‌লেটিভ য়্যাক্টের কপি আছে, তাতে official language সম্বন্ধে যা বলা হয়েছে, তার একটা সেক্‌সন আমি আপনার সামনে তুলে ধরতে চাই। এই drafting আমার নয়। গুজরাট য়্যাক্টের এই সেক্‌সনটা আমাদের য়্যাক্টে রাখতে ডাঃ রায়ের আপত্তি কোথায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : গুজরাট য়্যাক্টের ব্যাপার বাংলায় খাটবে কেন?

Shri Subodh Banerjee : অন্য জায়গায় ওঁরা যেটুকু দিতে রাজী হয়েছেন, তা যদি আমি এখানে lay করতে চাই তা'ও আপনি দিতে রাজী নন। অর্থাৎ দেখা যাচ্ছে অন্য জায়গায় কংগ্রেস গভর্ণমেণ্ট যেটুকু সুবিধা দিচ্ছেন, এখানে ডাঃ রায় সেটুকুও দিতে চান না।

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that after clause 3, the following new clause be inserted, namely :—

> "4. All Acts, Ordinances, rules, regulations and by-laws, whether passed by Central or State Legislature shall be translated in Bengali language under the authority of the Governor within a period not exceeding three years from the date of passing of the Act."

Sir, in this case, I have put in a new clause. After the passing of this Act, we shall be making laws in Bengali, but what will be the condition of the existing laws. They are all written in English. Therefore, by the new clause, I say that after passing of this Act a high powered committee be appointed for translating the existing Central and State Laws.

Sir, in the Report of the Language Commission of 1956, which was presented to the Lok Sabha by the late lamented Pandit Gabinda Ballav Pant on the 12th August, 1957, there was provision for the appointment of such a Translating Committee under the guidance of the Governor himself. That has been adopted by the Parliament Committee of 30 M.Ps. So, I say that just after the passing of this Act such a Committee should be set up for translation into Bengali of all the existing Central and State Acts.

Shri Apurba Lal Majumdar : Sir. I beg to move that after clause 3 the following new clause be added, namely :—

> "4. Notwithstanding anything contained in any other law for the time being in force, English shall cease to be an official language subject to the provisions of Article 346 of the Constitution of India."

আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস্য সুবোধবাবু মধ্যপ্রদেশের ষ্যাক্টের একটা নথি উল্লেখ করে বলেছেন যে সেখানে ইংরাজী ভাষা আর official language হিসাবে থাকবে না। সেইরকম provision আমাদের এখানেও থাকা উচিত।

সেখানকার হাইকোর্টের একটা judgment লক্ষ্য করেই আমি আমার এই ষ্যামেণ্ডমেণ্ট এনেছি। আমার মতে আমাদের এখানেও এইরকম provision থাকা উচিত যে 'English shall cease to be an official language subject to the provisions of Article 346 of the constitution of India'.

আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এটা গ্রহণ করবেন।

Shri Syed Badrudduja : Sir, I beg to move that after clause 3, the following new clause be added, namely .—

"4. Notwithstanding anything contained in section 3, Urdu language shall also be used for administrative and all other official purposes in Calcutta, Murshidabad (Town), Asansol and other Urdu-speaking areas in West Bengal."

The Hon'ble Prafulla Chandra Sen : कारण यह है कि उनके काम की योग्यता नहीं है।

Shri Bhadra Bahadur Hamal : ये जो लोग हैं, १५, १८ वर्ष से फूड डिपार्टमेण्ट में जब काम करते थे, तब उनकी योग्यता थी, किन्तु क्या अब उनकी योग्यता नहीं है ?

The Hon'ble Prafulla Chandra Sen : ये लोग जिस तरह का काम पहले करते थे, उस माफिक काम अभी हमारे पास नहीं है।

Shri Saroj Roy : আমি বলছি যে আপনাদের non-matric L. D. clerk এখানে আছে। কিন্তু দার্জিলিংএ যারা কাজ করছে তাদের ভিতর qualification-এর দিক থেকে সবকটাই matriculate। যারা non-matric L. D. clerk এখনও আছে তাদের চেয়ে ওদের যোগ্যতা বেশী থাকা সত্ত্বেও কেন ওদের তহসিলদার হিসাবে রাখা হচ্ছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : এরা সব non-matric। যে যে পদে এদের রাখা হয়েছে আমরা সেই পদে School Finalকে রেখে থাকি। তবে এরা Food-Departmentএ ছিল বলে এদের ছাড়াইনি।

Shri Saroj Roy : আপনি বললেন ওরা প্রত্যেকে non-matric। আপনি নামকটা পড়ে বলবেন কি ওদের ভেতর School Final pass নয় এমন কে আছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : শ্রীরাজেন্দ্র নাথ পাণ্ডে, শ্রী বি, কে, এস, ছেত্রি, শ্রী আর, এন, প্রধান, শ্রী এইচ তেন্‌হুপ, শ্রীথোন শংকর ঘিমিরাজ, শ্রী এ, বি, এস, ছেত্রি। এদের present scale of pay 50-1-68-2-80, আর এখন শ্রীরাজেন্দ্র নাথ পাণ্ডে পাচ্ছে ৭০ টাকা, শ্রী বি, কে, এস, ছেত্রি পাচ্ছে ৭০ টাকা, শ্রীআর, এন, প্রধান পাচ্ছে ৭৪ টাকা, শ্রীএইচ তেন্‌হুপ পাচ্ছে ৭০ টাকা, শ্রীথোন শংকর ঘিমিরাজ পাচ্ছে ৭৪ টাকা, শ্রী এ, বি, এস, ছেত্রি পাচ্ছে ৭৪ টাকা।

[3-40—3-50 p.m.]

Shri Ganesh Ghosh : প্রফুল্লবাবু বলতে চেয়েছেন যে ওদের আগের কাজের কার্যকাল ধরেই তাঁদের বেতন ঠিক করা হয়েছে—, আমার প্রশ্ন হচ্ছে তাঁদের আগের কার্যকালেও তাদের সরকারী চাকরী এবং পরের কার্যকালেও তাঁদের সরকারী চাকরী, তাহলে এখানে তাঁদের Continuity রাখা হলো না কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : এখানে Continuityর প্রশ্ন করা হয় নাই। সে প্রশ্ন এখানে নাই।

Shri Ganesh Ghosh : আপনি সে সম্বন্ধে কিছু বলতে পারেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : না।

Coal shortage in Nadia and Murshidabad Districts.

***80.** (Admitted question No. *172.) **Shri Haridas Dey :** Will the Hon'ble Minister in charge of the **Food, Relief and Supplies Department** be pleased to state—

(ক) মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি গত ৪।৫ মাস হইতে নদীয়া ও মুর্শিদাবাদ জেলায় কয়লার দুর্ভিক্ষ দেখা দিয়াছে এবং জনসাধারণ বিশেষ অসুবিধা ভোগ করিতেছে ; এবং

(খ) ইহা যদি সত্য হয়, মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই অবস্থার প্রতিকারার্থে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : (১) কয়লার দুর্ভিক্ষ দেখা দিয়েছে ইহা সত্য নহে ; তবে কয়লার ওয়াগনের সংখ্যাল্পতা হেতু কয়লার কিছু অভাব দেখা দিয়েছে এবং জনসাধারণ তজ্জন্য কিছু অসুবিধা ভোগ করিতেছে।

(২) আগামী সেপ্টেম্বর মাস হইতে এই দুই জেলার জন্য কয়লার ওয়াগণের মূল মাসিক বরাদ্দের উপরেও কিছু বাড়তি মাসিক বরাদ্দ নির্ধারিত করা হইয়াছে। ইহা ব্যতীত কয়লার খনি অঞ্চল হইতে সরাসরি লরীযোগেও কয়লা আনা হইতেছে।

Shri Haridas Dey : আমাদের চীফ মিনিষ্টারের সঙ্গে কোল কমিশনারের আলোচনা হবার পর যেটা আমাদের দৈনিক ২৫ ওয়াগণ করে বাড়ান হবে, এটা কি হাই ?

The Hon'ble Prafulla Chandra Sen : হ্যাঁ, তা থেকে নদীয়াও পাবে, মুর্শিদাবাদও পাবে।

Shri Haridas Dey : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি—এই যে কোটা পাওয়া যাচ্ছে অথচ মাসিক বরাদ্দ পড়ে থাকছে, এর কারণ কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমার কাছে যে সমস্ত পরিসংখ্যান আছে তাতে দেখতে পাচ্ছি যে মুর্শিদাবাদ জেলায় সেপ্টেম্বর মাসে অতিরিক্ত ৪০ ওয়াগণ দেওয়া হয়েছে এবং নদীয়া জেলায় ৬৮ ওয়াগণ দেওয়া হয়েছে।

Shri Haridas Dey : তা সত্বেও মাসিক বরাদ্দটা এখনো যায় নাই। আপনি বলেছেন ইহা আপাততঃ কয়লাখনি হতে সরাসরি লরীযোগে আনবার জন্য ব্যবস্থা হয়েছে। এটা ঠিক। কিন্তু লরীযোগে যে কয়লা আসছে তা অত্যন্ত খারাপ কয়লা এবং তার জন্য মণ প্রতি ৪০ থেকে ৫০ নয়া পয়সা বেশী লাগছে, এর কোন প্রতিকার করতে পারেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : ওয়াগণ যখন পাওয়া যাচ্ছে না, তখন লরীতে করে কয়লা আনতেই হবে এবং তার জন্য কিছু বেশী খরচ পড়বে, কোন উপায় নাই।

Shri Haridas Dey : যাতে ভাল কয়লা পাওয়া যায় তার ব্যবস্থা আপনি করবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : কোল কণ্ট্রোলার যে ব্যবস্থা করেছেন, তাতে কোন কোলিয়ারী থেকে কোন কয়লা পাওয়া যাবে, তা বলা যায় না।

Shri Haridas Dey : খারাপ কয়লা এখানে আসছে আর ঝরিয়ার ভাল কয়লা অন্যান্য প্রদেশে চলে যাচ্ছে, সেই ভাল কয়লা আমাদের এখানে আনবার কোন ব্যবস্থা করছেনা কেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : কোল কণ্ট্রোলার যে ভাবে ব্যবস্থা করবেন সেই ভাবে আনতে হবে, তার উপর কিছু বলবার নাই।

Shri Ajit Kumar Ganguly : যাঁরা কয়লার বিজিনেস্ করেন, বিভিন্ন নামে তাঁদের জন্য ৮, ১০, ১২ ওয়াগণ করে বরাদ্দ করা হয়, তাদের জন্য ওয়াগণ য়্যালটমেণ্ট কি পদ্ধতিতে হয়, তা জানাবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : এখানে সে প্রশ্ন উঠে না।

Shri Ajit Kumar Ganguly : এখানে আছে কয়লা কিভাবে আনা হয়। এটা কি আপনি জানেন যে একজনকে পরপর দেওয়া হ'ল, কিন্তু আর একজনকে যে য়্যালটমেণ্ট দেওয়া উচিত ছিল, তা দেওয়া হ'ল না এবং পরে বলা হলো এক সঙ্গে দুটো ওয়াগণ আনতে হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমার জানা নাই, নোটীশ চাই।

Shri Ajit Kumar Ganguly : এই রকম হয়েছে। It is a fact. যদি এইভাবে allotment হয়, তাহলে আপনি কি করবেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : That is a hypothitical question. আমাকে specific case দেবেন, আমি দেখবো।

Supply of Cement

***81.** (Admitted question No. *215.) **Shri Dhirendra Nath Dhar :** Will the Hon'ble Minister in charge of the **Food, Relief and Supplies Department** be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬০ এবং ১৯৬১ সালে সিমেণ্টের চাহিদা এবং সরবরাহের পরিমাণ কত ;

(খ) সরকার কি অবগত আছেন যে, প্রয়োজনানুযায়ী সিমেন্টের সরবরাহের অভাব ঠিকাদারী ব্যবসায়ে এবং তাহাতে নিযুক্ত কর্মীদের উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করিয়াছে ; এবং

(গ) অবগত থাকিলে, পর্যাপ্ত পরিমাণে সিমেন্ট সরবরাহের কি ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

(ক) সন	চাহিদা	ভারত সরকার হইতে প্রাপ্ত বরাদ্দ।	সিমেন্ট কারখানা কর্তৃক প্রেরিত।
১৯৬০	৭,৩৯,১৫৩ টন	৬,৫৩,৮০১ টন	৫,৪৩,৯১৪ টন
১৯৬১	৭,৭০,০০০ মেট্রিক টন। (তৃতীয় ত্রৈমাসিক বরাদ্দ কালের শেষ পর্য্যন্ত, অর্থাৎ ৩০শে সেপ্টেম্বরে ১৯৬১ সাল পর্য্যন্ত।)	৪,০৩,২০০ মেট্রিক টন। (তৃতীয় ত্রৈমাসিক বরাদ্দ কালের শেষ পর্য্যন্ত, অর্থাৎ ৩০শে সেপ্টেম্বর ১৯৬১ সাল পর্য্যন্ত।)	২,৬৫,৪২৯ মেট্রিক টন। (৩১শে আগষ্ট ১৯৬১ সাল পর্য্যন্ত।)

(খ) হ্যাঁ।

(গ) পশ্চিমবঙ্গের জন্য পর্যাপ্ত পরিমাণে সিমেন্ট সরবরাহ করিতে ভারত সরকারকে সবিশেষ অনুরোধ করা হইয়াছে।

Shri DhirendraNath Dhar : মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে বলবেন কি, যে সিমেন্ট এখন আসছে, তার মধ্যে কত অংশ সহরের মধ্যে ডিষ্ট্রিবিউসন হচ্ছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : তা বলতে পারি না। নোটিশ চাই।

Shri Dhirendra Nath Dhar : যাদের একমাত্র উপজীবিকা হচ্ছে রাজমিস্ত্রীর কাজ, তাদের মধ্যে শতকরা ৭০ জন বেকার অবস্থায় রয়েছে দিনের পর দিন! এটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : এ থেকে ঐটা ওঠেনা।

Shri Dhirendra Nath Dhar : সিমেন্টের বেশীর ভাগ অংশ কলকাতার বাইরে চলে যাচ্ছে এবং তা কোন কাজে লাগছে না বা কোন জায়গায় জমা হয়ে থাকছে। এ খবর আপনি জানেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : মাননীয় সদস্য যে সব প্রশ্ন করেছেন যে সিমেন্ট বাইরে চলে যাচ্ছে বা ভিতরে জমা হয়ে থাকছে—এই প্রশ্ন এ থেকে ওঠেনা।

Shri Satyendra Narayan Mazumdar : এই প্রশ্ন থেকে রাজমিস্ত্রীর প্রশ্ন ওঠে না, একথা উনি কি করে বললেন ? রাজমিস্ত্রীর কথা ওঁর (খ) এর প্রশ্নের উত্তরে রয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen : প্রশ্নটি হচ্ছে—সরকার কি অবগত আছেন যে প্রয়োজন অনুযায়ী সিমেন্টের সরবরাহের অভাবে ঠিকাদারী ব্যবসায়ে এবং তাহাতে নিযুক্ত কর্মিদের উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করিয়াছে ! এটাত সোজা কথা, করবেইত।

Shri Dhirendra Nath Dhar : আমার মতে এই প্রশ্ন করা যাবে। কারণ বিরূপ অবস্থার সৃষ্টি হয়েছে, তার অর্থ হচ্ছে, এখানে যারা কাজ করে, অর্থাৎ রাজমিস্ত্রীরা, তাদের মধ্যে শতকরা ৭০ জন প্রায় এক মাসের উপর বেকার অবস্থায় রয়েছে। এর কারণ কি, মাননীয় মন্ত্রীমহাশয় বলতে পারেন ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমি তা জানিনা।

Shri Dhirendra Nath Dhar : সাধারণ ভাবে কেউ সিমেণ্ট পান না। কালো বাজারের চার্জ না দিলে কেউ সিমিণ্টের পার্মিট পান না, এ খবর মন্ত্রীমহাশয় জানেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : বিশদ ভাবে বলতে গেলে নোটিশ চাই।

Shri Dhirendra Nath Dhar : সিমেণ্ট পার্মিট পেতে হলে দক্ষিনা দিতে হয় আপনার ডিপার্টমেণ্টকে, তা জানেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : জানিনা।

Dr. Jnanendra Nath Majumdar : পঞ্চাশ টাকা করে extra দিলে তবে পার্মিট ইত্যাদি পাওয়া যায়—এটা তিনি জানেন কি ?

The Hon'ble Prafulla Chanbra Sen : আমি জানি না। উনি দিয়ে থাকলে জানতে পারবেন।

Shri Narayan Chobey : আপনি (খ প্রশ্নের উত্তরে বলেছেন হ্যাঁ। কিরূপ বিরূপ অবস্থা সৃষ্টি করেছে, তা আপনি বলবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : এর মানে যদি কেউ না বোঝেন, আমি জানিনা। এর চেয়ে বেশী আমি আর বলতে পারবো না।

[3 50—4 p.m.]

Shri Narayan Chobey : এখানে তিনি বলেছেন, আমাদের September পর্য্যন্ত যা ছিল তা ৪ লক্ষ কয়েক হাজার টাকা এবং আমরা পেয়েছি ২ লক্ষ ৫৫ হাজার টাকা। বাকী টাকাটা পাবার জন্য কি করা হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমাদের পক্ষ থেকে চিঠি লেখা হয়েছে, যাতে তাড়াতাড়ি দেয় তার চেষ্টা করা হচ্ছে।

Suicide by a B.Sc. candidate

***82.** (Admitted question No. *265.) **Shri Jatindra Chandra Chakravorty :** Will the Hon'ble Minister in charge of the **Home (Police) Department** be pleased to state—

(*a*) If he is aware of the findings of the City Coroner in the case of suicide on the 13th April, 1961, of Shri Ranendra Nath Ghosh of 63, Gokul Boral Street, Calcutta, a candidate for B.Sc. examination of Calcutta University that the death was due to the disturbance and mental agony to which Shri Ghosh was subjected to when he appeared for the examination on the first day due to issue of a wrong admit card by the authority holding the examination :

(*b*) If so, have the Government made a full enquiry into the matter to find out the person or persons responsible for the loss of life of Shri Ghosh ; and

(*c*) If so, will the Government be pleased to state the result of the enquiry and the action Government propose to take in the matter ?

The Hon'ble Kali Pada Mookerjee : (a) Yes. The observations of the Coroner on the death of Shri Ranendra Nath Ghosh were as follows :— "Death caused by hanging-suicidal-committed while the deceased was suffering from great mental depression after having failed to do well at the B.Sc. examination on the 12th April last. The mistake in the admit card and the consequent trouble over it may have upset the deceased with the result that his normal intellectual capacity was affected to a certain extent even though there was no loss of writing-time worth mentioning".

(b) Yes.

(c) The admit card was corrected and made over to the examinee during examination hours and full time was allowed to him for writing answers. The mistake in the admit card was due to bonafide inadvertence. As no causal relationship between such inadvertence and suicide could be established, the question of taking further action in the matter does not arise.

License for revolvers during 1952-1960

***83.** (Admitted question No. *266.) **Shri Jatindra Chandra Chakravorty :** Will the Hon'ble Minister in charge of the **Home (Police) Department** be pleased to state—

(*a*) If it is a fact that cases of irregularity or non-observance of rules by the Commissioner of Police, Calcutta, in issuing licenses for revolvers for the period 1952 to February 1960 have been brought to the notice of the Police Commission by Shri S. N. Ray, ex-Chief Secretary of the Government of West Bengal, as appeared in a recently published news item in an important local daily of Calcutta ;

(b) If so, will the Hon'ble Minister be pleased to state whether any enquiry has been made into such allegations ; and

(c) If so, will the Hon'ble Minister be pleased to state the result of such enquiry ?

The Hon'ble Kali Pada Mookerjee : (a) Government have no information if Shri S. N. Ray, ex-Chief Secretary, actually brought to the Police Commission's notice any such irregular cases of issue of revolver licences as appeared in a recent news item of a daily newspaper of Calcutta.

Government cannot possibly be aware of any thing that might have been said in the course of the evidence before the Commission by any one of the scores of witnesses examined by the Commission. Government are not in a position to say anything until the Commission's report is received.

(b) and (c)—Do not arise.

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্য নয়, Police Commissionর Chairman, Shri K. C. Senর কাছে সরকার এই চিঠি লিখেছিল কিনা যে Shri S. N. Ray এইরকম সাক্ষ্য দিয়েছে কিনা Police Commissionর সামনে, এবং Police Commissionর Chairman একথা লিখেছিল কিনা যে, যুগান্তর পত্রিকায় যে খবর বেরিয়েছে তা Substantially correct ?

The Hon'ble Kali Pada Mookerjee : এ সংবাদ আমার জানা নেই।

Shri Jatindra Chandra Chakravorty : সরকার Police Commissionর Chairmanর কাছ থেকে চিঠি লিখে জানতে চেয়েছিলেন কিনা যে, Shri S. N. Roy, ex-Chief Secretary তিনি পুলিশ কমিশনের সামনে এই রকম সাক্ষ্য দিয়েছিলেন কিনা ?

The Hon'ble Kali Pada Mookerjee : আমি জানি না।

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্য নয় যে পুলিশ কমিশনের Chairman নিজের হাতে লিখেছিলেন, in his own hand writing, কারণ এটা confidential বলে typistকে দেননি, এই জবাব তিনি পাঠিয়ে দিয়েছিলেন ?

The Hon'ble Kali Pada Mookerjee : গোপন যদি কিছু হয় তাহলে আমি জানি না কিন্তু আমি ঐ সম্বন্ধে casually সত্যেন রায়কে জিজ্ঞাসা করেছিলাম কিন্তু তিনি অস্বীকার করেছেন।

Shri Jatindra Chandra Chakravorty : একথা কি সত্য নয় যে, গতবার বাজেট সেসনে পুলিশ বরাদ্দ সম্পর্কে আলোচনার আগে পুলিশ কমিশনের Chairmanর কাছ থেকে এই চিঠি ডাঃ রায়ের কাছে এসেছিল কিনা ?

Mr. Speaker : I disallow that question.

Shri Jatindra Chandra Chakravorty : এ কথা কি সত্য নয় যে পুলিশ কমিশনে সাক্ষ্য দেবার পর এই সম্পর্কে অভিযোগ করেছিলেন পুলিশ কমিশনারের সামনে ও Home Secrtaryর সামনে যে, it appears that some body from Lalbazar is giving out the information to the press ?

The Hon'ble Kali Pada Mookerjee : No.

Shri Jatindra Chandra Chakravorty : ডাঃ রায়ের কাছে পুলিশ কমিশনের Chairman এই চিঠি পাঠিয়েছিল কিনা ?

(No reply.)

Shri Sunil Das : মাননীয় মন্ত্রীমহাশয় এই মাত্র বলছেন যে, তিনি casually ex-Chief Secretary, শ্রীসত্যেন রায়কে জিজ্ঞাসা করেছিলেন যে এ ঘটনা সত্য কি না এবং তার উত্তরে তিনি বলেছেন যে ঠিক নয়। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি তিনি casually না করে পুলিশ কমিশনের Chairmanকে formally লিখতে পারতেন যে এ ঘটনা সত্য কিনা ?

The Hon'ble Kali Pada Mookerjee : সমস্ত evidenceই cameraতে হয়। কাজেই এই সমস্ত প্রশ্নের জবাব দেওয়া সম্ভব নয় বিশেষ করে piece-meal ভাবে।

Shri Sunil Das : আমার প্রশ্নটা তিনি বোঝেন নি। আমার প্রশ্ন হচ্ছে তিনি casually সত্যেন রায়কে জিজ্ঞাসা না করে পুলিশ কমিশনের Chairmanকে formally লিখতে পারতেন কিনা যে যুগান্তরের এই খবর সত্য কি না ?

The Hon'ble Kali Pada Mookerjee : It is a request for action.

Shri Jatindra Chandra Chakravorty : কাগজে যদি ভুল সংবাদ দিয়ে থাকে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করছেন না কেন ?

Mr. Speaker : The question does not arise.

Publication of the Bengali writings of Acharya Prafulla Chandra Ray

*8. (Admitted question No. *133.) **Shri Jatindra Chandra Chakravorty :** Will the Hon'ble Minister in charge of the **Education Department** be pleased to state—

(*a*) if, in this year of Acharya Prafulla Chandra Ray's Birth Centenary, the Government have any proposal to reprint and publish his Bengali writings ;

(*b*) if so, the date by which the Government propose to publish the same ; and

(*c*) if the answers to (*a*) and (*b*) are in the negative, the reasons therefor ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : (a) The Governmen have no scheme of their own, but they will be ready to give suitabl financial assistance towards such publication undertaken by any competen non-official agency.

(b) and (c) Do not arise.

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় মন্ত্রীমহোদয় বলবেন কি ৫ রবীন্দ্রনাথের রচনাবলী যে রকমভাবে সরকার পক্ষ থেকে সাহায্য দিয়ে ছাপাবার ব্যবস্থা করেছে আচার্য্য প্রফুল্লচন্দ্রের জন্ম শত বার্ষিকী উপলক্ষে তেমনি ভাবে তাঁর যে সমস্ত বাংলা রচনা যা এখ প্রকাশকরা প্রকাশ করা বন্ধ করে দিয়েছেন সেগুলি সরকার থেকে ছাপাবার বন্দোবস্ত করবে কিনা ?

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri : এরকম কোন scheme আমাদের এখন নেই, আর তাছাড়া প্রকাশকরা প্রকাশ করা বন্ধ করে দিয়েছেন এ সংবাদ আমাদে জানা নেই। বরং এক প্রকাশকের পক্ষ থেকে আমার কাছে লোক গিয়েছিল এই কথা বলতে যে গভর্ণমেণ্ট থেকে যদি ছাপান হয় তাহলে আমাদের compensation বাবদ টাকা দেওয়া হবে কিনা ?

Contributory Domiciliary Health Service Scheme

*85. (Short Notice.) (Admitted question No. *269.) **Dr. Abu Asad Md. Obaidul Ghani :** Will the Hon'ble Minister in charge of the **Health Department** be pleased to state if it is a fact that—

(*a*) a Contributory Domiciliary Health Service Scheme has or is going to be started in Calcutta ;

(*b*) an advertisement has already appeared in the Press asking for application for employment in the scheme ; and

(c) if the answer to (*a*) and (*b*) be yes, will the Hon'ble Minister please place the scheme before the House ?

The Hon'ble Dr. Anath Bandhu Ray : (a) Yes, such a scheme is under contemplation. (b) Yes. (c) A summary of the scheme is placed on the table.

Summary

The scheme is Zonal Outpatients and Emergency Service Scheme and Contributory Domiciliary Treatment for Low Income Group amongst the middle class population of Calcutta. The object of the scheme is decentralisation of the overcrowding, prompt attention, prompt treatment and prompt medical relief. For this purpose the whole area of the city of Calcutta consisting of 80 wards under the Corporation of Calcutta has been divided into 11 areas called "zones", each served by a big hospital called Zonal Headquarter Hospital where expert medical, surgical,

gynaecological and obstetrical and also other specialised diagnostic sections will be provided. Under each such Zonal Headquarter Hospital 5 sub-zonal hospitals or clinics will be provided where the patients who are members of the contributory scheme will be examined and treated from 3 to 7 p. m. every day excepting Sundays free of charge other than the usual contribution that may be payable. These facilities will be extended principally to the residents of those areas.

[4—4-10 p.m.]

Mr. Speaker : There are 4 adjournment motions and I have refused consent to all of them.

Shri Deo Prakash Rai : Mr. Speaker, Sir, I had given two short notice questions 15 days ago and I think today is going to be the last day of the session. I would, therefore, like to know the fate of those questions.

Shri Jyoti Basu : এই ব্যাপারটায় তিনি আমাকে বলেছিলেন কালিম্পং সম্বন্ধে এখানে special order হয়েছে। Election timeএ এখানে এই সমস্ত করছেন, Criminal Law (Amendment) Act ইত্যাদি এগুলি আলোচনার জন্য তিনি প্রশ্ন দিয়েছিলেন, কিন্তু আপনার তরফ থেকে তাঁকে কোন সুযোগ দেওয়া হয়নি।

Mr. Speaker : He did not come to me.

Shri Jyoti Basu : How could he approch you ? He approached the office, met the Secretary and had a discussion with him. I do not know why these questions were ruled out ultimately without referring the matter to him. I had asked him to raise this matter day before yesterday but, unfortunately, he did not.

Mr. Speaker : Secretary says it was sent to the proper quarters.

Shri Subodh Banerjee : আমি জানি কালিম্পংএর ব্যাপারে একটা general discussion of short duration নোটিশ দিয়েছিলেন, এটা নিয়ে Secretaryর সংগে আলোচনা হয়েছে। সেটা যখন হল না, সেই short notice এর কি হল, মন্ত্রীমহাশয় accept করলেন কিনা, whether those have been accepted,—whatever that may be, এগুলি তো memberকে জানাতে হবে। ১২ দিনে যদি জানান না হয়, consent refused for short notice হয় তাহলে কেন আমরা নতুন আইন করলাম। As for me I tell you, আমার question tabled হয়েছিল on the 4th of this month, oral answerএর জন্য নয় for written answer। Work and Buildingএর Ministerএর reply আসেনি। স্পীকার মহাশয়, এর পিছনে একটা ইতিহাস আছে। আমি যখন এই question করি, তিনি যদি বলতেন it requires time আমি একটা statistics চেয়েছি, I would have been satisfied—তিনি যদি বলতেন, এটা statisticsএর ব্যাপার, আমি এখন দিতে পারবনা, তাহলে আমি আজ এই প্রসংগ তুলতাম না। কিন্তু the law provides যে, question table করার ১২ দিনে

উত্তর দিতে হয়। এই question table করার পর আমি ওঁকে গোটা কয়েক চিঠিও লিখেছি। He personally told me, নিয়ম আমি জানি, but I know also how to avoid that ; তাঁরা যদি মনে করে থাকেন তাঁরা এভাবে Assemblyকে by-pass করে মন্ত্রীত্ব চালাবেন তাহলে সেটা মস্তবড় ভুল হবে তাঁদের পক্ষে।

The Hon'ble Prafulla Chandra Sen : এমন অনেক প্রশ্ন আছে যার উত্তর এখনি আমি দিতে পারিনা, এটা আমি Chief Whip মহাশয়কে জানিয়ে দিয়েছি।

Shri Subodh Banerjee : তথ্য সংগৃহীত হয় নি এই তথ্যটাও তো দেবেন এখানে।

The Hon'ble Khagendra Nath Dasgupta : 28th reply দেবার কথা ছিল।

Shri Deo Prakash Rai : Sir, these two questions of mine do not relate to the same subject. One relates to the proposal from the Government to declare Kalimpong as a notified area, and the other relates to the proposed strike of the Primary School teachers in the Darjeeling Municipality. I submitted the question to the House on the 13th or 14th of September, but from the intimation given to me by the Assembly Secretariat I find that the Assembly Secretariat has forwarded the question to the department concerned on the 22nd. I had submitted the question on the 13th ; it was a short notice question, it is a question of privilege, and I am told it is the last day of the Session.

Mr. Speaker : I have asked the Secretary to bring all the papers to me in this connection.

Shri Jyoti Basu : আপনার Dept.এ যদি গলদ থেকে থাকে তাহলে সেটা আপনি দেখবেন papers call করে। এখন শুনছি আপনার Dept. থেকে Ministers' Dept.এ পাঠিয়ে দেওয়া হয়েছিল। কয়েকদিন আগে নিয়ম হল short notice questions if the minister is unable to answer the question at short notice and the Speaker is of opinion that the question is of sufficient public importance to be orally answered in the House, he may direct that the question be placed as the first question on the list of questions for the day on which it would be due for answer under rule 35. এখন তাই যদি হয় তাহলে question এর কি হল জানতে পারলাম না বা যিনি question দিলেন তিনিও জানতে পারলেন না—এটা অত্যন্ত দুঃখের কথা।

Shri Jatindra Chandra Chakravorty : মন্ত্রীরা ২ হাজার টাকা মাইনে নেন কেন, what for they are paid ?

Mr. Speaker : Mr. Basu, I am sending for the papers ; Let me see how the matter stands.

Shri Jyoti Basu : বর্তমান অধিবেশনই শেষ অধিবেশন বলে মুখ্যমন্ত্রীর কাছে শুনেছি। তাহলে কি হল, ১২ দিনের নিয়ম করেও আমরা পেলাম না, পড়ে থাকল, কি হল জানতেও

পারলাম না। এই Assembly Dept. আপনার নিজস্ব dept. ১৯৫৮ সালের কয়েকটা proceedings মাত্র আমরা পেয়েছি। এতদিন ধরে এখানে আছি, এখন পর্যন্ত আর কিছুই পাইনি, কবে পাব তার কোন নিশ্চয়তাও নাই। আমি জানি আপনার কোন বিশেষ অধিকার নাই। আমাদের বাংলাদেশের সরকারের এমনই গণতন্ত্র যে আপনি একটা প্রেসও control করতে পারেন না, এবং এসব জিনিষ ছাপাবার জন্য আজ পর্যন্ত কিছুই হল না। এসব কথা বহুবার আপনাকে বলা হয়েছে, কিন্তু কিছুই করা হল না। আগামী নির্বাচনের আগে এসব proceedings পাব কিনা জানি না। তারপর এই অধিবেশন যখন শুরু হয় তখন, আপনার মনে আছে কিনা জানি না, পূর্বে একবার আমরা কথা তুলেছিলাম এবং সরকার পক্ষও রাজী হয়েছিলেন—সে সব প্রশ্ন পড়ে আছে অথচ উত্তর এসে গিয়েছে, কিন্তু সময়াভাবে উত্তর এখানে দেওয়া যাচ্ছে না। সেগুলির ছাপান উত্তর আমাদের দিয়ে দেওয়া হবে এই রকম একটা কথা শুনেছিলাম।

এই রকম কয়েকটা বিষয় আমরা এখনও কিছু জানতে পারলাম না। এগুলি আমি চীফ হুইপকে বলেছিলাম।

[4-10 – 4-20 p.m.

Shri Sunil Das : স্যার, আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসে আমার একটা প্রশ্নোত্তরের জবাবে বলেছিলেন যে half an hour debate হবে, ছাত্র গতি সম্বন্ধে আমার প্রশ্ন ছিল। কিন্তু আজ পর্যন্ত মন্ত্রীমহাশয় সময় দিতে পারলেন না। এটা একটা important privilege এর প্রশ্ন। মাননীয় শিল্প মন্ত্রীমহাশয় নাকি বলেছেন যে যা বলবার সবই বলা হয়ে গেছে। Speaker's rulingকে শিল্প মন্ত্রীমহাশয় এই রকম ভাবে ফ্লাউট করতে পারেন কি? অর্থাৎ আপনার committed wordকে উনি ফ্লাউট করতে পারেন কি? আমাদের নূতন রুলে half an hour debate initiateএর কথা আছে কিন্তু সেটাকে intransingence করার কি ক্ষমতা আছে? কিন্তু এটাকে করা হচ্ছে বলে আমি বলব It is an insult to the House, it is a contempt to the House. এই contemptuous attitude এর জন্য মিনিষ্টারের প্রতি যে ব্যবস্থা করা যায় সেটা করা হোক। আমি রুল অনুযায়ী ২ জন সাক্ষী রেখে নোটীশ দিয়েছিলাম, অথচ half an hour debate হল না because the Minister thought fit to contemptuously look down upon the ruling.

Shri Saroj Ray : সেসনের ২০ দিন আগে আমি যে সমস্ত কোয়েশ্চেন দিয়েছিলাম সে সবের কি হল? সাপ্লিমেন্টারী করার সময় আপনি আমাকে বলেছিলেন যে নূতন আইন মেনে চলতে হবে, কিন্তু এসব কি হচ্ছে?

Mr. Speaker : আপনার লীডারকে জিজ্ঞাসা করুন তাহলেই বুঝতে পারবেন।

(নয়েজ)

Shri Jagannath Koley : নূতন আইনে মেম্বার নোটীশ দেবেন যে আমি অমুক তারিখে কোয়েশ্চেনের উত্তর চাই। সেক্রেটারী যেমনভাবে আমাদের দিয়েছেন আমরাও ডিপার্টমেণ্ট থেকে সেই রকম ভাবে উত্তর দিচ্ছি, আর যেগুলোর উত্তর দিইনি সেগুলোর জন্য চাচ্ছি। তবে একটা কথা আছে যে অনেক কোয়েশ্চেনের উত্তরের due date হচ্ছে 28th Sept., বা 3rd Oct., সুতরাং এর জন্য গভর্ণমেণ্ট দায়ী নয়।

Shri Gopal Basu : 6th table করেছিলাম, কিন্তু that has not yet been answered.

Shri Subodh Banerjee : আমি ৪ তারিখে একটা কোয়েশ্চেন হাউসে দিয়েছি—১২ দিনের নোটীশ দিয়ে ১৬ তারিখে রিপ্লাই পাব আশা করে। আমারটা oral নয় written. আপনার স্মরণে আছে আমি ছাত্রদের admissionএর উপর একটা নোটিশ দিয়েছিলাম for short period, for short duration আলোচনা করার জন্য। কিন্তু সেটার কি হল? আপনার পুরানো আইনে business of the houseএর ক্ষেত্রে গভর্ণমেণ্ট সর্বেসর্বা ছিলেন।

নূতন আইনে তা position নয়। কতকগুলি জায়গায় definite power দেওয়া হয়েছে সেই ক্ষমতাগুলি কাজে লাগান হচ্ছে না। Half an hour discussion দিতে পারেন। Govt. Bound থাকে সেখানে। আপনিই করবেন—It is not the Govt.—একটা time allot করে দিতে পারেন, day fix করে দিতে পারেন। তা নাহলে Govt. 53 এবং 58 দেখিয়ে বেরিয়ে যেতে পারে। কাজেই আপনার more vigilant হওয়ার দরকার আছে।

Mr. Speaker : That is all right.

Dr. Hirendra Kumar Chattopadhyay : আপনার বক্তব্য কি বলুন।

Mr. Spaaker : I told you that Mr. Chaudhuri was ill for some time and you ought to have taken that into consideration.

Enquiry about the proceedings of the House.

Shri Jyoti Basu : আমরা Proceedings কবে পাব? হাউস তো শেষ হতে চলেছে। ১৯৫৮ অবধি দিয়েছেন, পরেরগুলি কবে পাব?

Mr. Speaker : I was told by the Secretary that we are trying to distribute the proceedings by November. Do not take it as 'just November'. It may go up to December.

Calling attention to matter of urgent public importance.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : On Saturday, the 16th September, 1961 it was reported to the Principal by the Superintendent of Hostel No. 9 that three students residing in his Hostel and one student residing in a nearby hostel i. e. Slater Hall have been charged by a

very large number of students for having committed theft of other students' cash and belongings. The Superintendent reported that although he had no documentary evidence nor any written charges filed by any student, nevertheless, a very large number of students demanded that the College Authorities must take steps against the four accused students. All the accused students belonged to the same class.

It was simultaneously reported by the Superintendent of the Slater Hall to the Principal that the solitary accused student residing in his hostel had been on the verge of a breakdown and had left a written note on his hostel table a couple of days ago before leaving the College, declaring that he was leaving for good and denying that he had committed any theft. The College Authorities finding him missing from the College and Hostel had telegraphically informed his father, his local guardian, and had also informed the Police Authorities. Fortunately, the student concerned returned after about 36 hours and met his father, who also arrived on receipt of the telegram.

[4-20—4-30 p.m.]

In the absence of any written charge or evidence it was very difficult to make enquries. The four accused boys all had denied having committed any theft. While inquiries were being made on the night of Tuesday, the 19th September, three of the accused boys residing in Hostel No. 9 were attacked while they were asleep and badly beaten, portion of their hair on the head was cutt off and they were bodily brought down after being gagged and bound from the 3rd floor to the ground floor of their hostel. Fortunately, a few other students saved them just as they were being taken out of their hostel. Before doing the above act, the miscreants had taken out the main electric fuse of the hostel so that the hostel was in complete darkness. The incident happened around midnight of the 19th instant and the victims together with a few others immediately went to the Superintendent and the Proctor and reported the matter. The students concerned were advised to club together and sleep in one or two rooms for the rest of the night. At about 5-30 a.m. on the morning of Wednesday, the 20th September, two of the victims went to the Principal's quarters and reported to him of their miserable plight. The Principal being afraid that the fourth accused living in a different hostel may also have been the target of the miscreants immediately sent for the other two accused. One of them could be contacted while the other boy could not be found. The three student-victims asked for protection from the Principal and the Principal kept them in his own quarters since the 20th morning. The victims furnished 7 names of other students by whom they were alleged to have been beaten. The Principal sent for these seven students and found that each one of them was physically much stronger and taller than any of the four accused. Three out of the seven students reported against by the victims did not belong to Hostel No 9 where the manhandling incident had taken place the night before. All the seven accused students, however, denied having beaten the victims.

According to the Principal's Standing Orders no student is allowed to leave his hostel without permission of his Superintendent after 9 p.m. The three students who had left their hostel and admitted having been to Hostel No. 9 at the time of the manhandling incident, were, therefore, found to have committed a breach of College discipline. The Principal, therefore, as a disciplinary measure, suspended the three students for 29 days and they were asked to leave the College for that period.

On the 21st September, 1961 at about 3 p.m. an unsigned notice was received by the Principal which intimated the students decision to commence a hungerstrike from 11 a.m. on the 22nd September, the grounds being that the three suspended students should return to the College and the four accused students be expelled from the College.

Immediately on receipt of this notice, the Principal sent for the seven Secretaries of the Students' Societies of each Department of the College for a conference. After discussion with the Principal during the 21st evening as well as the whole of the 22nd September at about 10 p.m. the three suspended students expressed their regrets for having committed breach of discipline by having left their respective hostels after 9 p.m. The Principal thereupon decided to permit them to join the Hostel and classes again. The students, however, insisted on steps being taken against the four accused students who had already been the victims of manhandling by the other students. In order to pacify the other students in general, the Principal had ordered that these four accused boys should go home and inform their respective parents accordingly, while the charges against them were being looked into. This action of the Principal apparently satisfied quite a large number of students and it was hoped that the strike would be called off soon after.

Unfortunately, the situation in the campus took a turn for the worse next day, the 23rd of September, abusive languages were being used by some of the students against some of the teachers. Students appeared found to be fainting in their classes and overcrowding the College Hospital. Some students in the Hospital refused to be treated and take medicine on the ground that they were on hungerstrike.

In the abovementioned disturbed conditions, the Principal found effective teaching was not possible and the College was, therefore, closed for the Puja Vacation with immediate effect, i.e. the 23rd September, 1961.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, Dr. N. B. Roy is the professor in charge of the Radio-Therapy Department of the Medical College, Calcutta. As I have said before, the allegations against the Radio-Therapy Department of institution are under investigation by a high power committee set up by Government. The Committee will take some more time to complete their investigation as a number of witnesses shall have to be examined and also other evidences carefully looked into. The Committee have, however, been asked to submit their report to Government as quickly as possible.

The Hon'ble Kali Pada Mookerjee : Mr. Speaker, Sir, on 17. 9. 61 over the murder of one Lakshmi Ghosh at Benachetti under Faridpur

P.S. at Durgapur, there was considerable commotion amongst the garage workers of Durgapur Steel Project. As a communal colouring was given to this incident, excitement ran high. O.C., Faridpur P.S. started a murder case under sections 148 and 302 I.P.C. immediately afterwards and strong police pickets and patrols were arranged everywhere to prevent further trouble. The police dog Lucky was also requisitioned to help the local police in the investigation of this murder case. On receipt of information of this incident, the Additional S.P., S.D.O. and D.S.P., Asansol, rushed with a strong police force to Durgapur immediately afterwards. Only one incident had occurred on 18.9.61 at Benachetti Bazar in which two persons were assaulted by some rioters but the injuries were simple. The S.D.O. promulgated an order under section 144 Cr.P.C. around Benachetti Bazar. As a precautionary measure the I.G.P., West Bengal, deputed two hundred policemen from the State Reserve Force. The night of 18.9.61 passed off peacefully. On 19.9.61 there was a minor clash between two groups of rioters but the police dispersed the mob quickly and made a number of arrests. The Qaisor Hotel was set on fire but the police rushed there promptly and made a number of arrests. There was an attempt to loot Kapoor market but the miscreants fled away as the S.P. and the A.D.M. arrived there with a strong police force. By 2 p.m. on 19.9.61 the situation was brought completely under control as a result of strong police action. So far 90 persons have been arrested and four cases have been started by the police in connection with this incident. These are all under investigation. The situation is absolutely peaceful since 14.00 hours on 19.9.61. Not a single incident has been reported since then.

Sir, regarding the incident at Krishnagar playground, the matter has been referred to the S.D.O., Sadar. He is holding a magisterial enquiry and I think it will not be desirable to make a statement on this at this juncture because that may adversely affect the judicial proceedings.

Adjournment motions.

Mr. Speaker : I have received three adjournment motions from Shrt Provash Chandra Roy and one adjournment motion from Shri Hemanta Kumar Ghosal. The adjournment motions of Shri Roy relate to (a) exemption of rents to the raiyats of some P.S. of 24-Parganas, (b) compensation to the poor and middle-class intermediaries and (c) repairing of the Thakurpukur-Roypur Road of 24-Parganas. The adjournment motion of Shri Hemanta Kumar Ghosal relates to the non-payment of agricultural loans in some P.S. of 24-Parganas. I have refused consent to all the adjournment motions.

Information for the honourable members on the question of implementation of the revision of pay scales, etc. of the staff of the Legislature Secretariat.

[4-30—4-40 p.m.]

Mr. Speaker : I just announce for the information of the honourable members that I have taken up these matters with the Chief Minister

both as regards the revision of the pay scales of the staff of this legislature as well as the questions of their separation from the control of the Executive Government. I can report to the House that we have discussed the matters and we hope soon to come to terms which will be acceptable both in principle as well as on merits. I can also say that emoluments and other conditions of service of the members of the staff of the Legislature will not in any way be unfavourable vis-a-vis corresponding emoluments and service conditions of the staff of the Civil Secretariat. This morning I had asked the Finance Secretary to meet the Secretary of the Assembly for a discussion and submission of the report to me for my final approval and examination. I can only say that these matters will be finalised soon and, possibly, before the Puja holidays commence.

Shri Ganesh Ghosh : Specially আমাদের এখানকার যাঁরা রিপোর্টার আছেন, তাঁদের সম্বন্ধে কোন ব্যবস্থা হয় নাই।

Mr. Speaker : সবই হবে।

Shri Subodh Banerjee : মাননীয় স্পীকার মহাশয়, এ সম্বন্ধে দু-টো জিনিষ আমি আপনাকে অনুরোধ করছি। এক নম্বর হ'লো—আপনি Assembly Staff এর কাজটা নিয়ে refer করেছেন, Chief Minister এর সঙ্গে discuss হয়েছে এ নিয়ে, কিন্তু date of implementationএর কবে থেকে হবে তা বলেন নাই।

আর একটা হচ্ছে—গত বারের মত আমাদের staffরা যেন এবারও loser না হয়। Writers' Buildingsএর staff এবং আমাদের staff দুটো এক নয়, আমাদের এখানকার মত Watch and Ward staff এবং Repoters ওখানে নাই। এদের কেসটা সত্বরই take up করা দরকার।

Mr. Speaker : It will be finalised, I tell you.

Shri Subodh Banerjee : 187 ছাড়াও এদের working hourটাও determined হবার দরকার আছে। সেটাও হয়নি। তা হওয়া উচিত—এই অনুরোধ আপনার কাছে।

Mr. Speaker : Yes, I am also interested in them.

Procession of employees of Messrs Saxby & Farmer (India)(P) Ld.

Shri Bankim Mukherjee : মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা জরুরী বিষয়ের প্রতি মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেসার্স সাক্সবি. এণ্ড ফার্মার কোম্পানীর দু-হাজার লোক এখানে একটা Procession নিয়ে এসেছে। তাঁরা গত বার-তের বছর ধরে বোনাস্ পেয়ে আসছে। এবার সে কোম্পানী তাঁদের শ্রমিকদের তা দিচ্ছেন না। কাজেই শ্রম মন্ত্রীর দৃষ্টি এবিষয়ে আকর্ষণ করতে চাচ্ছি—আপনার মাধ্যমে।

Mr. Speaker : কি দেবার আছে দিয়ে দিন।

Discussion on the report of the Pay Committee

Dr. Ranendra Nath Sen : আমাদের চীফ্ মিনিষ্টার এখানে নাই, এখন কাকে বলবো, কে শুনছে, কে অধিকারী? কেউ তো শুনছেন না! চীফ্ মিনিষ্টার কোথায় বসে শুনবেন? অন্তরীক্ষে?

Mr. Speaker : আপনারা সবই তো জানেন, বলুন না।

Shri Jyoti Basu : মাননীয় স্পীকার মহাশয়, আমি তো একটু বিস্মিত হয়ে যাচ্ছি। মুখ্যমন্ত্রী মহাশয় বিশেষ কোন কাজে ব্যস্ত আছেন কি না জানি না! আপনি জানেন আমরা পার্লামেন্টে যে পদ্ধতি অনুসরন করি, আমাদের এখানে তা আমরা অনুসরন করছি না। অর্থাৎ আগে মেম্বাররা আলোচনা করলেন কেন্দ্রীয় পে-কমিশানের রিকমেণ্ডেশান, তারপর সরকার ঠিক করলেন কাকে কি বাড়াতে পারবেন বা না পারবেন। আর আমাদের এখানে সমস্ত কিছু ঠিক হয়ে গেছে। এখন আর এক পয়সাও বাড়বে কি না সন্দেহ আছে। কিন্তু আমার কথা হলো—Finance Minister আমাদের কথাগুলো শুনবেন না এ সম্পর্কে? আর আমরা Post mortem করে যাবো। অদ্ভুত পরিস্থিতি! একটা অস্বস্তিকর পরিস্থিতি! আমাদের কংগ্রেস মেম্বাররাও এ বিষয়ে একমত হবেন যে Finance Minister এর এসব কথা শোনা উচিত। আপনি অনুমতি দেন। তাহলে চলুন জগন্নাথবাবু আমরা গিয়ে তাঁকে ডেকে আনি।

(মুখ্যমন্ত্রীকে ডেকে আনবার জন্য হাউস থেকে প্রস্থান)

Dr. Ranendra Nath Sen : মাননীয় স্পীকার মহাশয়, আমি খুব ব্যস্ত নই মুখ্যমন্ত্রীকে শোনাবার জন্য, তাছাড়া উনি শুনলেও বিশেষ কিছু কাজ হবে না। আমি বলছি কর্মচারীদের জন্য; তাঁদের কথাগুলি একটু বলি—যে গভর্ণমেণ্টের অধীনে তাঁরা চাকরী করেন তাঁদের কাছে কোন সুবিচার তাঁরা পাননি। বিরোধীদলের প্রত্যেকের কাছে এত এত কাগজ দিতে হয়—তা না হলে? সুতরাং সেই অবস্থাতে যা বলবার দু-একটী কথায় বলি।

আমাদের পে-কমিটীর রিপোর্ট আলোচনা করতে গিয়ে আমার মনে হলো—গভর্ণমেণ্ট নিয়োজিত পে-কমিটীর রিপোর্ট যাঁরা তৈরী করেছেন তাঁরা মনে করছেন এটা যেন দু-লক্ষ কর্মচারীর ব্যাপার এবং গভর্ণমেণ্টের কিছু খরচ খরচার ব্যাপার। এতে যে সমগ্র পশ্চিমবাংলার Administrationএ কিছু এসে যায়—, সেটা কিন্তু তাঁদের রিপোর্ট পড়ে মনে হলো না! এই পে-কমিটী বসাবার একটা ইতিহাস আছে। এতে যে সমগ্র পশ্চিম বাংলার administrationএর কিছু এসে যায়, সেটা কিন্তু, তাঁদের রিপোর্ট পড়ে আমার মনে মনে হল না। এই pay কমিটি বসানর পিছনে একটা ইতিহাস আছে। বহুদিন কার সরকারী কর্মচারীরা ১৯৫৪-৫৫ সাল থেকে তাদের দাবী-দাওয়া নিয়ে গভর্ণমেণ্টের কাছে দরবার করে আসছেন। কিন্তু গভর্ণমেণ্ট তাদের কোন কথা শুনতে রাজী হননি। শেষে ১৯৫৭ সালে পাঁচ টাকা করে মাইনে বাড়িয়ে দিলেন। তারপর দেখা গেল কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য একটা pay commission বসলো। তখন তাঁরা ঠিক করে বললেন আমাদেরও একটা pay commission হোক। এই এ্যাসেম্বলীতে এবং এ্যাসেম্বলীর বাইরে অনেক ধস্তাধস্তি করার ফলে বলা হ'ল যে আমাদের সরকার এর তরফ থেকে একটা pay কমিটি গঠিত হবে। মিঃ স্পীকার স্যার, আপনার নিশ্চয় মনে আছে আমরা যখন সমস্ত বিরোধী পক্ষ থেকে জোর করে বলি যে সরকারী কর্মচারীদের জন্য একটা পে-কমিটি বসাতে

হবে, তখন ডাঃ রায় বললেন, আচ্ছা, বিবেচনা করে দেখবো। এবং তার আগে এই কথা স্মরণ করিয়ে দেওয়া হয় পশ্চিমবাংলা গভর্ণমেণ্টকে চিন্তা করবার জন্য যে অন্ধ্র প্রদেশ, মদ্রাজ এবং পাঞ্জাবে, সেখানকার গভর্ণমেণ্ট পে-কমিটি নিয়োগ করে তাদের কর্মচারীদের সম্পর্কে একটা ব্যবস্থা করেছেন. ভাল, মন্দের মধ্যে আমি যাচ্ছি না।—সেই দাবী তখন সমগ্র বাংলাদেশে উঠেছিল; এবং অবশেষে ১৯৫৯ সালের নভেম্বর মাসে পে-কমিটি একটা গঠণ করা হল। কিন্তু যেদিন এই পে-কমিটি গঠণ করা হল, সরকারী কর্মচারী, আমরা এবং যাঁরা কিছু গভর্ণমেণ্টের খোঁজ খবর রাখেন, সবাই আশ্চর্য্য হলেন দুটা ব্যাপারে। একটা ব্যাপার হল কাদের নিয়ে পে-কমিটি গঠিত হবে? তখন দুজন ভদ্রলোককে নেওয়া হল—যাদের কেউ পছন্দ করেন না। অবশ্য এখানে কোন ব্যক্তিগত ব্যাপার নেই। কিন্তু এ কথা সকলেই জানেন যিনি Finance Departmentএর কর্তা ছিলেন তিনিই সরকারী কর্মচারীদের যে মাইনে বৃদ্ধির দাবী, তা চিরকাল অগ্রাহ্য করে এসেছেন। আজ তাঁর সমস্ত কথা, পরামর্শ বিধানবাবুর কাছে বেদ বাক্য হিসাবে গৃহীত হয়েছে। আর একটা আশ্চর্য্য ব্যাপার হল—terms of reference দেওয়া সম্পর্কে। এই গভর্ণমেণ্ট terms of reference দিলেন, তাতে কর্মচারীদের যে অত্যন্ত জরুরী দাবী ছিল, যে দাবী নিয়ে তাঁরা কলকাতায় এবং সমগ্র পশ্চিম বাংলায় হৈ চৈ করেছে, এবং আমরা এই এ্যাসেম্বলীতেও বহুবার বলেছি, তার কতকগুলি মোটা মোটা দাবী এই terms of referenceএ গৃহীত হল না। যেমন তাদের চাকরীর স্থায়িত্ব। আজকের দিনে কথা হল—মাইনে পাবো, মাইনে পাবো—কত করে পাবো, না পাবো—তার চেয়ে বড় প্রশ্ন হল চাকরী থাকবে, কি থাকবে না। অর্থাৎ একটা স্থায়ী চাকরী হক, এইটা সকলে চায়। কিন্তু আমরা আশ্চর্য্য হলাম তাঁদের terms of reference দেখে। আরও আশ্চর্য্য হলাম গভর্ণমেণ্ট এমন ভাবে বেঁধে দিলেন ঠিক যেন সেই 'হবু চন্দ্র রাজার গবু চন্দ্র মন্ত্রী'। এমন ভাবে বেঁধে দেওয়া হল, terms of reference করা হল, ঠিক যেন সেই 'এক রামে রক্ষা নেই, সুগ্রীব দোসর'। সুতরাং ঐ পে-কমিটি questionnarie করলেন এবং যাঁরা হচ্ছেন ডিপার্টমেণ্টের কর্তা, তাঁরা এর জবাব দেবেন। এবং সেই questionnarie হল কেন্দ্রীয় পে-কমিশনের কাজগুলি হয়ে যাবার বহুকাল পরেতে। তা থেকে আমাদের পে-কমিটি শিখলেন না, গভর্ণমেণ্টও শিখলেন না যে কি করে terms of reference দিতে হয়। কি করে questionnarie দিতে হয়।

তারপর আরও একটা আশ্চর্য্য ব্যাপার। এই পে-কমিটির ব্যাপার নিয়ে একটার পর একটা করে আশ্চর্য্যের ব্যাপার ঘটেছে। একটা হচ্ছে আমরা কেন্দ্রীয় পে-কমিশনের রিপোর্ট দেখলাম তাদের সমস্ত সরকারী কর্মচারীদের যে সকল সংগঠন আছে—তা recognised হোক, বা unrecognised হোক, তাদের সকলের মতামত নেওয়া হয়েছে। কিন্তু এঁরা বেঁকে বসলেন। পে-কমিটি ঠিক করলেন আমরা তাদের কোন মতামত নেবো না, যে সংগঠনগুলিকে গভর্ণমেণ্ট স্বীকার করেন নি। তাদের রিপোর্টে বলছেন যে ২৪টী staff Associationএর কাছ থেকে, তাদের মতামত নেওয়া হয়েছে। আমি হিসাব করে দেখলাম তার মধ্যে বস্তুত ৮টি Association, যাদের সত্যিকার অস্তিত্ব আছে, আর অন্য ১৬টির কোন অস্তিত্ব নেই; বহুদিন আগেই এই সংগঠনগুলি উঠে গিয়েছে।

[4-40—4-50 p.m.]

ইতিমধ্যে কি ঘটনা ঘটল? November '59 বসে তাঁরা প্রায় দুই বছর লাগালেন, ৮ই আগষ্ট ১৯৬১ তাঁরা রিপোর্ট দিলেন। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর কাছে কর্মচারীরা বললেন—

রিপোর্ট সম্বন্ধে তাঁদের কিছু বক্তব্য আছে। মুখ্যমন্ত্রী তাদের আশ্বাস দিলেন তোমরা ঘাবড়িও না, Pay কমিটির report বের হবার পরে, final করবার আগে আমি তোমাদের সংগে দেখা করব। রিপোর্ট বের হবার পর সম্পূর্ণ গোপনীয়তার সংগে তা রাখা হ'ল—ছাপা হচ্ছিল প্রেসে তা বন্ধ করা হ'ল—Assembly membersদের জানান হল না। কর্মচারীদের কথা শুনা হ'ল না। আমাদের সামনে এখন আনা হয়েছে কিন্তু আমরা কিছু বললেও বা লাভ কি হবে? যদি ভাল কিছু বলি ডাঃ রায় কি তা গ্রহণ করবেন? জ্যোতিবাবু বললেন কেন্দ্রে কি হয়েছিল, কিন্তু কেন্দ্রে যা হয়েছিল ডাঃ রায় তা কানে তুলবেন? প্রথম কথা হচ্ছে permanencyর কথাটা Pay Committeeর আওতায় এল না। Permanancyর ব্যাপারে আমাদের পশ্চিমবাংলার সরকারী দপ্তর কয়েকটি কেলেঙ্কারী ইতিহাস সৃষ্টি করেছেন। যারা বহুদিন ধরে কাজ করছেন Permanent দপ্তরে সেখানে ১০।১৫ বছর কাজ করেও temporary রয়েছেন। Temporary Dept. কাজ হতে হতে তা permanent হয়ে গেল কিন্তু কর্মচারীরা permanent হল না এটা সকলেই জানেন। আমি ১০ বছর Assemblyতে আছি, আমি জানি, কিন্তু গভর্ণমেণ্টের এ বিষয়ে টনক নড়েনি এবং এ বিষয়ে কিছু বলতে রাজী নয়। অথচ তাদের সামনে নজীর ছিল। আমাদের দেশের সরকারের একটা অংশ যদি ভাল কাজ করেন তাহলে পশ্চিমবাংলা সরকার সেটা কেন করবেন না? কেন্দ্রীয় পে কমিটি report এ তারা permanency সম্পর্কে বলেছেন—তাঁরা বলেছেন যদি কোন দপ্তর তিন বছরের বেশী temporary থাকে তাহলে সেই দপ্তর এবং তার কর্মচারীদের permanent করে নেওয়া হোক। আমার কাছে circular আছে, আমি পড়ব না। Work charge সম্বন্ধে বলেছেন কিছুদিন কাজ করার পর তাদের অন্ততঃ quasi permanent করে নেওয়া উচিৎ। Casual সম্পর্কেও বলেছেন এবং ভারত গভর্ণমেণ্ট permanency সম্পর্কে সেই পে-সুপারিশ তা স্বীকার করে নিয়েছেন যদিও স্বীকার করতে ইতস্ততঃ করেছিলেন, কিন্তু শেষ পর্যন্ত permanency of service ভারত সরকার ধীরে ধীরে গ্রহণ করেন। এখানে আমার প্রশ্ন পশ্চিমবাংলা সরকার কি diehard মনোভাব নিয়ে থাকবেন? তাঁরা কি চারিদিকে যে ঘটনা ঘটছে সেগুলি থেকে কিছু বুঝবার চেষ্টা করবেন এবং নিজেদের দোষ ত্রুটী যা আছে তা শোধরাবার চেষ্টা করবেন। আমি বলি না কোন দোষ ত্রুটী থাকবে না, কিন্তু তা শোধরাবার চেষ্টা করবেন তো?

আমি এবার পে কমিটির রিপোর্টের কথায় আসছি, কিন্তু গোড়াতেই বলে রাখছি যে আমি এই report পড়ে অত্যন্ত নিরাশ হয়েছি। আমি স্যার আপনাকে অত্যন্ত সততার সংগে বলতে পারি যে এই report আমি ভাল করে পড়েছি। আপনি জানেন, স্পীকার মহাশয়, যে এ সব ব্যাপারে আমাদের একটা বিশেষ আগ্রহ আছে এবং কিছুটা তা প্রদর্শিতও হয়েছে এবং সেদিক থেকে আমার সেটা মনে হয়েছে সেটা আমি ধীরে ধীরে আসছি। কিন্তু যেভাবে সমস্ত investigation এখানে হয়েছে তাতে বলতে পারি যে একটা hopeless report তৈরী হয়েছে। এতে কোন অর্থনৈতিক তথ্য পাবেন না—পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থার কথা পাবেন না—কি করে দেশের administrationকে অগ্রসর হতে হবে সে সব কথা পাবেন না। এতে আছে কি করে economy করা যায়, কি করে কিছু লোক surplas হলে তার ব্যবস্থা করা যায়। যার ফলে কর্মচারীদের প্রতি এত অন্যায় করা হয়েছে যে তা বলে কূল পাওয়া যাবে না। যেমন দেখুন যারা দেশের সবচেয়ে দরিদ্র শ্রেণীর কর্মচারী তারা বেতন বৃদ্ধি কি পেয়েছেন এক টাকা, দু' টাকা বা তিন টাকা। Class IV employees কলকাতা, হাওড়ায় এক টাকা বৃদ্ধি পেয়েছেন আর বাইরের দুই টাকা, তিন টাকা আর House Rent এক টাকা পেয়েছেন। আমি জিজ্ঞাসা করি ৬৫ হাজার Class IV employees দুর্দশার কথা কে না

জানে? এই Assembly Houseএ যারা কাজ করে—যারা আপনার দরজা পাহারা দেয় এবং আমাদের Assembly সফল করতে চেষ্টা করেন তাদের নিয়ে সমগ্র পশ্চিমবাংলায় Class IV employees ৬৫ হাজার হবে। আপনি ধারণা করতে পারেন যে পাঁচ টাকায় কলকাতা সহরে কোন বাড়ী পাওয়া যায়, ঘর পাওয়া যায়? আপনি ধারণা করতে পারেন যে ৬০৲ টাকায় চার জনের পরিবারের আজকের দিনে কলকাতা বা পশ্চিমবাংলার কোন জায়গায় চলতে পারে? ১৯৫৬ সালে পাঁচ টাকা বাড়িয়েছেন—'৫৬ সালের পর দ্রব্যমূল্য বেড়ে cost of living index ওই '৫৬ সালের তুলনায় বেড়েছে শতকরা ৩১ ভাগ। সেদিন পি. সি. সেন মহাশয় বললেন কোথা থেকে এই তথ্য পেলেন আমি জানি না। আমি সেটা শুনবার পর ভারত এডভর্মেন্টের তথ্য খোঁজ করে দেখলাম। তাঁরা স্বীকার করেছেন যে cost of living index 31 p. c. বেড়েছে। তাহলে ৬০৲ টাকায় Class IV employeesদের কি করে চলবে বুঝিয়ে দেবেন। Pay কমিটি যে মাইনের হার করলেন তারা বুঝিয়ে দিলেন আমরা D. A. এবং বেতন merge করে দিয়েছি—ব্যস, হয়ে গেল! কিন্তু আসলে তাঁরা কি করলেন? ১৯৪৭ সালের D. A. তার সংগে '৫৬ সালের ৫৲ টাকা যোগ দিয়ে বললেন আমরা cost of living index অনুসারে করে দিয়েছি এবং সমস্ত neutralised হয়ে গেল '৬১ সালের পর। তথ্য কিছু দেন নি, কারণ, দিতে গেলে তাঁরা দিতে পারবেন না। তাঁরা বললেন D. A. merge করার ফলে লোকের pensionএর সুবিধা হল। আমি জিজ্ঞাসা করি permanent হলে তবে তো pension হবে? Permanent কাকে নূতন করে করলেন? Pensionএর সুবিধা হয়ে গেল বলছেন। হ্যাঁ, যারা permanent আছেন তাদের একটু সুবিধা হ'ল।

[4-50 --5 p.m.]

যারা permanent আছেন তাঁদের কিছু সুবিধা আছে, কিন্তু এভাবে dearness allowance merge করার মানে লোকের সংগে তামাসা করা হয়নি। এবং শুধু নয় Central Pay Commissionএর সময় আমরা দেখেছিলাম যে ভারত সরকার একটা নীতি আলোচনা করেছিলেন, তাঁরা Industrial Disputs Actএ মীমাংসার জন্য tribunal পর্য্যন্ত করেন, তাঁরা বলেছিলেন ৪ জনের একটি পরিবারের এত টাকার কমে খরচ হতে পারে না। সেজন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে বাল্পার ভ্যালু পরিমাপ পর্য্যন্ত করেছিলেন Central Pay Commission এবং এজন্য তাঁরা কিছু কিছু লোককে জিজ্ঞাসাবাদ পর্য্যন্ত করেছিলেন। কিন্তু আমাদের রাজ্যের Pay Committeeতে সে সব কিছু থাকল না, তাঁরা এসব ঝেড়ে ফেলে দিলেন, ব্যাস সবকিছু চুকে গেল। কেন্দ্রীয় পেকমিশনের বিরুদ্ধে আমাদের যথেষ্ট অভিযোগ আছে, বহুলোক তার সমালোচনা করেছেন, সরকারী কর্মচারীরা strike পর্য্যন্ত করেছেন। সেখানে dearness allewance wageএর সংগে merge করার পরও ১০ টাকা D.A. দিয়ে দিয়েছেন এবং একটা ক্ষীণ আশা রশ্মি দেখা দিয়েছে যে এই ১০ টাকা ভবিষ্যতে বাড়তে পারে। অথচ এই পেকমিটি তার রিপোর্টে অনেক অবান্তর কথা বলে গিয়েছেন--সরকারী কর্মচারীদের বেতন বাড়ালে inflation হয়। এই পেকমিটি সদস্যরা একথা জানেন না, আমাদের সরকারও জানেন না যে, গত বছর লোকসভায় ভারতগভর্ণমেণ্টের একজন মন্ত্রী বলেছিলেন শ্রমিক কর্মচারী including Govt. Servants এঁদের বেতন বাড়ালে inflation হতে পারেনা—গুলজারীলাল নন্দ এই কথা বলেছেন এবং Dirctor of Employment, Govt. of India, S. N. Datta সম্প্রতি একটা economic weeklyতে প্রবন্ধ লিখে পরিষ্কারভাবে জানিয়েছেন, এতে কিছু আসে যায় না employerদের, এই শুধু শ্রমিকদের ঠেকাবার

অন্ত একটা যুক্তি। আমি আর উদ্ধৃতির মধ্যে যাচ্ছিনা। আমি শুধু বলতে চাই Class IV employeeই শুধু ৬৫ হাজার, শতকরা ৪০ ভাগ সরকারী কর্মচারীদের মধ্যে, তাদের সম্বন্ধে Govt. কোন সুবিচার করবেন না। কোন সাহসে কোন ভাগিদে কোন প্রেরণায় সেদিন তাঁরা Writers' Buildingএ মুখ্যমন্ত্রীকে ঘেরাও করেছিল? শুধু বাঁচবার তাগিদে এই Class IV employeeরা ডাঃ রায়ের ঘরের সামনে গিয়েছিল। যদি এই রিপোর্টের ফলে কেন্দ্রিয় সরকারের কর্মচারীদের মত তারা ধর্মঘটে উত্তেজিত হয় তাহলে সেটা আশ্চর্য্যের কিছু হবেনা। এখানে সুবোধবাবু বলেছেন Assembly Houseএর কর্মচারীদের কথা, এঁদের ব্যাপারও আপনাদের দেখতে হবে, L.D., U. D. Clerk, Typist, Reporter ইত্যাদি সকল শ্রেণীর দাবিদাওয়াও আপনাকে দেখতে হবে। শুধু মুখে socialistice pattern of Society বল্লে হবে না। এঁদের বেতন বাড়ালে বাজারে জিনিষপত্তের দাম বেড়ে যাবে এই যুক্তি কিভাবে দিতে পারেন? কোন কর্মচারী বা শ্রমিকের বেতন কিছু বাড়িয়েছেন? কিন্তু বাজারে জিনিসপত্রের দাম সবই বেড়ে যাচ্ছে? এই রাজ্যের L. D. Clerkদের থেকে আরম্ভ করে অন্যান্য নিম্নবর্গীয় কর্মচারীদের কি এমন বেতন বাড়িয়েছেন যে পেকমিটি গর্বকরে বলতে পারেন Central Pay Commission এর চেয়ে আমরা বেশী দিচ্ছি। এটা যে একেবারে বাজে কথা সেটা আমি শুধু একটা তথ্য দিয়ে বুঝিয়ে দেব। Central Pay Commission L. D. Clerkদের দিচ্ছেন ১১০ থেকে ১৮০ scale of pay এটা ঠিক, কিন্তু তার সংগে তারা যা পান তাতে minimum ১৫১ টাকা পান এবং শেষ করেন ২৪২ টাকা। আমি বলছিনা Pay Commission এটা খুব ভালো করেছেন। কিন্তু আমাদের Pay Committee কি করেছেন দেখুন—L. D. Clerk যাদের সংখ্যা প্রায় ১৯ হাজার তাদের সংগে secretariatএর একটা ব্যবধান কেন সৃষ্টি করা হয়েছে। একই qualification, একই কাজ, একই examination, একই Govt. একই রকম কাজ, তবুও এই পার্থক্য কেন? এঁদের কথা Govt. একবারও বিবেচনা করলেনা, Pay Committee যা বল্লেন Govt. সেটাই মেনে নিলেন। তারপর U. D. Clerkএর ব্যাপার, Secretariat U. D. Clerkদের scale of pay কিছু বেশী করে দিলেন, কিন্তু regional officesএ কমিয়ে রাখলেন, তাতে লাভ কি? এতেই মনে করছেন সরকারী সকলে সন্তুষ্ট হবেন। সুতরাং সেদিক থেকেও Govt.এর আরেকবার চিন্তা করা দরকার। এই divide and rule policy পরিত্যাগ করে সত্যিকার ন্যায় বিচারের কথা, social justice ও ন্যায়নীতির কথা একটু বিবেচনা করা উচিৎ। তারপর প্রেসের কর্মচারী reproduction sectionএর, তাদের বেতন কেটে নেওয়া হয়েছে। জেলের কর্মচারীরা denoted হয়েছে, তাছাড়া শতকরা ৭০ জন বিশেষ কিছু বলা চলেনা, সামান্য যা কিছু হয়েছে সেও মাত্র শতকরা ৩০ জনের। তারপর আমি সবচেয়ে বেশী আশ্চর্য্য হলাম, এসব কোন নীতির ভিত্তিতে করেছেন বুঝা গেল না, এই যে সব scale হয়েছে তার কোন নীতি আছে মনে হয়না। কারণ, দেখছি প্রায় প্রত্যেক Dept.এ discrimination। কিন্তু এই discrimination কেন এই আমাদের পরিষ্কার প্রশ্ন।

[5—5-10 p.m.]

আমি দেখলাম যে ডিসক্রিমিনেশন আছে কিন্তু কেন? কোয়াপারেটিভ ডিপার্টমেণ্ট ও আমরা দেখলাম যে তাদের সঙ্গে সমান সমান যারা অন্য ডিপার্টমেণ্টে আছে অর্থাৎ যেমন S. I. of Police, S. I. of Excise, Auditors, Co-operative Society ইত্যাদি সবায়ের সমান স্কেল ছিল, কিন্তু এখন আগের বেলায় সেটা বেড়ে ২০০ থেকে ৩২৫ হল, আর এদের বেলায় ১৫০

থেকে ২৫০ হল। আর একটা দেখলাম Co-operative Class-1 subordinate serviceএর আইনে। Agriculture Deptt. Fisheries, Agricultural marketing ইত্যাদির সঙ্গে তুলনা করুন এখানে সব বি. এ. পাশ করা ছেলের দরকার হয়। কিন্তু অন্যদের বাড়িয়ে যেখানে ২৫০-৫৫০ করা হল, সেখানে ওদের রাখা হয়েছে ২০০ থেকে ৫০০। অন্য বাড়ুক ক্ষতি নেই, কিন্তু সঙ্গে সঙ্গে সমান যোগ্যতা equal qualification ও equal work যেখানে আছে সেখানে এই নীতি হবে যে equal pay, কারণ তা নাহলে কোনদিন কোন সার্ভিস চলতে পারেনা। এই রকম ডিসক্রিমিনেশানের লিষ্ট আমার কাছে আছে। আমি দেখলাম excise peons যাদের আমরা constable বলি তাদের ওদের মতন ট্রেনিং নিতে হবে কিন্তু তাদের করা হল ৬৫ টাকা, আর লালপাগড়ী পুলিশ, যারা জনসাধারণকে গ্রেপ্তার করবে, সেটাই তাদের বাড়িয়ে করা হল ৮৫ টাকার above. এইভাবে Oversear ও Surveyorদের মধ্যে একটা বিরাট ব্যবধান করা হয়েছে। আর একটা বিষয় স্পীকার হিসাবে আপনার দৃষ্টি আকর্ষণ করতে বাধ্য হচ্ছি। আপনার এসেম্বলী রিপোর্টাররা একই কাজ করেন বিভিন্ন মাইনেতে। যাঁরা বেশী পান তাঁরা পান তাতে আপত্তি নেই, কিন্তু অন্য যাঁরা তাঁরা কেন কম পাবেন। এখানে ৩টা রেল আছে। আরও মজার কথা হচ্ছে যে, বাংলা রিপোর্টাররা ইংরাজী রিপোর্টারদের চেয়ে কম মাইনে পান। বঙ্গমাতার প্রতি আপনাদের এই রকম দরদ কেন জানিনা যাতে বাংগালীরা কম মাইনে পান। এই রকম কত আছে বা বলে শেষ করা যাবে না। আপনার Health Service Dept. Calcutta Chakrabortya Deptt. সেখানে কর্মচারীরা বলছেন যে আমরা এক কাজ করি বিভিন্ন মাইনেতে। এটা কেন হয়েছে, তারপর Sir, Accounts Clerk, Engineering office, তাঁরা বলছেন যে Sn. Accounts clerk আমরা সব গ্রাজুয়েট তাঁদের যা দিচ্ছেন সেটা আরও বাড়ান উচিৎ এবং তাঁদের যুক্তি আছে। এরপর Works Assistant, P. W. D. Irrigation, তাদের বেলায় করা হল ১০০ থেকে ১৪০ আর অন্যদের বেলায় ১২৫ থেকে ২০০ হল। এবার টাইপিষ্টদের ব্যাপারে বিশেষ কিছু পরিবর্ত্তন হলনা। তাঁরা আমাদের কাছে লিখেছেন যে আমাদের সারাজীবন টাইপ করতে হবে, কেরানী হবার সম্ভাবনা নেই অর্থাৎ আমাদের জীবন সেই steriotyped হয়ে যাচ্ছে। এইরকম আমার কাছে বহু আছে কিন্তু সময় নেই বলে বলতে পারলামনা। এর উপরে আবার পেকমিটি থেকে কয়েকটা পোষ্ট abolish করা হয়েছে—যেমন Land Reforms Officer (Gr.-1)। তাঁদের যে কি করা হল সেটা না গভর্ণমেণ্ট বলছেন, না এরা বলেছেন। অন্য জায়গায় তাঁদের জুনিয়ার অফিসাররা পার্মানেণ্ট হয়ে উপরে গেলে এঁদের কি হবে? তারপর জেলের discipline offiers তাঁদের বেশী মাইনে পেতেন তাঁদের কি করা হল শুনুন। আমার কাছে সব পেজ মার্ক দেওয়া আছে, কিন্তু বলার সময় নেই Discipline Officerরা আগে ২৫৫ থেকে ৩৬৫ টাকা পেতেন এখন দেখছি সেটা কমে ১৭৫ থেকে ৩২৫ হয়ে গেল।

Fire services এত গুরুত্বপূর্ণ কাজ কিন্তু সেখানকার officers রা বলেছে আমাদের কিছুই বাড়লনা কিন্তু আমাদের ৩২ ঘণ্টা কাজ, ছুটাছুটি কাজ করে যেতে হবে। কর্মচারীরা বলেছে তাদের হাওড়া ব্রিজের পাগল থেকে আরম্ভ করে পুকুরে গরু খুঁজে বার করা সবই করতে হবে। আর আমাদের বেলায় Leader দের ১২৫ টাকা, হাউস রেণ্ট বাদ দিয়ে ছিল, হয়ে গেল ১৭০ টাকা, যারা fireman ১০৫ টাকা ছিল, হয়ে গেল ১০০ টাকা। প্রথমে আমি বিশ্বাস করিনি, তারপর খুঁজে পেতে দেখলাম এটা সত্য। কোথায় L. R. এর post? তারা কোথায় গেল? Jail বিভাগে Discepline officer দের বেতন ব্যাপারেও খুব অবিচার করা হয়েছে। Fire Serviceএ Driver, Night Guard, Pump Operator যারা hazardous কাজ করে তাদের ব্যাপারটাও Govt. এর দেখা দরকার। Compensatory allowance তো তুলে

দিয়েছেন। এ সম্বন্ধে কি বলার আছে? ভারত সরকার দিল্লীকে A class city declare করেছেন। 10% House rent allowance ইত্যাদি হিসাবের মধ্যে আমি যাচ্ছিনা। আমি এখানে একটা কথা শুধু বলি, Pay Committee, Refugee Rehabilitation Dept. এর ৪ হাজার কর্মচারী সম্পর্কে কিছুই বলেন নি। তাদের চাকুরি যাচ্ছে, যাবেও তাদের দেখবার কেউ নাই। Govt. কিছু বলছেন না, Pay Committee কিছু বলছেন না। শুধু তাই নয় এই ৪ হাজার কর্মচারীর ছেলে মেয়ের কি হবে তাদের চাকুরি গেলে? Settlement কর্মচারী সেই তহশীলদারদের ২৭ টাকাই রয়ে গেল। Allowance এরও কোন ব্যবস্থা হয়নি। আজকের দিনে একজনকে বলা হয় কিনা ২৭ টাকায় সংসার চালাতে! আমি নিজে শ্যামদাস বাবুকে বলেছি এ ব্যাপারে একটা বিচার হোক্। তারপর Forest Dept. এ ছাঁটাই হচ্ছে, Govt. এ ব্যাপারে কোন বিচার করবেন না? ডাঃ রায় কোন কিছু ঘোষণা করবেন না? এটা গঞ্জনার কথা নয়, রাগারাগির কথা নয়। ডাঃ রায় এটার একটা বিচার করুন। অপূর্ব আমাদের Pay Committeeর রিপোর্ট। Central Pay Commission এর সঙ্গে আর একটা বিরাট পার্থক্য দেখছি Central Pay Commission, point to point fixation করেছে। এরা বলছেন এটা অবাস্তব। Central Pay Commissionএ শ্রী সিদ্ধান্ত মেম্বার ছিলেন, এখানেও তিনি আছেন। ডাঃ জেফিল এবং হাইডের মত এখানে তিনি অন্য কথা বলছেন। আমি এ কথাই বলতে চাই আমাদের রাজ্যের কর্মচারীদের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে, জানতে চাই Govt. চান কি চাননা যে এরা সন্তুষ্ট হোক্, একটা ন্যায় বিচার হোক্? Govt. থেকে ১১০০ টাকার officer দের প্রতি নজর দেওয়া হয়েছে। তাদের ব্যাপারেও এটা বলিনা যে খুব ন্যায় বিচার হয়েছে কিন্তু নীচের দিককার লোকের প্রতি নজর দেওয়া উচিত। L.D., U.D. class IV যারা তাদের প্রতি নজর দেওয়া উচিত। তিনি বলবেন, জ্যোতি বসু মহাশয়কে বলছিলেন তিনি—কেরালার চেয়ে ভাল মাইনে দিচ্ছেন। আমি দেখছি কেরলে class IV যারা ৮০ টাকা পাবে।

5-10—5-30 p.m.

ক্লাশ ফোর ষ্টাফ্ মোটের উপর কেরালায় ৮০৲ টাকা, বোম্বে ৭৯৲ টাকা এবং আসামে ৭২৲ টাকা পায় এবং এ সব কথা আমি সেন্ট্রাল পে কমিশন-এর রিপোর্ট থেকে বলছি। কিন্তু আমাদের এখানে ক্লাশ ফোর ষ্টাফ্-রা পায় ৬৭৲ টাকা অথচ রেভিনিউ খাতে দেখা যে পার ক্যাপিটা রেভিনিউ ফর ১৯৫৭—৬০ ঐ সেন্ট্রাল পে কমিশন থেকেই বলছি—বোম্বে ২৪'৭ এবং ওয়েষ্ট বেঙ্গল ২৮'৯ including all the resources transfered from the centre. অর্থাৎ আমরা নানা ভাবে বেশী রেভিনিউ আদায় করা সত্ত্বেও বোম্বে, কেরালা এবং আসামের চেয়ে আমরা আমাদের ঐ লোয়েষ্ট ব্যাংকে যে ক্লাশ ফোর ষ্টাফ্-রা রয়েছে তাঁদের কম টাকা দিচ্ছি। যা হোক্, আমার কথা শোনার পর ডাঃ রায় যদি আমার কথার উপর কোন গুরুত্ব দেন তাহলে ফাইন্যাল ডিসিসন্ নেবার আগে আর একবার ভেবে দেখুন এবং কর্মচারীদের সংগঠনের সঙ্গে আর একবার বসুন। এখনই ব্যস্ততার কিছু নেই, তবে তিনি যদি না পারেন তাহলে অন্ততঃ চিফ্ সেক্রেটারী এই ব্যাপারটা নিয়ে বসুন এবং কিভাবে কি করা যায় বা কিভাবে আর একটু বাড়ান যায় সেটা চিন্তা করুন। পে কমিটি বলেছে যে ২ কোটির বেশী বাড়ালে বছর বছর ৫ কোটি টাকা খরচ হবে। হোলোই বা। যেখানে বছরে ১০০ কোটি টাকার বাজেট হয় সেখানে যদি ৫ কোটির জায়গায় ৭ কোটি টাকা খরচ হয় তাহলে সেই খরচ হোক। এতে দেশের অ্যাডমিনিষ্ট্রেসন

ভালভাবে চলবে এবং কর্মচারীরাও সন্তুষ্ট হবে। কাজেই আরও ২ কোটি বাড়িয়ে দিন যাতে করে ঐ ১০০০৲ টাকা পর্য্যন্ত অফিসাররা ২/৪ কোটা পেতে পারে। আমার তো মনে হয় ৫ কোটি জায়গায় ৭ কোটি করা এমন কোন অসম্ভব পরিস্থিতি নয়। স্যার, সকলকে নিয়ে মিলে মিশে যদি কোন পন্থা নির্ণয় করা হয় তাহলে সেই অবস্থায় আমরা অভর্ণমেণ্টের সঙ্গে একমত হতে পারি। তবে আশা করি ডাঃ রায় পুরাণ কথা বলে আমাদের একথা বোঝাবার চেষ্টা করবেন না যে, পে কমিটি এই এই বলেছে আর আমরা এই এই বাড়িয়েছি। যা হোক্, ১০০ কোটি টাকার বাজেট থেকে গভর্ণমেণ্ট আরও কিছু দিতে পারে এবং সেই জন্যই আমি বলছি যে আর একটু কষ্ট করে এবং ফাইন্যান্স মিনিষ্টার হিসেবে অ্যাসেম্বলী-র স্থাংসন নিয়ে ডাঃ রায় গরীব কর্মচারীদের আর একটু দিন এবং তা' যদি দেওয়া হয় তাহলে তা' আমরা এবং দেশের জনসাধারণ সমর্থন করবে। তারপর, আমার আর একটা বক্তব্য হোল যে, এই রেকমেণ্ডেসন ১লা এপ্রিল থেকে চালু না করে নভেম্বর থেকে চালু করতে হবে এবং ইউনিয়ন-এর রিকগ্‌নিসন সম্বন্ধে পে কমিটি যখন তাঁদের রিকমেণ্ডেসন-এ কোন রকম বিচার বিবেচনা করেননি তখন আমি বলব যে যুগের হাওয়াকে অস্বীকার করবেন না। মুখ্য মন্ত্রী মহাশয় একবার ভেবে দেখুন যে, এতবড় একটা ষ্ট্রাইক বা গোলমালের পর কেন্দ্রীয় সরকার সমস্ত ইউনিয়ন-এর রিকগ্‌নিসন বাতিল করে দিয়ে আবার নানা কারণ বুঝে আজকে তাঁরা সমস্ত ষ্টাফ্ ইউনিয়ন-এর রিকগ্‌নিসন ফেরৎ দিয়েছেন। কাজেই তাঁরা যদি পারেন তাহলে আমাদের পশ্চিমবঙ্গ সরকার বা ডাঃ রায় কেন তা পারবেন না? কেন তিনি এগিয়ে এসে এই কাজ করবেন না যাতে করে কর্মচারীরা বোঝে যে তাঁদের যে নাগরিক অধিকার আছে সেটা এই গভর্ণমেণ্ট স্বীকার করেছেন। সুতরাং সমস্ত দেশের এবং কর্মচারীদের স্বার্থে আমি একজন অ্যাসেম্বলীর মেম্বার হিসেবে এবং কমিউনিষ্ট পার্টির তরফ থেকে এই কথা রাখছি যে, ডাঃ রায় কিছু পরিবর্ত্তন করে আর একটু উন্নতির দিকে যান এবং কর্মচারীদের সঙ্গে কথা বলে তাঁদের কথা আর একবার শোনবার চেষ্টা করুন এবং আমার কথার যদি কোন মূল্য থাকে তাহলে তা' শুনুন।

[At this stage the House was adjourned for 15 minutes.]

(After adjournment)

[5-30—5-40 p.m.]

Shri Byomkesh Majumdar : মাননীয় স্পীকার মহাশয়, কিছুক্ষণ আগে রণেনবাবু পে-কমিটির রিপোর্ট সম্বন্ধে আলোচনা করেছেন। তিনি অবশ্য স্বীকার করেছেন যেটা সাধারণতঃ আমরা লক্ষ্য করিনা, যে শতকরা ৫০ জন এতে উপস্থিত হবে। কিন্তু তিনি কতকগুলি এ্যানোম্যালি দেখিয়েছেন এবং সঙ্গে সঙ্গে একথা বলেছেন যে আমাদের এ্যাসেম্বলীতে এসব কথা আলোচনা করে কিছু ফল হবে না। ওঁদের কাছে যেমন লোক ছুটে এবং অভিযোগ দেয় তেমনি আমাদের কাছেও কিছুলোক আসে এবং কিছু অভিযোগ দেয়। আমরা সেই সবগুলি যখন সরকারের দৃষ্টিতে আনি তখন সে সম্বন্ধে বিবেচনা করা হয়। এ কথা ঠিক যে বহুদিনের তৈরী এই পে স্কেলে হাত দিতে গেলে সমস্ত তছনছ হয়ে যাবে। আমি বিরোধী পক্ষের সদস্যদের বলতে চাই তাঁরা যদি এই পে স্কেলকে বদলে দিয়ে এমনি একটা পে স্কেল খাড়া করে দিতে পারেন যাতে সমগ্র বাংলাদেশের কর্মচারীদের কারোর কোন অভিযোগ থাকবেনা তাহলে আমি তাঁদের অভিনন্দিত করব। আমরা সাধারণতঃ যারা ট্রেড ইউনিয়ন করি দেখেছি যে বিশেষ করে মধ্যবিত্ত এবং যারা কেরাণী তাদের grade scale তৈরী করাটা দুরূহ ব্যাপার। তা সত্ত্বেও এঁরা যে চেষ্টা করেছেন

এবং শতকরা ৩০ জন লোক যে এতে উপকৃত হবে তার জন্য আমি সরকার পক্ষকে ধন্যবাদ দিচ্ছি এবং অভিনন্দিত করছি। পে কমিটির রিপোর্টের ফলে ১০ টাকা বেতন ৫ টাকা মাগ্‌গিভাতা তারপর plus ৫ টাকা plus ১০ টাকা এই ব্যবস্থা ছিল সেটা সরে গিয়ে একটা নতুন পর্যায়ে ঠিক হয়েছে। এটার পরিবর্তনের সুযোগ সর্বদাই থাকবে। আমি যখন এই পে কমিটির রিপোর্ট পেলাম তখন আমার কাছে বহু কর্মচারী তাদের অভিযোগ আনে এবং এ সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে কিছু কিছু আলোচনা করেছিলাম। তাঁরা আমাকে আশ্বাস দেন যে পে কমিটির রিপোর্টের মধ্যে কিছু কিছু ভুলত্রুটি আছে, সমস্ত সুপারিশ না মেনে আমরা কিছু কিছু বাড়িয়েছি এবং কয়েকক্ষেত্রে আমরা বিবেচনা করব। সেটা যদি হয় তাহলে অত্যন্ত আনন্দের কথা হবে। আমি কয়েকটি বিশেষ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যেমন কো-অপারেটিভ। আমি কো-অপারেটিবের সঙ্গে যুক্ত বলে কো-অপারেটিভের কর্মচারীদের দায়িত্ব সম্বন্ধে আমার কিছু আইডিয়া আছে। আমি মনে করি পশ্চিমবংগ তথা ভারতবর্ষের উন্নতির ক্ষেত্রে এবং আমাদের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে ফলপ্রসূ করার ক্ষেত্রে কো-অপারেটিভ কর্মচারীদের অনেক দায়িত্ব এবং করবার আছে। কাজেই কো-অপারেটিভের Deputy Registrar, Inspector, Auditorদের যে অভিযোগ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দেওয়া হয়েছে সে সম্বন্ধে আমি আলোচনা করব না। আমি আশা করব সে সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করবেন এবং সে সম্বন্ধে আমাদের কি করণীয় এবং তিনি এদের সম্বন্ধে কি করবেন তা জানাবেন।

দ্বিতীয় কথা হচ্ছে Co-operative Inspector, Auditor এঁদের মাইনে তখন ১৯৫০ সালে কমে গেল। তারপর আবার এখন যা ধার্য্য হয়েছে, তা তুলনা মূলক ভাবে বিচার করলে দেখা যাবে—এদের মাইনে ছিল Subordinate Service Gazetted Class I District Officerএর প্রায় সমান। তাঁদের সবার মাইনে বাড়লো, কিন্তু এঁদের তা বাড়ালো না। এই ভাবে বৈষম্যমূলক ব্যবহার যদি আমরা করি,—তাহলে আমাদের পরিকল্পনাগুলো ব্যাহত হবে—এই কথাই আমি বলবো।

আর একটা কথা হচ্ছে ন্যায়-বিচারের দিক থেকে আমাদের প্রত্যেকটা ডিপার্টমেণ্টের কর্মীদের অভিযোগ যে সমস্ত ছিল, সেগুলি সম্বন্ধে বিচার বিবেচনা করবার জন্য তাঁদের মন্ত্রীদের কাছে যেতে পেরেছেন; কিন্তু Co-operative Deptt.এর সাধারণ কর্মীদের পক্ষে মুখ্যমন্ত্রীর কাছে যাওয়া সম্ভবপর হয় নাই—সরাসরি আবেদন পেশ করবার জন্য। তাঁরা বিভিন্ন অফিসারের মাধ্যমে গিয়েছে। আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় Auditor, Inspector যারা গ্রামে, মাঠে ঘাটে এই Co-operative সম্বন্ধে লোকদের শিক্ষা দেবে, তাদের অভিযোগ নিশ্চয়ই দূর করবেন।

তৃতীয়তঃ কথা হচ্ছে Statistical Bureauর Class III Gazetted Officer executive, কিন্তু তাঁদের সঙ্গে Pay Scale সমান হয়ে গেল Supervisorএর, যে তাঁর নীচে। এখন যদি administration করি—তাঁর নীচে যারা, তাদের মাইনের যদি তারতম্য না থাকে, তাদের অবস্থা দাঁড়ায় এই—এঁদের পক্ষে Administration করা সম্ভব নয়। এ সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর Veterinary Deptt এর Surgeon যাঁরা, তাঁদের ৮০৲ টাকা মাইনে কমে গেল, fixation করে total মাইনে এই সমস্ত বিষয় বিবেচনা করা দরকার। আমি আজকে একথা বলবো না, রণেনবাবুর সঙ্গে আমি একমত নিশ্চয়ই নয় আমাদের যে Pay scale হয়েছে, এটা

হওয়া উচিত ছিল না। আমি বলবো যেকোন পদক্ষেপ—তার উদ্দেশ্যে যদি সাধু হয়, যদি এই সমস্ত তারতম্য সংশোধন করা হবে—এটা স্বীকার করে নেই, তাহলে এই যে সুরু—একে অভিনন্দন জানাতে হয়— বহু আকাঙ্খিত এই পে-কমিটি যা করেছে,, যদিও তা আশানুরূপ নয় যদিও পশ্চিমবঙ্গের যা আয় আমাদের অনুকূল নয়, যা আয় তার দ্বারা আমাদের কর্মচারীদের যা পাওনা, তা দিতে পারিনি বা পারছিনা, তা হলেও এটা সেদিকে একটা পদক্ষেপ। সেইজন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে ও মন্ত্রীমণ্ডলীকে ধন্যবাদ দেব এবং আশা করবো যে সমস্ত তারতম্য আছে যেগুলি খুব গুরুতর, যেগুলি না করলে আমাদের গঠনমূলক কাজের অন্তরায় হয়ে দাঁড়াবে, সেদিকে তাঁদের দৃষ্টি আকর্ষণ করি।

Shri Deben Sen : মাননীয় স্পীকার মহাশয়, আমি সরকারী সংশোধকসহ পে-কমিটির রিপোর্ট পড়েছি এবং আমার মতে এই সংশোধনসহ পে-কমিটীর রিপোর্ট অত্যন্ত প্রতিক্রিয়াশীল নৈরাশ্যব্যঞ্জক ও গ্রহণের অযোগ্য। ঠিকসত দু-বৎসরের মধ্যে ভারতবর্ষে এর অনুরূপ কয়েকটি কমিটী বসেছে—Second Pay Commission, Cotton Textile Wage Board, Sugar Wage Board, Cement Wage Board. আমরা সেই সমস্ত রিপোর্টগুলিও পড়েছি। কিন্তু তার তুলনায় এই রিপোর্টটা এত প্রতিক্রিয়াশীল, এত অদক্ষ, অযোগ্য লোকের হস্তে লিখা যে তা পড়ে অবাক হয়েছি। আমি মনে করি এই রিপোর্ট দ্বারা অধিকাংশ শ্রমিকদের অধিকাংশ কর্মচারীদের, তাঁদের দাবীদাওয়া নস্যাৎ করা হয়েছে এবং তাঁদের পুঞ্জীভূত অসন্তোষকে বিপ্লবের পথে টোন আনা হয়েছে। আমার মনে হয় ইতিহাসে এই রিপোর্ট Black Report বা কালো রিপোর্ট বলে লিখিত হবে।

[5-40—5-50 p. m.]

যদি প্রধান প্রধান characteristics of this reportএর দিকে নজর দেওয়া যায় তাহলে প্রধানত এই তিনটি মুখ্য বৈশিষ্ট আমরা দেখতে পাচ্ছি। প্রথমত হ'ল সর্বনিম্ন বেতন প্রয়োজন ভিত্তির উপর নির্দ্ধারিত হয়নি, যা সব জায়গায় হয়ে আসছে। এটা যদি একসঙ্গে সব জায়গায় নাও দিতে পারেন, তাহলে সেই দেবার দিকে যদি ইঙ্গিতটা হয়, তার recommendation হয়, তা phased waytে হতে পারে। Textile wage Board ও তাই করেছে, Sugar wage Board ও তাই করেছে, Cement wage Boards ও তাই করেছে এবং সেই ভাবে প্রয়োজন ভিত্তিক সর্বনিম্ন বেতন নির্দ্ধারণের নীতি তাঁরা সবাই মেনে নিয়েছেন।

দ্বিতীয় characteristic হচ্ছে অধিকাংশ কর্মচারীদের প্রতি অবিচার করা হয়েছে এবং কিছু সংখ্যক উচ্চ বেতন কর্মচারীদের অন্যায় ভাবে ও অযোগ্য ভাবে তাদের বেতন বাড়ান হয়েছে; তার ফলে disparity পশ্চিম বাংলায় ভীষণ ভাবে বেড়ে গিয়েছে। অর্থাৎ প্রারম্ভিক সর্বনিম্ন time scale হচ্ছে ৬০ টাকা আর প্রারম্ভিক সর্বউচ্চ time scale হচ্ছে ২০০০ টাকা। অর্থাৎ ratio দাঁড়াচ্ছে ৬০ : ২০০০—এই parityতে এসে দাঁড়িয়েছে। তৃতীয়ত হচ্ছে মাগ্যিভাতা সম্পূর্ণ বেতনের সঙ্গে যোগ করে দেওয়ার ফলে কর্মচারীদের ভবিষ্যৎ অন্ধকার। বর্ত্তমানেই যে তারা মার খাচ্ছে তা নয়, তাদের দাবীদাওয়া নস্যাৎ করে দেওয়া হচ্ছে তা নয়, ভবিষ্যতে আমরা যে কিছু আদায় করতে পারবো সে পথও আজ রুদ্ধ হয়ে গিয়েছে; কারন সেই dearness allowance পাবার পথ আর খোলা থাকছে না। সুতরাং পে-কমিটির রিপোর্টের ফলে খালি আমাদের সরকারী কর্মচারীরা মার খাচ্ছে, তা নয়, তাদের আশা আকাঙ্খা সম্পূর্ণ ভাবে নস্যাৎ করে দেওয়া হল

তা নয়, আজকে সমগ্র বাংলাদেশে সমগ্র শ্রমিক, যারা সরকারী কর্মচারী নয়, তাদের অগ্রগতির পথও রোধ করে দেওয়া হল। কারণ, যেই negotiations করতে যাবো, অমনি আমাকে বলবে তোমার গভর্ণমেণ্টইত ৬০ টাকা সর্বনিম্ন বেতন নির্দ্ধারণ করে দিয়েছে, তোমরা তার চেয়ে বেশী চাও কেন? সুতরাং দেখা যাচ্ছে শ্রমিকরা যদি আজকে ট্রাইবুন্যালে যায়, তাহলে সেখানেও এই রিপোর্টই, একটা standard authoritative report বলে গণ্য হবে এবং তাদের সমস্ত দাবী দাওয়া তারা ট্রাইবুনালে আদায় করতে পারবে না।

আজকে শুধু সরকারী কর্মচারী নয়, সমগ্র বাংলাদেশের শ্রমিক এবং অন্যান্য কর্মচারীরা এই রিপোর্টের ফলে বিক্ষুব্ধ হয়েছে। এখানে দুটা কথা সরকারের চিন্তা করা দরকার। প্রথম কথা প্রায় ১২ বৎসর পরে বেতন পরিবর্তন করা হচ্ছে। After one decide, একবার ১৯৫০ সালে হয়েছিল আবার ১৯৬২ সালে, বলতে পারি এটাকে, হচ্ছে। দ্বিতীয়ত এই ১২ বছরে ভারতবর্ষে এবং বাংলা দেশে দুটী পঞ্চবার্ষিকী পরিকল্পনার যোজনা সম্পূর্ণ হয়েছে এবং তৃতীয় যোজনার মুখে আমরা। প্রথম দুটি পঞ্চবার্ষিকী যোজনা সম্পূর্ণ হবার পরে, আজকে সরকারের যে claim, সেটা আমরা অস্বীকার করতে পারছিনা যে, আমাদের এই ভারতবর্ষে গ্রাসাচ্ছাল ওয়েলথ ভয়ানক ভাবে বেড়ে গিয়েছে।

ওটা ১৯৫০-৫১ সালে যেখানে ছিল ৯,৫৩০ কোটি টাকা, ১৯৫৯-৬০ সালে হয়েছে সেটা ১২,৮৫০ কোটি টাকা, আমি মেনে নিচ্ছি। কিন্তু যেখানে national wealth এত বেড়েছে তার কোন টাকাটা এই সরকারী কর্মচারীদের হাতে এল? যদি বলি national wealth যেটা বাড়ে সেটা মুষ্টিমেয় ধনীর হাতে চলে যায়, কর্ম্মচারী, শ্রমিকদের হাতে আসেনা সেটা কি ভুল হবে? এর পরে কি মুখ্যমন্ত্রী আমাদের বলবেন যে মেনে নাও এই report? তিনি উত্তর দিন যেখানে national wealth এত বেড়ে গেল সেখানে কর্মচারীদের ৫৯ টাকা থেকে ৬০ টাকা কেন হবে—যারা কাজ করে national wealth এই ভাবে বাড়িয়ে দিয়েছে? তারপর যদি বিপ্লব এখানে আসে যদি পুলিশ ভাল কাজ করতে না চায়, যদি secretariatএ বিশৃঙ্খলা উপস্থিত হয়, যদি tax collector বা tax collect করতে রাজী না হয় তাহলে দোষ দেব কাকে? গভর্ণমেণ্ট revenue এর কথা ভেবে দেখুন। পশ্চিমবঙ্গ ১৯৫০-৫১ সালে revenue ছিল ৩০ কোটী ৫৫ হাজার টাকা, ১৯৬১-৬২ সালে revenue receipt হচ্ছে ৯৫ কোটী ৬৩ হাজার টাকা অর্থাৎ প্রায় 200 p. c. বেড়েছে। সেই revenue আনল কারা? মুখ্যমন্ত্রী আনেননি, পি, সি, সেন আনেন নি, এনেছে এই সরকারী কর্মচারীরা, তাদের দক্ষতা, সততার ফলে এই revenue বেড়েছে। কিন্তু বাড়ার পরে তারা কি পেল? এর পরে যদি তারা মনপ্রাণ দিয়ে কাজ না করে কাকে দোষ দেব? আপনারা দেখুন per capita income বেড়ে গিয়েছে। এটা ১৯৫০-৫১ সালে ছিল ২৬৫ টাকা, ১৯৬১-৬২ সালে হয়েছে ৩১৮ টাকা। দ্বিতীয় Pay Commission per capita income ধরে, ১৯৫৮ সালে একটা হিসাব করেছেন এবং সেই হিসাবে দেখা যাবে যে ২৬ শত ক্যালরী value ধরা হয়, তাহলে একটি একটি familyর ভাগে যেখানে ৮৯ পড়ে সেখানে ৮০ টাকা পে দিচ্ছেন দ্বিতীয় কমিশন। ৮০ টাকা সর্বনিম্ন বেতন দ্বিতীয় পে কমিটি দিচ্ছেন।

[5-50—6 p.m.]

তাঁরা বলছেন ১২৫৲ টাকা আমরা দিতে পারছি না এবং যুক্তি দেখিয়েছেন এবং বলেছেন যে minimum wage এটা হওয়া উচিৎ, কিন্তু আমরা per capita income যা হয়েছে তার বেশী তোমাকে দিতে পারি না, আর এখানে ১৯৬১-৬২ সালে per capita income হয়েছে

১০৬৲ টাকা। একটা standard family monthlyর ভাতা পড়ে ১০৬৲ টাকা এবং যেখানে ১০৬৲ টাকা পড়ে তার against আমরা পেয়েছি ৬০৲ টাকা। যেখানে দ্বিতীয় পে কমিশন্ 89 rupees ভাতা পড়ে তার উপরে ৮০৲ টাকা দিয়েছেন, এখানে আমরা যেখানে ১০৬৲ টাকা একটা familyর ভাগে পড়ে per capita income অনুসারে সেখানে আমরা পেয়েছি ৬০৲ টাকা। আমি তাই বলছি কি করে মুখ্যমন্ত্রী আমাদের বলতে পারেন যে তোমরা এই pay report মেনে নাও? স্যার, private industriesএর কি পায় তার উল্লেখ এখানে না করাই ভাল, কারণ, ওরা বললেন private industriesএ তোমরা যা পাও তা আমরা দিতে পারি না। তবুও জানা ভাল যে private industries এর মধ্যে cementএ সর্বনিম্ন বেতন Rs. 98 per month, Tramএ Rs. 98 per month, Eletricityতে Rs. 101 per month আমি এখানে বসে Bombayএর হিসাব দেখছিলাম। Bombay Cotton Textilesএ Rs. 105 per month; Ahmedabad Rs. 135 per month in the Cotton Textiles, Bombay Engineering Industryতে সর্বনিম্ন বেতন Rs. 120 per month. আমি জানি অনেক সময় মুখ্যমন্ত্রী বলেন শ্রদ্ধেয় রণেনবাবু সেটা উল্লেখ করেছেন যে আমার West Bengalএ বেতন কেন্দ্রীয় সরকারের চেয়ে কম হতে পারে, কিন্তু অন্যান্য রাজ্য সরকারের চেয়ে বেশী। আমি বলছি দুটো statementই অসত্য। তাঁর Class IV and Class III কর্মচারীদের যে বেতন তা কেন্দ্রীয় সরকারের ওই শ্রেণীর কর্মচারীদের বেতনের চেয়ে কম। কিন্তু তাঁর Class II এবং Class I এর যে বেতন তা কেন্দ্রীয় সরকারের চেয়ে বেশী। তাঁর Class IV এর বেতন Rs. 67, Centreএর Rs. 81, তাঁর Class IIIএর বেতন Rs. 134, Centre এর Rs. 187, আমি average বলছি। Class II এখানকার average monthly income Rs. 502, কিন্তু Centralএর Rs. 491; তাঁর Class I এর বেতন monthly Rs. 1185, Centreএর Rs. 967. সুতরাং যে বলি গভর্ণমেণ্টের Capitalist outlook, এবং Govt. is dominated by capitalism তার প্রমান এখানে রয়েছে। কেবল Centreএর তুলনায় তা নয়, রণেনবাবু দেখিয়েছেন অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের এখানে Class IV এর বেতন এখনও কম। উনি শুধু Class IVএর কথা বলেছেন। আমি বলি Class IIIএর বেলাতেও আমাদের কম— আমাদের এখানে সেটা Rs. 134, Assamএ Rs. 167, Bombayতে Rs. 168, Panjabএ Rs. 162, আমি এর জবাব মুখ্যমন্ত্রীর কাছ থেকে চাই যে তার revenue বেড়েছে কিন্তু Class IV এবং Class III কর্মচারীদের প্রতি কেন তিনি দৃষ্টি দিচ্ছেন না? এখানকার সর্বনিম্ন scale যেটা Rs. 20 to Rs. 25 ছিল basic, অন্য কোন রাজ্য সরকারের এই scale পাইনি। উড়িষ্যায় Rs. 25 scale ছিল, কিন্তু আর সমস্ত রাজ্য সরকারের ছিল Rs. 35, Rs. 40/- lowest time scale for the lowest category of workers. সুতরাং মুখ্যমন্ত্রীর একথা বলা চলে না যে পশ্চিমবাংলায় আমরা বেতন অন্য জায়গার তুলনায় বেশী দিয়ে থাকি। সরকারের Pay Committeeর reference এর উত্তর থেকে একটি প্রতিষ্ঠানকে কেন বাদ দিয়ে দেওয়া হয়েছে জানিনা। যেমন ধরুন, autonomous Bodies বাদ পড়েছে। Calcutta State Transport বাদ পড়েছে, Durgapur Industries Board এর আওতা থেকে বাদ পড়ে গিয়েছে, State Electricity Board বাদ পড়েছে, Assembly এর থেকে বাদ পড়েছে। আজকে যে Statement দিয়েছেন তাতে আমি খুসী নই, কারণ, backdoor দিয়ে তাঁতে বেতন ঠিক করার ব্যবস্থা হয়েছে। এখানে আমি আশ্চর্য্য হয়েছি এই report পড়ে সেখানে বলা হয়েছে—Secretariat of the Legislature did not, however, furnish the data. Pay Committee চেয়ে পাঠিয়েছিল, কিন্তু they did not furnish the data.

[6—6-10 p.m.]

স্যার, Pay Committee কতগুলি জায়গায় বিচার করতে পারতেন, কিন্তু তা তাঁরা করেননি, যেমন temporary staff, তাঁদের কোন উল্লেখ নাই, তাঁরা কি ভেসে এসেছে, এই বেতন পাবেন কি পাবেন না, তাঁদের ছাঁটাই করে দেওয়া হবে না কিংবা হবে কোন কথারই উল্লেখ এই রিপোর্টের ভিতর নাই। প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের কর্ত্তব্য ছিল না যখন এই সংশোধনী আনয়ন করেছিলেন এঁদের স্বার্থে বা এঁদের সম্বন্ধে কিছু বলা? Temporary staffএর fixed pay 80%, এঁদের কোন উল্লেখই নাই এই রিপোর্টের মধ্যে। তাঁরা কি কিছুই পাবেন না? তাঁদের ভবিষ্যৎ সম্বন্ধে কিছুই উল্লেখ নাই। তারা Fire Brigadeএ যারা driver কিংবা driver cum operator এই categoryর কোন উল্লেখ নেই। তারপর, কি methodএ কি procedure হবে তা আমাদের কাছে বলছেন না, আশা করব মুখ্যমন্ত্রী সে সম্বন্ধে আমাদের বলবেন। 14 category লোকের fixed pay যাদের বেতনের কোন উল্লেখ নাই। তারপর কয়েকটা Dept.এ একেবারে সর্বনাশ করা হয়েছে, সবগুলি এখানে দিতে পারব না, দুই একটা exampleদের মাত্র। Veterinary Sergeon তাদের existing scaleএ minimum pay ৬০৲ টাকা, তা থেকে new scaleএ করা হয়েছে ৮০ টাকা। জেল প্রেস তাদের কাজ হয় সারাদিন, রাতদিন, সেজন্য 10% special pay—এই special pay বাদে বেতন বাড়বার কোন সুযোগ নাই এখন এই special payএর সুযোগও কেটে দেওয়া হয়েছে। Central Govt. থেকেও যে আমাদের রাজ্যের কর্মচারীদের কম দেওয়া হয়েছে সেটা রণেনবাবু দেখিয়েছেন। যাক, আমার বক্তব্য হচ্ছে, যারা directorateএ কাজ করছেন তাদের minimum দেওয়া হল না কেন? আর সকলের maximum বাড়ালেন, তাদের maximum বাড়ালেন না কেন? এই discrimination কেন? তাঁরা সকলেই Public Service Commissionএর মাধ্যমে recruited হন। Engineering Dept.এ senior accounts clerksদের কি অবস্থা হয়েছে দেখুন। তাঁদের বর্ত্তমানে বেতন ১২৫-২০০। তাঁরা সবাই graduate। আপনারা secretariatএ কিছু বেশী দিচ্ছেন আমরা নিশ্চয়ই তার বিরুদ্ধে নই। যাই হোক, এরকম discrimination নানাভাবে dept. এই আছে। যখন এই Pay Committee বসান হয় তখনই আমরা বলেছিলাম যে, যাঁদের এই কমিটির member করা হচ্ছে তাঁদের হাতে সুবিচার পাওয়ার সম্ভাবনা খুব কম। কারণ শ্রীনির্মল সিদ্ধান্ত একজন capitalist শ্রেণীর লোক। আমরা আরো বলেছিলাম বিনয় দাশগুপ্ত এঁরা যাঁরা কমিটির সদস্য ছিলেন, তাঁরা সকলেই শ্রেণী কেনায় ভরপুর, তাঁদের দিয়ে সরকারী কর্মচারীদের প্রতি সুবিচার করা হতে পারে না। এটা কোর্টে বিচারের মত চুরির আসামীর case নয়, মার্ডার কেস নয়—এটা প্রাণের কথা, সহানুভূতির কথা, approach outlook এর কথা। তারপর যাকে Secy. করা হয়েছে তাঁর বিরোধী মনোভাবের কথা সর্বজন বিদিত। আমরা যখন প্রথম স্বাধীনতা পেলাম সেই বৎসর তিনি Secy.র ৫০০ লোককে ছাঁটাই করেছিলেন। এখন শুনছি তিনিই নাকি আবার Inplementation Officer হবেন। সুতরাং আমরা কি করে এই সরকারের উপর বিশ্বাস রাখব? তারপর, Sacretariatএর চাপরাশীদের বেতন বেড়েছে মাত্র ৫৲ টাকা, এইটা কি খয়রাতি? এইরকম বৃদ্ধির কি মূল্য আছে? তারপর Sub-overseer caseটা দেখুন। এতদিন পর্য্যন্ত Sub-overseer এবং ওভারসিয়ারদের মধ্যে বেতনের পার্থক্য খুব কম ছিল। কিন্তু new pay scale করে দুজনের টাকা অত্যন্ত বাড়িয়ে দিয়েছেন, এর ফলে বেশি সংখ্যক Sub-overseerদের ভিতর অসন্তোষের সৃষ্টি হয়েছে। তারপর, Class IV Transport Staffদের কি হয়েছে? মুখ্যমন্ত্রী মহাশয় বল্লেন যাদের ৫৮০ টাকা পর্য্যন্ত বেতন তাদের ৫৲ টাকা করে দেওয়া হচ্ছে।

[6—6-10 p.m.]

মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে আমি ৪০০ টাকার বেতন পর্য্যন্ত ৫ টাকা দিয়েছি at every stage এটা পে-কমিটির উপর একটা improvement বলে আমি মনে করি। কিন্তু এই ৫ টাকার দ্বারা কি কোন স্কেল পরিবর্ত্তিত হয়েছে? অর্থাৎ স্কেলটা তাদের বেড়ে গেল, না ৫ টাকা তাঁদের বেশী দিলেন। ৫ টাকার উপর যদি placement ঠিক মত হয় একটা increment দিয়ে তাহলে ৫৷৷০ আনা পাবে। House-rent এর যে রুল করা হয়েছে তাতে house-rent-এর রুল অনুযায়ী প্রত্যেকের ২৷৩ টাকা করে কাটা যাবে। সুতরাং আসলে তারা কিছুই পেল না। সেই হিসাবে আমরা দেখছি তাদের হাতে immediate relief হিসাবে যেটা মুখ্যমন্ত্রী দিতে চেয়েছিলেন সেটা তারা বেনিফিট হিসাবে পাবে না। পুলিশ বিভাগের যারা constable তাদের এই দীর্ঘ ১২ বৎসর পরে বেতন বেড়েছে মাত্র ৫ টাকা। এইভাবে আমরা দেখছি যে A. S. I. এবং S.I.দের মাত্র ৫ টাকা বেড়েছে। সুতরাং পে কমিটি বসে যে কি করলেন জানি না। মুখ্যমন্ত্রী ও সরকার পক্ষ থেকে দুটি যুক্তি দেখান হয়—একটা যুক্তি হচ্ছে যে সরকারী চাকরীতে সিকিউরিটি আছে, আর একটা হচ্ছে যে আমাদের টাকা নেই। কিন্তু সিকিউরিটি কি রকম না আজকে R.R. Deptt.এ লোক ছাটাই হচ্ছে, সেটেলমেণ্টের অফিসে ছাটাই হচ্ছে, পুলিশ রিপোর্টে চাকরী যাচ্ছে, বছর বছর ধরে টেম্পোরারী হিসাবে রাখা হয়েছে। সুতরাং সিকিউরিটির কথা না বলাই ভাল। আপনারা বলছেন টাকা নেই, কথাটা important. টাকা যদি না থাকে তাহলে প্রশ্ন দাঁড়ায় যে আপনারা নিজেরাই তো অনেক দিক দিয়ে খরচ কমাতে পারেন, কিন্তু তা তো আপনারা করেন না। টাকা নেই এই যে কথাটা এটা this is a crisis এবং সেই crisis-এর সম্মুখে আপনারা আমাদের রাজ্যকে নিয়ে যাচ্ছেন। যাই হোক আমার আর সময় নেই বলে আবার আমি বলব যে এই পে-কমিটির রিপোর্ট গ্রহণীয় নয়।

Shri Narendra Nath Sen : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্রমেই খাদ্যদ্রব্য মূল্যবৃদ্ধির ফলে সরকারী কর্মচারীরা ভীষণ অবস্থায় গিয়ে পৌছিয়ে তারা বেতন বৃদ্ধির দাবীতে পে কমিটির দাবী করে এবং গভর্ণমেণ্ট সেই পে-কমিটি বসানোতে সরকারী কর্মচারীদের মধ্যে একটা আশার সঞ্চার হয়েছিল, কিন্তু সেই পে-কমিটির রিপোর্ট যখন বেরুল তখন তাদের অনেকের মনে আবার নৈরাশ্যের সঞ্চার হয়। গভর্ণমেণ্ট পে-রিভাইজড্ করেছেন তার সঙ্গে কতকগুলি additional benefit দিয়েছেন—যেমন ৫০০ টাকা পর্য্যন্ত অতিরিক্ত ৫ টাকা বেতন। এই ৫ টাকা তাদের মাইনের সঙ্গে যুক্ত হয়ে স্কেল হবে, ডি. এ, ম্যারেড-আনম্যারেড সমান হবে। হাউস রেণ্ট এলাউন্স ৪ টাকার জায়গায় ৫ টাকা হবে, লোয়ার কেডার-এ ছিল স্টেশান এলাউন্স দেওয়া হবে, এবং গভর্ণমেণ্টের কর্মচারীদের ফ্যামিলির জন্য মেডিক্যাল ফেসিলিটিজের কতকগুলি সুযোগ দিয়েছেন। কিন্তু যা বেড়েছে তাতে উপর স্তরের যেভাবে বেড়েছে সেই অনুপাতে নীচের দিকে বাড়েনি এবং কতকগুলি ক্ষেত্রে তাদের প্রতি অবিচার করা হয়েছে, তার কিছু কিছু আমি আপনাকে বলছি এবং আশাকরি যে গভর্ণমেণ্ট সে বিষয়গুলি চিন্তা করবেন। আমি বলব যে ক্লার্কদের ৩টা ডিভিশান আছে—সেক্রেটারিয়েট, ডাইরেকটারেট এবং রিজিওন্যাল। রিজিওন্যাল ও dist.-এর বিষয় বলবার কিছু নেই, কারণ তাদের মাইনে যা হয়েছে সেটা খুব খারাপ হয়নি। কিন্তু সেক্রেটারিয়েট এবং ডাইরেকটারেট..... .....

তারা একই বাড়ীতে আলাদা ঘরে বসে, দুজনই clerkএর কাজ করে, দুজনকে আলাদা মাইনে দিচ্ছেন। Directorateএ এবং Secretariatএ তারাই file start করে, বেশীর ভাগ কাজ করে, কিন্তু Directorateএ তাদের মাইনে Secretariatএর staffএর মাইনের চেয়ে কম। এই L. D. এবং Upper Division উভয়ের মাইনের অসামঞ্জস্য দূর হওয়া উচিত বলে মনে করি।

[6-10—6-20 p.m.]

Class IV staff—Peon এবং Orderlyদের মাইনে—Initial pay ৩ টাকা বেড়েছে। এদের আরও বাড়া উচিত বলে মনে করি। Medical and Health Officers Gazetted যারা তারা Basic grade যা তাতে দেখা গিয়েছে তারা তার থেকে ৭৬৪ টাকা পায় কিন্তু Pay-Committee recommend করেছে ৩০০—৭৫০ টাকা। অবশ্য Govt. ৩০০ থেকে ৭৮০ টাকা করেছেন। তারা Practice করতে পারে না, non-practising allowance সামান্য। যদি ভাল লোক পেতে হয় তাদের মাইনে আরও বাড়ান উচিত। আমি মনে করি ৩৫০ থেকে ৮০০ টাকা মাইনে এবং non-practising allowance 25% আরও বাড়ান উচিত।

Police staff এর কথা, constableদের কথা অনেকে বলেছেন। constablesদের ৭৫ থেকে ১০০ টাকা ছিল। তারা এখন পাবে ৮০ থেকে ১১০ টাকা, খুব কম হয়েছে। Assistant Sub-Inspectorদের একই অবস্থা। Sub-Inspector of Police রা ১৯৫ থেকে ৩০৫ টাকা পায়। Pay Committee recommend করেছে ১৭৫ থেকে ৩২৫ টাকা। কিন্তু Govt. সেটা করেছে ২০০ থেকে ৩২৫ টাকা। এটা আরও বাড়া উচিত। Inspectorদের existing emoluments হচ্ছে ৩৬৫ ৪৭০ টাকা। এরা করেছেন ৩৫০টাকা,—Initially কমান হয়েছে। এটা খুব অবিচার হয়েছে। Deputy Superintendent of Policeরা ৩১০ থেকে ৮৮১ টাকা এখন পায় কিন্তু এখন Initially ৩০০ টাকা করেছেন, কমে গিয়েছে এবং maximumএ বেড়েছে মাত্র ৯ টাকা।

তারপর Jail Dept.-এর কথা বলি। জেল ওয়ার্ডের class IV staff-এর খুব সামান্য বেড়েছে—৭৫ থেকে ১০০ টাকা ছিল, ৮০ থেকে ১১০ টাকা পাবে। অথচ এদের সব সময় কাজের জন্য প্রস্তুত থাকতে হয়। Warder, Head-warder-এর মাইনে বিশেষ কিছু বাড়েনি। Jail Dept.এ existing emoluments যা ছিল তার তুলনায় যা হবে, তাতে Initial stageএ কারও কিছু কমে গিয়েছে, maximum সামান্য কিছু বেড়েছে। এখানে একটা আশ্চর্য্য বিষয় হচ্ছে Dy. Jailor এবং Jailorদের মাইনে Receptionistদের চাইতে কমে গিয়েছে। আমার মনে হয় এতে সেখানে Administration-এর ব্যাঘাত হবে। একটা Jailor এর মাইনে একজন Receptionistএর চাইতেও কম! Deputy Jailorএর মাইনে হচ্ছে ১৭৫ থেকে ৩২৫ টাকা, Discipline officersদেরও ১৭৫ থেকে ৩২৫ টাকা। এদের মাইনে এর চেয়ে অনেক বেশী হওয়া প্রয়োজন বলে মনে করি, Supervisory gradeএর মাইনে দেওয়া উচিত। Chief Discipline officersদের মাইনে Pay Committee recommend করেছে ১৭৫ টাকা থেকে ৩৭৫ টাকা, Cabinet করেছে ২০০ থেকে ৪০০ টাকা। আমার মনে হয় Promotional Stageএ ৩০০ থেকে ৪৫০ টাকা হওয়া উচিত। Jail Pressএ allowance 10% কেটে দেওয়া হয়েছে এটা ঠিক হয়নি। এদের duty hours, office time ইত্যাদি চিন্তা করে দেখা দরকার। যা কাটা হয়েছে তা restore করা উচিত।

এবার আমি Printing Press, B. G. Press সম্বন্ধে বলবো। এখানে Pay Committee মস্ত বড় একটা অবিচার করেছেন। Time keeper, Assistant time keeper, Paper store keeper, miscellaneous store keeper এদের যে মাইনে recommend করা হয়েছে মনে হয় এদের Clerical grade দেওয়া হয়েছে। এদের কাজ clerical কাজ নয়! এরা Industrial Dept. থেকে আসে, নানা রকমের কাজ এদের করতে হয়। store keeper, Purchasing officerএর কাজ, Supervisory work করতে হয়, তাদের একটা dept. maintain করতে হবে। কাজেই যেভাবে এগুলি করেছেন সেভাবে হওয়া উচিত নয়। এদের একটা upper scale, Supervisory scale দেওয়া উচিত।

তার, compositors এবং printing machinemenদের যেটা ম্যাক্সিমাম্ দেওয়া হয়েছে তাতে তাঁরা বেনিফিটেড হয়নি এবং printing machine ব্রেকম্যানদের প্রারম্ভিক এবং শেষ দুই দিকেই লোকসান হচ্ছে অর্থাৎ যা পাচ্ছিল তার চেয়ে কম পাচ্ছে। আর একটা হচ্ছে lino, mono operators যারা B. G. Pressএর main productive source. এখানে যে mechanical composition হয় সেই mechanical composition করে এই lino, mono operatorরা। কিন্তু তাদের কেস্এর প্রতি অবিচার করা হয়েছে। তারপর, lovelock section বলে যে সেক্সন্টা আছে তাদের কমিশন clerical grade দেবার জন্য বলেছিলেন কিন্তু জানিনা কোন সদস্যের কৃপায় তারা ২০০-৩০০ এই স্কেল পেয়েছে। Lovelock duty হচ্ছে তারা line work করে কিন্তু main composition যারা করে তাদের কেস্ বিবেচনা করা হয়নি। আমার বক্তব্য হচ্ছে যে, lovelock sectionএর যদি ২০০-৩০০ টাকা হয় তাহলে তাদের ২১০-৩৫০ টাকা হওয়া উচিত কারণ এঁরা হচ্ছে B. G. Pressএর revising copy holder. কিন্তু composition work যারা করে তাদের সঙ্গে তাঁদের এক গ্রেড করে দেওয়া হয়েছে। তারপর দেখছি এখন যেখানে একজন মজুর ৬০।৭৫ টাকা পাচ্ছিল তাকে এখন ৬০,৬৫ টাকা করা হয়েছে—অর্থাৎ initial stageএ যা পাচ্ছিল তাই রয়ে গেল। B. G. Pressএর সেকসন্ হোল্ডারদের মাইনে অ্যাসিষ্ট্যাণ্ট সেকসন হোল্ডারদের মত কমিয়ে দেওয়া হয়েছে এবং কুচবিহার প্রেসেও এই অবস্থা হয়েছে—অর্থাৎ যারা reader (iii) তাদের মাইনে কমিয়ে দেওয়া হয়েছে। তারপর, এগ্রিকালচার ডিপার্টমেণ্টের এগ্রিকালচার ডিমোনেষ্ট্রেটর যারা এতদিন অত্যন্ত অবিচার ভোগ করে এসেছিল তাদের মাহিনা এবারে যদিও ভাল করা হয়েছে কিন্তু তাঁদের সঙ্গে ওভারসিয়ারদের এক করে দেওয়া হয়েছে। ওভারসিয়ারদের Matric বা I Sc. পাশ করে চুঁচুড়ার এগ্রিকালচার স্কুলে ট্রেনিং নিতে হয় এবং তাদের এগ্রিকালচার সায়েন্স পড়তে হয় এবং তাদের যে promotional stage তা হোল Class II subordinate service. কিন্তু এদের Class IIIতে নামিয়ে দেওয়া হয়েছে, এদের আবার Class IIতে রেষ্টোর করা উচিত এবং হায়ার গ্রেড দেওয়া উচিত। তার, যাদের সায়েন্টিফিক এবং টেক্নিক্যাল নলেজ আছে তাদের উপযুক্ত জায়গায় পোষ্টিং হওয়া উচিত বলে আমি মনে করি। তারপর, সবচেয়ে আশ্চর্য্য ব্যাপার দেখুন এই বইর page 13এ। অ্যাসিট্যাণ্ট লেবার কমিশনার এখন পাচ্ছেন ৩১০-৯৯৯৲ টাকা, কিন্তু তাকে সুপারিন্টেণ্ডেণ্ট অব এগ্রিকালচার এবং অ্যাসিট্যাণ্ট রেজিষ্ট্রারদের মধ্যে ঢুকিয়ে দিয়ে তাঁদের মাহিনা দেখান হয়েছে ৩০০-৩০-৯০০৲ টাকা অর্থাৎ ম্যাক্সিমামে ১০০ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। তারপর, ফুড ডিপার্টমেণ্টের সাব ইন্সপেক্টররা এখন ৮০-১৮০৲ টাকার গ্রেডে আছে এবং তাদের total emoluments হয় ১২৫ ২৩৫৲ টাকা। কিন্তু তাদের কমিয়ে দিয়ে ১২৫-২০০৲ টাকা করা হয়েছে। এঁরা লোয়ার ডিভিসন ক্লার্কের বেতনও পায় না অথচ তাদের মধ্যে অনেক গ্রাজুয়েট আছে। এছাড়া ভেটিরিনারি, ল্যাণ্ড রেভিনিউ এবং ফায়ার সার্ভিসের উপরেও অবিচার

করা হয়েছে। ফায়ার সার্ভিসের একটা পোষ্ট—অর্থাৎ Assessing and Legal Officer এখন পাচ্ছিল ৩০০-৫০০৲ টাকা। কিন্তু তাকে করা হয়েছে ২৫০-৫৫০ টাকা। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে, এ রকম ধরণের যতগুলো অবিচার করা হয়েছে সেগুলো গভর্ণমেণ্ট বিবেচনা করুন এবং যে সমস্ত justified grievances আছে সেগুলো দূর করবার চেষ্টা করুন।

[6-20—6-30 p.m.]

Shri Chitto Basu : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সামনে যে রিপোর্ট পেশ করা হয়েছে আমি মনে করি সেই রিপোর্ট অজস্র অবিচার, বৈষম্য, ত্রুটী এবং খামখেয়ালীপনার একটা কালো দৃষ্টান্ত। সমস্ত রিপোর্টের পাতায় পাতায় এই সমস্ত বৈষম্য, অবিচার, নীতিজ্ঞান হীনতার কথা স্পষ্ট করে ফুটে উঠেছে এবং সেই সমস্ত কথার মধ্য দিয়ে বাংলাদেশের মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত দ্রুত ক্ষয়মান যে সমাজ তার সম্পর্কে সরকারের একটা অবহেলার মনোভাব এই রিপোর্টে দেখতে পাচ্ছি। কাজেই এই রিপোর্ট প্রকৃত পক্ষে একটা কালো রিপোর্ট। সুতরাং ভবিষ্যৎ বংশধররা কখনও এদের ক্ষমা করবেনা এবং সমগ্র সমাজের উপর এর যা প্রভাব পড়বে সেই প্রভাব কখনও এদের ক্ষমা করতে পারেনা।

মাননীয় স্পীকার মহাশয়, এই সমস্ত বৈষম্য, ত্রুটীগুলি সম্পর্কে অনেক দৃষ্টান্ত এখানে উত্থাপন করা হয়েছে। আমার নিজের কাছে অনেক দৃষ্টান্ত আছে, বিভাগের পর বিভাগ উল্লেখ করে আমি বলতে পারি। এই সমস্ত দৃষ্টান্তগুলি অনুশীলন করে আমি যা বুঝতে পেরেছি তাতে এই বৈষম্যগুলিকে ৩ ভাগে ভাগ করা যায়- প্রথমে দেখা যায় নতুন স্কেল অনুসারে কারোর কারোর হয়ত প্রারম্ভিক বেতন কমিয়ে দেওয়া হয়েছে এই হল এক ধরণের বৈষম্য। দ্বিতীয় বৈষম্য হল হয়ত প্রারম্ভিক বেতন কমিয়ে দেওয়া হয়েছে maximum বেতনকে বাড়িয়ে দেওয়া হয়েছে, অথবা উল্টো হয়েছে maximum বেতন কমিয়ে দেওয়া হয়েছে, প্রারম্ভিক বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে। তৃতীয় নম্বর হচ্ছে, যেটা আরও বেশী মারাত্মক এবং ক্ষতিকর, নতুন স্কেল আসার ফলে যারা নাকি সমপর্যায়ভুক্ত কর্মচারী শ্রেণীর সঙ্গে ছিল, দেখা গেল তাদের বেতন কমিয়ে আনা হয়েছে। তাদের কর্তব্য এবং যোগ্যতা সমপর্যায়ভুক্ত কর্মচারী শ্রেণীর সম সাদৃশ্যভুক্ত হওয়া সত্ত্বেও এই স্কেল অনুসারে তারা কম বেতন পাচ্ছে। এই যে ৩ ধরণের অবিচারের কথা বললাম এই তিন ধরণের খামখেয়ালী-পনার কথা সমস্ত সদস্য বলেছেন এবং এমনকি কংগ্রেস সদস্যরাও এ কথা বলেছেন। আমি পরে সুযোগ পেলে এই তিন ধরণের কথা আপনাকে বুঝিয়ে দেবার চেষ্টা করব কি কি ভাবে নানা স্তরের কর্মচারীদের অবস্থা নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে। প্রথমে আমার মনে হয় বেতন কমিটির মত একটা ক্ষমতা সম্পন্ন কমিটির পক্ষে এই ধরণের অবিবেচনামূলক কাজ করা সম্ভব হ'ল কেন। এর পিছনে কোন দুর্বলতা ছিল সেটা আমাদের বোঝা দরকার। এ বুঝতে না পারলে আমাদের দৃষ্টিভঙ্গি পরিষ্কার হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় বেতন কমিটির তিনটি মৌলিক দুর্বলতা ছিল। প্রথম দুর্বলতা হল আমরা আগামী দিনে যে সমাজ ব্যবস্থা গঠন করতে চাই সেই সমাজ ব্যবস্থা সম্পর্কে এই ধরনের পণ্ডিতদের কোন ধারণা নেই, একটা পাহাড় প্রমাণ অজ্ঞতা তাঁদের মাথায় আছে। দ্বিতীয় দুর্বলতা হল কোন একটা স্বীকৃত মৌলিক অর্থনীতি অথবা বৈজ্ঞানিক নীতির উপর এই সমস্ত বেতন কাঠামোকে নির্ধারণ করবার চেষ্টা করা হয়নি এবং যেহেতু অর্থনৈতিক এবং বৈজ্ঞানিক কাঠামোর ভিত্তিতে নির্ধারণ করবার চেষ্টা করা হয়নি সেইজন্য এই ধরনের খামখেয়ালীপনা, বৈষম্য, অবিচার এবং ত্রুটীগুলি পাতায় পাতায় কালো অক্ষরে ফুটে উঠেছে। তৃতীয় দুর্বলতা হল আমাদের যে প্রশাসনিক যন্ত্র যে প্রশাসনিক যন্ত্রের দ্বারা সরকারী কার্য পরিচালিত

হয়, সেই প্রশাসনিক যন্ত্রের পরিকল্পিত অর্থনীতির ক্ষেত্রে যে কতখানি গুরুত্ব আছে সে সম্পর্কে এঁদের আরও অজ্ঞতা থাকার দরুন এরা এই ধরণের সুপারিশ করেছেন। এই তিনটি দুর্বলতা থাকার দরুন এই ধরণের একটা রিপোর্ট মস্তবড় অভিশাপের মত আমাদের সামনে এসে গেল। মাননীয় স্পীকার মহাশয়, কেন্দ্রীয় সরকার তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা রচনা করার সময় এই বেতন সম্পর্কে সরকারের কি নীতি হবে সে সম্পর্কে পরিষ্কার বলেছেন যে determination of fair wages has to be given a direction consistent with the pattern of society envisaged by the community.

আমাদের কমুনিটি, আমাদের সমাজ, আমাদের সরকার যে ধরণের সমাজ-ব্যবস্থা পরিকল্পনা করেছেন, তা সমাজতান্ত্রিক ধাঁচের। সেই সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ গঠনের ক্ষেত্রে সরকারী কর্মচারীদের জন্য কি ধরণের বেতন নির্ধারণ করা উচিত—তা পে-কমিটীর মনে স্থান পায় নাই।

দ্বিতীয় কথা হচ্ছে কেন্দ্রীয় সরকারের পে-কমিশন যখন নাকি সর্বনিম্ন কর্মচারীদের জন্য ৮০৲ টাকা নির্ধারণ করেছেন, সরকার তা স্বীকার করে নিয়েছেন—তাও fair wage নয়, poverty line wage নয়। ৮০৲ টাকা দিয়ে কেন্দ্রীয় সরকারের পে-কমিশন বলেছেন এ fair wage নয়, living wage ও নয়, দারিদ্র্যের সীমানায় যে wage সেই কথা তাঁরা বলেছেন। আর আমাদের এরা ৬০৲ টাকা সেখানে দিয়ে বলেছেন—আমলাতান্ত্রিক সমাজতন্ত্রের দিকে অগ্রসর হয়েছি। ব্যোমকেশবাবু একে অভিনন্দন জানাচ্ছেন। ৮০৲ টাকা poverty line wage ও নয়, আর ৬০৲ টাকা এখানে হচ্ছে সমাজতান্ত্রিক বেতন কাঠামো! আমি মনে করি সর্বোচ্চ কর্মচারী এবং সর্বনিম্ন কর্মচারী—এদের বেতনের পার্থক্য কি থাকা উচিত? সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ ব্যবস্থায় বেতন কমিটী সত্যই যা ঠিক করেছে, তা কম ঠিক করেছেন—১ : ২৮ এই তারতম্য আছে। নরেন সেন মহাশয়কে জিজ্ঞাসা করি, তিনি কংগ্রেস সদস্য, মহাত্মা গান্ধী কি বলেছেন? অন্ততঃপক্ষে Equity ভিত্তিতে সমাজ গঠন করতে হলে সর্বোচ্চ কর্মচারী ও সর্বনিম্ন কর্মচারীর বেতন পাঁচগুণের বেশী তারতম্য থাকা উচিত নয়। এটা কি অভিনন্দনযোগ্য রিপোর্ট? কংগ্রেস সদস্যদের একবার চিন্তা করতে বলি, একটু বিচার করতে বলি।

দ্বিতীয় কথা হলো বেতন নির্ধারণের ক্ষেত্রে বৈজ্ঞানিক অর্থনৈতিক সূত্র স্বীকৃত হয়েছে কি? তা হয় নাই। কোন বৈজ্ঞানিক অর্থনৈতিক সূত্রকে গ্রহণ করা হয় নাই। বৈজ্ঞানিক ও অর্থনীতিক সূত্র যা সর্বজন স্বীকৃত, সেটা 15th Labour Conference এই কথা indication দিয়েছিলেন। সর্বনিম্ন বেতন নির্ধারণের পদ্ধতি সম্পর্কে ভারত গভর্ণমেণ্ট বিবেচনা করেছেন এবং যে পদ্ধতি সম্পর্কে ট্রাইবুনালের সামনে নির্দেশ আছে যে এই হবে সর্বনিম্ন বেতন নির্ধারণ করবার পদ্ধতি। আমরা এখানে কি দেখলাম? সেই বেতন নির্ধারণের পদ্ধতি স্বীকার করলে পর এখানে সর্বনিম্ন বেতন ১২৫৲ টাকা হওয়া উচিত ছিল। সেখানে এঁরা করেছেন ৬০৲ টাকা। Indian Labour Conferenceএর কথা ছেড়েই দিলাম। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় এখানে নাই, ফুড-ডিবেটের সময় তিনি বলেছিলেন পশ্চিমবঙ্গের একজন লোকের জন্য ৫৬ নয়া পয়সার খোরাকীর ব্যবস্থা করেছেন। তা কি করা সম্ভব? তার পরিবারে যদি চারজন সদস্য হয়, তাহলে সেই ৫৬ নয়া পয়সার ভিত্তিতে তাকে একশো টাকারও বেশী সর্বনিম্ন বেতন দিতে হয়। বাংলাদেশের কোন লোক মন্ত্রীমহাশয়ের কথা স্বীকার করতে পারেন না।

কেন্দ্রীয় পে-কমিশনের সুপারিশ অনুযায়ী নূতন পে-স্কেল কার্য্যকরী করবার সময় point to point adjustmentএর নীতি মেনে নিয়েছেন, সেকথা রণেনবাবু উল্লেখ করেছেন। কিন্তু

এখানে সেই নীতির বালাই নাই। তাঁরা বলেছেন তা গ্রহণ করা যাবে না। তা যদি না হয়, তাহলে quantum adjustmentএ টাইম স্কেল করতে পারেন। এককালীন টাকা দিয়ে এই সুযোগ তাঁরা করতে পারেন। তাও তাঁরা গ্রহণ করলেন না। একটা কথা তাঁরা বললেন চারশো টাকার নীচে প্রতিটি কর্মচারীকে পাঁচ টাকা করে বাড়িয়ে দেবার ব্যবস্থা এঁরা করবেন। আমি হিসেব করে দেখেছি যারা পুরাতন কর্মচারী দশ বার-পনের বছর কাজ করেছেন তাঁরা নূতন পে-স্কেলের কোন সুযোগ পাবে না—এক পেনসন ও গ্রাচুইটী পাওয়া ছাড়া। এ কোন্ যুক্তি? সেটা পাওয়া সম্ভব হতো যদি point to point adjustment হতো, যদি quantum allowance দিতেন। সে নীতি এই পে-কমিটী গ্রহণ করেন নাই। গ্রাচুইটী, পেনশনের কথা বলবেন? পার্মানেন্ট হলে পরে সে কথা আসবে।

[6-30—6-40 p.m.]

আজকে সংবাদ পত্রে পড়েছি এবং কয়েকদিন আগে যে বই দিয়েছেন, তাতেও আমরা দেখেছি ১৯৫৪-৫৫ সালে পশ্চিমবাংলায় শতকরা ৬৪ ভাগ অস্থায়ী কর্মচারী ছিল, এবং সেটা বেড়ে ১৯৫৭-৫৮ সালে শতকরা ৮৬ ভাগ অস্থায়ী কর্মচারীদের সংখ্যায় দাঁড়ায় এবং বর্তমানে দেখা যাচ্ছে অস্থায়ী কর্মচারীদের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। ১৯৫৪-৫৫ সালে সেই সম্পর্কে পাবলিক সার্ভিস কমিশন, তাদের রিপোর্টে এই কথা বলেছিলেন যে পরিকল্পনার সময়ে সম্প্রসারণশীল অর্থনীতিতে যে লোককে কাজে নাও, সেই লোককে যোগ্যতার ভিত্তিতে বেতন দিতে হবে, এবং সঙ্গে সঙ্গে তার চাকরী স্থায়ী করণের ব্যবস্থা সরকারকে করতে হবে। কিন্তু আমরা দেখছি এই স্থায়ীকরণের কোন ব্যবস্থা এখানে নেই, এবং সেই ইচ্ছাও সরকারের নেই। ক্রমাগত অস্থায়ী কর্মচারীদের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। এটা আমার কথা নয়, ১৯৫৭-৫৮ সালের পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্টে রয়েছে যে শতকরা ৮৬ ভাগ কর্মচারী অস্থায়ীভাবে কাজ করছে। তারপর আমার দ্বিতীয় কথা হল কর্মচারীদের ছুটী সম্পর্কে। International Labour Conferenceএ সকল দেশের লোক উপস্থিত থেকে, তাঁরা এই সিদ্ধান্ত গ্রহণ করেন যে, ছুটী ইত্যাদি শ্রমজীবিরা পাবার অধিকারী। কিন্তু আজ আমাদের পশ্চিমবাংলা সরকার সেখানে বলছেন—leave is not a matter of right. আমাদের West Bengal Service Conduct Rulesএ বলা হচ্ছে leave is not a matter of right. যেখানে সকল দেশের লোক স্বীকার করে নিয়েছেন যে শ্রমজীবিরা ছুটী পাবার অধিকারী, তাদের সেই অধিকারকে আমাদের পশ্চিমবাংলা সরকার পদদলিত করছেন।

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্বন্ধে অনেক বলবার ছিল, কিন্তু সময় অভাবে তা সব বলতে পারবো না। আমি পে-কমিটি সম্পর্কে আর একটা কথা বলতে চাই। সমগ্র পশ্চিমবাংলার দু-লক্ষ কর্মচারীদের সম্পর্কে, যাতে তাদের বেতনের দিক দিয়ে ক্রমাগত উন্নতি বিধান করা সম্ভব হয়, তার কোন প্রচেষ্টা এরা করেন নি। এছাড়াও আরও অন্যান্য কতকগুলি বিষয় ছিল, যা তাঁরা পে-কমিটীর বিচার্য্য বিষয়ের মধ্যে আনেননি। তাঁরা এত অন্যায় করেছেন, অবিচার করেছেন, এত বৈষম্য বা তারতম্য করেছেন, এগুলির প্রতিকার করবার জন্য চেষ্টা করা উচিত।

তৃতীয় কথা হচ্ছে, যদি সরকার মনে করেন যে আজকে সম্প্রসারণশীল অর্থনীতিতে সরকারী কর্মচারীদের ভূমিকা কি হবে? সরকার যদি মনে করেন অতীত যুগে যেমন করে রাজস্ব

আদায় করতেন এবং মামুলি ধরণের আইন, শৃঙ্খলা বজায় রাখার জন্য একমাত্র দায়ী সরকার, তাহলে তা সম্ভব হতে পারত। আর যদি সরকার মনে করেন দেশকে পুনর্গঠন করবার দায়িত্ব তাঁদের আছে এবং দেশের লোক তাঁদের কাজে সহায়তা ও সহযোগীতা করবেন, এটা চান, তাহলে এই সম্পর্কে তাঁদের বর্ত্তমানে নীতি পরিবর্ত্তন করতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, অর্থের কথা তুলতে পারেন ওপক্ষ থেকে। কিন্তু আপনি জানেন বাংলা দেশের বাজেটে আমাদের বেতন খাতে ২৮ কোটী টাকা বরাদ্দ করা হয়েছিল। এই ২৮ কোটী টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে বেতন খাতে। সেই হিসাবকে নিয়ে আমি দেখছিলাম, আমাদের পশ্চিমবঙ্গ সরকার প্রথম বছরের জন্য সুপারিশকে কার্য্যকরী করবার জন্য বলেছেন তিন কোটী টাকা আরও বেশী লাগবে। কিন্তু আমি বলবো তাঁদের এই হিসাব ঠিক নয়। কারণ প্রায় ৩৫ লক্ষ টাকা ঐ compensatory allowance, hill allowance এবং other allowances বাবদ কেটে নিয়েছেন। অপরপক্ষে স্বাস্থ্যের উন্নতি করবার জন্য এবং হাসপাতালের ব্যবস্থা করবার জন্য ৬৬ লক্ষ টাকা বরাদ্দ করে রেখেছেন। অর্থাৎ প্রায় ১ কোটী টাকা তাঁরা সরিয়ে রেখেছেন। তাহলেও আপনি, কি কেউ কল্পনা করতে পারেন যে আগামী ১ মাস ব দু মাসের মধ্যে কলকাতায় সরকারী কর্মচারীদের জন্য হাসপাতাল স্থাপন করে, চিকিৎসার ব্যবস্থা হবে? তাই যদি হতো তাহলে আজকে কর্মচারী জীবন বীমার অসাফল্য লাভ হতো না। আমরা দেখছি শ্রমিক ও কর্মচারীদের চিকিৎসার ব্যবস্থা আপনারা করতে পারেননি। কাজেই এই এক কোটী টাকা বাদ দিলে, আরও দু-কোটী টাকা বেশী বরাদ্দ করা প্রয়োজন। ২৮ কোটীর সঙ্গে এই দুই কোটী টাকা বেশী ব্যয় করতে যদি কার্পণ্য ও সংকোচবোধ করেন তাহলে তার দ্বারা সরকারী কর্মচারীরা মনে করবেন যে তাদের প্রতি সরকারের কোন সহানুভূতি নেই, কোন সুবিচার নেই: এবং নানারকম ভাবে জোর করে অতীত যুগের ইংরাজ শাসনের মত তাদের দাসের জীবন যাপন দুর্বিসহ করতে চান। তাদের সেই দাসের জীবন যাপন করতে বাধ্য না করার জন্য এবং এই সমস্ত প্রতিকার করবার জন্য চেষ্টা করবেন বলে আমি আশা করি।

[6-40—6-50 p.m.]

Shri Nepal Ray: মাননীয় স্পীকার মহাশয় এই Pay Committeeর রিপোর্ট পাওয়ার পূর্ব্বে সমস্ত পশ্চিম বাংলা সরকারী কর্ম্মচারীরা আশা করেছিল অনেক কিছু পাবে। কিন্তু দেখা গেল তারা যা আশা করেছিল—তার বিশেষ কিছুই পায়নি, বরং অনেক অনেক ক্ষেত্রে তাদের লোকসান হয়েছে। আজকে যাই হোক, আমরা সরকারী কর্ম্মচারীদের efficiency বাড়াবার চেষ্টা করছি বিভিন্ন ক্ষেত্রে পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপায়নে সরকারী কর্ম্মচারীরা আমাদের সংগে সহযোগিতা করুক এটা আমরা চাই, কিন্তু যদি এই পে কমিটির সুপারিশ অনুযায়ী সরকারী কর্মচারীদের বেতন দেওয়া হয় তাহলে সেটা কতদূর কার্য্যতঃ সফল হবে সন্দেহ আছে। এই Report বের হবার আগে অনেকে অনেক কিছু আশা করেছিলেন, কিন্তু report বের হবার পরে দেখা গেল যে আমার কাছে—আমি একজন সামান্য কর্ম্মী—আমার কাছে সরকারের হেন বিভাগ নেই যেখান থেকে কাগজ না পাঠিয়েছে তাদের উপর অবিচার হয়েছে বলে। যদি বিশ্লেষণ করে দেখা যায় এই পে কমিটির যে report তাতে করে আমাদের সরকারী কর্মচারীদের ক্ষতি অধিক, তাহলে মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব তিনি যেন আর একটি কমিটি করে আবার যেন এদের সম্পর্কে পুনর্বিবেচনা করা হয়। তা না হলে দেশের মধ্যে অসন্তোষ দেখা যাবে। ভীষণ ভাবে অসন্তোষ দেখা দিয়েছে। মাইনে যদি এদের কিছু বাড়িয়ে দেওয়া হয় তাতে efficiency এদের বাড়বে এটা নিশ্চয়ই সত্য কথা। কোন কর্মচারী

যদি খেতে না পায় সে খাটবে কি করে। যদি পেট ভরে খেতে পায় তাকে বলতে পারি বেশী করে কাজ কর। আজকে সর্বত্র efficiencyর কথা শুনতে পাই সব জায়গায় শুনতে পাই সরকারী কর্মচারীরা ভাল কাজ করে না তার কারণ তারা খেতে পাচ্ছে না। তাই বলি এদের অবস্থা পুনর্বিবেচনা করুন। Medical Department এর অবস্থা দেখুন Health Deptt. এর Laboratory Assistant আর X-ray Assistant আছে। Laboratory Assistant হতে হয় I. Sc. পাশ করে আর X-ray Assistant হতেও I. Sc. পাশ করতে হয়। দেখা গেল new pay scale হ'ল তাতে Rs. 200 to Rs. 400, X-ray technicia-দের আর Laboratary Assistant-দের Rs. 135, to Rs. 200 এই যে তারতম্য আমি জানিনা Pay Committee কিভাবে আনলেন। একথা বলব যে তাঁরা ঠিক ভালভাবে চিন্তা করেন নি বা Departmental Secretary-দের সংগে ভাল করে আলোচনা না করে এই জিনিষটা করেছেন। আরও অবিচার হয়েছে। আগে যাদের আমরা ফেপাতাম মোটার ডাক্তার বলে সেই Veterinary ডাক্তার তাদের উপর অত্যন্ত অবিচার হয়েছে। আজ সাধারণ নাগরিক হিসাবে দেশের ছেলেরা শিক্ষা নিয়ে দেশের গোমহিষাদি গবাদির প্রতিপালন করছে। এদের উপর কি অবিচার হয়েছে পড়ে দেখুন। Engineering Graduate দের চার বছরের কোর্স I. Sc. পাশ করে পড়তে হয় তাদের দেওয়া হয়েছে আগে ছিল Rs. 250 to 750, এখন দেওয়া হয়েছে Rs. 325 to 725. Medical Graduate-দের I. Sc. পাশ করে ৫ বছর পড়তে হয়, এদের আগে ছিল 250 to 650, এখন করা হয়েছে 700 to 800 grade Agricultural Graduate এদেরও I. Sc. পাশ করে তিন বছর পড়তে হয় তাদের ছিল 150 to 300, এখন হয়েছে 200 to 550. Veterinary Asisstants-দের চার বছরের কোর্স তাদের আবার Animal Husbandry শিক্ষা দেওয়া হয় এদের ছিল 200 to 365 আজকে 200 থেকে start আর 400 তে শেষ। এজাতীয় অন্যায় অবিচার যদি অনুষ্ঠিত হয় তাহলে দেশের মধ্যে অসন্তোষ ভীষণ আকারে দেখা দেবে। বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন বিপ্লব আমরা ডেকে আনছি। বিপ্লব অবশ্য হবে না। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আছেন ততক্ষণ আমি জানি দেশের মানুষের উপর দিয়ে ভুল ত্রুটি যদি কিছু হয়ে থাকে তা সংশোধন করবেন। স্যার, আর কি কি কথা আমি বলছি Excise Department আশ্চর্যের কথা, গভর্ণমেণ্টের যে order তা অমান্য করা হয়েছে petty officers III grade officers ছিল সেখানে। 1952 সালের Excise Deptt. এর একটা order, order no. 324 Ex. dt 10th November, তাতে order দেওয়া হয়েছে যে petty officers-দের superior officers গণ্য করা হবে। কিন্তু Pay কমিটির রিপোর্টে তাদের petty officers বলে গণ্য করা হয়েছে—অর্থাৎ গভর্ণমেণ্ট order violate করা হয়েছে। এটা যেন সরকার দেখেন।

স্যার, Health Directorate এবং সেটা আমাদের নরেন বাবু বলেছেন যে Directorate এবং Secretariat কর্মচারীদের কাজ একই শুধু নামের তফাৎ। Directorate এবং Secretariat তাতে দেখা যাচ্ছে মাইনের তারতম্য রয়েছে qualification এক, কাজ এক অথচ তাদের মাইনের তারতম্য অনেক। এটা অত্যন্ত অন্যায়। Assembly-তে এখানে যারা আমাদের বক্তৃতা লিখেন Reporters তাদের সম্পর্কে কোন বিবেচনা হয়েছে কি? যারা আমাদের চোখের সামনে রয়েছে মাথা গুঁজে চৌদ্দ বছর এদের অনেকেই কাজ করেছে তারা কি permanent হয়েছে। এই ১৪ বছর চাকুরী করে তারা কি permanent হয়েছে জানতে চাই। বাংলা, হিন্দী কথা এঁরা লিখেন অথচ এদের সম্পর্কে পে কমিটি নির্বিকার। Labour Deparment-এর কথা জানি, সেখানে ওই একই অবস্থা। তারপর Hon'ble Minister Khagen

Dasgupta-র Department সেখানে works sircar হিসাবে তিন হাজার কর্মচারী ছিল তাদের minimum qualification হচ্ছে matriculation অবশ্য non-matric এখন কিছু নেওয়া হচ্ছে। Pay কমিটির report-এ এদের গলা কেটে দেওয়া হয়েছে। তাদের অবস্থা উন্নত করা দরকার। সেজন্যে বলছি এদের সম্বন্ধে খুব ভালভাবে পুনর্বিবেচনা করুন। নতুবা বাংলাদেশের সরকারী কর্মচারীরা pen down strike করবে। সব থেকে বেশী যে sufferer হয়েছে middle class intelligensia এদের সম্বন্ধে বিশেষ করে চিন্তা করতে হবে। দেশকে I. C. S., I. A. S. officerরা চালাচ্ছে না এই middle class intelligensia চালাচ্ছে এদের দেখতে হবে, কারণ, দেশে যদি বিপ্লব আসে তবে তা এরাই আনবে—দেশে যদি শান্তি আনে তবে তা এরাই আনবে। সুতরাং এদের সম্বন্ধে যদি ভুল ত্রুটি হয়ে থাকে তা সংশোধন করতে হবে। প্রত্যেক Department এর মন্ত্রী Secretary-র সংগে শুধু নয় সেখানে যদি Union থাকে বা association থাকে তাদের ডেকে ও conference করে জানতে হবে কোথায় ভুল ত্রুটি আছে।

প্রত্যেক dept. এর লোকেরা আজকে আমাদের জিজ্ঞাসা করছেন আমাদের কি হল Pay Committeeর recommendation থেকে? আমি একটা suggestion দিই Govt. এটা বিবেচনা করে দেখবেন আশা করি, যাদের ৫০ টাকার নীচে বেতন তাঁদের সোজাসুজি ২০ টাকা বাড়িয়ে দিতে পারেন কিনা consider করে দেখবেন। আমি আরেকটা প্রস্তাব করব, বিভিন্ন trade union নেতাদের নিয়ে, secretariat এর departmental head-দের নিয়ে শুধু I. A. S. অফিসার নিয়ে করলে হবে না—বিভিন্নস্তরের কর্মচারীদের নিয়ে আরেকবার একটা কমিটি করে সরকারী কর্মচারীদের দাবি দাওয়া reconsider করবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। আমি কংগ্রেস তরফ থেকেই এই কথা বলছি, কারণ এ রকম একটা ব্যবস্থা না করলে দেশের ভিতর গোলমাল হবে। অতএব ডাঃ রায়কে আমি বলব, Treasury Bench যারা এই রিপোর্ট প্রকাশ করেছেন তাঁদের কাছে আমি বলব, এই প্রস্তাব যদি বিবেচনা না করেন তাহলে অত্যন্ত অন্যায় হবে। আজকের দিনে কোন middle class family শুধু মাত্র সরকারী বেতনের উপর নির্ভর করে সংসার প্রতিপালন করতে পারে না। আজকে কলকারখানার নিয়োজিত শ্রমিক মজদুর শ্রেণীর মধ্যে প্রবল অসন্তোষ দেখা দিয়েছে যার জন্য প্রায়ই প্রসেসানের জন্য কলকাতার রাস্তাঘাট অবরুদ্ধ হয়, ডাঃ রায়ের বাড়ী ঘেরাও হয়। তাই আমি সরকারের কাছে শেষ বারের মত অনুরোধ জানাচ্ছি, আপাততঃ এই পে কমিটির প্রস্তাব অনুযায়ী বেতন নির্ধারণ না করে প্রত্যেক কর্মচারীর যদি ২০ টাকা করে বেতন বেশী পেলে সরকারী কর্মচারীদের অসন্তোষ কিছুটা প্রশমিত হতে পারে। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় স্পীকার মহাশয়, এই যে Pay Committeeর রিপোর্ট এটা একটা monstrous atrocity, তার কারণ এই যে, প্রথমেই আমি বলতে চাই কর্মচারীদের ক্ষেত্রে অবিচার, বৈষম্য ও প্রতারণার আশ্রয় নেওয়া হয়েছে। দ্বিতীয়তঃ, কোন নীতি এর মধ্যে নাই, Service administrationএর দিক থেকে reconstruction ও reorganisation এর কোন চেষ্টা করা হয়নি, কোন broad principles for pay fixation এই

Pay Committee দিতে পারেন নি, সরকারের আর্থিক ক্ষমতার বা সরকারী কর্মচারীদের কোন নীতি তাঁরা নির্দিষ্ট করতে পারেন নি। Central Pay Commissionএর রিপোর্ট একটা মূল্যবান দলিল তথ্য হিসাবে এবং একটা পাণ্ডিত্যপূর্ণ document। কিন্তু আমাদের এই পে-কমিটির রিপোর্ট পড়লে মনে হয় কতগুলি মূর্খ, স্বার্থবাদী ও অসত্যভাষী প্রতারক মিলে এই রিপোর্ট তৈরী করেছেন, এঁদের না আছে বিস্তাবত্তা, না আছে ভবিষ্যৎ চিন্তা, না আছে অর্থনীতি সম্পর্কে কোন সচেতনতা। এই তিনটা কারণে আমি এই রিপোর্টকে আমি বলছি atrocious। এই Pay Committeeর recommendations কার্য্যকরী করতে প্রথম বৎসরে কত টাকা লাগবে? ডাঃ রায় বলেছেন ৩ কোটি। কি করে ৩ কোটি লাগে? চিকিৎসায় ৬৬ লক্ষ টাকা ধরা আছে প্রথম বছরে domiciliary treatment। প্রথম বছরে এত টাকা খরচ হতে পারেনা, বিশেষ করে বছর শুরু হয়ে গিয়েছে। সুতরাং ৬৬ লক্ষ টাকা বাদ দিন। তাছাড়াও বাদ দিতে হবে withdrawal of various allowancesএর দ্বারা বাঁচাচ্ছেন ৪০ লক্ষ টাকা, অর্থাৎ ৩ কোটি থেকে ১ কোটি বাদ দিন। তাহলে দেখা যাচ্ছে আসলে খরচ হবে ২ কোটি অথচ Cabinetএ এবং Assemblyর কাছে ধাপ্পা দেবার চেষ্টা করা হচ্ছে ৩ কোটী টাকা খরচ হবে। তার, এরা cost of living index নিয়ে অনেক কথা বলেছেন। আমরা জানি সরকারী বেতনের সংগে কোনকালে living indexএর কোন সম্পর্ক ছিলনা। সরকারী বেতনের হার এখনও cost of living index থেকে 20 pt. নীচে আছে, সেই হিসাবে এখনো বাজারের তুলনায় 29 pt. পিছনে আছে। আরেকটা মারাত্মক ভাঁওতা হল, বলা হয়েছে comparative pay scale তৈরী করে দেওয়া হয়েছে। এর মধ্যে সত্যের কতটা যে বিকৃতি ঘটান হয়েছে আমি দেখাচ্ছি। Junior Head Assistantদের দেওয়া হয়েছে ২৭০—৫৪১ টাকা, অথচ এই মোটা বইএর ৭২নং পাতায় তাঁরা স্বীকার করেছেন চা১০ বৎসর নাহলে Junior Head Assistant হতে পারেনা—আরো দেখুন, ২৫০ টাকা, তার সাথে ৬০ টাকা special pay, সব শুদ্ধ তাঁরা ৩৮০ পাচ্ছেন under existing pay scale। কিন্তু এখানে দিচ্ছেন ২৭০ টাকা থেকে শুরু হচ্ছে এবং এ ভাবে তথ্যবিকৃতি ও মিথ্যা কথা বলা হয়েছে। কিন্তু প্রতারণার প্রশ্ন বাদ দিলাম। আমার আসল কথা হল, এই Pay Committee কোন নীতি অনুসারে, কোন বৈজ্ঞানিক নীতি অনুসারে তাঁরা রিপোর্ট দেননি, এটাকে এক কথায় বলা যেতে পারে whims of the Pay Committee।

অর্থাৎ বেতন এবং ভাতা দুই ছিল লিভিং ইনডেক্সের সঙ্গে সম্পর্কহীন এবং এখনও তাই রয়েছে—সমস্তটাই আরবিটারী এণ্ড আন সায়েন্টিফিক হয়েছে। এরা প্রয়োজন ভিত্তিক কিম্বা নীড বেস পারুক বা না পারুক সে নীতির দিকে অগ্রসর হবার যে চেষ্টা সেই চেষ্টা হয়নি এবং তার ফলে এই বৈষম্য হয়েছে। কিন্তু সরকারের একটা লাভ হয়েছে যে যত বেশী বৈষম্য হবে কর্মচারীদের সংগঠন ও সংহতি তত ভাঙ্গবে এবং সে দিক থেকে অটোক্রেটীক লর্ড লাভ হবে। কিন্তু ইলেকশানের দিক থেকে সেটা লাভ হবে কি; অসন্তোষ কি চাপা থাকবে? তাঁদের এই প্রচারের ফলে যারা অসন্তোষ চিত্তে কাজ করবে তারা কি আপনাদের ভোট দিতে যাবে। তার, পিওনের দৃষ্টান্ত দেখুন যেখানে existing pay scale in the districts including benefits ছিল ৫৭ থেকে ৬২ টাকা সেটা হল ৮০ থেকে ৭৫ টাকা; অথচ অফিসারের বেলায় দেখছি ২১৭৫ থেকে ১৫২৮ পর্য্যন্ত যারা ছিল তাদের করা হল ১৫০০ থেকে ১৬০০। এই পিওন বা মিনিয়ালসের কাজ আজকের দিনে বাঙালী নিম্নমধ্যবিত্ত, মধ্যবিত্ত ঘরের শিক্ষিত ছেলেরা করে। আমি জানি মিনিয়ালসএর মধ্যে অনেকে রাত্রিবেলা পড়াশুনা করে আই. কম. বি. কম. হতে চলেছে। এরা সব অভাবের তাড়নায় মিনিয়ালসের চাকরী নিয়ে পড়াশুনা করছে। অথচ এদের ৩ টাকা বেড়েছে, আর অফিসারদের ২০০ টাকা বেড়েছে। সেক্রেটারিয়েটের ইউ, ডি, ক্লার্কদের কথা অনেকে বলেছেন, জুনিয়ার

হেড এ্যাসিসট্যাণ্টদের কথা বলেছেন ডেটারিনারী সার্ভিসে যাঁরা আছেন তাঁদের কথা বলেছেন, জেলখানায় ডিসিপ্লিন অফিসার্সদের প্রতি যে অবিচার করা হয়েছে সেসব কথা বলেছেন। এ্যাসিসট্যাণ্ট লেবার কমিশনারএর সংখ্যা মাত্র ২০ জন, তাদের কি কাজ করতে হয় আমাদের দৈনন্দিন জীবনে সে অভিজ্ঞতা আছে তাদেরও মাইনে কমানোর ব্যবস্থা হয়েছে। রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্টের লোকদের চাকরীর নিরাপত্তা নেই—সেখানে ৪ হাজারের উপর কর্মচারী আছেন টেম্পোরারী আছে। আবার এমন বহুক্ষেত্র আছে যেখানে পে-স্কেল কমে গেছে এবং এই রকম ২০টা দৃষ্টান্ত ডাঃ রায়কে আমি দিতে পারি। এতবড় অনাচার ঘটান কি ক্যাবিনেটের উদ্দেশ্য ছিল, এই ব্যাপারে আপনারা পে-কমিটির কম্পোজিশানের দিকে যদি তাকিয়ে দেখেন তাহলেই বুঝতে পারবেন যে এদের উদ্দেশ্য কি? প্রথমে বিনয় দাসগুপ্তকে আমরা সকলেই জানি। ইনি মুখ্যমন্ত্রীর লোক, বহুদিন ধরে তিনি এইরকম ভাবে সর্বনাশ করে এসেছেন। সুতরাং বেশী কথা তাঁর সম্পর্কে বলা বাহুল্য। নির্মল সিদ্ধান্তের কথা আমরা জানি—কেন্দ্রীয় সরকারী কর্মচারীরা তাঁর হাতে মার খেয়েছেন। তাঁর মত স্বার্থপর লোকের নাম নিতে তাদের (কর্মচারীদের) ঘৃণা বোধ হয়। কিন্তু আসল জল্লাদ হচ্ছে ঐ পুলিন ব্যানার্জী। তিনি একজন প্রাতঃস্মরণীয় ব্যক্তি, কারণ কোন সরকারী কর্মচারী সকালে উঠে তাঁর নাম নিয়ে, তাঁকে অভিশাপ না দিয়ে জল গ্রহণ করে না। এর জল্লাদ বৃত্তি ছাড়া আর কোন পথ নেই, সেজন্য এর এই নিয়ে 3rd extension চলছে এবং সেটা 14th November শেষ হবে। এই ভদ্রলোক ডেসপ্যাচ ক্লার্ক থেকে ডেপুটি সেক্রেটারী পদে উঠেছেন, এর আরও ৩।৪টা একসটেনশান ডাঃ রায়ের কাছ থেকে আদায় করে নেবেন। আমরা এটা জানি যে নিজের একসটেনশান পাবার আর কোন রাস্তা নেই বলে কর্মচারীদের যদি তিনি এ্যানিহিলেট না করেন তাহলে নিজের একসটেনশান হবে না এবং সেই কারণেই দুর্নীতি ও প্রতারণার দৃষ্টান্ত পে-কমিটি বহুক্ষেত্রেই দেখা যাচ্ছে। প্রতারণা করে জামাইকে সরকারের উচ্চপদে ঢোকান হয়েছে: স্কেল রিভিশান করে ছেলেকে সাধারণ কেরাণীর স্তর থেকে গেজেটেড পদে নিয়ে যাওয়া হয়—অর্থাৎ Dist. Industrial Investigator করা হল।

[7—7-10 p.m.]

ওঁকে যদি না সরান তাহলে এখন যতটুকু বৈষম্য দূর করার কথা ডাঃ রায় বলছেন তা কার্য্যকরী হবেনা। কারণ anomaly রাখার পথে তার স্বার্থ রয়েছে। যতদিন anomaly থাকবে ততদিনই উনি থাকবেন পরামর্শ কর্তারূপে এবং extension এর পর extension লাভ করবেন। কাজেই আমি তিনটি আবেদন মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

প্রথম প্রস্তাব হচ্ছে এখনই যেন এটা finalise না করা হয়। এসেম্বলীর বিভিন্ন দল রয়েছে। কংগ্রেস দলের বন্ধুরা থাকুন, মুখ্যমন্ত্রী মহাশয় নিজে থাকুন এবং বিভিন্ন দলের মেম্বার নিয়ে একটা কমিটি হোক্ এবং সেখানে আলাপ আলোচনা হোক্। তাতে বক্তব্য হবে দুঃস্থ কর্মচারী যারা তাদের মধ্যে Pay Committee reportএর ফলে যে অসন্তোষ সৃষ্টি হয়েছে, যে বৈষম্য দেখা দিয়েছে তা দূর করা উচিত। সেই কমিটির বক্তব্য শুনে মুখ্যমন্ত্রী মহাশয় বিচার করে দেখুন। মুখ্যমন্ত্রী মহাশয় যে আশ্বাস দিয়েছেন সে আশ্বাস যদি সত্য সত্যই কার্য্যকরী করতে চান তাহলে পে-কমিটি তৈয়ারী হোক্।

আমার দ্বিতীয় আবেদন তার কাছে Implementation Authority হবে Chief Secretary, financial Secretary এবং Judicial Secretary এই ৩ জনে মিলে। ঐ পুলিন ব্যানার্জি জল্লাদের উপর যেন Implementation এর ভার না দেওয়া হয়।

আমার তৃতীয় প্রস্তাব হচ্ছে Wide powers for the implementation authority to review cases of anomalies and deprivations.

এই হল আমার তিনটি প্রস্তাব মুখ্যমন্ত্রী মহাশয় এটা বিবেচনা করে দেখুন। পুলিনের রাহুগ্রাস থেকে আপনি মুক্ত হউন—এই আবেদন জানাই। কেননা পুলিনকে যদি ধনঞ্জয়ে পরিণত করেন তাহলে তার কিছু কিছু অংশ মন্ত্রীদের উপরেও পড়বে। আর জিজ্ঞাসা করি একে রেখেই বা কি লাভ হবে! কারণ আমরা জানি যদি আজকে ওঁর হাতেই সুবিচারের ভার দেওয়া হয় সে-সুবিচার সম্ভব নয় এবং সে সুবিচার কর্মচারীরাও মেনে নেবে না। অবশেষে ছোট্ট দুটি কথা বলতে চাই। যে সমস্ত অবিচার হয়েছে তার মধ্যে বিশেষ অবিচার হয়েছে যারা typist, those who do not come under the purview of the Public Service Commission. তাদের আজকে clerical cadre with certain modification in the recruitment rules. এটা pay committee recommend করেছেন কিন্তু আজকে যারা typist gradeএ আছে যাদের recruitment হয়েছে on competetive examination conducted by the Public Service Commission এবং এদের বলা হয় blind alley service এখানে একটা সুপারিশ Pay Committee করেছেন Selection grade on 10% of the cadre ২০০—৩০০ টাকা। কিন্তু আমি মনে করি It is a bluff—কারণ Big dept. ৮০ number of typist ৫ এর বেশী হবে না সুতরাং এটা Implemented হবে না।

শেষ বক্তব্য হল—High Courtএ দেখছি circularএ বলেছে retirement age 55 নয় 60 years করেছে। হাইকোর্টে যদি 60 years হয় লোকসভাতে যদি তাই হয় আমাদের এখানেও তাই করা উচিত।

শেষ কথা হচ্ছে D. A. merged with pay with effect from 1st of April, 1961. কিন্তু Pension যারা পাবে ৩ বছরের average pay পাবে,—অর্থাৎ ১৯৬২-৬৩ সালে যে Retire করবে তার, Retirement Benefit পাবেন না—এ সম্পর্কে একটা বন্দোবস্ত হওয়া উচিত। আমি যে প্রস্তাবগুলি রেখেছি মুখ্যমন্ত্রী মহাশয় যদি তা গ্রহণ করেন আমি মনে করি অসন্তুষ্ট কর্মচারীরা কিছুটা হয়ত সন্তুষ্ট হবে।

Shri Abani Kumar Basu : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৯ সালে যখন এই পে কমিটি অ্যাপয়েন্টেড হয়েছিল তখন সরকারের ২ লক্ষ ১২ হাজার কর্মচারীর মনে নানা রকম আশা আকাংখা জেগে উঠেছিল এবং তাঁরা ভেবেছিল যে তাঁদের বেতনের তারতম্যের হয়ত একটা সুরাহা হবে। সরকারের এবং পে কমিটির মতে তাঁরা কর্মচারীদের সুযোগ সুবিধা দিয়েছেন এবং মহার্ঘভাতাকে মূল বেতনের সঙ্গে মিলিয়ে দিয়ে অধিকতর পেনসন পাবার সুযোগ করে দিয়েছেন। তাঁরা ৫৲ টাকা অ্যাড্ হক্ পেমেন্ট করেছেন, বাড়ী ভাড়ার ক্ষেত্রে ৮৲ থেকে ৫৲ টাকা করেছেন এবং চিকিৎসার বন্দোবস্ত হিসেবে ডোমিসিলিএারি ট্রিটমেন্ট বা আউটপেসেন্ট ট্রিটমেন্ট কিংবা হসপিটালাইজেসন-এর ব্যবস্থা করেছেন। কিন্তু পরীক্ষা করলে দেখা যাবে যে পে-কমিটির এই ক্লেম বাস্তবে ঠিক নয় কারণ তাঁরা এই যে বেতন বৃদ্ধি করেছেন এবং পেনসন্-এর সুযোগ করেছেন তা' সরকারী কর্মচারীদের মধ্যে শতকরা ৭০ ভাগ লোক পাবেনা কেননা তাঁরা হচ্ছে টেম্পোরারী ষ্টাফ্। কাজেই যদি শতকরা ৭০ ভাগ কর্মচারী বাদ চলে যায় তাহলে থাকে কি? তবে শুধু নয়, যে কয়জনও বা বাকী থাকে তাঁদের মধ্যে দেখা যাচ্ছে যে অধিকাংশ লোকই ১২/১৪/১৬ বছর সার্ভিস করেছে কাজেই ম্যাক্সিমাম্ স্কেল-এর বেনিফিট যখন তাঁরা পাচ্ছে না তখন এটা একটা বিরাট ফাঁক।

তারপর, মেডিকেল বেনিফিট যেটা দেওয়া হয়েছে তাতেও দেখা যায় যে, কেন্দ্রীয় সরকারের পে কমিশন যে ব্যবস্থা করেছেন—অর্থাৎ সরকারী কর্মচারীরা তাঁদের পছন্দমত ডাক্তারের কাছে নিজেদের পরীক্ষা করিয়ে ঔষধ কিনে তারপর বিল সাবমিট করবে— এখানকার সরকারী কর্মচারীদের ক্ষেত্রে সেই রকম ব্যবস্থা হয়নি। এখানে এই ব্যবস্থা হয়েছে যে, যারা শহরাঞ্চলের লোক তাঁরা প্রেসিডেন্সী সার্জেনের কাছে কিংবা রাইটার্স বিল্ডিংস্-এর মেডিকেল অফিসার-এর কাছে গিয়ে পরীক্ষা করাবে এবং যারা গ্রামাঞ্চলের লোক তাঁরা মেডিকেল অফিসার-এর কাছে গিয়ে পরীক্ষা করাবে। স্যার, আমি যখন গ্রামাঞ্চল থেকে এসেছি তখন আমি গ্রামাঞ্চলের কথাই বলতে চাই যে, বহুক্ষেত্রেই যখন দেখা যায় মেডিকেল অফিসাররা অনেক দূরে থাকেন তখন এই ব্যবস্থা তাঁদের বঞ্চনা করা ছাড়া আর কিছু নয়। স্যার, সরকারী হিসেবে দেখতে পাই যে, এই বেতন বৃদ্ধির জন্য প্রথমে বছরে প্রায় ৩ কোটি টাকা ব্যয় হবে। 1st April থেকে যখন এই বেতন বৃদ্ধি করা হচ্ছে তখন এই 1st April থেকে দেখতে গেলে আমরা দেখব যে এই টাকার মধ্যে কম্পেনসেটরী অ্যালাউন্স, ডুয়ার্স এবং টরাই অ্যালাউন্স যা' ধরা হয়েছে তার পরিমাণ হচ্ছে ৩৫ লক্ষ ২১ হাজার টাকা। তারপর, হেল্থ এ্যামিনিটীস্-এর জন্য যে ৬৬ লক্ষ টাকা ধরা হয়েছে সেই টাকার সমস্তটা খরচ হওয়া সম্ভব নয়। কাজেই যে টাকা বাঁচে সেই টাকা দিয়ে যে সমস্ত নিম্ন বেতনের কর্মচারী আছে তাঁদের বেতন বৃদ্ধির কথা কেন যে বিবেচনা করেনি সেটা আমি বুঝতে পারছিনা। স্যার, কর্মচারীদের বিভিন্ন স্তরে, বিভিন্ন গ্রেডে এবং বেতনের যে বৈষম্য রয়েছে তার মধ্যে একটা সমতা আনার জন্য এই পে কমিটি অ্যাপয়েন্টেড হয়েছিল। কিন্তু আমরা দেখছি যে, পে কমিটি যদিও ১৩৬টি স্কেলের পরিবর্তে ৩২টি স্কেল করেছেন, কিন্তু বেতনের সমতা কি সেইভাবে হয়েছে? আজকে আমি প্রথমেই উল্লেখ করব ৪র্থ শ্রেণীর কর্মচারীদের কথা যাদের সংখ্যা হচ্ছে ৬৪ হাজার। কিন্তু বদান্য পে কমিটি তাঁদের দিয়েছেন ৫৭৲ টাকা থেকে ৬০৲ টাকা প্রারম্ভিক বেতন। অর্থাৎ তাঁরা নগদে ৩৲ টাকা এবং শেষের দিকে যেটা আল্টিমেট স্কেল সেখানে দেখছি নগদে ১৩৲ টাকা পাচ্ছে। এটা কি একটা বিরাট তামাশা নয়?

[7-10—7-20 p.m.]

এটা কি একটা বিরাট প্রহসন নয় যে যেখানে ২ লক্ষ কর্মচারী রয়েছে সেখানে ৬৪ হাজার কর্মচারীর বেতন বৃদ্ধি হয়েছে মাত্র ৩ টাকা করে? আজকে এই বেতন বৃদ্ধি কাদের স্বার্থে হচ্ছে—সরকারের উপর তলার মুষ্টিমেয় কর্মচারীদের স্বার্থে, না, এই দরিদ্র কর্মচারীদের স্বার্থে সে কথা আমি সরকারকে বিবেচনা করে দেখতে বলি। Pay Committee আত্ম সন্তুষ্টির মনোভাব নিয়ে বলেছেন যে improvement is spectacular। স্যার, এই যদি spectacular এর নমুনা হয় তাহলে বুঝতে পারি না সত্যিকারের improvement হলে তার কি বিশেষত্ব হবে, স্যার, এগুলি আমি আপনার দৃষ্টিতে রাখতে চাই এই যে ৩ টাকা বেতন বৃদ্ধি হল এতে বাস্তবিকই কি কর্মচারীদের কোন লাভ হবে? আজকে তাঁদের এটা বিবেচনা করা দরকার যে এই বেতনের কত ভাগ তাদের নিত্যপ্রয়োজনীয় সামগ্রী এবং আহার্য দ্রব্যের পিছনে খরচ হয়। ১৯৩৯ সালে যে index number ছিল সেই সূচককে তাঁরা base করেছেন। স্যার, আমি বলি তাঁরা একটা অবাস্তব অলীক ভিত্তির উপর তাঁদের সিদ্ধান্ত খাড়া করেছেন। স্যার, 15th Labour Conferenceএ tripartite agreementএ স্থির হয়ে ছিল যে ন্যূনতম ১২৫ টাকা বেতন হবে। আজকে কেন্দ্রীয় সরকার তাঁদের টাকার অল্পতা হেতু সেই ন্যূনতম বেতন মেনে নিতে পারেন নি। তবুও তাঁরা 2600 calorie food value'র ভিত্তিতে ৮০ টাকা বেতন স্বীকার

করে নিয়েছেন। আজকে আমাদের সরকার সেই জিনিস স্বীকার করেননি। আমি তাঁদের বলি তাঁরা যেন এ বিষয়ে বিবেচনা করেন, এখানেই কোন deadline যেন টেনে না দেওয়া হয়। স্যার, বেতন স্কেলের অসাম্য দূর করা হয়নি। এ সম্বন্ধে আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি। স্যার, Pay Committee বলেছেন যে equal treatment of Government Servants improves their moral. বাস্তবিকই কি তাঁরা অসাম্য দূর করেছেন? স্যার, clerical establishment সেক্রেট্যারিয়েট বহির্ভূত lower grade clerk এর সংখ্যা হচ্ছে ১৬ হাজার ২শো ৪৪, এবং তাদের বেতন হচ্ছে ১২৫ থেকে ২০০। আর Secretariat staff যাদের সংখ্যা ১ হাজার ৪ শো ৫৮, তাদের ক্ষেত্রে হয়েছে ১৫০ থেকে ২৫০ টাকা। এই বিশেষ করুণা কি কারণে সেটা আমরা জানতে চাই। এই যে ১৬ হাজার কর্মচারী তাঁরা কি একই ধরণের কাজ করেন না? তাঁদের কি same responsibilities নিতে হয় না? কাজেই এটা কি discriminatory treatment এর পরিচয় নয়? এঁরা কি দ্বিতীয় স্তরের কর্মচারী? Co-operative inspector, veterinary assistant surgeon, agricultural extension officer এঁরা সকলেই N. E. S. block এর attached কর্মচারী। পূর্বে তাঁরা একই বেতন পেতেন—২শো থেকে ৩৬৫ টাকা। কিন্তু পে কমিটি তাঁদের ৩ জনের ক্ষেত্রে বৃদ্ধি করলেন ২ শো থেকে ৪ শো টাকা। কোন রহস্যজনক কারণে জানিনা সেই agricultural extension officer এর মাইনে ২ শো থেকে ৩৬৫ বদলে গিয়ে হয়ে গেল ২৫০ থেকে ৫৫০ টাকা। নিশ্চয়ই তরুণবাবুর কৃতিত্ব আছে বলতে হবে। তাঁর প্রারম্ভিক বেতন ৫০ টাকা এবং শেষ বৃদ্ধি হল ১৮৫ টাকা। এই অস্বাভাবিক বৃদ্ধির কারণ কি আমি বুঝতে পারি না। তাঁকে কি তাঁদের চেয়ে বেশী কাজ করতে হয়? স্যার, আরও দেখুন, Commercial tax officer, agricultural income tax officer, labour officer, district auditor একই বেতন পেতেন—২৫৫ থেকে ৫২৯ টাকা। কিন্তু সেখানে Pay Committee তাঁদের বেতন নির্ধারণ করে ছিলেন ২৫০ থেকে ৫৫০ টাকা। কিন্তু স্যার, কোন একদিন এই agricultural income tax officer এবং Commercial tax officer pen down strike করেন, করার পর তাঁদের বেতন বৃদ্ধি হয়ে গেল ২৭৫ থেকে ৬৫০ টাকা। এই বেতন বৃদ্ধি কি কারণে ঘটল তার সম্পর্কে সরকার আমাদের কাছে কোন তথ্য রাখেন নি।

স্যার, আবার আপনাকে বলি, যে অসঙ্গতভাবে বেতন বৃদ্ধি হয়েছে, তার দু'একটি sample আপনার কাছে রাখতে চাই।

Assistant Commissioner, Commercial Taxes—তাঁর বেতনের স্কেল ছিল ৪২০ টাকা থেকে ১৪১০৲ টাকা, সেটা পে-কমিটী করলেন—৭০০৲ টাকা থেকে ১৩৫০৲ টাকা। প্রারম্ভিক বেতন বেড়ে গেল ২৮০৲ টাকা। Assit. কমিশনার Agricultural Income Tax—তাঁর বেতন ছিল ৪৭০ থেকে ১১৭৫ টাকা; তাঁর স্কেল পে-কমিটীর মতে যা গভর্ণমেণ্ট approved—৭০০ থেকে ১৩৫০৲ টাকা। প্রারম্ভিক বেতন ২৩০ টাকা বেড়ে গেল এবং ultimate increase হলো ১৭৫৲ টাকা। আবার দেখছি একই বেতনের স্কেল ছিল, কিন্তু হয়ে গেল কি? একটির বেতন অন্যের চেয়ে কম। Co-operative Auditor—তাঁদের বেতন ছিল ১০০৲ টাকা থেকে ১৭৫৲ টাকা, সেটা বেড়ে হলো ১৫০৲ টাকা থেকে ২৫০৲ টাকা। আর Sub-Inspector of Excise—তাদের ঐ একই মাইনা ছিল, সেটা বৃদ্ধি হয়ে হলো ১৭৫৲ টাকা থেকে ৩২০৲ টাকা, এই বৈষম্য কেন? এক ধরণের কাজে এই বেতন বৈষম্য কেন? আপনি জানেন—Executive, Civil Service যাঁরা এবং Junior Civil Service যাঁরা—

তাঁরা একই পরীক্ষায় পাস করেন, এক ধরণের কাজ Executive function করতে হয় Treasury Officer হিসেবেও কাজ করতে হয়। কিন্তু তাঁদের বেতনের তারতম্য অত্যন্ত বেশী Civil Service (Executive), পাচ্ছেন ৩১০৲ টাকা থেকে ৯৯৯৲ টাকা, বর্ত্তমানে হয়েছে ৩২৫৲ টাকা থেকে এক হাজার। আর এই Junior Civil Service যাঁরা, তাঁদের উপর আমাদে সমস্ত পরিকল্পনার সাফল্য নির্ভর করছে, তাঁদের বেতন বেতন হয়েছে ২৭৫৲ টাকা থেকে ৬৫০৲ টাকা। এই বৈষম্য দূর করা উচিত।

তারপর আপনাকে বলি—Cadre rationalisation, তা তাঁরা করেন নি। যেমন দেখতে পাচ্ছি যেখানে সমস্ত স্তর ছিল ১৩৬টা, তা কমিয়ে তাঁরা করলেন ৩২টা। আমরা যে Stenographers দেখি, সেই Stenographerদের সংখ্যা সারা বাংলাদেশে ১২০ জন, সেখানে তাদে তিনটা গ্রেড্ করা হয়েছে। এই বৈষম্যমূলক আচরণ কেন? তা বুঝতে পারি না। কেন্দ্রী গভর্ণমেণ্টে Stenographerএর সংখ্যা অনেক বেশী। সেখানে তাঁরা রেখেছেন মাত্র দুটে গ্রেড্। সেই সঙ্গে আর একটা কথা বলতে চাই যে গতকাল আমরা Official Languag বিল পাস করেছি। বাঙ্গালী Stenographer যারা বাংলা ভাষায় নোট নিবেন তাদের মাইনে দেখছি অত্যন্ত কম ১৩০৲ টাকা থেকে ৩৫০৲ টাকা। এদের বেতন English Stenographerদের সঙ্গে সমান হওয়া উচিত।

আমাদের States' Acquisition কর্মচারীদের কোন মাইনে বাড়লো না। তাঁদের চাকরী নিরাপত্তা নাই। ২৭৲ টাকা বেতন। এই লজ্জাকর ইতিহাস আজকে আপনার সামনে তুলে ধরতে চাই। তাছাড়া আরো বলতে চাই সরকার বলছেন—পাঁচ টাকা করে ad-hoc grant করেছেন। যার যা প্রারম্ভিক বেতন ছিল, তা থেকে ৫৲ টাকা বৃদ্ধি হবে। এ সম্বন্ধে দু-একট Sample রাখতে চাই যে, তা হয় নাই। গেজেটেড্ মেডিকেল অফিসারদের মাইনে এখানে দেখছি ১০৲ টাকা কমে গেছে, Veterinary Inspectorদের। প্রারম্ভিক বেতন ৬০৲ টাক কমে গেছে Supdt. of Agricultureএর কমে গেছে। স্যার, এ ক্ষেত্রে বলতে চাই—এই রকম বিভিন্ন বৈষম্য এর মধ্যে রয়েছে। আমার সময় বেশী নাই। কাজেই আমি সরকারের কাছে এবং অর্থমন্ত্রীর কাছে নিবেদন করবো যাতে সরকারী কর্মচারীদের ভাগ্য এখানেই ন ঠিক করে দেন, open রাখেন; কোন deadline টেনে না দেন।

[7-20—7-30 p.m.]

Shri Subodh Banerjee : মাননীয় স্পীকার মহাশয়, বেতন কমিটির সুপারিশ যা নিয়ে এতক্ষণ আলোচনা হল, এবং একটা জিনিষ এই আলোচনায় পরিষ্কার, অন্ততঃপক্ষে কংগ্রেস পক্ষের লোকেরা স্বীকার করছেন যে কর্মচারীদের material benefit বলতে যা বোঝায়, তা বিশেষ কিছু হয়নি। তাঁরা ঐ qualificationএ রেখেছেন 'বিশেষ কিছু'। আমরা ঐ qualificationএ 'বিশেষটা' বাদ দিতে চাই, practically কিছুই দেওয়া হয়নি। কি দেখছি আমরা? মোদ্দা কথা, গোটা পাঁচ টাকা বর্ত্তমান বেতনের উপর যোগ হবে। এই যদি সমস্ত পে-কমিটির রিপোর্ট হয় এবং গভর্ণমেণ্ট তা সুপারিশ করেন, তাহলে তার যে সারমর্ম্ম, তার নির্যাস যদি বের করা যায়, তাহলে শুধু একটা জিনিস দেখছি material benefit বলতে ঐ পাঁচ টাকার যোগ ছাড়া আর কিছু হয়নি।

মিঃ স্পীকার স্যার, আমি বলবো যে বেতন নির্দ্ধারণের ত একটা নীতি থাকবে, না, বেতন নির্দ্ধারণ হবে কতকগুলি উর্বর মস্তিষ্ক বা গোবর মস্তিষ্ক অফিসারদের খেয়াল খুশী মত। প্রতি দেশে বেতন নির্দ্ধারণের সময় national pay structureএর একটা policy determine করা হয় এবং সেই policy অনুযায়ী বেতন নির্দ্ধারিত হয়। মিঃ স্পীকার স্যার, আপনার স্মরণ আছে কিনা জানি না, Great Britainএ ১৯৪৮ সালে এই প্রশ্ন ওঠে—সমস্ত দেশে বেতন কি হবে? বেতন নির্দ্ধারণের জন্য National Wage Boardএর policy কিভাবে হবে তা determine করা হয়েছিল এবং তাকে সামনে রেখে বিভিন্ন জায়গায় বেতন কমিটি হয়েছিল। আমাদের এখানে সে রকম কোন পলিসি আছে কিনা জানি না। কি কেন্দ্রীয় সরকারের, কি রাজ্য সরকারের, corporate bodies, কোথাও সেই জিনিষ নেই। ফলে দেখছি একই তলায় একটা ঘরে রাজ্য সরকারের কর্মচারীরা এক রকম বেতন পাচ্ছেন, আর এক ঘরে কেন্দ্রীয় সরকারের অন্যান্য সংস্থার কর্মচারীরা ভিন্ন বেতন পাচ্ছেন। আবার ঠিক তার পাশের বাড়ীতে local bodies or corporation বা মিউনিসিপ্যালিটি বলুন, সেখানকার কর্মচারীরা তৃতীয় খাতে বেতন পাচ্ছেন, যদিও মূলত এদের সকলের কাজ হচ্ছে এক রকম। এই জিনিষ কখনও চলতে পারে না। Same কাজের same pay, গোটা পৃথিবীর ট্রেড ইউনিয়নে যে নীতি গৃহীত হয়েছে সেই নীতি আমাদের এখানে follow করা, অনুসরণ করা দরকার, তা করা হয়নি। তৃতীয়ত আমরা দেখেছি চতুর্থ শ্রম সম্মেলনে needbased wage অর্থাৎ প্রয়োজন ভিত্তিক বেতন ঠিক হয় এবং ওটা সর্বত্র স্বীকৃত হয়েছে। সেই সম্মেলনে সরকার পক্ষ, মালিক পক্ষ, শ্রমিক পক্ষ এবং কর্মচারীদেরও একটা পার্টি উপস্থিত থেকে এই প্রয়োজন ভিত্তিক বেতন কি হবে, সে সম্বন্ধে একটা unanimous decision হয়। সেই decisionকে পে-কমিটি কি persue করেছেন? কেন তাঁরা সেই নীতি অনুসরণ করেন নি। তাঁরা কি মনে করেন তাদের হিসাবে needbased wage, যেটা সম্মেলনে নির্দ্ধারিত হয়, সেটা অবৈজ্ঞানিক? ইংলণ্ডের কথা যদি ধরি—সেখানকার house wifeরা year-book নিয়ে কতটা মাংসের সঙ্গে কত কি মেশালে কত calorie হয়, তা তারা calculate করেন না। আমাদের দেশে যে শিক্ষার অবস্থা, সেই শিক্ষা ক্ষেত্রে বই খুলে কত calorieতে কত হয়, এই জিনিষ কেউ determine করে না। তবুও আমি বলবো আমাদের দেশে needbased wage determine করতে হলে, সেই calorie বা নিয়ে, যা জিনিসের প্রয়োজন হচ্ছে সেই জিনিষগুলি ধরে যদি calculate করা হ'ত, তাহলে এমন একটা জায়গায় যেতেন, যে আমরা বুঝতে পারি এর একটা principle আছে। কিন্তু সেই principle অনুযায়ী বা নীতিগতভাবে প্রয়োজন ভিত্তিক বেতন এখানে নির্দ্ধারিত হয়নি।

এই বড় বইখানাতে দেখলাম—এই বেতন হয়েছে এই স্কেল হয়েছে। কিন্তু তাতে কর্মচারী, যারা কাজ করছে, তারা কি benefit পেলো! এতো new entrantদের জন্য, অর্থাৎ নূতন যারা চাকুরীতে ঢুকবে। কিন্তু এতদিন ধরে যে সকল কর্মচারী কাজ করে আসছে—কেউ ২৫ বছর, কেউ ২৮ বছর, কেউ পাঁচ বছর, কেউ সাত বছর, তাদের জন্য কি ব্যবস্থা হয়েছে? এক বছরও যদি হয়, সেই কর্মচারীর past serviceএর recognition কোথায় এই পে স্কেলে, আমি জিজ্ঞাসা করি। সেইজন্য আমি বলি এতে material benefit কিছু নেই। It is paper change, it is paper benefit.

[7-30—7-40 p.m.]

সে জন্য আমি বার বার বলেছি material benefit কিছুই নেই, it is paper benefit. Scale দিয়ে দিলেন, লিখে দিলেন কেরাণীদের মাইনে ৪০০৲ থেকে ৬০০৲ হল—এরকম একটা কিছু হল। আমি জিজ্ঞাসা করি এদের benefit দিলে গেলে first question fixation of wageএর প্রশ্ন যদি determined না হয় তাহলে পুরাণ কর্মচারীরা কোন benefit পাবেনা—বড় জোর new scaleএ fit in করতে গেলে ৫৲ টাকা যোগ দেওয়া হবে। কোথাও এতে ১৲ টাকা, কোথাও ২৲ টাকা benefit পাবে। এ হাস্যকর জিনিষ। আমার demand কি point to point fixation—অর্থাৎ old scale এবং new scaleএর যে difference তা প্রত্যেকটি কর্মচারীর ক্ষেত্রে যোগ করে দিতে হবে। কিন্তু যে নীতি এই দেশে শ্রমশিল্পে tribunal গ্রহণ করেছে তা কেন চালু করলেন না? আপনারা জানেন bank awardএর কথা—সেখানে fixation হয়েছে past service ধরে for every year of service subject to a maximum of five increments. পাঁচ থেকে সাত সাতটা increment দেওয়া হয় দেখেছি যারা পুরাণ কর্মচারীর ক্ষেত্রে। অন্ততঃ পাঁচ থেকে সাতটা increment benefit পান এবং একটা tangible benefitএর ব্যবস্থা করা হয়। Pay scaleএর অর্থ কি paper benefit? এক টাকা, দুই টাকা, তিন টাকা benefit এর জন্য এত গলাবাজী করে ৭০০ পৃষ্ঠার বই দেখিয়ে কি হবে, ওটা তো ছুঁড়ে মারলে একজন মরে যেতে পারে। মুখে খারাপ কথা এসে পড়ল। ব্যোমকেশবাবু বলছিলেন কত কি সরকারী কর্মচারীরা পেল। আমি বলি ব্যোমকেশের ব্যোম উড়ে গেলে বাকী যা থাকে সরকারী কর্মচারীদের কপালে তাই জুটল। আমার বক্তব্য কিছু তাদের দিন যাতে material benefit কিছু হয় objectively কিছু দিন; কিন্তু এ সব জিনিষ এখানে নেই। এ ছাড়া আবার দেখেছি কতকগুলি জায়গায় pay scale কমিয়ে দিয়েছেন এবং সে জায়গায় fit in করতে গেলে সে কি fit in হবে সেই চিন্তায় পড়ে গিয়েছি। কারণ রবেন বাবু বলেছেন যে Fire Serviceএর কথা অনেকে বলেছেন বলে আমি বলব না। সেখানে লোকে খাটে ৮৪ ঘণ্টা, ৪২ ঘণ্টা নয়, ২৪ ঘণ্টা নয়, বেতনের scale হল, কমে গেল—পাঁচ টাকা কমে গেল। কিন্তু কি করে ৭৫৲ + ৩৫৲ + additional ১৫৲ + rationএর জন্য ১০৲ = ১৩৫৲ টাকার জায়গায় পাবে ১২৫৲ টাকা। Scale গেল কমে। Fire Service এর driver তাদের ক্ষেত্রে দেখেছি সমস্ত driver categoryতে আজ পায় ৭৫৲ টাকা। Starting এ ১০৫৲ টাকা—D.A. ধরলে ১১০ টাকা থেকে ১৫৫ টাকা। Pay Committee recommend করলেন ১০০ থেকে ১৫০৲ টাকা। বললেন কি? বললেন যে light গাড়ী আর heavy গাড়ী চালানর difference থাকার দরকার নেই। আমার গাড়ী নেই, ওঁরা ভাল গাড়ী চড়েন। কিন্তু heavy গাড়ী চালাতে গেলে যে stamina এবং concentration দরকার হয় তার একটা appreciation থাকা দরকার। Fire Serviceএর যারা driver তারা এর চেয়ে যদি বেশী পান তাতে কেউ অসুখী হবে না। সেখানে যে একটা driver category বলে category আছে তা এখানে দেখতে পাচ্ছিনে।

তারপর ধরুন draughtsmanদের কথা। এখন যারা ১২৫৲ থেকে ১৩৫৲ টাকা পাচ্ছেন, সেখানে ওঁরা করলেন কি তিন ভাগ করলেন। আবার বলেছেন rationalisation—pay scale কমিয়ে দিয়েছি। কম করেন যদি আবার ভাগ কেন? যেখানে একটা ছিল সেখানে তিনটে কেন? একটা দিলেন ১০০৲ থেকে ১৪০৲ টাকা; দ্বিতীয় হল ১২৫৲ থেকে ২০০৲ যে জায়গায় ১২৫৲ থেকে ২৩৫৲ ছিল; তৃতীয় হ'ল ১৫০—২৫০৲, এরকম অসংখ্য জিনিষ

য়েছে অথচ pay scale কমিয়ে দেওয়া হ'ল। ভবিষ্যতের কথা বলছিনা, কারণ, I am concerned with the existing staff. যাদের আন্দোলনের ফলে Pay Committee set up হল, তারা কি পেল? ভবিষ্যতে কারা আসবেন, new entrants তাদের মুখ দেখে Pay Committeeর report হল— only fools and knaves can do it. এ জিনিষ কেউ কল্পনা পর্য্যন্ত করতে পারেনা। স্পীকার মহাশয়, তারপর দেখুন D.A. এটা কে জানেনা যে price index ক্রমশঃ বেড়ে গিয়েছে everyone knows. একজন অর্থনীতির দাসের দরকার নেই—যে বাজার করে খায় সেও জানে। আপনি জানেন Third Planএর impact on price level কি হবে। Third plan এর deficit financingএর জন্য customs duty ইত্যাদি বেড়ে যাবে তখন জিনিষের দাম লাফিয়ে লাফিয়ে বাড়বে তাতে কোন সন্দেহ নেই। সেখানে বলা হয়েছে যে price level যদি উপরে ওঠে for every five points কিংবা per every ten points তাহলে মাইনে বাড়বে। এ কি যাদুমন্ত্র? Canuteএর কথা মনে পড়ে সমুদ্রকে বলছে খবরদার, জল এসনা, ওঁদের অবস্থাও তেমনি। ওঁরা বলেছেন খবরদার দাম বেড়না কারণ, আমাদের Pay কমিটি D.A. দেয়নি। এটা আহাম্মকী না মূর্খতা না বদমায়েসী জানিনা। D.A. কি হবে সেটা specifically এখানে থাকা উচিত ছিল।

স্পীকার মহাশয়, বাড়ীভাড়া সম্পর্কে আমি মনে করি শুধু কলকাতা ও হাওড়া নয় সমস্ত জায়গায় বাড়ীভাড়া দেওয়া উচিৎ। আজকাল গ্রামাঞ্চলেও প্রয়োজন মত employeesরা বাড়ী খুজে পায় না। এদিকে ভাড়া কেউ দিচ্ছেন না, পাচ টাকা, দশ টাকা, এতে কি বাড়ী হবে। একটা বস্তীঘরের ভাড়া ৪৫৲ জানেন। আপনারা যা দিচ্ছেন তাতে একটা ত্রিপলের ভাড়াও হয় না। সুতরাং আমি মনে করি এগুলি দেওয়া দরকার, এছাড়া compensatory allowance থাকা দরকার। সমস্ত জায়গায় বিশেষ করে কলকাতায় জিনিষপত্রের দাম অত্যন্ত বেশী। compensatory allowance Central Government স্বীকার করেছেন, কেন West Bengal Government এটা দেবেন না? এ সব হচ্ছে না। Special pay দিতে হবে, কাকে, না উপরকার officerদের। তার কারণ in view of arduous and responsible nature of their work. একটা file টেনে আনুন দেখুন কি অবস্থা। লেখেন সব L. D. Clerk গেলে সই করেন অফিসার— দুটো কথা নেবেন Yes, I agree. I agree লিখাটা হলে arduous and responsible nature of work এবং এর জন্যে তিনি ২০০৲ টাকা special pay পান। আমি মনে করি এগুলি অবিলম্বে বন্ধ করে দেওয়া উচিৎ। Special allowance যদি দিতে হয় তাহলে কম মাইনে যারা পায় তাদের দিতে হবে যাতে করে cost of living indexএর সংগে তারা একটু fight করতে পারে।

[7-40—7-50 p.m]

Shri Bhakta Chandra Roy: মাননীয় স্পীকার মহাশয়, পে-কমিটির এই রিপোর্ট যাদের স্বার্থে বেরিয়েছে তাদের সন্তুষ্ট করতে পারেনি এবং তারই প্রতিধ্বনি কি Congress bench, কি opposition bench এর সকলের মুখ থেকেই সমানভাবে বেরিয়েছে। সেজন্য আমি বলতে চাই আমাদের পশ্চিমবংগ সরকার যে বিবেচনা করেছেন সেই বিবেচনা যথেষ্ট নয়, কারণ যাঁদের স্বার্থে এই রিপোর্ট রচিত হয়েছে তাঁরা কেউ খুসী হতে পারেন না একটা দেশের সরকার চলতে

পারেনা যদি প্রশাসনিক বিভাগ অসন্তুষ্ট থাকে। ২ বৎসর ধরে এই কমিটি চলেছে, memberদের বেতন দেওয়া হয়েছে, অথচ এই পে-কমিটির রিপোর্ট ব্যর্থতায় পর্য্যবসিত হয়েছে। তাই আমি মনে করি কর্মচারীদের প্রতিনিধির সংগে বসে আরেকবার পরামর্শ করা উচিৎ। এই রিপোর্টের মধ্যে বহু ত্রুটী আছে। এই রিপোর্ট প্রকাশিত হবার পর মফঃস্বলের বিভিন্ন সরকারী বিভাগের কর্মচারীরা আমাদের কাছে এসেছেন এবং শুধু তাই নয় কলকাতার ও বিভিন্ন অফিসে গিয়ে আমরা শুনেছি, তাঁরা অনেকে আমাদের কাছে challenge করে বলেছেন তাঁরা এরচেয়ে ভালো রিপোর্ট তৈরী করতে পারেন। সরকারী কর্মচারীরা যদি অসন্তুষ্ট থাকে তাহলে কি করে কাজ হতে পারে। আমি বিভিন্ন বিভাগের কর্মচারী যেমন, রাজস্ব বিভাগের মোহরার ভূমি সংস্কার বিভাগের কর্মচারী, কৃষি সহকারী, কৃষি বিভাগের Inspector আরো অনেক বিভাগের কর্মচারীদের কথা বলতে পারতাম, কিন্তু সময়াভাবে বলা গেল না– এদের সম্পর্কে কোনপ্রকার সুবিচার করা হয়নি– এরকম ঘটনা আমি জানি যে ক্ষেত্রে আপত্তি জনক তারতম্য করা হয়েছে এক শ্রেণীর কর্মচারীদের মধ্যে যারা এক ধরণেরই কাজ করেন।

Shri Jyoti Basu : স্পীকার মহাশয়, আমরা দেখতে পেলাম যে, কংগ্রেস পক্ষে এক মাত্র ব্যোমকেশ বাবু ছাড়া আমাদের এপক্ষ থেকে এবং ওপক্ষ থেকে যাঁরা বলেছেন তাঁরা সকলেই প্রায় একমত হয়েছেন এই Pay Committeeর রিপোর্ট সম্পর্কে। এই Pay Committeeর রিপোর্টে যা সরকার মেনে নিয়েছেন তাতে ৭০ ভাগের উপর সরকারী কর্মচারী অসন্তুষ্ট এবং খুব সামান্য লোকের মাইনে বেড়েছে। কাজেই এখন উচিৎ কি? আমাদের সকলে মিলে এই রিপোর্ট বর্জন করা উচিৎ এটা আমরা বুঝতে পারলাম। কিন্তু উপায় কি? আমাদের যদি কোন উপায় থাকতো—জানিনা বে-আইনী আলোচনা করছিনা যদি কোন উপায় থাকতো শেষবারের মতো, অল্পক্ষণের মধ্যেই এই Assembly শেষ হতে যাচ্ছে, এর পরে আর এই Assembly বসবে না, তাহলে আমরা অন্ততঃ একটা রেকর্ড করে যেতে পারতাম। আমাদের কাছে এই যে papers distribute করা হয়েছে এই বিরুদ্ধে মত দিয়ে দিয়ে আমরা Assembly থেকে বেরিয়ে যাই এই একটা পথ আছে। এতসব কাগজ পত্র দেওয়া হল, এত memorandum দেওয়া হল কমিটির কাছে, তাঁরা এতসব হিসাব নিকাশ করলেন। এই অবস্থায়, আপনি বুঝতে পারছেন, সরকারী কর্মচারীরা একটা desperate অবস্থার মধ্যে পড়েছেন। অথচ এতদিন ধরে Pay Committee কাজ করলেন, কিন্তু কি হল? আপনি জানেন, এই Assemblyর বাইরে, ১৪৪ ধারার এলেকার বাইরে শ্রমিক কর্মচারীরা এখানে এসে প্রায়ই দাবি দাওয়ার ব্যাপারে অবস্থান ধর্মঘট করেন। সরকারী কর্মচারীদের যদি এই অধিকার থাকতো তাহলে তাঁরাও এই Assembly ঘেরাও করতে পারতেন এবং আপনারা যাঁরা কর্মচারী তাঁরাও এই Assemblyতে demonstrate করতে পারতেন এই কথা আমি বলতে পারি। আপনাদের এই Parliamentary শাসন, গণতন্ত্র আজ আপনারা সম্পূর্ণ প্রহসনে পরিণত করেছেন। আজ সরকারী কর্মচারীরা আলাপ করছেন, কারুর ৩ টাকা বেড়েছে, কারুর ২৷৷০ টাকা বেড়েছে। আমি সরকারের এই শেষ মুহূর্তে বলব, এখনো সময় আছে, কেন prestige এর প্রশ্ন সরিয়ে দিয়ে আপনারা তাঁদের meet করতে পারেন না, কেন সরকারী কর্মচারীদের সংগে বসে আলাপ আলোচনা করতে পারেন না। আমি বলি তাঁরা যেসব memorandum দেন সেগুলি একটু দেখুন। ডাঃ রণেন সেন বলেছেন কিরকম মাথাভারী শাসন ব্যবস্থা আপনাদের, আমি সংক্ষেপে দুটি কথা বলছি, এত খরচ আপনাদের administration এর জন্য। কোন শ্রেণীর কর্মচারীকে এই রিপোর্ট সন্তুষ্ট করতে পারেনি। অথচ তার জন্য আপনাদের এই রিপোর্টে সামান্য একটু

apologyও নাই, একটা কথাও আপনারা বলেন নি যে আরো দেওয়া উচিৎ, কিন্তু আপনারা দিতে পারছেন না। শুনছি আমেরিকা থেকে ৪০০ কোটি টাকা আসবে।

স্পীকার মহাশয়, আমি ডাঃ রায়কে বলব যে আমাদের কথা শোনার পর উনি কি মর্য্যাদা দেবেন সেটা যেন উনি বলেন। অপর পক্ষে কংগ্রেস বন্ধুদের কথা আমি শুনেছি—নির্বাচনের জন্য যদি না বলে থাকেন তো ভাল কিন্তু তাঁদের জিজ্ঞাসা করব যে আপনাদের কথার মূল্য কি ডাঃ রায় দেবেন বা আপনাদের কথায় আর একবার আলোচনার জন্য কি তিনি বসবেন? এই ভাবেই আপনারা শ্রমিক কর্মচারীদের অভিশাপ কুড়োচ্ছেন। এছাড়া আপনি বলুন যে ভোট দেবার অধিকার আমাদের আছে কি না, না ফাঁকা মাঠে আমরা আলোচনা করছি। কারণ ভোট দেবার যদি আমাদের অধিকার থাকতো তাহলে ঐ বোর্ডে আমরা একটা শেষ রেকর্ড করে যেতাম এই রিপোর্টের বিরুদ্ধে ভোট দিয়ে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, when it was decided that we should have a discussion on the Report of the Pay Committee I realised that this discussion really meant a sort of propaganda for the next General Election. Even so, I wanted to face this particular discussion and I must say that the discussion has been mostly irresponsible. Of the 44 recognized associations to whom questionnaire were sent by the Pay Committee, 39 associations replied to the questionnaire and representatives of the 39 associations were examined by the Pay Committee. I have asked a member of the Committee on this issue and he said that the Committee tried to get as much information from the representatives of the associations as was possible. A question has been raised now, and that had been raised previously also as regards the demands of the associations which they had written to me, that before you fix a pay scale you must consult them. Sir, I have never heard such a thing because if you appoint a person you ask a person before you appoint him as to what amount of salary he would like to get. It is the appointing authority which fixes the salary and notifies the conditions under which a man has to work. I realised that we should have gone even higher than what we have done. But we have to consider the exigencies as also the amount of money involved.

Sir, the total amount of money that will be spent on this score amounts to 26 crores 82 lakhs and the result of intervention has been that there has been an increase of Rs. 2 crores 82 lakhs, in addition to the total amount, that is to say, about 30 crores will be spent. Out of the total revenue of the State which amounts to Rs 90 crores, one-third of it will go to meet the salary Bills.

Now, how is that increased salary distributed? If you take the three groups—menial workers, constables, Jail warders, etc. on the one hand and clerks and clerical staff on the other, you will find that the total amount of Rs. 26 crores 82 lakhs, as I have just mentioned, will be spent on them. So, out of the increased amount 72 lakhs will be spent on the menial workers, constables, Jail warders, etc. and 79 lakhs will be spent on the clerical staff. So, all of them taken into account together the total amount comes to Rs. 1 crore 54 lakhs whereas the higher income group, that is to say, people who get more than 1100 rupees as salary, the total monetary increase on their account amounts to Rs. 6 lakhs only. Therefore, it is not correct to say that we have forgotten the lower income group.

[7-50—8 p. m.]

The other classes of employees will be getting at least Rs. 7/- unde the rules of fixation. Rs. 5/- extra, Re. 1/ for house allowance increas and Re. 1/- for being higher in the scale. That amounts to Rs. 7/-.

My friend Shri Nepal Roy, in his usual flamboyant style asks to give them Rs. 20/-. I do not know whether he knows enough arithmetic to calculate how much it would mean. It would just mean nothing more and nothing less than an increase of Rs. 4 crores each year, that is Rs. 20 crores in the next five years, if instead of Rs. 5/- you give Rs. 20/-. This sort of irresponsible criticism makes one feel rather disappointed. I can quite understand any group of people who feel that they have not been properly treated coming over to us and we can certainly look into their grievances ; but to make a sort of free gift of Rs. 20/- because he is not getting sufficient pay is something which is meaningless.

My friend, Shri Deben Sen has compared the wages of the industrial workers. We have worked it out, and it seems that in Jute it is Rs. 67·7, in cotton Rs. 68·7, in engineering Rs. 71, in flour mills Rs. 55—Rs. 58, in printing press Rs. 53—Rs. 56 ; whereas the average of the lowest paid employees under the new pay scale is Rs. 72·50 in Calcutta, and Rs. 67·5 outside. If you look at another aspect of the question as to which departments have got the largest share in this increase in the salary, you will find that it is the nation building departments in which I include Agriculture, Food Production, Education, Engineering, Forest, Health, Industries, Veterinary services, and Animal Husbandry. The percentage of increase approved by the Government has been, in Agriculture 25 per cent, in Education 13·6 per cent, in Engineering 8·5 per cent, in Forest 9·5 per cent, in Health 8·7 per cent, in Industry 8 per cent, Veterinery 17 per cent, Animal Husbandry 18 per cent ; whereas 8 per cent in the case of Police and 1 per cent in the case of General Administration. I wanted to show that we have given larger increments to the nation building departments.

Then, question has arisen as to the salary of peons and orderlies in this State as compared to other States. I have some figures here. The existing scale is for Calcutta Rs. 63 to Rs. 68 average being Rs. 65·5 ; elsewhere Rs. 57 to Rs. 62. The revised scale for Calcutta instead of Rs. 63 to Rs. 68, is Rs 65 to Rs. 80 ; whereas in the case of mofussil, instead of Rs. 57 to Rs. 62, it is Rs. 60 to Rs. 75. If you look at all the other States, barring the Government of India of course, and if you take the Calcutta figure, then we are the highest. That is to say, although Bombay is getting Rs. 75 to Rs. 80 they begin from Rs. 75 and then go up to Rs. 80 ; whereas, we begin from Rs. 65 and go up to Rs. 80 Kerala is Rs. 55 to Rs. 67 ; Andhra Rs. 56 to Rs. 70, Madhya Pradesh Rs. 65 to Rs. 75. Government of India of course have got Rs. 80 to Rs. 95.

Sir, the next point that I want to make out is the question that many friends here have criticised the pay scales because apparently there has not been much increase. But they have forgotten one important point that

whereas the old system was that the employee used to get the maximum after 24 years, but under the new scale the employee would be getting the maximum in 20 years so that he will have larger share in the total income in the course of his service.

Sir, it has been suggested that the pay of Work Assistants who used to get Rs. 50/- to Rs. 80/- and including dearness allowance Rs. 85/- to Rs. 150/- has now become Rs. 100/- to Rs. 140/- and the pay of L. D. clerks who used to get Rs. 100/- to Rs. 180/- inclusive of dearness allowance has now become Rs. 125/- to Rs. 200/-. Further, if Work Assistants passed the departmental test, their pay will be in the grade of Rs. 125/- to Rs. 200/- instead of Rs. 100/- to Rs. 140/-. I do not want to go into details. There was a deputation of Veterinary Assistants and their claim was that whereas the Agricultural Assistants have got Rs. 250/- to Rs. 550/-, they have got only Rs. 200/- to Rs. 400/-. During the interview they mentioned the fact that in the Veterinary Department there are two types of Assistants, Grade I and Grade II. Grade I Assistant gets the same pay as Agricultural Officer and Grade II Assistant gets less because he is promoted to Grade I. As I have indicated, there have been cases where some persons or some groups of persons have been overlooked so far as salary scale is concerned. We will certainly look into them and we have asked the Finance Department to make pay rules as quickly as possible so that they can see to these anomalies and regularise the cases wherever there seems to be anomaly. Anomaly is likely to occur, because as we have indicated in our note, there were about 143 different pay scales existing in Government Service which have now been reduced to 38. That is to say, several scales were gathered together and put in one scale. It is possible that the appreciation of Members of the Pay Committee, who after various investigations have come to cetain conclusions,—of the merits of the work of a particular department which has been lumped together with another department may not have been very judicious and we have got to look into them. There is no question about it. The question that I want to put before the House is of finding funds for the next five years. It does not mean that there are hard cases where further help should not be given or if prices have gone up higher than the cost of living index than what it is now and remain high for a period of time, we have to consider whether in addition to the increased pay scales we should again add the dearness allowance

[8—8-5 p.m.]

Sir, in the case of the Government of India they allowed a certain amount of dearness allowance, because they thought that part of the salary should not be increased but that there should be some amount of dearness allowance added to the rest of the salary. For instance, in the case of the India Government servants, an employee drawing a pay up to Rs. 150 has been given Rs. 10 as dearness allowance and an employee drawing a pay from Rs. 150 to Rs. 300 has been given Rs. 20 as dearness allowance. First of all we considered this particular point as to whether we should give the whole of the dearness allowance into the pay-scale or leave a certain portion as dearness allowance. I was of the view that dearness allowance should be merged into the pay-scale, because it gives an indivi-

dual a better opportunity of earning a greater amount of pension, because, as you know, dearness allowance is never counted towards pension. The Government of India never said that there would be automatic adjustment of dearness allowance along with the price increase. However, it is quite true, as we have said, they also said that if there is a steep rise in price, they will reconsider the question of dearness allowance. I quite recognise that—a big approach towards increasing the pay-scales was made last time in 1934 though we had another revision in 1950 in the shape of adjustment of a certain pay-scales—after about 26 years when we are considering the pay-scales of the employees it is possible that we may have to reconsider some of the decisions which we have taken in view of such facts and figures as we may get. But I am quite sanguine that those who will look into the figures a little carefully and not in a partisan spirit will find that we have tried to meet the difficulty as far as possible. You will remember that in the next Five Year Plan we have got to meet not merely the question of the salary scales of our workers but we will have also to make a capital formation for the purpose of investing in different industries. The next five years would, it is expected, yield bigger income which would probably give us greater facility of revising the pay-scales.

Sir, I do not want to go any further. I have tried to explain and I think that any good Judge would be able to say that we have tried our best to meet the difficult situation in the present circumstances.

Mr. Speaker : The discussion is over.

Shri Hemanta Kumar Basu : মুখ্যমন্ত্রী যা বললেন তাতে আমরা সন্তুষ্ট নই। আমরা vote record করতে চাই।

Mr. Speaker : Rule এ নেই, এটা হয় না।

Prorogation.

Mr. Speaker : I have it in command from Her Excellency the Governor that the West Bengal Legislative Assembly do now stand prorogued.